UNODC
United Nations Office on Drugs and Crime

IAWP

Australian Aid

UN WOMEN

# লিঙ্গ-সংবেদনশীল হ্যান্ডবুক

## পুলিশ পরিষেবার

### সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য



# কৃতজ্ঞতা স্বীকার

**এই টুলটি প্রস্তুত করা সম্ভব হতো না:**

সেই সমস্ত নারীর সাহস ছাড়া যারা সহিংসতার সম্মুখীন হয়ে তাদের অভিজ্ঞতা এবং কর্মীদের (কার্যক্রম) সম্পর্কে কথা বলেছেন। বিশেষ করে বিশ্বজুড়ে যে সমস্ত নারী সংগঠন সহিংসতার শিকার নারীদের জন্য উপযুক্ত পরিষেবা বিধান এবং সহায়তার পক্ষে সমর্থন করেছে তাদের সহায়তা ছাড়া।

সেই সব দেশের সরকার যারা আইনগত সংস্কার, নীতিগত উদ্যোগ, ও প্রতিরোধ ও প্রতিক্রিয়া কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা (‘VAWG’) বন্ধ করার জন্য পদক্ষেপ নিয়েছে।

অস্ট্রেলিয়া সরকার, যারা সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় সেবা সম্পর্কিত জাতিসংঘের যৌথ কর্মসূচির অন্যতম প্রধান দাতা, তাদের সহায়তা ছাড়া।

ভিএডাবলুজি (VAWG) এর প্রতি সাড়া প্রদানকারী কর্মসূচি ও কর্মের বিকাশের ক্ষেত্রে জাতিসংঘের প্রতিশ্রুতি চলমান রয়েছে। এই টুলটি প্রস্তুত করতে সহায়তায় নিযুক্ত জাতিসংঘের সংস্থাগুলি তাদের সময় এবং জ্ঞান সকলের সাথে ভাগাভাগি করেছে যাতে আমরা নিশ্চিত করতে পারি যে আমরা সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য মানসম্মত, ও অপরিহার্য পরিষেবার বিধান উন্নত করতে পারি। বিভিন্ন সংস্থা যেমন ক্যালিওপ মিংইরু, ক্যারোলিন মীনঘ, শার্লট হেমমেস্টাদ লুড, লিয়া বাইসন, বিট্রিস ডানকান, সাদিক সৈয়দ, মেলিসা আলভারাডো, এ.এইচ. মনজুরুল কবির, ব্রিজেট হ্যানকক, এবং আলেজান্দ্রো সানচেজ (ইউএন উইমেন); শ্রুতি মজুমদার (নারীদের প্রতি সহিংসতা বন্ধ করতে জাতিসংঘের ট্রাস্ট ফান্ড); ভ্যালেরি লেবক্স, ক্লাউদিয়া বারোনি এবং স্যেন ফিফার (ইউএনওডিসি); সোফিয়েন বাচা (ইউএনডিপি); এবং ক্যামেরন সিগলি (জাতিসংঘ শান্তি অভিযান কার্যক্রম – পুলিশ বিভাগ) সহ **অন্যান্য সংস্থা ও প্রতিনিধিদের ধন্যবাদ জানাচ্ছি তাদের প্রতিশ্রুতি ও মতামতের (ইনপুটের) জন্য।**

আলেসান্দ্রা আরেসু (মানবতা ও অন্তর্ভুক্তি); চেরিল থমাস, মেলিসা স্কাইয়া, লরা উইলসন এবং হেলেন রুবেনস্টাইন (নারীদের জন্য বৈশ্বিক অধিকার); জেনিফার লং (আকুইটাস); মারাই লারসি (নারী জোটের বিরুদ্ধে সহিংসতার অবসান); মৌরিন কার্টিস এবং কিম্বারলিনা কাভার্ন (সেফ হরাইজন); আইলিন স্কিনিডার এবং রুথ মন্টগোমারি (ইন্টারন্যাশনাল সেন্টার ফর ক্রিমিনাল ল রিফর্ম অ্যান্ড ক্রিমিনাল জাস্টিস পলিসি, ভ্যাঙ্কুভার, কানাডা); মারিয়া ভিক্টোরিয়া ‘ম্যাভিক’ ক্যাব্রেরা ব্যালেজা এবং অগ্নিস্কা ফাল-দুতরা সান্তোস (গ্লোবাল নেটওয়ার্ক অব উইমেন পিস বিল্ডারস); রালুকা পোপা এবং রিয়া এবাদা চিওংসন (আন্তর্জাতিক উন্নয়ন আইন সংস্থা); ক্যাসান্দ্রা আলতাগ্রাসিয়া মার্থা, সারাহ লুইস নিল এবং শামীমা বেগম (ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ); এবং ডেবোরা ফ্রেডল (ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ এর সভাপতি)সহ সকল উপদেষ্টা গ্রুপের সদস্যদের প্রযুক্তিগত সহায়তার জন্য আন্তরিকভাবে কৃতজ্ঞতা জানাচ্ছি।

গ্রাহাম গল্ডেন, গেরি ক্যাম্পবেল এবং নীলম সরকারিয়ার উল্লেখযোগ্য অবদান ছাড়া এই হ্যান্ডবুকটি প্রস্তুত করা সম্ভব হতো না। তারা প্রত্যেকে হ্যান্ডবুকের প্রস্তুতকালিন সময়ে দিকনির্দেশনা এবং যথেষ্ট প্রযুক্তিগত সহায়তা প্রদান করায় তাদের আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।

লেখক: মিরকো ফার্নান্দেজ, প্রধান পরামর্শদাতা এবং জেন টাউন্সলে, সিনিয়র পুলিশ উপদেষ্টা এবং **আন্তর্জাতিক নারী পুলিশ সংস্থার প্রধান নির্বাহী।**

# আদ্যক্ষরসমষ্টি ও সংক্ষিপ্তসার তালিকা

| | |
|---|---|
| **এসিই** | অ্যাডভান্স চাইল্ডহুড এক্সপেরিয়েন্সেস (ইউকে) |
| **এপিটি** | অ্যাসোসিয়েশন ফর দ্য প্রিভেনশন অফ টর্চার |
| **বিএডাবলুপি** | ব্রিটিশ অ্যাসোসিয়েশন ফর উইমেন ইন পুলিশিং |
| **বি আই এইচ** | বসনিয়া ও হার্জেগোভিনা |
| **বিএমই** | ব্ল্যাক এন্ড মাইনোরিটি এথনিক (ইউকে) |
| **সিইডিএডাবলু** | কনভেনশন অন দা এলিমিনেশন অফ অল ফরমস অফ ডিসক্রিমিনেশন্স এগেনস্ট উইমেন |
| **সি ই এফ এম** | চাইল্ড, আর্লি এন্ড ফোর্সড ম্যারেজ |
| **সিডিসি** | সেন্টার ফর ডিজিজ কন্ট্রোল এন্ড প্রিভেনশন (ইউএস) |
| **সি আর সি** | কমেটি  ফর দ্যা রাইটস অফ দ্য চাইল্ড |
| **সিসিটিভি** | ক্লোজ সার্কিট টেলিভিশন |
| **সিএলএসপিডি** | লোকাল সিকিউরিটি কাউন্সিল ফর দ্য প্রিভেনশন অফ ডিলিংকুইন্সি |
| **সিআর-ভিএডাব্লি-উজি** | কনফ্লিক্ট রিলেটেড ভায়োলেন্স এগেইনস্ট উইমেন এন্ড গার্লস |
| **সি এস আই** | ক্রাইম সিন ইনভেসটিকেশন |
| **সি এস ও** | সিভিল সোসাইটি অরগানাইজেশন |
| **সি পি এস** | রাউন্ড প্রসিকিউশন সার্ভিস (ইউকে) |
| **সিভিএফ** | কম্পিটেন্সি এন্ড ভ্যালুজ ফ্রেমওয়ার্ক ইউকে |
| **ডিএএসএইচ** | ডমেস্টিক অ্যাবিউজ স্টকিং হ্যারাসমেন্ট এন্ড অনার বেইজড ভায়োলেন্স টুল (ইউকে) |
| **ডিসিএএফ** | জেনেভা সেন্টার অফ সিকিউরিটি সেক্টর গভর্নেন্স |
| **বিআইডব্লিউটিএ** | ডিজেবল উইমেন ইন আফ্রিকা |
| **ডিএনএ** | ডিঅক্সিরাইবোনিউক্লিয়িক এসিড |
| **ডিপিইটি** | পলাশী ইভালুয়েশন এন্ড ট্রেনিং ডিভিশন-ইউএন ডিপার্টমেন্ট অফ পিস অপারেশন্স |
| **ডিআরসি** | ডেমোক্রেটিক রিপাবলিক অফ কঙ্গো |
| **ডিভি** | ডমেস্টিক ভায়োলেন্স |
| **ডিভিপিএনএস** | ডমেস্টিক ভায়োলেন্স প্রটেকশন নোটিশেস (ইউকে) |
| **ডিভিপিওএস** | ডমেস্টিক ভায়োলেন্স প্রটেকশন অর্ডারস (ইউকে) |
| **ইআইজিই** | ইউরোপিয়ান ইনস্টিটিউট ফর জেন্ডার ইকুয়ালিটি |
| **ইএসপি** | এসেনশিয়াল সার্ভিস প্যাকেজ ফর উইমেন এন্ড গার্লস সাবজেক্ট টু ভাইওলেন্সঃ কোর এলিমেন্টস অ্যান্ড কোয়ালিটি গাইডলাইনস |
| **ইডাব্লিউ পি এ** | এমিরেটস উইমেন পুলিশ এসোসিয়েশন |
| **ইভিডি** | ইবোলা ভাইরাস ডিজিজ |
| **এফডিভি** | ফ্যামিলি এন্ড ডমেস্টিক ভায়োলেন্স (অস্ট্রেলিয়া) |
| **এফজিম/সি** | ফিমেল জেনিটাল মিউটিলেশন/কাটিং |
| **এফএলও** | ফ্যামিলি লিয়াজোঁ অফিসার |
| **এস এস ইউ** | ফ্যামিলি সাপোট ইউনিট অফ সিরিয়ে লিয়োন পুলিশ |
| **জিবিভি** | জেন্ডার বেইজড ভায়োলেন্স |
| **জিএন ডাবলুপি** | গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন্স পিসবিল্ডার্স |
| **এইচএম** | হার মেজিস্টিস গভর্মেন্ট (ইউকে) |
| **এইচএমআইসি** | হার মেজিস্টিস ইনসপেকটোরেট অফ কন্সটাবুলারি (ইউকে) |
| **এইচএমআইসিএ-ফআরএস** | হার মেজিস্টিস ইনসপেকটোরেট অফ কন্সটাবুলারি অ্যান্ড ফ্যাআর অ্যান্ড রেসকিউ সারভিসেস (ইউকে) |
| **আইএসিপি** | ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশান অফ চীফ অফ পুলিশ |
| **আইএডাবলুপি** | ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশান অফ উইমেন পুলিশ |
| **আইবিএসএ** | ইমেজ বেইজড সেক্সচুয়াল এবিউস |
| **আইসিসি** | ইন্টারন্যাশনাল ক্রিমিনাল কোর্ট |
| **আইসিটি** | ইনফরমেশন অ্যান্ড কমুনিকেশন টেকনোলজি |
| **আইসিভিএস** | ইন্টারন্যাশনাল ক্রাইম ভিকটিমস সার্ভে |
| **আইডি** | আইডেনটিটি |
| **আইডিভিএ** | ইন্ডিপেন্ডেন্ট ডোমেস্টিক ভায়োলেন্স অ্যাডভাইজার (ইউকে) |
| **আইএইচআরএল** | ইন্টারন্যাশনাল হিউম্যান রাইটস ল |
| **আইএইচএল** | ইন্টারন্যাশনাল হিউম্যানিটেরিয়ান ল |
| **আইএফভিসিসি** | ইলিনয় ফ্যামিলি ভায়োলেন্স ফরমেটিং কাউন্সিল (ইউএস) |
| **আইএলও** | ইন্টারন্যাশনাল লেবার অর্গানাইজেশন |
| **আইপিভি** | ইন্টিমেট পার্টনার ভায়োলেন্স |
| **আইএসএ** | ইনফর্মেশন শেয়ারিং এগ্রিমেন্টস |
| **আইএসপি** | ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার |
| **কেআরপিএ** | কোয়ালিশন ফর্সেস পাবলিক পেস (ইন্দোনেশিয়া) |
| **এলজিবিটিআই** | লেসবিয়ান, গে, বাইওসেক্সচুয়াল, ট্রান্সজেন্ডার এন্ড ইন্টারসেক্স |
| **এলএসসি** | লোকাল সিকিউরিটি কাউন্সিল |
| **এম&ই** | মনিটরিং এন্ড ইভালুয়েশন |
| **এমএআরএসি** | মাল্টি এজেন্সি রিস্ক অ্যাসেসমেন্ট কনফারেন্স (ইউকে) |

| | |
|---|---|
| **এমআইএনইউএস-সিএ** | ইউনাইটেড নেশনস মাল্টিডাইমেনশনাল ইন্টিগ্রেটেড স্ট্যাবিলাইজেশন মিশন ইন দা সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিক |
| **এমআইএনইউএ-সএমএ** | দ্য ইউনাইটেড নেশনস মাল্টিডাইমেনশনাল ইন্টিগ্রেটেড স্ট্যাবিলাইজেশন মিশন ইন মালি |
| **এমআইএনইউএস-টিএইচ** | দ্য ইউনাইটেড নেশনস স্ট্যাবিলাইজেশন মিশন ইন হাইতি |
| **এমওআই** | মিনিস্ট্রি অফ ইন্টেরিয়র |
| **এমওএনইউএসসিও** | ইউনাইটেড নেশন অর্গানাইজেশন স্ট্যাবিলাইজেশন মিশন ইন দা ডি আর কঙ্গো |
| **এমপিএস** | মালাই পুলিশ সার্ভিস |
| **এমএসসি** | মিউনিসিপাল সিকিউরিটি কাউন্সিল |
| **এমএসসিযে** | মেছা দে সেগুরিডাড ডে সিডি জুরারেজ (মেক্সিকো) |
| **এমডাবলুসিআই** | মিসিং উইমেন্স কমিশন অফ ইনকোয়ারি (ব্রিটিশ কলাম্বিয়া, কানাডা) |
| **এনজিও** | নন -গর্ভমেন্টাল অরগানাইজেশন |
| **এনওএসপিআই** | ন্যাশনাল আউটকাম স্ট্যান্ডার্ডস ফর পারপিট্রেটর ইন্টারভেনশনস (অস্ট্রেলিয়া) |
| **এনপিসিসি** | ন্যাশনাল পুলিশ চিপস কাউন্সিলস(ইউকে) |
| **ওএইচডিআইআর** | অফিস ফর দেমোক্রাতিক ইনস্টিটিউশনস এন্ড হিউম্যান রাইটস অফ দা ওএসসিই |
| **ওএসসিই** | অর্গানাইজেশন ফর সিকিউরিটি এন্ড করপরেশন ইন ইউরোপ |
| **পিপিই** | পার্সোনাল প্রটেক্টিভ ইকুইপমেন্ট |
| **পিএসভিডাবলু** | পুলিশ স্টেশন ভিজিটরস উইক |
| **আরসিএমপি** | রয়াল ক্যানাদিয়ান মাউন্টেড পুলিশ |
| **আরএস** | রিপাবলিকা স্পারসকা (বসনিয়া ও হার্জেগোভিনা) |
| **এসএএলডাবলু** | স্মল আর্মস অন্ড লাইট উইপন্স |
| **এসএআরসি** | সেক্সুয়াল অ্যাসাউল্ট রেফারেল সেন্টার |
| **সিইইএসএ সি** | সাউথ ইস্টার্ন এন্ড ইস্টার্ন ইউরোপ ক্লিয়ারিং হাউস ফর দা কন্ট্রোল অফ স্মল আর্মস এন্ড লাইট উইপন্স |
| **এসজিবিভি** | সেক্সচুয়াল জেন্ডার বেইজড ভায়োলেন্স |
| **এসজিএফ** | স্ট্র্যাটেজিক গাইডেন্স ফ্রেমওয়ার্ক ফর ইন্টারন্যাশনাল পুলিশ পিসকিপিং ইউ এন |
| **এসএলপি** | সিয়েরা লিওন পুলিশ |
| **এসওপি** | স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর |
| **এসএসআর** | সিকিউরিটি সেক্টর রিফর্ম |
| **এসভিআরআই** | সেক্সুয়াল ভায়োলেন্স রিচার্জ ইনিশিয়েটিভ |
| **ইউকে** | ইউনাইটেড কিংডম |
| **ইউএন** | দ্যা ইউনাইটেড নেশনস |
| **ইউএনএএমআইডি** | ইউনাইটেড নেশনস হাইব্রিড অপারেশন ইন দাঁরফুর |
| **ইউএনআইসিইএফ** | ইউনাইটেড নেশনস চিল্ড্রেনস ফান্ড |
| **ইউএন ডিইএসএ** | দা ইউনাইটেড নেশনস ডিপার্টমেন্ট অফ ইকনোমিক অন্ড সোশল আফেয়ারস |
| **ইউএন ডিপিও** | দ্য ইউনাইটেড নেশনস ডিপার্টমেন্ট অফ পিস অপারেশন্স |
| **ইউএন ইসিওএসওসি** | দ্য ইউনাইটেড নেশনস ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিল |
| **ইউএনএফপিএ** | দ্য ইউনাইটেড নেশনস পপুলেশন ফান্ড |
| **ইউএনএইচসিএইচআর** | দ্য ইউনাইটেড নেশনস অফিস অফ দা হাইকমিশনার ফর হিউম্যান রাইটস |
| **ইউএনএইচসিআর** | দ্য ইউনাইটেড নেশনস অফিস অফ দা হাইকমিশনার ফর রিফুজিস |
| **ইউএনইএফইএল** | ইউনাইটেড নেশনস ইনট্রেম ফোর্স ইন লেবানন |
| **ইউএনএমইইআর** | ইউনাইটেড নেশনস মিশন ফর ইবলা ইমারজেন্সি রেসপন্স |
| **ইউএনএমইএল** | ইউনাইটেড নেশনস মিশন ইন লাইবেরিয়া |
| **ইউএনএমইএস** | ইউনাইটেড নেশনস মিশন ইন দা সুদান |
| **ইউএনএমআইট** | ইউনাইটেড নেশনস ইন্টিগ্রেটেড মিশন ইন ইষ্ট তিমুর |
| **ইউএন ওসিএইচএ** | ইউনাইটেড নেশনস অফিস ফর দ্য কন্ডিশন অফ ইউনিটেরিয়ান অ্যাফেয়ার্স |
| **ইউএনওডিসি** | ইউনাইটেড নেশনস অফিস ফর ড্রাগস অ্যান্ড ক্রাইম |
| **ইউএন ওএইচসিএইচআর** | অফিস অফ দি ইউনাইটেড নেশনস হাইকমিশনার ফর হিউম্যান রাইটস |
| **ইউএন ওআরওএলএসই** | ইউনাইটেড নেশনস অফিস অফ রুলে অফ ল অ্যান্ড সিকিউরিটি ইনস্টিটিউশনস |
| **ইউএন এস সি আর** | ইউনাইটেড ন্যাশনাল সিকিউরিটি কাউন্সিল রেজুলেশন |
| **ইউএস** | ইউনাইটেড স্টেটস অফ আমেরিকা |
| **ভিএডাবলুজি** | ভায়োলেন্স এগেইনস্ট উইমেন এন্ড গার্লস |
| **ডাবলুসিইউ** | উইকনেস কেয়ার ইউনিট |
| **ডাবলুএইচও** | ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন |
| **ডাবলুএলবি** | উইমেন্স লিগেল এন্ড হিউম্যান রাইটস ব্যুরো |
| **ডাবলুপিওএন** | উইমেন পুলিশ অফিসার্স নেটওয়ার্ক ইন সাউথ ইস্ট ইউরোপ |

# সুচিপত্র

কৃতজ্ঞতা স্বীকার

আদ্যক্ষরসমষ্টি ও সংক্ষিপ্তসার তালিকা

প্রথম অধ্যায়: ভূমিকা

দ্বিতীয় অধ্যায়: ম্যানেজার ও টিম লিডার হিসাবে পার্থক্য তৈরী করা

তৃতীয় অধ্যায়: প্রতিরোধ

চতুর্থ অধ্যায়: প্রাথমিক যোগাযোগ

পঞ্চম অধ্যায়: তদন্ত

ষষ্ঠ অধ্যায়: নিরাপত্তা এবং সুরক্ষা

সপ্তম অধ্যায়: সমর্থন এবং সহায়তা

অষ্টম অধ্যায়: বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়

নবম অধ্যায়: যোগাযোগ

দশম অধ্যায়: VAWG-এর প্রতি কার্যকর ও জবাবদিহিতামূলক পুলিশী প্রতিক্রিয়ার জন্য প্রতিষ্ঠান নির্মাণ

একাদশ অধ্যায়: জেন্ডার-প্রতিক্রিয়াশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশল

দ্বাদশ অধ্যায়: বিচারের ধারাবাহিকতা (জাস্টিস কন্টিনিউম)

ত্রয়োদশ অধ্যায়: VAWG তদন্তে উদীয়মান সমস্যা

চতুর্দশ অধ্যায়: জনস্বাস্থ্য বিষয়ক জরুরী অবস্থা এবং সংঘাতহীন মানবিক সংকট

পঞ্চদশ অধ্যায়: শব্দকোষ এবং গ্রন্থপঞ্জি

# ১

## ভূমিকা

নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা (‹VAWG›) দীর্ঘদিন ধরে একটি বিস্তৃত এবং সর্বজনীন মানবাধিকার ইস্যু হিসেবেই বিবেচিত হয়ে আসছে, যার মূলে রয়েছে অসম শক্তি সম্পর্ক, কাঠামোগত অসমতা এবং বৈষম্য। এটি অনুমান করা হয় যে বিশ্বব্যাপী তিনজনের মধ্যে একজন নারী (৩৫ শতাংশ) শারীরিক বা যৌন সহিংসতার শিকার হন, যা বেশিরভাগ ক্ষেত্রে একজন অন্তরঙ্গ সঙ্গীর[১] দ্বারা সংঘটিত হয় এবং এই পরিসংখ্যান যৌন হয়রানির অন্তর্ভুক্ত নয়। ভিএডব্লিউজির ('VAWG') অন্যান্য ধরণের মধ্যে রয়েছে লিঙ্গ-সম্পর্কিত হত্যাকাণ্ড (যাকে ‹নারীহত্যা› বলা হয়), সঙ্গী বাদে অন্যান্যদের দ্বারা যৌন সহিংসতা; যৌন নিপীড়ন এবং অন্যান্য ধরনের জোরপূর্বক শ্রমের উদ্দেশ্যে পাচার; মেয়েদের যৌনাঙ্গ বিকৃতি/কাটা এবং অন্যান্য ক্ষতিকর অভ্যাস যেমন শিশু, বাল্যবিবাহ এবং জোরপূর্বক বিবাহ, এবং তথাকথিত ‹সম্মান রক্ষার্থে হত্যা (অনার কিলিং) নারী ও মেয়েরা প্রায়ই ধারাবাহিকতার অংশ হিসেবে সহিংসতার একাধিক ধরণের অভিজ্ঞতা লাভ করে। সমাজের বিভিন্ন ক্ষেত্রে যেমন শান্তি বা সংঘর্ষের সময়ে, অথবা দ্বন্দ্বের প্রেক্ষিতে - এবং পরিবারের মধ্যে, কর্মস্থলে, স্কুলে, সম্প্রদায়ের মধ্যে, অনলাইন এবং সর্বজনীনভাবে তারা সহিংসতার সম্মুখিন হয়।[২]

বিভিন্ন ধরনের প্রমাণ আছে যে কিছু ব্যক্তি, সম্প্রদায় এবং সামাজিক কারণ এবং শর্ত উচ্চ মাত্রার VAWG সংঘটিত হওয়ার সাথে যুক্ত। এর মধ্যে রয়েছে পুরুষতান্ত্রিকতা এবং নারীত্ব সম্পর্কিতচারপাশের পৃথক এবং সম্মিলিত বিশ্বাস এবং নিয়ম, এবং পাবলিক এবং প্রাইভেট স্পেসে অসম এবং অনমনীয় লিঙ্গ ভূমিকা যা পুরুষদের জীবনের বিভিন্ন দিকের বেশি ক্ষমতা প্রদান করে। অন্যান্য ঝুঁকির কারণগুলির মধ্যে রয়েছে পারিবারিক সহিংসতার সামাজিক গ্রহণযোগ্যতা, অর্থনৈতিক নিরাপত্তাহীনতা, মদ (অ্যালকোহল) এবং অন্যান্য পদার্থের ক্ষতিকারক ব্যবহার, বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় এবং মানসম্মত সেবার প্রবেশাধিকারের (অ্যাক্সেসের) অভাব, এবং পুরুষতান্ত্রিক নিয়মে নিহিত লিঙ্গ-বৈষম্যমূলক নীতি এবং আইনি কাঠামো।[৩] আরও শক্তিশালী প্রমাণ রয়েছে যে শৈশব এবং কৈশোরে সহিংসতা এবং ক্ষতিকারক লিঙ্গীয় নিয়মগুলির সংস্পর্শে আসার পর পরবর্তী জীবনে সহিংসতা ঘটানো বা অভিজ্ঞতা হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়।

১ World Health Organisation (2013), Global and regional estimates of violence against women, at: https://www.who.int/publications/i/item/9789241564625.

২ UN Women (2020), COVID-19 and Ending Violence Against Women and Girls, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/04/issue-brief-covid-19-and-ending-violence-against-women-and-girls.

৩ UN Women (2020), Prevention: Violence against women and girls and COVID-19, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/05/brief-prevention-violence-against-women-and-girls-and-covid-19.

যদিও সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীদের উপর সহিংসতার ক্ষতি মারাত্মক, এটি শুধু নারী ও মেয়েদের সমস্যা নয়; লিঙ্গ ভিত্তিক বৈষম্য এবং VAWG এর অনেক নেতিবাচক পরিণতি রয়েছে পরিবার, সম্প্রদায় এবং সমাজের উপর । উদাহরণস্বরূপ বলা যায় যে, ২০১৬ সালে নারীর প্রতি সহিংসতার বৈশ্বিক খরচ ধরা হয়েছিল ১.৫ ট্রিলিয়ন ডলার।[৪] লিঙ্গ বৈষম্য বর্ণবাদ, আতঙ্ক (জেনোফোবিয়া), অর্থনৈতিক অন্যায়, জলবায়ু সংক্রান্ত অবিচার এবং অন্যান্য নিপীড়নের ব্যবস্থার সাথেও সম্পর্কিত। অতএব এটা স্পষ্ট যে VAWG এর পরিসমাপ্তিই শুধুমাত্র একটি উদ্দেশ্য নয় বরং এর আরেকটি উদ্দেশ্য হল লিঙ্গ সমতা অর্জন যা টেকসই উন্নয়নের জন্য নির্ধারিত ২০৩০ এর এজেন্ডার লক্ষ্যগুলির মধ্যে একটি । এটা ছাড়াও টেকসই উন্নয়নের অন্যান্য লক্ষ্যমাত্রা যেমন দারিদ্র্য দূরীকরণ, স্বাস্থ্যসেবা এবং শিক্ষায় প্রবেশাধিকার (অ্যাক্সেস), ডিসেন্ট ওয়ার্ক (শালীন কাজ) এবং একটি ন্যায়সঙ্গত এবং শান্তিপূর্ণ সমাজ বিনির্মাণ করার জন্যও VAWG এর পরিসমাপ্তি গুরুত্বপূর্ণ।[৫]

## ভিএডাবলুজি (VAWG) এবং কোভিড-১৯ অতিমারি

করোনাভাইরাস অতিমারির প্রাদুর্ভাব (কোভিড -১৯) VAWG- এর সাথে যুক্ত অনেক ঝুঁকির কারণকে ব্যাপকভাবে বাড়িয়ে দিয়েছে।[৬] উদীয়মান তথ্য নির্দেশ করে যে, কোভিড -১৯ এর প্রাদুর্ভাবের পর থেকে, VAWG সংক্রান্ত সহিংসতা, বিশেষ করে পারিবারিক সহিংসতা, অনেক বৃদ্ধি পেয়েছে, যাকে ‹ছায়া মহামারী› বলে হিসেবে বর্ণনা করা হয়েছে।[৭] নারী ও মেয়েদের নির্যাতনকারীদের সাথে ঘরে আটকে থাকতে হচ্ছে। তারা একদিকে যেমন সহিংসতার খবর দিতে অক্ষম আবার অন্যদিকে স্বাভাবিক সহায়তা পাচ্ছে না। ২০২০ সালের এপ্রিল মাসে, বিশেষজ্ঞরা ধারণা করেছিলেন যে প্রতি তিন মাস ধরে বিশ্বজুড়ে লকডাউন

৪ UN Women (2016), 'The Economic Costs of Violence Against Women', Remarks by UN Assistant Secretary-General and Deputy Executive Director of UN Women, Lakshmi Puri, at the High-level discussion on the 'Economic Cost of Violence against Women' at: https://www.unwomen.org/en/news/stories/2016/9/speech-by-lakshmi-puri-on-economic-costs-of-violence-against-women.

৫ Report of the Secretary-General on the Intensification of efforts to eliminate all forms of violence against women and girls (2020), at: https://undocs.org/en/A/75/274

৬ Report of the Secretary-General on the Intensification of efforts to eliminate all forms of violence against women and girls (2020), https://undocs.org/en/A/75/274.

৭ See, for example, remarks of the Secretary-General Antonio Guterres on the International Day for Elimination of Violence against Women (2020), at: https://www.un.org/sg/en/content/sg/speeches/2020-11-25/remarks-international-day-for-elimination-of-violence-against-women.

ব্যবস্থা অব্যাহত থাকলে, অতিরিক্ত ১৫ মিলিয়ন নারী ও মেয়েরা (বালিকা) সহিংসতার মুখোমুখি হবে।[৮] কিছু দেশে, হেল্পলাইনে কল পাঁচগুণ বৃদ্ধি পেয়েছে।[৯]

এমনকি মহামারীর আগেও, অনেক নারী এবং মেয়েদের নিরাপত্তা, সুরক্ষা, সহায়তার জন্য প্রয়োজনীয় বিনা মূল্যে সরবরাহকৃত প্রয়োজনীয় সেবা যেমন জরুরী হেল্পলাইন, সময়মত পুলিশ এবং ন্যায়বিচার সেক্টরের প্রতিক্রিয়া, স্বাস্থ্যসেবা, নিরাপদ বাসস্থান, আশ্রয় এবং মনো-সামাজিক পরামর্শসহ অন্যান্য সেবায় প্রবেশাধিকারের (অ্যাক্সেসের) ঘাটতি ছিল। যে সকল সেবায় তাদের প্রবেশাধিকার ছিল সেগুলো সাধারণত কম অর্থায়িত, নিম্নমানের, অসংযত বা পর্যাপ্ত মানের নয়। বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে সহিংসতার শিকার নারীদের মধ্যে মাত্র ৪০ শতাংশ কোনো ধরনের সাহায্য চেয়েছে এবং ১০ জনের মধ্যে ১ জন পুলিশের সাহায্য চেয়েছে।[১০] লজ্জা, প্রতিশোধের ভয়, বা কিভাবে সাহায্য পাওয়া যায় সে সম্পর্কে জ্ঞানের অভাবের কারণে অনেকেই তাদের অভিজ্ঞতা আনুষ্ঠানিক প্রক্রিয়াগুলিতে রিপোর্ট করেন না। বিভিন্ন ধরণের এবং পরস্পর বৈষম্যের শিকার নারী ও মেয়েরা (বালিকারা)-যেমন অভিবাসী নারী, প্রতিবন্ধী নারী বা গ্রামীণ ও প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী নারীরা- সহিংসতার সম্মুখীন হওয়ার ঝুঁকিতে রয়েছে এবং তাদের প্রয়োজনীয় সহায়তা পাওয়ার সম্ভাবনা কম।

যেহেতু স্বাস্থ্য, পুলিশ এবং ন্যায়বিচার সেবা প্রদানকারীরা কোভিড -১৯ সংক্রান্ত বিষয় এবং সংশ্লিষ্ট পরিণতি নিয়ে কাজ করার ব্যস্ত থাকছেন, ধর্ষণের ক্লিনিকাল ব্যবস্থাপনা, মানসিক স্বাস্থ্যের মূল্যায়ন এবং সহিংসতায় বেঁচে যাওয়া ব্যক্তিদের যত্ন নেওয়ার পাশাপাশি ন্যায়বিচারের নিশ্চিতের প্রক্রিয়া বাঁধাগ্রস্থ হচ্ছে। এই অতিমারি লক্ষ লক্ষ সম্মুখসারির নারী স্বাস্থ্য ও সামাজিক খাতের কর্মীদেরও কোভিড -১৯ সংক্রমণের ঝুঁকিতে ফেলেছে; যে সকল নারীরা অনানুষ্ঠানিক অর্থনীতিতে খাতে কাজ করে এবং যারা সামাজিক সুরক্ষার খুব কমই পায় অথবা বিকল্প আয়ের সুযোগ নেই সে সকল নারীদের জন্য অর্থনৈতিক অনিরাপত্তা বৃদ্ধি পেয়েছে, এবং লক্ষ লক্ষ মেয়েদের স্কুলে পড়াশোনা বন্ধ হবার উপক্রম হয়েছে এবং তারা বাল্য বিবাহের ঝুঁকির সম্মুখীন হয়েছে। আরও অনুমান করা হয়েছে যে অতিমারিও অতিরিক্ত ৪৭ মিলিয়ন নারী ও মেয়েদের (বালিকাদের) দারিদ্র্যসীমার নিচে ঠেলে দেবে।[১১] ফলে, এই সকল নারীদের অগ্রগতি রক্ষা, মুক্তির বিষয়ে আলোচনা, এবং সেইসাথে ভুক্তভোগী/বেঁচে থাকা নারীদের প্রয়োজন মেটাতে জরুরী পদক্ষেপের প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়েছে। এটি প্রতিরোধ প্রচেষ্টায় অধিকতর বিনিয়োগের প্রয়োজনীয়তাও তুলে ধরা হয়েছে। ভিএডব্লিউজি প্রতিরোধযোগ্য এই বিষয়ে আগের চেয়ে অনেক প্রমাণ আছে।[১২]

## অপরিহার্য পরিষেবার উপর জাতিসংঘের যৌথ গ্লোবাল প্রোগ্রাম

বিভিন্ন ধরণের সহিংসতা দূর করার জন্য নানান শ্রেণির অনুঘটকদেরমধ্যে কার্যকর সমন্বয়ের জন্য একটি বহু-শৃঙ্খলাবদ্ধ পদ্ধতির প্রয়োজন। এর মধ্যে অবশ্যই ব্যাপক বহু-সেক্টরাল এবং পারস্পরিক শক্তিশালীকরণ প্রতিরোধ কৌশল অন্তর্ভুক্ত করা উচিত যা সহিংসতার মূল কারণগুলি অনুসন্ধান ও মোকাবেলা করবে। মানসম্মত স্বাস্থ্যসেবা, ন্যায়বিচার এবং পুলিশিং এবং মনো-সামাজিক পরিষেবায় প্রবেশাধিকার প্রদান নারী ও মেয়েদেরকে (বালিকাদের) সহিংসতার পুনরাবৃত্তিমূলক চক্র ভাঙতে এবং এর পরিণতি প্রশমিত করতে সক্ষম করতে পারে। সহিংসতার শিকার নারী ও মেয়েদের (বালিকাদের) জন্য অত্যাবশ্যক সেবার উপর জাতিসংঘের যৌথ বৈশ্বিক কর্মসূচীর, যা ইউএন **উইমেন,** ইউএনওডিসি, ইউএনএফপিএ, ডব্লিউএইচও এবং ইউএনডিপির মধ্যে অংশীদারিত্ব পরিচালিত, মূল লক্ষ্য হচ্ছে এই গুরুতর সমস্যা এবং চ্যালেঞ্জগুলির জবাব দেওয়া। এটি স্বাস্থ্য, পুলিশ, ন্যায়বিচার এবং সামাজিক পরিষেবাগুলির পাশাপাশি এই সেক্টরগুলিকে সংযুক্ত করার সমন্বয় পদ্ধতির উপর দৃষ্টি নিবদ্ধ করে কীভাবে বহু-সেক্টরাল পরিষেবা এবং প্রতিক্রিয়াগুলির উপর বৈশ্বিক নিয়মগুলি বাস্তবায়ন করা যায় সে বিষয়ে নির্দেশিকা প্রদান করে।

যৌথ কর্মসূচির প্রথম ধাপ (২০১৩-২০১৭) অপরিহার্য পরিষেবাদি এবং বিভিন্ন পরিবেশে (সেটিংসে) পরিষেবা প্রদানের জন্য প্রাসঙ্গিক গুনগত মান এবং সরঞ্জামগুলিতে (টুলস) সংক্রান্ত **ঐক্যমতে**

৮ UNFPA (2020), Impact of COVID-19 Pandemic on Family Planning and Ending Gender-Based Violence, Female Genital Mutilation and Child Marriage, at: https://www.unfpa.org/sites/default/files/resource-pdf/COVID-19_impact_brief_for_UNFPA_24_April_2020_1.pdf

৯ UN Women (2020), Facts and Figures: Ending Violence Against Women, at: https://www.unwomen.org/en/what-we-do/ending-violence-against-women/facts-and-figures#notes.

১০ See: https://unstats.un.org/unsd/gender/downloads/WorldsWomen2015_report.pdf

১১ UN Women (2020), From Insight to Action: Gender Equality in the Wake of COVID-19, at: https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2020/gender-equality-in-the-wake-of-covid-19-en.pdf?la=en&vs=5142.

১২ For detailed information, see RESPECT Women: Preventing violence against women (2019) and accompanying Implementation package (2020), both available at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/07/respect-women-implementation-package. See further, UN Women (2020), Prevention: Violence against women and girls & COVID-19, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/05/brief-prevention-violence-against-women-and-girls-and-covid-19.

পৌঁছানোর উপর দৃষ্টি নিবদ্ধ করে। *সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য অত্যাবশ্যক সেবা প্যাকেজ (এসেনশিয়াল সার্ভিস প্যাকেজ): মূল উপাদান এবং গুণগত নির্দেশিকা* ('ইএসপি') ২০১৫ সালের শেষের দিকে চালু করা হয়েছিল। বৈশ্বিক রোলআউটকে সমর্থন করার জন্য সরকারী, সুশীল সমাজ, ***সহিংসতার শিকার*** বেঁচে থাকা নারী, শিক্ষাবিদ এবং প্রতিটি প্রাসঙ্গিক সেক্টরের অনুশীলনকারীদের সাথে প্রযুক্তিগত বৈশ্বিক এবং আঞ্চলিক পরামর্শ বৈঠকের মাধ্যমে বিশেষজ্ঞ পরামর্শদাতাদের সহায়তায় এগুলি তৈরি করা হয়েছিল। ২০২১ সালের শুরুতে, বিশ্বব্যাপী ৫০ টিরও বেশি দেশ এসেনশিয়াল সার্ভিস প্যাকেজ ব্যবহার করছে, যা তাদের বহু-সেক্টরাল পরিষেবা এবং প্রতিক্রিয়াগুলির বৈশ্বিক নিয়ম এবং মান বাস্তবায়নে সমর্থন করেছে।

২০১৯ সালের প্রথম দিকে, পাইলট (অগ্রণী) দেশগুলির বিচার বিভাগে যৌথ কর্মসূচি বাস্তবায়নের প্রথম বছরে চিহ্নিত চ্যালেঞ্জ মোকাবেলার প্রচেষ্টার অংশ হিসেবে, ইউএন উইমেন সহিংসতার শিকার নারী ও মেয়েদের (বালিকাদের) জন্য পুলিশ পরিষেবা জোরদার করার উপর বিশেষ মনোযোগ দিয়ে লিঙ্গ-প্রতিক্রিয়াশীল পুলিশিংয়ের উপর নির্দেশিকা প্রস্তুতের সিদ্ধান্ত গ্রহন করে।

ইএসপি চালু করার প্রচেষ্টা সত্ত্বেও, অনেক দেশে, এখনও কার্যকর নিয়মকানুন ও VAWG এর সাথে জড়িত স্পষ্ট প্রক্রিয়ার অভাব রয়েছে। কিছু দেশে আইন প্রয়োগকারীদের জন্য ব্যাপক VAWG তদন্ত প্রশিক্ষণের অভাব রয়েছে। ইএসপি (ESP) এর মডিউল ব্যবহারকারীরা জাস্টিস অ্যান্ড পুলিশিং (মডিউল-৩) কে ব্যবহারের জন্য সবচেয়ে কঠিন উপাদান হিসাবে রিপোর্ট (চিহ্নিত) করেছে।

মূল অংশীদার এবং স্টেকহোল্ডারদের (নাগরিক সমাজ, নারী ও সহিংসতার শিকার বেঁচে বেঁচে যাওয়া নারীদের সংগঠন, দ্বি-পার্শ্বিক পুলিশ বাহিনী, ফৌজদারি বিচার প্রতিষ্ঠান এবং জাতিসংঘের সংস্থাগুলি)) VAWG অপরাধ তদন্তে পুলিশের জন্য উদীয়মান সমস্যা, প্রাতিষ্ঠানিক পক্ষপাত এবং জেন্ডার সংক্রান্ত বাঁধাধরা বিষয় নিয়ে কাজ করা, উচ্চ স্তরের প্রাতিষ্ঠানিক আস্থা অর্জনের (‹বাই-ইন›) পাশাপাশি হ্যান্ডবুকের ব্যবহারকে কেবল পুলিশ এবং ন্যায়বিচার খাতেই নয়, বরং বিস্তৃত স্বাস্থ্য ও সামাজিক সেবা অংশীদার এবং এই সেক্টরের সমন্বয় সাধনসহ প্রস্তুতকৃত হ্যান্ড-বুকের খসড়া কাঠামোর উপর মতামত প্রদানের সুযোগ তৈরির জন্য ২০১৯ সালের ১৮-১৯ জুন ইউএন উইমেন নিউ ইয়র্কের তাদের প্রধান কার্যালয়ে (হেড কোয়ার্টার) একটি বিশেষজ্ঞ দলের সভা ডেকেছিল।

# হ্যান্ডবুক তৈরির পদ্ধতি

## এই হ্যান্ডবুকের উদ্দেশ্য দুই ধরণের:

- শিক্ষণ আলোচনার মাধ্যমে শিক্ষণের সংস্কৃতি ও শিক্ষণকে উৎ-সাহিত করে প্রাতিষ্ঠানিক রূপান্তরের মাধ্যমে নারী ও মেয়েদের (বালিকাদের) বিরুদ্ধে সহিংসতার একটি কার্যকর এবং লি-ঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়া ব্যক্ত করতে সক্ষম পুলিশকে (প্রাথ-মিক শ্রোতা) বাস্তবভিত্তিক নির্দেশনা প্রদান;সুশীল সমাজ, নারী ও সহিংসতার শিকার বেঁচে যাওয়া নারীদের সংগঠন ও শিক্ষা-বিদসহ বাহ্যিক অনুঘটকদের সহায়তায় তদন্ত টুলস (সরঞ্জাম), কৌশল, নীতি এবং পন্থা পর্যালোচনা, মূল্যায়ন ও পর্যবেক্ষণের মাধ্যমে নারী ও মেয়েদের (বালিকাদের) প্রতি সহিংসতার প্র-তিক্রিয়াতে কার্যকারিতার সাথে জবাবদিহিতার ভারসাম্য বজায় রাখার চেষ্টা করে এমন একটি পুলিশ পরিষেবাকে প্রতিষ্ঠা করা।

## পরিবর্তনের তত্ত্ব

**এই হ্যান্ডবুক প্রতিরোধমূলক পুলিশিংয়ের প্রতি আচরণগত পরিবর্তন অনুপ্রাণিত করতে চায় যা হবে লিঙ্গ-সংবেদনশীল, ট্রমা-অবহিত এবং অপরাধী কেন্দ্রিক।**

এই পছন্দসই আচরণ পরিবর্তনে পৌঁছানোর জন্য, এই হ্যান্ডবুক তিনটি ফলাফলের দিকে রূপান্তরকারী নির্দেশিকা প্রদান করবে:

১. লিঙ্গ- **সংবেদনশীল** এবং ব্যাপক পরামর্শভিত্তিক পুলিশ সংস্থার আধুনিকীকরণ;

২. ন্যায়বিচারের ধারাবাহিকতায় VAWG- এর প্রতি তাদের প্রতিক্রিয়া সমন্বয় করার সময় পুলিশ **ভুক্তভোগী / সহিংসতার শিকার বেঁচে যাওয়া** ব্যক্তিদের সুস্থতা এবং অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করছে;

৩. অপরাধী-কেন্দ্রিক এবং ট্রমা-অবহিত হয়ে নারী ও মেয়েদের (বালিকাদের) বিরুদ্ধে সহিংসতার তদন্তগুলি মানসম্মত ভাবে এবং অভ্যন্তরীণ তত্ত্বাবধানে পরিচালিত হবে।

**এই ফলাফল অর্জনে সাহায্য করার জন্য এই হ্যান্ডবুকে তিনটি পুলিশ কৌশল প্রস্তাব করা হয়েছে। এই কৌশলগুলির লক্ষ্য হচ্ছে পরিবর্তন সংস্থায় মধ্যবর্তী পর্যায়ের কর্মকর্তাদের শক্তিশালী অবস্থানে রাখা। সেখানে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভুক্ত থাকবে:**

- VAWG- এর প্রতি  প্রতিক্রিয়া জানানোর জন্য সুশীল সমাজের সংগঠন, শিক্ষাবিদ, ক্ষতিগ্রস্ত গোষ্ঠী এবং আন্তর্জাতিক সহায়ক অনুঘটকদেরমতো বহিরাগত স্টেকহোল্ডারদের সঙ্গে সক্রিয়ভাবে জড়িত থাকবে;

- স্বচ্ছ পদ্ধতিতে, দক্ষতা এবং যোগ্যতার সাথে **মানোপযোগী ও অভ্যন্তরীণভাবে নিয়ন্ত্রিত তদন্ত যা হবে সহিংসতার শিকার ও বেঁচে যাওয়া নারী** এবং অধিকার কেন্দ্রিক।

- VAWG প্রতিরোধ ও তদন্তের বিষয়ে প্রশিক্ষণ এবং শিক্ষিত করা যাতে প্রতিক্রিয়াগুলি অধিকার ভিত্তিক, লিঙ্গ- **সংবেদনশীল** এবং ট্রমা-অবহিত হয়।

সাম্প্রতিক গবেষণার উপর নির্ভর করে আচরণগত পরিবর্তন বিজ্ঞানের কোন মডেলগুলি কী কাজ করে তার উপর নির্ভর করে প্রাথমিকভাবে **মধ্যবর্তী পর্যায়ের কর্মকর্তাদের**[১৩] টার্গেট করে এই হ্যান্ডবুকের মূল লক্ষ্য হবে রোল মডেলের একটি গোষ্ঠীর কাছে পৌঁছানো যা তাদের অধীনস্তদের আচরণ পরিবর্তনকে অনুপ্রাণিত করবে। এটি হ্যান্ডবুকটি ঊর্ধ্বতন কর্মকর্তা  এবং সম্মুখসারির কর্মকর্তাদের প্রশিক্ষণের জন্য সমানভাবে ব্যবহার করা যেতে পারে এবং চলমান প্রশিক্ষণ পাঠ্যক্রমের পরিপূরক হিসেবে পুলিশ একাডেমিতে ব্যবহার করা যেতে পারে। এই হ্যান্ডবুকের গৌণ (সেকেন্ডারি) ব্যবহারকারীদের মধ্যে থাকবে নাগরিক সমাজ, নারী সংগঠন এবং জাতীয় তত্ত্বাবধানকারী প্রতিষ্ঠানসমূহ (যেমন জাতীয় মানবাধিকার প্রতিষ্ঠান) এবং সেইসাথে জাতিসংঘের বিভিন্ন সংস্থা।

ইএসপিতে উল্লেখ করা হয়েছে যে, সকল নারী ও মেয়েদের, বিশেষ করে যারা সবচেয়ে প্রান্তিক এবং যারা সহিংসতার সম্মুখীন হওয়ার ঝুঁকিতে রয়েছে তাদের একটি উচ্চমানের পুলিশি ব্যবস্থা এবং ন্যায়বিচারের পাওয়ার প্রক্রিয়ায় প্রবেশাধিকার থাকা উচিত। এই পরিষেবাগুলির প্রদানকারীদের অবশ্যই এটা স্পষ্ট করতে/দেখাতে হবে যে তারা এবং যেসব পরিবেশে/সিস্টেমে তারা কাজ করে, সেই পরিবেশ/সিস্টেম এটা নিশ্চিত করছে যে একজন নারী বা মেয়ের (বালিকার) অভিযোগকে গুরুত্ব সহকারে বিবেচনা করছে, এবং যখন সে একটি জটিল বিচার ব্যবস্থা সঠিক ভাবে মোকাবেলা করতে চায়তখন তাকে সমর্থন করা হচ্ছে।

এই হ্যান্ডবুকের নিম্নোক্ত অধ্যায়গুলির লক্ষ্য হচ্ছে পুলিশ কর্মকর্তা-দের/ম্যানেজারদের মানসম্মত অনুসন্ধানমূলক প্রতিক্রিয়া প্রদানের জন্য সহকর্মী থেকে সহকর্মি (পিয়ার-টু-পিয়ার) নির্দেশনা প্রদান করা। এটি করার জন্য, এই হ্যান্ডবুক নিম্নলিখিত ক্ষেত্রে পুলিশ কর্মকর্তাদের জন্য কার্যকরী নির্দেশনা উপস্থাপন করে ন্যায়বিচার ও পুলিশিং -এর উপর প্রস্তুতকৃত মডিউল-৩ -এ প্রস্তাবিত ইএসপির কাঠামো অনুকরণ করবে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে প্রতিরোধ কৌশল; পুলিশের সাথে প্রাথমিক যোগাযোগ; লিঙ্গ-সংবেদনশীল তদন্ত; নিরাপত্তা এবং সুরক্ষা বিবেচনা; প্রয়োজনীয় সমর্থন এবং সহায়তা; যোগাযোগ কৌশল এবং সমন্বয় ভিত্তিক সমাধান। কোভিড -১৯ অতিমারির প্রেক্ষাপটে, হ্যান্ডবুকে অতিমারিসহ অন্যান্য সংকটের সময় নারী ও মেয়েদের (বালিকাদের) সহিংসতার বিরুদ্ধে কিভাবে প্রতিক্রিয়া জানাতে হবে তার নির্দেশনা অন্তর্ভুক্ত রয়েছে।

হ্যান্ডবুকের প্রতিটি অধ্যায়ে বিভিন্ন উপবিষয়/উপধারা অন্ত-র্ভুক্ত থাকবে যা কার্যকর সংজ্ঞা এবং কাঠামোর উপর স্পষ্টতা প্রদান করবে এবং একটি কার্যকর ও দক্ষ পুলিশ সেবা প্রদান নিশ্চিত করার জন্য একজন পুলিশ কর্মকর্তার/ম্যানেজারের কি ধরনের দক্ষতার প্রয়োজন সেই সম্পর্কে সুস্পষ্ট প্রস্তাব থাকবে, এবং সেইসাথে মূল কর্মক্ষমতা মূল্যায়নের সূচক  এবং সক্ষমতার ক্ষেতে দুর্বলতার জায়গাগুলো চিহ্নিত করার সুপারিশ করবে। এই হ্যান্ডবুকটি বাস্তবায়ন এবং মূল্যায়ন উভয়ের ক্ষেত্রে  সুনির্দিষ্ট নির্দেশনার উপর ফোকাস করেছে বিধায় এটি অনন্য।

পুলিশের নেতৃত্বে যারা থাকবেন তাদের জন্য সহকর্মী থেকে সহকর্মি (পিয়ার-টু-পিয়ার) অপারেশনাল গাইডেন্সও এই হ্যান্ডবুকের বিভিন্ন অধ্যায়ে উপস্থাপন করা হয়েছে। যখন একজন কর্মকর্তা VAWG- এর কোন ঘটনার মুখোমুখি হবেন তখন একজন পুলিশ অফিসারকে তার নেতৃত্ব বা তত্ত্বাবধানের অবস্থানে থেকে কী নিয়ন্ত্রণ করতে হবে এবং কী করা উচিত সেই বিষয় এই নির্দেশিকায় উল্লেখ করা হয়েছে।

VAWG- এর অপরাধের জন্য জবাবদিহিতা নিশ্চিত করা এবং সহিংসতার শিকার অথবা সহিংসতা থেকে বেঁচে যাওয়াদের নিরাপত্তা ও সুরক্ষা প্রদানের বিষয়টি উপস্থাপনের জন্য  পুলিশের উদ্ভাবন, ভাল অনুশীলন এবং নিষ্ঠার উপর বিভিন্ন কেস স্টাডিজ ব্যবহার করা হবে। পরিশেষে, প্রতিটি অধ্যায়ে পাঠকদের বর্তমান প্রবণতা, গবেষণা এবং অনুশীলন সম্পর্কে অবহিত করার জন্য রেফারেন্স প্রদান করা হয়েছে।

ইএসপি কাঠামোর সাথে সামঞ্জস্য রেখে, এই হ্যান্ডবুকটি নারী ও মেয়েদের (বালিকাদের) সহিংসতার রূপগুলির  বিস্তৃততা এবং জটিলতার বিষয়টির স্বীকৃতি প্রদান করেছে এবং, সেই সাথে যে বিষয়টির উপর গুরুত্ব আরোপ করেছে সেটি হল যে এর কার্যকর প্রতিরোধ, তদন্ত এবং বিচারের জন্য সরকারের সংবেদনশীল প্রতিক্রিয়া প্রয়োজন।

এই হ্যান্ডবুক বিভিন্ন জাতীয় আইনি কাঠামোকেও স্বীকৃতি দিয়েছে যা প্রমাণ সংগ্রহ এবং একই সীমানার মধ্যে সামাজিক, সাংস্কৃতিক এবং অর্থনৈতিক প্রেক্ষাপটের বৈচিত্র্যের সাথে সম্পর্কিত প্রয়োজ-

১৩ The target audience are police middle managers and Chapters 2 to 9 of the Handbook have been developed with police station or unit commanders in mind.

নীয়তা নির্দেশ করে যা পুলিশের প্রভাব ও পাশাপাশি সহিংসতা ও অপরাধের ক্ষেত্রে নারী ও মেয়েদের (বালিকাদের) দুর্বলতার অবস্থান উভয়কেই প্রভাবিত করবে।

এই জটিলতা এবং বৈচিত্র্যকে অন্তর্ভুক্ত করার একটি উপায় হিসাবে, নিম্নলিখিত অধ্যায়গুলির লক্ষ্য হল VAWG- এর ক্ষেত্রে সকল পুলিশ তদন্ত কৌশলগুলির ক্ষেত্রে প্রযোজ্য ন্যূনতম মানসমূহের অন্তর্নিহিত আন্তর্জাতিক মান এবং নিয়মকে শক্তিশালী করা।[১৪] এই হ্যান্ডবুকটি পাঠককে জাতীয় তদন্তের পদ্ধতিসহ সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারীদের সুরক্ষা প্রোটোকলগুলির পাশাপাশি আন্তর্জাতিকভাবে স্বীকৃত প্রোটোকল এবং বিশেষায়িত ও আরও ব্যাপক পুলিশ নির্দেশনার ভাল অনুশীলন সম্পর্কে উল্লেখ করবে।

ন্যায়বিচারের ধারাবাহিকতা নিশ্চিতের দায়িত্বপ্রাপ্ত সকল সরকারি অনুঘটকদের উচিত এই হ্যান্ডবুকে প্রদত্ত নির্দেশনা জন্য জাতীয় নির্দেশিকা, প্রোটোকল এবং ম্যানুয়ালের পরিপূরক হিসেবে দেখা এবং প্রয়োগ করা ।

---

১৪ যদিও এই হ্যান্ডবুকের বিভিন্ন অংশে শিশুদের সম্পর্কিত লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের কিছু দিক আলোচিত হয়েছে, তবে এটি গুরুত্বসহকারে উল্লেখ করা প্রয়োজন যে শিশুদের জন্য প্রযোজ্য আন্তর্জাতিক আইনি কাঠামো সাধারণভাবে মহিলাদের এবং প্রাপ্তবয়স্কদের থেকে আলাদা। অতএব, একটি শিশু এবং লিঙ্গ-সংবেদনশীল দৃষ্টিভঙ্গি এবং পরবর্তীতে পৃথক বর্ণনা  শুধুমাত্র সেই সমস্ত শিশুদের প্রতি নির্দেশিত হবে যারা শিশু অধিকার সংক্রান্ত কনভেনশন দ্বারা সংজ্ঞায়িত ১৮ বছরের কম বয়সী হবে। শিশুদের বিরুদ্ধে সব ধরনের সহিংসতার অবসান ঘটাতে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) লক্ষ্য ১৬.২ অনুযায়ী আন্তর্জাতিক আইন দ্বারা প্রদত্ত বিশেষ সুরক্ষা থেকে ছেলে ও মেয়েদের সমানভাবে উপকৃত হওয়া উচিত। অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের প্রেক্ষিতে শিশুদের বিরুদ্ধে সহিংসতা দূরীকরণে জাতিসংঘের মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা, ২০১৫, এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জন্য শিশু ভিকটিম এবং অপরাধের শিশু সাক্ষীদের চিকিৎসা সংক্রান্ত ইউএনওডিসি-ইউনিসেফ প্রশিক্ষণ কর্মসূচিসহ অন্যান্য ডকুমেন্ট শিশুর অধিকার সম্পর্কে  এই খেত্রেভ পেশাদারদের আরও নির্দেশনা প্রদান করতে পারে এবং অতিরিক্ত রেফারেন্স হিসাবে কাজ করতে পারে।

২

# ম্যানেজার ও টিম লিডার হিসাবে পার্থক্য তৈরী করা

*“একটি সার্বজনীন সত্য আছে, যা সমস্ত দেশ, সংস্কৃতি এবং সম্প্রদায়ের জন্য প্রযোজ্য: নারীর প্রতি সহিংসতা কখনই গ্রহণযোগ্য নয়, কখনোই অজুহাতযোগ্য নয়, কখনও সহনীয় নয়।”*

জাতিসংঘের মহাসচিব বান কি মুন (২০০৮)

# এই অধ্যায়ের উদ্দেশ্যসমূহ

**নারীর প্রতি সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের প্রয়োজনীয় এবং সমন্বিত সেবায় মানসম্মত প্রবেশাধিকার (অ্যাক্সেস) নিশ্চিত করার জন্য ইএসপি (ESP) কাঠামোটি ব্যবহার উপযোগী (কার্যকর) করার ক্ষেত্রে পুলিশের কৌশলগত দৃষ্টিভঙ্গিকে শক্তিশালী করা।**

## এই অধ্যায়ের মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ

- নারীর প্রতি সহিংসতার কার্যকর প্রতিক্রিয়ার মূলে কী আছে তা বোঝা;
- ESP ফ্রেমওয়ার্কের (কাঠামোর) নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যের মূলে রয়েছে VAWG- এর তদন্তে একজন সহিংসতার শিকার/ বেঁচে যাওয়া ব্যক্তিদের অর্থপূর্ণ অংশগ্রহণ;
- জেন্ডার (লিঙ্গ) সংবেদনশীল পুলিশিং এর অর্থ হচ্ছে তদন্তের মূল দৃষ্টি নিবদ্ধ থাকবে অভিযুক্ত অপরাধীর কার্যক্রমের উপর, সহিংসতার শিকার হয়ে বেঁচে থাকা ব্যক্তির চাওয়া, আচরণ, ও বিশ্বাসযোগ্যতার উপর নয়।
- VAWG- এর আইনগুলি বিশেষত পুলিশকে জেন্ডার বিষয়ে পক্ষপাত দুষ্ট করেছে, যা এই বিষয়ে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য/ দায়িত্ব পালনের ক্ষেত্রে দলের প্রচেষ্টাকে ক্ষতিগ্রস্ত করতে পারে;
- পুলিশের নেতৃত্বের প্রথম কাজ হবে সংবেদনশীল এবং কমিউনিটি নেতৃত্বের কাছ ধারাবাহিক এই বার্তা পৌঁছানো যে VAWG- সম্পর্কিত কোন অপরাধ সহ্য করা হবে না এবং সব সময় গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে;
- জেন্ডার (লিঙ্গ)-সংবেদনশীল এবং আন্তঃসম্পর্ক বিশ্লেষণসহ কার্যকর পরিকল্পনা অতীতের বৈষম্যমূলক অনুশীলনগুলিকে প্রতিরোধ করতে সাহায্য করবে;
- লিঙ্গ-ভিত্তিক (বিভক্ত) তথ্য সংগ্রহ এবং সূচক নির্ধারণ VAWG- এ প্রতিক্রিয়া জানানোর জন্য গুরুত্বপূর্ণ;
- ভুক্তভোগী- সহিংসতার শিকার ব্যক্তিকেন্দ্রিক পদ্ধতির প্রতিশ্রুতি VAWG এর শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের মধ্যে বিশ্বাস তৈরি করবে এবং সহযোগিতা বাড়াবে।



# ভূমিকা

**এই অধ্যায়ের মূল উদ্দেশ্য হল VAWG- এর সাথে সংশ্লিষ্ট মধ্যবর্তী স্তরের পুলিশ কর্মকর্তাদের তদন্ত সংশ্লিষ্ট দায়িত্বসহ ও (অপারেশনাল কমান্ড) অন্যান্য দায়িত্ব প্রাপ্ত পুলিশ কর্মকর্তাদের জন্য প্রস্তুতকৃত হ্যান্ডবুকে উল্লেখিত নির্দেশনার জন্য একটি প্রেক্ষাপট প্রস্তুত করা। এই প্রেক্ষাপট নির্ধারণের লক্ষ্যের অংশ হিসেবে এই অধ্যায় এর মূল উদ্দেশ্য হচ্ছে জাতিসংঘের সহিংসতার শিকার নারী ও মেয়েদের প্রয়োজনীয় সহযোগিতা প্যাকেজ এর মূল উপাদান এবং গুণগত নির্দেশনাসমূহও (গাইডলাইনস) (ইএসপি) বাস্তবায়ন এবং ব্যবহার উপযোগী করার ক্ষেত্রে মধ্যবর্তী স্তরের পুলিশ কর্মকর্তাদের কৌশলগত দৃষ্টিভঙ্গি শক্তিশালী করা। ইএসপি কাঠামোর (ফ্রেমওয়ার্কের) লক্ষ্য হল VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সমন্বিত পুলিশ সেবা, ন্যায়বিচার এবং প্রয়োজনীয় সহায়তায় অধিকতর প্রবেশাধিকার (অ্যাক্সেস) প্রদান করা।**

ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (Haiti)

এই নির্দেশিকাটির প্রকৃতি হচ্ছে পরিবর্তনশীলতা যার অর্থ হল এটি পুলিশ বিভাগের **মধ্যবর্তী স্তরের পুলিশ কর্মকর্তাদের এই** প্রক্রিয়ার চালক হতে অনুপ্রাণিত করবে যা অসম লিঙ্গ সম্পর্ক, সম্পদের নিয়ন্ত্রণ, ও সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় সহযোগিতার সম্পর্কের উপর ভিত্তি করে দায়িত্ব পালনের সংস্কৃতিতে পরিণত করবে, এবং নারীর ক্ষমতায়নে সহায়তা করবে।

এই লক্ষ্য অর্জনের জন্য, এই অধ্যায়টিতে অনেকগুলি মূল বিষয়ের/পদের অবতারণা, সংজ্ঞায়ন এবং আলোচনা করা হয়েছে এবং কিভাবে এই বিষয়গুলো/পদগুলো প্রয়োগ করা হলে, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং ব্যবস্থা প্রতিষ্ঠা করতে অবদান রাখা বা বিরত থাকা যায় এবং সার্বিক ভাবে একটি আধুনিক পুলিশ সংস্থা গঠনের সহায়তা করা যায় সেই সম্পর্কে আলোচনা করা হয়েছে। **পুলিশের মধ্যম স্তরের কর্মকর্তাদের এই প্রসঙ্গে ধারণা প্রদানের জন্য এই বিষয়গুলো/পদগুলো হ্যান্ডবুকের বিভিন্ন অংশে আলোচিত হয়েছে।**

এই অধ্যায়ে ESP কাঠামোর নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি সম্পর্কেও আলোচনা করা হয়েছে যা নির্দেশনার মূল অংশ। এই নীতিগুলি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি মূল দক্ষতা এবং নমনীয় (সফট) দক্ষতাগুলি চিহ্নিত করবে যা হ্যান্ডবুক জুড়ে প্রচার করা হয়েছে, কারণ এগুলি লিঙ্গ সংবেদনশীল এবং অধিকার ভিত্তিক। প্রস্তাবিত দক্ষতা এবং সফট স্কিল সেটগুলির প্রয়োগ ও পর্যবেক্ষণে সহায়তা করার জন্য পুলিশের পিয়ার-টু-পিয়ার গাইডেন্স এবং সূচকের উদাহরণও প্রদান করা হবে।

এই হ্যান্ডবুকের প্রচারিত মূল দক্ষতা এবং নমনীয় (সফট) দক্ষতার সেট চিহ্নিত করা হয়েছে বিশ্বব্যাপী ম্যাপিং অনুশীলনের মাধ্যমে যেখানে **জেন্ডার** (লিঙ্গ)-ভিত্তিক সহিংসতা/নারীর ও মেয়েদের (বালিকাদের) প্রতি সহিংসতাসহ **জেন্ডার** (লিঙ্গ) বিষয়ে বিশেষজ্ঞদের সাথে অসংখ্য চাকুরিজীবী এবং অচাকুরিজীবী পুলিশ সদস্যদের সাক্ষাৎকার নেওয়া হয়েছিল। VAWG- এর প্রতিক্রিয়া জানার জন্য পুলিশ সংস্থাগুলির কৌশল, পন্থা এবং সরঞ্জামগুলি (টুলস) পর্যালোচনা ও মূল্যায়ন করে সুপারিশকৃত দক্ষতার বিপরীতে সংগৃহীত তথ্যগুলি যাচাই করা হয়েছে।

এই ধরনের পুলিশ পর্যালোচনা এবং মূল্যায়নের কেস স্টাডিগুলি বিশেষভাবে হ্যান্ডবুকের নিম্নোক্ত অধ্যায়ে জন্য নির্বাচিত হয়েছিল কারণ তারা বহিরাগত স্টেকহোল্ডার, যেমন সুশীল সমাজের সংগঠন, মহিলা সংগঠন, পাশাপাশি শিক্ষাবিদ এবং/অথবা সংখ্যালঘু গোষ্ঠীগুলিকে অন্তর্ভুক্ত করে জবাবদিহিতার প্রতি অঙ্গীকার প্রদর্শন করেছে। এই কেস অধ্যয়নগুলি তাদের স্বচ্ছতার জন্যও নির্বাচিত হয়েছিল, কারণ এগুলি অনলাইনে ওপেন সোর্সে পাওয়া যায়।

## সহকর্মী থেকে সহকর্মী (পিয়ার টু পিয়ার) গাইডেন্স (নির্দেশনা)

আপনি একটি থানা, বিভাগ বা পুলিশিং জেলার দায়িত্বে থাকতে পারেন, যার অর্থ হল আপনার সামগ্রিক দায়িত্ব রয়েছে এবং যে সমস্ত নারী বা মেয়েরা (বালিকারা) VAWG এর অভিজ্ঞতা অর্জন করেছে তাদের সাথে আপনার অধস্থন পুলিশ কর্মকর্তারা কি ধরনের প্রতিক্রিয়া ব্যক্ত করছে তার জন্য আপনি দায়বদ্ধ। কেন এই ধরনের অপরাধ মোকাবেলা করা গুরুত্বপূর্ণ? আপনার সীমিত সম্পদের মধ্যে অনেক প্রতিযোগিতামূলক অগ্রাধিকার থাকবে, তাই এটি গুরুত্বপূর্ণ যে আপনি স্থানীয় সম্প্রদায়গুলিকে যে সেবা প্রদান করেন তা যতটা সম্ভব যেন কার্যকর হয়। । স্থানীয় জনগোষ্ঠীর আস্থা ও বিশ্বাস ছাড়া পুলিশ কর্মকর্তা হিসেবে আপনার চাকরি আরো কঠিন হয়ে উঠবে এবং ইতিবাচক ফলাফল অর্জন করা আরও চ্যালেঞ্জিং হবে।

নারী ও মেয়েদের প্রতি সহিংসতার মাত্রা নিয়ে বেশিরভাগ জাতীয় গবেষণা ইঙ্গিত দেয় যে বেশিরভাগ নারী তাদের অভিজ্ঞতা আনুষ্ঠানিক সেবা প্রক্রিয়ায় রিপোর্ট করেন[১] না। ভিএডব্লিউজির ক্ষেত্রে খুবই অল্প সংখ্যক ঘটনাই পুলিশের কাছে রিপোর্ট করা হয়। এই মামলাগুলোর মধ্যে খুব অল্প সংখক ঘটনাতে অপরাধীদের বিরুদ্ধে অভিযোগ আনা হয় এবং এমনকি খুব কম ক্ষেত্রেই দোষী সাব্যস্ত কয়ে সাজা দেওয়া হয়। UNDESA কর্তৃক প্রকাশিত ২০১৫ সালের একটি রিপোর্ট অনুসারে , যেসব দেশের তথ্য উপাত্ত রয়েছে, সেখানে দেখা গেছে যে বেশিরভাগ দেশেই মাত্র ৮০% নারী সহিংসতার সম্মুখীন হওয়ার পর **কোন না কোন ধরনের সাহায্য চেয়েছেন। যারা সাহায্য চান তাদের বেশিরভাগ অংশই কোনো আনুষ্ঠানিক প্রতিষ্ঠান বা** প্রক্রিয়াগুলির **(মেকানিজম) কাছে সাহায্য না চেয়ে পরিবার এবং বন্ধুদের কাছে সাহায্য চান।** সহিংসতার সম্মুখীন হওয়ার পরে সাহায্য চাওয়া সেই নারীদের ১০% এরও কম নারী পুলিশের সাহায্য চেয়েছেন।

১ See https://unstats.un.org/unsd/gender/downloads/WorldsWomen2015_report.pdf



ফোর্স ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) এর সৌজন্যে

VAWG **বিষয়টি সমাজে একটি খুব সাধারণ বিষয় হিসাবে গ্রহণযোগ্যতা পাওয়ায়, সহিংসতার শিকারের সাথে** 'দোষারোপ এবং লজ্জা' জড়িত থাকার কারনে এবং বিচার চাইলে বিচার পাবার বিষয়ে বিশ্বাসের অভাবের কারনে **সহিংসতার শিকার অথবা সহিংসতার শিকার হয়ে বেঁচে থাকা নারীরা সহিংসতার বিষয়ে রিপোর্ট করা এবং এই বিষয়ে সাহায্য চাওয়া থেকে বিরত থাকছেন। এটি উপলব্ধ পরিষেবা এবং/অথবা নারী ও মেয়েদের (বালিকাদের) অধিকার সম্পর্কে জ্ঞানের অভাবের কারণেও হতে পারে।**

**সামাজিক প্রতিবন্ধকতা ও বৈষম্যের কারণে যে সমস্ত গোষ্ঠীর সহিংসতার শিকার হওয়ার সম্ভবনা/প্রবণতা বেশি তাদের ক্ষেত্রে রিপোর্ট করার প্রবণতা কম রয়েছে। উদাহরণস্বরূপ, কিছু প্রতিবন্ধী মহিলা এবং মেয়েদের যোগাযোগ সম্পর্কিত বাধার সাথে দৃষ্টি, শ্রবণ বা বোঝার ক্ষেত্রে সমস্যা তাদের দুর্বল করে ফেলে যার ফলে তারা বিশ্বাস করে যে তারা অভিযোগ করতে পারবে না।**[২]

পুলিশিং শুধুমাত্র স্থানীয় সম্প্রদায়ের নিরাপত্তা ও সুরক্ষা প্রদান করার বিষয় নয়। সম্প্রদায়ের সাথে ও তাদের জন্য কাজ করে, বিশ্বাস স্থাপন করে, আইন সমুন্নত রেখে, অপরাধ প্রতিরোধ করে, জরুরী পরিস্থিতিতে সাড়া প্রদান করে, সহায়তা প্রদান করে এবং শান্তিপূর্ণ সমাজ বজায় রাখার মাধ্যমে এতা অর্জন করতে হয়। । সত্যিকারভাবে কার্যকর ভূমিকা পালন করতে হলে, পুলিশের প্রয়োজন স্থানীয় সম্প্রদায়ের সমর্থন, যাতে তারা সকল অপরাধের সফল তদন্ত সম্পন্ন করতে এবং অপরাধ প্রতিরোধের জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ তথ্য ও বুদ্ধিমত্তা অর্জন করতে সক্ষম হয়।

২ See 'Thematic study on the issue of violence against women and girls and disability. Report of the United Nations High Commissioner for Human Rights' (A/HRC/20/5)

৩ Declaration on the Elimination of Violence against Women (General Assembly resolution 48/104 of 20 December 1993), Articles 1-2.

চিত্র-১:
**নারীর প্রতি সহিংসতার সংজ্ঞা**[3]

### নারীদের জন্য ভোগান্তি
লিঙ্গভিত্তিক সহিংসতার সিংহভাগই নারীর বিরুদ্ধে পুরুষরা করে থাকে।

### লিঙ্গ - ভিত্তিক সহিংসতা
নারীর প্রতি সহিংসতা লিঙ্গভিত্তিক বিষয় যা নারী ও পুরুষের ক্ষমতার ভারসাম্যহীনতা এবং নারী ও পুরুষের আচরণ কেমন হবে সে সম্পর্কে সংকীর্ণ বিশ্বাস এবং প্রত্যাশার কারণে সংগঠিত হয়।

## নারীর প্রতি সহিংসতা কি?

> “ **নারীর প্রতি সহিংসতা হল:**
>
> **লিঙ্গভিত্তিক** সহিংসতার যে কোনো কাজ যার ফলশ্রুতিতে নারীদের শারীরিক, যৌন এবং **মানসিক ক্ষতি** হতে পারে বা হবার সম্ভবনা রয়েছে, তা **প্রকাশ্যে** হোক বা ব্যক্তিগত জীবনে হোক। ”
>
> জাতিসংঘ সাধারণ পরিষদ, ১৯৯৩

### শারীরিক, যৌন এবং মানসিক ক্ষতি
নারীর প্রতি সহিংসতা শারীরিক নির্যাতন, যৌন নির্যাতন এবং বা মানসিক নির্যাতনসহ অনেক ধরণের হতে পারে।

### প্রকাশ্যে বা ব্যক্তিগত জীবনে ঘটে
নারীর প্রতি সকল প্রকার সহিংসতা অগ্রহণযোগ্য এবং তা বন্ধ করতে হবে। ইহা বাড়িতে বা পাবলিক প্লেসে ঘটলো তা বিবেচ্য নয়।

যদি আপনার প্রতি স্থানীয় জনসাধারণের আস্থা এবং বিশ্বাস না থাকে, তাহলে আপনি সম্ভাব্য তথ্য পাবেন না এবং গোপনীয়তা রক্ষা করতে পারবেন না এবং এর ফলে আপনি কতটা কার্যকর হতে পারবেন?- এইটাই বড় প্রশ্ন। সময়মত, সঠিক, প্রবেশা-ধিকারযোগ্য এবং নির্ভরযোগ্য তথ্য এবং গোপনীয়তা আপনাকে অনেক ধরণের সংগঠিত অপরাধ এবং সহিংস চরমপন্থার বিরুদ্ধে লড়াই করাসহ সমস্ত অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে সহায়তা করবে। অতএব, অতএব, VAWG- এর অপরাধে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য আপনার কর্মীদের সুবিধাগুলি অবমূল্যায়ন করা উচিত নয়। ।

**সামাজিক অবস্থা** নির্বিশেষে নারীর প্রতি **সহিংসতার শিকার সকল নারী অথবা সহিংসতার শিকার হয়ে বেঁচে যাওয়া নারীদের সুরক্ষা দেওয়া পুলিশের একটি নৈতিক দায়িত্ব।** এই বিবেচনায় যে সম্প্রদায়গুলি প্রায়শই খুব বৈচিত্র্যময়, পুলিশিং পদ্ধতিটি এটি গুরুত্বপূর্ণ যে এই বৈচিত্র্যের প্রতি সংবেদনশীল এবং প্রতিক্রিয়াশীল হওয়া। এর মধ্যে বোঝা যায় যে, সম্প্রদায়ের মধ্যে এমন অনেক ব্যক্তি রয়েছেন যারা পিছিয়ে পড়া এবং আন্তঃসম্প-র্কিত উপায়ে প্রান্তিক। অতএব, উপরে উল্লিখিত বিবেচনায়, এই সম্প্রদায়ের সহিংসতার সম্মুখীন হওয়ার ঝুঁকি রয়েছে।

উদাহরণস্বরূপ বলা যায় যে, ব্যক্তি এবং গোষ্ঠী বিভিন্ন কারণে প্রান্তিক হতে পারে-যেমন তাদের লিঙ্গ, বয়স, জাতিসত্তা, যৌন পরিচিতি , জাতীয় পরিচয় এবং/অথবা অক্ষমতা। এই বিষয়গুলি তাদের নিরাপত্তা, সুরক্ষা এবং ন্যায়বিচারের পাওয়ার ক্ষেত্রে সরাসরি প্রভাব ফেলতে পারে । সকল সহিংসতার নারী /বেঁচে থাকা ব্যক্তিদের মর্যাদা ও গোপনীয়তা নিশ্চিত করা এবং তাদের শারীরিক ও মানসিক নিরাপত্তা এবং সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া নিশ্চিত করার জন্য, একজন পুলিশ কর্মকর্তাদের অবশ্যই একজন ব্যক্তির বিভিন্ন অভিজ্ঞতা এবং পরিস্থিতি সম্পর্কে সচেতন এবং সংবেদনশীল হওয়া উচিত।[8]

> ***নেতারা তাদের অনুগামীদের অনুপ্রাণিত করতে পারেন। তাদের প্রযুক্তিগত এবং মানবিক দক্ষতা এবং গুণাবলী রয়েছে যা অন্যরা সম্মান করে এবং প্রশংসা করে।***

8 Birdsall, N., Kirby S., and McManus M., ‘Police-Victim Engagement in building a victim empowerment approach to intimate partner violence cases’ in Police Practice and Research, 18:1, 75-86 and Roberts, J., and Hough M., in ‘Understanding Public Attitudes to Criminal Justice’ (Open University Press: Maidenhead, 2015).

ফলে, VAWG- এ অবদান রাখতে পারে এমন বিভিন্ন বিষয় বোঝার জন্য আপনার এবং আপনার কর্মীদের স্থানীয় সম্প্রদায়ের জটিল বৈশিষ্ট্যগুলো বোঝা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

উদাহরণস্বরূপ, আপনার পুলিশি এলাকায় কতটি ভিন্ন ভিন্ন দেশের জনগণের প্রতিনিধিত্ব আছে? ঐতিহ্য, বিশ্বাস এবং/অথবা সংস্কৃতির সাথে একজন সহিংসতার শিকার ভুক্তভোগীর/জীবিতের সম্পর্ক কীভাবে তাদের জীবনের বিভিন্ন দিককে প্রভাবিত করতে পারে, এবং তারা কি আপনার সাহায্য চাচ্ছে কিনা সে সম্পর্কে আপনার কি পরিস্কার ধারণা আছে? যদি তা না হয়, তাহলে আপনি কিভাবে নিশ্চিত হতে পারেন যে আপনার কর্মীরা একটি কার্যকর পুলিশিং সেবা প্রদান করছে? আপনি কি অপরাধের শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের প্রোফাইল বোঝেন? অপরাধের ধরন, লিঙ্গ, বয়স, জাতিসত্তা, অক্ষমতা, ধর্ম, অধিভুক্তি এবং এলাকাভিত্তিকভাবে কি সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের তথ্য আলাদা করা যায়? উদাহরণস্বরূপ বলা যায় যে, সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের সম্ভাব্য চাহিদা এবং পর্যাপ্ত প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তাদের মধ্যে ভারসাম্যহীনতা আছে কিনা তা নির্ধারণ করার জন্য আপনাকে বাস্তবভিত্তিক তথ্য প্রয়োজন হবে। ।

বহু খাত ভিত্তিক সেবার কার্যকর সমন্বয়ের মাধ্যমে মানসম্পন্ন নেতৃত্ব সহিংসতার শিকার সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের উপর যে ইতিবাচক প্রভাব ফেলতে পারে এই বিষয়টি হ্যান্ডবুকে স্বীকৃত হয়েছে। **প্রাতিষ্ঠানিক প্রতিফলন ও শিক্ষণের মাধ্যমে পুলিশ সার্ভিসকে কার্যকর ও লিঙ্গ-সংবেদনশীল হিসেবে গড়ে তোলার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ পদ্ধতি, দক্ষতা ও যোগ্যতা যেগুলিকে বিভিন্ন পুলিশ সংস্থা এবং এর সাথে যুক্ত বিশেষজ্ঞরা স্বীকৃতি প্রদান করেছেন সেই সম্পর্কে একটি স্পষ্ট ধারণা প্রদান করবে এই অধ্যায়।**

একই সময়ে, এই অধ্যায়ে প্রস্তাবিত পন্থা, দক্ষতা সেট এবং যোগ্যতা এবং হ্যান্ডবুক জুড়ে, প্রয়োজনীয় পুলিশি সেবা এবং ন্যায়বিচার সংক্রান্ত সেবাকে সমর্থন করে ESP এর কাঠামোর নীতিগুলি প্রতিফলিত করবে (চিত্র-২ দেখুন)। হ্যান্ডবুক দ্বারা প্রদত্ত নির্দেশিকা সাধারণ বৈশিষ্ট্যগুলিরও উল্লেখ করবে (চিত্র-২ দেখুন), যা ESP প্রয়োজনীয় পরিষেবার কার্যকারিতা এবং বিতরণের সমস্ত ক্ষেত্রে সকল কার্যক্রম এবং পদ্ধতির ভিত্তি হিসাবে নির্ধারণ করে।

ইএসপি কাঠামোর নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি VAWG অপরাধের তদন্তে একজন সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার মূল বিষয় হবে। এটি কেবল তদন্তের ক্ষেত্রে একটি নির্ধারক হিসেবেই বিবেচিত হবে না, বরং সম্প্রদায়ের কাছে একটি শক্ত/কঠিন বার্তাও পাঠাবে এই মর্মে যে VAWG- এর অভিযোগ উঠলে পুলিশ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে তদন্তে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের প্রতিবেদন বা রিপোর্ট গুরুত্ব সহকারে বিবেচনা করছে। ফলস্বরূপ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি, তাদের সম্প্রদায় এবং অন্যান্য অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের বিশ্বাস গড়ে তোলার ক্ষেত্রে এবং সাধারণভাবে অপরাধের প্রতি-ক্রিয়ায় অংশীদারিত্ব বাড়ানোর ক্ষেত্রে আপনার সংগঠনকে আরও বৈধতার প্রদান করবে।

ইএসপি কাঠামোর নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি VAWG অপরাধের তদন্তে একজন সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার মূল বিষয় হবে। এটি কেবল তদন্তের ক্ষেত্রে একটি নির্ধারক হিসেবেই বিবেচিত হবে না, বরং সম্প্রদায়ের কাছে একটি শক্ত/কঠিন বার্তাও পাঠাবে এই মর্মে যে VAWG- এর অভিযোগ উঠলে পুলিশ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক পদ্ধতি ব্যবহারের মাধ্যমে তদন্তে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের প্রতিবেদন বা রিপোর্ট গুরুত্ব সহকারে বিবেচনা করছে। ফলস্বরূপ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি, তাদের সম্প্রদায় এবং অন্যান্য অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের বিশ্বাস গড়ে তোলার ক্ষেত্রে এবং সাধারণভাবে অপরাধের প্রতি-ক্রিয়ায় অংশীদারিত্ব বাড়ানোর ক্ষেত্রে আপনার সংগঠনকে আরও বৈধতার প্রদান করবে।

**চিত্র ২.**

**অপরিহার্য পরিষেবা প্যাকেজ: সামগ্রিক ফ্রেমওয়ার্ক ডায়াগ্রাম**

| | | | |
|---|---|---|---|
| **নীতি** | অধিকার ভিত্তিক অ্যাপ্রচ | লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়নের অগ্রগতি | সাংস্কৃতিকভাবে এবং বয়স উপযুক্ত এবং সংবেদনশীল |
| | সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক অ্যাপ্রচ | নিরাপত্তা স্থায়ী | অপরাধীর জবাবদিহিতা |
| **সাধারণ বৈশিষ্ট্য** | উপলব্ধতা | সহজলভ্যতা | |
| | অভিযোজনযোগ্যতা | যথাযথতা | |
| | নিরাপত্তাকে প্রাধান্য দিন | অবহিত সম্মতি এবং গোপনীয়তা | |
| | তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা | কার্যকরী যোগাযোগ | |
| | রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং এজেন্সির সাথে সংযোগ স্থাপন | | |

> **"শরণার্থী নারীরা নিয়মিতভাবে চিকিৎসা থেকে বঞ্চিত হন, প্রায়ই তারা হাসপাতালে গেলে অপমানিত হন এবং অভিযোগ করলে পুলিশ তাদের উপেক্ষা করে"**
>
> কেস স্টাডি: এশিয়ান, কৃষ্ণাঙ্গ, সংখ্যালঘু, জাতিগত এবং বেঁচে থাকা শরণার্থী সমর্থন করা (ইমকান, ইউকে)

এটা গুরুত্বপূর্ণ যে পুলিশ সেই সমাধানের অংশ হয়ে ওঠেছে যেখানে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিএবং তাদের সম্প্রদায় VAWG- এর ক্ষেত্রে ন্যায়বিচার নিশ্চিত করার ক্ষেত্রে তাদের প্রত্যাশা এবং চাহিদাগুলি জানানোর জন্য ক্ষমতায়িত বোধ করে। ক্ষমতায়নের মাধ্যমে আত্মবিশ্বাস বৃদ্ধির অর্থ এটাও হতে পারে, উদাহরণস্বরূপ বলা যায় যে, অন্তরঙ্গ অংশীদারদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ('আইপিভি') দ্বারা মামলাগুলি রিপোর্ট করার এবং আদালতে প্রমাণ উপস্থাপন করার সম্ভাবনা বেশি।[৫]

হ্যান্ডবুকের প্রয়োজনে, ভিএডব্লিউজি এবং অন্যান্য অপরাধের জবাব দেওয়া পুলিশ কর্তৃক গৃহীত প্রতিরোধমূলক এবং অনুসন্ধা-নমূলক উভয় পদক্ষেপকেই অন্তর্ভুক্ত করা হয়েছে।

## নারীর প্রতি সহিংসতার ক্ষেত্রে সাড়া দেওয়ার সময় পুলিশের জন্য অভ্যন্তরীণ সাধারণ চ্যালেঞ্জসমূহ

***"নিখোঁজ নারীদের তদন্তে পুলিশের গুরুতর ব্যর্থতার একটি বিসম্ভত অন্তর্নিহিত কারণ হল প্রাতিষ্ঠানিক চ্যাম্পিয়নের অভাব। আমি ‹নেতৃত্ব প্রয়োজন_' এই বাক্যটি ব্যবহার করেছি, এই বিষয়টির উপর জোর দিতে যে তদন্তগুলিতে নেতৃত্বের অভাব ছিল বিধায় নেতৃত্বের প্রয়োজন। যদিও আমি ‹নেতৃত্বের অভাব› শব্দটিও ব্যবহার করি কারণ এটি আরও সহজে ব্যবহার করা যায়, এটির একই রকম ক্ষমতা নেই। সমস্যাটি এত বিস্তৃত ছিল যে এটি কেবল পর্যাপ্ততার প্রশ্ন ছিল না; নেতৃত্বের অভাব ছিল।***

"মাননীয় ওয়ালি টি অপল, কিউসি, কমিশনারের রিপোর্ট 'ফরসাকেন -দ্য রিপোর্ট অব দ্য মিসিং উইমেন কমিশন অব ইনকোয়ারি থেকে **উদ্ধৃত** ।[৬]

আইন প্রয়োগকারীদের অপর্যাপ্ত প্রতিক্রিয়া এখনও VAWG নির্মূলের প্রধান চ্যালেঞ্জগুলির মধ্যে একটি, যার ফলে অপরাধীদের দায়মুক্তি পাবার মাত্রা বৃদ্ধি পাচ্ছে। এছাড়াও এই সমস্যা সমাধানের জন্য সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের প্রয়োজনে পর্যাপ্ত সাড়া দেওয়ার জন্য সম্পদের অপর্যাপ্ত বরাদ্দ এবং দুর্বল পর্যবেক্ষণ এবং পরিকল্পিত সমন্বিত উদ্যোগের অভাব রয়েছে।

**একজন** সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির **একটি খারাপ অভিজ্ঞতা পুলিশের উপর একটি সম্পূর্ণ সম্প্রদায়ের বিশ্বাস এবং আস্থাকে মারাত্মকভাবে হুমকির মুখে ফেলতে পারে এবং** VAWG- **এর প্রতিক্রিয়া আরও কঠিন করে তুলতে পারে।**

যুক্তরাজ্য ('ইউকে') VAWG- এর প্রতি তাদের পদ্ধতির কার্যকারিতা পর্যালোচনার অভ্যাসের উপর ভিত্তি করে অন্তর্দৃষ্টিপূর্ণ শিক্ষার অভিজ্ঞতা প্রদান করছে।

> **"আমি মনে করি যে [নারীরা] প্রতিষ্ঠানগুলিতে ফিরে আসেন না কারণ তারা তাদের বিশ্বাস করে না। আমি কখনও ইতিবাচক ফলাফলের কথা শুনিনি; আমি কখনো শুনিনি যে কোন প্রতিষ্ঠান কোন নারীকে সাহায্য করছে। আমি তাদের বিশ্বাস করি না। "**
>
> মহিলা, বয়স 30-50, গ্রামীণ, মন্টিনিগ্রো
> উৎস: নারীদের প্রতি সহিংসতার বিষয়ে ওএসসিই-এর নেতৃত্বাধীন জরিপ: প্রধান প্রতিবেদন (ওএসসিই, ভিয়েনা, 2019)।

২০১৩ সালে, যুক্তরাজ্যের স্বরাষ্ট্র সচিব ইন্সপেক্টরেট অব কনস্টে-বুলারি (এইচএমআইসি)[৭] -কে দিয়ে হাই-প্রোফাইল মামলার একটি সিরিজের পর পারিবারিক সহিংসতার ('ডিভি') পুলিশের প্রতিক্রিয়া পরিদর্শন করার জন্য কমিশন গঠন করেছিলেন যেখানে সহিংসতার শিকার নারীদের সুরক্ষা প্রত্যাশিত মানদণ্ডের নিচে ছিল। এইচএমআইসি[৮] ২০১৪ -এর চূড়ান্ত প্রতিবেদনের ফলাফলে অনুপ্রাণিত নিম্নলিখিত তালিকাটি প্রতীকী সাংগঠনিক ব্যর্থতার কিছু চিত্র নির্দেশ করে যে যখন পুলিশ ব্যবস্থাপনা দ্বারা কোন অপরাধের বিরুদ্ধে ব্যবস্থা না নেওয়া হয় , তখন ডিভি এবং VAWG- এর থেকে অকার্যকর প্রতিক্রিয়াই নির্দেশ করে:

- সিনিয়র ম্যানেজমেন্ট দলগুলি VAWG মোকাবেলার জন্য একটি ব্যাপক কৌশল প্রণয়ন করতে অক্ষম ছিল এবং যার ফলস্বরূপ, মধ্যম স্তরের পরিচালকদের জন্য অপূরণীয় লক্ষ্য প্রদান করে এবং স্বাধীনভাবে এবং আরও কার্যকরভাবে পরিচালনার জন্য অপর্যাপ্ত সম্পদ প্রদান করে।;

৫ See footnote 4.
৬ VOLUME IIB, 'Nobodies: How and Why We Failed the Missing and Murdered Women Part 3, 4 and 5' (British Columbia, Canada, 2012).

৭ In the summer of 2017, HMIC undertook inspections of England's fire and rescue services, assessing and reporting on their efficiency, effectiveness and leadership. To reflect this new role, the HMIC underwent a name change to Her Majesty's Inspectorate of Constabulary and Fire and Rescue Services ('HMICFRS').
৮ See 'Everyone's business: Improving the police response to domestic abuse' (HMIC, 2014).

- বিদ্যমান কৌশলগুলির মধ্যে বিদ্যমান বিশেষ সমস্যা সম্পর্কে সচেতন থেকেও ব্যবস্থাপনা দলগুলি তা সমাধানের জন্য পদক্ষেপ নেয়নি। এর মধ্যে রয়েছে নির্দিষ্ট ব্যক্তি বা মানুষের গোষ্ঠী সম্পর্কে অফিসারদের দ্বারা করা অবমাননাকর মন্তব্য।;[৯]

- উর্ধ্বতন এবং মধ্যম-স্তরের কমান্ডিং কর্মকর্তারা পর্যাপ্তভাবে নতুন আইন সম্পর্কে প্রশিক্ষণ পাননি যা পুলিশের VAWG প্রতিরোধ কৌশল এবং তদন্ত পদ্ধতিকে সরাসরি প্রভাবিত করেছিল। এটা অপরিহার্য হয়ে উঠেছে যে পুলিশ ব্যবস্থাপকরা এবং তাদের কর্মীরা কীভাবে লিঙ্গ (জেন্ডার) সমতা সম্বন্ধে নতুন আইন প্রয়োগ করবে এবং অপরাধী-কেন্দ্রিক তদন্তকে উৎসাহিত করবে সে বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করবে;;

**"একজন নারী যখন পুলিশের কাছে যায়, তারা প্রথমে তাকে তার আইডি কার্ড দেখাতে বলে এবং প্রশ্ন করে: কিভাবে, কেন, কি ... একেবারে শুরুতে, তারা এমন আচরণ করে যে তার সাথে যা ঘটেছে তার জন্য সে দায়ী।"**

মহিলা, বয়স 38-55, সংঘাত-আক্রান্ত, শহুরে, রিপাবলিকা শ্রপস্কা, বসনিয়া ও হার্জেগোভিনা
উৎস: নারীদের প্রতি সহিংসতার বিষয়ে ওএসসিই-এর নেতৃত্বাধীন জরিপ: প্রধান প্রতিবেদন (ওএসসিই, ভিয়েনা, ২০১৯)।

- বড় বড় অপরাধ (ভলিউম ক্রাইম) একটি অগ্রাধিকার এই বিষয়টি স্পষ্ট করে বলা থাকলেও কিন্তু কিছু পুলিশ কর্মকর্তা একটি স্পষ্ট কৌশলগত বার্তা দিতে সক্ষম হয়েছিল যে কীভাবে VAWG- কে মোকাবিলা করতে হবে, এবং VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কার্যকর প্রতিক্রিয়ার জন্য প্রয়োজনীয় ন্যূনতম মানদণ্ড সম্পর্কে;

- যেভাবে সম্মুখ সারির (ফ্রন্টলাইন) কর্মকর্তাদের ব্রিফ (নির্দেশনা) করা হয়েছিল এবং কাজগুলি বরাদ্দ করা হয়েছিল তা প্রমাণ করে না যে VAWG তাদের অগ্রাধিকারের বিষয় ছিল;

- বিভক্ত এবং দুর্বল ধারণার উপর প্রতিষ্ঠিত সাংগঠনিক কাঠামো, ইউনিট এবং বিভাগগুলি ফ্রন্টলাইন কর্মীদের সীমিত জ্ঞানের মধ্যেই রেখেছে বিধায় তারা জানে না কে বা কারা কার্যকরী VAWG তদন্ত, ফৌজদারি মামলা, এবং সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের নিরাপত্তার জন্য দায়বদ্ধ।

- এমনকি যেখানে সংস্থার শীর্ষে শক্তিশালী বার্তা এবং অগ্রাধিকার জারি করা হয়, দক্ষতা পরিচালনার অন্তর্নিহিত সংস্কৃতি এমন

***নেতৃত্ব সক্রিয় ভূমিকা পালনের এবং সম্পদের অভাব মেটাতে অংশীদারিত্ব গড়ে তোলার দিকে মনোনিবেশ করে।***

একটা অবস্থা তৈরি করেছে যেখানে সমস্ত স্তরের কর্মকর্তারা পারিবারিক নির্যাতন, যেমন আন্তব্যক্তিক সহিংসতা এর উপর মনোযোগ না দিয়ে অপরাধের পরিমাণের দিকে মনোনিবেশ করেন।

- VAWG- কে অন্যান্য সম্ভাব্য অপরাধমূলক কর্মকাণ্ডের সাথে যুক্ত করার এবং সহংসতার শিকার নারীকে নিরাপদ রাখার পরিবর্তে একক অপরাধ এবং অপরাধীকে পরিচালনার উপর নজর দেওয়া পুলিশ কমান্ডারদের দ্বারা 'টানেল ভিশন' প্রদর্শিত হয়েছিল;

- পুলিশ কীভাবে তাদের রেফারেলগুলি পরিচালনা করে তার উপর তদারকির অভাব পুলিশকে সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের আইনগত প্রতিকারে তাদের প্রবেশাধিকার (অ্যাক্সেস) সহজতর করার পরিবর্তে কেন অসঙ্গতিপূর্ণভাবে সামাজিক পরিষেবাগুলিতে পাঠায় সে সম্পর্কে গভীর ধারণা পেতে বাধা সৃষ্টি করছে;

***একটি সুসংগত এবং নিরপেক্ষ পদ্ধতিতে আইনের ব্যাখ্যা প্রদান করা অপরাধ প্রতিরোধের সবচেয়ে কার্যকর কৌশল যা পুলিশ দিতে পারে।***

এইচএমআইসি ২০১৪ রিপোর্টের মূল বার্তাগুলির মধ্যে পুলিশ পরিচালকদের জন্য যে বার্তাটি প্রদান হয়েছে তা হল অন্যান্য অপরাধের মতো এখানেও এটা নিশ্চিত করা যে, অভিযুক্ত অপরাধীর কার্যক্রমের উপর মনোযোগ দিতে হবে, সহিংসতার শিকার নারীর ( চরিত্র, আচরণ বা বিশ্বাসযোগ্যতার উপর নয়।[১০]

প্রতিবেদনে আরো উল্লেখ করা হয়েছে যে তদন্তের গুরুত্ব ঐতিহাসিকভাবে সহংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির আচরণের উপর দৃষ্টি নিবদ্ধ করলেও, ভিএডব্লিউজি (VAWG) সাথে জড়িত অপরাধের বাস্তবতা হল কথিত অপরাধী বেশীরভাগ ক্ষেত্রেই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির পরিচিত হয় এবং এর ফলে পুলিশ সহজেই তাদের সনাক্ত করতে পারে। এটি, তাত্ত্বিকভাবে, পুলিশকে অভিযুক্ত অপরাধীর কার্যক্রমের উপর ভিত্তি

৯ বিশেষ করে নারীদের সম্পর্কে অবমাননাকর মন্তব্যগুলি আরো বেশি প্রচলিত হয় যখন লিঙ্গ সমতা সমর্থনকারী জাতীয় আইনগুলি ব্যাপক ভাবে জনসাধারণের বিতর্কের অংশ হয়ে ওঠে। এই সময়ের মধ্যেই পুলিশ ম্যানেজারদের এখতিয়ারের মধ্যে এই ধরনের মন্তব্যের প্রতি সংবেদনশীল এবং আরও সক্রিয় হওয়া উচিত এই জন্য করে যে কীভাবে নতুন আইন প্রয়োগ করা হবে এবং নারী ও মেয়েদের (বালিকাদের) সুরক্ষা দেওয়া হবে।

১০ See note 8

করে তদন্তের সুযোগ করে দিবে যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির মতো তদন্তকারী পুলিশের কাছে অপরাধী সমানভাবে দৃশ্যমান/প্রবেশযোগ্য হবে।

বেশিরভাগ ক্ষেত্রে, বিস্তৃত সম্পদ বরাদ্দ ব্যতীত, উপরে উল্লিখিত পুলিশ সংগঠনগুলির অভ্যন্তরীণ চ্যালেঞ্জসমূহ সংগঠনের মধ্যের মধ্যম স্তরের পরিচালকদের ইতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার সময় এই ধরনের অভ্যন্তরীণ চ্যালেঞ্জের ফলে সৃষ্ট সাধারণ প্রভাবগুলি প্রশমন করার উপায় মাঝারি ব্যবস্থাপনাসহ পুলিশ নেতৃত্বের বড় অংশ চিহ্নিত করতে পারে। প্রশমন সংক্রান্ত সিদ্ধান্তের উদাহরণ নিম্নরূপ, তবে শুধুমাত্র এইগুলোর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- সহিংসতার প্রকৃতি, এর কারণ এবং পরিণতি এবং এটি কীভাবে নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে সে সম্পর্কে স্পষ্ট ধারণার  উপর নির্ভর ভিত্তি করে যৌথ কার্যক্রমের ভিত্তি;

- যখন VAWG ঘটেছে বলে অভিযোগ করা হয় তখন তদন্তে সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য জবাবদিহিতা নিশ্চিত করতে সক্রিয় হওয়া;

- সংশ্লিষ্ট পুলিশ কর্মকর্তাদর নিরপেক্ষ এবং যত্নশীল সাড়া দেবার বিষয়টি শক্তিশালী হয় ক্রমাগত শেখার এবং প্রভাবিত গোষ্ঠীর সাথে পরামর্শের মাধ্যমে।

২০১৪ সালের এইচএমআইসি রিপোর্টে বলা হয়েছে, এই প্রাতিষ্ঠানিক ব্যর্থতা বা অভ্যন্তরীণ চ্যালেঞ্জগুলি মোকাবেলা না করার চূড়ান্ত পরিণতিতে নাগরিক বা মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ উঠবে, পুলিশ সংস্থার প্রতি মানুষের আস্থার সঙ্কট সৃষ্টি করবে এবং বিশেষ করে নারী এবং মেয়েদের পুলিশের উপর বিশ্বাসযোগ্যতা কমে যাবে।

আপনার পুলিশ প্রতিষ্ঠানের প্রতি আস্থা এবং বিশ্বাসযোগ্যতার অভাব আপনার দলের তথ্য সংগ্রহ করার ক্ষমতাকে প্রভাবিত করবে যা প্রকৃতপক্ষে বুদ্ধিমত্তা দ্বারা পরিচালিত হয়।

**আপনার অংশীদারিত্বের দুর্বলতার কারণে সম্প্রদায়ভিত্তিক অপরাধ সমাধানের বিষয়গুলো দুর্বল হয়ে পড়বে বিশেষত সেই সমস্ত সংগঠনের সাথে জড়িত ব্যক্তিদের ক্ষেত্রে যারা মনে করে যে পুলিশ বেশি বেশি করছে এবং তারা কম সুরক্ষিত।**

> **"পুলিশ অফিসারদের সকল বিষয়ের বিশেষজ্ঞ জ্ঞান নেই; তাদের জানতে হবে ভুক্তভুগি/ ভিকটিমকে কোথায় রেফার করতে/পাঠাতে হবে। উদাহরণস্বরূপ বলা যায়, বিশেষজ্ঞ পারিবারিক নির্যাতন সহায়তা পরিষেবাগুলি প্রায়ই বিভিন্ন সম্প্রদায়ভুক্ত গোষ্ঠী যেমন বিএমএ, পুরুষ এবং এলজিবিটি দ্বারা পরিচালিত হয়।"**
>
> প্রত্যেকের ব্যবসা: পারিবারিক নির্যাতনের প্রতি পুলিশের প্রতিক্রিয়া উন্নত করা (এইচএমআই সি, ২০১৪)।

***কমিউনিটি ভিত্তিক সমাধানের উদাহরণ এই হ্যান্ডবুকের পরবর্তী অধ্যায়গুলোতে দেখা যাবে, বিশেষ করে তৃতীয় অধ্যায়: 'প্রতিরোধ', পঞ্চম অধ্যায়-৫: 'তদন্ত', অষ্টম অধ্যায়: "বিচারের সাথে সংশ্লিষ্ট এজেন্সির মধ্যে সমন্বয়' এবং দ্বাদশ অধ্যায়: বিচারের ধারাবাহিকতা ('জাস্টিস কন্টিনিয়াম')।***

সংক্ষেপে বলা যায় যে, VAWG অপরাধের প্রতিক্রিয়া জানানোর সময় পুলিশ সংস্থাগুলির অভ্যন্তরীণ চ্যালেঞ্জগুলি কার্যকর পুলিশ নেতৃত্ব দ্বারা উল্লেখযোগ্যভাবে প্রশমিত করা যেতে পারে যা VAWG- এর মূল কারণগুলি বুঝতে  এবং 'সমস্যকে আপন' করে এবং তদন্ত প্রক্রিয়ায় সহিংসতার শিকার নারিদের প্রকৃত অংশগ্রহণ নিশ্চিত করে সেই শিক্ষণ থেকে অভিজ্ঞতা নিয়ে তা সমাধান করার ক্ষেত্রে সয়াহতা করতে পারে।

ভিএডব্লিউজি মামলায় কার্যকর পুলিশ নেতৃত্ব এটাও নিশ্চিত করে যে অভিযুক্ত অপরাধীর বিরুদ্ধে যতটা সম্ভব প্রমাণ সংগ্রহ করে তদন্তে অপরাধীর জবাবদিহিতার[১১] দিকে মনোনিবেশ করা এবং, একই সাথে  সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কল্যাণ নিশ্চিত করা হচ্ছে অদন্তের মূল বিষয়। **এই ধরনের** কার্যকর **পুলিশ নেতৃত্ব** অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করার সময় **আন্তর্জাতিকভাবে স্বীকৃত** সহিংসতার শিকার নারীর  **সুরক্ষা নিশ্চিত এবং ক্ষমতা-য়নের** নীতি মেনে চলবে।[১২]

এর মূল কারণ হচ্ছে পুলিশ নেতৃত্বের একটি দলগত সংস্কৃতি এবং/অথবা নীতিশাস্ত্র প্রতিষ্ঠা এবং প্রচার করা যার ফলে তারা নিজেদের দক্ষতা এবং পেশাদারিত্বের জন্য গর্ববোধ করবে যা তাৎক্ষণিকভাবে নেতিবাচক মনোভাব এবং অচেতন পক্ষপাতকে মোকাবেলা করার সময়  লিঙ্গ-সংবেদনশীল পুলিশ পরিষেবাকে আলাদা ভাবে চিহ্নিত করতে সাহায্য করবে।

---

১১ ইএসপি অপরাধীদের জবাবদিহিতা বলতে অপরাধীদের তাদের কর্মের জন্য যথাযথ শাস্তি প্রদানের মাধ্যমে জবাবদিহি করা  এবং  সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের যে ক্ষতি বা অপচয় হয়েছে  তার ন্যায়সঙ্গত এবং কার্যকর প্রতিকার প্রদান করে।

১২ অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতা দূরীকরণে মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা হালনাগাদ করা হয়েছে (জাতিসংঘ সাধারণ পরিষদের রেজোলিউশন ৬৫/২২৮ (২০১০), সংযোজনী, অনুচ্ছেদ ১৩(ক))।

## লিঙ্গ পক্ষপাত: এটি কীভাবে পুলিশের প্রচেষ্টা ফিরিয়ে আনতে পারে?

লিঙ্গ পক্ষপাতকে এক লিঙ্গ বনাম অন্য (গুলি) প্রতি ঝোঁক, বা প্রতি পক্ষপাতিত্ব হিসাবে সংজ্ঞায়িত করা যেতে পারে[১৩]

লিঙ্গের পক্ষপাত, অন্তর্নিহিত (অজ্ঞান) বা স্পষ্ট (সচেতন) যেটায় হোক না কেন -লিঙ্গ- ভিত্তিক বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপস) এবং মনোভাব দ্বারা পরিবর্তিত এবং অবহিত হয় যা পুরুষদের বনাম নারীদের বিভিন্ন বৈশিষ্ট্য, ভূমিকা এবং আচরণ নির্দেশ করে-এবং এর মধ্যে রয়েছে যৌন ভূমিকা এবং দেশ।[১৪]

> ***লিঙ্গ সেই ভূমিকা, আচরণ, ক্রিয়াকলাপ এবং বৈশিষ্ট্যগুলিকে নির্দেশ করে যা একটি নির্দিষ্ট সময়ে একটি প্রদত্ত সমাজকে পুরুষ এবং নারীদের জন্য উপযুক্ত মনে করে।***

যৌন নিপীড়ন এবং আন্ত-ব্যক্তিক সহিংসতার কাজগুলিতে বিশেষত পুলিশের লিঙ্গ পক্ষপাতের প্রবণতা রয়েছে। এটি প্রাথমিক যোগাযোগের সময় পদ্ধতি অনুসারে মামলা নথিভুক্ত করার ক্ষেত্রে ব্যর্থতা থেকে শুরু করে লজ্জা দেওয়া এবং দোষারোপ করা, এমনকি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে মিথ্যা প্রতিবেদ-নের মাধ্যমে অভিযুক্ত পর্যন্ত করা হতে পারে।[১৫] ক্ষতিকারক লিঙ্গ এবং অক্ষমতা সংক্রান্ত বাঁধাধরা নিয়মগুলোর ফলে প্রতিবন্ধী নারী ও মেয়েদেরবিশ্বাসযোগ্যতা প্রশ্নবিদ্ধ হওয়ার সম্ভাবনা বেশী ।[১৬]

মার্কিন বিচার বিভাগের মতে, স্পষ্ট এবং অন্তর্নিহিত লিঙ্গ পক্ষপাত আমাদের সংস্কৃতিতে অন্তর্নিহিত। যখন পুলিশিংয়ের কথা আসে, মার্কিন বিচার বিভাগ লিঙ্গ পক্ষপাতকে বৈষম্যের একটি রূপ হিসাবে বর্ণনা করেছে যার ফলে পুলিশ লিঙ্গের ভিত্তিতে কিছু সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কম সুরক্ষা প্রদান করতে পারে, এমন অপরাধের জবাব দিতে ব্যর্থ হতে পারে যা কোন বিশেষ লিঙ্গের মানুষকে অপ্রাসঙ্গিকভাবে ক্ষতিগ্রস্ত করে অথবা লিঙ্গের বাধাধরা নিয়মের কারণে কম বা কম শক্তিশালী পরিষেবা প্রদান করা হয়।[১৭]

লিঙ্গ পক্ষপাত জাতিসত্তা, অক্ষমতা, যৌনতা, বয়স এবং ধর্মের ভিত্তিতে গঠিত অন্যান্য কুসংস্কারের সাথে একত্রিত বা বিচ্ছিন্ন হতে পারে। বাস্তবে, এর মাধমে অনুমান করা যায় যে নারীদের কোন গোষ্ঠী যৌনতার জন্য উপলব্ধ এবং তাই 'তাদের প্রলুব্ধ করা', বা পুরুষদের হিংস্রতা বা সহিংসতার শিকার হওয়ার সম্ভাবনা অনেক বেশি।

অনেক পুলিশ কর্মকর্তা ন্যায়বিচারে সমান, নিরপেক্ষ এবং ন্যায্য প্রবেশাধিকারের (অ্যাক্সেসের) সমর্থনে মনোভাব এবং মূল্যবোধ ধারণ করলেও অন্তর্নিহিত লিঙ্গ এবং অন্যান্য পক্ষপাত ন্যায়বিচা-রের সমান প্রবেশাধিকার (অ্যাক্সেস) নিশ্চিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ বাধা হতে পারে। বিশেষজ্ঞরা বিশ্বাস করেন যে এর কারণ হল অন্তর্নিহিত পক্ষপাত অচেতনার পর্যায়ে কাজ করে, যার অর্থ অসচেতনভাবে সেকেন্ডের মধ্যেই আমাদের রায় নেওয়া হয়ে যেতে পারে এবং এমনকি, এবং প্রায়ই সচেতনভাবে ধারণ করা বিশ্বাস এবং মূল্যবোধের বিরোধিতা করতে পারে।[১৮]

উদাহরণস্বরূপ, হোল এবং স্ট্যানকোর **(Hohl and Stanko)** (২০১৫)[১৯] যুক্তরাজ্যে ধর্ষণের ক্ষেত্রে নিপীড়নের নিদর্শন বিশ্লেষণ করে উল্লেখ করেন যে, "সন্দেহভাজনের জাতিসত্তাও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। সহিংসতার শিকার নারীদের জাতিসত্তা নির্বিশেষে অ-শ্বেতা-ঙ্গ সন্দেহভাজনদের মধ্যে ৭০% এর কম অপরাধ সংগঠনের[২০] প্রবণতা রয়েছে। *বিশ্লেষণে সন্দেহভাজন এবং সহিংসতার শিকার জাতিগোষ্ঠীর মধ্যে একটি মিথস্ক্রিয়া প্রভাব অন্তর্ভুক্ত করে দেখানো হয়েছে যে অ-শ্বেতাঙ্গ সন্দেহভাজনের তুলনায়, একজন শ্বেতাঙ্গ সন্দেহভাজনের শ্বেতাঙ্গ সহিংসতার শিকার নারীর ক্ষেত্রে অপরাধ না করার দ্বিগুণ সম্ভাবনা রয়েছে এবং সহিংসতার শিকার নারী যদি অ-শ্বেতাঙ্গ হয় তাহলে তার হার ১১ গুণ বেশি। এই অনুসন্ধান থেকে বোঝা যায় যে শ্বেতাঙ্গ সন্দেহভাজনরা অ-শ্বেতাঙ্গ*

---

১৩ Huhtanen, H., Lonsway, KA, Archambault, J. (2017), 'Sexual Assault Response and Investigation এ Gender Bias, Training Bulletin Series: Part 1' End Violence Against Women International

১৪ Ibid

১৫ উপলভ্য তথ্য প্রকৃত মিথ্যা প্রতিবেদনের তুলনায় যৌন নিপীড়নের রিপোর্টকে ভুলভাবে মিথ্যা হিসাবে শ্রেণীবদ্ধ করার অনেক বেশি ঝুঁকি নির্দেশ করে। দেখুন- Jordan, J. (2004), 'Beyond belief: Police, rape and women's credibility', Criminal Justice 4(1), 29-59 in Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J. (2017), 'Gender Bias in Sexual Assault Response and Investigation, Training Bulletin Series: Part 3', End Violence Against Women International.

১৬ Submission by Women Enabled International to the Special Rapporteur on the Rights of Persons with Disabilities: Good Practices for Increasing Effective Access to Justice for Women and Girls with Disabilities (August 9, 2019).

১৭ Identifying and Preventing Gender Bias in Law Enforcement Response to Sexual Assault and Domestic Violence (US Department of Justice, 2015)

১৮ Ibid

১৯ Hohl, K. and Stanko, E. (2015), 'Complaints of rape and the criminal justice system: Fresh evidence on the attrition problem in England and Wales', *European Journal of Criminology*, 12(3), pp. 324-341. doi: 10.1177/1477370815571949.

২০ In the UK, "no-criming" occurs when a recorded crime has subsequently been found not to be a crime and is, in effect, cancelled, supposedly with verifiable information that a crime was not committed. See: Laura Bates (2014), 'How the police are letting sexual assault victims down') at https://www.theguardian.com/lifeandstyle/womens-blog/2014/nov/21/police-letting-rape-victims-down-too

**" পুলিশিং অনুশীলনে লিঙ্গের পক্ষপাত দূর করা যৌন নিপীড়ন এবং পারিবারিক সহিংসতা মোকাবেলার একটি অবিচ্ছেদ্য উপাদান এবং ব্যক্তিগত ভাবে সহিংসতার শিকার ব্যক্তিদের নিরাপত্তার উপর বাস্তবে এবং অবিলম্বে প্রভাব ফেলতে পারে।"**

মার্কিন বিচার বিভাগ (২০১৫)

*সন্দেহভাজনদের তুলনায় উল্লেখযোগ্যভাবে তদন্ত এড়ানোর সম্ভাবনা বেশি, বিশেষ করে যদি তাদের শিকার শ্বেতাঙ্গ না হয়।"*

হোল এবং স্ট্যানকোর (**Hohl and Stanko**)[২১] গবেষণা ইঙ্গিত দিয়েছেন যে (যুক্তরাজ্যের ক্ষেত্রে) অভিশাপের হারের উল্লেখ-যোগ্য কারণগুলির মধ্যে রয়েছে সন্দেহভাজনদের জাতিসত্তা, এবং সেইসাথে অভিযোগের সত্যতার বিরুদ্ধে পুলিশ কর্মকর্তা এবং প্রসিকিউটররা প্রমাণ হিসাবে কী বিবেচনা করেছে তার উপর।

***নেতারা তাদের অধীনস্থ দলের সদস্যদের উপর তাদের নিজস্ব পক্ষপাত চাপিয়ে না দেওয়ার ব্যাপারে সাবধান থাকেন।***

লিঙ্গ এবং অন্যান্য পক্ষপাত কাটিয়ে ওঠা নেতৃত্বের অবস্থানে থেকে আপনার পক্ষে সহজ হবে না। এর জন্য একসাথে কাজ করা অনেক উপাদানের সংমিশ্রণ প্রয়োজন যেমন অভ্যন্তরীণ নীতি ও পদ্ধতি বাস্তবায়নের পর্যালোচনা এবং পুনর্বিবেচনা, এবং পুলিশ প্রশিক্ষণ এবং সচেতনতা বৃদ্ধি যার ফলে পুলিশ তাদের আচরণ এবং তাদের এই আচরন অন্যদের দৈনন্দিন জীবনে উপর এর সম্ভাব্য প্রভাব সম্পর্কে সচেতন থাকবে।[২২] মার্কিন বিচার বিভাগ পুলিশে লিঙ্গ পক্ষপাত প্রশমনের জন্য নিচে কিছু দরকারী টিপস প্রদান করেছে (বক্স ১ দেখুন):

বক্স-১

**দৈনন্দিন পুলিশিং সংক্রান্ত কার্যক্রমে লিঙ্গ পক্ষপাত প্রশমিত করার টিপস**

**পুলিশ ম্যানেজাররা:**

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সম্পর্কে পক্ষপাত, অনুমান এবং বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপ) সনাক্ত করুন এবং সমাধান করুন;
- বিচারের ভিত্তিতে সহিংসতার শিকার নারীর অভিযোগের বিশ্বাসযোগ্যতা সম্পর্কে অনুমান বা বাধাধরা নিয়মগুলির (স্টেরিওটাইপগুলির) উপর নির্ভর করে না যে 'ধরণের' যৌন নির্যাতনের শিকার হতে পারে, অথবা যৌন নির্যাত-নের শিকার এবং পারিবারিক সহিংসতার শিকারদের কীভাবে 'প্রতিক্রিয়া বা আচরণ করা উচিত' এই বিষয়টি নিশ্চিত করুন।;
- দলের সাথে যোগাযোগ করুন এবং বুঝতে চেষ্টা করুন লিঙ্গের পক্ষপাত কীভাবে তদন্তের মান এবং পুলিশের সাধারণ ধারণাকে প্রভাবিত করে পুলিশের কাজের জন্য প্রতিকুল সেই সম্পর্কে সচেতন থাকুন;;
- এটা নিশ্চিত করুন যে প্রান্তিক গোষ্ঠী বা সম্প্রদায়ের নারীদের এবং মেয়েদের ক্ষেত্রে লিঙ্গ পক্ষপাত কিভাবে VAWG- এর ক্ষেত্রে আন্ডার (কম) রিপোর্টিং প্রভাব ফেলতে পারে সেই বিষয়ে দলের সদস্যদের ধারণা রয়েছে।

সূত্র: আইন বিভাগ যৌন নির্যাতন এবং পারিবারিক সহিংসতা (মার্কিন বিচার বিভাগ, জনবিষয়ক কার্যালয়, ২০১৫) এ আইন প্রয়োগের প্রতিক্রিয়াতে লিঙ্গ পক্ষপাত সনা-ক্তকরণ এবং প্রতিরোধে নির্দেশিকা জারি করে: https://www.justice.gov/opa/pr/justice-department-issues-guidance-identifying-and-preventing-gender-bias-law-enforcement

***পুলিশের সংস্কৃতিতে লিঙ্গের বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাই-পগুলির) উপর আলোচনার জন্য দশম অধ্যায়: পুলিশিংয়ে লিঙ্গ পক্ষপাতের প্রভাব নিয়ন্ত্রণের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক নীতিগুলির সুপারিশের জন্য প্রতিষ্ঠান তৈরি 'ইনস্টিটিউশন বিল্ডিং', এবং একাদশ অধ্যায়: 'জেন্ডার-রেসপন্সিভ পুলিশিং বাস্তবায়নের জন্য চ্যালেঞ্জ এবং কৌশল' দেখুন।***

ইউকে কলেজ অফ পুলিশিং বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপিং), ব্যক্তিগত পক্ষপাত এবং বৈষম্য এড়িয়ে এবং অন্যান্য প্রতিক্রিয়া সম্পর্কে সচেতন থেকে পুলিশে আচরণগত গুণাবলির- যেমন সংবেদনশীলতা এবং উপলব্ধি- উপর গুরুত্ব প্রদান করেছে।[২৩]

২১ Hohl, K. and Stanko, E. (2015), 'Complaints of rape and the criminal justice system: Fresh evidence on the attrition problem in England and Wales', *European Journal of Criminology*, 12(3), pp. 324-341. doi: 10.1177/1477370815571949.

২২ For more detailed guidance on gender and internal police oversight, see Tool 2: Policing and Gender in 'Gender and Security Toolkit' (Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women, 2019), and 'Integrating gender into internal police oversight' (OSCE/ODIHR, 2014).

২৩ See 'Investigation: Working with victims and witnesses', College of Policing, at: https://www.app.college.police.uk/app-content/investigations/victims-and-witnesses/

পুলিশ নেতৃত্বের অন্যান্য সুনির্দিষ্ট পদক্ষেপগুলি নিম্নলিখিতভাবে অন্তর্ভুক্ত হতে পারে::

➔ নিশ্চিত করুন যে অপরাধের সংজ্ঞাগুলির ভুল ব্যাখ্যা বা মিথ বা স্টেরিওটাইপসকে সমর্থন করে না/ আরও নিশ্চিত করা হয়েছে যে কোনও অনিচ্ছুক নারীর সাথে, তার অবস্থা নির্বিশেষে, সমস্ত যৌন কার্যকলাপ, সে প্রতিরোধের চেষ্টা না করলেও তা, যৌন সহিংসতা হিসাবে বিবেচিত হয় এবং যে করে সে অপরাধী;[২৪]

➔ সহিংসতা এবং হয়রানি থেকে তাদের দলের নারীদের সুরক্ষার ব্যবস্থাগুলি তৈরি ও বাস্তবায়ন;;

➔ অগ্রহণযোগ্য আচরণ এবং কর্মের জন্য ‹জিরো টলারেন্স› পদ্ধতি অবলম্বন করুন;

➔ নতুন আইন প্রণয়নের সময় সুনির্দিষ্ট প্রশিক্ষণসহ নিয়মিত এবং প্রাতিষ্ঠানিক লিঙ্গ-সংবেদনশীল প্রশিক্ষণ এবং সক্ষমতা বৃদ্ধির অধিকারী কর্মকর্তাদের পদোন্নতি ও স্বীকৃতি দিন।[২৫]

বস্তুনিষ্ঠতা এবং পেশাদারিত্বকে প্রতিফলিত করে এমন আচরণগত বৈশিষ্ট্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আত্মবিশ্বাস বাড়িয়ে তুলতে সাহায্য করবে এবং নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার ঘটনার তদন্ত ও বিচারের ক্ষেত্রে প্রতিবেদন বৃদ্ধি এবং অংশগ্রহণকে সহজতর করতে পারে।

মেক্সিকোতে পুলিশের জন্য ২০১৭ এর প্রশিক্ষণ ম্যানুয়ালে, ইউএ-নওডিসি মার্কিন বিচার বিভাগ[২৬] দ্বারা অনুপ্রাণিত একটি সাধারণ কুসংস্কারের তালিকা প্রদান করা হয়েছে যা VAWG সহ লিঙ্গ ভিত্তিক সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সাক্ষাৎকার নেওয়ার সময় একজন পুলিশ অফিসার দ্বারা প্রদর্শিত হতে পারে।[২৭]

২৪ See 'Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women' (New York, UN Office on Drugs and Crime, 2014)

২৫ এটা নিশ্চিত করা জরুরী যে এই ধরনের প্রশিক্ষণ নারী এবং মেয়েদের প্রতি সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সহায়তা করার জন্য কাজ করে এমন বেসরকারি সংস্থা এবং পরিষেবা প্রদানকারীদের সাথে পরামর্শের মাধ্যমে প্রদান করা হয়। পুলিশিং এবং ন্যায়বিচারের অপরিহার্য সেবার ক্ষেত্রে লিঙ্গের পক্ষপাত মোকাবেলার বিষয়ে আরও সুনির্দিষ্ট পদক্ষেপের জন্য, 'ধর্ষণের বিচার - থাইল্যান্ড এবং ভিয়েতনামে যৌন সহিংসতার অপরাধমূলক বিচার ব্যবস্থার প্রতিক্রিয়া বোঝা' দেখুন (ইউএন উইমেন, ইউএনডিপি এবং ইউএনওডিসি, ২০১৭)।

২৬ অনেক ক্ষেত্রে, অন্তর্নিহিত এবং সুস্পষ্ট লিঙ্গ পক্ষপাত তদন্তকারীদের সর্বো-ত্তম অনুশীলন অনুসরণ করতে বা এমনকি তদন্ত শুরু করতে বাধা দিতে পারে (মার্কিন বিচার বিভাগ, ২০১৫)।

২৭ দেখুন 'দুর্বল গোষ্ঠীর নিরাপত্তার জন্য পুলিশ কর্মকর্তাদের শক্তিশালীকরণ কর্মসূচি প্রশিক্ষণ ম্যানুয়াল' (ইউএনওডিসি মেক্সিকো সরকারের সাথে অংশীদারিত্ব, ২০১৭)। এছাড়াও দেখুন 'নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিং-সতার বিরুদ্ধে কার্যকর প্রসিকিউশন রেসপন্সের হ্যান্ডবুক' (UNODC, UN Women, ২০১৪ এর সাথে অংশীদারিত্ব)।

নিম্নোক্ত (বক্স-২) উভয় উৎস থেকে নেওয়া হয়েছে, এবং পুলিশিংয়ে সবচেয়ে সাধারণ কুসংস্কারের তালিকা করা হয়েছে, যার ফলে VAWG- এর প্রতি পুলিশি প্রতিক্রিয়া দেখা দিয়েছে:

**বক্স-২**

**ভিএডব্লিউজি* -এর পুলিশের প্রতিক্রিয়াগুলিতে চিহ্নিত করা সবচেয়ে সাধারণ কুসংস্কারসমূহ**

- সহিংসতার শিকার নারীর বিলম্বিত রিপোর্টিং;
- সহিংসতার শিকার নারীর অনুরূপ প্রতিবেদন তৈরির ইতিহাস;
- নির্যাতনের সময় সহিংসতার শিকার নারী কি পরিধান করে ছিল এবং সে কিভাবে সাধারণভাবে পোশাক পরে;
- অভিযোগ দায়েরের ক্ষেত্রে সহিংসতার শিকার নারীর প্র-তিরোধ;
- সহিংসতার শিকার নারীর যৌন ইতিহাস;
- সহিংসতার শিকার নারীর মানসিক অবস্থা (উদাহরণস্বরূপ, যদি সে শান্ত বা দৃশ্যমানভাবে বিচলিত বলে মনে হয়);
- সহিংসতার শিকার নারীর প্রতিরোধের অনীহা/অভাব;
- সহিংসতার শিকার নারীর ফৌজদারি রেকর্ড, অথবা পতি-তাবৃত্তিতে তার সম্পৃক্ততা;
- এই ধরণের বিশ্বাস যে সহিংসতার শিকার নারীর মানসিক রোগ আছে;
- এই ধরণের বিশ্বাস যে সহিংসতার শিকার নারীর এই ধরনের সহিংসতার শিকার অ্যালকোহল বা মাদকের প্রভাবে হতে পারে;
- সহিংসতার শিকার নারীর উচ্চতা আক্রমণকারীর উচ্চতার সাথে তুলনীয়;
- সহিংসতার শিকার নারীর শারীরিক ক্ষতির কোন সুস্পষ্ট লক্ষণের অভাব;
- সহিংসতার শিকার নারীর সমকামী ব্যক্তির দ্বারা আক্রান্ত হয়েছে কিনা;
- সহিংসতার শিকার নারীর যৌন পরিচিতি বা লিঙ্গ পরিচয়।

*সূত্র: 'দুর্বল গোষ্ঠীর নিরাপত্তার জন্য পুলিশ কর্মকর্তাদের শক্তিশালীকরণ কর্মসূচির প্রশিক্ষণ ম্যানুয়াল' (ইউএনওডিসি, মেক্সিকো সরকারের সাথে অংশীদারিত্ব, 2017); এছাড়াও যৌন নিপীড়ন এবং পারিবারিক সহিংসতার প্রতি আইন প্রয়োগের প্রতি-ক্রিয়াতে লিঙ্গ পক্ষপাত সনাক্তকরণ এবং প্রতিরোধ (মার্কিন বিচার বিভাগ, 2015)

উপরন্তু, পুলিশ ম্যানেজারদের এটাও বিবেচনা করা উচিত যে সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সামাজিক অবস্থা/ পটভূমি কতটা সাধারণভাবে পক্ষপাতকে প্রভাবিত করে, বিশেষ করে যদি সে দুর্বল শ্রেণী/পটভূমি থেকে আসে। তার সাথে খারাপ

আচরণ করা হতে পারে, বিশেষত যদি আক্রমণকারী ‹সমাজের উচ্চ স্তর› থেকে আসে, তার 'সামাজিক মর্যাদা' থাকে, অথবা এমনকি একজন পুলিশ কর্মকর্তা বা নিরাপত্তা বাহিনীর সদস্যও হয়।

পুলিশ কর্তৃক এই ধরনের কুসংস্কার তাদের ব্যাখ্যাকে প্রভাবিত করতে পারে যে, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীর সঠিক চেহারা কেমন হওয়া উচিত এবং তার কেমন আচরণ করা উচিত। উদাহরণস্বরূপ বলা যায় যে, একটি পৌরাণিক কাহিনী রয়েছে যেখানে সুস্পষ্টভাবে উল্লেখ করা হয়েছে যে একজন 'পবিত্র' এবং 'সম্মানিত' নারী যদি যৌন সহিংসতার সম্মুখীন হন তাহলে তাঁর বিচারের দ্রুত তদন্তের নিশ্চয়তা দেওয়া উচিত। একইভাবে, আরেকটি পৌরাণিক কাহিনী আছে যে, একজন নারী সহিংসতার সম্মুখীন হওয়ার পরে বিলম্বিত রিপোর্টিং এক রকম তার পক্ষে অবিশ্বাস্য বা মিথ্যা প্রতিবেদনের সমতুল্য।

**বক্স 3**

**UNPOL জেন্ডার টুলকিট (২০১৫) থেকে ধারণা সম্পর্কে শ্রুতি**

| **শ্রুতি** | **সত্য** |
|---|---|
| যৌনতা ধর্ষণের প্রাথমিক প্রেরণা | ক্ষমতা, রাগ, আধিপত্য এবং নিয়ন্ত্রণ ধর্ষণের প্রধান কারণ, যৌনতা নয়। |
| শুধুমাত্র নির্দিষ্ট ধরনের নারী ধর্ষিত হয় | যে কোন নারী ধর্ষণের শিকার হতে পারে। যাইহোক, অনেকে বিশ্বাস করেন যে উচ্চ নৈতিক চরিত্রের ('ভালো মেয়েরা') নারীরা ধর্ষিত হয় না এবং নিম্ন নৈতিক চরিত্রের ('খারাপ মেয়ে') মহিলারা ধর্ষিত হয়। |
| নারীরা মিথ্যাভাবে ধর্ষণের খবর দেয় | রিপোর্ট করা ধর্ষণের খুব সামান্য শতাংশই মিথ্যা প্রতিবেদন বলে মনে করা হয়। |
| একজন অপরিচিত ব্যক্তি দ্বারা ধর্ষণ সংঘটিত হয় | ধর্ষনের অধিকাংশই পরিচিত অপরাধী/আততায়ীর দ্বারা সংঘটিত হয়। |
| ধর্ষণের সাথে প্রচুর শারীরিক সহিংসতা এবং অস্ত্রের ব্যবহার জড়িত | বেশিরভাগ ধর্ষণের সাথে অনেক বেশি শারীরিক শক্তি জড়িত নয়। বেশিরভাগ সহিংসতার শিকার নারীরিপোর্ট করেছেন যে তারা গুরুতর আহত হওয়ার বা নিহত হওয়ার ভয় পেয়েছিল এবং তাই আক্রমণের সামনে সামান্য প্রতিরোধের চেষ্টা করে। এটিও ব্যাখ্যা করতে পারে যে কেন ভুক্তভোগীদের দমন করার জন্য সামান্য শক্তি বা অস্ত্রের প্রয়োজন হয়। |
| ধর্ষণ আঘাতের সুস্পষ্ট লক্ষণ রেখে যায় | যেহেতু বেশিরভাগ ধর্ষণের মধ্যে উল্লেখযোগ্য পরিমাণ শক্তি জড়িত নয়, সেখানে কোনও শারীরিক আঘাত নাও হতে পারে। একজন ব্যক্তির শারীরিক আঘাত না থাকার অর্থ এই নয় যে তাকে ধর্ষণ করা হয়নি। ধর্ষণের শিকারদের প্রায় এক তৃতীয়াংশ দৃশ্যমান শারীরিক আঘাত সহ্য করে। |
| যখন নারীরা যৌনতাকে 'না' বলে, তারা আসলে 'হ্যাঁ' বলেন | **যে কোন মূল্যেই না**; এক্ষেত্রে নারীর ইচ্ছাকে সর্বদা সম্মান করা উচিত। |
| যৌনকর্মী ধর্ষিত হতে পারে না | পুরুষ বা নারী, নির্বিশেষে যে কেউ বাণিজ্যিক যৌন কর্মে জড়িত থাকলেও তাকে ধর্ষণ করা যাবে না। গবেষণায় দেখা গেছে যে পুরুষ এবং মহিলা যৌনকর্মীদের একটি উল্লেখযোগ্য অংশ তাদের ক্লায়েন্ট, পুলিশ বা তাদের অংশীদারদের দ্বারা ধর্ষণের শিকার হয়েছে। |
| একজন পুরুষ তার স্ত্রীকে ধর্ষণ করতে পারে না | যে কোনো জোরপূর্বক যৌনতা বা জোরপূর্বক যৌন কার্যকলাপ ধর্ষণের পর্যায়ে পড়ে। দুর্ভাগ্যবশত, অনেক আইনের এখতিয়ারে এই ধরণের ধর্ষণের ছাড় রয়েছে। যদিও বিবাহিত মহিলারা তাদের স্বামীদের দ্বারা ধর্ষণের শিকার হয়, আইন এটিকে এরূপ স্বীকৃতি দেয় না। |
| ধর্ষণের খবর অবিলম্বে পুলিশকে জানানো হয় | বেশিরভাগ ধর্ষণের ঘটনা পুলিশকে জানানো হয় না। যেগুলি রিপোর্ট করা হয়েছে, তার মধ্যে বেশিরভাগই ঘটনায় ২৪ ঘন্টারও বেশি সময় পরে করা হয়েছে। সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিরা রিপোর্ট দায়ের করতে পারে না অথবা রিপোর্ট করতে দেরি করে কারণ তারা মনে করে যে কিছুই করা হবে না, অপরাধী তাদের বা তাদের পরিবারের বিরুদ্ধে হুমকি দিতে পারে, তারা পরিবার বা সম্প্রদায়ের প্রতিক্রিয়া দেখে ভয় পায়, অথবা তারা লজ্জিত হয়। কিছু সহিংসতার শিকার নারী কেবল মনে করেন যে এটি একটি ব্যক্তিগত বিষয় বা ঘটনাটি কোথায় জানাবেন তা জানেন না। |



ফোর্স ইন্টারন্যাশনালের সৌজন্যে (কসোভো)

তাছাড়া, একটি বেসরকারি সংস্থার গবেষণা বিষয় উল্লেখ করে ইউএনএইচসিএইচআর তাদের একটি গবেষণায় উল্লেখ করা হয়েছে যে, বেশ কিছু প্রতিবন্ধকতার কারণে প্রতিবন্ধী নারী এবং মেয়েদের সাথে জড়িত VAWG- এর ঘটনার প্রায়ই তদন্ত করা হয় না। এর মধ্যে রয়েছে ফৌজদারি অভিযোগ দায়ের করতে ব্যর্থ হওয়া, প্রতিবন্ধী নারী ও মেয়েদের সম্পর্কে বাধাধরা ধারণা (স্টে-রিওটাইপিক্যাল) এবং 'যোগ্য সাক্ষী' জোগাড় করতে ব্যর্থতাসহ কাঠামোগত প্রতিবন্ধকতা।[২৮]

"স্ট্যান্ডার্ডাইজড **বেস্ট প্রাক্টিসেস জেন্ডার মেইনস্ট্রিমিং ইন পিসকিপিং কম্পেন্ডিয়াম অফ প্রজেক্ট টুলস**" শীর্ষক UNPOL জেন্ডার টুলকিট (২০১৫) এ কিভাবে কিছু পৌরাণিক কাহিনী পুলিশ কর্মকর্তাদের মনোভাবকে প্রভাবিত করতে পারে এবং যৌন সহিংসতার তদন্তে বাধা সৃষ্টি করতে পারে সে বিষয়ে খুব প্রয়োজনীয় অন্তর্দৃষ্টিমূলক ধারণা প্রদান করেছে, বিশেষ করে যখন কর্মকর্তারা স্পষ্টভাবে বুঝতে পারে না যে যৌন সহিংসতা – উন্মুক্ত (পাবলিক) বা ব্যক্তিগত (প্রাইভেট) - একটি অপরাধ এবং তাদের দায়িত্ব আছে পুঙ্খানুপুঙ্খভাবে তদন্ত করা, রেকর্ড করা এবং মামলা দায়ের করা, পাশাপাশি অভিযুক্ত অপরাধীকে গ্রেপ্তার করা।[২৯] UNPOL জেন্ডার টুলকিট থেকে ধর্ষণ সংক্রান্ত কিছু মিথের (শ্রুতির) উদাহরণ নিচে উল্লেখ করা হল:

২৮ See note 2

২৯ UN Police Gender Toolkit '*Standardized Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Compendium of Project Tools*' (United Nations Department of Peace Operations, 2015) at http://repository.un.org/handle/11176/387374 p. 197. See also the WHO Guidelines for Medico-Legal Care for Victims of Sexual Violence (2003).

## লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য অগ্রাধিকার নির্ণয় এবং লক্ষ্য নির্ধারণ

বাস্তবসম্মত অগ্রাধিকার প্রতিষ্ঠা এবং সংশ্লিষ্ট লক্ষ্য নির্ধারণ আপনার দলকে অনুপ্রাণিত করার সবচেয়ে কার্যকর উপায়। যাইহোক, টিম লিডার হিসেবে আপনি যে ধরনের লক্ষ্য নির্ধারণ করেছেন তার ধরন এবং গুণমান দ্বারা আপনার দলের সাফল্য প্রভাবিত হবে।

আপনার লক্ষ্যগুলির ধরন এবং গুণগতমান আপনার প্রতিষ্ঠানের কৌশলগত অগ্রাধিকার দ্বারা পরিণতি পাবে এবং আপনার স্থানীয় সম্প্রদায়ের নিরাপত্তা চাহিদা পূরণের জন্য সমন্বয় করা হবে। স্থানীয় সম্প্রদায়ের ক্রমবর্ধমান এবং বিভিন্ন নিরাপত্তার চাহিদা সম্পর্কে অবহিত হওয়া আপনার কার্যক্রমের সাফল্যের মূল বিষয় হবে। আপনার দলের সদস্যদের নেতিবাচক বা পক্ষপাতদুষ্ট মনোভাব যা কিছু নির্দিষ্ট সদস্য বা সম্প্রদায়ের মধ্যে একটি গোষ্ঠীর প্রতি বৈষম্য সৃষ্টি করে বা এর ফলে আপনার কর্মক্ষম কার্যকারিতা ক্ষুণ্ন করে।

এর বিপরীতে, ইতিবাচক মনোভাব এবং পুলিশের আচরণ যা VAWG এর সহিংসতার শিকার নারীদের সাথে কাজ করার এবং তাদের সমর্থন করার ইচ্ছা প্রদর্শন করলে সম্প্রদায়ের মধ্যে পুলিশের প্রচেষ্টাকে বৈধতা দিতে সাহায্য করবে। সম্প্রদায়ের ভিন্নধর্মী নিরাপত্তার চাহিদাগুলি বোঝা এবং প্রদর্শন করা একটি কার্যকর পুলিশিং পরিষেবা প্রদানে সক্ষম করবে, কারণ পুলিশ স্থানীয় অপরাধ প্রবণতা সম্পর্কে আরও অবগত হবে, কিভাবে VAWGসহ অন্যান্য পাচার যেমন মানব পাচার এবং আধুনিক দাসত্বের সাথে ওভারল্যাপ করতে পারে।

***লিঙ্গ সম্পর্কের প্রকৃতি বোঝা জেন্ডার সমতা এবং নারীর ক্ষমতায়ন এবং ইতিবাচক পুলিশিং ফলাফল অর্জনের জন্য কেন্দ্রীয়। ক্ষমতার ভাগভাগি, সম্পদের সমান প্রবেশাধিকার (অ্যাক্সেস) এবং সিদ্ধান্ত গ্রহণে সকলের অংশগ্রহণ নিশ্চিত করার জন্য অসম লিঙ্গ সম্পর্ককে রূপান্তর করুন।***

ভিএডব্লিউজি -তে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য ইতিবাচক মনোভাব এবং পুলিশের আচরণ আপনার প্রতিষ্ঠানের দ্বারা প্রচারিত এবং প্রাতিষ্ঠানিকভাবে পরিচালিত মূল যোগ্যতা এবং দক্ষতা সেটে প্রতিফলিত হওয়া উচিত কারণ তারা জাতীয় অগ্রাধিকারকে প্রতিফলিত করবে ।

যাইহোক, অগ্রাধিকার ভিত্তিতে নির্ধারিত সমস্যাগুলি বোঝার জন্য কিছু সময় প্রয়োজন এবং কেন সমস্যাগুলি সমাধান করা উচিত। ভিএডব্লিউজির ক্ষেত্রে, এটি মৌলিক যে, ঊর্ধ্বতন পুলিশ নেতৃত্ব ভিএডব্লিউজির প্রকৃতি, এর কারণ এবং পরিণতি এবং এটি কীভাবে নারী ও মেয়েদের বিভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে সে সম্পর্কে একটি সচেতন ও সাধারণ বোঝাপড়া প্রতিষ্ঠা করে। এটি আপনাকে, মধ্যম ব্যবস্থাপক হিসাবে, আপনার প্রতিষ্ঠানের রূপান্তরে সক্রিয় পরিবর্তন এজেন্ট হিসাবে প্রাতিষ্ঠানিক বৈধতা প্রদান করবে এবং এই প্রক্রিয়ায় আপনার কর্মীদের দ্বারা প্রদর্শিত যেকোন ক্ষতিকারক পক্ষপাতকে প্রশমিত করবে।

অগ্রাধিকারগুলিরও একটি সুস্পষ্ট কৌশলগত দৃষ্টিভঙ্গির প্রয়োজন যা র্যাঙ্ক নির্বিশেষে পুরো পুলিশ সংস্থাকে  কোন দিকে প্রচেষ্টা বিনিয়োগ করতে হবে সে সম্পর্কে জানতে সহয়তা করে।

***লিঙ্গ-সংবেদনশীল পুলিশ রূপান্তর সম্পর্কে আরও তথ্যের দশম অধ্যায়: ‹ইনস্টিটিউশন বিল্ডিং› এবং একাদশ অধ্যায়: ‹লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশল› দেখুন।***

VAWG- এর প্রতিক্রিয়ায় একটি পুলিশ সংস্থার কৌশলগত দৃষ্টি-ভঙ্গির একটি কাল্পনিক উদাহরণ হতে পারে:

**কার্যকর এবং পর্যাপ্ত পুলিশ পরিষেবার ফলে VAWG- এর রিপোর্টিং এবং প্রতিরোধ বৃদ্ধি করা হয়েছে যা  সহিংসতার**



ছবি সৌজন্যে UNMIT/মার্টিন পেরেট (টিমর-লেস্টে)

চিত্র-৩:

**ভিএডব্লিউজি-তে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য লক্ষ্য নির্ধারণের টেমপ্লেটের একটি উদাহরণ**




**শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদাগুলিকে অগ্রাধিকার দেয় এবং তাদের সুস্বাস্থ্য নিশ্চিত করে এমন প্রয়োজনীয় পরিষেবা-গুলির সাথে সংযুক্ত করে।**

**এই কাল্পনিক দৃষ্টিভঙ্গির উপর ভিত্তি করে, অগ্রাধিকার, লক্ষ্য এবং কৌশলগুলি প্রতিষ্ঠিত হতে পারে। নীচে চিত্র-৩ এ ভিএ-ডব্লিউজি-তে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য লক্ষ্য নির্ধারণের টেমপ্লেটের একটি সরলীকৃত উদাহরণ উপস্থাপন করা হল যা ইএসপির নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি প্রতিফলিত করে।**

এখানে প্রস্তাবিত লক্ষ্যগুলি অর্জনের জন্য মধ্যম পরিচালকদের কাছ থেকে কৌশলগত পদক্ষেপের কিছু উদাহরণ দেওয়া হল:

১. VAWG প্রতিরোধ ও তদন্তের জন্য আরও অবগত প্রতিক্রিয়া জানার জন্য বাহ্যিক স্টেকহোল্ডারদের-যেমন নারী বা সুশীল সমাজের সংগঠন, একাডেমিয়া, সংখ্যালঘু এবং দুর্বল গোষ্ঠী এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অনুঘটকদের সাথে কাজের সম্পর্ক স্থাপন করুন;

২. VAWG- এর তদন্তে প্রয়োগ করা মূল দক্ষতা এবং নমনীয় দক্ষতার সেটগুলির মান নিয়ন্ত্রণের নিশ্চয়তা , যাতে তা সহিংসতার শিকার/বেঁচে থাকার কেন্দ্রিক এবং অধিকার ভিত্তিক হয়;

৩. উদাহরণ দিয়ে প্রচার করুন এবং VAWG প্রতিরোধ ও তদন্তের উপর প্রশিক্ষণ ও শিক্ষা জোরদার করুন, যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে জড়িত কর্মকর্তারা অধিকারভিত্তিক, লিঙ্গ-সংবেদনশীল, ট্রমা অবহিত এবং বৈষ-ম্যহীনভাবে কাজ করে ।



ছবি সৌজন্যে ক্যারোলিন কোভাকস অ্যান্ডারসন (মার্কিন যুক্তরাষ্ট্র)

# অর্থপূর্ণ অংশগ্রহণ লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের মূল বিষয়

**পূর্বে আলোচনা করা হয়েছে,** VAWG- **এর প্রতি কার্যকর ও লিঙ্গ-সংবেদনশীল সাড়া দেওয়ার জন্য পুলিশের নেতৃত্বের কাছ থেকে কৌশলগত প্রতিশ্রুতি প্রয়োজন যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা যায়।**

**অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য প্রয়োজন ব্যক্তি এবং সম্প্রদায়গুলি জন্য গৃহীত পরিকল্পনা, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণসহ সকল সিদ্ধান্তে সরাসরি অংশগ্রহণের সুযোগ।** এটি বিভিন্ন ধরণের হতে পারে, যার মধ্যে রয়েছে **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের ভারসাম্যপূর্ণ, বস্তুনিষ্ঠ তথ্য প্রদান করা যাতে তারা তাদের জীবনকে প্রভাবিত করে এমন গুরুত্বপূর্ণ সিদ্ধান্তের উপর নিয়ন্ত্রণ বজায় রাখতে পারে। বিকল্প সমাধানের চিহ্নিতকরণসহ সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিষয়ে মতামত পেতে তাদের সাথে পরামর্শ করাও এতে অন্তর্ভুক্ত হতে পারে।

'অর্থপূর্ণ' ধারণাটি দাবি করে যে নারী এবং মেয়েরা কেবল উপস্থিতই থাকবে না, বরং তাদের উদ্বেগগুলি শোনা হবে এবং বিবেচনায় নেওয়া হবে। তাদের জ্ঞানের অবদান রাখার সুযোগ পাওয়া উচিত এবং তাদের যা প্রয়োজন তা স্পষ্ট করার জন্য লিঙ্গের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণ পুলিশ কৌশল তৈরি করা যাতে সেই ফলাফলগুলি সমগ্র সমাজকেও উপকৃত করে।

উদাহরণস্বরূপ বলা যায় যে, বিশ্বব্যাপী পুলিশ বাহিনীতে নারীদের প্রতিনিধিত্ব কম। কাঠামোগত এবং প্রাতিষ্ঠানিক বাধা, এবং চারপাশে নেতিবাচক বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপিং) নারীদের কাজের পরিবেশকে উল্লেখযোগ্যভাবে প্রভাবিত করে এবং এই কারণগুলি প্রতিবন্ধী নারীদের এবং/অথবা সংখ্যালঘু জাতিগত গোষ্ঠী বা সম্প্রদায়ের নারীদের ক্ষেত্রে আরও ব্যাপক আকার ধারণ করে।

পুলিশ সংগঠনের বৈধতা বৃদ্ধি পায় যখন যে দল এবং সম্প্রদায়কে সেবা দেওয়া হয় সেই দলের সদস্যরা নিজেদেরকে প্রক্রিয়ার অংশ মনে করে এবং একই সাথে প্রতিনিধিত্ব করতে পারে।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে অন্তর্নিহিতভাবে অন্তর্ভুক্তিমূলক এবং প্রতিনিধিত্বমূলক হতে হবে কারণ নাগরিক সমাজের প্রতিনিধিদের সাথে তথ্য আদান-প্রদানের মাধ্যমে প্রক্রিয়ার বিকাশ প্রয়োজন, কারন একটি বিষয় স্বীকৃতি দেয় যে নাগরিক সমাজের সংগঠনগুলিতে প্রতিবন্ধী ব্যক্তিরা অন্তর্ভুক্ত নয়।

পুলিশ কৌশল এবং কার্যক্রমে **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের এবং তাদের সম্প্রদায়ের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য, হ্যান্ডবুকে পুলিশের জন্য নয়টি সাধারণ বৈশিষ্ট্যসহ ব্যবস্থাপনা প্রস্তাব করা হয়েছে যার মাধ্যমে সমস্ত অপরিহার্য পরিষেবাগুলি স্বতস্ফূর্তভাবে প্রদান করা উচিত। ইএসপিতে অন্তর্ভুক্ত এই সাধারণ বৈশিষ্ট্যগুলি, VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অর্থপূর্ণভাবে ন্যায়বিচার প্রক্রিয়ায় অংশগ্রহণ নিশ্চিত করার মাধ্যমে সমস্ত প্রয়োজনীয় পরিষেবা প্রচেষ্টাগুলিকে ইতিবাচক ভাবে প্রভাবিত করবে। VAWG- এ সাড়া দেওয়ার সময় কার্যকর পুলিশ প্রতিরোধ ও তদন্ত কার্যক্রম নিশ্চিত করা কঠিন কাজ।

ESPতে বর্ণিত সাধারণ বৈশিষ্ট্যগুলি নিম্নরূপ:

১. **উপলভ্যতা:** বাসস্থান, জাতীয়তা, জাতি, বর্ণ, শ্রেণী, অভিবাসী বা শরণার্থীর অবস্থা, আদিবাসী অবস্থা, বয়স, ধর্ম, ভাষা এবং সাক্ষরতার স্তর, যৌন পরিচয় নির্বিশেষে সকল প্রয়োজনীয় সেবা সকলের জন্য পর্যাপ্ত পরিমাণে এবং মানসম্পন্ন হতে হবে।

২. **প্রবেশাধিকার:** সকল প্রয়োজনীয় সেবায় অবশ্যই বৈষম্য ছাড়াই সকলের প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্য) থাকতে হবে। তাদের অবশ্যই শারীরিকভাবে অ্যাক্সেসযোগ্য হতে হবে (পরিষেবাগুলি সমস্ত নারী এবং মেয়েদের জন্য নিরাপদ জায়গার মধ্যে, অর্থনৈতিকভাবে অ্যাক্সেসযোগ্য (সামর্থ্য) এবং ভাষাগতভাবে অ্যাক্সেসযোগ্য (তথ্য বিভিন্ন ফর্ম্যাটে সরবরাহ করা হয়)[৩০]

৩. **অভিযোজনযোগ্যতা:** সমস্ত অপরিহার্য পরিষেবাগুলিতে অবশ্যই নারী এবং সম্প্রদায়ের বিভিন্ন গোষ্ঠীর উপর সহিংসতার বৈষম্যমূলক প্রভাবগুলি স্বীকার করতে হবে। মানবাধিকার (এবং সাংস্কৃতিকভাবে সচেতন নীতি) সংহত করে এমনভাবে সহিংসতার শিকার এবং বেঁচে থাকা মানুষের প্রয়োজনের প্রতি সাড়া দিতে হবে।

৩০ সকল অত্যাবশ্যক সেবা সকলের জন্য অ্যাক্সেসযোগ্য হওয়া উচিত, যার মধ্যে রয়েছে প্রতিবন্ধী নারী ও মেয়ে। প্রতিটি ধরনের প্রতিবন্ধকতা (অন্ধ, শ্রবণ, গতিশীলতা, মানসিক স্বাস্থ্য, মনোসামাজিক, ইত্যাদি) এবং বিভিন্ন ধরনের প্রতিবন্ধী মহিলাদের এবং মেয়েদের চাহিদা মেটাতে প্রশিক্ষিত কর্মকর্তা থাকা উচিত। দেখুন 'প্রতিবন্ধী নারী ও যুবক: লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং যৌন ও প্রজনন স্বাস্থ্য ও অধিকার মোকাবেলার অধিকার-ভিত্তিক এবং লিঙ্গ-সংবেদনশীল সেবা প্রদানের নির্দেশিকা' (UNFPA-WIE, 2018)

চিত্র-৪:

**একটি মানসম্মত পুলিশ প্রতিক্রিয়ার সাধারণ বৈশিষ্ট্য যা VAWG- এর ক্ষেত্রে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অর্থপূর্ণ অংশগ্রহণকে সমর্থন করে**




৪. **উপযুক্ততা:**সমস্ত প্রয়োজনীয় পরিষেবা অবশ্যই **সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির** মর্যাদার প্রতি শ্রদ্ধাশীল হবে; গোপনীয়তার রক্ষা করবে; তাদের চাহিদা ও দৃষ্টিভঙ্গির প্রতি সংবেদনশীল হবে এবং সহিংসতার শিকার কমিয়ে আনতে হবে।

৫. **নিরাপত্তাকে প্রাধান্য/ অগ্রাধিকার দিন: সহিংসতার শিকার/ বেঁচে থাকা** ব্যক্তির আশু এবং চলমান নিরাপত্তার ঝুঁকির সম্মুখীন হয়। এই ঝুঁকি ব্যক্তিগত পরিস্থিতিতে ব্যক্তিভেদে সুনির্দিষ্ট হবে। ঝুঁকি মূল্যায়ন এবং ব্যবস্থাপনা ঝুঁকির মাত্রা কমাতে পারে। সর্বোত্তম অনুশীলনের ঝুঁকি মূল্যায়ন এবং ব্যব-স্থাপনায় সামাজিক, স্বাস্থ্য, পুলিশ এবং ন্যায়বিচার খাতের মধ্যে সামঞ্জস্যপূর্ণ এবং সমন্বিত পদ্ধতি অন্তর্ভুক্ত রয়েছে।

৬. **অবহিত সম্মতি এবং গোপনীয়তা: সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের জানা দরকার যে তাদের কথা শোনা হচ্ছে এবং তাদের চাহিদাগুলি বোঝা এবং সমাধান করা হচ্ছে। তথ্য, এবং যেভাবে তা জানানো হয় **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের প্রয়োজনীয় সেবা পেতে উৎসাহিত করতে পারে। **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের সাথে যোগাযোগ অবশ্যই তাদের মর্যাদা বৃদ্ধি করবে এবং তাদের প্রতি শ্রদ্ধাশীল হবে।

৭. **পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের দ্বারা কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** সমস্ত প্রয়োজনীয় পরিষেবাগুলি এমনভাবে বিতরণ করা উচিত যা **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তির গোপনীয়তা রক্ষা করে, সুরক্ষার নিশ্চয়তা দেয় এবং যতদূর সম্ভব, তাদের অবহিত সম্মতিতে তথ্য প্রকাশ করে। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি সম্পর্কে তথ্য অত্যন্ত সংবেদনশীল হতে পারে। এই তথ্যটি অনুপযুক্তভাবে শেয়ার করা নারী ও মেয়েদের এবং তাদের সহায়তা প্রদানকারী ব্যক্তিদের জন্য মারাত্মক এবং সম্ভাব্য জীবন হুমকির কারণ হতে পারে।

**বক্স-৪**

**অ্যাক্সেসযোগ্যতায় আরও অন্তর্ভুক্ত রয়েছে:**

**শারীরিক অ্যাক্সেসযোগ্যতা:** পরিষেবাগুলির অবস্থান, প্রবেশদ্বার এবং পার্কিং এলাকাটি চলাফেরার ক্ষেত্রে প্রতিবন্ধী নারীদের এবং মেয়েদের জন্য অ্যাক্সেসযোগ্য হতে হবে। চলাচলের যন্ত্র এবং/অথবা সংবেদনশীল প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সুবিধার মধ্যে চলাচল অবশ্যই সম্ভব;

**তথ্য ও যোগাযোগের সহজলভ্যতা:** সকল ধরনের প্রতিবন্ধী নারী ও মেয়েদের তথ্যে অবাধ প্রবেশাধিকার থাকতে হবে। বিভিন্ন মাধ্যম অবশ্যই উপলব্ধ থাকতে হবে, যেমন ব্যাখ্যা সংক্রান্ত, সাধারণ ভাষা ব্যবহার, অডিও, বড় মুদ্রণ, ব্রেইল, পড়তে সহজ এবং চিত্রিত ভাষা ইত্যাদি। পরিবারের সদস্য বা পরিচর্যাকারীদের দোভাষী হিসাবে ব্যবহার করা থেকে সাবধান থাকুন, যতক্ষণ না ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি স্পষ্ট ও অবহিত সম্মতি না দেয়, কারণ পরিবারের সদস্য বা পরিচর্যাকারীরাও সহিংসতার অপরাধী হতে পারে।

৮. **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** সেবার ক্রমাগত উন্নতি সাধনে নারী ও মেয়েদের প্রদত্ত পরিষেবা সম্বন্ধে ধারাবাহিক এবং নির্ভুল তথ্য সংগ্রহ গুরুত্বপূর্ণ।[৩১] সমস্ত প্রয়োজনীয় পরিষেবার অবশ্যই সঠিক রেকর্ডিংয়ের জন্য পরিষ্কার এবং নথিভুক্ত প্রক্রিয়া থাকতে হবে এবং সেইসাথে **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের ও তাদের দেওয়া পরিষেবাগুলি সম্পর্কে তথ্য সংরক্ষণের গোপনীয় ও নিরাপদ সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

৯. **সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন:** সমন্বয়ের মাধ্যমে (যেমন রেফারেল) অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন নারী ও মেয়েদের সময়োপযোগী এবং উপযুক্ত সেবা পেতে সহায়তা করবে। রেফারেল প্রক্রিয়ায় অবহিত সম্মতির জন্য মান অন্তর্ভুক্ত করা আবশ্যক। **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের জন্য বিভিন্ন অপরিহার্য পরিষেবার সুচারুভাবে চলাচল নিশ্চিত করার জন্য, প্রতিটি পরিষেবার সুস্পষ্ট দায়িত্বসহ রেফারেল প্রক্রিয়া সম্পর্কে প্রোটোকল এবং চুক্তিগুলি থাকা দরকার।

৩১ Humanity & Inclusion recommend that all essential services collect disaggregated data by disability. See further: www.hi-us.org/

## VAWG- এর প্রতি সাড়া দেওয়া শুরু হয় কমিউনিটি অন্তর্ভুক্ত করা এবং স্থানীয় প্রেক্ষাপট সম্পর্কে অবহিত হওয়ার মাধ্যমে

জাতীয় নিরাপত্তা নীতি যেমন আপনার কৌশলগত অগ্রাধিকার নির্ধারণ করে, তেমনি পুলিশ অপারেশনাল ম্যানেজারদের কেন্দ্রীয় উদ্দেশ্যগুলিও প্রদান করতে হবে যা স্থানীয় অংশীদারদের সাথে সমন্বয় করে কার্যে পরিণত করতে হবে।[৩২]

তত্বগতভাবে, সেখানে পরামর্শের ব্যবস্থা থাকা উচিত যা স্টেকহোল্ডারদের অর্থপূর্ণ অংশগ্রহণকে নিশ্চিত করে এবং নিরাপত্তার অগ্রাধিকার সম্পর্কে পুলিশের সাথে পরামর্শ করে। এই প্রক্রিয়াগুলি বিভিন্ন ধরণের হতে পারে- যেমন তারা পৌরসভা পাবলিক ফোরাম বা কমিউনিটি পুলিশিং কমিটি হতে পারে যেখানে - আদর্শভাবে - কমিউনিটি পুলিশকে তাদের বৈচিত্র্যময় নিরাপত্তার প্রয়োজনীয়তা সম্পর্কে জানানো হয় এবং যেখানে পুলিশ বুঝতে চায় নিরাপত্তার চাহিদা কীভাবে নারী, পুরুষ, মেয়ে এবং ছেলেদের আলাদাভাবে প্রতিনিধিত্ব করে।

যখন এই ধরনের প্রক্রিয়াগুলি বিদ্যমান থাকে, তখন তাদের এবং অংশগ্রহণকারী কমিটিগুলিতে বিভিন্ন অবস্থানের ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয় ফলে স্ব-নিযুক্ত পুরুষ 'কমিউনিটি লিডার' নিযুক্ত হওয়া বাধাপ্রাপ্ত হয়। VAWG- এ কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য পরামর্শ ব্যবস্থা কীভাবে তথ্য এবং অংশীদারিত্বের একটি মূল্যবান উৎস হতে পারে সে বিষয়ে পুলিশ নেতৃত্বকে সচেতন থাকতে হবে যখন এই ধরনের প্রক্রিয়াগুলি বিদ্যমান থাকে, তখন তাদের এবং অংশগ্রহণকারী কমিটিগুলিতে বিভিন্ন অবস্থানের ব্যক্তিদের অন্তর্ভুক্ত করা হয় ফলে স্ব-নিযুক্ত পুরুষ 'কমিউনিটি লিডার' নিযুক্ত হওয়া বাধাপ্রাপ্ত হয়।

স্থানীয় পরামর্শ ব্যবস্থার অনুপস্থিতিতে, পুলিশ নেতৃত্বের উচিত তাদের পক্ষে প্রচার করা, অথবা তাদের প্রতিষ্ঠানের প্রচারের জন্য স্টেকহোল্ডারদের সাথে যোগাযোগ করা। তারা যেসব সম্প্রদায়ের সেবা করে তাদের সঙ্গে সহযোগিতা সম্পর্ক স্থাপনের পয়েন্টগুলি সক্রিয়ভাবে চিহ্নিত করতে পুলিশের একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে, যা সাধারণভাবে অপরাধ ও সহিংসতা রোধে সহায়তা করবে। প্রতিবন্ধী ব্যক্তি, লেসবিয়ান, সমকামী, উভকামী, হিজড়া এবং ইন্টারসেক্স (এলজিবিটিআই) ব্যক্তি, বয়স্ক, যুবক এবং প্রত্যন্ত অঞ্চলে বসবাসকারী ব্যক্তি যারা ঝুঁকির মধ্যে রয়েছে এমন

৩২ ভিএডব্লিউজি -র সম্বন্ধে একটি কৌশল অর্জনের লক্ষ্যগুলি সরবরাহ করা প্রয়োজন যা অন্যান্য কৌশলগত কাঠামোর মধ্যে খাপ খাওয়ানো হয়, যেমন শিশুদের পরিষেবা পরিকল্পনা এবং জাতীয় স্বাস্থ্য কৌশলগুলির সাথে সংযুক্ত করা। এইভাবে, কর্তৃপক্ষ নিশ্চিত করতে পারে যে VAWG- কে সাড়া দেওয়াএকটি অগ্রাধিকার ভিত্তিক 'সম্পূর্ণ- সরকারী ' একটি বিষয়, শুধু অপরাধ এবং জননিরাপত্তার ইস্যু নয়।



ছবি সৌজন্যে: জাতিসংঘের ছবি/এস্কিন্ডার দেবেবে (মধ্য আফ্রিকান প্রজাতন্ত্র)

কমিউনিটি গ্রুপ বা সদস্যদের কথা বলা অধিকার নিশ্চিত করার জন্য পুলিশের সমান দায়িত্ব রয়েছে।

***পরামর্শ ব্যবস্থার উদাহরণের সম্পর্কে আরও জানতে তৃতীয় অধ্যায়ঃ 'প্রতিরোধ' এবং চতুর্থ অধ্যায়: " বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়" দেখুন***

উপরন্তু, এটি অপরিহার্য যে পুলিশ VAWG- এর নির্দিষ্ট ধরণের ক্ষেত্রে অসমতা বুঝতে সক্ষম, যেমন, আপনার সম্প্রদায়ের কোন মেয়ে এবং নারীদের যৌনাঙ্গ বিকৃতি এবং/অথবা জোরপূর্বক বিবাহের ঝুঁকিতে থাকতে পারে।

সহিংসতার ধরন, এর কারণ এবং পরিণতি এবং এটি কিভাবে নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে তা বোঝার জন্য একটি বিস্তৃত পরামর্শ প্রক্রিয়ার অংশ হিসেবে আলোচনা করা উচিত। এই ধরনের প্রক্রিয়ার জন্য প্রয়োজন বিভিন্ন সম্প্রদায়, স্থানীয় নারী সংগঠন, সংখ্যালঘু ব্যক্তি ও গোষ্ঠীর প্রতিনিধিত্বকারী সংগঠন, সেইসাথে **সহিংসতার শিকার/ বেঁচে থাকা** ব্যক্তিদের বিচারিক ব্যবস্থার অভিজ্ঞতা (সম্মতি, গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করা)।

এই তথ্য দিয়ে সমৃদ্ধ, বৈচিত্র্যপূর্ণ প্রতিনিধিত্ব এবং পরামর্শে সমৃদ্ধ পুলিশ নেতৃত্ব সহিংসতার শিকার-কেন্দ্রিক পন্থা তৈরি করতে পারে[৩৩] যাতে, VAWG ঘটে গেলে সহিংসতার শিকার/জীবিতদের চাহিদা আরও ভালভাবে পূরণ করতে।

ক্ষতিগ্রস্ত সম্প্রদায়ের সঙ্গে সক্রিয় সম্পৃক্ততা এবং VAWG- এর ক্ষেত্রে **সহিংসতার শিকার** -কেন্দ্রিক পদ্ধতির প্রয়োগের একটি মানসম্মত অনুশীলন পুলিশকে তাদের বৈধ এবং লিঙ্গ-সংবেদনশীল অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসেবে বিবেচিত হতে সাহায্য করবে।

তাই লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে VAWG রোধে বিভিন্ন সম্প্রদায়ের সাথে পুলিশের চলমান সহযোগিতার সংমিশ্রণ হিসাবে দেখা যেতে পারে, এবং VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের তদন্তে অর্থপূর্ণ অংশগ্রহণের মাধ্যমে অপরাধী ভিত্তিক এবং অধিকার ভিত্তিক হতে হবে।

***নেতৃত্ব মানুষের জন্য, প্রক্রিয়া, নীতি বা কাগজ নয়।***

নিম্নলিখিত পরিস্থিতিতে VAWG- এ সাড়া দেওয়ার সময় পরিচালনার সাফল্য কেমন হতে পারে তার উদাহরণ প্রদান করা হয়েছে।

অপরাধী-কেন্দ্রিক তদন্ত প্রক্রিয়ায় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের **অংশগ্রহণ** এবং পরামর্শ নিশ্চিত করার মাধ্যমে বৈষম্য ছাড়া সম্প্রদায়ের সদস্য এবং স্বাস্থ্য, সামাজিক পরিষেবা এবং ন্যায়বিচার অনুঘটকদের সহযোগিতার সাথে সমন্বয় নিশ্চিত পুলিশ VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদা পূরণ করে

## দৃশ্যপট-১:

১

**অপরাধী-কেন্দ্রিক তদন্ত প্রক্রিয়া সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অংশগ্রহণ এবং পরামর্শ নিশ্চিত করার মাধ্যমে বৈষম্য ছাড়া সম্প্রদায়ের সদস্য এবং স্বাস্থ্য, সামাজিক পরিষেবা এবং ন্যায়বিচার অনুঘটকদের সহযোগিতার সাথে সমন্বয় নিশ্চিত পুলিশ VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদা পূরণ করে**

## দৃশ্যপট-২:

২

**অপরাধী-কেন্দ্রিক তদন্ত অনুশীলন VAWG রোধে পুলিশ এবং সম্প্রদায়ের মধ্যে সক্রিয় সহযোগিতার সাথে আরো সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পুলিশে রিপোর্ট করার এবং শেষ পর্যন্ত বিচার প্রক্রিয়ায় অংশগ্রহণ করার ক্ষমতা দিয়েছে।**

## দৃশ্যপট-৩:

৩

**VAWG এর ঝুঁকি হ্রাস পায় কারণ পুলিশ এবং সম্প্রদায় সক্রিয়ভাবে সহযোগিতা করে একটি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক পদ্ধতি নিশ্চিত করার জন্য যা সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের বিভিন্ন চাহিদা পূরণ করতে সক্ষম হয় এবং অপরাধীদের তাদের সহিংসতার জন্য জবাবদিহিতার মুখোমুখি হতে হয় এবং পরিণতি ভোগ করতে হয়।**

## দৃশ্যপট-৪:

৪

**VAWG- এর অপরাধীদের-যেমন আন্তব্যক্তিক সহিংসতা-পুলিশের মাধ্যমে কার্যকরভাবে নাগরিক সুরক্ষা আদেশ প্রয়োগ করার ফলে যেমন রক্ষা পাবার সম্ভাবনা কম থাকে, ঠিক তেমনি ভাবে একটা স্পষ্ট বার্তা প্রেরণ করে যে আদেশ লঙ্ঘন এবং একই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির বিরুদ্ধে পুনরায় অন্যায় করলে তার ফল ভোগ করতে হয়।**

---

৩৩ ইএসপি কাঠামো অনুসারে, একটি 'ভিক্টিম-সেন্টারড' বা 'সার্ভাইভার-সেন্টারড' পদ্ধতি সেবা প্রদানের কেন্দ্রবিন্দু হিসেবে নারী ও মেয়েদের অধিকার, চাহিদা এবং আকাঙ্ক্ষা-কে স্থান দেয়। এর জন্য **সহিংসতার শিকার/বেঁচে থাকা** ব্যক্তিদের একাধিক চাহিদা, বিভিন্ন ঝুঁকি এবং দুর্বলতা, সিদ্ধান্ত এবং গৃহীত পদক্ষেপের প্রভাব বিবেচনা করা প্রয়োজন এবং এটি নিশ্চিত করা হয় যে পরিষেবাগুলি প্রতিটি পৃথক মহিলা এবং মেয়ের অনন্য প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ। পরিষেবার উচিত তার ইচ্ছার সাড়া দেওয়া, দেখুন: https://www.unwomen.org/en/digital-library/publications/2015/12/essential-services-package-for-women-and-girls-subject-to-violence পৃ। ১৩।

# আপনার কার্যক্রমে আপনাকে সাহায্য করা: VAWG- এ সাড়া দেওয়ার জন্য লিঙ্গ-সংবেদনশীল সূচক

**VAWG এ সাড়া দেওয়ার সময় দলীয় সাফল্য অনেকাংশে নির্ভর করে আপনার দলের সামগ্রিক কার্যক্রম কতটা নিজের মতো করে বাস্তবায়ন করা হচ্ছে সেই ক্ষমতার উপর। এর অর্থ হচ্ছে দলের সকল সদস্যের VAWG তে সাড়া দেবার সময় একে অপরের দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে সুস্পষ্ট ধারণা রয়েছে।**

হ্যান্ডবুক এই বিষয়টি স্বীকৃতি দিয়েছে যে সংস্থাভেদে পুলিশের ভূমিকা এবং দায়িত্বের ভিন্নতা থাকবে। যাইহোক, দলের ভেতরে ভূমিকা নির্বিশেষে, দলের সমস্ত সদস্যদের, নমনীয় দক্ষতা সেট এবং দক্ষতা প্রদর্শন করা উচিত যা VAWG- এর কার্যকর প্রতিক্রিয়া দেখাতে সাহায্য করে। এই দক্ষতা সেট এবং যোগ্যতাগুলি হ্যান্ডবুকের পরবর্তী অধ্যায়গুলিতে আলোচনা করা হবে এবং ইএসপি নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলিকে প্রতিফলিত করবে (চিত্র-২)।

দলের সাফল্যের পরিকল্পনার মধ্যে রয়েছে সামগ্রিক দলের দক্ষতা (পারফরম্যান্স) এবং পরবর্তী দিকনির্দেশনার প্রয়োজনীয়তা জানাতে প্রয়োজনীয় লিঙ্গ-সংবেদনশীল এবং লিঙ্গ-বিচ্ছিন্ন ডেটা স্বীকৃতি, সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার। দলগত তথ্য সংগ্রহে লিঙ্গ-সম্পর্কিত অপরাধের পরিমাণ প্রতিফলিত হওয়া উচিত কারণ এটি নারী, পুরুষ, ছেলে এবং মেয়েদের নিরাপত্তার একটি গুরুত্বপূর্ণ সূচক।[৩৪]

**লিঙ্গ সংবেদনশীলতা**

**"লিঙ্গ সংবেদনশীলতার লক্ষ্য হল সরকারি এবং ব্যক্তিগত জীবনের সবচেয়ে বৈচিত্র্যপূর্ণ ক্ষেত্রে লিঙ্গ-ভিত্তিক বিচ্ছিন্নতা এবং বৈষম্যের সাথে জড়িত সামাজিক ও সাংস্কৃতিক বিষয়গুলি বোঝা এবং তাদের বিবেচনায় নেওয়া।"**

– লিঙ্গ সমতার জন্য ইউরোপীয় ইনস্টিটিউট

লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার ব্যবস্থাগুলি এটা নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ যে VAWG- এ আপনার পুলিশ হস্তক্ষেপ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদার প্রতি সংবেদনশীল। এর ফলে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের পুলিশে রিপোর্ট করার এবং পূর্ণাঙ্গ সমাপ্তি না হওয়া পর্যন্ত বিচারিক প্রতিকার চাইতে হবে।

৩৪ লিঙ্গ-সংবেদনশীল তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার সম্পর্কে আরও তথ্যের জন্য মেগান ব্যাস্টিক, 'পুলিশ, আর্মড ফোর্সেস এবং জাস্টিস সেক্টরের জন্য জেন্ডার সেলফ-অ্যাসেসমেন্ট গাইড' (জেনেভা: DCAF, ২০১১) দেখুন।

**বক্স ৫**

**লিঙ্গ-সংবেদনশীল কর্মক্ষমতা নির্দেশক কি?**

লিঙ্গ-সংবেদনশীল কর্মক্ষমতার সূচক হতে পারে পরিমাপ, সংখ্যা, তথ্য, মতামত বা ধারণা যা ভূমিকা, আচরণ, ক্রিয়াকলাপ এবং বৈশিষ্ট্যের ক্ষেত্রে একটি নির্দিষ্ট অবস্থা বা পরিস্থিতি নির্দেশ করে যা একটি নির্দিষ্ট সময়ে পুরুষ এবং নারীদের জন্য উপযুক্ত বলে মনে হয়। লিঙ্গ-সংবেদনশীল কর্মদক্ষতার সূচকগুলি সময়ের সাথে সাথে অবস্থার পরিবর্তন পরিমাপ করে, যা নারীদেরএবং পুরুষদের মধ্যে সম্পর্কের উপর তথ্য প্রদান করে যা সমাজের দ্বারা তাদের উপর প্রত্যাশাগুলি তুলে ধরে।

তাছাড়া, লিঙ্গ-সংবেদনশীলকর্মক্ষমতা ব্যবস্থা নীতি নির্ধারক এবং সম্প্রদায়কে পুলিশিং কৌশলগুলির কার্যকারিতা সম্পর্কে অবহিত করে ।

একজন পুলিশ ম্যানেজার বা টিম লিডার হিসেবে, ভিএডব্লিউজি-তে সাড়া দেওয়ার সময় অপারেশনাল সাফল্য প্রদান করা অনেকটা নির্ভর করবে আপনার দল তাদের দৈনন্দিন কাজ সম্পন্ন করার সময় লিঙ্গ-সংবেদনশীল তথ্য সনাক্ত করতে[৩৫] এবং সংগ্রহ করতে কতটা সক্ষম তার উপর। লিঙ্গের প্রতি সংবেদনশীল পারফরম্যান্স-সূচকগুলির একটি সুস্পষ্ট সেট থাকা এবং সেই তথ্য সংগ্রহের জন্য প্রস্তুত একটি দল VAWG- এ কার্যকরভাবে এবং পর্যাপ্তভাবে সাড়া দেওয়ার সঠিক পথে আছে কিনা তা জানার প্রথম পদক্ষেপ।

পুলিশি কার্যক্রমের জন্য লিঙ্গ-সংবেদনশীল কর্মক্ষমতা সূচকের কিছু উদাহরণের মধ্যে রয়েছে:

- ➔ বয়স, লিঙ্গ এবং জাতিগত ও অক্ষমতার মতো অন্যান্য আর্থ-সামাজিক চলক[৩৬] দ্বারা বিভক্ত হয়ে পুলিশের কাছে ভিএ-ডব্লিউজি রিপোর্ট করা সহিংসতার শিকার/জীবিতদের হার বৃদ্ধি;
- ➔ % সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি যাদের বিশেষ VAWG পরিষেবা ব্যবহার করতে হয়েছে এবং যারা বয়স,

৩৫ লিঙ্গ বলতে ভূমিকা এবং সম্পর্ক, ব্যক্তিত্বের বৈশিষ্ট্য, দৃষ্টিভঙ্গি, আচরণ এবং মূল্যবোধকে বোঝায় যা সমাজ পুরুষ এবং নারীদের জন্য বর্ণনা করে। 'লিঙ্গ' তাই পুরুষ এবং নারীদের মধ্যে জ্ঞাত পার্থক্য বোঝায়, যখন 'লিঙ্গ' পুরুষ এবং নারীদের মধ্যে জৈবিক পার্থক্য বোঝায়। লিঙ্গের ভূমিকা সংস্কৃতির মধ্যে এবং জুড়ে ব্যাপকভাবে পরিবর্তিত হয় এবং সময়ের সাথে পরিবর্তিত হতে পারে। See: Megan Bastick, Kristin Valasek. (2008), 'Security Sector Reform Assessment, Monitoring and Evaluation and *Gender' in the Gender and SSR Toolkit*, Geneva Centre for Security Sector Governance.

৩৬ লক্ষ্য করুন যে রিপোর্টিং বৃদ্ধি VAWG- এর ঘটনা বৃদ্ধির সমার্থক নয়।

অক্ষমতা, লিঙ্গ এবং অন্যান্য আর্থ-সামাজিক চলক দ্বারা বিভক্ত সকল প্রকার অপব্যবহারের সম্পূর্ণ অবসান প্রতিবেদন করতে পারে;

➔ বয়স, অক্ষমতা এবং অন্যান্য আর্থ-সামাজিক চলক দ্বারা বিভক্ত, VAWG সম্পর্কিত সমস্ত পরিষেবা থেকে প্রাপ্ত সহায়তা এবং সহায়তায় সন্তুষ্টি প্রকাশ করেছেন এমন সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারীর (%) শতকরা হার।

যাইহোক, লিঙ্গ-সম্পর্কিত অপরাধের তথ্য সংগ্রহের জন্য বেসলাইন গবেষণা প্রয়োজন যেমন কোন লিঙ্গ-সংবেদনশীল পারফরম্যান্সের ব্যবস্থাগুলি পুলিশ প্রতিষ্ঠানের উন্নত **পেশাদারিত্ব** এবং আধুনিকী-করণের জন্য কি করা হয়েছে। এই ধরনের তথ্য সংগ্রহের জন্য বেসলাইন সরবরাহ করা সাধারণত একটি প্রাতিষ্ঠানিক প্রক্রিয়া যা কৌশলগত স্তরের লক্ষ্য পূরণ করে। এই ধরনের বেসলাইনের অনুপস্থিতিতে, পুলিশ নেতৃত্ব সংস্থায় পরিবর্তন আনার ভূমিকা গ্রহণ করতে পারে এবং পরিসংখ্যান সংগ্রহ এবং বিশ্লেষণের দায়িত্বপ্রাপ্ত ইউনিটগুলির সহায়তায় তাদের নিজস্ব দলের ক্রিয়াকলাপের জন্য বেসলাইন তৈরি করতে পারে।

***VAWG- এর প্রতিক্রিয়া জানাতে লিঙ্গ-সংবেদনশীল তথ্য সংগ্রহের প্রাতিষ্ঠানিক প্রতিশ্রুতি সম্পর্কে আরও আলোচনার জন্য দশম অধ্যায়: 'ইনস্টিটিউশন বিল্ডিং' পড়ুন।***

**রিপোর্ট করা অপরাধের হারের ব্যাখ্যা করার সময় পুলিশের সতর্কতা অবলম্বন করা উচিত যেমন যৌন সহিংসতার ঘটনা। উদাহরণস্বরূপ, রিপোর্ট করা অপরাধের বৃদ্ধি বা হ্রাস সম্পর্কে জনসাধারণকে অবহিত করার সময়, জনসাধারণকে সচেতন করা উচিত।** রিপোর্ট করা মামলা কমে যাওয়ার অর্থ এই নয় যে সহিংসতার মাত্রা কমেছে। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ রিপোর্ট করা অপরাধের উপর দৃষ্টি নিবদ্ধ করা অপ্রকাশিত অপরাধকে উপেক্ষা করে, যা লিঙ্গভিত্তিক সহিংসতা অপরাধ।

অন্যদিকে, রিপোর্টিংয়ের বৃদ্ধি সহিংসতার মাত্রা বৃদ্ধির পরিবর্তে প্রতিষ্ঠানগুলিতে আরও সচেতনতা এবং আস্থা প্রতিফলিত হতে পারে। দুর্ভাগ্যবশত, এই ধরনের একটি ইতিবাচক প্রবণতা পুলিশকে অভিজ্ঞতাগতভাবে দায়ী করা কঠিন যখন অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলি তাদের যোগ্যতা অনুযায়ী সমানভাবে জড়িত হতে পারে।

তাছাড়া, যুক্তরাষ্ট্রের ন্যাশনাল ইনস্টিটিউট অব জাস্টিস সতর্ক করে দিয়েছে যে, ধর্ষণের মতো গুরুতর অপরাধ রিপোর্টের সংখ্যা হ্রাসের উপর মনোযোগ কেন্দ্রীভূত করা, সেসব অপরাধের জবাব দেওয়ার জন্য নিযুক্ত পদ্ধতি বা কৌশলের ব্যাপারে খুবই সংকীর্ণ অন্তর্দৃষ্টি প্রদান করে, যেমন সম্প্রদায় বা নারীদের সংগঠনের সঙ্গে যোগাযোগ। এটি পুলিশের সংগঠনগুলির জন্য পুলিশের প্রচার এবং

***জেন্ডার বিশ্লেষণ হল একটি গুরুত্বপূর্ণ পরীক্ষা কিভাবে লিঙ্গের ভূমিকা, কার্যক্রম, চাহিদা, সুযোগ এবং অধিকার/ অধিকারগুলি পুরুষ, নারী, মেয়ে এবং ছেলেদের নির্দিষ্ট পরিস্থিতিতে বা প্রেক্ষাপটে প্রভাবিত করে।***

অংশীদারিত্ব স্থাপন কার্যক্রমকে প্রভাবিত করা কঠিন করে তোলে, যা গোয়েন্দা নেতৃত্বাধীন এবং কমিউনিটি পুলিশিংয়ের কেন্দ্রবিন্দুতে থাকে, যদি না গুণগত সূচকগুলি থাকে যা পুলিশ পরিষেবার আস্থা বা উপলব্ধির মাত্রা পরিমাপ করে।

গুরুতর অপরাধ রিপোর্টের সংখ্যা কমানোর দিকে মনোনিবেশ করা রেকর্ডিং এবং রিপোর্টিং সিস্টেমের অখণ্ডতা রক্ষার জন্য সমান চাপ ছাড়াই পুলিশকে সেই সংখ্যাগুলি কমিয়ে দেওয়ার জন্য নিরলস চাপ দিতে পারে।[৩৭] ইউএস ন্যাশনাল ইনস্টিটিউট অফ জাস্টিস বলেছে যে জননিরাপত্তা সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের জন্য চাপ, বিশেষ করে যখন অত্যধিক উচ্চাভিলাষী, অপরাধের পরিসংখ্যানের হেরফের, রিপোর্ট চেপে রাখে এবং অপরাধের ভুল শ্রেণিবিন্যাস - এবং অন্যান্য ধরনের দুর্নীতি করতে আমন্ত্রণ জানায়।[৩৮]

বিশেষজ্ঞরা ইঙ্গিত দিয়েছেন যে, সংগঠনগত দুর্ব্যবহার দেখা দেয় যখন জনপ্রিয় চাহিদা লক্ষ্য অর্জনের উপায়ের সীমাবদ্ধতার চেয়ে লক্ষ্য অর্জনের উপর বেশি জোর দেয়।[৩৯] ফলস্বরূপ, মাধ্যমগুলি নিয়ন্ত্রণ করার নিয়মগুলি কম মনোযোগ পায় এবং আচরণ নিয়ন্ত্রণে তাদের প্রভাব হারায়।

উদাহরণস্বরূপ, সন্ত্রাস-বিরোধী লক্ষ্যমাত্রার উপর জোর দেওয়া নিরাপত্তা নীতিগুলি পুলিশকে সম্প্রদায়ের উপর প্রভাব খাটাতে পুলিশি পদক্ষেপকে উৎসাহিত করতে পারে। এর ফলে এমন একটা পরিস্থিতির সৃষ্টি হতে পারে যেখানে পিছিয়ে পড়া নারী এবং মেয়েদের কমিউনিটি পুলিশিং এর উপর বিশ্বাস অর্জনে প্রতিবন্ধ-কতা সৃষ্টি করতে পারে বিধায় তারা VAWG- এর ক্ষেত্রে আরও বেশি ঝুঁকিপূর্ণ হতে পারে। অন্য একটি উদাহরণে বলা হয়েছে যে অবৈধ অভিবাসীদের সংখ্যা কমাতে চাওয়া নিরাপত্তা নীতিগুলি প্রায়ই অবৈধ অভিবাসীদের তাদের বা অন্যদের বিরুদ্ধে সংঘটিত

৩৭ Malcolm K. Sparrow (2015), 'Measuring Performance in a Modern Police Organization' in 'New Perspectives in Policing'. (National Institute of Justice).

৩৮ Ibid,

৩৯ D, Vaughan, 'Controlling Unlawful Organizational Behavior: Social Structure and Corporate Misconduct', Chicago, Illinois: University of Chicago Press, 1983 and R.K., Merton, 'Social Structure and Anomie,' in Social Theory and Social Structure, enlarged ed., New York: New York: The Free Press, 1968. See also n. 37.

> **“উপ-সম্প্রদায়ের শ্রেণীভুক্ত করা সহজ হতে পারে, যেমন নারীরা দুর্বল। এটির পরিবর্তে একটি ধারণা তৈরি করতে পারে যে নারীদের গোষ্ঠীগুলি পুরুষদের গোষ্ঠীর তুলনায় দুর্বল এবং এর ফলে মহিলাদের উপ-সম্প্রদায়গুলিকে আরও প্রান্তিক করে তুলছে। এমন মনোভাব গ্রহণ করতে হবে যা নারীদের তাদের ক্ষমতাগুলি স্বীকৃতি দেওয়ার ক্ষমতা দেয়। অতএব, ক্ষমতায় থাকা একজন নারী পুলিশ কর্মকর্তা সম্প্রদায়ের নারী ও মেয়েদের কাছে একটি মূল্যবান রোল মডেল।”**
>
> – জাতিসংঘ পুলিশ জেন্ডার টুলকিট (২০১৫)

অপরাধের যেমন আধুনিক দাসত্ব, মানব পাচার, আন্তব্যক্তিক সহিংসতা এবং যৌন সহিংসতার সাথে জড়িত প্রতিবেদন করতে বাধ্য করে।

লিঙ্গ-সম্পর্কিত অপরাধের তথ্য সংগ্রহের ক্ষেত্রে যে লিঙ্গ বিশ্লেষ-ণগুলি অন্তর্নিহিত কারণগুলির (নীচে দেখুন) প্রয়োগ করে, পুলিশ নেতৃত্ব তাদের কর্মের দ্বারা যেসব সম্প্রদায়ের সেবা এবং সুরক্ষা প্রদান করে তাদের উপর যে প্রভাব ফেলছে তা আরও ভালভাবে চিহ্নিত করতে পারে। রিপোর্ট করা অপরাধের হার উপস্থাপন করার সময় এই ধরনের তথ্য জনসাধারণের কাছে পৌঁছানো খুবই গুরুত্বপূর্ণ।

তদুপরি, আপনার দলের পরিকল্পনাকে নিশ্চিত করার ক্ষেত্রে দলের নিজের কর্মের উপর একটি লিঙ্গ-সংবেদনশীল বিশ্লেষণ অন্তর্ভুক্ত করা[৪০] দরকার যা সহকারী পুলিশ অফিসার বা বিচার ব্যবস্থার অন্যান্য ঘনিষ্ঠ অংশীদারদের দ্বারা করা অতীত বৈষম্যকে কমিয়ে আনতে সাহায্য করবে। এটি, পরবর্তীতে আপনার দলের দায়িত্ব পালনের সময় মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি কমাতে সাহায্য করবে।

এই হ্যান্ডবুক পুলিশকে ইএসপি'র গুণগত প্রয়োজনীয় পরিষেবার সাধারণ বৈশিষ্ট্যগুলির উপর ভিত্তি নির্দিষ্ট অপরাধের হারের পরিপূরক হিসেবে বিভিন্ন রেফারেন্স সূচক সরবরাহ করে, যাতে পুলিশের প্রচেষ্টার পুরো চিত্রটি তারা যেসব সম্প্রদায়ের সেবা করে তাদের দ্বারা প্রশংসিত হয়।

ইএসপি -র মডিউল ৩: জাস্টিস অ্যান্ড পুলিশিং অনুসারে, VAWG- এর কোন তথ্য এর উৎস তাদের দলের প্রতিক্রিয়াকে শক্তিশালী করবে তা পুলিশ নেতৃত্বকে শনাক্ত করতে সহায়তা করার জন্য প্রস্তাবিত রেফারেন্স সূচকগুলি হ্যান্ডবুকের ৩ থেকে ৯ অধ্যায়ে উল্লেখ করা হয়েছে। রেফারেন্স সূচকগুলি নির্দেশমূলক নয় বরং প্রমাণ-সাপেক্ষ কর্মের দিকে সক্রিয় নেতৃত্বকে অনুপ্রাণিত করার জন্য।

৪০ লিঙ্গ বিশ্লেষণে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির জনসংখ্যাতাত্ত্বিক প্রোফাইলের সাথে ভিক্টিমাইজেশনের প্রবণতা, পুলিশ স্টাডিজের জনসাধারণের ধারণা এবং সকল স্তরের অপরাধ পরিসংখ্যানের সাথে সাথে তুলনা করা উচিত।

## পার্থক্যমূলক ও আন্তবিভাজনমূলক ফ্যাক্টরগুলো চিহ্নিত করা

নারী ও মেয়েরা একটি সমজাতীয় গোষ্ঠী নয়, এইভাবে অপরাধের তথ্যের জন্য নারী ও মেয়েদের নিরাপত্তার প্রয়োজনীয়তা এবং বিভাজনকে প্রতিফলিত করার জন্য, সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের জনসংখ্যাতাত্ত্বিক এবং সামাজিক-অর্থনৈতিক প্রোফাইল সম্পর্কে বিস্তারিত এবং লিঙ্গ-সংবেদনশীল তথ্য সংগ্রহ করা আবশ্যক হবে।[৪১]

সংগৃহীত তথ্যগুলির একটি লিঙ্গ-সংবেদনশীল বিশ্লেষণ করতে হবে এই জন্য যে নারী, পুরুষ, মেয়ে এবং ছেলেদের চাহিদা এবং প্রত্যাশা কী, তারা কিভাবে একে অপরের থেকে আলাদা, পরিকল্পিত হস্তক্ষেপ তাদের লিঙ্গগত চাহিদা মেটাচ্ছে কিনা এবং কিভাবে পরিকল্পিত হস্তক্ষেপ তাদের লিঙ্গগত চাহিদা মোকাবেলা করছে কিনা, এবং কিভাবে নারী, পুরুষ, ছেলে এবং মেয়েদের চাহিদার অবদানকে শক্তিশালী করা যায়।

লিঙ্গ-সংবেদনশীল বিশ্লেষণের একটি অবিচ্ছেদ্য অংশ হিসাবে, পুলিশ নেতৃত্বকে একটি আন্তবিচ্ছেদ দৃষ্টিভঙ্গি (লেন্স) প্রয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ হওয়া উচিত যা নারী এবং মেয়েরা কতটা ভিন্নভাবে সহিংসতার শিকার হয় এবং তারা কীভাবে অপরাধের সম্মুখীন হয় তা হিসাব করার জন্য। এটি জাতি, শ্রেণী, বর্ণ, লিঙ্গ, জাতিসত্তা, যৌন পরিচিতি, অক্ষমতা, জাতীয়তা, অভিবাসন স্থিতি, ভৌগোলিক অবস্থানসহ [কিন্তু সীমাবদ্ধ নয়] একাধিক যুগপৎ নিপীড়নমূলক কারণের সংযোগস্থলে নারী ও মেয়েদের অভিজ্ঞতা বোঝার জন্য ব্যবহার করা যেতে পারে।[৪২]

৪১ অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতা দূরীকরণে যুগোপযোগী মডেল, কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা (জাতিসংঘের সাধারণ পরিষদের রেজোলিউশন ৬৫/২২৮, অনুচ্ছেদ) সদস্য দেশগুলিকে নারীর প্রতি সহিংসতার উপর পদ্ধতিগতভাবে তথ্য সংগ্রহের জন্য এই ধরনের সহিংসতার ব্যাপ্তি ও বিস্তারের মূল্যায়ন এবং পরিকল্পনা, বাস্তবায়নের দিকনির্দেশনা প্রদানের লক্ষ্যে ব্যবস্থাপনা স্থাপন ও শক্তিশালী করার আহ্বান জানায়।

৪২ 'The Value of Intersectionality in Understanding Violence against Women and Girls (VAWG)' (Imkaan, UN Women and the European Union, July 2019).

> **"বিশ্বের জনসংখ্যার প্রায় 15 শতাংশ কোন না কোন প্রতিবন্ধীতার সাথে বসবাস করে।"**
> – দ্যা স্ফিয়ার হ্যান্ডবুক (২০১৮)

একজন ব্যক্তির সামাজিক পরিচয়, যেমন একটি প্রতিবন্ধী ব্যক্তি বা সংখ্যালঘু[৪৩] বা কম প্রতিনিধিত্বশীল গোষ্ঠী থেকে আসা এবং সশস্ত্র সংঘাত এবং/অথবা মানবিক সংকটের মতো পরিস্থিতিগত পরিস্থিতির সাথে মিলিত হলে VAWG এর ঝুঁকির মাত্রা বাড়াতে পারে।

***সংঘাত-সম্পর্কিত অবস্থানগত পরিস্থিতি এবং ব্যক্তিগত সামাজিক পরিচয় কীভাবে VAWG- এর ঝুঁকি বাড়াতে পারে সে সম্পর্কে আরও তথ্যের জন্য ত্রয়োদশ অধ্যায়- 'উদীয়মান সমস্যা' দেখুন:***

***যেহেতু বৈষম্য ছাড়াই স্থানীয় জনগণকে সহিংসতা এবং অপরাধ থেকে রক্ষা করার জন্য পুলিশের সাংবিধানিক দায়িত্ব এবং আন্তর্জাতিক বাধ্যবাধকতা রয়েছে, পুলিশ যেভাবে এই ধরনের তথ্য সংগ্রহ করে তা এই পরিষেবা এবং কর্তব্যের প্রতি তাদের অঙ্গীকারকে প্রতিফলিত করে।***

দ্যা স্ফিয়ার হ্যান্ডবুক (২০১৮) সেক্স বা লিঙ্গ, বয়স, অক্ষমতা, ভৌগলিক, জাতিসত্ত , ধর্ম, বর্ণ বা অন্য কোন কারণ যা প্র- বেশাধিকার (অ্যাক্সেস) সীমাবদ্ধ করতে পারে তার উপর ভিত্তি করে পার্থক্য বোঝার জন্য যথাসম্ভব এবং প্রেক্ষাপটে উপযুক্ত বিভাগগুলির সাথে তথ্য আলাদা করার সুপারিশ করে।[৪৪]

প্রতিরোধমূলক এবং VAWG- এর প্রতিক্রিয়ায় কীভাবে সামাজিক পরিচয় এবং পরিস্থিতি নারী ও মেয়েদের ঝুঁকি বা হুমকি বৃদ্ধি বা হ্রাস করতে বিভাজন (ছেদ) করতে পারে তা বোঝার জন্য মানব এবং বস্তুগত সম্পদের অগ্রাধিকার সম্পর্কে আরও অবগত সিদ্ধান্ত নেওয়ার অনুমতি দেবে। ভিএডব্লিউজি -র প্রতি আন্ত-

**চিত্র-৫:**

**বৈশিষ্ট্য এবং পরিস্থিতিগত কারণগুলি দুর্বলতাকে প্রভাবিত করে**




৪৩ সংখ্যালঘুকরণ কার্যকরভাবে সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক এবং অন্যান্য অবস্থার সৃষ্টি করে এবং বজায় রাখে যা মানুষের গোষ্ঠীগুলিকে সংখ্যালঘু হিসাবে গণ্য এবং সংজ্ঞায়িত করে যেমন, 'জাতিগত সংখ্যালঘু' এবং 'সংখ্যালঘু জাতিসত্তা '। সংখ্যালঘুকরণ একটি চলমান, সক্রিয় প্রক্রিয়া যা 'জাতি', জাতিসত্তা এবং অন্যান্য ভিত্তির ভিত্তিতে নির্দিষ্ট গোষ্ঠীকে প্রান্তিক করে। See: 'From the Margin to the Centre: Addressing Violence Against Women and Girls Alternative Bill' (Imkaan, October 2018).

৪৪ 'The Sphere Handbook: Humanitarian Charter and Minimum Standards in Humanitarian Response', 4th edition, (The Sphere Association. Geneva, Switzerland, 2018).

“যারা সমকামী, উভকামী, হিজড়া, কুইয়ার বা ইন্টারসেক্স (LGBTQI) হিসেবে চিহ্নিত হয় তারা প্রায়ই বৈষম্য, কলঙ্ক এবং যৌন ও শারীরিক সহিংসতার ঝুঁকিতে থাকে।”

দ্য স্ফিয়ার হ্যান্ডবুক (২০১৮)

বিভাজন[৪৫] দৃষ্টিভঙ্গি বুঝতে সাহায্য করার জন্য, ইউএন উইমেন (২০১৮)[৪৬] বৈশিষ্ট্য এবং পরিস্থিতিগত কারণগুলি ব্যাখ্যা করেছে যা একজন মহিলার এবং/অথবা মেয়ের সহিংসতার **দুর্বলতাকে** প্রভাবিত করে। (চিত্র-৫):

## সহিংসতার শিকার (ভিকটিম)-কেন্দ্রিক পদ্ধতির দ্বারা কী বোঝায়?

ইউএনওডিসির[৪৭] মতে, পুলিশ সহিংসতার শিকার-কেন্দ্রিক পদ্ধতির সাথে কাজ করে যখন তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদেরচাহিদাগুলিকে প্রাতিষ্ঠানিক নীতি থেকে শুরু করে, পরিচালন এবং সুনির্দিষ্ট পদক্ষেপের মূলে রাখা হয়। এটি এমন একটি পরিষেবা সরবরাহ নিশ্চিত করে যা নারী ও মেয়েদের ক্ষমতায়নকে সুরক্ষা, সহায়তা এবং সমর্থন করে, এবং একই সাথে শারীরিক ও মানসিক নিরাপত্তার বিষয়গুলিকে অগ্রাধিকার দেয়।

পুলিশের গোপনীয়তার সফল রক্ষণাবেক্ষণের ফলে আরো অপরাধের খবর পাওয়া যাবে এবং সাধারণভাবে পুলিশের প্রতি আরো আস্থা তৈরি হবে।

- জাতিসংঘ পুলিশ জেন্ডার টুলকিট ২০১৫

সবচেয়ে গুরুত্বপূর্ণভাবে হল, সহিংসতার শিকার -কেন্দ্রিক পদ্ধতির লক্ষ্য হল VAWG- এর অপরাধের জন্য সহানুভূতিশীল এবং সম্মানজনকভাবে ন্যায়বিচারের প্রবেশাধিকার (অ্যাক্সেসের) নিশ্চিতের জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে চলা (সঙ্গ দেওয়া) এবং সমান্তরালভাবে, অপরাধীদের বিচারের সম্মুখীন করতে সহযোগিতা করতে তাদের অনীহার জন্য কর্মকর্তাদের দোষারোপ করা থেকে নিরুৎসাহিত করা। ফলে, পুলিশের জন্য প্রয়োজন[৪৮] সহিংসতার শিকার ব্যক্তির উপর ট্রমার প্রভাব সম্পর্কে সচেতন হওয়া এবং সংবেদনশীল হওয়া, বিশেষ করে যখন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা অসহযোগী বলে মনে হয় কারণ তারা আসলে পরিবর্তিত হতে পারে অপরাধীর ভয়ে এবং/অথবা ব্যাপক পদ্ধতিগত চাপে, অথবা জরুরী সাহায্যের প্রয়োজনে।

ইউএনওডিসির মতে, পুলিশের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক দৃষ্টিভঙ্গির জন্য তাদের ভিএডব্লিউজির প্রতি সহন-শীলতার মনোভাব পোষণ করতে হবে, সামাজিক নিষ্ক্রিয়তা এবং ভিকটিমকে-দোষারোপ নিরুৎসাহিত করতে হবে এবং স্বীকার করতে হবে যে কিভাবে এই অপরাধগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের সন্তান এবং পরিবারের অন্যান্য সদস্যদের উপর শারীরিক ও মানসিক স্বাস্থ্যেজনিত প্রভাবের সাথে সাথে সকল সমাজে দীর্ঘদিন ধরে সামাজিক ও অর্থনৈতিক ক্ষেত্রে নেতিবাচক প্রভাব ফেলছে। শুধুমাত্র সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের সন্তান এবং পরিবারের অন্যান্য সদস্যদের উপর শারীরিক ও মানসিক স্বাস্থ্যের প্রভাব।

এর অর্থ এইও যে, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সংস্পর্শে থাকা পুলিশ কর্মকর্তাদের উচিত দ্বিতীয়বার সহিংসতার শিকার (সেকেন্ডারি ভিকটিমাইজেশন) না করার জন্য পদক্ষেপ নেওয়া। দ্বিতীয়বার সহিংসতার শিকার (সেকেন্ডারি ভিকটিমাইজেশন) কোন অপরাধমূলক কাজের সরাসরি ফল হিসেবে হয় না বরং পুলিশ এবং অন্যান্য সক্ষম প্রতিষ্ঠান এবং ব্যক্তির অপর্যাপ্ত প্রতি-ক্রিয়ার কারণে হয়।[৪৯]

কেবলমাত্র তাদের নির্ধারিত কাজগুলি সম্পন্ন করতে সক্রিয় এবং পেশাদারী হয়ে, দায়িত্বপ্রাপ্ত (প্রতিক্রিয়া জানানো) কর্মকর্তারা দ্বিতীয় বার নির্যাতনের ঝুঁকি উল্লেখযোগ্যভাবে হ্রাস করতে পারেন। উদাহরণস্বরূপ, সাড়া দেওয়া কর্মকর্তারা সহজেই সুরক্ষা আদেশ, নাগরিক প্রতিকার, অভিবাসন আবেদন, বীমা সুবিধা এবং ক্ষতিপূরণ দাবী অনুসরণে সাহায্য করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছে পুলিশ রিপোর্ট উপলব্ধ করার বিষয়ে সহায়তা করতে পারেন।

সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি -কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আরও ক্ষতির হাত থেকে রক্ষা

৪৫ Crenshaw, K., ‘Demarginalizing the Intersection of Race and Sex: A Black Feminist Critique of Antidiscrimination Doctrine, Feminist Theory and Antiracist Politics’, University of Chicago *Legal Forum Volume* 1989, Issue 1, Article 8.

৪৬ ‘A Practitioner’s Toolkit on Women’s Access to Justice Programming (UN Women et al. 2018)., at: https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2018/wa2j-complete-toolkit-en.pdf?la=en&vs=2654

৪৭ ‘Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women’ (UNODC, 2014).

৪৮ কারও আঘাতমূলক অভিজ্ঞতার প্রতি সংবেদনশীল হওয়া বা ট্রমা অবহিত হওয়া নির্দিষ্ট অভিজ্ঞতার উপর দৃষ্টি নিবদ্ধ করে যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ট্রমা, স্মৃতি, প্রতিক্রিয়া এবং আচরণকে প্রভাবিত করে এবং এই আচরণের প্রতিক্রিয়াশীল পুলিশ কর্মকর্তার ব্যাখ্যা যৌন নির্যাতনের তদন্তকে কীভাবে প্রভাবিত করে। For more information see ‘Trauma Informed Sexual Assault Investigation Training’ From The International Association of Chiefs of Police (IACP), at: https://www.theiacp.org/projects/trauma-informed-sexual-assault-investigations

চিত্র-৬

## UNPOL এর সহিংসতার শিকার-কেন্দ্রিক পদ্ধতি

### সহিংসতার শিকার ব্যক্তির শারীরিক নিরাপত্তা

- সুরক্ষার ঝুঁকিগুলির বিষয়ে জ্ঞান নিশ্চিত করুন যা কোনও সহিংস-তার শিকার ব্যক্তি প্রকাশ করতে পারে
- সমস্ত কথোপকথন, মূল্যায়ন এবং সাক্ষাৎকারগুলি একটি নিরাপদ পরিবেশে রাখুন
- নিশ্চিত করুন যে সহিংসতার শিকার ব্যক্তির যাওয়ার নিরাপদ জায়গা আছে
- সহিংসতার শিকার ব্যক্তি অপরাধীর মুখোমুখি হওয়ার ঝুঁকিতে আছে কিনা তা যাচাই করুন
- উপলব্ধ সহায়তা ব্যবস্থা সম্পর্কে সচেতন থাকুন

### সহিংসতার শিকার ব্যক্তির গোপনীয়তা

- সহিংসতার শিকার ব্যক্তি গল্পটি অন্যান্য সাপোর্ট সিস্টেম প্রফেশ-নালদের সাথে তখনই শেয়ার করবে যখন সহিংসতার শিকার ব্যক্তি বুঝতে পারে যে এর অর্থ কি এবং আগে থেকেই সম্মতি প্রদান করেছে
- অনুমোদিত অফিসার এবং চিকিৎসা পেশাজীবীদের নিকট চিকিৎসা সংক্রান্ত তথ্যের প্রবেশাধিকার (অ্যাক্সেস) সীমিত করুন
- সহিংসতার শিকার ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করার জন্য এবং সহিংসতার শিকার ব্যক্তিকে তাদের সম্প্রদায়ের দ্বারা হুমকি দেওয়া বা বিতাড়িত করা থেকে বাঁচতে তদন্তের সমস্ত তথ্য সুরক্ষিত করুন
- নিশ্চিত করুন যে অপরাধটি রিপোর্ট করার ফলে সহিংসতার শিকার ব্যক্তি আবারও সহিংসতা শিকার, নিরাপত্তাহীনতা বা পুনরায় সহিংসতার শিকার না হয়।
- শিশু নির্যাতন বা অবহেলা প্রমাণ করার যুক্তিসঙ্গত কারণ, জীবন-হুমকির পরিস্থিতি, আত্মহত্যার প্রবণতা, সন্দেহ বা অন্যের ক্ষতির গুরুতর হুমকি থাকলে গোপনীয়তার নীতিতে ব্যতিক্রমভা-বে কাজ করুন
- গোপনীয়তার নীতির ব্যতিক্রম সৃষ্টিকারী পরিস্থিতিতে স্বাস্থ্যসেবা কর্মী এবং পরামর্শদাতাদের পরামর্শ নিন

### সহিংসতার শিকার ব্যক্তির অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করুন

- সহায়ক মনোভাব প্রদর্শন করে সহিংসতার শিকার ব্যক্তির ইচ্ছা, অধিকার এবং মর্যাদা সম্মান করুন
- চিকিৎসা, মনস্তাত্ত্বিক, সামাজিক এবং আইনি প্রয়োজনীয়তাসহ সহিংসতার শিকার ব্যক্তির সমস্ত প্রয়োজনের প্রতি মনোযোগকে অগ্রাধিকার দিন
- চিকিৎসা, মনস্তাত্ত্বিক, সামাজিক এবং আইনি প্রয়োজনীয়তাসহ সহিংসতার শিকার ব্যক্তির প্রয়োজনের প্রতি মনোযোগকে অগ্রা-ধিকার দিন
- সম্মতি চাওয়ার সময় এবং তাদের আইনী অভিভাবকের সাথে পরামর্শ করার সময় অতিরিক্ত সতর্কতা অবলম্বন সহ জড়িত যেকোনো শিশুর সর্বোত্তম স্বার্থ নিশ্চিত করুন
- তথ্যভিত্তিক সিদ্ধান্ত গ্রহণ এবং ঝুঁকি মূল্যায়নের অনুমতি দেওয়ার জন্য তার ক্ষেত্রে উপযুক্ত আপডেট প্রদান করে সহিংসতার শিকার ব্যক্তির তথ্যের অধিকার অনুসরণ করুন
- নিশ্চিত করুন যে সহিংসতার শিকার ব্যক্তি সিদ্ধান্ত গ্রহণের সাথে জড়িত থেকে ক্ষমতায়িত হয় যাতে তার জীবন নিজের নিয়ন্ত্রণে থাকে
- আপনার কী মনে করা উচিত এবং কীভাবে এটি করা উচিত এই সমস্ত বিষয়ে সহিংসতার শিকার ব্যক্তিকে উপদেশ দেওয়া থেকে বিরত থাকুন কারণ এটি আপনার নিজের ব্যক্তিগত মতামত অন্যের উপর চাপিয়ে দেবার মত মনে হতে পারে।
- সম্মান করুন যে একজন সহিংসতার শিকার ব্যক্তির কোনো চিকিৎসা, পরীক্ষা বা অন্য হস্তক্ষেপে জড়িত না হওয়ার অধিকার রয়েছে
- একজন সহিংসতার শিকার ব্যক্তির তদন্তের সময় একজন পুলিশ অফিসার বা কাউন্সেলরের সাথে থাকার অধিকার আছে, কিন্তু তথ্য পাবার সময়, অথবা পরীক্ষিত হবার সময়, অথবা অন্য কোনো সহায়তা নেবার সময় তিনি কার সাথে থাকবেন এই বিষয়ে সিদ্ধান্ত নেয়ার ক্ষমতা ভুক্তভোগীর থাকবে।

### বৈষম্যহীন

- যৌনতা, বয়স, পটভূমি, জাতি, প্রতিবন্ধী অবস্থা, জাতিগত, যৌন পরিচয় বা ঘটনার পরিস্থিতি থেকে স্বাধীনভাবে সব সহিংসতার শিকার ব্যক্তিদের সমানভাবে সম্মান ও মর্যাদার সাথে আচরণ করা নিশ্চিত করুন
- সহিংসতার শিকার ব্যক্তিদের প্রতি বৈষম্য না করার জন্য যৌন লিঙ্গ ভিত্তিক সহিংসতা সম্পর্কে আপনার এবং আপনার দলের নিজস্ব কুসংস্কার এবং অনুমান সম্পর্কে সচেতন থাকুন
- আপনার নিজের এবং আপনার দলের আচরণ পর্যবেক্ষণ করুন এবং ব্যক্তিগত বিশ্বাসগুলি আপনার সমষ্টিগত কাজে প্রভাব ফেলতে দেবেন না
- সহিংসতার শিকার ব্যক্তির প্রতি আপনার ভাষা, শারীরিক ভাষা এবং সাধারণ মনোভাব সম্পর্কে সচেতন থাকুন

সূত্র: http://repository.un.org/handle/11176/387374

করতে, তাদের কলঙ্কের অনুভূতি মোকাবেলায় সাহায্য করতে এবং চাপ এবং বিচার ছাড়াই তাদের সিদ্ধান্ত গ্রহণের ক্ষমতায়ন করতে, ইউএনপিওএল পুলিশকে যথাযথভাবে অনুসরণ করার জন্য নিম্নোক্ত চারটি নির্দেশক নীতি প্রস্তাব করেছে;[৫০]

১. সহিংসতার শিকার ব্যক্তির শারীরিক নিরাপত্তা;

২. সহিংসতার শিকার ব্যক্তির গোপনীয়তা রক্ষা;

৩. সহিংসতার শিকার ব্যক্তির অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করা;

৪. বৈষম্যহীনতা।

নীচে মূল পদক্ষেপগুলির একটি সংক্ষিপ্ত সংস্করণ (চিত্র-৬) পুলিশ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক পদ্ধতির জন্য UNPOL- এর নির্দেশনার নীতিমালা বাস্তবায়নের জন্য গ্রহণ করতে পারে এবং নিশ্চিত করতে পারে যে আর কোন ক্ষতি করা যাবে না:

সাংগঠনিক চ্যালেঞ্জ সত্ত্বেও, আপনি একজন পুলিশ ম্যানেজার হিসাবে কার্যকর ভাবে খরচ কমানোর পদ্ধতির উপর দৃষ্টি নিবদ্ধ করে **VAWG**- এর সাড়া দেওয়ার সময় আপনার দলগুলিকে পরিচালন (অপারেশনাল) সংক্রান্ত সাফল্যের দিকে নিয়ে যেতে পারেন। এর জন্য ন্যায়বিচার এবং সমতার প্রতি আপনার নেতৃত্বের প্রতিশ্রুতি, একটি সহিংসতার শিকার ব্যক্তি-কেন্দ্রিক পদ্ধতির প্রতি সক্রিয় মনোভাব এবং অংশীদারিত্বের জন্য সম্পদের প্রয়োজন। । উদাহরণস্বরুপ, বক্স-০৬ -এ, UNPOL চিহ্নিত করেছে যে, পুলিশ ম্যানেজাররা VAWG- এ সাড়া দেওয়ার সময় কীভাবে নারী পুলিশ কর্মকর্তাদের ক্ষমতায়িত করে পুলিশের কার্যকারিতা এবং দক্ষতার রূপান্তরকারী এজেন্ট হতে সক্ষম করতে পারে::

এই হ্যান্ডবুকটি একজন মধ্যম স্তরের পুলিশ কর্মকর্তা হিসাবে স্থানীয় সম্প্রদায়গুলিতে একটি কার্যকর এবং লিঙ্গ-সংবেদনশীল পরিষেবা প্রদানের জন্য একটি দল বা কর্মকর্তাদের দলের দায়িত্ব পালনে আপনাকে সাহায্য করার জন্য প্রস্তুত করা হয়েছে। আপনি যে কোন একটি পুলিশ স্টেশন, বিভাগ বা পুলিশিং জেলার দায়িত্বে থাকুন না কেন, আপনি প্রতিদিন এমন অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হবেন যা সীমিত সম্পদের সাথে সাথে ক্রমবর্ধমান এবং পরিবর্তিত কাজের চাপের সাথে সঙ্গতিপূর্ণ নয়। এই কারণেই এটা গুরুত্বপূর্ণ যে আপনি এবং আপনার কর্মীরা আপনার স্থানীয়

**বক্স-৬**

**কমিউনিটিগুলিকে যুক্ত করার সময় দক্ষ ও কার্যকর উপায়ে নারী পুলিশ কর্মকর্তাদের দায়িত্ত দেয়ার জন্য কমান্ডারের পরামর্শ**

১. **নারী পুলিশ অফিসারদের জনসাধারণের কাছে অ্যাক্সেসযোগ্য করে তুলুন:** উচ্চ জনসংখ্যার এলাকায় টহল ও নির্দিষ্ট পদে কর্মরত নারী কর্মকর্তারা বিশেষ করে নারীদেরএবং শিশুদের জন্য দৃশ্যমানতা এবং আশ্বাস উন্নত করে;

২. **উচ্চ ফলাফল সংক্রান্ত কার্যক্রমে নারী কর্মকর্তাদের অংশগ্রহণ:** উচ্চ ফলাফল সংক্রান্ত কার্যক্রমে অংশগ্রহণকারী নারী পুলিশ কর্মকর্তারা একটি গুরুত্বপূর্ণ বার্তা পাঠাবে যে নিরাপত্তা প্রদানকারী হিসেবে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। তদুপরি, নারী কর্মকর্তারা প্রকাশ্যে গ্রেপ্তার করার মাধ্যমে এটা প্রমান করবে যে নারীরা শক্তিশালী এবং সক্ষম। সহিংসতার শিকার ব্যক্তি, প্রত্যক্ষদর্শী এবং সন্দেহভাজন, বিশেষ করে নারী ও শিশুদের সাক্ষাৎকার গ্রহণে মহিলা কর্মকর্তাদের ভূমিকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ;

৩. **নারী কর্মকর্তাদের সম্মুখ সারির ভূমিকায় নিয়োগ দিন:** জরুরী ঘটনা, বিশেষ করে বিশৃঙ্খলার ঘটনাগুলির দ্রুত প্রতিক্রিয়ায় জড়িত নারী কর্মকর্তারা পুলিশিং ইউনিটে প্রধান ভূমিকা হিসেবে নারীর ভূমিকা প্রদর্শন করতে পারে;

৪. **নারীকর্মকর্তাদের নিয়ে বিশেষায়িত ইউনিট:** বিশেষ করে VAWG- এর ক্ষেত্রে বিশেষভাবে নিবেদিত পুলিশ ইউনিট প্রতিষ্ঠা করা গুরুত্বপূর্ণ যেখানে নারী পুলিশ কর্মকর্তারাও অন্তর্ভুক্ত থাকবে। একজন সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির নিজের লিঙ্গের একজন ব্যক্তির সাথে কথা বলার ক্ষমতা নিশ্চিত করবে যে সর্বোত্তম প্রমাণ পাওয়া যায় এবং সহিংসতার শিকার ব্যক্তিদের সমর্থন করা হয়;;

৫. **নেতৃত্বের ভূমিকা**সহিংসতার শিকার ব্যক্তি, ক্ষতিগ্রস্ত গোষ্ঠী, এনজিও এবং সরকারী সংস্থার সাথে সভা করে এটা ধারাবাহিকভাবে দেখানো গুরুত্বপূর্ণ যে সমস্যা সমাধানের ক্ষেত্রে পুলিশ ইউনিটগুলিতে নারীরা অগ্রণী ভূমিকা পালন করে। এটি পুলিশে নারীর ভূমিকা তুলে ধরার সুযোগ দেয়;

৬. **পুরুষ সমর্থক/সহযোগিতাকারী:** নারী কর্মকর্তাদের ভূমিকায় পুরুষ কর্মকর্তাদের সক্রিয় সমর্থন অপরিহার্য। এর মধ্যে নিজস্ব (হোস্ট) দেশেরপুলিশ কর্মকর্তাদের পাশাপাশি কাজ করার মাধ্যমে পুলিশ সদস্য দলের ভূমিকা উন্নীত করা যেখানে সব সদস্য সক্রিয়ভাবে একে অপরকে সমর্থন করে এবং উৎসাহিত করে।

সূত্র: UNPOL লিঙ্গ টুলকিট (2015) পৃ। 298

সম্প্রদায়ের আস্থা এবং আস্থা তৈরি করে তাদের নিরাপত্তা এবং সুরক্ষা প্রদান করার ক্ষমতার উপর।

এজন্য এটা গুরুত্বপূর্ণ যে আপনি এবং আপনার কর্মীরা স্থানীয় জনগোষ্ঠীর নিরাপত্তা ও সুরক্ষা প্রদানের ক্ষেত্রে সক্ষম এই বিষয়ে আপনাদের উপর জনগণের আস্থা ও বিশ্বাস গড়ে তুলবেন। আপনি যেসব সম্প্রদায়ের সেবা করেন তাদের সাহায্য এবং সমর্থন ছাড়া, আপনার চাকরি অনেক কঠিন হবে এবং আপনার ইতিবাচক ফলাফল অর্জনের ক্ষমতা, ব্যক্তিগত এবং দলগত পারফরম্যান্স অর্জন উভয়ই কঠিন হবে এবং এর ফলে আপনার ঊর্ধ্বতন নেতৃত্বের কাছে একজন নেতা হিসেবে আপনার দক্ষতা ব্যাপকভাবে হ্রাস পাবে।

নিম্নলিখিত অধ্যায়গুলি আপনার এবং আপনার কর্মীদের সুবিধার জন্য প্রস্তুত করা হয়েছে বিধায় আপনাকে আপনার স্থানীয় কাজের পরিবেশের পরিপ্রেক্ষিতে প্রদত্ত নির্দেশিকা প্রয়োগ করতে উৎসাহিত করা হচ্ছে।

# ৪

## নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. 'Secretary-General says Violence against Women never Acceptable, Never Excusable, Never Tolerable, as He Launches Global Campaign on Issue (2008). UN Press Release at: https://press.un.org/en/2008/sgsm11437.doc.htm

২. Domestic Abuse Strategy (2015-2020). The production of this document, and the contribution of resources to support the Strategy's development and ongoing maintenance, is sponsored by the States of Guernsey Home Department. See: https://www.gov.gg/CHttpHandler.ashx?id=98929&p=0

৩. 'A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming (UN Women, 2018), at: https://www.unwomen.org/en/digital-library/publications/2018/5/a-practitioners-toolkit-on-womens-access-to-justice-programming

৪. 'Everyone's business: Improving the police response to domestic abuse (Her Majesty's Inspectorate of Constabulary and Fire & Rescue Services (now HMICFRS formally HCIM) (2014) at: https://www.justiceinspectorates.gov.uk/hmicfrs/wp-content/uploads/2014/04/improving-the-police-response-to-domestic-abuse.pdf

৫. 'How to Design Projects to End Violence against Women and Girls a Step-by-Step Guide to Taking Action' (UN Women, 2015), at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eseasia/docs/publications/2015/07/evaw%20tool-kit%20unw_finalcompressed.pdf?la=en&vs=2418

৬. Justice Department Issues Guidance on Identifying and Preventing Gender Bias in Law Enforcement Response to Sexual Assault and Domestic Violence (US Department of Justice, Office of Public Affairs, 2015) at: https://www.justice.gov/opa/pr/justice-department-issues-guidance-identi-fying-and-preventing-gender-bias-law-enforcement

৭. 'Why do some men use violence against women and how can we prevent it?' (Partners for prevention, 2013). A UNDP, UNFPA, UN Women and UNV regional joint programme for gender-based violence prevention in Asia and the Pacific Quantitative Findings from the United Nations Multi-Country Study on Men and Violence in Asia and the Pacific at: http://www.partners4prevention.org/sites/default/files/resources/p4p-report.pdf

৮. 'Gender Toolkit: Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Handbook' (United Nations Police, 2015) at: http://repository.un.org/bitstream/handle/11176/387374/United%20Nations%20Police%20Gender%20Toolkit%20Handbook.pdf?sequence=51&isAllowed=y

৯. OSCE-Led survey on violence against women: Main report (Organization for Security and Co-operation in Europe, 2019) at: https://www.osce.org/secretariat/413237?download=true

১০. National Outcome Standards for Perpetrator Interventions (NOSPI) Baseline Report 2015-2016. Australian Department for Social Sciences, at: https://plan4womenssafety.dss.gov.au/wp-content/uploads/2018/08/nationaloutcomestandardsre-portweb.pdf

১১. 'Rape and Sexual Assault', ed. Welch, J. and F. Mason. 2007 in the British Medical Journal 334, no. 7604: 1154–1158.

১২. Progress of the World's Women in Pursuit of Justice (UN Women, 2011) at: https://www.unwomen.org/en/digital-library/publications/2011/7/progress-of-the-world-s-women-in-pursuit-of-justice

১৩. Demarginalizing the Intersection of Race and Sex: A Black Feminist Critique of Antidiscrimination Doctrine, Feminist Theory and Antiracist Politics. Crenshaw, K. University of Chicago Legal Forum Volume 1989, Issue 1 Article 8, at: https://chicagounbound.uchicago.edu/cgi/viewcontent.cgi?article=1052&context=uclf

১৪. Glossary of Terms and Concepts (UNICEF Regional Office for South Asia, 2017) at: https://www.unicef.org/rosa/media/1761/file/Gender%20glossary%20of%20terms%20and%20concepts%20.pdf.

১৫. The Sphere Handbook: Humanitarian Charter and Minimum Standards in Humanitarian Response (The Sphere Association, 2015), fourth edition, Geneva, Switzerland, at: www.spherestandards.org/handbook

১৬. Security Sector Reform Assessment, Monitoring and Evaluation and Gender. Gender and SSR Toolkit (2008), Bastick, M., and Valasek, K., Geneva Centre for Security Sector Governance, at: https://www.dcaf.ch/gender-security-sector-reform-toolkit

১৭. Gender-based Violence Resource Pack. A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders (UN Women, 2019)

১৮. Case Study: Imkaan—Supporting Asian, Black, Minority, Ethnic, and Refugee Survivors (UK), at: http://www.endvawnow.org/uploads/browser/files/shelter_uk_case_study_imkaan.pdf

১৯. How the police are letting sexual assault victims down (2014). Bates, L., for *The Guardian* at: https://www.theguardian.com/lifeandstyle/womens-blog/2014/nov/21/police-letting-rape-victims-down-too

২০. From the Margin to the Centre: Addressing Violence Against Women and Girls Alternative Bill October (Imkaan, 2018), see: https://829ef90d-0745-49b2-b404-cbea85f15fda.filesusr.com/ugd/2f475d_91a5eb3394374f24892ca1e1ebfee-a2e.pdf

২১. Tool 2: *Policing and Gender* in Gender and Security Toolkit. Geneva (DCAF, OSCE/ODIHR, UN Women, 2019), at: https://www.dcaf.ch/sites/default/files/publications/documents/GSToolkit_Tool-2%20EN%20FINAL.pdf

২২. 'The Police', SSR Backgrounder Series, Geneva, (DCAF, 2015), at: http://ssrbackgrounders.org/fall.php?p=16&l=EN

২৩. 'Integrating gender into internal police oversight' (DCAF, OSCE, OSCE/ODIHR, 2014), at: https://www.dcaf.ch/integrating-gender-internal-police-oversight

২৪. 'Police as an Entry Point to End Violence Against Women and Girls. Lessons from Civil Society Organizations Funded by the UN Trust Fund to End Violence Against Women', (UN Trust Fund to End Violence against Women. New York (UN Women, 2019).

২৫. 'The Value of Intersectionality in Understanding Violence against Women and Girls (VAWG)', (Imkaan, UN Women and the European Union, 2019) at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eca/attachments/publications/2019/10/the%20value%20of%20intersectionality%20in%20understanding%20violence%20against%20women%20and%20girls.pdf?la=en&vs=3339

২৬. 'Thematic study on the issue of violence against women and girls and disability', Report of the Office of the United Nations High Commissioner for Human Rights, 30 March 2012, A/HRC/20/5, at: https://www2.ohchr.org/english/issues/women/docs/A.HRC.20.5.pdf

২৭. 'The Trial of Rape. Understanding the Criminal Justice System Response to Sexual Violence in Thailand and Viet Nam' (UN Women, UNDP and UNODC, 2017), at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eseasia/docs/publications/2019/08/ap-trial-of-rape_26aug2019_lowres-compressed.pdf?la=en&vs=1916

২৮. 'Intimate Partner Violence Response Policy and Training Content Guidelines 6' (International Association of Chiefs of Police, 2015), at: https://www.theiacp.org/sites/default/files/all/i-j/IACPIntimatePartnerViolenceResponsePolicyandTrainingGuidelines2017.pdf

২৯. Glossary of Common Terms in Gender Equality and Feminist Theory (2015), Šribar, R., in Gendering Science: Slovenian Surveys and Studies in the EU Paradigms, Vienna, Echoraum. Ule, M., Šribar, R., and Venturini, A.U., eds.

৩০. 'Gender sensitivity', (European Institute for Gender Equality, 2019) at: https://eige.europa.eu/thesaurus/terms/1218?utm_source=newsletter&utm_medium=email&utm_campaign=how_gender_equal_is_your_parliament&utm_term=2019-11-27

৩

# প্রতিরোধ

*"প্রতিরোধ হল ন্যায়বিচারের প্রথম আবশ্যকতা"*

সংঘাত-পরবর্তী সমাজে আইনের শাসন এবং ক্রান্তিকালীন ন্যায়বিচার সম্পর্কে জাতিসংঘের মহাসচিবের প্রতিবেদন (এস/2004/616, অনুচ্ছেদ-৪)

# অধ্যায়ের লক্ষ্য

**VAWG অপরাধগুলি পুলিশ প্রতিরোধ কৌশলগুলির মাধ্যমে প্রতিরোধ করা হচ্ছে যা স্টেকহোল্ডারদের পর্যাপ্তভাবে জানানো হয়, সম্প্রদায় দ্বারা সমর্থিত এবং তাদের পদ্ধতি মূল ভিত্তি হচ্ছে *সহিংসতার শিকার /* বেঁচে থাকা কেন্দ্রিক।**

## মূল বার্তাসমূহ এবং শেখার/শিক্ষণের বিষয়সমূহ

- VAWG- এর প্রকৃতি, এর কারণ ও পরিণতি এবং এটি কীভাবে নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে, তা বোঝায় হল প্রতিরোধের মূল বিষয়;
- প্রতিরোধ শুরু হয় ভিএডব্লিউজি-র সমাধান খোঁজার জন্য এর মূল কারণগুলি সনাক্ত এবং বিশ্লেষণ করার ক্ষমতা দিয়ে;
- ভিএডব্লিউজি প্রতিরোধের জন্য পুলিশ, অন্যান্য সংস্থা/সেবা সরবরাহকারী এবং স্থানীয় সম্প্রদায়ের মধ্যে একটি সহযোগিতামূলক দৃষ্টিভঙ্গি প্রয়োজন;
- ভিএডব্লিউজি প্রতিরোধ করার অর্থ অধিক ক্ষতির ঝুঁকিতে থাকা ব্যক্তিদের সাথে পরামর্শ করা;
- পুলিশের প্রতি জনগণের আস্থা এবং বিশ্বাস বৃদ্ধি প্রতিরোধের কৌশলগুলি কাজ করছে তার লক্ষণ;
- পুরুষরা ভিএডব্লিউজি-র বিরুদ্ধে সোচ্চার অবস্থান নিয়ে নেতৃত্ব দেওয়া, এবং করা উচিত;
- অগ্রাধিকার এমন কর্মকান্ডের উপর হওয়া উচিত যা হিংসা বন্ধ করতে, ভবিষ্যতে সহিংসতা রোধে এবং নারী এবং মেয়েদের নিজেদের নিরাপত্তার জন্য রিপোর্ট করতে উৎসাহিত করার উপর নজর দেয়।




# ভূমিকা

**ভিএডব্লিউজির মতো ব্যাপক এবং কম রিপোর্টকৃত অপরাধ হ্রাসে প্রতিরোধ কার্যকর করার জন্য, পুলিশের প্রয়োজন সম্প্রদায়ের সমর্থন। সম্প্রদায়ের জন্য অপরাধ প্রতিরোধে প্রচেষ্টা, সময় এবং সম্পদ বিনিয়োগ শুধুমাত্র একটি ভাল বিনিয়োগ নয়, এটি জীবন বাঁচায়।**

ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (Haiti)

পুলিশিং-এ প্রমাণ-ভিত্তিক পন্থা[১] অবলম্বন করতে গিয়ে, যুক্তরাজ্য কর্তৃপক্ষ জানতে পেরেছে যে যখন অপরাধের সুযোগ বেশি হয় তখন অপরাধ বৃদ্ধি পায় এবং সুযোগের সংখ্যা হ্রাস পেলে অপরাধ করে।[২] এটি তাদের ধারণা করতে সহায়তা হয়েছে যে অপরাধ করার সুযোগ কমিয়ে দিয়ে অপরাধ প্রতিরোধ করা যেতে পারে।

এই বিবেচনায় যে সম্প্রদায়গুলি প্রায়শই খুব বৈচিত্র্যময়, এটি গুরুত্বপূর্ণ যে পুলিশিং পদ্ধতিটিও এই বৈচিত্র্যের প্রতি সংবেদনশীল এবং প্রতিক্রিয়াশীল হবে। এই বিবেচনায় যে সম্প্রদায়গুলি প্রায়শই খুব বৈচিত্র্যময়, এটি গুরুত্বপূর্ণ যে পুলিশিং পদ্ধতিটিও এই বৈচিত্র্যের প্রতি সংবেদনশীল এবং প্রতিক্রিয়াশীল হবে।

পুলিশকে সমর্থন ও সহযোগিতা করার জন্য, সম্প্রদায়গুলি এমন একটি পুলিশ সেবা আশা করে যা একদিকে যেমন কার্যকর এবং অন্য দিকে বৈধ। জেনেভা সেন্টার ফর সিকিউরিটি সেক্টর গভর্নেন্স (‹ডিসিএএফ›) অনুসারে, পুলিশের বৈধতা ভাল পুলিশিংয়ের একটি গুরুত্বপূর্ণ মাত্রা; এটি পুলিশের জন্য জনসমর্থনের মাত্রাকে নির্দেশ করে।[৩]

> **"জাতিসংঘের মান অনুযায়ী প্রতিটি পুলিশ বা অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থার প্রতিনিধিরা যে সম্প্রদায়ের সেবা করে তাদের উচিত সেই সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করা ও প্রতিক্রিয়া দেখান এবং জবাবদিহি করা। "**
>
> সাধারণ পরিষদের রেজলিউশন ৩৪/১৬৯
> ১৭ ডিসেম্বর ১৯৭৯

পুলিশের জন্য জনসমর্থনের বাড়াতে হলে প্রয়োজন সম্প্রদায়ের বিভিন্ন নিরাপত্তাজনিত প্রয়োজনের প্রতি সাড়া দেওয়া। অবস্থান নির্বিশেষে নারীদের মতামতকে একীভূত করা এবং, বিভিন্ন উদ্যোগ এবং সংগঠন যারা অপরাধ এবং সহিংসতা প্রতিরোধ কৌশলগুলির তৈরি ও বাস্তবায়নে নারীদের সমান এবং অর্থপূর্ণ অংশীদারিত্ব চায় তাদের সমর্থন করা পুলিশের বৈধতা, সমর্থন এবং শেষ পর্যন্ত বিশ্বাস অর্জন করার একটি কার্যকরী পন্থা।

---

১ See Guerette, R.T. & Bowers, K.J. (2009), 'Assessing the Extent of Crime Displacement and Diffusion of Benefits: A Review of Situational Crime Prevention Evaluations', in *Criminology*, 47(4), in Modern Crime Prevention Strategy (Home Office UK, 2016).

২ Modern Crime Prevention Strategy, (Home Office UK, 2016).

৩ Police Integrity Tool Kit (DCAF, 2012).

**বক্স -১**

**সমন্বয় এর অর্থ হচ্ছে পরামর্শ**



ছবি UNMINUSTAH/ Logan Abassi/ (Haiti) এর সৌজন্যে

যে সমস্ত অপরাধ এবং সহিংসতার ঘটনা নারী ও মেয়েদের প্রভাবিত করে তা বোঝার জন্য, একটি পরামর্শমূলক প্রক্রিয়ার মাধ্যমে সমন্বিত প্রচেষ্টা প্রয়োজন। এই পরামর্শমূলক প্রক্রিয়ায় নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা প্রয়োজন, যাতে তাদের মতামত শোনা যায় এবং তাদের অগ্রাধিকার সমন্বিত প্রচেষ্টায় প্রতিফলিত হয়।

ইউরোপীয় ইনস্টিটিউট ফর জেন্ডার ইকুয়ালিটি স্টেকহোল্ডারদের পরামর্শের জন্য চারটি পদক্ষেপ প্রস্তাব করেছে যা সাধারণভাবে সমন্বয়ে অংশীদারিত্ব স্থাপন এবং তাদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার সময় পুলিশের জন্য খুবই উপকারী হতে পারে। এর মধ্যে রয়েছে:

- **পরিকল্পনা।** এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে পরামর্শের উদ্দেশ্য এবং আলোচনার বিষয়গুলি, যাদের সাথে পরামর্শ করা উচিত তাদের চিহ্নিত করা এবং লিঙ্গ ভারসাম্য নিশ্চিত করার দিকে মনোযোগ দেওয়া, সেইসাথে জেন্ডার বিশেষজ্ঞসহ বিভিন্ন সংস্থার পর্যাপ্ত এবং বৈচিত্র্যপূর্ণ প্রতিনিধিত্ব। এই পর্যায়ে, সেই গোষ্ঠীগুলিকে চিহ্নিত করা গুরুত্বপূর্ণ, যাদের মতামত/ কণ্ঠস্বর ঐতিহ্যগতভাবে সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় প্রান্তিক (যেমন, অভিবাসী নারী) এবং যাদের যুক্ত হওয়ার উপযুক্ত সহায়তার প্রয়োজন , সেইসাথে অংশগ্রহণের জন্য নির্দিষ্ট প্রয়োজনীয়তা বিবেচনা করা যা পূরণ করা প্রয়োজন। (উদাহরণস্বরূপ, শিশু যত্ন প্রদান)।
- **স্টেকহোল্ডারদের পরামর্শ।** এই প্রক্রিয়াটি খুব তাড়াতাড়ি পরিচালিত হওয়া উচিত যাতে সিদ্ধান্তের সাথে সম্পর্কিত সঠিক বিষয়গুলো সিদ্ধান্তগুলিকে প্রভাবিত করে এবং, প্রাসঙ্গিক তথ্যগুলি আগে থেকেই প্রচার করে এবং উপযুক্ত সময়সীমা, প্রসঙ্গ এবং স্থানীয় ভাষাগুলিতে প্রতিফলিত করার জন্য স্থানীয়করণ করা হয়।
- চূড়ান্ত সিদ্ধান্তের /হস্তক্ষেপের ক্ষেত্রে স্টেকহোল্ডারদের মতামত, বৈচিত্র্যপূর্ণ চাহিদা এবং লিঙ্গ সমতার বিষয়ে উদ্বেগ পর্যাপ্তভাবে প্রতিফলিত হয় তা নিশ্চিত করার জন্য সমন্বিত প্রচেষ্টার কৌশলগত পরিকল্পনায় পরামর্শ থেকে প্রতিক্রিয়া **অন্তর্ভুক্ত করা।**
- পরামর্শ প্রক্রিয়া এবং তার ফলাফল নথিভুক্ত করা এবং স্টেকহোল্ডারদের কাছে রিপোর্ট করা। এর মধ্যে জড়িতদের সাথে যোগাযোগ করা হয়েছে এমন গুরুত্বপূর্ণ বিষয়গুলি সম্পর্কে যাদের পরামর্শ করা হয়েছে তাদের জানানো।

উৎস: জেন্ডার স্টেকহোল্ডার কনসালটেশন (ইউরোপীয় ইনস্টিটিউট ফর জেন্ডার ইকুয়ালিটি) থেকে গৃহীত।

প্রকৃতপক্ষে, প্রতিরোধ কৌশলের উন্নয়ন ও বাস্তবায়নে নারীদের অংশগ্রহণ শুধুমাত্র VAWG এবং অন্যান্য ধরনের GBV অপরাধের মধ্যে সীমাবদ্ধ থাকা উচিত নয়, বরং সকল শ্রেণী এবং অপরাধের মধ্যে সীমাবদ্ধ থাকা উচিত। এটি নিশ্চিত করতে সাহায্য করবে যে শুধুমাত্র নারী ও মেয়েদের সুনির্দিষ্ট এবং বৈচিত্র্যময় নিরাপত্তার চাহিদাগুলিই পর্যাপ্তভাবে বিবেচনা করা হয় না, বরং এই দৃষ্টিভঙ্গির ব্যবহার কার্যকরভাবে এবং দক্ষতার সাথে সাধারণভাবে অপরাধ করার সুযোগ কমাতে ব্যবহৃত হয়।

অপরাধ ও সহিংসতা প্রতিরোধের কৌশলে নারীর মতামতকে অন্তর্ভুক্ত করে, VAWG, এর কারণ, এবং নারী ও মেয়েদের, তাদের পরিবার এবং বিভিন্ন সম্প্রদায়ের উপর এর পরিণতি এবং সেইসাথে অভিযুক্ত অপরাধীদের কেমন শাস্তি হতে পারে এবং হওয়া উচিত সেই সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির সাথে পুলিশের মিলে যাওয়া প্রয়োজন। মুখোমুখি হতে পারে এবং করা উচিত।

> **“ পুলিশের বৈধতা হচ্ছে নিরপেক্ষ ও পেশাগত রায় প্রদর্শনের মাধ্যমে এবং নিরাপত্তা নিশ্চিত করতে কার্যকর সম্প্রদায়ের চাহিদার প্রতি সাড়া দেওয়া।”**
> অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (২০০৭)

একইভাবে গুরুত্বপূর্ণ হল সহিংসতার শিকার -কেন্দ্রিক পদ্ধতির প্রতি পুলিশের প্রতিশ্রুতি, অপরাধী-কেন্দ্রিক তদন্ত কৌশল এবং একটি প্রাতিষ্ঠানিক রূপান্তর প্রক্রিয়া, যা জবাবদিহিমূলক এবং অন্তর্ভুক্তিমূলক সম্পর্কে সম্প্রদায়কে নিয়মিতভাবে অবগত করা ।

সেবার তথ্য এবং কীভাবে সহিংসতার শিকা/বেঁচে থাকা ব্যক্তিরা বৈষম্য ছাড়াই সহজেই তথ্য ব্যবহার (অ্যাক্সেস) করতে পারে তা নিশ্চিত করা অন্য উপায়, কারণ এটি জনসাধারণের কাছে একটি বার্তা পাঠায় যে VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং সহায়তার সুযোগ সব সময় আছে।

মোটকথা, সাংগঠনিক সংস্কৃতির বিকাশ ও প্রচার যা বৈষম্য ছাড়াই ন্যায়বিচারের প্রবেশাধিকার নিশ্চিত করতে কাজ করে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির অগ্রাধিকার দেয় তা অপরাধ প্রতিরোধের জন্য আরো সফল হবে কারণ এটি পুলিশকে একদিকে যেমন বৈধতা প্রদান করবে এবং অন্যদিকে যে সম্প্রদায়ে পুলিশ সেবা প্রদান করতে চায় সেই সম্প্রদায়ে পুলিশের কর্মকাণ্ডের প্রতি  সমর্থন এবং চূড়ান্ত আস্থা প্রতিস্থা করতে সাহায্য করবে।

## পিয়ার টু পিয়ার গাইডেন্স (সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা)

VAWG- এর বিরুদ্ধে লড়াই করা শুধু পুলিশের দায়িত্ব নয়, আসলে VAWG প্রতিরোধ করা সমগ্র সমাজের দায়িত্ব; তবে, আপনি একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারেন। অপরাধ প্রতিরোধের বেশ কয়েকটি মূল দিক রয়েছে, যার মধ্যে একটি হল অপরাধীদের বিচারের আওতায় আনার জন্য বিদ্যমান আইনের প্রয়োগ।

একটি সুস্পষ্ট, বিশদ উপায়ে একটি পুঙ্খানুপুঙ্খ এবং জোরালো তদন্ত, প্রমাণ সনাক্তকরণ এবং সংরক্ষণের মাধ্যমে, অপরাধীর দোষী সাব্যস্ত হওয়ার এবং শাস্তি পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়। দোষী সাব্যস্ত করা এবং সাজা দেওয়া হলে সমাজকে একটি স্পষ্ট বার্তা দেবে যে VAWG এর মত অপরাধ সহ্য করা হবে না। যদিও সাজার বিষয়ে আপনার কোন নিয়ন্ত্রণ নেই, তদন্তের মানের উপর আপনার নিয়ন্ত্রণ আছে, যাতে নিশ্চিত করা যায় যে সবচেয়ে শক্তিশালী মামলাটি আদালতের ব্যবস্থার মাধ্যমে অগ্রগতির জন্য প্রসিকিউটরের কাছে উপস্থাপন করা হয়েছে।

প্রতিরোধের আরেকটি মূল দিক হল সমাধানগুলি চিহ্নিত করতে এবং প্রতিরোধ কৌশল বাস্তবায়নের জন্য সমস্যাটি বিশ্লেষণ করতে সক্ষম হওয়া। এই প্রক্রিয়ায় আপনাকে সহায়তা করার জন্য বেশ কয়েকটি মডেল ব্যবহার করা যেতে পারেঃ নীচে এর মধ্যে একটির উদাহরণ দেওয়া হল:

পুলিশ ম্যানেজাররা প্রায়ই বিশ্বাস করেন যে ভিএডব্লিউজি সংক্রান্ত অপরাধের রিপোর্টিং এর বৃদ্ধি এই ধরনের অপরাধের জন্য পুলিশের প্রতিক্রিয়ার দক্ষতার নেতিবাচক প্রতিফলন বলে মনে হলেও, প্রকৃতপক্ষে, প্রাথমিক পর্যায়ে এটিকে একটি ইতিবাচক ফলাফল হিসাবে দেখা উচিত।

নারীরা পুলিশের ওপর যত বেশি আস্থা ও বিশ্বাস রাখবে, ততই তারা ভিএডব্লিউজি অপরাধের বিষয়ে  প্রতিবেদন (রিপোর্ট) দাখিল করবে। অধিক সংখ্যায়  রিপোর্টিং (প্রতিবেদন) আপনাকে আরও তথ্য সরবরাহ করবে যা সমস্যাগুলিকে আরও কার্যকরভাবে সনাক্ত করতে আপনার সক্ষমতা বৃদ্ধি করবে যাতে আপনি যথাযথ প্রতিরোধমূলক ব্যবস্থা নিতে পারেন যা দীর্ঘমেয়াদে এই ধরণের অপরাধের হার কমাতে সাহায্য করবে।

যদি কোন প্রতিবেদন (রিপোর্ট) লিপিবদ্ধ না হয়, তাহলে  বুঝতে হবে যে কোন অপরাধ সংঘটিত হচ্ছে না এবং সেইজন্য সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের জন্য ন্যায়বিচার নিশ্চিত সম্ভব

চিত্র-১:

**সমস্যা সমাধান চক্র**




হবে না। VAWG- এর তথ্য অন্যান্য এজেন্সি থেকেও পাওয়া যাবে। উদাহরণস্বরূপ, অন্যান্য সেবা প্রদানকারীরা কি রিপোর্ট পায় যখন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা খুব ভয় পায়, অথবা বিশ্বাসের অভাব তাদের পুলিশে রিপোর্ট করতে বাধা দেয়? আপনি কিভাবে এই ধরনের তথ্যে প্রবেশাধিকার (অ্যাক্সেস) পেতে পারেন? VAWG প্রতিরোধের জন্য তথ্য আদান -প্রদানের জন্য আপনি কি অন্যান্য সংস্থার সাথে সহযোগী সম্পর্ক গড়ে তুলেছেন?

ভিএডব্লিউজি প্রতিরোধ কার্যকর করার জন্য, পুলিশ, অন্যান্য সংস্থা/সেবা প্রদানকারী এবং স্থানীয় সম্প্রদায়ের মধ্যে সহযোগিতা প্রয়োজন।

আপনার পুলিশ এলাকায় অন্য কোন সহযোগী নেটওয়ার্ক বা কমিউনিটি পার্টনারশিপ/ফোরাম বিদ্যমান আছে কি? যদি তাদের অস্তিত্ব না থাকে, তাহলে আপনাকে নাগরিক সংস্থাসহ অন্যান্য এজেন্সি এবং সেবা প্রদানকারীদের সাথে যুক্ত থাকার জন্য সক্রিয় হতে হবে, যারা আপনাকে আপনার দায়িত্বের ক্ষেত্রের মধ্যে অপরাধের সমস্যা সমাধানে সাহায্য করতে পারে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল যে আপনারা সকলেই VAWG প্রতিরোধ করার জন্য কার্যক্রম বাস্তবায়ন করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিদ্যমান এমন অংশীদারিত্ব বা সহযোগী নেটওয়ার্ক থাকতে পারে যেখানে পুলিশকে যোগদানের জন্য আমন্ত্রণ জানানো হয়নি।। অতএব, আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার তরফ থেকে সাহায্যের হাত বাড়ানো আছে যাতে আপনি সমাধানের অংশ হতে পারেন, শুধুমাত্র VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাহায্য করার ক্ষেত্রে নয়, বরং এই ধরনের অপরাধকে প্রথম থেকেই প্রতিরোধে আপনার প্রচেষ্টাকেও সহায়তা করবে।

কমিউনিটির অংশগ্রহণ (এনগেজমেন্ট) এবং পুলিশের প্রতি আস্থা ও বিশ্বাসের মধ্যে যোগসূত্র গুরুত্বপূর্ণ। এটি পুলিশকে সহযোগিতা করার জন্য জনসাধারণের বৃহত্তর ইচ্ছাকে জাগিয়ে তুলতে পারে এবং ফলস্বরূপ, গোপন তথ্য সংগ্রহের উন্নতি হয় - তাই সমস্যা বিশ্লেষণের জন্য তথ্য সংগ্রহের উন্নতিতে সহায়তা করে যা সমস্ত অপরাধের বিরুদ্ধে প্রতিরোধে সহায়তা করতে পারে।

**চিত্র-২:**

**নারীর প্রতি সহিংসতা বোঝা**[8]

*সমস্যাটি কার্যকরভাবে বিশ্লেষণ করতে আপনাকে সক্ষম করতে, আপনার সাম্প্রতিক এবং সঠিক উভয় তথ্যের প্রয়োজন হবে।*

এই প্রক্রিয়ায় বুদ্ধিমত্তা খুবই মূল্যবান এবং পুলিশের উপর স্থানীয় সম্প্রদায়ের আস্থা ও বিশ্বাস যত বেশি জন্মাবে, ততই আপনার প্রাসঙ্গিক বুদ্ধিমত্তা পাওয়ার সম্ভাবনা বেশি হবে। আপনার বিবেচনার জন্য এখানে কিছু বিষয় উল্লেখ করা হল:

- আপনি কিভাবে নিশ্চিত করবেন যে শুধু VAWG-এর অপরাধের ক্ষেত্রেই নয়, এমন ঘটনা যা অপরাধের সমান নয় সেই ক্ষেত্রে নির্ভুল রেকর্ড সংরক্ষণ করা হয়েছে কি না?
- আপনার এখতিয়ারের মধ্যে কোন ধরনের আপত্তি-কর ধারা প্রচলিত আছে তা প্রতিষ্ঠার জন্য আপনি কতবার VAWG অপরাধ বিশ্লেষণ করেন?
- যদি আপনি সমস্যা সম্পর্কে সচেতন না হন এবং আপনার সীমিত সম্পদগুলি কার্যকরভাবে ব্যবহার করতে অক্ষম হন তবে আপনি কীভাবে ভবিষ্যতের অপরাধ প্রতিরোধ করতে পারবেন?
- আপনার এলাকায় VAWG অপরাধের তথ্য কিভাবে জাতীয়ভাবে সংগৃহীত তথ্যের সাথে তুলনীয়?
- স্থানীয় সম্প্রদায়ের বৈচিত্র্য VAWG অপরাধ সংগ-ঠনের এবং প্রতিবেদন (রিপোর্ট) লিপিবদ্ধ করার উপর কীভাবে প্রভাব ফেলে?
- আপনার সম্প্রদায়ের সাংস্কৃতিক রূপ কেমন?

**নারী ও মেয়েদের প্রতি সহিংসতার সম্ভাবনা বৃদ্ধির কারণ**




**নারী ও মেয়েদের প্রতি সহিংসতার মূল কারণ**

**নির্দিষ্ট প্রেক্ষাপটে লিঙ্গ অসমতা ও বৈষম্য সংগঠিত হয়-**

- নীতি, আইনি কাঠামো এবং সাংগঠনিক কাঠামোসহ অর্থনৈতিক, রাজনৈতিক এবং সামাজিক কারণ, সিস্টেম এবং নিয়ম এর দ্বারা
- ঐতিহাসিক কারণ (যেমন সমাজের গভীর যুক্ত থাকা সাংস্কৃতিক অনুশীলন, যুদ্ধ, উপনিবেশকতা) এর দ্বারা
- বয়স, আয়, অবস্থান, জাতিসত্তা, অক্ষমতা, লিঙ্গ, পরিচয়, যৌন অভিমুখীতা এবং অন্যান্য বৈশিষ্ট্যের ভিত্তিতে কাঠামোগত পার্থক্য দ্বারা ।

8 A Framework to underpin Action to Prevent Violence against Women (UN Women, 2015), https://www.unwomen.org/en/digital-library/publications/2015/11/prevention-framework



ছবি সৌজন্যে UNMIT/Bernardino Soares (Timor-Leste)

উদাহরণ হিসেবে ইউকে কলেজ অফ পুলিশিং কনফিডেন্স সাইকেলটি (চিত্র-৩)[৫] দেখুন, যেখানে কিভাবে কমিউনিটি অংশগ্রহণ (এনগেজমেন্ট) এবং পুলিশের প্রতি বিশ্বাস ও আস্থা বৃদ্ধির মধ্যে যোগসূত্রকে একটি চক্রাকার প্রক্রিয়া হিসেবে দেখানো হয়েছে।

***অংশগ্রহণের উপর অতিরিক্ত তথ্য সপ্তম অধ্যায়: ‹সমর্থন এবং সহায়তা› এবং অষ্টম অধ্যায়ঃ ‘বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়’ এ পাওয়া যাবে***

আপনার নিজের কর্মীদেরসহ কারো বিরুদ্ধে কোন ধরণের সহিংসতা সহ্য করা হবে না এই সংক্রান্ত কি বার্তা প্রদান করেছেন? VAWG প্রতিরোধে পুরুষ এবং ছেলেদের মূল ভূমিকা রাখার জন্য আপনি আপনার কর্মীদের এবং বৃহত্তর সম্প্রদায়কে কোন বার্তা প্রদান করেছেন? একজন নেতা হিসাবে, আপনাকে স্পষ্ট এবং দ্ব্যর্থহীন বার্তা পাঠাতে হবে যে VAWG এর অপরাধ গুরুত্ব সহকারে নেওয়া হবে। কেন পুরুষ কর্মী এবং সম্প্রদায়ের পুরুষ সদস্যদের চিহ্নিত করার বিষয়টি বিবেচনা করবেন না যারা ‹পুরুষ চ্যাম্পিয়ন› হিসেবে কাজ করতে পারে এবং তাদের সহকর্মীদের প্রভাবিত করতে পারে কেন VAWG কে গুরুত্ব সহকারে বিবেচনা হবে?




Photo courtesy of Graham Goulden retired Chief Investigator with Police Scotland

৫ ‘Engagement and Communication Authorised Professional Practice’ (College of Policing, UK).

ভিএডব্লিউজিকে প্রতিরোধ করার জন্য পুরুষ এবং ছেলেদের অন্তর্ভুক্ত করা উভয়ই একটি চ্যালেঞ্জিং এবং ফলপ্রসূ প্রচেষ্টা। নেতৃত্বের মাধ্যমে উদাহরণের সৃষ্টি করা এবং সামাজিক ও সাংস্কৃতিক নিয়মাবলী কীভাবে এই ধরনের সহিংসতার ধারণাকে প্রভাবিত করতে পারে তা বুঝতে সক্ষম হওয়ার জন্য প্রতিশ্রুতি প্রয়োজন।

এর অনুচ্ছেদ ১- ‹পুরুষদের অংশগ্রহণ› -এ অপরাধী তদন্ত, মাদক তদন্ত, প্রশিক্ষণ এবং অপরাধ প্রতিরোধে বিশেষজ্ঞ একজন তদন্তকারী হিসাবে ত্রিশ বছরের চাকরির অভিজ্ঞতা সম্পন্ন স্কটল্যান্ডের অবসরপ্রাপ্ত প্রধান তদন্তকারী গ্রাহাম গলডেন, VAWG প্রতিরোধে সাহায্য করতে পুরুষরা যে পদক্ষেপ নিতে পারে সে বিষয়ে নির্দেশিকা প্রদান করেছেন।

চিত্র-৩[৬]

**ইউকে কলেজ অফ পুলিশিং কনফিডেন্স চক্র**




৬ See: https://www.app.college.police.uk/app-content/engagement-and-communication/engaging-with-communities/

## ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করার সময় আপনার দলের দক্ষতার দুর্বলতা/ঘাটতিগুলি চিহ্নিত করা দিয়ে শুরু হয়

অপরাধ ও সহিংসতা রোধে কার্যকর কৌশলের অভাবের সুদূ-রপ্রসারী প্রভাব রয়েছে। VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা গুরুতর এবং দীর্ঘস্থায়ী স্বাস্থ্য সমস্যা এবং এমনকি প্রাণহানির উচ্চ ঝুঁকিতে রয়েছে। সামাজিক পর্যায়ে, ভিএডব্লি-উজি সামাজিক কলঙ্ক, প্রত্যাখ্যান, পরিবারের ভাঙ্গন, গৃহহীনতা, বিতাড়ন এবং নিস্বতার দিকে ঠেলে দিতে পারে।[৭] উপরন্তু, গবেষণায় দেখা গেছে যে শিশুরা সহিংসতার সাথে বেড়ে উঠছে ভবিষ্যতে নিজেরাই ভিকটিম/বেঁচে থাকা বা VAWG এর মতো অপরাধের অপরাধী হওয়ার সম্ভাবনা বেশি।[৮]

ভিএডব্লিউজি -র প্রতি সাড়া দেবার সময় পুলিশের একটি অকার্যকর

*একজন ব্যক্তির সামাজিক পরিচয়-যেমন প্রতিবন্ধী ব্যক্তি বা সংখ্যালঘু গোষ্ঠী থেকে আসা, অবস্থার পরিপ্রেক্ষিতে পরিস্থিতির সাথে শিকার হতে পারে, যেমন সশস্ত্র সংঘর্ষের কারণে VAWG এর ঝুঁকির মাত্রা বৃদ্ধি করতে পারে।*

প্রতিক্রিয়া ভিএডব্লিউজি -র প্রকৃতি, এর কারণ, পরিণতি এবং এটি কীভাবে নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে সে সম্পর্কে স্পষ্ট অভাবের কারণে হতে পারে। । পক্ষপাত এবং বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপ) দ্বারা পরিচালিত দলীয় দক্ষতার দুর্বলতারগুলি কেবল নারী ও মেয়েদের উপর লিঙ্গগত সহিংসতা এবং অপরাধের প্রভাব বোঝার জন্য নয়, বরং সাধারণভাবে সমাজে উপর এর প্রভাব বুঝতেও সহায়তা করে।

ফলস্বরুপ, এটা গুরুত্বপূর্ণ যে সমস্ত স্তরে পুলিশ নেতৃত্ব যেন বুঝতে পারে প্রতিরোধ কৌশলগুলিকে অগ্রাধিকার ভিত্তিক বিনিয়োগ শুধু মাত্র পুলিশিং বিষয়েই জন্য নয়, বরং আর্থ-সামাজিক বিষয়কে মাথায় রেখে।

মিশরে, একটি জাতীয় গবেষণায় এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে, সহিংসতার শিকার নারীদের জন্য মোট খরচ বছরে ৭৮৫ মিলিয়ন মিশরীয় পাউন্ড (LE) এবং ২০০৭ থেকে ২০১০ সাল পর্যন্ত তিন বছরের খরচ তিন বিলিয়ন মিশরীয় পাউন্ড (LE) ছাড়িয়ে গেছে।[৯]

কেনিয়ায় অনুরূপ একটি গবেষণায় দেখা গেছে যে সরকারি খরচের বাইরে চিকিৎসা সংক্রান্ত খরচ (বেঁচে থাকা ব্যক্তি বা তাদের পরিবার নিজস্ব আর্থিক সম্পদ থেকে অর্থ প্রদান করে) এবং আঘাতের ফলে উৎপাদনশীলতায় ক্ষতির মোট আনুমানিক পরিমান ৪৬ বিলিয়ন কেনিয়ান ডলার (কেইএস) কেনিয়ার মোট দেশজ উৎপাদনের প্রায় ১.১ শতাংশ।[১০] তাছাড়া, বিশ্বব্যাংক এর রিপোর্ট অনুসারে, কিছু দেশে নারীর প্রতি সহিংসতার বিষয়ে মোট খরচের পরিমান সেই দেশের মোট দেশীয় উৎপাদনের ৩.৭% যা সেই সমস্ত দেশের শিক্ষা খাতের ব্যয়ের দ্বিগুণেরও বেশি।[১১]

২০১৮ সালে, ইউএনএফপিএ আরব অঞ্চলে পারিবারিক সহিংসতার অর্থনৈতিক মূল্য নির্ধারণের নির্দেশিকা তৈরির অংশ হিসাবে একটি তথ্যপূর্ণ চিত্র তৈরি করেছে যাতে সরকার এবং তাদের অংশীদাররা বুঝতে পারে যে কিভাবে একটি সামাজিক ঘটনা হিসেবে VAWG-এর গুরুতর অর্থনৈতিক ও সামাজিক প্রভাব রয়েছে।[১২]

২০১৯ সালে প্রস্তুতকৃত ইউএনএফপিএ এর নির্দেশিকা থেকে উপরের চিত্রটি নির্দেশ কীভাবে পারিবারিক সহিংসতা নারিদের স্বাস্থ্য, শিক্ষা এবং কাজের সুযোগের উপর বিভিন্ন ধরণের প্রভাব ফেলে।

৭ 'Gender-based Violence Resource Pack: A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders' (UN Women, 2019).
৮ Ending Violence Against Women: From Words to Action. Study of the Secretary-General (United Nations publication, Sales No. E.06.IV.8).

৯ 'A Study for Creating a Multidisciplinary Response Mechanism to Violence Against Women in Egypt' (UNODC, 2015).
১০ 'Gender-based Violence Resource Pack: A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders (UN Women, 2019).
১১ Gender-Based Violence (Violence Against Women and Girls), (The World Bank, April 2019) at: https://www.worldbank.org/en/topic/socialsustainability/brief/violence-against-women-and-girls
১২Guidelines to Estimate the Economic Cost of Domestic Violence in the Arab Region' (UNFPA, 2019) at: see: https://www.unescwa.org/sites/www.unescwa.org/files/publications/files/guidelines-estimate-economic-cost-domestic-violence-arab-region-english_0.pdf Also, see 'Estimating Costs of Marital Violence in the Arab Region Operational Model (UN Women E/ESCWA/ECW/2017/Technical Paper 4, 18 July 2017).

**চিত্র-৪:**

**আরব অঞ্চলে পারিবারিক সহিংসতা মোকাবেলায় অনুমিত খরচের পরিমান**[১৩]




উদাহরণস্বরূপ বলা যায় যে, চিত্রটির মাধ্যমে যে বিষয়টি উপস্থাপন করা হয়েছে সেটি হল পারিবারিক সহিংসতার শিকার হওয়ার ফলে কিভাবে নারীর কর্মসংস্থানের সুযোগ গ্রহণের ক্ষমতা এবং তাদের কর্মক্ষমতা বাধাগ্রস্ত হয় যার ফলে উৎপাদনশীলতা হ্রাস পায় যা জাতীয় অর্থনীতিতে প্রভাব ফেলে।[১৪]

রাজনৈতিক ও অর্থনৈতিক জীবন থেকে নারী ও মেয়েদের বাদ দেওয়ার ক্ষেত্রে VAWG প্রধান ভূমিকা পালন করে। এটি সমগ্র সম্প্রদায়কে প্রভাবিত করে। যে সমস্ত গবেষণা ইউএনএফপিএ এর ২০১৯ সালের নির্দেশিকায় অন্তর্ভুক্ত হয়েছে সেগুলো নির্দেশ করে যে নারীদের অর্থনৈতিক ক্ষমতায়ন এবং অন্তর্ভুক্তি সমগ্র দেশের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে সহায়তা করে।

এখানে উল্লেখ করা গুরুত্বপূর্ণ যে VAWG, বিশেষভাবে পারিবারিক সহিংসতা, মানসিক এবং শারীরিক উভয় ক্ষেত্রেই অস্থায়ী বা স্থায়ী অক্ষমতা সৃষ্টি করতে পারে। এটি প্রত্যক্ষ ও পরোক্ষভাবে সহিংসতার শিকার হওয়ার বহু বছর পরেও একজন নারী বা মেয়েকে শিক্ষা, কর্মসংস্থান এবং অন্যান্য সুযোগ -সুবিধায় প্র-বেশাধিকার (অ্যাক্সেস) পাবার এবং উপভোগ করার সুযোগকে প্রভাবিত করতে পারে যার ফলে তারা সামাজিক বৈষম্যসহ অন্যান্য সকল প্রতিবন্ধকতার সম্মুখীন হয়।[১৫]

ইউএনএফপিএ আরও যোগ করেছে যে এই ধরনের সহিংসতা শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার উপর দীর্ঘমেয়াদী প্রভাব ফেলে, তাদের ভবিষ্যতের অর্থনৈতিক প্রক্রিয়ায় অংশগ্রহণকে সীমিত করতে পারে,

১৩ See: https://www.nuigalway.ie/media/researchcentres/womensstudies/womenstudies2020/Guidelines-to-estimate-the-economic-cost-of-domestic-violence-in-the-Arab-Region.pdf
১৪ Ibid

১৫ See further: Humanity & Inclusion at: https://www.hi-us.org/

যা সার্বিক ভাবে জাতীয় অর্থনীতির জন্য উল্লেখযোগ্য পরমান খরচের চাপ সৃষ্ট করতে হয়। প্রতিরোধ, সুরক্ষা, প্রসিকিউশন এবং ক্ষতিপূরণে বিনিয়োগ বৃদ্ধি করলে প্রকৃতপক্ষে সরকারের জন্য উল্লেখযোগ্য পরমান সঞ্চয় হবে।

শিশুদের উপর ভিএডব্লিউজি এর প্রত্যক্ষ বা পরোক্ষ প্রভাব বোঝার ক্ষেত্রে, শৈশবের প্রতিকূল অভিজ্ঞতা (অ্যাডভারস চাইল্ডহুড এক্স-পেরিয়েন্স (‹এসিই›) সম্পর্কিত মার্কিন গবেষণার ফলাফলগুলি পরীক্ষা করা দরকারী। এই ফলাফলগুলো ইউকে জুড়ে বেশ কয়েকটি পুলিশ বাহিনীর মধ্যে প্রতিরোধের উদ্যোগ তৈরির জন্য প্রস্তুত এবং ব্যবহার করা হচ্ছে (দেখুন বক্স ২)।

এসিই স্টাডি পদ্ধতির সাম্প্রতিক পর্যালোচনা (২০১৯) যোগ করেছে যে, এসিই প্রতিরোধের জন্য সবচেয়ে গুরুত্বপূর্ণ যে, এসিই প্রকাশ সম্পর্কে আরও ব্যাপক বোঝাপড়া অর্জনের জন্য একাধিক অপরিহার্য পরিষেবাগুলির কাজের সাথে সামঞ্জস্যপূর্ণ, তাদের পরিণতি, এবং এই এলাকায় কার্যকর প্রতিরোধ প্রচেষ্টা প্রাত্যহিক এবং চলমান পর্যবেক্ষণ। পুলিশ এবং অন্যান্য অপরিহার্য সেবা প্রদানকারীর প্রতিরোধের প্রচেষ্টা অগ্রগতি জানা করা এবং সেই

বক্স-২

**শৈশবের প্রতিকূল অভিজ্ঞতা (ACES) কি?**

এসিই হল শৈশবের বিরূপ অভিজ্ঞতা যা শিশুদের উন্নয়নশীল মস্তিষ্ককে ক্ষতিগ্রস্ত করে এবং তারা কীভাবে মানসিক চাপে সাড়া দেয় তার পরিবর্তন ঘটায়। এসিই একটি যুবকের রোগ প্রতিরোধ ব্যবস্থাকে এত গভীরভাবে ক্ষতিগ্রস্ত করে যে এর প্রভাব কয়েক দশক পরে দেখা যায়। অনেক উপায়ে, যখন মন ভুলে যেতে পারে, শরীর তা ভুলতে পারে না।

দীর্ঘস্থায়ী রোগ, বেশিরভাগ মানসিক অসুস্থতার , এবং সমাজে বেশিরভাগ সহিংসতার মূলে রয়েছে এসিই।




থেকে ছবি প্রতিকূল শৈশব অভিজ্ঞতা (এসিই) দাতব্য ওয়েভ ট্রাস্টের সৌজন্যে, দেখুন:
https://www.wavetrust.org/adverse-childhood-experiences

" ACEs এর ধারণাটি এসেছে "রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধ কেন্দ্র (CDC) পরিচালিত কায়জার অ্যাডভার্স চাইল্ডহুড এক্সপেরিয়েন্স, যেটিকে একটি যুগান্তকারী জনস্বাস্থ্য গবেষণা হিসেবে বিবেচনা করা হয় যেখানে থেকে যেখানে আবিষ্কার করা হয়েছে যে শৈশবে ট্রমার শিকাররা প্রাপ্তবয়স্ক বয়সে দীর্ঘস্থায়ী রোগ, বিষণ্ণতা এবং অন্যান্য মানসিক রোগ, সহিংসতা এবং সহিংসতার শিকার হওয়া, পাশাপাশি আর্থিক এবং সামাজিক সমস্যায় ভোগায়।

গবেষকরা যে ১০তি এসিই পরিমাপ করেছেন সেগুলো হল:

- শারীরিক, যৌন এবং মৌখিক নির্যাতন
- শারীরিক এবং মানসিক অবহেলা
- পরিবারের একজন সদস্য যিনি:
  - হতাশ বা অন্য মানসিক রোগে আক্রান্ত
  - অ্যালকোহল বা অন্য কোন পদার্থের প্রতি আসক্ত
  - জেলের মধ্যে অবস্থান করে
- মাকে নির্যাতনের শিকার হতে দেখা (সাক্ষী হওয়া)
- বিচ্ছেদ, বিবাহবিচ্ছেদ বা অন্যান্য কারণে পিতামাতাকে হারানো

এসিই গবেষণার পরে, অন্যান্য এসিই জরিপগুলিতে এসিই এর ধরন সম্প্রসারিত হয়েছে যাতে বর্ণবাদ, লিঙ্গ বৈষম্য, ভাইবোনকে নির্যাতনের শিকার হতে দেখা (সাক্ষী হওয়া), বাড়ির বাইরে সহিংসতার শিকার হতে দেখা (সাক্ষী হওয়া), বাবাকে-মায়ের দ্বারা নির্যাতিত হতে দেখা, সহকর্মী বা প্রাপ্তবয়স্কদের দ্বারা নির্যাতিত হওয়া , পালক পিতা-মাতার কাছে বড় ব্যবস্থার সাথে জড়িত হওয়া, যুদ্ধক্ষেত্রে বসবাস করা, অনিরাপদ প্রতিবেশীর সাথে বসবাস করা, পরিবারের সদস্যকে নির্বাসনে হারানো ইত্যাদিকে অন্তর্ভুক্ত করে হয়েছে।

সহিংসতার শিকার হওয়া এবং সহিংসতার শিকার হতে দেখাদের (সাক্ষী হওয়া) অন্তর্ভুক্তি যে বিষয়টি নির্দেশ করে সেটি হল VAWG- এর প্রতি মনোযোগ সমাজে ACE- এর হ্রাসকে সহায়তা করতে পারে এবং সকল সম্প্রদায়ে সহিংসতা হ্রাসে অবদান রাখতে পারে। এসিই সম্পর্কে পুলিশের সচেতনতা এবং কীভাবে সেগুলি হ্রাস করা যায় তা সর্বদা যে কোনও সহিংসতা প্রতিরোধের কৌশলের মধ্যে আলোচনা করা উচিত।

আপনার সম্প্রদায়ের এসিই মোকাবেলায় বিভিন্ন সংস্থার সাথে অংশীদারিত্বের সাথে কাজ করার মাধ্যমে এবং আরও প্রাণবন্ত, নিরাপদ এবং স্বাস্থ্যকর (সুন্দর) সমাজ প্রতিষ্ঠায় সহায়তা করার লক্ষ্যে এসিইগুলিকে কমিয়ে আনা এবং প্রতিরোধ করা যেতে পারে। ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (‹ডব্লিউএইচও›) «কী কাজ করে» এই সংক্রান্ত ব্রিফিংয়ে হিংসা প্রতিরোধের চাবিকাঠি হিসেবে ‹নিরাপদ, সহায়ক পিতামাতার সম্পর্কের» উপর জোড় দিয়েছে ।

যদিও সন্তান প্রতিপালনে (প্যারেন্টিংকে) সহায়তা করাকে পুলিশিংয়ের কাজ মনে না করা হলেও, VAWG- এর উপর মনোযোগ করা তাদের কাজের মধ্যে পড়ে, এবং তাই অফিসারদের ACE স্টাডি এবং কিভাবে এই ধরনের ফোকাস সামগ্রিকভাবে পুলিশিংকে সহায়তা করবে সেই সম্পর্কে সচেতন হওয়া উচিত।

উৎস: গ্রাহাম গল্ডেন ফর কাল্টিভেট মাইন্ডস ইউকে। এছাড়াও, দেখুন বিশ্ব স্বাস্থ্য সংস্থা সহিংসতা প্রতিরোধ: দ্য এভিডেন্স https://www.who.int/publications/i/item/violence-prevention-the-evidence এবং ACES খুব উচ্চ খবর https://acestoohigh.com/

প্রচেষ্টার প্রভাব মূল্যায়ন করা সমান গুরুত্বপূর্ণ।[১৬]

এর মানে হল যে পুলিশের কেবল VAWG এর প্রকৃতি, এর কারণ এবং ACEs এর পরিণতি এবং এটি কিভাবে নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসমভাবে প্রভাবিত করে তা বোঝার জন্য সংবেদনশীল হওয়া উচিত নয়, বরং প্রতিরোধ প্রচেষ্টার অগ্রগতি ট্র্যাক করার জন্য প্রাতিষ্ঠানিক পর্যবেক্ষণ ব্যবস্থাইয় রিপোর্টিংয়ে সক্রিয় এবং পরিশ্রমী হওয়া উচিত।

১২. 'Reinforcing community and local security structures in Suzak, Kyrgyzstan' (Saferworld, 2015), at: https://www.saferworld.org.uk/en-stories-of-change/reinforcing-community-and-local-security-structures-in-suzak-kyrgyzstan).

১৩. *Police Integrity Toolkit* (The Geneva Centre for Security Sector Governance, 2012), at: https://www.dcaf.ch/sites/default/files/publications/documents/Toolkit_ENG_screen.pdf

১৪. Logar, R., 'The Austrian Model of Intervention in Cases of Domestic Violence', Paper presented at the UN Expert Group Meeting: Violence against Women: Good practice in Combating and Eliminating Violence against Women (Vienna, 17–20 May 2005), at: https://www.un.org/womenwatch/daw/egm/vaw-gp-2005/docs/experts/logar.dv.pdf

১৫. Ending Violence against Women and Girls: The world's best laws and policies' (Future Policy Award, 2014) (UN Women, World Future Council and Inter-Parliamentary Union), at: https://www.worldfuturecouncil.org/wp-content/uploads/2016/01/WFC_2014_Future_Policy_Award_En.pdf

১৬. 'Eliminating Violence Against Women in the Asia Pacific: It's all of our responsibility', (UN Women), at: https://www.aidsdatahub.org/sites/default/files/publication/UN_Women_2015_Eliminating_violence_against_women_in_the_Asia_Pacific.pdf

১৭. Ten Years of Austrian Anti-Violence Legislation: 2017 International Conference in the Context of the Council of Europe Campaign to Combat Violence Against Women, Including Domestic Violence (Vienna and St. Pölten, Austria, 5 to 7 November 2007), at: https://www.interventionsstelle-wien.at/download/?id=406

১৮. 'A Study for Creating a Multidisciplinary Response Mechanism to Violence Against Women in Egypt' (UNODC, 2015).

১৯. 'Engagement and Communication Authorised Professional Practice' (College of Policing, UK), at: https://www.app.college.police.uk/app-content/engagement-and-communication/engaging-with-communities

২০. Gender-Based Violence (Violence Against Women and Girls) (The World Bank, 2019), at: https://www.worldbank.org/en/topic/socialdevelopment/brief/violence-against-women-and-girls

২১. Guidelines to Estimate the Economic Cost of Domestic Violence in the Arab Region (UNFPA, 2019), at: https://www.unescwa.org/sites/www.unescwa.org/files/publications/files/guidelines-estimate-economic-cost-domestic-violence-arab-region-english_0.pdf

২২. 'Estimating Costs of Marital Violence in the Arab Region: Operational Model' (UN Women E/ESCWA/ECW/2017/Technical Paper 4, 18 July 2017), at: https://arabstates.unwomen.org/en/digital-library/publications/2017/all/operational-model

২৩. 'Understanding local security councils in two minutes', Coginta for Police Reforms, at: https://www.youtube.com/watch?v=7fGF0_nteGA

২৪. Qu'est ce qu'un CLSPD - CISPD ? Government of France, at: http://www.isere.gouv.fr/Politiques-publiques/Securites/Securite-publique/Prevention-de-la-delinquance2/Qu-est-ce-qu-un-CLSPD-CISPD

২৫. 'Guide pratique conseil local de sécurité et de prévention de la délinquance en république de guinée (Coginta for Police Reform, 2017), at: http://www.coginta.org/uploads/documents/cedd246fbc7d133bcf-29135bec8a66d561202ae4.pdf

২৬. Fernandez, M., Piaget, K., Hernandez, T., and Berthoud, S., (2017), 'Decentralisation of Security Governance: Facilitator of a Human Rights-based Approach (HRBA) to SSR? *ISSAT* HRBA Working Group Paper 3, at: https://issat.dcaf.ch/download/111714/2027474/HRBA%20Working%20Group%20Paper%203.pdf

২৭. Intersectionality and the inclusive approach to dealing with gender-based violence: A Position Paper from Women Against Violence Europe (WAVE, 2018) at: http://fileserver.wave-network.org/researchreports/WAVE%20_positionpaper_intersectionality2018.pdf

২৮. World Health Organization, 'Violence Prevention: The Evidence', at: https://www.who.int/publications/i/item/violence-prevention-the-evidence

২৯. ACES too High News, see: https://acestoohigh.com/

৩০. Martinez Calvo. S, Adverse Childhood Experiences (ACEs), at: https://www.pacesconnection.com/blog/the-70-30-campaign

৩১. 'Combating Violence against Women: Minimum Standards for Support Services' (Directorate General of Human Rights and Legal Affairs, Council of Europe, Strasbourg, 2008), at: https://www.coe.int/t/dg2/equality/domesticviolencecampaign/Source/EG-VAW-CONF(2007)Study%20rev.en.pdf

৩২. 'Analytical study of the results of the 4th round of monitoring the implementation of Recommendation Rec (2002) 5 on the protection of women against violence in Council of Europe member states' (Council of Europe, 2014), at: https://rm.coe.int/16805915e9

৩৩. What Is G.R.E.A.T.? See: https://www.great-online.org/GREAT-Home

৩৪. School-based Violence Prevention: A Practical Handbook (World Health Organization, Geneva, 2019), see: https://apps.who.int/iris/bitstream/handle/10665/324930/9789241515542-eng.pdf?sequence=1&isAllowed=y

৩৫. 'Preventing Adverse Childhood Experiences (ACEs): Leveraging the Best Available Evidence', (Division of Violence Prevention National Center for Injury Prevention and Control Centers for Disease Control and Prevention Atlanta, Georgia, 2019), at: https://www.cdc.gov/violenceprevention/pdf/preventingACES-508.pdf

৩৬. Project Tool 130: Checklist on problem resolution using the SARA model in UNPOL Gender Toolkit Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Compendium of Project Tools (2015), at: http://repository.un.org/bitstream/handle/11176/387374/United%20Nations%20Police%20Gender%20Toolkit%20Compendium%20of%20Project%20Tools.pdf?sequence=55&isAllowed=y

# ৮

# প্রাথমিক যোগাযোগ

*“জবাবদিহিতা বৃদ্ধির একটি ইতিবাচক পদক্ষেপ হলো ধর্ষণকে সর্বজনীনভাবে অবৈধ ঘোষণা করা। বর্তমানে পৃথিবীর অর্ধেকেরও বেশি দেশে এখনো এমন কোন আইন নেই যা সুস্পষ্টভাবে বৈবাহিক ধর্ষণকে অপরাধ বলে চিহ্নিত করে বা সম্মতির নীতির উপর ভিত্তি করে প্রণীত হয়েছে। ধর্ষণকে অপরাধ বলে চিহ্নিত করার পাশাপাশি,  সহিংসতার শিকার ব্যক্তিকে প্রতিক্রিয়ার কেন্দ্রবিন্দুতে রাখা এবং ধর্ষকদের জবাবদিহিতার আওতায় আনার জন্য আমাদের অনেক ভালো পদক্ষেপ গ্রহন করতে হবে। এর অর্থ হল এই অপরাধগুলি তদন্ত করার জন্য আইন প্রয়োগকারী কর্মকর্তাদের ক্ষমতাকে শক্তিশালী করা এবং ফৌজদারি বিচার প্রক্রিয়ার মাধ্যমে  সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তিদের, বিশেষত প্রান্তিক নারীদের সহায়তা করা, আইনি সহায়তা, পুলিশ এবং ন্যায়বিচার পরিষেবাগুলির পাশাপাশি স্বাস্থ্য এবং সামাজিক পরিষেবাদিতে প্রবেশাধিকার নিশ্চিত করা।*

Phumzile Mlambo-Ngcuka, জাতিসংঘ নির্বাহী পরিচালক

# এই অধ্যায়ের মূল উদ্দেশ্য হল

**সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের কল্যাণের প্রতি দায়বদ্ধতা প্রদর্শন করে, তাদের প্রতি সমর্থন প্রদর্শন করা, এবং তাদের ন্যায়বিচারের পথ বৈষম্যমূলক বা পক্ষপাতহীন হবে এটার নিশ্চয়তা প্রদানের মাধ্যমে পুলিশ নারী ও মেয়েদের ভিএডব্লিউজি অপরাধের রিপোর্টিংয়ে উৎসাহিত করেছে।**

## এই অধ্যায়ের মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ

- *প্রথম প্রতিক্রিয়ার* নির্দেশনা প্রাসঙ্গিক কর্মকর্তাদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বৈচিত্র্যপূর্ণ সুরক্ষা এবং সহায়তার প্রয়োজন মেটাতে সাহায্য করবে;
- বর্তমান দৃশ্যকল্পের বাইরেও এটা নিশ্চিত করতে হবে যে সাহায্য কেবল দৃষ্টান্তে নয় বরং দীর্ঘমেয়াদেও প্রদান করা হয়;
- লিঙ্গ পক্ষপাত পরিত্যাগ করে বিচার নিশ্চিত করা হলে একজন সহিংসতার শিকার /বেঁচে যাওয়া ব্যক্তিকে তদন্তে সহযোগিতা করতে সাহায্য করা ;
- সহিংসতা একজন সহিংসটার শিকার/বেঁচে থাকা ব্যক্তির উপর কি ধরণের মানুষিক আঘাত তৈরি করে, তাদের সাথে জড়িত থেকে এই প্রভাব সম্পর্কে ভালভাবে বোঝার প্রচেষ্টা গুরুত্ব বহন করে;;
- *প্রথম প্রতিক্রিয়া জানানোর সময় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা পুলিশের জন্য প্রথম অগ্রাধিকার হবে।*
- একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যে সেবার মান পান তা সম্পূর্ণভাবে নির্ভর করছে প্রতিক্রিয়া জানানো পুলিশ কর্মকর্তার সহানুভূতি, বোঝাপড়া এবং প্রতিশ্রুতির উপর।



# ভূমিকা

**সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের বিচার ব্যবস্থার সঙ্গে ইতিবাচক প্রাথমিক যোগাযোগের অভিজ্ঞতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। সকল নারীদের জন্য পরিষেবাগুলি উপলব্ধ এবং অ্যাক্সেসযোগ্য হতে হবে।[১] ইএসপির মতে, প্রাথমিক যোগাযোগের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান হল পুলিশ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সামনে এই বিষয়টি উপস্থাপন করা যে তারা ন্যায়বিচার নিশ্চিত করাসহ বিচার ব্যবস্থার সাথে জড়িত সকলে তার স্বাস্থ্য ও নিরাপত্তা নিশ্চিতের জন্য প্রতিশ্রুতিবদ্ধ, তার অভিযোগ গুরুত্ব সহকারে দেখবে, তার বিষয়টি (গল্প) শুনবে এবং তাকে এই নিশ্চয়তা প্রদান করবে যে ন্যায় বিচার পাবার ক্ষেত্রে তাকে সম্পূর্ণ সহায়তা প্রদান করা হবে।[২]**

ছবি সৌজন্যে UNMIT/মার্টিন পেরেট (টিমর-লেস্টে)

পরিচালনা (অপারেশনাল) কমান্ডসহ পুলিশ নেতৃত্বকে নিশ্চিত করতে হবে যে VAWG- এর ক্ষেত্রে প্রথম প্রতিক্রিয়া জানানো কর্মকর্তা বা ফার্স্ট রেসপন্ডারদের জন্য সাংগঠনিক কাঠামো এমন ভাবে পরিকল্পনা করা হবে যা স্বাভাবিক ভাবে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সুস্বাস্থ্য রক্ষার জন্য রক্ষার জন্য কাজ করবে এবং এটি একটি কার্যকর এবং পেশাগতভাবে পরিচালিত তদন্তের সূচনা পয়েন্ট।

এই লক্ষ্যে, পুলিশ নেতৃত্ব যারা ভিএডব্লিউজি (VAWG) নিয়ে কাজ করা কর্মকর্তাদের পরিচালনা করেন তাদের পরিচালনা সংক্রান্ত স্বাধীনতা প্রয়োগ করে অবস্থার ধারণা সম্পর্কে যে কর্মীরা প্রথম প্রতিক্রিয়া (**ফার্স্ট রেসপন্ডার)** জানাবে তাদের সেই ধারণা অনুযায়ী নির্দেশনা প্রদান করা। এটি নিশ্চিত করার জন্য যে তারা পর্যাপ্তভাবে তাৎক্ষনিক নিরাপত্তা এবং ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারী ও মেয়েদের অবস্থা, আইনি সহায়তা এবং শারীরিক বা মানসিক ক্ষমতা নির্বিশেষে বিভিন্ন প্রয়োজন মোকাবেলা করছে।

> **"যদিও নারী ও মেয়েরা সর্বজনীনভাবে লিঙ্গ ভিত্তিক সহিংসতার (জিবিভি) অভিজ্ঞতা লাভ করে, আদিবাসী এবং সংখ্যালঘু নারী ও মেয়েদের জন্য এটি একটি দ্বৈত ট্র্যাজেডি। বেশ কয়েকটি দেশে, স্বতন্ত্র জীবনধারা, সংস্কৃতি এবং জীবনযাপনের একটি স্বতন্ত্র জনগোষ্ঠী হিসাবে তাদের পরিচয়ের আইনগত স্বীকৃতির অভাব রয়েছে, যা তাদের জাতীয় পরিসংখ্যান এবং সামাজিক পরিষেবায় অদৃশ্য রেখেছে।**
>
> সংখ্যালঘু অধিকার গ্রুপ আন্তর্জাতিক

প্রথম প্রতিক্রিয়া (**ফার্স্ট রেসপন্ডার) জানানো কর্মকর্তা- দের ধারনা প্রদানের** নির্দেশনা দেবার সময়, পুলিশ নেতৃত্বকে

১ দেখুন মডিউল-৩: ন্যায়বিচার ও পুলিশিং, সহিংসতা সংক্রান্ত নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় সেবা প্যাকেজ: মূল উপাদান এবং গুণগত নির্দেশিকা (২০১৫), পৃষ্ঠা-৬-৭।

২ মেয়ে সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারী ও মেয়েদের সম্পর্কিত প্রয়োজনীয় পরিষেবা এবং নির্দেশিকাগুলির জন্য, the Guidelines on Justice in Matters Involving Child Victims and Witnesses of Crime (ECOSOC resolution 2005/20) দেখুন।

সংখ্যালঘু[৩] বা কম প্রতিনিধিত্বশীল নারী সংগঠন[৪] এবং সংখ্যালঘু জাতিগত সম্প্রদায়ের নেতাদের (বিশেষত নারী নেতাদের) মতো দুর্বল অবস্থানে থাকা ব্যক্তিদের প্রতিনিধিদের সাথে ব্যাপকভাবে পরামর্শ করতে হবে অথবা অন্তত এই ধরনের তথ্যের জন্য অনুরোধ করতে হবে।

স্থানীয় সম্প্রদায়ের সাথে কাজের সম্পর্ক স্থাপনের জন্য পরামর্শ প্রক্রিয়া একটি ভাল অনুশীলন, যা সাধারণভাবে নারীদের বিভিন্ন গোষ্ঠী এবং সম্প্রদায়ের উপর সহিংসতার প্রভাবগুলি সনাক্ত করতে পুলিশকে সাহায্য করতে পারে। ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার ক্ষেত্রে সম্প্রদায়ের সমর্থন, সহিংসতার শিকার / বেঁচে থাকা ব্যক্তিদের পুলিশকে তাৎক্ষনিক সুরক্ষার বৈধ উৎস হিসাবে বিবেচনা করা এবং তাদের প্রাথমিক যোগাযোগের জন্য অনুপ্রাণিত করতে সহায়তা করবে।

## সহকর্মী থেকে সহকর্মী (পিয়ার টু পিয়ার) নির্দেশনা (গাইডেন্স)

আপনার কর্মীদের প্রাথমিক সদস্য যিনি একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির সাথে যোগাযোগ করেছেন তার এই দায়িত্ব সম্পাদনের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে; তারা আপনার এবং আপনার পুলিশ এজেন্সির জন্য ফ্রন্ট 'শপ ' (দোকানের সম্মুখপট) এর মত। এটা গুরুত্বপূর্ণ যে যখন একটি সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার সময় আসে তখন তারা 'প্রতিটি পরিচিতি একটি চিহ্ন রেখে যায়' এই নীতিটি ভাল ভাবে বুঝতে পারে, তাই সেই প্রাথমিক যোগাযোগের গুণমান নিশ্চিত করা গুরুত্বপূর্ণ।

VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আপনার বা আপনার কর্মীদের কাছে অপরাধের প্রতিবেদন তৈরি করতে সক্ষম করার জন্য, আপনাকে নিশ্চিত করতে হবে যে রিপোর্টিং প্রক্রিয়াটি সকলে ভাল ভাবে বুঝতে পারে এবং সমস্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছে এই প্রক্রিয়াটি অ্যাক্সেসযোগ্য / প্রবেশগম্য । বিভিন্ন কারণে নারী ও মেয়েদের সবসময় থানায় উপস্থিত হবার উপায় থাকে না। সঙ্গী না থাকার কারণে তাদের পক্ষ সব সময় বাড়ি থেকে বের হওয়া কঠিন হতে পারে; পুলিশ স্টেশন তাদের বাসস্থান থেকে অনেক দূরে হতে পারে; পরিবহন সুবিধা ব্যবহার করার জন্য তাদের কাছে অর্থ নাও থাকতে পারে অথবা পরিবহন তাদের জন্য নিরাপদ বা অ্যাক্সেসযোগ্য নাও হতে পারে; তাদের বাড়ির কাজে দায়িত্ব পালন করতে হতে পারে এবং/অথবা অভিযুক্ত অপরাধী, পরিবারের সদস্য বা বৃহত্তর সম্প্রদায়ের ভয়ে বাড়িতেই বসবাস করতে পারে। তারা হয়তো বুঝতেও পারে না যে পুলিশ এই ধরনের অপরাধ মোকাবেলা করতে পারে, কারণ এগুলিকে তারা একটি 'ব্যক্তিগত' সমস্যা হিসেবে বিবেচনা করে থাকে। যদিও বা তারা থানায় উপস্থিত হয়, তারা সেখানেও বিভিন্ন ধরণের বাধার সম্মুখীন হতে পারে; যেমন কর্মকর্তাদের নেতিবাচক মনোভাব; ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় সুবিধার অভাব, অথবা এই ধরনের সুবিধাগুলিতে প্রবেশাধিকারের অভাব বা বিভিন্ন ধরনের প্রতিবন্ধী ভুক্তভোগী/ জীবিতদের কাছে সুবিধাগুলি অ্যাক্সেসযোগ্য নয়।

অতএব, ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের ন্যায়বিচার চাওয়ার অধিকার সমুন্নত রাখার জন্য, তাদের সাহায্য করার দায়িত্ব আপনার। আপনাকে নিম্নলিখিতগুলি বিষয়গুলি বিবেচনা করতে হবে:

- আপনার নারী কর্মকর্তাদের উপযুক্তভাবে VAWG বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়েছে এবং কি দায়িত্বে মোতায়েন করা হয়েছে যাতে তারা সব নারী এবং মেয়েদের কাছে অ্যাক্সেসযোগ্য?

- আপনার কি VAWG এর সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের জন্য উপযুক্ত এবং অ্যাক্সেসযোগ্য রিপোর্টিং ব্যবস্থা আছে?

- এগুলি কি বিভিন্ন ভাষায় এবং ফরম্যাটে (ব্রেইল, বড় মুদ্রণ, পড়তে সহজ) প্রকাশিত এবং উপলব্ধ (প্রযোজ্য ক্ষেত্রে)?

- আপনার পুলিশ থানায় কি কোন নারী সহায়তা ডেস্ক (হেল্প ডেস্ক) বা সহিংসতার শিকার/বেঁচে থাকার ব্যক্তিদের উপযোগী অন্য কোন পৃথক রিপোর্টিং স্থান (লোকেশন) আছে?

- যদি হেল্প ডেস্কগুলি বিদ্যমান থাকে তবে সেগুলি কি উপযুক্ত স্থানে অবস্থিত? উদাহরণস্বরূপ, ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের থানার অভ্যন্তরে জনসাধারণের অ্যাক্সেসযোগ্য প্রধান এলাকাগুলির মধ্য দিয়ে হেঁটে যেতে হবে না, এবং সংবেদনশীল অপরাধের প্রতিবেদন করতে সক্ষম হবে বিশেষত সেই সমস্ত

৩ 'সংখ্যালঘুকরণ' কার্যকরভাবে সামাজিক, রাজনৈতিক, অর্থনৈতিক এবং অন্যান্য অবস্থার সৃষ্টি এবং রক্ষণাবেক্ষণ করে যা মানুষের গোষ্ঠীগুলিকে সংখ্যালঘু যেমন 'জাতিগত সংখ্যালঘু' এবং 'সংখ্যালঘু জাতিগত' হিসেবে গণ্য এবং সংজ্ঞায়িত করে। এটি একটি চলমান, সক্রিয় প্রক্রিয়া যা জাতি, জাতিসত্তা এবং অন্যান্য ভিত্তির ভিত্তিতে নির্দিষ্ট গোষ্ঠীকে প্রান্তিক করে।

৪ কিছু সংখ্যালঘু গোষ্ঠীতে, সংগঠনগুলি পুরুষ এবং/অথবা পুরুষ আধিপত্য দ্বারা পরিচালিত হতে পারে। উদাহরণস্বরূপ, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনের ক্ষেত্রে এটি দীর্ঘদিন ধরে চলে আসছে। এটি গুরুত্বপূর্ণ যে এদের মতামত যে কোন সংলাপে অন্তর্ভুক্ত করা হয়, যদি প্রতিবন্ধী নেতৃত্বাধীন সংগঠন উপস্থিত নাও থাকে।

ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা রিপোর্ট করার পরিণতি সম্পর্কে ভীত। কোন নারী ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে হেল্প ডেস্কে পৌঁছানোর জন্য সেল এলাকা অতিক্রম করে ব্যস্ত থানার মধ্য দিয়ে হেঁটে যেতে হলে কীভাবে গোপনীয়তা এবং একান্ততা বজায় রাখা যায়? যদি থানায় সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের উপযোগী সুবিধা না থাকে, তাহলে অন্যান্য অপরিহার্য পরিষেবা যেমন স্বাস্থ্যসেবা প্রদানকারীদের কাছ থেকে সাহায্য চাওয়ার কথা বিবেচনা করুন, যাতে আপনার কর্মীরা থানা থেকে দূরে কোনো স্থানে ***সহিংসতার শিকার*** /জীবিতদের সাথে দেখা করতে পারেন।

পুলিশের প্রথম ভূমিকা হল সহিংসতার যে কোন প্রতিবেদ-নের পর ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির অবিলম্বে নিরাপত্তা এবং স্বাস্থ্য নিশ্চিত করা, এবং এই সম্পর্কে দ্রুত প্রতিক্রিয়া দেখানো সর্বাধিক গুরুত্বপূর্ণ।

এমনকি প্রাথমিক প্রতিক্রিয়ার পর্যায়েও, আপনার পুলিশ কর্মীদের ভয় দেখানো, প্রতিশোধ নেওয়া বা পুনরায় নির্যাতনের সম্ভবনা প্রতিরোধ বা হ্রাস করার জন্য, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে এবং তাদের পরিবারের নিরাপত্তার সম্ভাব্য ঝুঁকিগুলি মূল্যায়ন করা প্রয়োজন। প্রায়ই ফৌজদারি বিচার প্রক্রিয়ার সাথে জড়িত হবার ভয়ে ***সহিংসতার শিকার*** বেঁচে থাকা ব্যক্তি অনিচ্ছা প্রকাশ করলেও আপনার এবং আপনার কর্মীদের তাদের বা পরিবারের যে সকল সদস্য ঝুঁকির মধ্যে থাকতে পারে সে সব সদস্যদের সুরক্ষার দায়িত্ব রয়েছে। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যদি শিশুরা শারীরিক ও মানসিক ক্ষতিসহ ঝুঁকিতে থাকে।

আপনার তাদের রক্ষা করার দায়িত্ব আছে বিধায় যে কোনও আকারের ইতিবাচক পদক্ষেপ নেওয়া প্রয়োজন, কিছুই না করা বিকল্প হতে পারে না। ইতিবাচক পদক্ষেপ বিভিন্ন রকমের হতে পারে যেমন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা এবং অন্যদের সুরক্ষিত জায়গায় সরিয়ে নিয়ে যাওয়া অথবা সম্ভব হলে আশ্রয়কেন্দ্র বা ওয়ান-স্টপ সেন্টার নিয়ে যাওয়া এবং সম্ভাব্য অভিযুক্ত অপরাধীকে ***সহিংসতার শিকার*** **(ভুক্তভোগী) এর নিকট থেকে** সরিয়ে দিয়ে নিরাপত্তা নিশ্চিত করা। আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনি আপনার কাছে উপলব্ধ সমস্ত ক্ষমতার ব্যবহার করছেন, একই সাথে অভিযুক্ত অপরাধীদেরও অধিকার সুনিশ্চিত করতে হবে ।

ঘটনাস্থলে পৌঁছানোর সাথে সাথে, সংশ্লিষ্ট প্রতিক্রিয়া জানানো পুলিশ কর্মকর্তার যে বিষয়ে ধারণা থাকা প্রয়োজন, যে ঘটনাস্থলে যেয়ে তারা যা দেখতে পাওয়ার আশা করে তার সাথে নাও মিলতে পারে। উদাহরণস্বরূপ, পারিবারিক সহিংসতার ক্ষেত্রে, পুলিশ সেখানে যাবার পূর্বেই সহিংসতার পর ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারী ও মেয়েরা ঘরটি পরিপাটি করে গুছিয়ে রাখতে পারে।

***পারিবারিক সহিংসতার দৃশ্যে সাড়া দেওয়ার সময়, নিশ্চিত করুন যে আপনার সামনে যা ঘটছে আপনি তার বাইরেও দৃষ্টি দিয়ে ঘটনা বোঝার চেষ্টা করবেন।***

আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার সহকর্মী কর্মকর্তারা তাদের সামনে উপস্থাপিত দৃশ্যের বাইরে দেখার গুরুত্ব বোঝে এবং তারা কেবল এই ক্ষেত্রেই নয়, দীর্ঘমেয়াদে সাহায্য করার জন্য প্রস্তুত। একটি মৌলিক নিয়ম হল যে সহিংসতার শিকার/ বেঁচে থাকা এবং কথিত অপরাধীকে পৃথক করা প্রয়োজন যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে কথা বলে যা ঘটেছে তা প্রমান করার যায়।

একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তি প্রায়শই একা একা একটা ঘটনাকে মোকাবেলা করার সিদ্ধান্ত নেয় এই ভেবে যে তার পরিবার, পুলিশ এবং বৃহত্তর সম্প্রদায় তাকে বিশ্বাস করবে না। পুলিশ বা অন্যান্য সেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ না করার জন্য এটি সম্ভবত সবচেয়ে সাধারণ কারণ (যেমন ইউরোপীয় ইউনিয়নের ক্ষেত্রে)। বিশেষ করে বিভিন্ন ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য এটি একটি সমস্যা।

কেন নারীরা এই ধরনের ঘটনায় পুলিশকে (বা অন্যান্য সেবা প্রদানকারীদের) জড়াতে চায় না বিভিন্ন গুণগত গবেষণাতে এর আরও কিছু কারণ উঠে এসেছে। উদাহরণস্বরূপ বলা যায় যে, ইউরোপে নিরাপত্তা ও সহযোগিতার সংগঠন (ওএসসিই) নারীরা এবং মেয়েরা যে সাধারণ বাধার সম্মুখীন হয় এবং কেন তারা নিজেরাই সহিংসতার ঘটনা মোকাবেলা করতে পছন্দ করে সে সম্পর্কে সুনির্দিষ্ট ব্যাখ্যা প্রদান করেছে[৫]:

- ***লজ্জা,*** *কিছু ধরণের সহিংসতা এবং বিবাহ বিচ্ছেদের সাথে জড়িত লজ্জা ;*
- ***নারীরা নিজেকে এবং তার সন্তানদের আর্থিকভাবে সহায়তা করতে পারে না এবং তার পরিবারের কাছ থেকে সহায়তা পাবে না এই উদ্বেগসহ আর্থিক কারণ,***
- ***প্রতিষ্ঠানের উপর আস্থার অভাব:*** *নারীরা পুলিশের কাছ থেকে কার্যকর সাড়া আশা করে না বা ভয় পায় এই জন্য যে পুলিশ তাদের বিশ্বাস করবে না;*

৫ OSCE-Led survey on violence against women: Main report Organisation for the Security and Co-operation in Europe (Vienna, 2019).

- ***বিশেষজ্ঞ সেবা সম্পর্কে সচেতনতার অভাব:*** *নারীরা জানে না তারা কোথায় সাহায্য নিতে যেতে পারে;*

- ***অভিযুক্ত অপরাধীর পক্ষ থেকে প্রতিশোধের ভয়:*** *নারীরা ভয় পায় যে পরবর্তীতে সহিংসতা বাড়তে পারে।*

যে পরিবেশে একজন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সাথে প্রাথমিক যোগাযোগ করা হয় তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। মনে রাখবেন, সে আপনার কাছে প্রথমে আসতে ভয় পেতে পারে এবং আইপিভির ক্ষেত্রে কথিত অপরাধীর হাতে এই বারই প্রথমবার সহিংসতার শিকার হয়েছে তা নয়। অতএব, আপনার মূল অগ্রাধিকার হল তার সাথে এমন ব্যবহার করুন যাতে সে নিরাপদ বোধ করে এবং আপনার সাথে গোপনে কথা বলতে পারে এবং এই বিশ্বাস রাখে যে তার দেওয়া তথ্য গোপন থাকবে। আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার পুলিশ কর্মীরা এই বিষয়টির গুরুত্ব বুঝতে পারছে, এবং তার ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের বিশেষ চাহিদা চিহ্নিত করে প্রয়োজন অনুযায়ী সুপারিশ প্রদান করবে।

উদাহরণস্বরূপ, বয়স্ক ব্যক্তিরা কানে কম শুনতে বা দুর্বল দৃষ্টি শক্তি সম্পন্ন হতে পারে। এই পরিস্থিতিতে তাদের সাথে কথা বলার জন্য কোলাহল শূন্য এবং পর্যাপ্ত আলো সরবরাহসহ বা প্রাকৃতিক সৌন্দর্যের একটি জায়গা খুঁজে নিতে পারেন। যদি ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি শ্রবণ অথবা বাক প্রতিবন্ধী নারী বা মেয়ে হন এবং তিনি যদি সাইন ল্যাঙ্গুয়েজ জেনে থাকেন তাহলে কর্মকর্তাদের জন্য গুরুত্বপূর্ণ কাজ হল তার জন্য একজন দোভাষী জোগাড় করা।

থানায় যদি VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের উপযোগী কোন স্থান না থাকে তাহলে থানা থকে দূরে কথা বলার জন্য একটি উৎকৃষ্ট স্থান বেছে নেওয়া ভাল তাহলে যেখানে তারা কথা বলতে স্বাচ্ছন্দ্য বোধ করতে পারে এবং এটি তাদের গোপনীয়তা এবং সুরক্ষা নিশ্চিত করবে। অবস্থানের উপর ভিত্তি করে, বিশেষত যদি তারা আপনার দেশের না হয়-যেমন শরণার্থী বা অভিবাসী, তারা পুলিশ সংগঠন এবং অন্যান্য ইউনিফর্মধারী নিরাপত্তা কর্মীদের সাথে সহিংসতায় সাথে যুক্ত হতে পারে বিধায় আপনার কর্মীদের উচিত ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তিদের পরিস্থিতি বোঝার চেষ্টা করা।

***পুলিশ হিসেবে আপনাকে সাহায্য করার জন্য পাঠানো হয়েছে, বিচার করার জন্য নয়***

**সহিংসতার শিকার /বেঁচে যাওয়া ব্যক্তিদের সঙ্গে কথা বলার জন্য 'নিরাপদ স্থান' প্রদানের বিষয়ে আরও তথ্যের জন্য সপ্তম অধ্যায় : 'সহায়তা ও সহায়তা' দেখুন।**

***সহিংসতার শিকার*** কেন্দ্রিক পদ্ধতি (ভিক্টিম-সেন্টারড অ্যাপ্রোচ) বাস্তবায়নের জন্য আপনাকে এবং আপনার কর্ম-কর্তাদের ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির দৃষ্টিভঙ্গি বুঝতে হবে এবং তাদের গুরুত্ব সহকারে বিবেচনা করতে হবে। আপনার বা আপনার কর্মীদের যে কোন ধরণের সচেতন বা অসচেতন পক্ষপাতদুষ্ট আচরণ সংক্রান্ত কোন বার্তা তাদের কাছে পৌঁছান উচিত নয়। উদাহরণস্বরূপ, ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তি কীভাবে পোশাক পরে, সে অ্যালকোহল বা মাদক সেবন করছিল কিনা, সে একা ছিল কিনা, সে কোন অবস্থানে ছিল বা কোন সময়ে সে সেখানে ছিল, সে যৌন কর্মের সাথে জড়িত কিনা, এর অর্থ এই নয় যে সে নিজেই তার বিরুদ্ধে সংঘটিত সহিংসতার জন্য দায়ী। অপরাধী যা করেছে তা এই সমস্ত কারণের কোনটিই অজুহাত নয়। মনে রাখবেন আপনি এবং আপনার কর্মীরা সেখানে আছেন ‹সাহায্য করতে, বিচার করতে নয়।›

VAWG- এর ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তিদের প্রায়ই তাদের আচরণ বা সেখানে তারা গিয়েছিল বিধায় বিপদে পড়েছিল মর্মে দায়ী করা হয়, কিন্তু আপনার কর্মীদের এটি বিবেচনা করতে বলুন - যদি কোনও বাড়ির মালিক কোনও চুরির খবর দেয়, তবে এটি কি তাদের দোষ কারণ সবগুলো জানালা বা দরজায় তালা ছিল না? না, তাদের রিপোর্ট নেওয়া হয়েছে, এবং অপরাধ তদন্ত করা হয়েছে। VAWG- এর ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাথেও একইভাবে আচরণ করা উচিত।

**বক্স-১**

**শরণার্থী এবং অভিবাসী কারা?**

| শরণার্থী | অভিবাসী |
|---|---|
| শরণার্থী হল মূল দেশের বাইরে এমন কেউ যার নিপীড়ন, সশস্ত্র সংঘাত, সহিংসতা বা গুরুতর আইন শৃঙ্খলা অবনতির জনিত কারণে জীবন, শারীরিক অখণ্ডতা বা উৎপত্তি নিজ দেশে মারাত্মক হুমকির সম্মুখীন হয় এবং নিজ দেশের কর্তৃপক্ষ তাদের সুরক্ষা প্রদান করতে পারে না বা করবে না বিধায় আন্তর্জাতিক নিরাপত্তার প্রয়োজন হয়।[৬] | আন্তর্জাতিক অভিবাসী (অভিবাসী) বলতে বোঝায় «কোন ব্যক্তি নিজ রাষ্ট্রের বাইরে অন্য কোন দেশের নাগরিক বা জাতীয় পরিচয় প্রাপ্ত, অথবা, রাষ্ট্রহীন ব্যক্তির ক্ষেত্রে, তাদের জন্মের রাষ্ট্র বা যেখানে তারা বাস করে।"[৭] «অভিবাসী» এর কোন সার্বজনীন এবং আইনি সংজ্ঞা নেই।[৮] |

## লিঙ্গ পক্ষপাত এবং মিথ্যা প্রতিবেদন

লিঙ্গ পক্ষপাত[৯]-অন্তর্নিহিত (অজ্ঞান) বা স্পষ্ট (সচেতন)-লিঙ্গ-ভিত্তিক প্রচলিত বাধাধরা নিয়মনীতি (স্টেরিওটাইপস) এবং মনোভাব দ্বারা প্রভাবিত এবং অবহিত হয় যা পুরুষ বনাম নারীদের বিভিন্ন বৈশিষ্ট্য, ভূমিকা এবং আচরণ নির্ধারণ করে-এবং এর মধ্যে যৌন ভূমিকা এবং আচরণ অন্তর্ভুক্ত। লিঙ্গ অন্যান্য কারণের জন্য বিভক্ত বা আলাদা হতে পারে যার ফলে নারী ও পুরুষদের নির্দিষ্ট গোষ্ঠী সম্পর্কে বিশ্বাস জন্মায় যেমন, নারীদের কিছু গোষ্ঠী বেশি যৌন ‹উপলব্ধ›, এবং এই কারনেই তাদের বিশ্বাসযোগ্যতাকে নেতিবাচকভাবে প্রভাবিত করতে পারে।

যদিও আমাদের মধ্যে অনেকেই লিঙ্গ সমতার সমর্থনে মনোভাব, মূল্যবোধ এবং সমতা, নিরপেক্ষতা এবং ন্যায়বিচারের সমান ও ন্যায্য প্রবেশাধিকার নিশ্চিতের ধারনা মনেপ্রানে ধারণ করে, তবুও অন্তর্নিহিত লিঙ্গ পক্ষপাত এই মনোভাব এবং মূল্যবোধকে প্রভাবিত করতে পারে। কারণ অন্তর্নিহিত পক্ষপাত মানুষের অসচেতনার পর্যায়ে কাজ করে। কোন সচেতন অবগতি ছাড়াই, কয়েক সেকেন্ডের মধ্যেই আমরা সিদ্ধান্ত গ্রহণ করে ফেলতে পারি। এই বিষয়গুলি প্রায়শই আমাদের সচেতনভাবে ধারণ করা বিশ্বাস এবং মূল্যবোধের বিরোধিতা করতে পারে।

লিঙ্গ পক্ষপাত, তাই, আংশিকভাবে ব্যাপকভাবে প্রচলিত বিশ্বাসকে ব্যাখ্যা করতে পারে এই ভাবে যে যৌন নিপীড়নের রিপোর্ট প্রায়ই মিথ্যা হয়। এই বিশ্বাসের ফলশ্রুতিতে, ফৌজদারি বিচার ব্যবস্থার ভিতরে এবং বাইরে পেশাদারদের প্রতিক্রি-য়াগুলিকে প্রভাবিত করতে পারে। VAWG এ সাড়া দেওয়া পেশাদাররা অনিবার্যভাবে একটি প্রতিবেদনের সত্যতা সম্পর্কে অসচেতনভাবে সিদ্ধান্ত নেবে - কিন্তু যদি এই রায়গুলি ভুল হয়, তবে তারা যথাযথ পদক্ষেপ নিতে ব্যর্থ হতে পারে বা ভুল সিদ্ধান্তে আসতে পারে। লিঙ্গভিত্তিক পক্ষপাত এবং বিচারের ফলে ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তিকে বিচার চাওয়া বন্ধ করতে, তথ্য দিতে অস্বীকার করা বা এমনকি তার ঘটনাটি পুনরায় বলতে বাধ্য করতে পারে।

যদি আইনশৃঙ্খলা বাহিনী বিশ্বাস না করে যে একজন সহিংসতার শিকার/বেঁচে থাকার গল্প বিশ্বাসযোগ্য তাহলে কি হবে? আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী যদি বিশ্বাস করে না যে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে ন্যায় বিচার নিশ্চিত করতে একটি

**চিত্র -১**

মিথ্যা অভিযোগ (ধর্ষণ সংকট স্কটল্যান্ড)




**তথ্য:**

**অন্যান্য অপরাধের মত ধর্ষণের মিথ্যা অভিযোগ খুব বেশী দেখা যায় না।**

**এমন ধারণা যে তারা ধর্ষিতদের ক্ষতি করে।**

---

৬ See OHCHR, 'Recommended Principles and Guidelines' chap. I, para. 10. UNHCR consistently distinguishes between refugees and migrants, both to be clear about the causes and character of refugee movements and the specific entitlements of refugees under international law.

৭ For an explanation of the term "migrants in vulnerable situations", see the introduction in *Principles and Guidelines* (n.6).

৮ Definition inspired from the four-part series by Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation. Training Bulletin Series', *End Violence Against Women International* (EVAWI, 2017).

৯ Definition inspired from the four-part series by Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation. Training Bulletin Series', *End Violence Against Women International* (EVAWI, 2017).

পুঙ্খানুপুঙ্খ প্রমাণ-ভিত্তিক তদন্ত পরিচালনার জন্য একজন পুলিশ সদস্যের যোগ্যতা?

আপনার কর্মীদের এই বিষয়টি বোঝা শুরু করতে হবে যে ধর্ষণের মিথ্যা অভিযোগ খুবই বিরল, এবং অধিকতর উদ্বেগের বিষয় হল যে বিশ্বব্যাপী ধর্ষণ, যৌন নিপীড়ন এবং শিশু যৌন নির্যাতনের অপরাধগুলি কম রিপোর্ট করা হয় বিধায় ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাথে মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করে এটি পরিবর্তন করার সুযোগ রয়েছে তাদের কাছে।

কখনও কখনও একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে এই বার্তা প্রেরণের মাধ্যমে সবচেয়ে বড় সমর্থন দেখানো হয় যে তাকে বিশ্বাস করা হচ্ছে এবং সে যে অগ্নিপরীক্ষার সম্মুখীন হয়েছে তার প্রতি আপনার সহানুভূতি রয়েছে। ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির সাথে আস্থা, আত্মবিশ্বাস এবং সম্পর্ক গড়ে তোলার মাধ্যমে তাদের গল্প পুরোপুরি বলতে সক্ষম হওয়ার মূল চাবিকাঠি, তবে এতে সময় লাগতে পারে, এমনকি একটি সাক্ষাৎকারে কয়েক ঘন্টাও লাগতে পারে।

আপনাকে আপনার কর্মীদের সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সাথে সম্পর্ক গড়ে তোলার জন্য সময় দিতে হবে - এটি তাড়াহুড়া করা উচিত নয়। এটা সত্যি যে VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এক ধরণের মানসিক আঘাতের শিকার হবে এবং তাদের অভিজ্ঞতার তীব্রতা নির্ধারণ করে যে তাদের সাথে সম্পর্ক গড়ে তুলতে কতটা সময় প্রয়োজন হতে পারে। তাদের আশ্বাস প্রদান করতে হবে এবং যা ঘটেছে তা বিস্তারিতভাবে বর্ণনা করতে উৎসাহিত করতে হবে।

**সহিংসতার শিকার /বেঁচে থাকা এবং সাক্ষীদের সাথে কথা বলার বিষয়ে আরও বিস্তারিত তথ্যের জন্য, নবম অধ্যায়: ‹যোগাযোগ› দেখুন ।**

আপনার বিশেষভাবে প্রশিক্ষিত এবং/অথবা নারী কর্মী নাও থাকতে পারে, তাই আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার সমস্ত কর্মীরা নীচে বর্ণিত ন্যূনতম মানদণ্ড সম্পর্কে ধারণা রাখেঃ:

- **পরিবেশ**- এটা নিশ্চিত করুন যে গোপনীয়তা রক্ষা করা হবে, ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি নিরাপদ এবং সু-রক্ষিত থাকবে এবং কোনও বাধার সম্মুখীন হবে না, সম্ভব হলে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা-বান্ধব কক্ষ বা ভবনে তাদের রাখতে হবে, যেখানে সে অভিযুক্ত অপরাধীর সংস্পর্শে আসবে না। ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে যত্ন এবং শ্রদ্ধার সাথে পরিচালন করতে হবে;

- **কর্মীদের স্তর - *সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তির সাথে কথা বলার সময় শুধুমাত্র একজন অফিসার উপস্থিত থাকাই শ্রেয়, তবে তদন্তকারী কর্মকর্তা যদি একই লিঙ্গের না হন, সেক্ষেত্রে একজন সহকর্মীর প্রয়োজন হতে পারে।

- **মুক্তভাবে ঘটনার ব্যাখ্যা প্রদান - *সহিংসতার শিকার*/বেঁচে যাওয়া ব্যক্তিকে বাধা না দিয়ে ঘটনাটি স্মরণ করতে দিন;;**

- **সক্রিয় ভাবে শোনা** - ইতিবাচক অ -মৌখিক যোগাযোগ (এনভিসি) বা দেহের ভাষা ব্যবহার করুন - চোখের যোগাযোগ, ভঙ্গি, মুখের অভিব্যক্তি যেমন উপযুক্ত যেখানে হাসা, সহানুভূতি দেখানোর জন্য মাথা নাড়ানো;;

- **নেতিবাচক শারীরিক ভাষা এড়িয়ে চলুন - যেমন চোখের দিকে না তাকান, হাত ভাঁজ করা, দূরে তাকানো বা অতীতে সহিংসতার *সহিংসতার শিকার*/বেঁচে থাকা ব্যক্তিদের বিষয়ে ভাবা, মাথা নাড়ানো, মুখের নেতিবাচক অভিব্যক্তি যেমন, ভ্রূ কুঁচকান।;**

- **ভাষার ব্যবহার** - ইতিবাচক অভিব্যক্তি সম্ভাবনা, বিভিন্ন উপায়, পছন্দ এবং বিকল্পকে বর্ণনা করে, নেতিবাচক অভি-ব্যক্তি যা অর্জন করা যায় না তা বর্ণনা করে;;

- **যোগাযোগের ধরন খাপ খাইয়ে নিন - *সহিংসতার শিকার*/ বেঁচে যাওয়া ব্যক্তির বয়স এবং/অথবা ক্ষমতা অনুযায়ী;** শিশুরা, বিশেষত যদি তারা ছোট হয়, তাদের 'ছোট প্রাপ্তবয়স্ক' হিসাবে বিবেচনা করা উচিত নয়, তাই তারা যেভাবে বোঝে সেভাবে কথা বলুন এবং আচরণ করুন।

- **ঝুঁকি মূল্যায়ন করা - *সহিংসতার শিকার*** /বেঁচে থাকা এবং পরিবারের যে কোনো দুর্বল সদস্যদের, যেমন শিশু, এবং একটি নিরাপত্তা পরিকল্পনায় কী অন্তর্ভুক্ত করা প্রয়োজন তা বিবেচনা করুন;

- **যে কাজগুলি করবেন না - কোনো ধরনের মধ্যস্থতা[১০], কারণ এটি পুলিশের দায়িত্ব নয়।** পুলিশের দায়িত্ব হল একটি পুঙ্খানু-পুঙ্খ তদন্তের মাধ্যমে সমস্ত প্রমাণ সংগ্রহ করা এবং বিচারকের বিবেচনার জন্য তথ্য উপস্থাপন করা।

- যত তাড়াতাড়ি সম্ভব কোন সম্ভাব্য প্রমাণের **সুরক্ষা এবং সং-রক্ষণ নিশ্চিত করার**- মধ্যে রয়েছে যে প্রক্রিয়ায় প্রমাণ সংগ্রহ করা হয়েছে, যেমন, ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির জবানবন্দি এমনভাবে রেকর্ড করা যাতে ***সহিংসতার শিকার ব্যক্তির*** সাক্ষ্য ছাড়াই সফল ভাবে বিচার প্রক্রিয়া সম্পূর্ণ

১০ ২০১৩ সি এন ডাবলু ৫৭ সম্মত সিদ্ধান্তগুলি নারী ও মেয়েদের বিরুদ্ধে সব ধরনের সহিংসতার ক্ষেত্রে বাধ্যতামূলক এবং জোরপূ-র্বক বিকল্প বিরোধ নিষ্পত্তি প্রক্রিয়া নিষিদ্ধ করার জন্য প্রয়োজনীয় আইনী এবং/অথবা অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য রাষ্ট্রকে আহ্বান জানায় (E/2013/27 – E/CN.6/2013/11, para (g).

হওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়। সুবিধা অনুযায়ী সাক্ষাৎকারের ভিডিও-রেকর্ডিং করা উপযুক্ত পদ্ধতি হতে পারে, কিন্তু এটি সবসময় সম্ভব নয়।

মনে রাখবেন, আঘাতের কারণে, একজন ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তি প্রত্যাশিত আচরণ করতে নাও পারে। উদা-হরণস্বরূপ, দৃশ্যত তাকে বিচলিত না দেখা যেতে পারে, তার কাহিনী সে পর্যায়ক্রমে সুসংগত বা সুনির্দিষ্ট উপায়ে নাও বলতে পারে, এবং আপনার কর্মীদের এটি বোঝার দরকার যে এর অর্থ এই নয় যে সে সত্য বলছে না। কিছু পরিস্থিতিতে একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির প্রতিক্রিয়া উপযুক্ত আচরণের পূর্ব-ধারণা অনুযায়ী উপযুক্ত নাও হতে পারে। আস্থা

**বক্স-২**

**সাড়া দেওয়া উন্নত করা, এক সময়ে একটি প্রকাশ ***

স্টার্ট বাই বিলিভিং (এসবিবি) হল একটি সচেতনতামূলক প্রচারণা যা যৌন নিপীড়নের প্রতি জনসাধারণের প্রতিক্রিয়ার উপর দৃষ্টি নিবদ্ধ করে, কারণ একজন ***সহিংসতার শিকার*** ব্যক্তি সাধারণত একজন বন্ধু বা পরিবারের সদস্যের কাছে ঘটনাটি স্বীকার করে । তারা কীভাবে প্রতিক্রিয়া জানাচ্ছে সেটি ব্যাপকভাবে নির্ধারণ করে যে পরবর্তী কী পদক্ষেপ নেয়া হবে। একটি ইতিবাচক প্রতিক্রিয়া ***সহিংসতার শিকার ব্যক্তিদের*** কল্যাণে সহায়তা করতে পারে এবং আইন প্রয়োগকারীদের কাছে রিপোর্ট করতে এবং অন্যান্য উৎস থেকে সাহায্যে চাওয়ার সুযোগ বৃদ্ধি করতে পারে। । এটি পেশাদার ভাবে প্রতিক্রিয়া জানানোর জন্যও পরিকল্পনা (ডিজাইন) করা উচিত।

*সার্জেন্ট আর্চামবোল্ট - «এই প্রচারাভিযানের প্রাথমিক অনুপ্রেরণা এই ছিল যে: বার বার, আমি যৌন নির্যাতনের শিকার নারীদের সাথে এমনভাবে আচরণ করা হয়েছে যে তাদেরকে প্রমাণ করতে হয়েছে যে তারা ধর্ষণের বৈধ শিকার। তাদের গুরুত্ব সহকারে বিবেচনা করার আগে তাদের বলা হয়েছে যে: «আপনি বলছেন যে আপনি ধর্ষিত হয়েছেন» সেটা প্রমান করুন !»*

*আমি কখনো কোন কর্মকর্তাকে দাবী করতে শুনিনি যে চুরির শিকার একজন ব্যক্তিকে অপরাধের রিপোর্ট নেওয়ার আগে তাদের একটি টিভি ছিল তা প্রমান করেতে বলা হয়েছিল। কিন্তু দেশ জুড়ে এবং বিশ্বজুড়ে আমরা প্রতিদিন যৌন নিপীড়নের শিকার নারীদের সাথে ঠিক এই কাজটিই করছি»*

সম্প্রদায় ভেদে এটি ভিন্ন ভাবে দেখা হলেও, এই বার্তাটি সব জায়গাতে একই রকম: «যখন কেউ আমাকে বলে যে তারা ধর্ষিত হয়েছে বা যৌন নির্যাতনের শিকার হয়েছে, আমি তাদের বিশ্বাস করি।»

এসবিবি হল একটি দার্শনিক অবস্থান যা যৌন নিপীড়নের প্রতি আমাদের প্রতিক্রিয়া নির্দেশ করে। «এই বার্তাটির উল্টো ব্যাখ্যা» হল ***সহিংসতার শিকার ব্যক্তিরা*** ঐতিহাসিকভাবে পেশাদারদের কাছ থেকে এবং সমর্থনকারী লোকদের কাছ থেকে বার্তাটি পেয়ে আসছে তা হল: «আমি কীভাবে জানব যে আপনি মিথ্যা বলছেন না?»

এসবিবি পদ্ধতির বাস্তবায়ন একটি এজেন্সি এবং সম্প্রদায়ের প্রতিক্রিয়ার কার্যত প্রতিটি দিকের জন্য গভীর প্রভাব ফেলে। এই দর্শনটি নীতি, দৈনন্দিন অনুশীলন এবং বহুমাত্রিক প্রোটোকলের মধ্যে বিচরণ করা উচিত। আমরা যে ভাষা ব্যবহার করি এবং যেভাবে আমরা আমাদের কাজ করি তার উপর এটি প্রভাব ফেলে। ফৌজদারি ন্যায়বিচারের প্রতিক্রিয়াগুলিতে লিঙ্গের পক্ষপাত কমাতে এই ধরণের কৌশল প্রয়োজন। পরিশেষে, জোয়ান আর্চামবোল্ট উপসংহারে বলেছেন:

***সহিংসতার শিকার*** ব্যক্তিরা *জানে কখন তাদের কথা শোনা হয় এবং গুরুত্ব সহকারে নেওয়া হয় - এটা এই কারণে নয় যে আমরা কম কথা বলি। তারা আমাদের কর্ম থেকে তা জানে। এসবিবি হল* ***সহিংসতার শিকার***, *সন্দেহভাজন এবং সাক্ষীদের কথা মনোযোগ সহকারে শোনা এবং পুঙ্খানুপুঙ্খ তদন্ত করা, যাতে সকল তথ্য ও প্রমাণের ভিত্তিতে সিদ্ধান্ত নেওয়া হয়।*

*'স্টার্ট বাই বিলিভিং' (এসবিবি) হল একটি দর্শন যা যুক্তরাষ্ট্রের এন্ডিং ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ইন্টারন্যাশনাল (ইভিএডব্লিউআই) এর সার্জেন্ট জোয়ান আর্চামবোল্ট এর উদ্ভাবিত এবং এটি ২০১১ সালে চালু করা হয়েছিল। এছাড়াও, ) ট্যানার, এইচ,, যৌন নির্যাতন এবং লিঙ্গ পক্ষপাত প্রতিরোধ '(2017 দেখুন।

এবং আত্মবিশ্বাস তৈরির সবচেয়ে বড় সুযোগ হল যখন আপনি প্রথম কোন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে কথা বলেন।

যদি ন্যায়বিচার প্রক্রিয়ার একেবারে শুরুতেই ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তি বিচ্ছিন্ন হয়ে পড়ে, তাহলে সম্ভবত তার পরিবার, বন্ধুবান্ধব এবং পরবর্তীকালে বৃহত্তর জনগোষ্ঠীও বিচ্ছিন্ন হয়ে পড়বে এবং আপনার এবং আপনার কর্মীদের ভূমিকা/দায়িত্ব পালন অনেক কঠিন হয়ে যাবে।

আপনার কর্মীরা ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির প্রতি সহানুভূতি এবং সংবেদনশীলতার সাথে আচরণ করেছে এবং তাকে বিশ্বাস করা হয়েছে এই বিষয়টি নিশ্চিত করার দায়িত্ব রয়েছে আপনার, কিন্তু আপনার কর্মীদের এমন প্রতিশ্রুতি দিতে দেবেন না যা তারা রাখতে পারবে না, যেমন একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে বলা যে অভিযুক্ত অপরাধীকে জেলে পাঠানো হবে। পুলিশ এই ধরণের প্রতিশ্রুতি দিতে পারে না, কারণ শাস্তি দেবার দায়িত্ব আদালতের। প্রসিকিউটর/ অথবা আদালতে একটি শক্তিশালী মামলা পেশ করা নিশ্চিত করার জন্য পুলিশ তাদের ক্ষমতার সবকিছু করার প্রতিশ্রুতি দিতে পারে এবং ***সহিংসতার শিকার*** / বেঁচে যাওয়া ব্যক্তিকে পুরো প্রক্রিয়া জুড়ে পুলিশ সমর্থন করতে পারে।

সহিংসতার ব্যাপক প্রভাব, একটি একক ঘটনা বা ঘটনার ধারাবাহিকতার ফলস্বরূপ, প্রায়শই পরিস্থিতির সাথে থাপ খাইয়ে চলার ক্ষেত্রে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অক্ষমতা তৈরি করতে পারে। মানুষ ভেদে মানুষ সহিংসতার প্রতি ভিন্নভাবে প্রতিক্রিয়া জানায় এবং একজন ব্যক্তির জন্য যা আঘাতমূলক হতে পারে তা অন্যের কাছে নাও হতে পারে। এই কারণেই এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে আপনার কর্মীরা তাদের বিশ্বাস এবং অভিজ্ঞতার ভিত্তিতে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারীরা কিভাবে প্রতিক্রিয়া জানাবে এই সম্পর্কে পূর্বানুমান করবেন না।

***আমরা জানি যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়শই যা ঘটেছে তার জন্য নিজেকে দায়ী করেন। একজন কর্মকর্তা যদি বলেন "এখানে আপনার দোষ ছিল না" বা অনুরূপ কিছু তবে সে বুঝতে পারে যে আপনি তার ব্যাপারে যত্নবান। এত ধরণের আচরন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে সংযোগ স্থাপনের একটি ভাল উপায়।***

আঘাতের প্রাথমিক প্রতিক্রিয়া প্রত্যেক সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীর ক্ষেত্রে আলাদা হতে পারে। তিনটি স্বীকৃত প্রতিক্রিয়া - যুদ্ধ, পলায়ন বা ভয়ে জমে যাওয়া , সবই 'স্বয়ংক্রিয়' প্রতিক্রিয়া, এবং সেইজন্য কিভাবে তাদের শরীর একটি আঘাতমূলক ঘটনায় সাড়া দিবে সেই বিষয়ে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের কোন নিয়ন্ত্রণ থাকে না। এই কারণেই, যখন একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারী অপরাধের রিপোর্ট করে, তখন সে আপনার কর্মকর্তাদের প্রত্যাশা অনুযায়ী আচরণ নাও করতে পারে। অতএব, তাদের বোঝা দরকার যে এর অর্থ এই নয় যে ঘটনা ঘটেছে বা সেই ঘটনা তার উপর যে প্রভাব ফেলেছে সে সম্পর্কে তিনি মিথ্যা বলছেন।

আঘাতের প্রভাব হতে পারে এমন হতে পারে যে সে সবকিছু মনে রাখতে পারছে না কিংবা যৌক্তিক ভাবে সব কিছু বলতে পারছে না। আপনার কর্মীদের তার সাথে সম্পর্ক গড়ে তোলার জন্য সময় নেওয়া কেন গুরুত্বপূর্ণ এটি তার আরেকটি কারণ যাতে শেষ পর্যন্ত যা ঘটেছে সে তা বিস্তারিতভাবে বর্ণনা করতে পারে এবং একটি আনুষ্ঠানিক বিবৃতি রেকর্ড করা যায়।

একজন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সাথে কাজ করার সময় আপনার কর্মীদের একদিকে যেমন ধৈর্য ধরতে হবে এবং তেমনিভাবে আপনার কর্মীদের সাথে তার আচরণ করার সময় আপনাকে ধৈর্য ধরতে হবে। প্রাথমিক পর্যায়ে তাকে আশ্বস্ত করার জন্য সময় কাটানোর ফলে অভিযুক্ত অপরাধীকে আদালতে হাজির করার জন্য পর্যাপ্ত প্রমাণ পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পাবে।

**বক্স-৩**

**ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের ট্রমার চিহ্ন ও লক্ষণ** [১১]

| | |
|---|---|
| • অতিমাত্রায় সজাগ থাকা<br>• অবিশ্বাস<br>• একাগ্রতা কমে যাওয়া<br>• দীর্ঘস্থায়ী ব্যথা/মাথাব্যথা<br>• নেশা দ্রব্যের অপব্যবহার<br>• খাওয়ার রোগ/ খাবারের প্রতি আসক্তি<br>• অবাস্তব আনুভুতি বা শরীরের বাইরে থাকা অনুভব করা<br>• নিজের মধ্যে ধ্বংসাত্মক আচরণ<br>• ‘‘আমি কে’ এই অনুভূতি হারানো<br>• ভবিষ্যতের অনুভূতি হারানো - হতাশা | • সাধারণীকৃত উদ্বেগ/আতঙ্কিত আক্রমণ<br>• অসাড়<br>• আগ্রহের ঘাটতি<br>• বিচ্ছেদ<br>• বিষণ্ণতা<br>• সামান্য বা কোন স্মৃতিই নেই<br>• আবেগে আপ্লুত<br>• দুঃস্বপ্ন এবং পেছনের জিনিষ মনে পড়া<br>• লজ্জা এবং মূল্যহীনতা |

**বক্স-4**

**সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের উপর ট্রমার প্রভাব**

VAWG- এর সাথে সম্পর্কিত ঘটনা পরবর্তী আঘাতজনিত কারণে একজন ব্যক্তি  অভিযোগ প্রত্যাহার বা বিচার প্রক্রিয়ায় সহযোগিতা করতে অস্বীকার করতে পারে

- সহিংসতার শিকার নারীর প্রাথমিক অভিযোগে স্পষ্টতার অভাব ও দুর্বল ঘটনা প্রবাহ →
- পুলিশ সহিংসতার শিকার নারীকে বিশ্বাস করে না →
- সিস্টেম দ্বারা প্রতারণার শিকার →
- সহিংসতার শিকার নারী সহযোগিতা প্রত্যাহার করতে চাইছেন →
- পুলিশ তদন্ত বন্ধ করে দেয় বা সহিংসতার শিকার নারী আসল অভিযোগের সাক্ষ্য দিতে বা সমর্থন করতে অস্বীকার করে

## ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা শুরু হয়  আপনার দলের কর্মক্ষমতার (পারফরম্যান্সের) দুর্বলতা/ ঘাটতিগুলি চিহ্নিত করার মাধ্যমে

***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাথে প্রথম যোগাযোগের সময় পুলিশ প্রায়ই  মনে করে যে  তাদের মূল দায়িত্ব হল অভিযোগ দায়ের করা, আনুষ্ঠানিক নিন্দা জ্ঞাপন এবং  আইন বা অনুশীলনে বিশেষভাবে বিচারের অনুরোধ করা। এর বেশিরভাগই VAWG- এর ভুল ধারণা থেকে উদ্ভূত হয়েছে (‹VAWG ভুল ধারণা’ বক্স-৬ দেখুন), আর এই ধারণা যদি পরিবর্তন না হয় তাহলে তাহলে তদন্ত এবং ভবিষ্যতে নারীদের  এবং মেয়েদের অভিযোগ (রিপোর্টিংয়ের) দাখিলের উপর ক্ষতিকর প্রভাব ফেলতে পারে।

নিম্নোক্ত তালিকাটি VAWG- এর জবাব দেওয়ার সময় পুলিশ অনুশীলনের ভাল অনুশীলন এবং কর্মক্ষমতার ঘাটতির একটি বিস্তৃত বিশ্বব্যাপী ম্যাপিং থেকে অনুপ্রাণিত।[১২] এই ম্যাপিংটি করার হয়েছে VAWG- এর সম্বন্ধে বিশেষজ্ঞ  বেশ কিছু চাকরিজীবী, অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার, এবং জাতিসংঘের কর্মীদের  অভিজ্ঞতা সাথে, পুলিশ এবং বেসরকারি সংস্থার সাথে কাজ করার অভিজ্ঞতার সমন্বয় করে । নীচে তালিকাভুক্ত কর্মক্ষমতার ঘাটতিগুলি তদন্ত প্রক্রিয়ার সকল ক্ষেত্রেই পুলিশের প্রচেষ্টার জন্য ক্ষতিকর হলেও, কিন্তু এই ক্ষেত্রে, তারা বিশেষত ভিকটিম/বেঁচে যাওয়া নারীদের

১১ উগান্ডায় বিচারিক কর্মকর্তাদের জন্য লিঙ্গ ভিত্তিক সহিংসতা প্রশিক্ষণ ম্যানুয়াল (ইউএন উইমেন, অপ্রকাশিত ২০১৯)।

১২ এছাড়াও দেখুন মডিউল-৩: Also see Module 3: Ending Violence Against Women, Table 3.1 on Challenges for women survivors of violence along the justice chain in ‘*A Practitioner’s Toolkit on Women’s Access to Justice Programming*’ (UN Women et al., 2018).

সাথে প্রথম যোগাযোগের অংশ হিসাবে ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার সময় পুলিশের কার্যকারিতার বিপরীত।

VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের বিরুদ্ধে ক্ষতি বা আরও ক্ষতি সাধন করার পূর্বে এই তালিকাটি পুলিশ ম্যানেজারদের প্রাথমিক পর্যায়ে সম্ভাব্য ঘাটতিগুলি দ্রুত সনাক্ত করতে সহায়তা করার জন্য প্রস্তুত করা হয়েছে। বিভাগের শিরোনামগুলি পাঠককে চিহ্নিত ক্ষমতা ঘাটতির সাথে মূল সমস্যা সম্পর্কিত করে বুঝতে সহায়তা করার জন্য, কিন্তু প্রকৃতপক্ষে, এগুলি সকল ক্ষেত্রেই প্রযোজ্য এবং/অথবা একে অপরের পরিপূরক::

## লিঙ্গ পক্ষপাত

- পুলিশ প্রায়ই সেই অনিয়ন্ত্রিত লিঙ্গ পক্ষপাত এবং বাধাধরা নিময়গুলিকে (স্টেরিওটাইপগুলিকে) সাড়া দিয়ে সংযুক্ত করে না, বরং পুলিশ সদস্যরা VAWG- এর রিপোর্ট না করা এবং রিপোর্ট করা মামলার অবনতিতে অবদান রাখে।

## দ্বিতীয়বার প্রতিশোধমূলক নিপীড়ন

- পুলিশ প্রায়ই ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তিদের অতিরিক্ত মানসিক আঘাত এবং কষ্টের কথা বিবেচনা না করেই ব্যক্তিগত তথ্যের উপর অনুপ্রবেশমূলক ও অসম্মানজ-নক দাবি করে;;

- কিছু এলাকায় থানায় নারীদের নিরাপদ বোধ করার জন্য মৌলিক অবকাঠামো নেই এবং তারা অপরাধের পরিবর্তে ওয়ান স্টপ শপ হিসেবে কাজ করতে পারে। বিশেষ কিছু গোষ্ঠী সম্পর্কে প্রচলিত মিথ ব্যবহার করে থাকায় ভুক্তভুগি-দের লজ্জা দেওয়া এবং দোষারোপ করা হয় ।

## অসৎ আচরণ

- প্রথম-প্রতিক্রিয়াশীল পুলিশ বিবেচনায় নিতে ব্যর্থ হয় যে, নারীরা সীমিত আর্থিক বা অন্যান্য সম্পদের মাধ্যমে তাদের আক্রমণকারীদের জোরপূর্বক এবং নিয়ন্ত্রণমূলক আচরণকে কার্যকরভাবে প্রতিরোধ করতে পারে।;

- প্রথম জবাব দেওয়া পুলিশ বিবেচনায় নিতে ব্যর্থ হয় যে, যেসব নারীকে গ্রেফতার করা হয়েছে বা আটক করা হয়েছে তারা কিভাবে কর্মকর্তাদের কাছ থেকে যৌন এবং অন্যান্য ধরনের সহিংসতার ঝুঁকিতে থাকতে পারে;;

- প্রায়শই, সহিংসতার শিকার নারীর সাথে কার্যকরভাবে অব্যাহত যোগাযোগ নিশ্চিত করার জন্য কোনও ব্যবস্থা বা পদ্ধতি নেই;

- কেস ব্যবস্থাপনার জন্য ডেটা ইনপুট পর্যাপ্তভাবে একীভূত না হওয়া , ধারাবাহিকভাবে আপডেট না করা এবং সাধারণত ব্যক্তিগত তথ্য সুরক্ষায় জাতীয় আইন বিবেচনা করে ***সহিংস-তার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের ফলো-আপের জন্য দায়ী ফৌজদারি বিচার সংস্থার কাছে সহজে প্রবেশযোগ্য হয় না।

## প্রশিক্ষণ এবং শিক্ষার ঘাটতি

- প্রথম প্রতিক্রিয়া জানানো পুলিশ হয়তো অবগত নয় যে একটি মেডিকেল পরীক্ষার জন্য একটি পুলিশ ফর্ম বা তাদের অভি-যোগের লিখিত স্বীকৃতি প্রয়োজন যা অপরাধের প্রমাণ হিসেবে ব্যবহার করা যেতে পারে;;

- যখন একজন সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারী বা কথিত অপরাধীর অক্ষমতা থাকে, তখন প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের সমর্থন করার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং সংশ্লিষ্ট প্রটোকলগুলি যথেষ্ট অন্তর্ভুক্ত নয়;

- কী কারণে পারিবারিক সহিংসতা হয়, কীভাবে সম্পর্কের সহিংসতা চক্রাকার হতে পারে এবং কেন কিছু অংশীদাররা অবমাননাকর সম্পর্ককে সহজে ছাড়ে না সে সম্পর্কে পর্যাপ্ত সাধারণ জ্ঞানের অভাব। এই জ্ঞান গ্রেফতারের প্রয়োজনীয়তা এবং কেন গ্রেপ্তার সবচেয়ে কার্যকর প্রতিক্রিয়া হতে পারে না উভয় এরই জটিলতা তুলে ধরতে পারে।

# সংজ্ঞা এবং কাঠামো

সংজ্ঞা এবং কাঠামো পুলিশ এবং ***সহিংসতার শিকার*** / বেঁচে যাওয়া ব্যক্তির মধ্যে প্রাথমিক যোগাযোগের জন্য একটি সার্বজনীন সংজ্ঞা না থাকায়, ESP কাঠামো নিম্নলিখিত বিবরণ প্রয়োগ করেঃ:

***প্রাথমিক যোগাযোগের মধ্যে রয়েছে পুলিশকে রিপোর্ট করা, রিপোর্টের নথিভুক্তকরন(ডকুমেন্টেশন), ফৌজদারি মামলার নিবন্ধন (রেজিস্ট্রেশন), আইনজীবীদের দ্বারা প্রদত্ত উপদেষ্টা পরিষেবা, দেওয়ানি মামলা নথিভুক্ত, বা রাষ্ট্রীয় ক্ষতিপূরণ প্রকল্পে করা প্রশাসনিক আবেদন, এবং***

**বক্স-৫:**

**VAWG সম্পর্কে ভুল ধারণা***

*ধর্ষণ সম্পর্কে প্রচলিত ভুল ধারণা:*

- **ধর্ষণ এর সাথে অপরিচিত, শারীরিক বল এবং শারীরিক আঘাত জড়িত।** সাধারণত দৃশ্যমান শারীরিক আঘাত ছাড়া ধর্ষণ এর সাথে জড়িত ব্যক্তিকে ***সহিংসতার শিকার*** বেঁচে থাকা ব্যক্তি চেনে।

- **ধর্ষণ লালসা বা আবেগের অপরাধ।** *ধর্ষণ হচ্ছে সহিংসতা এবং আগ্রাসনের একটি কাজ যেখানে অপরাধী যৌনতাকে অস্ত্র হিসেবে ব্যবহার করে* ***সহিংসতার শিকার নারীর*** *উপর ক্ষমতা ও নিয়ন্ত্রণ কায়েম করে।*

*পারিবারিক সহিংসতা সম্পর্কে প্রচলিত ভুল ধারণা:*

- **কিছু নারী পারিবারিক সহিংসতাকে উস্কে দেয় বা মনে করে যে এটি প্রেমের প্রকাশ এবং নির্যাতিত হবার মতো ঃ** গবেষকরা দেখেছেন যে অনেক নির্যাতিত নারীরা নীরব থাকেন, শারীরিক নির্যাতন সহ্য করেন এবং বিভিন্ন কারণে সম্পর্কের মধ্যে থাকেন, যার মধ্যে রয়েছে: তাদের যাওয়ার কোন জায়গা নেই, আর্থিকভাবে তারা অপব্যবহারকারী সঙ্গীর উপর নির্ভরশীল, তারা এইটা মনে করেন এটি শিশুদের জন্য ভাল এবং সামাজিক কলঙ্কের ভয়ে।

- **মদ এবং মাদক পারিবারিক সহিংসতার প্রধান কারণ ঃ** যদিও পারিবারিক সহিংসতার প্রায় ৫০ শতাংশ ঘটনায় মদ জড়িত বলে মনে হয়, তবে মদ্যপ না থাকা অবস্থায় অপরাধীরা প্রায়শই তাদের সঙ্গীকে নিষ্ঠুরভাবে লাঞ্ছিত করে। মদের অপব্যবহার একটি ঝুঁকির কারণ যা বাধা দেবার ক্ষমতা দুর্বল করে স্বামী -স্ত্রীর পারিবারিক **অত্যাচারে** অবদান রাখে, কিন্তু অ্যালকোহল এবং মাদক পারিবারিক সহিংসতার কারণ নয়।

- **শারীরিক নির্যাতন পারিবারিক সহিংসতার সবচেয়ে মারাত্মক রূপ।** গবেষণা ইঙ্গিত দেয় যে পারিবারিক সহিংসতা শারীরিক, আবেগ সংক্রান্ত/ মানসিক, অর্থনৈতিক এবং যৌন প্রকৃতির হতে পারে। বেশিরভাগ সহিংসতার শিকার নারীরা স্বীকার করেন যে আবেগ/মানসিক নির্যাতন তাদেরকে শারীরিক নির্যাতনের চেয়ে আরও গুরুতর এবং গভীরভাবে প্রভাবিত করে।

- **যে সব পুরুষ তাদের সঙ্গীদের অত্যাচার করে তারা সাধারণত মানসিকভাবে অসুস্থ।** পুরুষদের উপর ক্লিনিকাল গবেষণা যারা তাদের সঙ্গীদের উপর অত্যাচার করে এই দৃষ্টিভঙ্গি সমর্থন করে না। নারী নির্যাতনকারীদের অধিকাংশই মানসিক রোগে ভুগছেন না - অধিকাংশই বেশ সাধারণ পুরুষ বলে মনে হয়।

- **বেশিরভাগ অত্যাচারী ব্যর্থ পুরুষ যারা অন্যদের সাথে তাদের সমস্ত সম্পর্কের ক্ষেত্রে হিংস্র।** গবেষণা ইঙ্গিত করে যে, নির্যাতিত নারীদের মতো, নির্যাতনকারী পুরুষরাও প সমাজের বিভিন্ন স্তর থেকে আসে।

- **কিছু সংস্কৃতিতে নির্যাতন গ্রহণযোগ্য।** সহিংসতা কখনই দ্বন্দ্ব সমাধানের গ্রহণযোগ্য পদ্ধতি নয়। প্ররোচনা যাই হোক না কেন, স্বামী/স্ত্রীর একে অপরকে শারীরিকভাবে আক্রমণ করার অধিকার নেই।

- **পারিবারিক বিরোধ একটি ব্যক্তিগত বিষয় এবং পুলিশ, স্বাস্থ্য, পেশাজীবী বা সমাজকর্মীদের জড়িত করার পরিবর্তে দম্পতিদের মধ্যে নিষ্পত্তি করা উচিত।** পারিবারিক সহিংসতার শিকার নারীরা প্রায়ই চরম মাত্রায় শারীরিক সহিংসতা, মানসিক নির্যাতন এবং মানসিক আঘাতের সম্মুখীন হয় বিধায় কয়েজ মাস বা এমনকি বছর পার হয়ে যায় সাহায্য চাইতে। সহিংসতার শিকার নারীরা ব্যক্তিগতভাবে তাদের বিরোধ নিষ্পত্তির চেষ্টা করে ব্যর্থ হবার পরেই পুলিশ, স্বাস্থ্য কর্মী বা সমাজকর্মীদের কাছে নির্যাতনের প্রতিবেদন দাখিল করতে আসে।

- **পারিবারিক সহিংসতার শিকারনারীরা সত্যিই চাইলে সহিংস সম্পর্ক ত্যাগ করতে পারে।** তাদের ধর্মীয় এবং/অথবা সাংস্কৃতিক বিশ্বাসের পরিপ্রেক্ষিতে, পারিবারিক সহিংসতার শিকার নারীরা বিশ্বাস করে যে নির্যাতন প্রতিটি বিবাহের অংশ। যদি ***সহিংসতার শিকার*** **নারী** এমন পরিবেশে বড় হয় যেখানে পারিবারিক সহিংসতাকে প্রশ্রয় দেওয়া হয়, তাহলে সম্ভবত সে অবমাননাকর সম্পর্কের মধ্যেই থাকবে। তদুপরি, নির্যাতিত নারীরা সাধারণত বেশ কয়েকটি কারণে বাড়ি ত্যাগ করা থেকে

বিরত থাকে। এর মধ্যে থাকতে পারে প্রতিশোধের ভয়, সামাজিক বিচ্ছিন্নতা, আর্থিক নির্ভরতা, সামাজিক কলঙ্ক, মানসিক নির্ভরতা এবং দুর্বল আত্মসম্মান।

- **শিশুরা সাধারণত পারিবারিক সহিংসতার শিকার হয় না এবং হিংসাত্মক হলেও বাড়িতে বাবা থাকা ভালো।** অবমাননাকর বাড়িতে বসবাসকারী শিশুরা নিজেরাই নিজেদের নির্যাতনের সম্ভাবনা বেশি থাকে এবং সহিংসতার ঘটনার সময় তারা আঘাতের ঝুঁকিতে থাকে এবং ট্রমার লক্ষণগুলি তাদের মধ্যে বিকাশের ঝুঁকিতে থাকে। গবেষণায় দেখা গেছে যে সহিংস বাড়িতে থাকা শিশুদের মদ এবং/অথবা মাদক সেবন এবং কিশোর অপরাধের ঝুঁকি বেশি। তারা এটাও শিখতে পারে যে মানুষ যখন অন্যকে গালি দেয় তখন তারা সমস্যায় পড়ে না।

সূত্র: *Handbook on Effective Police Responses to Violence Against Women* (UNODC, 2010) p. 18 and *Handbook on Effective Prosecution Responses to Violence against Women and Girls* (UNODC and UN Women, 2014) p. 31

***বিচ্ছেদ, হেফাজত এবং/অথবা জরুরী আবেদন।***[১৩]

এটা উল্লেখ করা খুবই গুরুত্বপূর্ণ যে VAWG- সংক্রান্ত ব্যাপারে বিচারিক সুরক্ষা চাওয়ার সময় ***সহিংসতার শিকার*** /জীবিত ব্যক্তিরা দায়িত্বপ্রাপ্ত কর্তৃপক্ষ হিসেবে পুলিসের সাথে সব সময় প্রাথমিক ভাবে জড়িত থাকে না। পুলিশ ছাড়াও, সরকারিভাবে প্রথম প্রতিক্রিয়া জানানোদের মধ্যে অগ্নিনির্বাপক, সামরিক, স্বাস্থ্য সেক্টরের পেশাজীবী, ওয়ান স্টপ সেন্টারের কর্মী, হেল্পলাইন এবং এমনকি ইন্টারনেট মধ্যস্থতাকারী অন্তর্ভুক্ত থাকতে পারে।

> **"একজন প্রতিক্রিয়া জানানো কর্মকর্তার কাছে প্রত্যশা থাকে তিনি সহিংসতার শিকার এবং তাদের সন্তানদের নিরাপদ রাখবেন; পুলিশিংয়ের প্রতিক্রিয়ার প্রতি তাদের আস্থা শক্তিশালী করতে সহায়তা করবেন; ভবিষ্যতের ঝুঁকি মূল্যায়ন করবে যাতে বাহিনী তাদের দীর্ঘমেয়াদে নিরাপদ রাখতে পারে; ঘটনা তদন্ত করবেন; এবং প্রসিকিউশনকে সহায়তা করার জন্য জন্য প্রমাণ সংগ্রহ করবেন।"**
>
> Everyone's business: Improving the police response to domestic abuse (HCIM, 2014)

প্রথম প্রতিক্রিয়া জানানোদের যেই হোক কেন পুলিশের জন্য সর্বাগ্রে অগ্রাধিকার হচ্ছে, **সহিংসতার শিকার** নারীর নিরাপত্তা নিশ্চিত করা। এর মধ্যে রয়েছে তথ্যের গোপনীয়তা নিশ্চিত করা, এবং গৃহীত পদক্ষেপের অনিচ্ছাকৃত ফলাফলের পূর্বাভাস করা এবং তা মোকাবেলা করা যাতে আরও ক্ষতির সম্ভাবনা রোধ করা যায়। যেখানে পুলিশ অপরাধীদের কর্ম সম্পর্কে জানত, বা জানা উচিত ছিল যেখানে VAWG- কে যথাযথভাবে প্রতিরোধ করতে, সুরক্ষা দিতে এবং সাড়া দিতে ব্যর্থ হলে তা রাষ্ট্রীয় দায়বদ্ধতা সৃষ্টি করবে।[১৪]

VAWG- এর ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের জন্য রিপোর্টিংয়ের সমস্ত সাধারণ সুযোগ সম্পর্কে পুলিশকে ভালভাবে অবগত থাকতে হবে এবং পুলিশ কর্মকর্তা না থাকাকালীন প্রথম প্রতিক্রিয়া জানানো ব্যক্তির সমন্বয় নিশ্চিত করতে হবে, যাতে 'চেইন-অফ-কাস্তডী' পদ্ধতি অনুসারে প্রমাণিত তথ্য এবং উপাদান স্থানান্তর করা হয়।

যখন VAWG এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীরা একটি অনানুষ্ঠানিক প্রক্রিয়ার মধ্য দিয়ে যাওয়ার সিদ্ধান্ত নেয়, যেমন মধ্যস্থতা, বা একটি অনানুষ্ঠানিক প্রক্রিয়ার অধীনে, তখন প্রমাণিত তথ্য এবং উপাদান সুরক্ষিত করা আরও চ্যালেঞ্জিং হয়ে ওঠে। মধ্যস্থতা যখন VAWG সংক্রান্ত বিষয় মোকাবেলার চ্যানেল হয়ে ওঠে তখন পুলিশ ম্যানেজারদের নিশ্চিত করতে হবে যে তাদের কর্মী এবং অপরিহার্য পরিষেবা অংশীদারদের ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের মুখোমুখি হওয়ার ঝুঁকি এবং চ্যালেঞ্জ সম্পর্কে স্পষ্ট ধারণা রয়েছে।

প্রাসঙ্গিক আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সঙ্গতি রেখে, জাতিসংঘ VAWG- এর ক্ষেত্রে মধ্যস্থতা এড়ানোর বিষয়ে সুস্পষ্ট নির্দেশনা

১৩ Module 3: Justice and Policing, *Essential Services Package for Women and Girls Subject to Violence: Core Elements and Quality Guidelines* (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).

১৪ রাষ্ট্রের মানবাধিকার সংক্রান্ত বাধ্যবাধকতা হল এটা নিশ্চিত করা যে, রাষ্ট্রীয় এবং অ-রাষ্ট্রীয় এজেন্ট উভয়ই নারীর প্রতি বৈষম্য বা সহিংসতার সংক্রান্ত যে কোনো ধরণের কাজ থেকে বিরত থাকবে। এই কাঠামোর মধ্যে, নারীদের বিরুদ্ধে সকল প্রকার বৈষম্যে দূর করা সংক্রান্ত কনভেনশনের অনুচ্ছেদ-২ (ই) অনুসারে অ-রাষ্ট্রীয় অনুঘটক বলতে ব্যক্তিগত কোম্পানিসহ ব্যক্তিকে অন্তর্ভুক্ত করে। নারীর প্রতি সহিংসতা দূরীকরণের ঘোষণাপত্রের অনুচ্ছেদ-৪ (গ) অনুসারে, নারীদের প্রতি সহিংসতা রোধ, তদন্ত এবং শাস্তি দেওয়ার জন্য রাষ্ট্রগুলিকে যথাযথ পরিশ্রম করতে হবে।

প্রদান করেছে (বক্স-৪ দেখুন)।[১৫] ইএসপি সতর্ক করেছে এই মর্মে যে, মধ্যস্থতা বা পুনরুদ্ধারযোগ্য ন্যায়বিচার কেবলমাত্র সেই ক্ষেত্রেই অনুমোদিত হওয়া উচিত যেখানে কোনও শক্তি, চাপ বা ভয়ভীতি ব্যবহার করা হয়নি, এবং কিছু ন্যূনতম প্রয়োজনীয়তা প্রতিষ্ঠা করার নিশ্চয়তা রয়েছে, যার মধ্যে রয়েছে:

- প্রক্রিয়াটি অবশ্যই অপরাধীর ন্যায়বিচার প্রক্রিয়ার মতো সহিং-সতার শিকার নারীদের নিরাপত্তার জন্য একই বা অধিক ব্যবস্থা প্রদান করবে;
- অপরাধী দায় স্বীকার করেছে;
- বিচার পরিষেবা প্রদানকারী অনুমোদন করেছে;
- মধ্যস্থতাকারীরা প্রশিক্ষিত এবং যোগ্য;
- একটি বৈধ ঝুঁকি মূল্যায়ন নির্ধারণ করেছে যে মহিলা উচ্চ ঝুঁকিতে নেই;
- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে প্রক্রিয়া সম্পর্কে সম্পূর্ণ অবহিত করা হয়েছে এবং সে মধ্যস্থতা অনুমোদন করেছে;
- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি অংশগ্রহণে সম্মতি দিয়েছে।

**বক্স-৬**

**VAWG ক্ষেত্রে মধ্যস্থতার বিপদ**

মধ্যস্থতা (কখনও কখনও 'সমঝোতা' হিসাবে উল্লেখ করা হয়) আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উভয় ক্ষেত্রেই ব্যবহার করা হয় এবং VAWG এর ক্ষেত্রে, বিশেষ করে পারিবারিক সহিংসতা/আন্তব্যক্তিক সহিংসতার ক্ষেত্রে অত্যন্ত সমস্যাযুক্ত এবং প্রকৃতপক্ষে বিপজ্জনক হতে পারে:

- নারীদের বিরুদ্ধে সহিংসতার ক্ষেত্রে দলগুলোর মধ্যে হামলা, সহিংস ভয় দেখানো, এবং/অথবা নিয়ন্ত্রণ, অপমানজনক বা অপমানজনক আচরণের উপর ভিত্তি করে; অসম ক্ষমতার সম্পর্ক জড়িত,;
- মধ্যস্থতা অনুমান করে যে দলগুলি সমান সম্পদ এবং ক্ষমতা দিয়ে প্রক্রিয়াটির প্রয়োগ করে - যা প্রায়ই এই পরিস্থিতিতে হয় না।

যাইহোক, যেহেতু অনেক দেশে মধ্যস্থতা ব্যবহার করা হয়, ইউএনওডিসি সুপারিশ করেছে যে মধ্যস্থতার উপাদানসহ যে কোন ন্যায়বিচার সংস্কার উদ্যোগ কঠোরভাবে নিম্নলিখিত মানদণ্ড মেনে চলতে হবে:

- মধ্যস্থতার সুবিধায় জড়িত সকলকে VAWG, বিশেষ করে পারিবারিক সহিংসতা/IPV- এর গতিশীলতার প্রশিক্ষণ দেওয়া উচিত;
- প্রশিক্ষণ ঝুঁকি মূল্যায়ন পরিচালনার উপর মনোযোগ দেওয়া উচিত;
- স্বামীর নির্যাতনের ক্ষেত্রে যাচাইকৃত ঝুঁকি মূল্যায়নের টুলস (সরঞ্জামগুলির) প্রস্তুত ও প্রয়োগ।

সাধারণভাবে, ইউএনওডিসি নারীদের বিরুদ্ধে সহিংসতার ক্ষেত্রে মধ্যস্থতা এবং অন্যান্য পুনর্বাসনমূলক ন্যায়বিচার অনুশীলনের জন্য যথাযথ নির্দেশিকা সুপারিশ করে, যেমন::

- পুনর্বাসনমূলক বিচার প্রক্রিয়া অবশ্যই অপরাধীর ন্যায় বিচার প্রক্রিয়ার মতো ***সহিংসতার শিকার নারীর*** নিরাপত্তার জন্য সুরক্ষার একই ধরণের বা অধিক শক্তিশাল ব্যবস্থা প্রদান করবে;
- পুনর্বাসনমূলক বিচার প্রক্রিয়ার রেফারেল অপরাধীর বিরুদ্ধে অপরাধের অভিযোগ আনার পরে এবং প্রসিকিউটর বা তদন্তকারী বিচারকের অনুমোদনের পরে করা হয়;
- প্রশিক্ষিত এবং যোগ্য কর্মীদের দ্বারা নির্ণয় করা যে মামলাটি উচ্চ ঝুঁকিপূর্ণ নয়; য়; এবং
- ***সহিংসতার শিকার*** নারী সম্পূর্ণরূপে অবহিত এবং সম্মতি দিয়েছেন।

উৎস - Source: *'Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women'* (UNODC, 2014) and *'A Study for Creating a Multidisciplinary Response Mechanism to Violence Against Women in Egypt'* (UNODC, 2015)

উৎস: A Study for Creating a Multidisciplinary Response Mechanism to Violence Against Women in Egypt (2015). UNODC

১৫ See the ESP (Module 3, essential service 4.9); Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women (UNODC, 2014), p. 77-78); A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming (UN Women et al., 2018) ps.232-235.



ছবি সৌজন্যে জাতিসংঘ /মার্টিন পেরেট)

সাধারণত, অপরাধের ঘটনাস্থলে প্রথম আধিকারিক বা প্রথম প্রতিক্রিয়া জানানো ব্যক্তির পদ্ধতি এবং সংশ্লিষ্ট কর্তব্য সম্পর্কে বিস্তারিত জানার জন্য জাতীয় প্রটোকল[১৬] বিদ্যমান থাকে, অথবা ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারীরা একজন সাক্ষীর কাছ থেকে প্রথম যে সরাসরি VAWG সম্পর্কে তথ্য পায়।

প্রথম প্রতিক্রিয়া জানানোর জন্য এই জাতীয় প্রটোকলগুলি সাধারণভাবে পুলিশকে একটি নিরাপদ ও শান্ত পরিবেশ প্রদানের দিকে পরিচালিত করবে, যার মাধ্যমে তারা সহায়কভাবে শুনবে, সহানুভূতি দেখাবে, বিচার করবে না, মিথ্যা প্রতিশ্রুতি না দিয়ে আশ্বাস প্রদান করবে এবং চিকিৎসা সেবা এবং অন্যান্য সহায়তার প্রবেশাধিকারকে (অ্যাক্সেস) উৎসাহিত করবে। এই ক্রিয়াগুলি সহিংসতার শিকার নারী কেন্দ্রিক পদ্ধতির সাথে সামঞ্জস্যপূর্ণ।

তাদের নির্দেশনায়, 'মানবাধিকার তদন্ত নির্দেশিকা ও অনুশীলনে একটি লিঙ্গ দৃষ্টিভঙ্গি', জাতিসংঘের মানবাধিকার কমিশনের অফিস (UNOHCHR) যা লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV) যেমন যৌন এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার তদন্ত কাজ করে উল্লেখ করেছে যে " কোন ক্ষতি না করা" "ডু নো হার্ম" নীতি লিঙ্গ গতিশীলতা এবং সাংস্কৃতিক নিয়মগুলির যথাযথ মূল্যায়ন-নের উপর জোর দিয়েছে যা ক্ষতিগ্রস্তদের এবং সাক্ষীদের পুনরায় আঘাত করা বা কলঙ্ক, সহিংসতা এবং কথিত অপরাধীদের অথবা সহিংসতার শিকার হওয়া ব্যক্তির পরিবারের বা সম্প্রদা-য়ের হাতে প্রান্তিককরণসহ আরও ক্ষতির সম্মুখীন করতে পারে।[১৭]

এই নির্দেশিকা প্রস্তাব করে যে একজন ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা বা GBV এর সাক্ষীর সাক্ষাৎকারের আগে, বিশেষ করে সম্ভাব্য দুর্বল ***সহিংসতার শিকার*** নারীদের সাথে,

১৬ প্রথম প্রতিক্রিয়ার প্রটোকলের উচিত পুলিশ সার্ভিসের তদন্ত পদ্ধতি অনুসারে প্রমাণ সংগ্রহ করা এবং সংরক্ষণ করা, যার মধ্যে থাকা উচিত দলগুলির কার্যক্রম এবং বক্তব্যের বিস্তারিত নোট এবং বিস্তারিত ঘটনার রিপোর্ট, কোন অভিযোগ আনা হোক বা না হোক, অথবা অপরা-ধের অভিযোগ আছে। দেখুন: Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women (UNODC, 2014))।

১৭ Integrating a Gender Perspective into Human Rights Investigations Guidance and Practice (UN Office of the High Commissioner for Human Rights, New York and Geneva, 2018), see: https://www.ohchr.org/sites/default/files/Documents/Issues/Women/Publications/GenderIntegrationintoHRInvestigations.pdf

সাক্ষাৎকারগ্রহণকারীদের দ্বারা নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করা উচিতঃ[১৮]:

- তদন্তকারী দলের সাথে যোগাযোগ এবং/অথবা অবহিত করার ফলে ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা নারী পরিবার বা সম্প্রদায়ের হাতে প্রতিহিংসা, প্রান্তিকতা, কলঙ্ক, সহিংসতা অনুভব করতে পারে কিনা;

- কোন ঘটনা মামলার জন্য গুরুত্বপূর্ণ এবং ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি বা সাক্ষী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারে কিনা;;

- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি বা সাক্ষী ইতোমধ্যে অন্য কর্তৃপক্ষসহ তাদের কাছে একটি বিবৃতি দিয়েছেন কিনা তা যাচাই করা এটি মূল্যায়ন করার জন্য যে তাকে আবার আঘা-তমূলক ঘটনা পুনর্বিবেচনা করতে বলা প্রয়োজন আছে কিনা;;

- যদি ***সহিংসতার শিকার নারী*** বা সাক্ষী কষ্ট পায় তাহলে তদন্তকারী কর্মকর্তা কিভাবে যথাযথ প্রতিক্রিয়া জানাতে হবে সে সম্পর্কে জানে কি না;

- তদন্তকারী কাউন্সেলিং এবং অন্যান্য পরিষেবার রেফারেল সম্পর্কে জানেন কি?

জাতিসংঘের ওএইচসিএইচআর গুরুত্ব সহকারে উল্লেখ করেছে যে একই সময়ে, তদন্তকারীদের ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদা বা অবস্থার বিষয়ে অনুমান করার ব্যাপারে সতর্ক হওয়া উচিত-যেমন ধরে নেওয়া যে যৌন সহিংসতার শিকার সকল নারীরা তাদের অভিজ্ঞতা পুনরাবৃত্তি করার প্রক্রি-য়াটিতে মানসিক আঘাত পাবে।[১৯] নির্দেশিকায় আরও বলা হয়েছে যে যখন সাক্ষাৎকারগুলি পুঙ্খানুপুঙ্খভাবে পরিচালিত হয়, প্রক্রিয়ায় নির্যাতনের শিকার/ সকল নারী নিজে নিজেই আরোগ্য লাভ করবে এবং ক্ষমতায়ন হতে পারে।[২০]

ইউএনপোল তার জেন্ডার টুলকিটের অংশ হিসাবে ধর্ষণ ও যৌন অপরাধের পুলিশ তদন্তের মডেল স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউস (এসওপি) -এর অংশ হিসেবে সাক্ষাৎকারের নির্দেশনাও দিয়েছে।[২১] এই মডেল এসওপি প্রাথমিক রিপোর্ট থেকে শুরু করে তদন্ত, তত্বা-বধান এবং নিষ্পত্তির মাধ্যমে ধর্ষণ ও যৌন অপরাধের তদন্তের জন্য একটি ব্যাপক দিকনির্দেশনা প্রদান করেছে।

১৭ Ibid.
১৯ Ibid.
২০ Ibid.
২১ See Project Tool 97 in 'Procedures on Police Investigations' (UNPOL Gender Toolkit Compendium of Project Tools, 2015), ps. 272-291.

## VAWG- এর সহিংসতার শিকার / বেঁচে থাকা সকল নারীর সাথে কার্যকর এবং পর্যাপ্ত প্রাথমিক যোগাযোগের জন্য ব্যবস্থাপনা সংক্রান্ত যোগ্যতা

এটা খুবই গুরুত্বপূর্ণ যে কমান্ডার বা পুলিশ ম্যানেজাররা বুঝতে পারেন এবং তাদের দলের কাছে এই বার্তা প্রেরণ করেন যে পুলিশের সাথে প্রাথমিক যোগাযোগে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের অভিজ্ঞতা খুবই মিশ্র। পুলিশ ম্যানেজারদের তাদের কর্মীদের ক্ষতিকর পরিণতি রয়েছে এমন নেতিবাচক মনোভাব, কর্ম এবং আচরণের প্রতি সতর্ক থাকতে হবে।

> **"কার্যকর তত্বাবধান এবং প্রশিক্ষণ না থাকায়, যুক্তরাজ্যের পুলিশ সাড়া দেওয়ার কর্মকর্তার যোগ্যতা এবং সামর্থ্যের বিষয়টিকে (একটি পারিবারিক সহিংসতার আহ্বানে) প্রায় সম্পূর্ণরূপে সুযোগের উপর ছেড়ে দিয়েছিল «।**
>
> ইউকে এইচএমআইসি ২০১৪ (এখন মহামান্য কনস্টেবুলারি এবং ফায়ার অ্যান্ড রেসকিউ সার্ভিস ইন্সপেক্টরেট)

VAWG- এর সহিংসতার শিকার/ নারীকে গ্রহণ করার অনেক ক্ষেত্রে, পুলিশের সুবিধাগুলি নারী বা মেয়েদের উপযোগী না হওয়ার কারণে তারা রিপোর্ট করতে ইচ্ছুক হয় না, এবং এটি ঘোটতে পারে ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির উপস্থিতিতে সহায়তা করার জন্য উপলব্ধ VAWG- এর সম্বন্ধে প্রশিক্ষণপ্রাপ্ত নারী কর্মকর্তা এবং/অথবা কর্মকর্তাদের না থাকা থেকে শুরু করে, প্রতিক্রিয়া সরঞ্জামগুলির অভাব, ধর্ষণের ঘটনায় যদি একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির তাৎক্ষনিক চিকিৎসার প্রয়োজন হয় সেই সময় পরিবহনের অভাবের কারণে।

তাছাড়া, অনেক ক্ষেত্রে, একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির সাথে প্রথম যোগাযোগ হয় অপ্রাতিষ্ঠানিক ন্যায়বিচারী অনুঘটকদের যেমন ঐতিহ্যবাহী এবং বিশ্বাস ভিত্তিক নেতা, পরিবারের সদস্য এবং সম্প্রদায়ের প্রধানদের সাথে। আনুষ্ঠানিক বিচার ব্যবস্থা সব জনগোষ্ঠীর জন্য অ্যাক্সেসযোগ্য নাও হতে পারে। তবুও, সমাধানগুলি পাওয়া যেতে পারে, কিন্তু এর জন্য স্থানীয় সম্প্রদায়, সম্প্রদায়ের নেতৃবৃন্দ বা কর্তৃপক্ষের সাথে অংশীদারিত্বের প্রয়োজন হবে এবং কিছু ক্ষেত্রে, ট্যাক্সি পরিষেবাসহ স্থানীয় বেসরকারি কোম্পানির সাথে ।

পারিবারিক সহিংসতার বিরুদ্ধে পুলিশের প্রতিক্রিয়া সম্পর্কে ২০১৪ সাথে ইউকে হোম অফিসের প্রতিবেদনে দেখা গেছে যে একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তিদের সেবার

মান সম্পূর্ণভাবে উপস্থিত পুলিশ কর্মকর্তার সহানুভূতি, বোঝাপড়া এবং প্রতিশ্রুতির উপর নির্ভর করে।[২২]

প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে যে কার্যকর তত্ত্বাবধান এবং প্রশিক্ষণ ছাড়াই, যুক্তরাজ্যের পুলিশ প্রতিক্রিয়া জানানো কর্মক-র্তার যোগ্যতা এবং সক্ষমতার বিষয়টিকে প্রায় সম্পূর্ণ সুযোগের উপর ছেড়ে দিচ্ছে। এর অর্থ এই যে, পুলিশের কাছ থেকে সবচেয়ে দুর্বল ভুক্তভোগী/বেঁচে যাওয়া যেসব ব্যক্তিরা সেবা পেয়েছিল পেয়েছিলেন সেগুলি ছিল লটারির সমতুল্য।[২৩]

প্রথম পরিচিতিতে ***সহিংসতার শিকার*** বেঁচে থাকা ব্যক্তিদের সাথে অভিন্ন এবং লিঙ্গ-সংবেদনশীল সম্পৃক্ততা নিশ্চিত করতে সাহায্য করার জন্য, আচরণগত দক্ষতার একটি তালিকা নীচে দেওয়া হয়েছে। এই তালিকাটি প্রস্তুতের সময় বিশ্ব স্বাস্থ্য সংস্থার *Strengthening the medico-legal response to sexual* violence (2015) এবং *Blueprint for Action: An Implementation Plan for Criminal Justice Systems to Prevent and Respond to Violence against Women* (ক্রাইম প্রিভেনশন অ্যান্ড ক্রিমিনাল জাস্টিস রেসপন্স টু ভায়োলেন্স ফর উইমেন, (ইউএনওডিসি, ২০১৪) শীর্ষক প্রকাশনায় অন্তর্ভুক্ত) দ্বারা অনুপ্রাণিত হয়েছে।[২৪]

এই তালিকাটি আন্তর্জাতিকভাবে স্বীকৃত আচরণ এবং মূল্য (মান) নির্ধারণ করেছে এবং বর্ণনা করেছে যে কিভাবে আপনার দল প্রথম সাড়া দানকারী হিসেবে VAWG অপরাধের সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের প্রতিক্রিয়া জানাবে। এটি আন্তর্জাতিক মান থেকে উদ্ভূত হওয়া প্রত্যাশার মূল উদাহরণ প্রদানের জন্য প্রস্তুত করা হয়েছে,[২৫], এবং একই সাথে মূল্যবোধ, নৈতিকতা এবং অখণ্ডতার বিষয়ে আপনার জাতীয় পুলিশ সংস্থার নীতিগুলিকে পরিপূরক এবং শক্তিশালী করেছে।

**সাড়া প্রদানকারী কর্মকর্তারা ভিএডব্লিউজি অপরাধের প্র-তিবেদনের মাধ্যমে নারীদের এবং মেয়েদের রিপোর্টিংকে উৎসাহিত এবং সহজতর করেছে**, তাদের **প্রতি সহায়তার প্রতিশ্রুতি প্রদর্শন করেছে, তাদের সমর্থন করেছে এবং** তাদের আত্মবিশ্বাস তৈরি করেছে এই মর্মে যে বৈষম্য, পক্ষপাত বা অস্বাভাবিকতার ছাড়াই তারা ন্যায়বিচার পাবে-এই বিষয়গুলি নিশ্চিত করার সময় **পুলিশ ম্যানেজারা কর্মক্ষমতা দক্ষতার একটি অসম্পূর্ণ তালিকা হিসেবে এটি তালিকাটি উল্লেখ**, প্রয়োগ **এবং প্রচার করতে পারে।** পরিচালকদের নিশ্চিত করা উচিত যে সাড়া জানানো কর্মকর্তারা সক্ষম:

## উপলভ্যতা এবং সহজলভ্যতা

- অ্যাক্সেস নিশ্চিত করুন এবং নারী ও মেয়েদের বিরুদ্ধে যেকোনো ধরনের সহিংসতার প্রতিবেদন করার জন্য মেশিন এবং সরব-রাহকৃত টুলস (যেমন অপরাধের কিট, যৌন নিপীড়নের প্রমাণ সংগ্রহের কিট ইত্যাদি) ব্যবহারে করতে সক্ষম হোন;
- নিশ্চিত করুন যে বিভিন্ন ধরনের প্রতিবন্ধী নারী ও মেয়েদের থানায় শারীরিক প্রবেশাধিকার রয়েছে এবং ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের শ্রবণ/কথা বলার সমস্যার সমাধানের জন্য প্রয়োজনীয় সকল যোগাযোগের টুলস (যেমন একটি সাইন-ল্যাঙ্গুয়েজ ইন্টারপ্রেটার) সরবরাহ করুণ।[২৬]

## পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:

- ফি বা খরচের অনুরোধ না করে সহিংসতার শিকার নারীদের পর্যাপ্তভাবে অবহিত করুন, যাতে তিনি ফৌজদারি বিচার প্রক্রিয়ায় কীভাবে জড়িত থাকবেন সে বিষয়ে অবগত সিদ্ধান্ত নিতে পারেন;
- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাথে তাদের দা-বিগুলির সম্পূর্ণ হিসাব নিশ্চিত করার জন্য একটি বিচারহীন, সাধারণ এবং সহানুভূতিশীল ভাবে যোগাযোগ করুন;
- ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির প্রয়োজনমুখী উপায়ে পরিবহন যান, গোপনীয়তা নিশ্চিত করতে, কলঙ্কিত হওয়া এবং দ্বিতীয় বার নির্যাতন এড়াতে নমনীয়ভাবে পুলিশ প্রাঙ্গণ এবং সম্পদ ব্যবহার নিশ্চিত করুণ;
- VAWG- এর ক্ষেত্রে অনানুষ্ঠানিক মধ্যস্থতায় জড়িত হওয়া থেকে বিরত থাকার বিষয়ে স্পষ্ট দিকনির্দেশনা প্রদান করা যাতে নিশ্চিত করা যায় যে সম্মুখ সাড়ির (ফ্রন্টলাইন) পুলিশকে প্রথম প্রতিক্রিয়া জানানো প্রোটোকলে পুঙ্খানুপুঙ্খভাবে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

২২ 'Everyone's business: Improving the police response to domestic abuse' (HMIC, 2014).
২৩ Ibid.
২৪ Strengthening the Medico-legal Response to Sexual Violence (WHO and UNODC, 2015)
২৫ Code of Conduct for Law Enforcement Officials, adopted by General Assembly resolution 34/169 of 17 December 1979, see: https://www.ohchr.org/en/instruments-mechanisms/instruments/code-conduct-law-enforcement-officials

২৬ এর মধ্যে বিভিন্ন ধরনের প্রতিবন্ধী নারীদের এবং মেয়েদের দ্বারা সাধারণত শারীরিক, মনোভাব এবং যোগাযোগের বাধাগুলি দূর করার সক্রিয় প্রচেষ্টা অন্তর্ভুক্ত করা উচিত এবং এটি কর্মকর্তাদের দেওয়া নির্দিষ্ট প্রশিক্ষণের মাধ্যমে সমাধান করা হয়।

## অভিযোজনযোগ্যতা

- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের বিভিন্ন নিরাপত্তা এবং সহায়তার চাহিদাগুলি সনাক্ত করার জন্য একটি পৃথ-কীকৃত (কেস-বাই-কেস) পদ্ধতির মাধ্যমে প্রথম প্রতিক্রিয়া জানানো প্রোটোকল প্রয়োগ করুন।

> **" সহিংসতার শিকার নারী রিপোর্টের সময়োপযোগীতা (যেমন, ঘটনার কয়েক দিন পরে) ঘটনার তীব্রতা কমায় না এবং পুলিশের প্রতিক্রিয়াকে প্রভাবিত করতে পারে না "**
>
> নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের প্রতিক্রিয়া জোরদার করা (UNODC, ২০১৪)

## নিরাপত্তাকে প্রাধান্য দিন

- সাধারণ সুরক্ষা সংক্রান্ত ঘাটতিগুলো সনাক্ত করতে সহায়তা করার জন্য ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির প্রোফাইলের সাথে স্থানীয় অর্জিত জ্ঞানকে সংযুক্ত করুণ।

## যথাযথতা

- ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাথে এমনভাবে কথা বলুন যাতে তাদের এবং হস্তক্ষেপকারী কর্মকর্তার মানসিক আঘাত এবং ক্ষতি কম হয়;;

- অভিযোগ নথিভুক্ত করুন এবং একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে একজন নারী পুলিশ কর্মকর্তার দ্বারা শোনার সুযোগ দিন, যদি তারা ইচ্ছা করে তাহলে অনুমতিপ্রাপ্ত একজন আইনজীবী; এবং এবং প্রয়োজনে স্বাধীন এবং যোগ্য অনুবাদকদের অ্যাক্সেস প্রদান করুণ।

## রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন

- অপরাধের দৃশ্য সংরক্ষণের জন্য একত্রিত করুন, এমনকি যদি ঘটনাটি অন্য এলাকার পুলিশ এখতিয়ারে ঘটে, যেমন সঠিক পুলিশ সংস্থায় সময়মত রেফারেল;

- অত্যাবশ্যকীয় সেবার উপাদানগুলো চিহ্নিত করুন, যেমন মনো-সামাজিক বিশেষজ্ঞ এবং/অথবা শিশু স্বাস্থ্য বিশেষজ্ঞ এবং তারা কিভাবে একে অপরের সাথে সম্পর্কযুক্ত;

- কথিত আক্রমণকারীদের আটক করাসহ চিকিৎসা ও নিরাপত্তার প্রয়োজনে অবিলম্বে মেটান;

- গোপনীয়তার কারণে, সাইন ল্যাঙ্গুয়েজসহ প্রয়োজন অনুযায়ী প্রশিক্ষণপ্রাপ্ত দোভাষীদের ব্যবহার করুন, শিশু বা অন্য পরি-বারকে দোভাষী হিসেবে ব্যবহার করা এড়িয়ে চলতে হবে। একই কারণে, পুলিশের উচিত একই সম্প্রদায়ের বিশেষ করে আদিবাসী সম্প্রদায়ের প্রশিক্ষিত বা প্রশিক্ষণহীন দোভাষী ব্যব-হার করা থেকে বিরত থাকা।[২৭]

## তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা

- কে অপরাধ হিসেবে বিবেচিত হয়, এবং কে প্রমাণ সংগ্রহ করতে এবং/অথবা VAWG ক্ষেত্রে পেশাদার বা বিশেষজ্ঞ সাক্ষী হিসেবে সাক্ষ্য দিতে সক্ষম (যেমন ধর্ষণ) এই বিষয়সহ প্রযোজ্য আইন এবং VAWG- এর জাতীয় নীতিসমূহের সাথে আপ টু ডেট থাকুন ।

## অবহিত সম্মতি এবং গোপনীয়তা

- প্রযোজ্য গোপনীয়তা এবং গোপনীয়তার প্রয়োজনীয়তাকে সম্মান করে অন্যান্য প্রাসঙ্গিক সংস্থার সাথে তথ্য ভাগ করুন। সা-ধারণত, এজেন্সিগুলি যে উদ্দেশ্যে তথ্য সংগ্রহ বা সংকলিত হয়েছিল, সেই উদ্দেশ্যে সামঞ্জস্যপূর্ণ ব্যবহারের জন্য তথ্য প্রকাশ করতে পারে। যখনই সম্ভব একটি অবহিত সম্মতি ব্যবহার করা উচিত;

- কোন আঘাতের ছবি তোলার আগে একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির সম্মতি নিন।

# অপরিহার্য পরিষেবা প্রদানের জন্য পুলিশের রেফারেন্স সূচক: প্রাথমিক যোগাযোগ

ইউএনওডিসি (২০১৪) নিশ্চিত করেছে যে পুলিশের সাথে প্রথম যোগাযোগ হল ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের ন্যায়বিচার নিশ্চিত করার প্রথম পদক্ষেপ। প্রথম পরিচিতি আরও ক্ষতি রোধ করার জন্য একটি গুরুত্বপূর্ণ সুযোগ যখন প্রথম দিকে সনাক্তকরণ করা হয়।

যেহেতু পুলিশ, বেশীরভাগ ক্ষেত্রেই, ভিএডব্লিউজির বিষয়ে প্রথমে সাড়া দেয়, এটি তাদেরকে রিপোর্ট করা ঘটনাগুলির সঠিক তথ্য সংগ্রহের জন্য একটি গুরুত্বপূর্ণ উৎস হিসাবে অনন্য অবস্থানে রাখে।

---

২৭Sara Ferro Ribeiro and Danaé van der Straten Ponthoz, 'International Protocol on the Documentation and Investigation of Sexual Violence in Conflict - Best Practice on the Documentation of Sexual Violence as a Crime or Violation of International Law' (UK Foreign and Commonwealth Office, 2nd Edition, March 2017).

**বক্স-৭**

**শিশু বা পরিবারের সদস্যদের দোভাষী হিসাবে ব্যবহার করা উচিত নয়***

শিশুদের কাছ থেকে কখনই তাদের বয়সের জন্য অনুপযুক্ত স্বাস্থ্য বা সামাজিক পরিচর্যার চাহিদা সম্পর্কিত সংবেদনশীল বা অতিরিক্ত তথ্যের ব্যাখ্যা আশা করা উচিত নয় অথবা পরিবারের কোনো সদস্য যে তথ্য গোপন রাখতে চাইতে পারেন।

পরিবারের সদস্যদের জন্য দোভাষী হিসেবে ব্যবহৃত শিশুরা তাদের অনুবাদ করা বার্তার বিষয়বস্তুকে সহজেই প্রভাবিত করতে পারে, যা তাদের পরিবারের সদস্যদের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে।।

এটি একটি মানসিক আঘাতজনিত ঘটনার পরে পিতামাতার স্বাস্থ্য সমস্যা নিয়ে শিশুদের উদ্বেগ বা চাপ সৃষ্টি করতে পারে এবং/ অথবা শিশু এবং পরিবারের সদস্যদের জন্য হতাশা এবং বিব্রতকর পরিস্থিতি তৈরির কারণ হতে পারে।।

শিশুদের দোভাষী হিসাবে ব্যবহার করা হলে তাদের উপর অতিরিক্ত চাপ সৃষ্টি করতে পারে, যেমন সিদ্ধান্ত গ্রহণের দায়িত্ব। এটি পারিবারিক কাঠামোর মধ্যে উত্তেজনা সৃষ্টি করতে এবং ভূমিকা পাল্টে দিতে পারে যা সম্ভবত শিশু নির্যাতনের দিকে পরিচালিত করতে পারে কারণ প্রাপ্তবয়স্করা পরিবারের মধ্যে কর্তৃত্ব কমে গেলে বিরক্তি বা হতাশা অনুভব করে।

*সূত্র: দ্য চিলড্রেনস সোসাইটি ইউকে

এই প্রাথমিক যোগাযোগের তথ্য, যদি সঠিকভাবে সংগৃহীত হয়, তাহলে পুলিশ সাধারণভাবে VAWG- এ কীভাবে সাড়া দেয় এবং তাদের হস্তক্ষেপ এবং সক্রিয় কৌশলগুলি এই ধরনের সহিংসতা রোধ ও কমাতে কার্যকর কিনা সে সম্পর্কে গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে। এই ধরনের তথ্য প্রতিরোধের জন্য উপযোগী প্রাথমিক সতর্কতা সূচকের কার্যকরী মানকেও শক্তিশালী করে।

**" যে কৌশলগুলি সমাজ, সহিংসতার শিকার নারী এবং ফৌজদারি বিচারের সাথে সম্পৃক্ত পেশাদারদের মনোভাব পরিবর্তন করে এই অপরাধগুলি দ্রুত সনাক্তকরণে অবদান রাখে।**

নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের প্রতিক্রিয়া জোরদার করা (UNODC, ২০১৪)।

যাইহোক, মানসম্মত তথ্য সংগ্রহের জন্য পুলিশের ক্ষমতা নির্ভর করে VAWG- এর সহিংসতারশিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বৈচিত্র্যময় অভিজ্ঞতাকে সহিংসতার সাধারণ ট্রিগারগুলির সাথে, যেমন আক্রমণকারীদের দ্বারা জোরপূর্বক আচরণের ধরনগুলির সাথে চিহ্নিত করার এবং সংযুক্ত করার ক্ষমতার উপর।

যেমনটি দ্বিতীয় অধ্যায়ে আলোচনা করা হয়েছে, ইএসপি প্রস্তাব করে যে ***সহিংসতার শিকার*** এবং বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সমস্ত ন্যায়বিচার এবং সহায়তা পরিষেবাগুলিকে সর্বাধিক প্রভাব নিশ্চিত করার জন্য সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রমগুলির একটি পরিসীমা নির্ধারণ করা প্রয়োজন। সেগুলি ‹সেক্টর› নির্বিশেষে প্রযোজ্য ক্ষেত্রে সহিংসতার সম্মুখীন হওয়া নারী ও মেয়েদের প্রতি সাড়া দিচ্ছে।

নিচের তালিকাটি ইএসপির সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রম থেকে অনুপ্রাণিত; এটি পুলিশি কার্যকলাপের জন্য রেফারেন্স সূচকগুলির উদাহরণ প্রস্তাব করে যখন নারী ও মেয়েরা আত্মবিশ্বাসের সাথে VAWG অপরাধের প্রতিবেদন করতে সক্ষম হয়, যাতে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা নারীর সুস্বাস্থ্যের প্রতি কার্যকরভাবে প্রতিক্রিয়া জানানোহয় এবং বৈষম্যমূলক পক্ষপাত বা পক্ষপাত ছাড়াই ন্যায়বিচারে তাদের অ্যাক্সেসকে সমর্থন করা হয়। এই নির্দেশকগুলি পুলিশ ম্যানেজারা উল্লেখ করতে পারে যদি তাদের অস্তিত্ব থাকে, কিন্তু ঊর্ধ্বতন স্তরে তাদের অন্তর্ভুক্তিকে উৎসাহিত করতে পারে যেখানে তাদের অন্তর্ভুক্তি নেইঃ

- **প্রাপ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা): সহিংসতার শিকার** /বেঁচে থাকা-কেন্দ্রিক, প্রতিবন্ধী অন্তর্ভুক্তিমূলক এবং শিশুবান্ধব সুবিধাসহ স্থানীয় থানার শতকরা হার,[২৮] যা VAWG- এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের একটি খরচ-মুক্ত, গোপনীয় এবং নিরাপদ পরিবেশে বোধগম্য ভাষায় পুলিশের সাথে দিনে ২৪ ঘন্টা/বছরে ৩৬৫ দিন জড়িত থাকার সুযোগ নিশ্চিত করে । যেখানে ভৌগোলিকভাবে অ্যাক্সেসযোগ্য নয়, সেখানে এমন একটি ব্যবস্থা থাকা উচিত যা ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপদে যোগাযোগ করতে এবং গোপনে এবং গোপনীয়ভাবে পুলিশ পরিষেবাগুলি অ্যাক্সেস করতে সক্ষম করে। এই প্রক্রিয়াগুলি প্রতিটি বয়সের সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী

২৮ এর মধ্যে নিরাপত্তা বৈশিষ্ট্যগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে যা ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা (যেমন, রেকর্ডের জন্য ফাইলিং এর জন্য নিরাপদ ক্যাবিনেট) নিশ্চিত; এক দিনের ভ্রমণের মধ্যে অবস্থানে স্যাটেলাইট সুবিধা; (যেমন, প্রত্যন্ত ও গ্রামাঞ্চলে বসবাসকারী নারী ও মেয়েদের জন্য) এবং মহিলারা যেন নিরাপদে রিপোর্ট করতে পারেন এবং সুরক্ষা আদেশ পেতে পারেন তার জন্য টেলিফোন, ফ্যাক্স বা ইন্টারনেটে এক্সেস নিশ্চিত করা।

এবং বিভিন্ন ধরণের (ডিস) ক্ষমতার ব্যক্তিদের অ্যাক্সেস-যোগ্য হওয়া উচিত।

- **অভিযোজনযোগ্যতা (খাপ খাইয়ে চলার ক্ষমতা):** পৌ-রসভায় লিঙ্গভিত্তিক সহিংসতার প্রতিক্রিয়ায় বিশেষায়িত এবং প্রত্যয়িত কর্মীদের অনুপাত (মাথাপিছু)। ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তিদের সঙ্গে পূর্বানুমান ছাড়া, সহানুভূতিশীল, বয়স, লিঙ্গ এবং অক্ষমতা অন্তর্ভুক্ত এবং সহায়ক পদ্ধতিতে পরিচালিত প্রাথমিক যোগাযোগ নিশ্চিত করার সময় এই কর্মকর্তাদেরকে অনুকরণীয় বলে গণ্য করা উচিত। দ্বিতীয়বার সহিংসতার শিকার (সেকেন্ডারি ভিক-টিমাইজেশন) বিবেচনা এবং প্রতিরোধ এবং ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির উদ্বেগের প্রতি সাড়া দেয়া পুলিশি পদক্ষেপকে চিহ্নিত এবং পুরস্কৃত করা উচিত পুলিশ ম্যানেজারদের।

- **যথাযথতা এবং অবহিত সম্মতি এবং গোপনীয়তা:** স্থানীয় বিশেষজ্ঞদের সমর্থন করে প্রয়োজনীয় পরিষেবা প্র-দানকারীদের দ্বারা ভয়াবহ ট্রমাসহ ট্রমা-অবহিত তদ-ন্তের উপর প্রশিক্ষণ গ্রহণকারী কর্মীদের শতকরা হার। এই কর্মকর্তাদের উদাহরণ হিসেবে গণ্য করা উচিত যখন নিশ্চিত করা হয় যে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি তার গল্প বলার সুযোগ পায়, শোনা হয় এবং তার গল্পটি সঠিকভাবে রেকর্ড করা হয়, সেইসাথে সহিংসতা তার উপর কীভাবে প্রভাব ফেলেছে তা জানাতে সক্ষম হয়।

- **নিরাপত্তাকে অগ্রাধিকার দিন:** প্রাথমিক যোগাযোগের সময় ঝুঁকি মূল্যায়ন টুলস এর প্রযোজ্যতা সম্পর্কে প্রতিক্রিয়া জানানো কর্মী (স্টাফ)/ কর্মকর্তাদের (অফিসারদের) কাছ থেকে প্রতিক্রিয়ার পরিমাণ এবং গুণগতমান। VAWG- এর সমস্ত ঘটনা নথিভুক্ত করার ধারাবাহিক অনুশীলন নিশ্চিত করার জন্য পুলিশ ম্যানেজারদের কাছ থেকে এই তথ্য সক্রিয়ভাবে চাওয়া উচিত, তারা অপরাধ হোক বা না হোক।

- **পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের সাথে কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** রিপোর্ট করা VAWG ঘটনার সংখ্যার সাথে সম্পর্কিত অন্যা-ন্য অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের সাথে সমন্বিত প্রতি-ক্রিয়াগুলির সংখ্যা। এর মধ্যে কেবল রেফার্ড করা কেসগুলি অন্তর্ভুক্ত করা উচিত, যেখানে লাইন ম্যানেজাররা সমন্বয় প্রোটোকল মেনে চলে এবং পর্যালোচনা করে।

- **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** স্টেশন লাইন ম্যানেজ-মেন্ট অনুসারে রিপোর্ট করা ভিএডব্লিউজি ঘটনার শতকরা হার যা সঠিকভাবে সাড়া দিয়ে পুলিশ দ্বারা শ্রেণীবদ্ধ করা হয়েছিল। এই তথ্য ঊর্ধ্বতন ম্যানেজারকে পরিচালনার সকল স্তরের কর্মীদের VAWG- এর ধারাবাহিক এবং সঠিক বোঝাপড়া আছে কিনা তা নির্ধারণ করার সুযোগ দেবে। যাইহোক, হাতে হাতে (ম্যানুয়াল) ঘটনার বর্ণনা পরীক্ষার কারণে এই অনুশীলনে সম্পদ-প্রয়োজন হতে পারে।

- **সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন:** রেফারেলের সংখ্যার ক্ষেত্রে পুলিশের প্রথম প্রতিক্রি-য়ার গুণমান সম্পর্কে অপরিহার্য পরিষেবা অংশীদারদের কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়ার শতাকরা হার। পরিষেবা সন্তুষ্টি জরিপ বা আলোচনায় প্রথম সাড়া দেওয়া অফিসারদের করা প্রকৃত প্রশ্ন/সাক্ষাৎকারের যথাযথতা সম্পর্কেও অনুসন্ধান করা উচিত।

# ভাল অনুশীলনের কেস স্টাডি: মানসিক আঘাত সংক্রান্ত অবহিত পুলিশি তদন্ত

২০১৯ সালে, ডিপার্টমেন্ট অফ জাস্টিস, কানাডা প্রাপ্তবয়স্ক যৌন নির্যাতনের শিকারদের উপর মানসিক আঘাতের প্রভাব সম্পর্কে একটি গবেষণা পত্র প্রকাশ করেছিল। প্রতিবেদনে উল্লেখ করা হয়েছিল যে যৌন নিপীড়নের সাথে জড়িত মানসিক আঘাতের (ট্রমা) প্রায়শই নিউরোবায়োলজিক্যাল প্রভাব ফেলে - যার অর্থ এটি ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের মস্তিষ্ক এবং স্নায়ুতন্ত্রকে প্রভাবিত করে এবং এটি স্ট্যান্ডার্ড ইন্টারভিউ প্রক্রিয়ার সময় ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সাক্ষ্যে প্রতিফলিত হয়, বিশেষত যখন পুলিশ দ্বারা পরিচালিত হয় ।[২৯]

প্রতিবেদনে আরও বলা হয়েছে যে, যৌন নিপীড়নের মামলাগুলোকে আরো কার্যকরভাবে প্রক্রিয়া করার জন্য এবং এই মামলাগুলোতে আরো ন্যায্য ও নিরপেক্ষভাবে প্রমাণ পাওয়ার জন্য, পুলিশের মতো অপরাধমূলক বিচারের সাথে জড়িত পেশাদারদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের উপর মানসিক আঘাতের প্রভাব এবং প্রভাব সম্পর্কে মৌলিক উপলব্ধি থাকা প্রয়োজন।

## রিপোর্ট থেকে প্রাপ্ত কিছু গুরুত্বপূর্ণ ফলাফল:

নারী এবং যৌন সহিংসতা সম্পর্কে ভিত্তিহীন শ্রুতি (মিথ) যে ভুল বিশ্বাস স্থাপনে অবদান রাখে তা হল সহিংসতার শিকার-সাক্ষীর সাক্ষ্যে বিশ্বাসযোগ্যতা বা নির্ভরযোগ্যতার অভাব রয়েছে। প্রতিবেদনে উল্লেখিত এই ধরনের বিশ্বাসের (মিথের) কিছু উদাহরণের মধ্যে রয়েছে::

- একজন নারী যিনি ‹অশ্লীল› বা ‹সম্মানজনক› নন, তিনি অবিশ্বস্ত এবং প্রশ্নবিদ্ধ যৌন ক্রিয়াকলাপে সম্মতি দেওয়ার সম্ভাবনা বেশি;

- যে নারীরা তাৎক্ষণিকভাবে যৌন নির্যাতনের বিষয় প্রকাশ করেন না বা যৌন নির্যাতনের রিপোর্ট করেন না তারা মিথ্যা বলছেন, অথবা য নারীরাযৌনতায় লিপ্ত হতে চান না তারা শারীরিকভাবে লড়াই করবেন এবং/অথবা পরিস্থিতি প্রমাণ করার জন্য পালিয়ে যাওয়ার চেষ্টা করবেন এটা প্রতিষ্ঠা করার জন্য যে তারা সত্যই সম্মতি দেয়নি।

এই পৌরাণিক কাহিনীগুলি প্রকৃত বা ‘আদর্শ’ ***সহিংসতার শিকার নারীর*** কেমন লাগবে এবং যে নারীরা যৌন নির্যাতনের শিকার হয়েছেন তারা নিম্নলিখিত ঘটনাগুলি ঘটাতে পারে বলে একটি মিথ্য বাধাধরা(স্টেরিওটাইপ) নিয়ম তৈরিতে অবদান রাখে।:[৩০]

- অবাঞ্ছিত যৌনতার জন্য শারীরিক এবং/ অথবা মৌখিক প্রতিরোধের প্রস্তাব দিন;

- অবাঞ্ছিত যৌন যোগাযোগের জন্য স্পষ্ট এবং পরিষ্কারভাবে অ-সম্মতি প্রকাশ করুন;

- যে ব্যক্তির সঙ্গে সে ‹অনুপযুক্ত› যৌন আচরণ করেছে বা যে তাকে নির্যাতন করেছে তার সাথে যোগাযোগ বন্ধ করুন; এবং

- ‘যা ঘটেছিল তার একটি সামঞ্জস্যপূর্ণ এবং সঠিক বিবরণসহ নিখুঁত বা প্রায় নিখুঁত স্মৃতি প্রদর্শন করুন।

প্রতিবেদনে ইঙ্গিত করা হয়েছে যে এই ‘আদর্শ’ সহিংসতার শিকার নারীদের বৈশিষ্ট্যরেই বিষয়ের প্রতিনিধিত্ব করে না যে বেশিরভাগ নারী যারা যৌন নির্যাতনের শিকার হয় তারা আসলে কীভাবে মোকাবেলা করে এবং প্রতিক্রিয়া জানায়। এর মানে হল যে কিভাবে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিরা তাদের মামলার প্রক্রিয়াকরণের সময় সাক্ষ্য প্রদান করে এবং কিভাবে পুলিশের মতো অনুঘটকরা তাদের বিশ্বাসযোগ্যতার মূল্যায়ন করে তাকে এই শ্রুতি (মিথ), পক্ষপাত, অনুমান এবং প্রত্যাশাগুলি নেতিবাচকভাবে প্রভাবিত করে।

প্রতিবেদনে মানসিক আঘাতপ্রাপ্ত অভিজ্ঞতার ফলস্বরূপ প্রদর্শিত অন্যান্য সাধারণ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আচরণগুলি এবং পুলিশের ক্ষতিকারক পদক্ষেপগুলি চিহ্নিত করা হয়েছে যা এইগুলিকে আরও বাড়িয়ে তুলেছে::

সহিংসতা সংক্রান্ত মানসিক আঘাত (ট্রমা) সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের উপর একটি নিউরোবায়োলজিক্যাল প্রভাব ফেলে, যার ফলে যৌন নিপীড়নের স্মৃতিগুলো টুকরো টুকরো হয়ে যায়, এইভাবে ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের সম্পূর্ণ বা রৈখিক উপায়ে যৌন নির্যাতনের অনেক বিবরণ মনে রাখা কঠিন হয়ে পড়ে;;

২৮ Haskell, L. and Randell, M., ‘The Impact of Trauma on Adult Sexual Assault Victims’ (2019). Report submitted to: Justice Canada (2019).

৩০ See Randall, M (2010), ‘Sexual Assault Law, Credibility, and “Ideal Victims’: Consent, Resistance, and Victim Blaming’, *Canadian Journal of Women and the Law*, 22(2), 397-43 in Haskell, L. and Randell, M., ‘The Impact of Trauma on Adult Sexual Assault Victims’ (2019). Report submitted to: Justice Canada (2019).

- যখন চাপ দিয়ে কোনো ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির সাক্ষাৎকার নেওয়া হয়, যেমন, যদি তাদের সাথে সহানুভূতিশীল আচরণ না করা হয়; যদি তাদের সাক্ষ্য প্রদান ব্যাহত হয়; তারা যা রিপোর্ট করছে তা যদি সন্দেহ করা হয়, তাহলে তারা মস্তিষ্কে সঞ্চিত সম্ভাব্য গুরুত্বপূর্ণ তথ্য স্মরণ করতে পারবে না;

- যৌন নিপীড়নের শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিরা শুরু থেকে শেষ পর্যন্ত বিস্তারিত নির্ভুলতার সাথে তাদের মানসিক আঘা-তজনিত অভিজ্ঞতার সব দিক স্মরণ করতে পারবে এটা প্রত্যাশা করা বাস্তবসম্মত বা যুক্তিসঙ্গত নয়। মানসিক আঘাতের প্রতিক্রিয়ায় সক্রিয় নিউরোলজিক্যাল প্রতিরক্ষার (ডিফেন্সের) কারণে মস্তিষ্ক সঠিক ভাবে স্মরণ করতে পারবে এই প্রত্যাশার বিপরীতে সাড়া দেয়;

- অসঙ্গতিপূর্ণ বক্তব্যের অর্থ হল ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি মিথ্যা বলছে এই ধরণের বিশ্বাস মিথ্যা শনাক্ত-করণের দিকে মনোনিবেশ করা কৌশলগুলির উপর নির্ভরতা বাড়াবে। এই পন্থাগুলি ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তির উপর আরও চাপ সৃষ্টি করে এবং প্রায়ই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যে স্মৃতি মনে করতে চেষ্টা করে তাতে বাধা দেয়;

- অপরাধের শিকারদের কাছে ঐতিহ্যবাহী বা মানসম্মত জি-জ্ঞাসাবাদ পদ্ধতি (অপরাধী/সন্দেহভাজনদের জিজ্ঞাসাবাদ) প্রয়োগের ফলে পুলিশ প্রায়ই ভুল করে, যার ফলে হামলার তদন্তের জন্য প্রয়োজনীয় তথ্য প্রাপ্তির পথ বন্ধ হয়ে যায়। প্রতিবেদনে উদ্ধৃত ***সহিংসতার শিকার***/ বেঁচে থাকা ব্যক্তিদের অনুপযুক্ত সাক্ষাৎকারের কিছু উদাহরণের মধ্যে রয়েছে:

  - যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ক্রম অনুসারে বিভিন্ন পয়েন্ট থেকে তাদের কাহিনী পুনরাবৃত্তি করতে বলা, উদাহরণস্বরূপ, একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিকে গল্পটি শেষ থেকে শুরু করতে এবং পেছনের দিকে বলার জন্য বলা;

  - ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিদের তাদের বিব-রণকে বিভ্রান্ত বা পরীক্ষা করার জন্য করা প্রশ্নগুলি (এর বৈধতা মূল্যায়নের উপায় হিসাবে)।

- ***সহিংসতার শিকার ব্যক্তিকে*** দোষারোপ করে করা প্রশ্ন এবং অনুমান যেমন ‹কেন আপনি ...' ব্যবহার সাক্ষাৎকারের প্র-তিবেদনে বিপরীতমুখী বলে মনে হতে পারে, '

- ঐতিহ্যবাহী পুলিশের সাক্ষাৎকারে অনেক বাধা আসে যখন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিরা তাদের যৌন নি-র্যাতনের অভিজ্ঞতা সম্পর্কে বিবৃতি করে। সাক্ষাৎকারে বাধা অনুসন্ধান পদ্ধতির একটি মারাত্মক ত্রুটি এবং স্মৃতি রোমন্থনে বাধা দেয়।

## ভবিষ্যতের করনীয়

রিপোর্টটি বেশ কয়েকটি ইতিবাচক পদক্ষেপ এবং কৌশল চিহ্নিত করেছে যা VAWG- এর প্রতি তাদের দৃষ্টিভঙ্গি আরও বেশি মানসিক আঘাত সম্পর্কে অবহিত হওয়ার ক্ষেত্রে পুলিশ গ্রহণ এবং প্রয়োগ করতে পারে:

> **অনেক বিশেষজ্ঞের মতে, আইন প্রয়োগকারীদের দ্বারা যে মনোভাব প্রকাশ করা হয় তা হল “ সহিংসতার শিকার নারীর সাক্ষাৎকারের সাফল্য নির্ধারণে এককভাবে সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয়, এবং সেইজন্য পুরো তদন্তে। ””**
>
> প্রাপ্তবয়স্ক যৌন নির্যাতনের শিকারদের উপর মানসিক আঘাতের প্রভাব এর উপর একটি গবেষণা (বিচার বিভাগ, কানাডা, ২০১৯)

- পুলিশের সাক্ষাৎকারের অনুশীলনের অবিচ্ছেদ্য অংশ হিসেবে পুলিশ কর্মকর্তাদের ট্রমা-অবহিত তদন্তের প্রশিক্ষণকে প্রাতিষ্ঠা-নিকীকরণ করা;

- প্রশিক্ষণের মাধ্যমে আবেগীয় যোগ্যতা বৃদ্ধি করা উচিত, যা আপনার এবং অন্যদের আবেগকে গঠনমূলকভাবে চিনতে, ব্যাখ্যা করতে এবং প্রতিক্রিয়া জানাতে প্রয়োজনীয় সামাজিক দক্ষতা বিকাশের জন্য প্রয়োজন। এর অর্থ হল ***সহিংসতার শিকার*** /জীবিতদের সাক্ষাৎকার নেওয়ার ক্ষমতা গড়ে তোলা যা তাদের ক্ষমতায়িত এবং শান্ত করে, যাতে তারা আরও সঠিক, সুসংগত, সামঞ্জস্যপূর্ণ এবং প্ররোচিত বিবরণ প্রদান করতে সক্ষম হয়;

- একজন ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির সাথে প্রাথ-মিক সাক্ষাৎকারে যিনি প্রথমে যৌন নির্যাতনের রিপোর্ট করেন তা সংক্ষিপ্ত হওয়া উচিত, তারপরে বেশ কিছু দিন পরে একটি পূর্ণাঙ্গ সাক্ষাৎকার গ্রহণ করা উচিত যখন ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তি ঘুমানোর সময় পেয়েছে এবং তার আঘা-তমূলক অভিজ্ঞতার স্মৃতি থেকে বের হয়ে আসতে পেরেছে।[৩১] এটি স্মৃতিগুলিকে আরও সুসংহত করবে যা হবে আরও স্থিতি-শীল, আরও নির্ভরযোগ্য এবং আরও ধারাবাহিকভাবে স্মরণীয় হয়ে থাকবে, এবং তাই পুলিশের নেওয়া ***সহিংসতার শিকার***

৩১ মার্কিন যুক্তরাষ্ট্র এবং কানাডার কিছু পুলিশ পরিষেবা শুটিংয়ের সাথে জড়িত পুলিশ কর্মকর্তাদের সাক্ষাৎকার নেওয়ার আগে দুটি পূর্ণ ঘুমের চক্রের পরে স্মৃতি রোমন্থনের অনুমতি দেয়। See Haskell, L. and Randell, M., 'The Impact of Trauma on Adult Sexual Assault Victims' (2019). Report submitted to: Justice Canada (2019).

**বক্স-৪**

**যখন যৌন নিপীড়নের শিকাররা অনুভব করে:**

১. যে কেউ তাদের কথা শুনছে;

২. যাতে শ্রোতা তারা যা বলে তা সহ্য করতে পারে;

৩. যাতে শ্রোতা বুঝতে পারে যে তাদের কী বলার আছে;

৪. যাতে শ্রোতা তাদের গল্পটি সত্য বলে কল্পনা করতে পারে।

তারা তাদের অভিজ্ঞতা প্রকাশ করতে আরও স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং এটি সম্পর্কে তথ্য সরবরাহ করতে আরও স্বাচ্ছন্দ্য বোধ করবে।

প্রাপ্তবয়স্ক যৌন নির্যাতনের শিকারদের উপর মানসিক আঘাতের প্রভাব এর উপর গবেষণা (বিচার বিভাগ, কানাডা, ২০১৯)

***নারীর*** বিস্তারিত বিবৃতিগুলির জন্য আরও দরকারী।[৩২]

- একজন যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা ব্যক্তির পুলিশ সাক্ষাৎকারের সময়, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছে ঘটনার পর্যায়ক্রমিক বর্ণনা প্রত্যাশা না করে তারা যে অভিজ্ঞতার শিকার হয়েছে সেই সংবেদনশীল এবং আবেগঘন স্মৃতিগুলিতে মনোযোগ দেওয়া উচিত।

- পুলিশ কর্মকর্তাদের জন্য এটি স্বীকৃতি দেওয়া গুরুত্বপূর্ণ যে ঘটনা প্রকাশ করা একটি প্রক্রিয়া, এককালীন ঘটনা নয়। পুলিশের জন্য এটি স্বীকৃতি দেওয়াও গুরুত্বপূর্ণ যে যৌন নিপী-ড়নের ঘটনা প্রকাশ করা, যার ফলে ***সহিংসতার শিকার*** / বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়ই অপমান বোধ করে এবং ক্ষমতাহীন হয়ে পড়ে, তা কঠিন একটি কাজ। এটি এমন একটি সমাজে বিশেষভাবে সত্য যেখানে ধর্ষণের শ্রুতি (মিথ) এখনও বি-দ্যমান।

- ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া, বিশেষ করে যৌন নিপী-ড়নের শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির প্রতি পুলিশের তদন্তকারীর প্রথম প্রথম দেখার মনোভাবের প্রভাব, (এবং প্রকৃতপক্ষে যে কোন এনকাউন্টার) অত্যন্ত গুরুত্বপূর্ণ । ***সহিংসতার শিকার*** /বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়ই বিরক্ত হয়, লজ্জিত হয়, অথবা ভয় পায় যখন পুলিশ তাদের বিচ্ছিন্নতা, কঠোরতা, অবিশ্বাস বা বরখাস্ত করার মতো প্রতিক্রিয়া জানায়।

- যৌন নিপীড়নের ক্ষেত্রে প্রায়ই ***সহিংসতার শিকার*** /বেঁচে যাওয়া ব্যক্তির সাক্ষাৎকারের সময় ঐতিহ্যবাহী পুলিশ পদ্ধ-তিগুলি অনেক দূরবর্তী বিবরণের উপর মনোনিবেশ করে, যা সহজে প্রত্যাহার করা হয় না এবং এমনকি প্রাসঙ্গিক নাও হতে পারে। পরিবর্তে, পুলিশকে কেন্দ্রীয় বিবরণগুলিতে মনোনিবেশ করতে হবে যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়শই এবং সহজেই স্মরণ ক্ষমতা

৩২ McGaugh, J. L. 'Memory consolidation and the amygdala: a systems perspective', *Trends Neurosci.* (2002) Sep;25(9):456.

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Module 3: Justice and Policing Essential Services Package for Women and Girls Subject to Violence: Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015), see: https://www.unwomen.org/en/digital-library/publications/2015/12/essential-services-package-for-women-and-girls-subject-to-violence

২. Guidelines on Justice in Matters Involving Child Victims and Witnesses of Crime (ECOSOC resolution 2005/20).

৩. OSCE-led Survey on Violence against Women: Main report. (Organisation for the Security and Co-operation in Europe (Vienna, 2019), see: https://www.osce.org/secretariat/413237?download=true

৪. Code of Conduct for Law Enforcement Official Adopted by General Assembly resolution 34/169 of 17 December 1979

৫. Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation', Training Bulletin Series: Part 1. End Violence Against Women International (EVAWI, 2017)

৬. Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation', Training Bulletin Series: Part 2. End Violence Against Women International (EVAWI, 2017)..

৭. Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation' Training Bulletin Series: Part 3. End Violence Against Women International (EVAWI, 2017).

৮. Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J., 'Gender Bias in Sexual Assault Response and Investigation', Training Bulletin Series: Part 4. End Violence Against Women International (EVAWI, 2017).

৯. 'Gender-Based Violence Training Manual for Judicial Officers in Uganda', (UN Women, 2019 unpublished).

১০. Guerette, R.T. & Bowers, K.J. (2009), 'Assessing the Extent of Crime Displacement and Diffusion of Benefits: A Review of Situational Crime Prevention Evaluations' *Criminology*, 47(4), pp.1331-1368.

১১. A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming. (UN Women et al., 2018), see: https://www.unwomen.org/en/digital-library/publications/2018/5/a-practitioners-toolkit-on-womens-access-to-justice-programming

১২. Declaration on the Elimination of Violence against Women, 23 February 1994. https://undocs.org/en/A/RES/48/104

১৩. Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women (UNODC, 2014).

১৪. 'Integrating a Gender Perspective into Human Rights Investigations Guidance and Practice'. UN Office of the High Commission for Human Rights (New York and Geneva, 2018). https://www.ohchr.org/Documents/Issues/Women/Publications/GenderIntegrationintoHRInvestigations.pdf

১৫. 'Everyone's business: Improving the Police Response to Domestic Abuse' (HCIM 2014). https://www.justiceinspectorates.gov.uk/hmicfrs/wp-content/uploads/2014/04/improving-the-police-response-to-domestic-abuse.pdf

১৬. Code of Conduct for Law Enforcement Officials, adopted by General Assembly resolution 34/169 of 17 December 1979, see: https://www.ohchr.org/EN/ProfessionalInterest/Pages/LawEnforcementOfficials.aspx

১৭. Haskell, L. and Randell, M., 'The Impact of Trauma on Adult Sexual Assault Victims (2019). Report Submitted to: Justice Canada (2019), see: https://www.justice.gc.ca/eng/rp-pr/jr/trauma/trauma_eng.pdf

১৮. Randall, M. (2010), 'Sexual Assault Law, Credibility, and "Ideal Victims": Consent, Resistance, and Victim Blaming', *Canadian Journal of Women and the Law*, 22(2), 397-43.

১৯. McGaugh, J. L. (2002), 'Memory consolidation and the amygdala: A Systems Perspective'. *Trends Neurosci* (2002) Sep;25(9):456.

২০. Tanner, H., 'Start by Believing to Improve Responses to Sexual Assault and Prevent Gender Bias' (2017), see: https://evawintl.org/wp-content/uploads/2017-08_TB_Gender-Bias-and-SBB.pdf

২১. Sara Ferro Ribeiro and Danaé van der Straten Ponthoz, 'International Protocol on the Documentation and Investigation of Sexual Violence in Conflict. Best Practice on the Documentation of Sexual Violence as a Crime or Violation of International Law' (UK Foreign & Commonwealth Office, 2nd Edition, March 2017), see: https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/598335/International_Protocol_2017_2nd_Edition.pdf

২২. 'Children and informal interpreting: Many children to take on an informal interpretation or translation role for their family', (The Children's Society UK).

২৩. 'False Accusations', (Rape Crisis Scotland), see: https://www.rapecrisisscotland.org.uk/resources/False-allegations-briefing-2021.pdf

২৪. 2013 CSW 57 Agreed Conclusions call on States to take necessary legislative and/or other measures to prohibit compulsory and forced alternative dispute resolution processes, including forced mediation and conciliation, in relation to all forms of violence against women and girls (E/2013/27 – E/CN.6/2013/11, para (g).

২৫. Minority Rights Group International, see: https://minorityrights.org/2019/12/10/marginalized-and-violated-gbv/

২৬. *Principles and Guidelines*, supported by practical guidance, on the human rights protection of migrants in vulnerable situations (OHCHR and the Global Migration Group), see: https://www.ohchr.org/Documents/Issues/Migration/PrinciplesAndGuidelines.pdf

২৭. UNPOL *Gender Toolkit* Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping: Compendium of Project Tools (2015), see: http://repository.un.org/bitstream/handle/11176/387374/United%20Nations%20Police%20Gender%20Toolkit%20Compendium%20of%20Project%20Tools.pdf?sequence=55&isAllowed=y

# তদন্ত

*“তদন্ত এবং বিচার শুরু করার প্রাথমিক দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশন কর্তৃপক্ষের উপর বর্তায় এবং সহিংসতার মাত্রা বা আকার যাই হোক না কেন,সহিংসতার শিকার নারীদের সাথে উপর নয় ।”*

২০১০ সালে জাতিসংঘের সাধারণ পরিষদ অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতা দূরীকরণে মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা (২০১১, সাধারণ পরিষদের রেজোলিউশন ৬৫/২২৮, অনুচ্ছেদ)।

# অধ্যায়ের মূল লক্ষ্য

**সময়মতো এবং পেশাগত পদ্ধতিতে তদন্ত পরিচালনার মাধ্যমে VAWG- এ সাড়া দেওয়ার সময় পুলিশ কার্যকরভাবে প্রমাণ ও তদন্তের প্রয়োজনীয়তা পূরণ করছে এবং এই প্রক্রিয়ায় অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করতে এবং পুনরায় অপরাধ সংগঠিত হওয়া রোধে সকল উপলব্ধ উপায় ব্যবহার করছে।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ

- তদন্ত শুরু করার প্রাথমিক দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশন কর্তৃপক্ষের - ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির নয়;
- পুলিশের জবাবের মান নির্ধারণ করার সময় সহিংসতার কোন পদসোপান নেই;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক পদ্ধতির মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকাদের ক্ষমতায়নের উপর নির্ভর করে তদন্ত পুলিশের প্রতি সন্তুষ্ট এবং আস্থা বাড়ায়;
- তদন্তের সময় গৃহীত যেকোনো সিদ্ধান্ত বা পদক্ষেপের ক্ষেত্রে 'কোন ক্ষতি করা যাবে না' ('ডু নো হারম') এর নীতিগুলি অবশ্যই কেন্দ্রীয় ভাবে মেনে চলতে হবে;
- পেশাগতভাবে পরিচালিত এবং লিঙ্গ-সংবেদনশীল তদন্তের একটি সূচক হল তদন্তের প্রয়োজনীয়তার সাথে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কল্যান ভারসাম্যপূর্ণ হবে;
- ফরেনসিক/মেডিকো-আইনানুগ প্রমান সংগ্রহ লিঙ্গ-সংবেদনশীল এবং প্রোটোকল এর সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন;
- যখন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি বয়স্ক, খুব অল্প বয়স্ক বা প্রতিবন্ধী হয় তখন তাদের বিশেষ যত্নের প্রয়োজন হতে পারে কারণ তাদের নির্দিষ্ট চাহিদা থাকতে পারে;
- আন্তব্যক্তিক সহিংসতায় জবরদস্তি এবং আচরণ নিয়ন্ত্রণের পর্যায়গুলির স্বীকৃতি একটি তদন্তের ফলাফল নির্ধারণ করতে পারে;
- সম্মান-ভিত্তিক সহিংসতা/নির্যাতন এবং ক্ষতিকারক অনুশীলন সম্পর্কিত VAWG কাজগুলি প্রতিরোধ করার জন্য সম্প্রদায় ভিত্তিক সমাধান এবং প্রাসঙ্গিকভাবে সংবেদনশীল তদন্তকারীদের প্রয়োজন।



# ভূমিকা

**প্রতিটি তদন্ত আলাদা বিধায় প্রতিটি তদন্তে ভিন্ন তদন্ত কৌশল বা পদ্ধতির প্রয়োজন হতে পারে। যে কৌশল/পন্থা ব্যবহার করা হোক না কেন, সময়-কার্যকর পদ্ধতিতে, বৈষম্য ছাড়াই উপলব্ধ সমস্ত সম্পদ ব্যবহার করে আন্তর্জাতিক মানদণ্ডের আলোকে ন্যূনতম মান নির্ধারন করার জন্য পুলিশকে আন্তরিকভাবে সাড়া দিতে হবে।**

ছবি সৌজন্যে জাতিসংঘ/মার্টিন পেরেট (টিমর-লেস্টে)

VAWG- এর ক্ষেত্রে, ESP যুক্ত করেছে যে পেশাগতভাবে পরিচালিত এবং লিঙ্গ-সংবেদনশীল তদন্তের একটি সূচক হল যখন তদন্তকারীরা দক্ষতার সাথে সঠিক ভারসাম্য খুঁজে পায় যাতে নিশ্চিত করা হয় যে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা এবং মর্যাদা বজায় রাখা হয়েছে এবং সাক্ষ্যদাতা এবং তদন্তের প্রয়োজনীয়তা পূরণ করা হয়েছে।[১]

এই সঠিক ভারসাম্য খোঁজার মূল বিষয় অন্তর্নিহিত থাকবে তদন্তকারীর সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতি প্রয়োগ করে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির তদন্ত প্রক্রিয়ায় অর্থপূর্ণ অংশগ্রহণকে উৎসাহিত করার, অন্যান্য অপরিহার্য পরিষেবা প্রদানকারী এবং সম্প্রদায় ভিত্তিক স্টেকহোল্ডারদের (আনুষ্ঠানিক[২] এবং অনানুষ্ঠানিক[৩] উভয়ই) সাথে সহযোগিতা এবং পেশাগতভাবে এমন ভাবে কাজ পরিচালনা করার ক্ষমতার উপর যা ক্ষতিকারক পক্ষপাত এবং গৌণ শিকারের প্রশমিত করে।

**শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির উপর আরও তথ্যের জন্য দ্বিতীয় অধ্যায় দেখুন: ‹ম্যানেজার এবং টিম লিডার হিসেবে পার্থক্য করা›।**

VAWG তদন্তের জন্য সমানভাবে সফল করতে হলে তদন্তকারী কর্মকর্তার VAWG এর মত অপরাধ কেন ঘটে এবং কিছু আচরণ এবং পক্ষপাত কিভাবে এই ধরনের অপরাধ ঘটাকে প্রভাবিত করে সেই সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা প্রয়োজন। এটি তদন্তকারী কর্মকর্তাদের অভিযুক্ত অপরাধীর দ্বারা অবমাননাকর আচরণের ধরন এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে ঘটে যাওয়া সহিংসতার প্রকৃতিকে এবং সেইসাথে শিকার/বেঁচে থাকা ব্যক্তির আচরণ এবং প্রতিক্রিয়াকে প্রভাবিত করে এমন বিভিন্ন পরিবেশগত চলক চিহ্নিত করাতে সহায়তা করবে।

সহিংসতার পুনরাবৃত্তি যেন না ঘটে তা নিশ্চিত করার জন্য নিরাপত্তা এবং সুরক্ষা ব্যবস্থা পরিকল্পনা করার সময় এই তথ্যটি খুবই গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে (ষষ্ঠ অধ্যায়-৬: 'নিরাপত্তা এবং সুরক্ষা' দেখুন) কারণ এটি অভিযুক্ত অপরাধীর অবমান-

---

৫ Essential Services Package for Women and Girls subject to Violence: Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).

২ উদাহরণস্বরূপ, কমিউনিটি মেডিকেল ক্লিনিক, ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের আশ্রয়স্থল এবং স্থানীয় এনজিওর পক্ষ থেকে আনুষ্ঠানিক বিচার ব্যবস্থায় ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের সহায়তা প্রদান করা হয়।

৩ উদাহরণস্বরূপ, মহিলা সম্প্রদায়ের নেতৃবৃন্দ, ধর্মীয় পরিষদ বা কর্তৃপক্ষ বা সনাতন বিচার বাস্তবায়নকারী।

নাকর এবং জোরপূর্বক আচরণকে বিশেষজ্ঞদের দ্বারা প্রস্তুতকৃত একটি সহিংসতার চক্রের মধ্যে আবদ্ধ রাখতে সাহায্য করবে

**একাদশতম অধ্যায়: VAWG প্রতিক্রিয়া কৌশলগুলিতে সহিংসতার মডেল চক্র প্রয়োগের ক্ষেত্রে ‹লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশল› দেখুন।**

অভিযুক্ত অপরাধীর অবমাননাকর আচরণের নমুনা সহিংসার মডেলের চক্রের মধ্যে আবদ্ধ রাখা কার্যকর অপরাধী-কেন্দ্রিক তদন্ত পরিচালনার জন্য প্রয়োজনীয় তথ্য সরবরাহ করবে। এই অনুসন্ধানমূলক ফোকাস কীভাবে নির্যাতন সংক্রান্ত আচরণ বন্ধ এবং শাস্তি নিশ্চিত করতে হয় এবং সম্ভবত অভিযুক্ত অপরাধীকে পুনরায় নির্যাতন করা থেকে কীভাবে বিরত রাখতে সয়াহতা করা যায় সে বিষয়ে আলোকপাত করবে, যা সাধারণত পারিবারিক বা ঘনিষ্ঠ অংশীদারদের দ্বারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পছন্দনীয় একটি দৃশ্য (আইপিভি)।

নিচের অধ্যায়ে VAWG- এর তদন্ত পরিচালনার জন্য প্রয়োজনীয় সক্রিয় পরিবেশ নিয়ে আলোচনা করা হবে যা প্রমাণ এবং তদন্তের প্রয়োজনীয়তা পূরণে এবং সমান্তরালভাবে, সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় ভিকটিম/বেঁচে থাকার অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য কার্যকর।

মধ্যম স্তরের পুলিশ কর্মকর্তাদের জন্য প্রদত্ত নির্দেশনাটি নিরপেক্ষ এবং লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের উপর পরিচালিত বর্তমান গবেষণা এবং অনুশীলনের উপর ভিত্তি করে প্রস্তুত করা হয়েছে এবং এই পদ্ধতিটি কীভাবে VAWG- এ তদন্তের কার্যকারিতা জোরদার করতে পারে সেই সম্পর্কে নির্দেশনা প্রদান করা হয়েছে। উপরন্তু, এই অধ্যায়টি ঘনিষ্ঠভাবে ESP কাঠামো অনুসরণ করবে এবং পাঠককে ন্যায়বিচার ও পুলিশিং সম্পর্কিত ESP-এর মডিউল-৩ -এ প্রদত্ত কাঠামো নির্দেশিকা পর্যবেক্ষণ করার সুপারিশ করবে, ('তদন্ত' -এ প্রয়োজনীয় অ্যাকশন নম্বর-৩)। সমান্তরালভাবে, পাঠকদের স্বাস্থ্য সম্পর্কিত ইএসপি-র মডিউল-২-এ প্রদত্ত কাঠামো নির্দেশিকাও উল্লেখ করতে হবে, বিশেষ করে 'ডকুমেন্টেশন (মেডিকো-লিগ্যাল)' -এ প্রয়োজনীয় অ্যাকশন নম্বর-৬।

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা (পিয়ার টু পিয়ার গাইডেন্স)

আপনার কর্মীরা VAWG- এর শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের একটি কার্যকর পুলিশিং পরিষেবা প্রদান নিশ্চিত করছে এটা নিশ্চিত করা একজন নেতা হিসাবে আপনার অপরিহার্য দায়িত্ব, এবং যখন এটি স্বীকৃত হবে তখন আপনার পরিষেবা এবং আপনার উপলব্ধ সংস্থানগুলির জন্য প্রতিযোগিতামূলক চাহিদা থাকবে এবং যে বার্তাগুলি আপনি আপনার কর্মী ও সম্প্রদায়ের জনগণকে দেবেন তা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটা খুব স্পষ্ট করে বলা দরকার যে VAWG সহ্য করা হবে না, আপনি এবং আপনার কর্মীরা আইনকে সমর্থন করবেন এবং অভিযুক্ত অপরাধীদের আইনের আদালতে পেশ করার জন্য কঠোরভাবে কাজ করবেন। আপনি কি আপনার সমস্ত কর্মীদের কাছে আপনার প্রত্যাশা কী তা স্পষ্ট করে দিয়েছেন এবং আপনি কি তাদের কর্মক্ষমতা পর্যবেক্ষণ করেন এবং তাদের কাজের জন্য জবাবদিহিতা নিশ্চিত করেন?

*আপনার প্রতিষ্ঠানের কর্মীদের কাছে যে মানের কাজ প্রত্যাশিত করে তা নিশ্চিত করার জন্য আপনার কর্মীদের VAWG- এর বিরুদ্ধে লড়াই/সাড়া দেওয়ার ক্ষেত্রে যে সকল নীতি বিদ্যমান রয়েছে বা স্ট্যান্ডার্ড অপারেটিং প্রসিডিউর (SOP) এর বিষয়বস্তু সম্পর্কে জানা অত্যন্ত জরুরী।*

যদি আপনার প্রতিষ্ঠানের মধ্যে এই ধরনের একটি নথি বিদ্যমান না থাকে, তাহলে আপনি আপনার কর্মীদের জন্য স্থানীয় নির্দে-শিকাগুলির একটি সেট তৈরির কথা বিবেচনা করতে পারেন যা তাদের মেনে চলতে হবে। আপনি আপনার উর্ধ্বতন কর্মকর্তাদের আপনার প্রতিষ্ঠানের জন্য একটি এসওপি প্রস্তুতের জন্য তদবির করতে অনুরোধ করতে পারেন (আপনার নিজের দল/ইউনিটের ইনপুট এবং অভিজ্ঞতার উপর ভিত্তি করে)।

সাংগঠনিক নীতি/এসওপি থাকুক বা না থাকুক, এই ধরনের ঘটনা মোকাবেলায় আপনার এবং আপনার কর্মীদের যে চ্যালেঞ্জের মুখোমুখি হতে হবে এবং সম্পদ বা জ্ঞানের মধ্যে যে ঘাটতি রয়েছে তা সমাধান করতে হবে আপনাকে অথবা সম্প্রদায়, অন্যান্য পরিষেবা প্রদানকারী বা আপনার প্রতিষ্ঠানের মধ্যে অন্য কোন বিভাগের সাহায্য প্রয়োজন হলে তা নিশ্চিত করতে হবে।

VAWG সংক্রান্ত যে কোন প্রাসঙ্গিক আইনী বিধান সম্পর্কে আপনার কর্মীরা সচেতন এবং আপ টু ডেট আছে তা আপনাকে সন্তুষ্ট থাকতে হবে। জাতীয় আইন এবং আপনার দেশের সরকার স্বাক্ষর করেছে এমন যে কোনো আন্তর্জাতিক আইন, কনভেনশন বা প্রটোকলের উদ্দেশ্য সমুন্নত রাখার ক্ষেত্রে তাদের ভূমিকা ও দায়িত্ব সম্পর্কে সচেতন হওয়া প্রয়োজন।

**নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা (ভিএডব্লিউজি) হল "প্রকাশ্যে হোক বা ব্যক্তিগত জীবনে হোক এই ধরনের কাজের হুমকি, জবরদস্তি বা নির্বিচারে স্বাধীনতা বঞ্চনাসহ লিঙ্গ ভিত্তিক সহিংসতার যেকোনো কাজ যার মাধ্যমে নারীদের শারীরিক, যৌন বা মানসিক ক্ষতি বা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে, যার মধ্যে রয়েছে,"**

নারীর প্রতি সহিংসতা দূরীকরণের ঘোষণা, সাধারণ পরিষদের রেজোলিউশন-৪৮/১০৪ (১৯৯৩)।

একটি ভাল উদাহরণ হতে পারে সংবিধানে থাকা মানবাধিকারের বিধান অথবা আপনার দেশ কর্তৃক অনুমোদিত আন্তর্জাতিক চুক্তি, যা কেবল ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষেত্রেই নয়, বরং অভিযুক্ত অপরাধীদের ক্ষেত্রেও প্রযোজ্য। আপনার কর্মীরা কি আপনার দেশের সীমানার মধ্যে স্থায়ী বা অস্থায়ীভাবে থাকা সমস্ত লোকদের নিরাপত্তা এবং সুরক্ষা প্রদানের দায়িত্ব সম্পর্কে সচেতন? নথিভুক্ত হোক বা অননুমোদিত যাই হক না কেন এর মধ্যে যেকোনো শরণার্থী, আশ্রয়প্রার্থী এবং অভিবাসী অন্তর্ভুক্ত থাকবে।

আপনার স্থানীয় পুলিশিং এলাকার মধ্যে যদি কোন শরণার্থী শিবির থাকে, তাহলে আপনার কর্মীরা কি সচেতন যে শিবিরে বসবাসকারীদের এখনও সেখানে নিরাপদে এবং মর্যাদা ও সম্মানের সাথে বসবাস করার অধিকার আছে? তাদের নিরাপত্তা এবং সুরক্ষা পুলিশের একমাত্র দায়িত্ব নয়। ক্যাম্পে এবং এর আশেপাশে নিযুক্ত সকল এজেন্সির ভূমিকা আছে, কিন্তু সমানভাবে পুলিশ নিজেদের কোনো দায় থেকে মুক্ত করতে পারে না কারণ শিবিরটি জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাইকমিশনারের (UNHCR) অথবা অন্যান্য আন্তর্জাতিক সংস্থাদ্বারা পরিচালিত হয়[৪]।

প্রতিরোধ, তদন্ত এবং সাহায্য এবং সহায়তা কার্যক্রমের ক্ষেত্রে পুলিশের একটি স্পষ্ট ভূমিকা রয়েছে এবং কার্যকর ভাবে বাস্তবায়নের জন্য পুলিশ এবং অন্যান্য সকল সংস্থা এবং স্টেকহোল্ডারদের মধ্যে একটি সহযোগী এবং সমন্বিত দৃষ্টিভঙ্গি থাকা প্রয়োজন।

**সহযোগী কাজ সম্পর্কে আরও তথ্যের জন্য তৃতীয় অধ্যায়: ‹প্রতিরোধ›, সপ্তম অধ্যায়: 'সাহায্য এবং সহায়তা ', অষ্টম অধ্যায়:' বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয় 'দেখুন।**

যদি আপনার কর্মীরা VAWG সম্পর্কিত কোনও আইন সম্পর্কে সম্পূর্ণরূপে আপ টু ডেট থাকে, তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে যে তারা এই ধরনের অপরাধের বিরুদ্ধে লড়াইয়ে তাদের ব্যক্তিগত ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে সচেতন। ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তির সাথে প্রথম যোগাযোগকারী ব্যক্তির কাছ থেকে সমস্ত কর্মীদের তাদের সুনির্দিষ্ট দায়িত্ব সম্পর্কে অবগত হওয়া দরকার সে একজন কল টেকার, ডেস্ক অফিসার বা প্যাট্রোল অফিসার (ফার্স্ট রেসপন্ডার), অপরাধের দৃশ্য বা ফরেনসিক পরীক্ষক - থেকে শুরু করে সাধারণ বা বিশেষজ্ঞের তদন্তকারী, কেস ব্যবস্থাপক, লাইন তত্ত্বাবধায়ক হতে পারে

ভুক্তভোগী/জীবিতের সংস্পর্শে আসা প্রথম ব্যক্তি যেভাবে প্রতিক্রিয়া জানায় তা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির পুলিশের প্রতি আস্থা এবং বিশ্বাস স্থাপনের উপর সবচেয়ে বড় এবং দীর্ঘস্থায়ী প্রভাব ফেলে। এটি তখন তাদের পরিবার, বন্ধুবান্ধব এবং সম্প্রদায়ের পুলিশের প্রতি আস্থা ও বিশ্বাসের স্থাপনে সহায়তা করবে।

**ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে সম্পর্কিত আরও তথ্যের জন্য, চতুর্থ অধ্যায়: ‹প্রাথমিক যোগাযোগ› এবং নবম অধ্যায়: ‹যোগাযোগ› দেখুন।**

VAWG- এর রিপোর্ট করা ঘটনাগুলির যেকোনো প্রতিক্রিয়া অবিলম্বে হতে হবে, যাতে এই ধরনের অপরাধের বিরুদ্ধে লড়াই করার প্রতিশ্রুতি প্রদর্শিত হয় এবং একটি স্পষ্ট বার্তা প্রেরণ করা সম্ভব হয় হয় যে সকল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি গুরুত্বপূর্ণ, এবং তাদের এবং তাদের অভিযোগগুলি গুরুত্ব সহকারে নেওয়া হচ্ছে। তাদের  এবং তাদের পরিবারের যে কোন সদস্য কিংবা তাদের সহযোগী যারা ঝুঁকিতে থাকতে পারে তাদের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করার জন্য তাত্ক্ষণিক প্রতিক্রিয়া গুরুত্বপূর্ণ। কোন শারীরিক বা মানসিক আঘাতের জন্য ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির চিকিৎসার প্রয়োজন হতে পারে এবং যত তাড়াতাড়ি সম্ভব এই চিকিৎসা গ্রহণ করা হলে তা কেবল ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির চাহিদা পূরণই করবে না বরং সরাসরি তাদের কাছ থেকে সম্ভাব্য প্রমাণ পাওয়ার সম্ভাবনাকে বাড়িয়ে তুলবে।

রিপোর্টের সময় তদন্তকারী বা বিশেষভাবে প্রশিক্ষিত অফিসার না থাকলেও, ভুক্তভোগী/ জীবিত ব্যক্তিকে কখনই প্রতিক্রিয়ার জন্য অপেক্ষা করা উচিত নয়, আর সেই কারণেই সকল  সর্বনিম্ন মাত্রায় হলেও কিভাবে VAWG এর শিকার ভুক্তভোগী/ জীবিত ব্যক্তিকে এবং যারা সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ তাদের সাথে মোকাবেলা করতে হবে সেই সম্পর্কে সকল কর্মীদের একটি সাধারণ সচেতনতা থাকা জরুরি। শেষ পর্যন্ত, একটি ঘটনা রিপোর্ট করার মুহূর্ত থেকে, কর্মীদের যে কোন সিদ্ধান্ত বা কর্মের ক্ষেত্রে 'ডু নো হ্যাম'[৫] (কোন ক্ষতি করো না›) এর নীতি বুঝতে হবে।

৪ জাতিসংঘের শরণার্থী বিষয়ক হাই কমিশনারের অফিস ১৯৫০ সালের ১৪ ডিসেম্বর জাতিসংঘের সাধারণ পরিষদ দ্বারা প্রতিষ্ঠিত হয়। এই সংস্থাটিকে বিশ্বব্যাপী শরণার্থীদের সুরক্ষা এবং শরণার্থী সমস্যার সমাধানের জন্য আন্তর্জাতিক পদক্ষেপের নেতৃত্ব ও সমন্বয় করার দায়িত্ব প্রদান করা হয়েছে, দেখুন: https://www.un.org/youthenvoy/2013/09/office-of-the-united-nations-high-commissioner-for-refugees/

৫ 'কোন ক্ষতি করো না' নীতিটি নিশ্চিত করে যে কর্ম এবং যোগাযোগগুলি অনিচ্ছাকৃতভাবে পুরুষ এবং মহিলাদের সম্পর্কে নেতিবাচক বাঁধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপগুলিকে শক্তিশালী করে না যা নারী এবং মেয়েদের বিরুদ্ধে সহিংসতায় অবদান রাখে।

**বক্স-১**

**আপনি কি নিশ্চিত করছেন যে VAWG- এর অপরাধের জন্য আপনার প্রথম উত্তরদাতাদের কর্মক্ষমতা পর্যবেক্ষণ করা হচ্ছে?**

ইউকে কলেজ অফ পুলিশিং এর পরামর্শের উপর ভিত্তি করে, প্রথম প্রতিক্রিয়াশীলদের তত্ত্বাবধায়কদের জন্য নিচে একটি সহজ চেকলিস্ট দেওয়া হল:

১. ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের নিরাপদ বোধ করা, প্রথম প্রতিক্রিয়াশীল সহানুভূতি প্রদর্শন করে

২. *প্রথম উত্তরদাতা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির জীবনের পছন্দ বা খাপ খাইয়ে চলার কৌশলকে বিবেচনা করছেন না*

৩. ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া পরিচালিত হয়েছে

৪. ঘটনাস্থলে শিশুদের কল্যাণ এবং শিশুদের দেওয়া আশ্বাস পরীক্ষা করুন

৫. ভিকটিম/বেঁচে যাওয়া এবং শিশুদের সাথে নিরাপত্তা পরিকল্পনা প্রণয়ন

৬. শিকার/বেঁচে থাকা এবং অভিযুক্ত অপরাধীকে পৃথক করার সময় গোপনীয়তা নিশ্চিত করা

৭. ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে জানানো যে তারা বিশ্বাসী এবং সাহায্য চেয়ে তারা সঠিক সিদ্ধান্ত নিয়েছে

৮. কেন সহিংসতার শিকার /বেঁচে থাকা কিছু ব্যক্তি অসহযোগীতা করতে পারে সেই সম্পর্কে একটি ধারণা প্রদর্শন করা

৯. ব্যক্তিগত প্রয়োজন অনুযায়ী সুরক্ষা প্রদান

১০. বিভিন্ন অবস্থানের ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদার সঙ্গে যথাযথভাবে আচরণ করা

১১. অপরাধ দৃশ্য (গুলি) চিহ্নিতকরণ, সুরক্ষা এবং সংরক্ষণ

১২. প্রযোজ্য ক্ষেত্রে প্রমান সনাক্তকরণ, সংরক্ষণ এবং সংগ্রহ

১৩. ইতিবাচক পদক্ষেপ নেওয়া এবং শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে এটি ব্যাখ্যা করা

১৪. পাল্টা অভিযোগের সুরাহা

এটা সর্বাধিক গুরুত্বপূর্ণ যে সকল পদক্ষেপ নেয়া হয় একজন ভুক্তভোগী ও বেঁচে থাকা ব্যক্তি যাতে পুনরায় মানসিক আঘাত না পান সেটা নিশ্চিত করার জন্য, তবে পুলিশের প্রক্রিয়া এবং পদ্ধতির প্ররোচনায় যদি কেও পুনরায় আঘাত পান সেটা তখন দ্বিতীয়বার ভুক্তভোগী হওয়ার সমান। তাদের বুঝতে হবে যে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির পক্ষে প্রথমে পুলিশে রিপোর্ট করা কতটা কঠিন হতে পারে এবং রিপোর্টিংয়ের ফলে তারা তাদের পরিবার বা বৃহত্তর সম্প্রদায়ের কাছ থেকে অতিরিক্ত ঝুঁকির সম্মুখীন হতে পারে।

ইউএনওডিসির হ্যান্ডবুক অনুসারে 'নারীর বিরুদ্ধে সহিংসতার বিরুদ্ধে কার্যকর পুলিশ প্রতিক্রিয়া' (২০১০), তদন্ত সমস্যা সমাধানের একটি পদ্ধতিগত অনুশীলন যা ঘটনার সত্যতা বা পরিস্থিতি পরীক্ষা করে অপরাধ সনাক্ত করে এবং এবং ঘটনা বা পরিস্থিতির বিবেচনায় উপযুক্ত আইন প্রয়োগের বিকল্পগুলি চিহ্নিত করা।

ইউএনওডিসি হ্যান্ডবুকের উপর ভিত্তি করে, নীচে একটি তদন্তের উদ্দেশ্যে এবং অতিরিক্তভাবে, কোন কোন বিষয়গুলি একটি তদন্তকে কার্যকর তার একটি চেকলিস্ট প্রদান করা হলঃ

বক্স-২

| **তদন্তের উদ্দেশ্য হল:** | **একটি কার্যকর তদন্ত, সাধারণত, যেখানে তদন্তকারী:** |
|---|---|
| • কোন অপরাধ সংঘটিত হয়েছে কি না বা কোন অভিযোগকে মিথ্যা প্রমাণ করার জন্য;<br>• শিকার/বেঁচে থাকা এবং সাক্ষীদের চিহ্নিত করা;<br>• প্রাসঙ্গিক হতে পারে এমন যেকোনো ধরনের প্রমাণ সংগ্রহ এবং সংরক্ষণ করা;<br>• অপরাধের কারণ, পদ্ধতি এবং অবস্থান আবিষ্কার করা;<br>• অভিযুক্ত অপরাধী বা দায়ী ব্যক্তির পরিচয় প্রমাণ করার জন্য;<br>• প্রযোজ্য ক্ষেত্রে, সেই ভিত্তি প্রণয়ন করা যার ভিত্তিতে চার্জ আনতে হবে;<br>• তদন্ত, এবং প্রমাণ নথিভুক্ত করা, এবং বিচারে প্রমাণ উপস্থাপনের জন্য প্রস্তুত করা;<br>• আরও নির্যাতন রোধ করতে (শিকার/বেঁচে থাকা এবং শিশুসহ অন্যরা যারা ক্ষতিগ্রস্ত হতে পারে, উভয়ই অন্তর্ভুক্ত)। | • পেশাগত, নিরপেক্ষ, অন্তর্ভুক্তিমূলক এবং বস্তুনিষ্ঠভাবে কাজ করা;<br>• শারীরিক বা অ-শারীরিক প্রমাণ এবং বিবৃতি সংগ্রহে পরিশ্রমী ছিলেন;<br>• সব সময়েই সহিংসতার শিকার (রা) /বেঁচে থাকা ব্যক্তি, সাক্ষী (রা) এবং অভিযুক্ত অপরাধীদের সাথে সম্মান এবং মর্যাদার সাথে আচরণ করা;<br>• নিশ্চিত করা হয়েছে যে, যদি কোনো অপরাধ হয়ে থাকে, যার ফলে অভিযুক্ত অপরাধীদের চিহ্নিত করা যায়, যথেষ্ট মানসম্মত প্রমাণ সংগ্রহ করা হয়েছে, যাতে আদালতে দোষী সাব্যস্ত হওয়ার বাস্তব সম্ভাবনা থাকবে;<br>• ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি (রা) সাক্ষী (রা) এবং অভিযুক্ত অপরাধীদের সুরক্ষা এবং নিরাপত্তা বিবেচনা করা হয়েছে; ঝুঁকি মূল্যায়ন, ঝুঁকি সনাক্তকরণ এবং ঝুঁকি ব্যবস্থাপনা প্রক্রিয়া পরি-চালনা করা হয়েছে। |

আপনাকে নিশ্চিত হতে হবে যে VAWG- এর সমস্ত রিপোর্ট সঠিক, পর্যাপ্ত এবং বিশদভাবে রেকর্ড করা হচ্ছে যাতে একটি পুঙ্খানুপুঙ্খ তদন্ত হতে পারে। উদাহরণস্বরূপ, সহিংসতার শিকার/ বেঁচে যাওয়া ব্যক্তির প্রকৃত শব্দগুলি কি রেকর্ড করা হচ্ছে? এটি পুরো ঘটনাকে ক্ষতিগ্রস্ত করবে যদি, আদালতে, ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি বা সাক্ষী তাদের নিজের ভাষায় কি ঘটেছিল তার বিবরণের সাথে প্রাথমিক পুলিশ রিপোর্ট বা পূর্বে দেপয়া তাদের বক্তব্যে সামঞ্জস্যপূর্ণ না হয়।

যা করা হয়েছে বা বলা হয়েছে তা সুনির্দিষ্টভাবে রেকর্ড না করার ফলে একটি মামলা আদালত পর্যন্ত না পৌঁছতে পারে। আপনি যদি সারাংশ বা আরও 'ভদ্র' পরিভাষা ব্যবহার করে থাকেন বা করেন, তাহলে এটি প্রসিকিউটর বা অন্যান্য বিচার প্রদানকারীর কাছে উপস্থাপিত অপরাধের গুরুত্বকে দুর্বল করে। অপরাধ হিসেবে প্রমানিত হোক বা না হোক, সমস্ত ঘটনার যথাযথ রেকর্ডিং আপনার জন্য VAWG অপরাধের বিস্তার এবং ধরন সম্পর্কে তথ্য প্রতিষ্ঠা করার জন্য গুরুত্বপূর্ণ, যা আপনাকে সম্পদ পরিচালিত করতে এবং প্রযোজ্য ক্ষেত্রে অনুরূপ ঘটনার পুনরাবৃত্তি রোধ করতে, যেখানে সক্ষম করবে।

**'তথ্য সংগ্রহ ও ব্যবহার" সম্পর্কে আরও বিস্তারিত জানার জন্য তৃতীয় অধ্যায়: 'প্রতিরোধ', ষষ্ঠ অধ্যায় : 'নিরাপত্তা ও সুরক্ষা', সপ্তম অধ্যায়ঃ 'সহায়তা ও সহায়তা' এবং অষ্টম অধ্যায় : বিচার সংস্থার মধ্যে সমন্বয় ' দেখুন।**

কোন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির তাৎক্ষণিক চাহিদাগুলি শুরু থেকেই প্রতিষ্ঠিত হতে হবে যাতে আপনি বুঝতে পারেন যে কোন অতিরিক্ত সহায়তা এবং সহায়তার প্রয়োজন হতে পারে। আপনার তদন্তকে সমর্থন করার জন্য আপনাকে এবং আপনার কর্মীদের অন্যান্য পরিষেবা প্রদানকারীর সাহায্যের প্রয়োজন হবে, তাই সহযোগিতা গুরুত্বপূর্ণ। ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তিকে সমর্থন করার জন্য অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে কাজ করার মাধ্যমে, আপনার কর্মীরা মামলার সত্যতা চিহ্নিত করতে এবং তাদের ফলাফল প্রসিকিউটর বা আদালতে উপস্থাপনের জন্য প্রমাণ সংগ্রহের ক্ষেত্রে তাদের মূল ভূমিকার দিকে মনোনিবেশ করতে পারেন।

**ভাল অনুশীলনের উদাহরণ যেমন শিকার/বেঁচে থাকা সংকট কেন্দ্র এবং যৌন নিপীড়ন রেফারেল কেন্দ্র সম্পর্কে আরও তথ্যের জন্য সপ্তম অধ্যায়: ‹সাহায্যএবং সহায়তা› দেখুন।**

তদন্তের তাত্ক্ষণিক প্রতিক্রিয়া পর্যায়ে, উপস্থিত যে কোনও অভিযুক্ত অপরাধীকে দ্রুত চিহ্নিত করা গেলে, তাদের কার্যকরভাবে মোকাবেলা করা প্রয়োজন। এটা গুরুত্বপূর্ণ যে তাদের ব্যক্তিগত মতামত যাই হোক না কেন আপনার কর্মীরা যে কোনো অভিযুক্ত অপরাধীর সাথে নৈতিক ও পেশাগতভাবে আচরণ করবে ।

অভিযুক্ত অপরাধী ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির জন্য কী ঝুঁকি সৃষ্টি করতে পারে তা বিবেচনা করার পাশাপাশি, অভিযুক্ত অপরাধীর প্রতি আপনার ‹যত্নের দায়িত্ব› রয়েছে, যাকে আইন আদালত দ্বারা দোষী সাব্যস্ত না হওয়া পর্যন্ত নির্দোষ বলে ধরে নিতে হবে।

**বক্স-৩**

**VAWG ঘটনার ন্যূনতম রিপোর্ট হিসাবে নিম্নলিখিত বিষয়গুলি রেকর্ড করা উচিত::**

- **তদন্তে কারা জড়িত এবং কিভাবে তাদের সাথে যোগাযোগ করা যাবে?** – পুলিশ ফাইল/ঘটনা নম্বর, অভিযোগকারী/শিকার, সাক্ষী, অভিযুক্ত অপরাধী, প্রাথমিক প্রতিক্রিয়া জানানো পুলিশ কর্মকর্তা , তদন্তকারী কর্মকর্তা (রা) ।
- **কি ঘটেছিল?**– কোনো অপরাধ সংঘটিত হয়েছে কি না; সহিংসতার শিকার এবং কথিত অপরাধীর মধ্যে সম্পর্ক; আঘাত (দৃশ্য-মান বা অন্যথায়); কি প্রমাণ পাওয়া গেছে; তার অবস্থা এবং অবস্থান; কোন পদক্ষেপ গ্রহণ কর হয়েছিল, এবং পরবর্তী কোন পদক্ষেপ প্রয়োজন ছিল কি না; কোন সাক্ষীর সাক্ষ্য পাওয়া গেছে কি না এবং সাক্ষীদের সন্ধানের জন্য কোন অনুসন্ধান করা হয়েছিল কি না। চিকিৎসা সহায়তা প্রদান করা হয়েছে এবং কার দ্বারা/কোন চিকিৎসা সুবিধা প্রদানের জন্য ভুক্তভোগীকে নিয়ে যাওয়া হয়েছিল - চিকিৎসা কর্মীদের বিবরণ এবং যোগাযোগের বিবরণ।
- **কখন প্রতিটি ঘটনা ঘটেছে**- সময় (শুরু/শেষ), তারিখ, দিন। তারিখ/সময় ভিন্ন হলে রিপোর্ট করার তারিখ।
- **যেখানে প্রতিটি ঘটনা ঘটেছে**- অপরাধ দৃশ্য (গুলি) সনাক্তকরণ; সঠিক অবস্থান; অভিযোগকারী/ভিকটিমের অবস্থান; অভিযুক্ত অপরাধীর অবস্থান; সাক্ষীদের অবস্থান। অপরাধের দৃশ্য, অ্যাপার্টমেন্ট, বাড়ি (কোন ঘর), দোকান, পাবলিক বিল্ডিং, পার্ক, গলি, রাস্তা বা রাস্তার বর্ণনা দিন। অপরাধের দৃশ্য (গুলি) দূষণ বা ক্রস দূষণ থেকে রক্ষা এবং সংরক্ষণের জন্য কী পদক্ষেপ নেওয়া হয়েছিল তা বর্ণনা করুন যেমন, আপনি কীভাবে লোকজনকে ঘটনাস্থলে প্রবেশ করতে এবং শারীরিক এবং/অথবা ফরেনসিক প্রমাণ নষ্ট করতে বাধা দিয়েছেন; ডকুমেন্টেড অ্যাক্সেস/কন্ট্রোল যেমন, কোন বিশেষজ্ঞ অফিসার এবং কর্মীরা ঘটনাস্থলে প্রবেশ করেছেন - এবং কেন - তাদের প্রবেশের তারিখ এবং সময় এবং তাদের প্রস্থান করার তারিখ এবং সময়।
- **প্রতিটি ঘটনার বিবরণ**- অস্ত্র (গুলি) কি ব্যবহার করা হয়েছিল, যদি তাই হয় তবে সেগুলি এখন কোথায়? ঘটনাটি কেন ঘটল? কথিত অপরাধীর ইতিহাস; আদালতের ইতিহাস এবং/অথবা নিষেধাজ্ঞা আদেশ; কথিত অপরাধী/ভুক্তভোগী সহিংসতার ইতিহাস।
- **ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা** - অভিযোগকারী/ভিকটিম, শিশু এবং অন্যান্য দুর্বল ব্যক্তি এবং সাক্ষীর (পরিবারের) সহ পরিবারের অন্য সদস্যদের সুরক্ষা ও সুরক্ষার জন্য গৃহীত পদক্ষেপ।

UNODC- এর উপর ভিত্তি করে- নারীদের প্রতি সহিংসতার বিরুদ্ধে কার্যকর পুলিশ প্রতিক্রিয়াগুলির উপর হ্যান্ডবুক (২০১০)।

এর অর্থ হল যে, যে কোন অভিযুক্ত অপরাধীর প্রতি তাদের কী ধরনের অভিযোগ রয়েছে তার প্রকৃতি এবং তাদের পরিচয় জানা উচিত কিনা সে বিষয়ে আপনার ঝুঁকিগুলিও বিবেচনা করতে হবে। এটি ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তার আরেকটি দিক যা সম্মান করা প্রয়োজন, এবং জনসাধারণের কাছে তথ্য প্রকাশের সাথে সম্পর্কিত যে কোনও পুলিশি পদক্ষেপ নিতে হলে অবশ্যই জাতীয় আইন সম্পর্কিত আইনী প্রক্রিয়া অনুসরণ করতে হবে।

কিছু দেশে, উদাহরণস্বরূপ, অভিযুক্ত অপরাধীর পরিচয় ততক্ষণ পর্যন্ত সুরক্ষিত থাকে যতক্ষণ না একটি অপরাধের আনুষ্ঠানিক অভিযোগ গঠনের জন্য আদালতে পরবর্তী তারিখে উপস্থাপিত না হয়। এমনকি যখন আনুষ্ঠানিকভাবে অভিযুক্ত হয়ে এবং বিচার প্রক্রিয়ার শুরু হলেও, অভিযুক্ত অপরাধী এবং তাদের পরিবার অন্যের দ্বারা প্ররোচিত বা স্ব-প্ররোচিত হয়ে অভিযোগকারীকে প্রতিশোধ নেওয়া, ভয়ভীতি প্রদর্শন করা, বা এমনকি শারীরিক ক্ষতি করতে পারে। এটি প্রায়ই ঘটতে পারে যেখানে অভিযুক্ত অপরাধী এমন কেউ যিনি সাধারণত সমাজের মধ্যে উচ্চ স্তরে অবস্থানকারী এবং সম্মানিত যেমন একজন শিক্ষক, সনাতনী বা বিশ্বাস ভিত্তিক নেতা বা ডাক্তার।

**গ্রেপ্তার পরবর্তী, চার্জ এবং দোষী সাব্যস্ততার বিষয়ে আরও তথ্যের জন্য, ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা এবং সুরক্ষা' দেখুন।**

আপনাকে নিশ্চিত করতে হবে যে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির সুরক্ষার জন্য প্রয়োগ করা যেকোনো ব্যবস্থা যেমন সুরক্ষার আদেশ, এবং লঙ্ঘনের যে কোনো রিপোর্ট তাৎক্ষণিক পুলিশের প্রতিক্রিয়ার অন্তর্ভুক্ত করতে হবে। অভিযুক্ত অপরাধীকে গ্রেপ্তার করার পরেই এটি প্রযোজ্য হবে এমন নয়, কারণ সুরক্ষা আদেশ এবং অন্যান্য ব্যবস্থা প্রাথমিক পর্যায়ে জারি করা হতে পারে।

**আরো বিস্তারিত তথ্যের জন্য ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা এবং সুরক্ষা› দেখুন।**

তদন্তের একটি গুরুত্বপূর্ণ দিক হল ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি কর্তৃক প্রদত্ত প্রমাণ বিধায় সহিংসতার পটভূমি প্রস্তুত করতে সাহায্য করতে পারে এমন তথ্যসহ ঘটনার বিস্তারিত বিবরণ রেকর্ড করা প্রয়োজন। ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির বিরুদ্ধে ব্যবহৃত প্রকৃত শব্দ এবং কার্যক্রমগুলি শুধু রেকর্ড করলেই হবে না, পারিবারিক গঠন এবং সহিংসতার পূর্ববর্তী ইতিহাসসহ আনুষঙ্গিক সকল তথ্য অন্তর্ভুক্ত করা প্রয়োজন। পূর্বে রিপোর্ট না

**বক্স-৪**

**ভিকটিম/বেঁচে যাওয়া এবং অভিযুক্ত অপরাধীদের অবশ্যই কিছু অধিকারের নিশ্চয়তা দিতে হবে**

- এর মধ্যে রয়েছে পুলিশ কর্তৃক সম্মান ও মর্যাদার সঙ্গে আচরণ করার অধিকার; গ্রেপ্তার/আটকের কারণ বলা; নির্দোষ অনুমান করা; রাষ্ট্র কর্তৃক সংঘটিত অযৌক্তিক সহিংসতা থেকে রক্ষা করা (অর্থাৎ অপমানজনক পুলিশ চর্চা) নিজেদের দোষারোপ না করা; ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা; আইনি পরামর্শের প্রবেশাধিকার (অ্যাক্সেস); যে কোন আটক আদেশ এবং সুষ্ঠু বিচারের জন্য আপীল করার অধিকার।

- এটাও গুরুত্বপূর্ণ যে গ্রেপ্তার উপযুক্ত কিনা তা নির্ধারণে কর্মকর্তাদের কী বিবেচনা করা উচিত নয় সে সম্পর্কে সচেতন থাকা::

    - বৈবাহিক অবস্থা; মালিকানা বা ভাড়াটে অধিকার; মৌখিক আশ্বাস যে সহিংসতা বন্ধ হবে; সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির মানসিক অবস্থা; দৃশ্যমান বা অদৃশ্য আঘাত; উভয় পক্ষের দ্বারা পারিবারিক সহিংসতা অস্বীকার; এই বিশ্বাস যে গ্রেপ্তার হলেও দোষী সাব্যস্ত নাও হতে পারে; উভয় পক্ষের গ্রেফতারের আর্থিক পরিণতি; জাতিগত, সাংস্কৃতিক, সামাজিক, রাজনৈতিক বা পেশাগত অবস্থা বা শিকার/বেঁচে থাকা বা কথিত অপরাধীর যৌন অভিমুখীতা; অ্যালকোহল/মদ বা মাদকদ্রব্য বা উভয়ই উভয় পক্ষের দ্বারা; অথবা বিচারিক কার্যক্রমে সাক্ষ্য দিতে বা অংশগ্রহণ করতে যে কোন পক্ষের ইচ্ছার উপলব্ধি।

    - **ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি যে ধরনের পোশাক পরিধান করে ছিল; সে যৌনকর্মে লিপ্ত হোক বা অন্য ধরনের আচরণ যা অন্যদের দ্বারা ‹ঝুঁকিপূর্ণ› বলে বিচার করা যেতে পারে; একা থাকা; সে যে অবস্থানে ছিল বা দিন বা রাতের সময় সে বাইরে ছিল ইত্যাদি।**

UNODC- **নারীদের বিরুদ্ধে সহিংসতার জন্য কার্যকর পুলিশ প্রতিক্রিয়াগুলির উপর হ্যান্ডবুক-২০১০ এর উপর ভিত্তি করে এই তালিকা প্রস্তুত করে হয়েছে।**

করার কারণ, যেমন ভিকটিম/বেঁচে থাকার পক্ষ থেকে ভয়, তাও রেকর্ড করা উচিত।

ভিকটিম/বেঁচে যাওয়া, সাক্ষী বা সন্দেহভাজনের যে কোনো ব্যক্তির সাক্ষাৎকার হোক না কেন তা পরিচালিত হওয়া উচিত সাক্ষাৎকারের দক্ষতায় প্রশিক্ষণপ্রাপ্ত একজন বিশেষ তদন্তকারীর দ্বারা, এবং শিকার/বেঁচে যাওয়া এবং সাক্ষীদের ক্ষেত্রে বা অপরাধের জন্য সন্দেহভাজন শিশুদের ক্ষেত্রে (প্রযোজ্য ক্ষেত্রে), সাক্ষাৎকার নেওয়ার সময় বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত তদন্তকারীদের মাধ্যমে সাক্ষাৎকার গ্রহন করা উচিত। এই পদ্ধতি অনুসরণ করলে যখন জোরপূর্বক সাক্ষাৎকার নেওয়া এবং গৌণ নির্যাতন (সেকেন্ডারি ভিকটিমাইজেশন) প্রতিরোধ করার সময় তদন্তকারী কর্মকর্তা সবচেয়ে দরকারী প্রমাণ এবং বিবৃতি সংগ্রহ করতে এবং সাক্ষাৎকারের পুনরাবৃত্তির সম্ভবনা কমে যাবে।[৬]

আইপিভির ক্ষেত্রে একটি বিবৃতি রেকর্ড করা বিশেষভাবে প্রাসঙ্গিক, কারণ পুলিশে একটি ঘটনা রিপোর্ট করার আগে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা অসংখ্যবার ভুগতে পারে। জবরদস্তি নিয়ন্ত্রণের ক্ষেত্রে, সময়ের সাথে সাথে অভিযুক্ত অপরাধীর দ্বারা শিকার/বেঁচে থাকা ব্যক্তির আধিপত্য গড়ে উঠতে পারে।

ভিকটিমের/বেঁচে যাওয়া ব্যক্তির বক্তব্যে তারা শারীরিক এবং আবেগগতভাবে কেমন অনুভব করছে, শিশুসহ, নিজে এবং পরিবারের অন্যান্য সদস্যদের উপর সহিংসতা এবং নির্যাতনের প্রভাবের অভিজ্ঞতা অন্তর্ভুক্ত।

কোনো আঘাতের কারণে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা কষ্ট পেলে বা তাদের প্রয়োজনীয় চিকিৎসার প্রয়োজন হলে এক সেশনে বিবৃতি পাওয়া নাও যেতে পারে। ধৈর্য এবং সংবেদনশীলতা হল আপনার কর্মীদের থাকা গুরুত্বপূর্ণ দক্ষতা, এবং তারা যত বেশি সময় ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে বিশ্বাস ও সম্পর্ক গড়ে তুলবে, তারা তাদের কাছ থেকে তত বেশি তথ্য পাবে।

আরও তথ্য পাবার আশায় ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির পুনরায় সাক্ষাৎকার নেওয়ার চেয়ে আপনার কর্মীদের উচিত শুধুমাত্র একবার ভুক্তভোগী/জীবিত ব্যক্তির কাছ থেকে সঠিক এবং বিস্তারিত বিবৃতি পাওয়ার জন্য সাক্ষাৎকারের সময় নেওয়া। এটি করা হলে ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের মানসিক আঘাতকে মনে করিয়ে দেওয়া হবে কারণ তারা প্রতিবার বলবার জন্য তাদের ঘটনাটি স্মরণ করতে হবে। এটি পুলিশের ‹সেকেন্ডারি ভিক্টিলাইজেশন› -এর একটি উদাহরণ। যদি আরেকটি সাক্ষাৎকারের প্রয়োজন হয়, তাহলে এইটির প্রয়োজনীয়তার নির্দিষ্ট কারণগুলি ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে সাবধানে ব্যাখ্যা করতে হবে, তাছাড়া তারা মনে করতে পারে যে তাদের বিশ্বাস করা হচ্ছে না যা তাদের মানসিক আঘাককে আরও বাড়িয়ে দিবে। যদি ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির যোগাযোগের প্রতিবন্ধকতা

৬ See the forthcoming 'Protocol on Effective Interviewing Gathering Information with Scientific Expertise, Evidence-Based Practice, Human Rights Standards and Professional Ethics' ('Mendez Protocol').

থাকে, সম্ভবত বধিরতার মতো অক্ষমতার কারণে, তাদের বিবৃতি সংগ্রহের জন্য আরও সময় প্রয়োজন হতে পারে।

যদি ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিটি শিশু হয়, তবে তাদের ব্যবহৃত প্রকৃত শব্দগুলি রেকর্ড করা আরও গুরুত্বপূর্ণ। বাচ্চারা বেশীরভাগ ক্ষেত্রে প্রাপ্তবয়স্ক বা আইনী শব্দগুলি ব্যবহার করে না বা বোঝা না, তাই আপনার কর্মকর্তারা যেন তারা যা বলবে তা 'প্রাপ্তবয়স্কদের ভাষায়' পরিবর্তন করার ক্ষেত্রে প্রলুব্ধ না হয়। সহিংসতার শিকার শিশু/বেঁচে থাকা ব্যক্তিদেরও বিশেষজ্ঞ তদন্তকারীর মাধ্যেমে সাক্ষাৎকার নেওয়া উচিত।

যখন আপনার অফিসাররা সহিংসতার শিকার ভুক্তভোগী/বেঁচে থাকা মেয়েদের সাথে কাজ করে , তখন তাদের বয়সের উপর ভিত্তি করে অনন্য চাহিদাগুলি চিহ্নিত করা এবং সে অনুযায়ী তাদের প্রতিক্রিয়া মানিয়ে নেওয়া গুরুত্বপূর্ণ। তাদের নিশ্চিত করতে হবে যে তারা যে পরিবেশে মেয়েটির সাথে কথা বলছে তা শিশুবান্ধব, এবং পিতামাতা, অভিভাবক, আইনি প্রতিনিধি যারা ঘটনার তদন্তে জড়িত নয় তারা উপস্থিত এবং সক্রিয়ভাবে এই প্রক্রিয়ায় নিয়োজিত। তাদের এটাও নিশ্চিত করতে হবে যে শিশুদের ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তার ক্ষেত্রে প্রাপ্তবয়স্কদের মতই বিবেচনা করা হয়েছে এবং চিকিৎসা, মনো-সামাজিক এবং ভিকটিম/সারভাইভার সাপোর্ট সার্ভিসগুলি বয়সের উপযুক্ত।

যখন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া কোন ব্যক্তির কাছ থেকে একটি বিবৃতি গ্রহন করা হয়, বিশেষত যদি তারা গুরুতর যৌন নির্যাতনের সময় উল্লেখযোগ্য আঘাত পেয়ে থাকে, ভাল অনুশীলন হচ্ছে তারা কেমন আছে তা জানা, এবং সম্ভব হলে সংক্ষিপ্ত নোট নেওয়া যাতে দ্রুত তদন্ত শুরু করা যায়। মনে রাখবেন যে মানসিক আঘাত ক্ষতিগ্রস্ত/বেঁচে থাকা ব্যক্তিদের বিভিন্নভাবে প্রভাবিত করতে পারে, এবং তারা প্রাথমিকভাবে তাদের সাথে ঘটে যাওয়া সবকিছু বা পর্যায়ানুক্রমে মনে রাখতে পারে না। তারা আপনার কর্মীদের কাছে তাদের আচরণ যৌক্তিক মনে নাও হতে পারে, কিন্তু এর অর্থ এই নয় যে তারা সত্য বলছে না।

সহিংসতার শিকার হওয়ার সময় তারা যেভাবে কাজ করেছিল বা না করেছিল তার কারণগুলি জানাও বিবৃতিতে দরকারী প্রমাণ হিসেবে বিবেচিত হয়। ভুক্তভোগী/জীবিত ব্যক্তিকে সময় দেওয়ার অর্থ এই নয় যে বিবৃতি গ্রহণ অযথা বিলম্বিত হওয়া উচিত; যাইহোক, সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতি আপনার কর্মীদের সব সময় তাদের প্রয়োজনগুলি বিবেচনা করার কথা বলে এবং বিশেষ করে তদন্তের প্রাথমিক পর্যায়ে নির্দেশনা দিতে সাহায্য করে।

**ট্রমা সম্পর্কে আরও বিস্তারিত তথ্যের জন্য চতুর্থ অধ্যায়: 'প্রাথমিক যোগাযোগ' এবথনবম অধ্যায় : "কীভাবে ক্ষতিগ্রস্ত/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে বিশ্বাস এবং সম্পর্ক গড়ে তুলতে হবে তার নির্দেশনার জন্য 'যোগাযোগ' দেখুন ।**

যেকোনো ফরেনসিক/মেডিকো-লিগ্যাল পরীক্ষার তাড়াতাড়ি ব্যবস্থা করতে হবে, এবং নিশ্চিত করতে হবে যে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি যেন দ্বিতীয় সহিংসতার শিকার না হয় যা তাদের মানসিক আঘাত বাড়িয়ে দিতে পারে। লিঙ্গ সংবেদনশীলতা[৭] সর্বাধিক গুরুত্বপূর্ণ, এবং পরীক্ষার সময় মহিলা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের শুধুমাত্র একজন মহিলা সদস্য দ্বারা এসকোর্ট করা আবশ্যক।

এটা গুরুত্বপূর্ণ যে আপনি নিশ্চিত করবেন যে আপনার কর্মকর্তারা প্রয়োজনীয়তা সমস্ত প্রমাণ সম্পর্কে এবং মেডিকেল পরীক্ষকের দ্বারা তাদের কাছে প্রদান যে কোন প্রমান কিভাবে ব্যবহার, চিহ্নিত এবং সংরক্ষণ করতে হবে সেই সম্পর্কে সম্পূর্ণরূপে সচেতন ।

যৌন হিংসার প্রতি মেডিকেল-লিগ্যাল রেসপন্স (২০১৫) শক্তিশালী করার উপর WHO/UNODC টুলকিটে যৌন সহিংসতার অভিযোগকারী ব্যক্তিদের নমুনা সংগ্রহের জন্য নির্দেশিকা প্রদান করে এবং তদন্তকারীদের (এবং আদালত) অভিযোগ সমর্থন বা অস্বীকার করার জন্য তথ্য প্রদান করতে পারে (বক্স-৭ দেখুন) । ডাব্লুএইচও/ইউএনওডিসি টুলকিট নমুনা সংগ্রহের সময় সকল ব্যক্তিদের নিকট থেকে অবহিত সম্মতি নেওয়ার প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছে।

> **লিঙ্গ সংবেদনশীলতা শিকার/জীবিত ব্যক্তির অনন্য চাহিদা এবং দৃষ্টিভঙ্গি বিবেচনা করে, তার মর্যাদা এবং অখণ্ডতাকে সম্মান করে এবং মানসম্মত ফরেনসিক প্রমাণ সংগ্রহের সময় অনুপ্রবেশ কমায়।**
>
> সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য অত্যাবশ্যক সেবার উপর জাতিসংঘের যৌথ বৈশ্বিক কর্মসূচি ২০১৫)

পুলিশ স্টেশনে একটি সাধারণ সমস্যা (বিশেষ করে গ্রামাঞ্চলে) হল VAWG- এর ক্ষেত্রে বিবৃতি গ্রহণ বা প্রমান সংরক্ষণের উপর প্রশিক্ষণ প্রাপ্ত মহিলা তদন্তকারী বা মহিলা কর্মীদের অভাব, যারা আছে তারা কেবল সাহায্য হিসেবে ব্যবহিত হন। যদি এটি আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয়, তাহলে আপনাকে আপনার কমান্ডের অধীনে সকল মহিলা অফিসারদের প্রশিক্ষণ দিতে হবে যাতে VAWG- এর সকল ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের, যেমন প্রতিবন্ধী ব্যক্তিদের কাছ থেকে বিবৃতি সঠিক ভাবে পাওয়া যায়।

যৌন হিংসার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের কাছ থেকে বিবৃতি প্রাপ্তি এবং ফরেনসিক প্রমাণের সংগ্রহ এবং সংরক্ষণের উপর

৭ লিঙ্গ-সংবেদনশীলতার লক্ষ্য হল জনসাধারণের এবং ব্যক্তিগত জীবনের সবচেয়ে বৈচিত্রপূর্ণ ক্ষেত্রে লিঙ্গ-ভিত্তিক বর্জন এবং বৈষম্যের সাথে জড়িত সামাজিক ও সাংস্কৃতিক বিষয়গুলি বোঝা এবং তাদের হিসাব গ্রহণ করা (লিঙ্গ সমতার জন্য ইউরোপীয় ইনস্টিটিউট, 2019), দেখুন: https://eige.europa.eu/thesaurus/terms/1211

বিশেষ মনোযোগ দেওয়া উচিত এটি নিশ্চিত করবেন যে আপনি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে তার প্রয়োজন অনুযায়ী সবচেয়ে উপযুক্ত সংবেদনশীল প্রতিক্রিয়া প্রদান করেন, মর্যাদা ও শ্রদ্ধার সাথে তার সাথে আচরণ করেন এবং একই সাথে আপনার পুরুষ তদন্তকারীদের তাদের ভূমিকা পালন করতে সক্ষম করার জন্য গুরুত্বপূর্ণ প্রমাণ গ্রহণ করেন।

*প্রথম সাড়া দেওয়া এবং ঘটনাস্থলে উপস্থিত অন্য যে কেউ জীবনের কোনো ঝুঁকি মোকাবেলা করার সময়, যেমন গুরুতর আহত শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সেবা করা, অবশ্যই অন্য এলাকায় চলে যাওয়ার প্রলোভন এড়াবেন বা যা প্রয়োজন নেই এমন কোন কিছু স্পর্শ করবেন না।*

আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার কর্মকর্তারা বুঝতে পারেন যে তদন্তের মধ্যে গুরুত্বপূর্ণ ভূমিকা না থাকলে বা চিকিৎসা প্রদানের জন্য, যাকে কোন নিরাপদ জাইগায় সরানো যাবে না, ছাড়া কাউকে ঘটনাস্থলে প্রবেশের অনুমতি দেওয়া উচিত নয়।

আপনার প্রথম সাড়া দেওয়া ব্যক্তি কি জানেন যে হত্যা এবং ধর্ষণের মতো গুরুতর অপরাধের ক্ষেত্রে, ঘটনাস্থল সুরক্ষিত করা উচিত এবং যে কেউ এমনকি পদমর্যাদার আরও সিনিয়র কর্ম-কর্তারাও সেখানে প্রবেশাধিকার পাওয়ার চেষ্টা করছে তাদের নাম লিখে রাখা উচিত?

**বক্স-৫**

**WHO/UNODC ফরেনসিক নমুনা সংগ্রহ নির্দেশিকা**




**পটভূমি/যৌক্তিকতা:**

তথ্য সংগ্রহের জন্য সম্মতি সকল ব্যক্তির কাছ থেকে নেওয়া উচিত। নমুনা ব্যক্তিদের মধ্যে বা একজন ব্যক্তির এবং অবস্থানের মধ্যে যোগাযোগ নিশ্চিত করতে পারে; যোগাযোগের প্রমাণ অপরাধের সময় ঘটে কিন্তু দ্রুত অদৃশ্য হয়ে যায়। তদন্ত/আদালতের কার্যক্রমে শুধুমাত্র সঠিকভাবে সংগৃহীত, সংরক্ষিত এবং বিশ্লেষণ করা প্রমাণগুলি ব্যবহার করা করা উচিত। বিশ্লেষণের ফলাফলগুলি সাবধানে, বস্তুনিষ্ঠ এবং তদন্তের প্রেক্ষিতে ব্যাখ্যা করতে হবে; একটি মামলার পক্ষে একক প্রমাণের উপর নির্ভর অগ্রসর হওয়া অত্যন্ত বিরল, যেমন ডিএনএ, আঙুলের ছাপ।

**গুরুত্বপূর্ণ দিক:**

- নমুনা সংগ্রহ এবং প্রকাশের জন্য সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির কাছ থেকে সম্মতি (তদন্তকারীদের) থেকে নেওয়া উচিত। সহিংসতার শিকার/জীবিত (শারীরিক ও মানসিক উভয়ভাবে) ব্যক্তিদের উপর নমুনা সংগ্রহের প্রভাব সাবধানে বিবেচনা করা উচিত;
- ভুক্তভোগী/জীবিত (বা সাক্ষী) দ্বারা প্রদত্ত বর্ণনা এবং কথিত হামলা এবং পরীক্ষার মধ্যবর্তী সময় নির্ধারণ করবে যে নমুনা সংগ্রহ করা উচিত কিনা এবং কোন ধরনের নমুনা সংগ্রহ করা হবে;;
- জৈবিক উপাদান জমা হতে পারে এমন জায়গা থেকে নমুনা সংগ্রহ করুন: ত্বক, চুল এবং মৌখিক, যোনি এবং পায়ুসংক্রান্ত অঙ্গ;;
- সংগৃহীত নমুনার লেবেলিং এবং রেকর্ডিং -এ বিস্তারিত মনোযোগ দিন;
- কোন ভেজা নমুনা শুকানোর অনুমতি দিন। ফরেনসিক নমুনার জন্য কালচার মিডিয়া ব্যবহার করবেন না;
- যদি গোপন বা অননুমোদিত ওষুধ প্রশাসনের অভিযোগ থাকে তবে বিষাক্ত বিশ্লেষণের জন্য রক্ত এবং প্রস্রাবের নমুনা সংগ্রহ করুন;;
- নমুনার নথি স্থানান্তর (হেফাজতের শৃঙ্খলা): কী, কার কাছে এবং কখন স্থানান্তর করা হয়েছে। বিকল্পভাবে, নিশ্চিত করুন যে নমুনাগুলি যথাযথভাবে সংরক্ষণ করা হয়েছে;
- দূষণের বিরুদ্ধে সতর্কতা অবলম্বন করুন: পরীক্ষার জন্য প্রয়োজনীয় উপকরণে প্রবেশাধিকার সীমাবদ্ধ করুন, কেসগুলির মধ্যে সুবিধাগুলি পরিষ্কার করা এবং ঘন ঘন গ্লাভস পরিবর্তন করুন

সূত্র:'যৌন সহিংসতার জন্য মেডিকো-লিগ্যাল রেসপন্স শক্তিশালী করার টুলকিট' (WHO/UNODC, ২০১৫)।

প্রাথমিক প্রতিক্রিয়া চলাকালীন, এবং পুরো তদন্তের সময়, আপনার কর্মীদের খোলা মন নিয়ে কাজ করা উচিত, এবং **সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্রে পরিস্থিতি সম্পর্কে কোন পূর্বানুমান থেকে প্রভাবিত না হয়ে যথাযথ প্রমাণের উপর ভিত্তিতে সিদ্ধান্তে পৌঁছানো উচিত।**

যেকোনো সম্ভাব্য প্রমাণকে তার মূল অবস্থা থেকে ক্ষতিগ্রস্ত, ধ্বংস, পরিবর্তিত হওয়া থেকে রক্ষা করার জন্য অপরাধের দৃশ্য/ঘটনাস্থল রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি অপরাধ দৃশ্যের তদন্তকারীদের সবকিছু বিস্তারিতভাবে রেকর্ড করতে এবং যতটা সম্ভব সম্ভাব্য প্রমাণ পুনরুদ্ধার করতে সহায়তা করে।

প্রতিটি তদন্তে প্রমাণ সংগ্রহ করা গুরুত্বপূর্ণ। VAWG- এর ক্ষেত্রে, অপরাধের প্রমাণ সবসময় স্পষ্ট নাও হতে পারে। অতএব এটি গুরুত্বপূর্ণ যে কর্মকর্তারা ঘটনাগুলিতে উপস্থিত হওয়ার সময় সমস্ত সুযোগ বিবেচনাগুলি করে। এটি সকল পরিস্থিতিতে এমনকি সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তি, সাক্ষী এবং অভিযুক্ত অপরাধীর সাক্ষাৎকার নেওয়ার সময় পর্যন্ত মাথায় রাখতে হবে। সনাতন, বিশ্বাসভিত্তিক এবং সম্প্রদায়ের নেতারাও প্রাসঙ্গিক প্রমাণ দিতে সক্ষম হতে পারে, বিশেষত যদি তারা মহিলা হয়।

**সম্ভাব্য প্রমাণ শনাক্ত করার সময়, যা স্পষ্ট তার পাশাপাশি অদৃশ্য বিষয়গুলিও অনুসন্ধান করা গুরুত্বপূর্ণ। আইপিভির ক্ষেত্রে এটি বিশেষভাবে উপযোগী হতে পারে যার একটি বৈশিষ্ট্য হল জবরদস্তিমূলক নিয়ন্ত্রণ, যা অনেক সময় কথিত অপরাধীর দ্বারা দীর্ঘ সময় ধরে সংঘটিত ছোট ছোট ঘটনা প্রকাশ করতে পারে। বিচ্ছিন্নভাবে ঘটে যাওয়া ঘটনাগুলিকে তুচ্ছ মনে হতে পারে,** তবে সামগ্রিকভাবে, **সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের উপর নিয়ন্ত্রণ আরোপের বিষয়ে গুরুত্বপূর্ণ প্রমাণ সরবরাহ করতে পারে।** 'পারিবারিক/অন্তরঙ্গ অংশীদারদের মাধ্যমে সহিংসতার প্রমাণের উদাহরণ› বক্স-৯ এ দেখুন।

যদিও অফিসাররা সবসময় অপব্যবহারের লক্ষণগুলি দেখতে পাবেন না, তবে এই পর্যায়ে এবং একজন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির ডাকে সাড়া দেওয়ার সময় তারা কী উপস্থাপন করতে পারে তা জানা মূল্যবান। গ্র্যাহাম গোল্ডেন কর্তৃক বিকশিত সম্পর্কের মধ্যে জবরদস্তি এবং নিয়ন্ত্রণমূলক আচরণের স্বীকৃত পর্যায়গুলির তালিকা নীচে দেওয়া হল:[৮]

- তৈরি করা
- পরিস্থিতি ম্যানেজ করা
- দৃষ্টিভঙ্গির বিকৃতি
- অপব্যবহারের সংজ্ঞা
- সম্পর্কের পুনর্মূল্যায়ন
- সম্পর্কের সমাপ্তি
- অপব্যবহারের অবসান

**গলডেনের ' সম্পর্কের মধ্যে জোরপূর্বক এবং আচরণ নিয়ন্ত্র-ণেরপর্যায়গুলি" সম্পর্কে" আরও বিশদ বিবরণের জন্য অনুগ্রহ এনেক্স -১ দেখুন।।**

আপনার কর্মীদের কাছে এই বার্তা আরো জোরদার করতে হবে যে, পুলিশের ভূমিকা হল তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা যাতে সত্যতা প্রতিষ্ঠিত হয় এবং তাই অভিযোগটি বিশ্বাসযোগ্য কিনা; কিংবা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির ‹বিশ্বাসযোগ্যতা› এর উপর ফোকাস করা ঠিক নয়। পুলিশ সাহায্য ও তদন্তের জন্য আছে, বিচার করার জন্য নয়।

**গুরুত্বপূর্ণ তদন্ত নীতি**
**একজন ব্যক্তি এবং যেসব জিনিসের সংস্পর্শে তারা আসে তাদের মধ্যে উপাদান স্থানান্তর সবসময় ঘটবে, এটি লোকার্ডের বিনিময়ের নীতির উপর ভিত্তি করে - «একজন ব্যক্তির যেকোনো কাজ, এবং স্পষ্টতই একটি হিংসাত্মক কর্ম যা একটি অপরাধ গঠন করে, কোন চিহ্ন না রেখে ঘটতে পারে না।» এই ধরনের ‹ক্রস-দূষণ› পরবর্তী তদন্ত এবং কোন প্রমাণের বিশ্বাসযোগ্যতা, বিশেষ করে আদালতে উপস্থাপিত ফরেনসিক প্রমাণের উপর একটি ধ্বংসাত্মক প্রভাব ফেলতে পারে।**

জেন টাউন্সলে, সাবেক প্রধান পরিদর্শক, ব্রিটিশ পরিবহন পুলিশ, যুক্তরাজ্য এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ (আইএডব্লিউপি) এর বর্তমান নির্বাহী পরিচালক।

কিছু অপরাধের সুনির্দিষ্ট সূচক রয়েছে যা কর্মকর্তাদের সন্ধান করা উচিত, যাতে তারা নির্দিষ্ট এবং আরো জটিল ক্ষেত্রে ‹সেরা প্রমাণ› কী তা চিহ্নিত করতে পারে। কিছু কিছু সাংস্কৃতিক এবং সনাতনী চর্চা অপরাধের পরিমাণ হতে পারে, শুধুমাত্র নির্দিষ্ট দেশে নয়, যে দেশে অপরাধ সংগঠিত হয়েছে সেই দেশর বিভিন্ন বংশোদ্ভূত সম্প্রদায়ের মধ্যেও। এই ধরনের অপরাধের কিছু উদাহরণের মধ্যে রয়েছে সম্মানভিত্তিক সহিংসতা/নির্যাতন এবং ক্ষতিকারক অনুশীলন যেমন, মহিলা এবং শিশুদের যৌনাঙ্গ বিচ্ছেদ (FGM), , প্রাথমিক ও জোরপূর্বক বিবাহ (CEFM)। এগুলির উপর অতিরিক্ত তথ্য এবং তাদের সূচকসহ, 'সম্মান ভিত্তিক সহিংসতা / অপব্যবহার এবং ক্ষতিকারক অনুশীলন' সম্পর্কে জানতে সংযোজনী-২ দেখুন।

৮ গ্রাহাম গোল্ডেন, প্রধান পরিদর্শক (অবসরপ্রাপ্ত), ভায়োলেন্স রিডাকশন ইউনিট, পুলিশ স্কটল্যান্ড; বর্তমানে কাল্টিভাটিং মাইন্ডস, ইউকে এর পরিচালক (https://grahamgoulden.com/cultivating-minds-uk/about/)।

**বক্স-৬**

**ঘরোয়া/অন্তরঙ্গ অংশীদারদের দ্বারা সংগঠিত সহিংসতার প্রমাণের উদাহরণ**

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিরা কী ঘটেছিল এবং তাদের জীবন কেমন তা হিসাব করে
- অভিযুক্ত অপরাধীর দাবি বিশেষ করে "উন্মুক্ত ফোন লাইন" রেকর্ড করা প্রমান
- ইমেইল, নিয়ম বা দাবি সম্বলিত নোটের টেক্সট মেসেজের কপি
- ইন্টারনেট, ডিজিটাল প্রযুক্তি এবং সামাজিক মিডিয়া প্ল্যাটফর্মে অপব্যবহারের প্রমাণ
- হামলার প্রমাণ
- মোকাবেলার জন্য পূর্ববর্তী পুলিশ ইতিহাস
- অভিযুক্ত অপরাধীর ব্যাপারে পুলিশের ইতিহাস
- অফিসারের বিবৃতি, আগমনের সময় পর্যবেক্ষণ অন্তর্ভুক্ত করা
- যদি অবিলম্বে চিকিৎসা না পান, পরীক্ষার প্রয়োজনে হতাহত সার্জন
- সম্পত্তির মধ্যে ফরেনসিক প্রমাণ: রক্তের চিহ্ন, ব্যবহৃত অস্ত্র।
- ভিকটিম/বেঁচে থাকা এবং/অথবা অভিযুক্ত অপরাধীর কাছ থেকে ফরেনসিক প্রমাণ: নখের স্ক্র্যাপিং/সোয়াব
- আঘাতের ফটোগ্রাফ যেমন: হাতের সামনে প্রতিরক্ষামূলক আঘাত, সুপ্ত উপরের বাহু আঁকড়ে থাকা, মাথার খুলি ফেটে যাওয়া, চুলের অনুপস্থিতি, শ্বাসরোধের চিহ্ন
- পোশাক
- জরুরী কল নম্বর, টেপ বা প্রতিলিপি
- বাড়িতে/পাবলিক স্পেস/অন্যান্য জায়গায় অর্থাৎ কাজের জায়গা/রেস্তোরাঁয় ক্লোজ সার্কিট টেলিভিশন বা সিসিটিভি
- ঘটনাস্থলের ফটোগ্রাফিক প্রমাণসহ লাইফস্টাইল এবং গৃহস্থালি
- সহায়তা সেবা প্রদানকারীর মতো পরিষেবাগুলির সাথে মিথস্ক্রিয়ার রেকর্ড, (এমনকি যদি সেই রেকর্ডগুলির কিছু অংশ নতুন অপরাধ কার্যকর হওয়ার আগে ঘটে যাওয়া ঘটনাগুলির সাথে সম্পর্কিত হয়, তবুও তাদের বিষয়বস্তু, নির্দিষ্ট পরিস্থিতিতে, প্রমাণের উপর নির্ভর করা যেতে পারে)
- মেডিকেল রেকর্ড
- সাক্ষীর সাক্ষ্য, উদাহরণস্বরূপ, ভিকটিম/জীবিতের পরিবার এবং বন্ধু পরিবার এবং/অথবা বন্ধুদের কাছ থেকে ভিকটিম/বেঁচে থাকার বিচ্ছিন্নতার প্রভাব এবং প্রভাব সম্পর্কে প্রমাণ দিতে সক্ষম হতে পারে
- কাজের সহকর্মীদের কাছ থেকে প্রমাণ
- স্থানীয় অনুসন্ধান: প্রতিবেশী, নিয়মিত ডেলিভারি প্রদানকারী, ডাক, দুধ বিতরণ, জানালা পরিষ্কারকারী ইত্যাদি
- আর্থিক নিয়ন্ত্রণ দেখানোর জন্য ব্যাঙ্ক রেকর্ড
- শিশুদের বা পরিবারের অন্যান্য সদস্যদের পূর্বে করা হুমকি
- ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির ডায়েরি
- বিচ্ছিন্নতার প্রমাণ যেমন পরিবার এবং বন্ধুবান্ধবের মধ্যে যোগাযোগের অভাব, শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা ক্রিয়াকলাপ থেকে সরে আসা এবং যদি ভুক্তভোগীর/বেঁচে থাকার বাড়ি একটি বিচ্ছিন্ন স্থানে থাকে
- ডিএনএ বিশেষজ্ঞ সংস্থাগুলি, অভ্যন্তরীণভাবে পুলিশের সাথে এবং বাহ্যিকভাবে অন্যান্য সংস্থার সাথে যোগাযোগ;
- সাক্ষাৎকারের টেপ/প্রতিলিপি
- শিশুদের সাক্ষাৎকার বিবেচনা
- অভিযুক্ত অপরাধীর কাছ থেকে ডিএনএ
- ডিজিটাল মিডিয়া প্রমাণ সংরক্ষণ/পুনরুদ্ধার
- বাসস্থান নিশ্চিত করার জন্য হাউজিং রেকর্ড

প্রত্যক্ষদর্শীরা মূল্যবান প্রমাণ দিতে পারে এবং সব প্রমাণের মতো, তারা একটি অভিযোগকে নিশ্চিত করতে পারে বা খণ্ডন করতে পারে। আপনার কর্মীদের মূল দায়িত্ব হল সমস্ত প্রমাণ উপস্থাপন করা, যাতে আদালত অভিযুক্ত অপরাধীকে দোষী সাব্যস্ত বা নির্দোষ করতে পারে। অতএব যত তাড়াতাড়ি সম্ভব সম্ভাব্য সাক্ষীদের শনাক্ত করা অপরিহার্য, এবং যে কোনো ঘটনা বা অপরাধের দৃশ্যের প্রথম সাড়া দেবা ব্যক্তিকে অবশ্যই উপস্থিত থাকা এবং আশেপাশের যে কোন ব্যক্তির বিবরণ পাওয়ার জন্য সর্বাত্মক চেষ্টা করতে হবে, এমনকি যদি তারা বলে যে তারা কিছু দেখেনি।

তদন্ত চলাকালীন সময়ে নতুন তথ্য প্রকাশিত হওয়ার সম্ভবনা থাকলে, এই ধরনের ব্যক্তিদের পুনর্বিবেচনা করা যেতে পারে যদি বিশ্বাস করা হয় যে তারা এমন কিছু প্রমাণ দিতে সক্ষম যা সে পূর্বে স্পষ্ট ছিল না। মর্যাদা ও সম্মানের সাথে এবং আইনগত মানদণ্ডের আলকে তাদের বিবরণ নথিভুক্ত করার সময় সম্পন্ন করা প্রয়োজন, যাতে তাদের অধিকার সুরক্ষিত থাকে। কিছু সাক্ষীর সুনির্দিষ্ট সহায়তা এবং/অথবা বাসস্থানের প্রয়োজন হতে পারে যাতে তারা মূল্যবান প্রমাণ দিতে পারে। বিভিন্ন ধরনের প্রতিবন্ধী বা বয়স্ক বা খুব অল্প বয়সী সাক্ষীদের ক্ষেত্রে এটি হতে পারে। সহিংসতার শিকার/বেঁচে থাকা বা সাক্ষী যেই হোক না কেন মেয়েদের বয়সের উপর ভিত্তি করে অনন্য চাহিদা আছে।

**শিশু, বয়স্ক, নারী এবং প্রতিবন্ধী মেয়েদের এবং নির্দিষ্ট চাহিদা সম্পন্ন অন্যান্য ব্যক্তিদের সাথে কথা বলার টিপসের জন্য চতুর্থ অধ্যায় ‹প্রাথমিক যোগাযোগ› এবং নবম অধ্যায় ‹যোগাযোগ› দেখুন। 'ইন্টারসেকশনালিটি' এর সংজ্ঞার জন্য দ্বিতীয় অধ্যায় দেখুন।**

যখন ভুক্তভোগী/বেঁচে থাকা বা সাক্ষী বয়স্ক, খুব অল্প বয়স্ক বা প্রতিবন্ধী ব্যক্তি হয় তখন বিশেষ যত্ন নেয়া প্রয়োজন কারণ তাদের নির্দিষ্ট চাহিদা থাকতে পারে। উদাহরণস্বরূপ, যদি ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি বা সাক্ষী বয়স্ক হয়, তাহলে তাদের শ্রবণ শক্তি কম থকাতে পারে। এই ক্ষেত্রে নিশ্চিত করুন যে আপনার কর্মীরা যতটা সম্ভব কোলাহলমুক্ত পরিদেশে তাদের সাথে শান্তভাবে কথা বলছেন। যদি স্বল্প দৃষ্টির হয়, তাহলে তাদের একটি আলোকিত ঘরে (সম্ভব হলে অতিরিক্ত আলোসহ) তাদের সাথে কথা বলা উচিত।

তাদের বয়সের কারণে তাদের স্মৃতিশক্তির সমস্যাও থাকতে পারে এবং মানসিক আঘাতের প্রভাবের কারণে আরও বাড়তে পারে, তাই আপনার কর্মীদের ধৈর্য ধারণ করতে হবে এবং তাদের অতিরিক্ত প্রয়োজনগুলি সম্পর্কে বুঝতে হবে। আপনার কর্মীদের নিশ্চিত করতে হবে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অক্ষমতা বিবেচনা করে তাদের নির্দিষ্ট চাহিদাগুলি বিবেচনা করা হয়েছে এবং প্রাসঙ্গিক ভাবে সেগুলি সমন্বয় করা হয়েছে।

প্রতিবন্ধী নারী এবং মেয়েরা যারা সহিংসতা এবং বৈষম্যের মুখোমুখি হয়েছে তারাও ন্যায়বিচার পেতে বাধার সম্মুখীন হতে পারে, ক্ষতিকারক বাঁধাধরা নিয়ম (স্টেরিওটাইপ), বৈষম্যমূলক মনোভাব এবং পদ্ধতিগত এবং যুক্তিসঙ্গত আবাসনের অভাবের কারণে, যা তাদের বিশ্বাসযোগ্যতাকে সন্দেহজনক করতে পারে এবং তাদের অভিযোগ খারিজ করতে পারে।[৯]



সহিংসতার শিকার/প্রতিবন্ধী-দের বেঁচে যাওয়া ব্যক্তিদের সাক্ষাৎকার নেওয়ার বিষয়ে আরও সহায়ক নির্দেশ-নাইউএনডিপির ‹জিবিভি ভিকটিমদের জন্য তদন্ত, সুরক্ষা এবং সহায়তা ব্যবস্থা - রিসোর্স বুক: অভিজ্ঞতা *এবং কোরিয়ান পুলিশের নির্দেশিকা ‹(২০১৯)*। (*Investigation, Protection, and Support Measures for GBV Victims - Resource Book: Experience and Guidelines of the Korean Police' (2019' থেকে পাওয়া যেতে পারে।*[১০] প্রতিবন্ধী ব্যক্তিদের (শিশুদেরসহ) সাক্ষাৎকারের ক্ষেত্রে, এই বইটি সাধারণ নির্দেশিকা প্রদান করতে পারে: ১) সাক্ষাৎকার নির্ধারণ; ২) মৌখিক এবং অ-মৌখিক যোগাযোগ; এবং ৩) পুলিশ অফিসারদের সাক্ষাৎকার প্রক্রিয়ায় প্রয়োজনীয় বিবেচনায় সাহায্য করার জন্য অক্ষমতার বৈশিষ্ট্য।

ইউএনডিপি রিসোর্স বইতে বিশেষভাবে বলা হয়েছে যে, যেহেতু শিশুরা বিভিন্ন পর্যায়ে বিকশিত হয়, তাদের বয়স অনুযায়ী মোকাবেলা করতে হবে, ১০ বছরের কম বয়সী শিশুরা বিশেষভাবে ঝুঁকিপূর্ণ।

**ন্যায়বিচার প্রক্রিয়া চলাকালীন ভিকটিম/বেঁচে যাওয়া প্রতিবন্ধী ব্যক্তিরা যে সমস্ত বাধার সম্মুখীন হয় সেগুলি মোকাবেলা করা ক্ষেত্রে তাদের যুক্তিসঙ্গত বাসস্থান এবং অন্যান্য সুনির্দিষ্ট ব্যবস্থা প্রয়োজন হতে পারে।**[১১]

**উদাহরণস্বরূপ, দক্ষিণ আফ্রিকায় কেপ মেন্টাল হেলথ দ্বারা পরিচালিত SAVE কর্মসূচির লক্ষ্য হল বুদ্ধি প্রতিবন্ধী ভুক্তভোগী/**

৯ Lisa Adams and Yumi Sera, 'Gender Guidelines'). *Disability Rights Fund & Disability Rights Advocacy Fund* (2018)

১০ Investigation, Protection, and Support Measures for GBV Victims - Resource Book: Experience and Guidelines of the Korean Police (UNDP Seoul Policy Centre, 2019).

১১ Submission to the Special Rapporteur on the Rights of Persons with Disabilities: Good Practices for Increasing Effective Access to Justice for Women and Girls with Disabilities, August 9, 2019, *Women Enabled International*

**বক্স-৭**

**প্রাথমিক প্রতিক্রিয়ার জন্য ন্যূনতম মানদণ্ডের চেকলিস্ট**

- অভিযুক্ত অপরাধীর কাছ থেকে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে অবিলম্বে আলাদা করা এবং ভিকটিমের/বেঁচে যাওয়া ব্যক্তির নিরাপত্তা নিশ্চিত করা। যেহেতু এটি প্রায়শই একটি ক্ষমতা এবং নিয়ন্ত্রণের পরিস্থিতি সংগঠিত হয়, তাই অফিসারদের উচিত সর্বদা সুরক্ষাকে অগ্রাধিকার দিয়ে দলগুলি যেন একে অপরের দৃষ্টিশক্তি এবং শ্রবণ থেকে দূরে থাকে তা নিশ্চিত করা।;
- হাতে থাকা যেকোনো অস্ত্র শনাক্ত ও সুরক্ষিত করা, যাতে উপস্থিত সকল ব্যক্তিকে রক্ষা করা যায়;
- যদি উপস্থিত থাকে, অভিযুক্ত অপরাধীকে বিচ্ছিন্ন করতে, অনুসন্ধান করতে এবং সুরক্ষিত করতে - তাকে দৃশ্য থেকে সরিয়ে দেওয়া হোক;
- যে কোন আহত ব্যক্তির চিকিৎসার ব্যবস্থা করা;
- যা ঘটেছে তার প্রাথমিক তথ্য যাচাই করা এবং অপরাধ সনাক্ত করা;
- অপরাধের সমস্ত সম্ভাব্য প্রমাণ সনাক্ত এবং সংগ্রহ করা শুরু করা;
- ভুক্তভোগী/জীবিত ব্যক্তির প্রাথমিক সাক্ষাৎকার পরিচালনা করা (একটি আনুষ্ঠানিক লিখিত বিবৃতিসহ পরে একটি গভীর সা-ক্ষাৎকার হতে পারে);
- সকল সাক্ষীর সাক্ষাৎকার গ্রহণ এবং প্রয়োজনে লিখিত বক্তব্য সংগ্রহ করা;
- কোন প্রয়োজনীয় ফলো-আপ/সেকেন্ডারি তদন্তের ব্যবস্থা করা (যেমন, ফরেনসিক, মেডিকেল পরীক্ষা);
- ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সেবা এবং সহায়তা করার জন্য ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের পরিষেবার (যদি পাওয়া যায়) প্রদান করে এমন সংস্থার সাথে যোগাযোগ করা;;
- তদন্তের দলিল, প্রমাণ এবং বিবৃতি সংরক্ষণ শুরু করা

সূত্র: মহিলাদের বিরুদ্ধে সহিংসতার জন্য কার্যকর পুলিশের প্রতিক্রিয়া সম্পর্কিত হ্যান্ডবুক (ইউএনওডিসি, ২০১০)।

**বেঁচে থাকা ব্যক্তিদের সহায়তা করা।**[১২] **অধিকার-ভিত্তিক এবং লিঙ্গ-সংবেদনশীল সহিংসতা এবং যৌন প্রজনন স্বাস্থ্য এবং অধিকার প্রদানের বিষয়ে ইউএনএফপিএ এবং মহিলাদের জন্য প্রণীত আন্তর্জাতিক নির্দেশিকাগুলিতে** (UNFPA and Women Enabled International Guidelines) **আরও নির্দেশিকা পাওয়া যাবে।**[১৩]

**শিশু শিকার/বেঁচে থাকা এবং সাক্ষীদের সাথে কীভাবে যোগাযোগ করা যায় সে সম্পর্কে আরও তথ্য নবম অধ্যায় : 'যোগাযোগ' এ পাওয়া যাবে।**

ভিতরে বক্স-৮ এ কিছু পরামর্শ [১৪] দেওয়া হয়েছে কিভাবে আপনার কর্মীরা **সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু** এবং অপরাধের সাক্ষীদের প্রতি মর্যাদা ও সমবেদনা প্রদর্শন করতে পারে তার উপর:

একজন ম্যানেজার এবং নেতা উভয় হিসাবে আপনার ভূমিকা হল এটা নিশ্চিত করা যে VAWG- এর ঘটনার তদন্ত সহিংসতার শিকার/বেঁচে থাকার কেন্দ্রিক হচ্ছে এবং এর জন্য কার্যকর এবং উপযুক্ত তত্ত্বাবধান নিশ্চিত করে তদন্ত এবং কেস ম্যানেজমেন্ট প্রক্রিয়ার তত্ত্বাবধান করা প্রয়োজন। নৈতিকতা এবং অখণ্ডতার মান অনুযায়ী তদন্ত চলছে কিনা তা নিশ্চিত করার জন্য তদারকির প্রয়োজন। একজন নেতা হিসাবে, আপনার উচিত কর্মীদের উৎসাহ দেওয়া, তাদের কাজের সহায়তা করা এবং এতা নিশ্চিত করা যে তারা আপনার সাথে প্রয়োজনে কথা বলতে পারবে। পাশাপাশি তারা সঠিক ভাবে কায করছে কি না তার হিসাব রাখতে সক্ষম হওয়া।

- আপনি কিভাবে নিশ্চিত হবেন যে আপনার কর্মীরা আপনার প্রত্যাশা অনুযায়ী এবং আপনার প্রতিষ্ঠানের প্রত্যাশা অনুযায়ী কাজ করছে?
- আপনি কীভাবে নিশ্চিত করবেন যে ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা বজায় রাখা হচ্ছে?

---

১২ See https://www.westerncape.gov.za/facility/cape-mental-health

১৩ 'Women and Young Persons with Disabilities: Guidelines for Providing Rights-Based and Gender-Responsive Services to Address Gender-Based Violence and Sexual and Reproductive Health and Rights', (UNFPA-WEI, 2018), see: https://www.womenenabled.org/wei-unfpa-guidelines.html

১৪ 'Training Programme on the Treatment of Child Victim/Survivors and Child Witnesses of Crime' (UNODC, 2015), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Training_Programme_on_the_Treatment_of_Child_Victims_and_Child_Witnesses_of_Crime_-_Law_Enforcement.pdf p. 44 .

বক্স-৮

**সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু এবং অপরাধের সাক্ষীদের প্রতি মর্যাদা ও সহানুভূতি প্রদর্শন করা**

| | |
|---|---|
| **নিরাপত্তা** | শিশুদের সাথে দেখা এবং/অথবা সাক্ষাৎকার নিতে একটি নিরাপদ এবং আরামদায়ক পরিবেশ নির্বাচন করুন। যদি এইরকম সেটিং পাওয়া না যায়, তাহলে এমন একটি জায়গা বেছে নিন যা আরামদায়ক এবং যতটা সম্ভব শিশুদের জন্য সংবেদনশীল হয়। |
| **ঝামেলায়মুক্ত** | শিশুকে আশ্বস্ত করুন, বিশেষ করে যদি সে খুব ছোট হয়, যে সে কিছু ভুল করেনি এবং «সমস্যায়» নেই। সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ছোট শিশুরা এবং প্রত্যক্ষদর্শীরা প্রায়ই মনে করে যে তাদের সমস্যার জন্য দায়ী করা হতে পারে এবং/অথবা তারা যা ভোগ করেছে তার জন্য তাদের দায়বদ্ধ করা হতে পারে। শিশুকে পরিষ্কারভাবে বুঝিয়ে দিন যে, যে ব্যক্তি তার উপর আঘাত করেছে সে আইন লঙ্ঘন করেছে। শিশুরা অন্যের আচরণ এবং অন্যায়ের জন্য দায়ী নয়, এই অনুভূতি তাদের মধ্যে থাকা উচিত। |
| **বিশ্বাস এবং সম্পর্ক** | মামলার সুনির্দিষ্ট বিবরণ বা ঘটনা আলোচনার আগে বিশ্বাস ও সম্পর্ক স্থাপনের জন্য সময় নিন। শিশুদের কথা শুনে এবং তাকে/তাদেরকে প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ দিয়ে এবং সে যা চায় তা করে নেওয়ার মাধ্যমে এটি সর্বোত্তমভাবে করা যায়। সহিংসতার শিকার/বেঁচে যাওয়া শিশুদের এবং সাক্ষীদের সাধারণত অনেক প্রশ্ন, উদ্বেগ এবং ভয় থাকে। তারা সহযোগীতা করার এবংস্বাচ্ছন্দ্যবোধ করার সম্ভাবনা বেশি থাকে যদি তারা মনে করে যে পেশাদাররা তাদের উদ্বেগ এবং ধারণাগুলি শুনছেন। |
| **সহানুভূতি** | পূর্বানুমানমুক্ত মনোভাব বজায় রাখুন এবং সন্তানের প্রতি সহানুভূতি প্রদর্শন করুণ। |
| **সম্মান** | নির্যাতনের ফলে, সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু এবং সাক্ষীরা অসম্মানজনক কোন ইঙ্গিতের প্রতি খুব সংবেদনশীল হতে পারে। তাদের সাথে কথা বলার সময় শব্দগুলি খুব সাবধানে নির্বাচন করা উচিত। |
| **অনন্যতা** | শিশুকে তার নিজস্ব চাহিদা, ইচ্ছা, অনুভূতি এবং উদ্বেগ সম্পূর্ণ একজন ব্যক্তি হিসাবে বিবেচনা করুন। এমনকি একটি উদাহরণ দেবার প্রয়োজনেও একটি শিশুকে অন্য শিশুদের সাথে তুলনা করবেন না। |
| **বয়সজ-নিত-সংবেদনশী-লতা** | অনুধাবন করুন যে সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু এবং সাক্ষীরা মানসিক চাপের কারণে তারা আবেগগ-তভাবে পিছিয়ে পড়ে। তারা তাদের প্রকৃত বয়সের চেয়ে কম কাজ করতে পারে। উদাহরণস্বরূপ, একটি ৮ বছর বয়সী সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু তার আঙ্গুল চুষতে পারে। |
| **উপযুক্ত ভাষা** | শিশুর বয়সের জন্য উপযুক্ত শিশু-সংবেদনশীল ভাষা ব্যবহার করুন। "শিশুসুলভ" কথা বলা এড়িয়ে চলুন। |
| **খেলা করুন** | সহিংসতার শিকার/বেঁচে থাকা শিশু এবং সাক্ষীদের প্রযোজ্য ক্ষেত্রে, বড় বাচ্চাদের সাথে খেলার অনুমতি দিন। একটি কৌতুকপূর্ণ উপায়ে কী ঘটেছে তা ব্যাখ্যা করতে তাদের উৎসাহিত করুন, উদাহরণস্বরূপ, একটি পুতুল বা প্রাণীর সাহায্যে বা অঙ্কন বা পেইন্টিংয়ের মাধ্যমে।। |
| **শুনতে সময় নিচ্ছেন** | শিশুদের কথা শোনার জন্য এবং তার বা তার কী হয়েছে তা বোঝার জন্য পর্যাপ্ত সময় নিন। যদি শিশুটি তার ইচ্ছামত সবকিছু বলতে পারে, তবে পরিস্থিতি পর্যাপ্তভাবে সমাধান করা যেতে পারে। |
| **মতামত আমলে নেওয়া** | যখনই সম্ভব, সিদ্ধান্ত গ্রহণ এবং সমস্যা সমাধানের আলোচনায় শিশুকে অন্তর্ভুক্ত করুন। চিহ্নিত করুন এবং ধৈর্য সহকারে তার সমস্ত প্রশ্নের উত্তর দিন, যাতে সে/সে অবগত মতামত এবং উদ্বেগ প্রকাশ করতে পারে। |

**'ভিকটিম/সার্ভাইভার-সেন্টারড' পদ্ধতির গঠন সম্পর্কে আরও তথ্যের জন্য, দ্বিতীয় অধ্যায়: ‹ম্যানেজার এবং টিম লিডার হিসেবে পার্থক্য তৈরি করা› দেখুন।**

নিম্নোক্ত বিষয়গুলি বিবেচনা করুণ:

- ন্যায়বিচার প্রক্রিয়ার পরবর্তী পর্যায়ে জমা দেওয়ার আগে আপনি কীভাবে মামলার ফাইলগুলির তদারকি নিশ্চিত করবেন?
- আপনি কি জানেন, তদন্তের মধ্যে যদি কোন ঘাটতি থাকে তাহলে বিচার প্রক্রিয়া বন্ধ হয়ে যেতে পারে বা আদালতে খালাস পেয়ে যেতে পারে?
- আপনার সহকর্মীদের সাথে তুলনা করলে আপনার থানা বা বিভাগ কতটা ভাল কাজ করেছে?
- আপনি বা আপনার কর্মীদের কেউ কি আপনার নিজ নিজ চাহিদা এবং প্রত্যাশা নিয়ে আলোচনা করতে নিয়মিত প্রসিকি-উটর বা আদালতের কর্মকর্তাদের সাথে দেখা করেন? যেকোনো ক্ষেত্রে ফাইল তৈরির সময় যত তাড়াতাড়ি সম্ভব অন্যান্য বিচার সংস্থাকে সম্পৃক্ত করা ভাল অভ্যাস। কিছু দেশে, ভিএডব্লিউজি মামলায় কাজ করা পুলিশ এবং প্রসিকিউটররা সহ-অবস্থানে থাকে বিধায় তাদের মধ্যে চলমান কথোপকথনের সুযোগ সৃষ্টি হয় এবং বিশেষজ্ঞ দক্ষতা শক্তিশালী হয় যার ফলে আদালতে অপরাধীর বেকসুর খালাস পাবার সম্ভাবনা কমে যায়। এটি

সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে সাক্ষাৎকারের সংখ্যা কমাতেও সাহায্য করে, দ্বিতীয় বার সহিংসতার শিকার (সেকেন্ডারি ভিকটিমাইজেশনের) হওয়ার সম্ভাবনা হ্রাস করে, এবং বিচার ব্যবস্থায় ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতি আস্থা ও বিশ্বাসের অনুভূতি বাড়ায়;;

- প্রসিকিউশনের মানদণ্ড পূরণ করেনি এমন কোন ঘটনা থেকে আপনি 'শিক্ষা নিয়েছেন' তা কিভাবে নিশ্চিত করবেন?
- আদালতে যাওয়া VAWG মামলার খারিজ হওয়ার হার কত?
- খারিজ হওয়ার কারণ কী ?
- এই প্রশ্নের উত্তর দেবার জন্য আপনাকে তথ্য বিশ্লেষণ করতে হবে, যা আপনি সমন্বয় ও সহযোগিতার মাধ্যমে প্রসিকিউটর বা আদালতের কর্মকর্তাদের কাছ থেকে পাবার জন্য অনুরোধ করতে পারেন। (*অষ্টম অধ্যায়: ‹বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়› দেখুন*)।

যতক্ষণ না ফাইলের তথ্য বিশ্লেষণ করা হয়েছে, আপনি কতটা আত্মবিশ্বাসী হতে পারেন যে পুলিশের তদন্ত প্রমাণের কোন ঘাটতি ছাড়াই শক্তিশালী ছিল? কিছু সাধারণ পরিবর্তন যা আপনি করতে পারেন, যেমন আপনার কর্মীদের নতুন নির্দেশনা জারি করা; যাইহোক, যতক্ষণ না আপনি তথ্য পরীক্ষা করেছেন, আপনি কোন সমস্যা সম্পর্কে সচেতন নাও হতে পারেন।

ক্রমাগত পেশাগত উন্নয়ন নিশ্চিত করার জন্য, আপনার দায়িত্বের ক্ষেত্রের মধ্যে কোন দুর্বলতা রয়েছে কিনা সে সম্পর্কে আপনাকে সচেতন হতে হবে এবং জনসাধারণের অভিযোগ গ্রহণ এবং মোকাবেলা করা সেই তথ্য অর্জনের একটি পদ্ধতি। আবার, সমস্যাগুলি বোঝার মাধ্যমে, আপনি আপনার কর্মীদের স্পষ্ট নির্দেশনা প্রদানের জন্য এবং আপনার স্থানীয় সম্প্রদায়ের মধ্যে বিশ্বাস ও আস্থা গড়ে তোলার চূড়ান্ত লক্ষ্য নিয়ে প্রযোজ্য ক্ষেত্রে ইতিবাচক পরিবর্তন আনতে পারেন।

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতিবেদনের ব্যাপারে কোনো পুলিশি পদক্ষেপ বা নিষ্ক্রিয়তা সম্পর্কে আনুষ্ঠানিক অভিযোগ করতে সক্ষম করার জন্য আপনার কোন পদ্ধতি আছে?
- প্রক্রিয়াটি কতটা অ্যাক্সেসযোগ্য, এবং এটি কি আপনার এলাকার সম্প্রদায়ের কাছে জানানো হয়েছে?

তদন্তের ব্যবস্থাপনা এবং তত্ত্বাবধান আপনার কর্মীদের ছোট ছোট বিষয় ম্যানেজ করার মত বিষয় নয় বিধায় আপনাকে আপনার সিনিয়র ম্যানেজারদের পাশাপাশি স্থানীয় সম্প্রদায়ের কাছে ফলাফলের জন্য দায়বদ্ধ থাকতে হবে। আপনাকে দৃশ্যমান নেতৃত্ব প্রদর্শন করতে হবে, কোচিং, মেন্টরিং এবং যেখানে প্রয়োজন সেখানে আপনার কর্মীদের ক্ষমতায়ন এবং সক্ষম করতে হবে, তাদের দায়িত্ব পালন করতে পারা বা না পারার বিষয়ে জবাবদিহিতা নিসছিত করতে হবে। এটি করার মাধ্যমে, আপনি আপনার প্রত্যাশা সম্বন্ধে একটি স্পষ্ট শক্তিশালী বার্তা পাঠাতে পারবেন এবং তারা বুঝতে পারবে যে তাদের কী করা প্রয়োজন।

## ভিএডব্লিউজি -তে সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করা আপনার দলের কর্মদক্ষতার (পারফরম্যান্সের) ঘাটতিগুলি চিহ্নিত করার মাধ্যমে শুরু হয়

VAWG- এর ক্ষেত্রে সাড়া দেওয়ার সময় পুলিশ প্রতিষ্ঠানের ভাল অনুশীলন এবং কর্মক্ষমতার ব্যবধানের বিস্তৃত বিশ্বব্যাপী ম্যাপিং থেকে অনুপ্রাণিত একটি তালিকা নিচে দেওয়া হল। এই ম্যাপিংয়ের মধ্যে অন্তর্ভূত ছিল প্রচার , অন্যান্য কাজের পাশাপাশি, বেশ কয়েকজন কর্মরত এবং অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা এবং জাতিসংঘের কর্মীদের অভিজ্ঞতার সাথে পুলিশ এবং বেসরকারি সংস্থার সাথে কাজ করা যা VAWG- এর সম্বন্ধে বিশেষজ্ঞ ব্যক্তিদের। প্রত্যেক শ্রেণির শিরোনামগুলি পাঠককে কর্মক্ষমতার চিহ্নিত ঘাটতিগুলির সাথে প্রত্যেকটি মূল সমস্যাকে সম্পর্কিত করতে সহায়তা করার জন্য;তবে, সবগুলিই প্রযোজ্য উপযোগী এবং/অথজগিএকে অপরের পরিপূরক::

### মনোভাব

- একটি সাধারণ ধারণা যে ধর্ষণের তদন্ত করা খুব কঠিন বা এটি একটি বিশেষ কাজ;[15]
- কলঙ্ক এবং ভয় যোগ করার পাশাপাশি প্রতিবন্ধী ব্যক্তিদের প্রায়শই শিশু, নির্ভরশীল এবং তাদের নিজস্ব সিদ্ধান্ত নিতে অক্ষম হিসাবে চিত্রিত করা হয়।

### লিঙ্গ পক্ষপাত

- VAWG- এর আশেপাশের পৌরাণিক কাহিনীতে/ শ্রুতিতে বিশ্বাস, যেমন, কমান্ডিং অফিসাররা পুলিশ কর্তৃক সংঘটিত যৌন সহিংসতার অভিযোগ সম্পর্কে অবগত, কিন্তু এটি সমাধান করা হয় না (মার্কিন যুক্তরাষ্ট্রের বিচার বিভাগ দ্বারা চিহ্নিত পুলিশ বাহিনী দ্বারা লিঙ্গ পক্ষপাতের সাধারণ ফলাফলের নিচে দেখুন) ;

১৫ Erin Gallagher, 'SGBV Investigation Planning', *Institute for International Criminal Investigations (IICI) and the Justice Rapid Response* (2015).

- 'আদর্শ সহিংসতার শিকার/বেঁচে থাকা আচরণ, বিশেষত নারী ও মেয়েদের বিরুদ্ধে যৌন সহিংসতার অপরাধ, পুলিশ কর্মকর্তাদের প্রভাবিত করা' এবং তদন্তের মান সম্পর্কিত শ্রুতিগুলি;

- পুলিশ অফিসাররা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের দোষ দিতে পারে এটা বিশ্বাস করে যে তারা তাদের পোশাক বা আচরণের মাধ্যমে আক্রমণকে উস্কে দিয়েছে।

## দ্বিতীয়বার সহিংসতার শিকার (সেকেন্ডারি ভিকটিমাইজেশন)

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের পুরুষ পুলিশ কর্মকর্তারা অসংখ্যবার জিজ্ঞাসাবাদ করেন এবং বিবৃতি দেওয়ার সময় অসম্মানজনক আচরণ করেন।

## অসৎ আচরণ

- পুলিশ তদন্তকারীরা প্রায়ই অভিযুক্ত অপরাধী ভিকটিমের সম্মতি নিয়েছিল কি না তা প্রমাণের জন্য তার কার্যক্রমের দিকে মনোনিবেশ করার পরিবর্তে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির উপর এটা প্রমাণ করার বোঝা চাপিয়ে দেয় যে যৌন হুমকির ক্ষেত্রে তাকে হুমকি দেওয়া হয়েছে বা সহিংসতার শিকার হতে হয়েছে (অর্থাৎ সম্মতি দেয়নি)।

- যৌন নিপীড়ন বা পারিবারিক সহিংসতার ঘটনাকে ভুল শ্রেণীভুক্ত করা বা অপর্যাপ্ত রিপোর্ট করা, অথবা অনুপযুক্তভাবে এই সিদ্ধান্তে পৌঁছানো যে যৌন নিপীড়নের ঘটনাগুলি ভিত্তিহীন। উদাহরণস্বরূপ, রিপোর্ট করা নিখোঁজ নারী এবং কিশোরী মেয়েদের ক্ষেত্রে, পুলিশ সাড়া দেওয়ার আগে প্রায়ই টা নিশ্চিত হওয়ার জন্য অপেক্ষা করে যে আসলে অপরাধ সংঘটিত হয়েছে;;

- অপর্যাপ্ত সম্পদ, যেমন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সঠিক গন্তব্যে নিয়ে যাওয়ার জন্য পরিবহন, যার ফলে পুলিশ VAWG প্রতিরোধ ও তদন্তে তাদের ভূমিকা পালন করার জন্য ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে অর্থ দাবি করে;

- কেস ম্যানেজমেন্ট সিস্টেমগুলি পর্যাপ্তভাবে সংহত নয়, ক্রমাগত আপডেট করা হয় না এবং ভুক্তভোগী/ বেঁচে থাকা ব্যক্তিদের ফলো-আপের জন্য দায়ী ফৌজদারি বিচার সংস্থার কাছে সহজে প্রবেশযোগ্য হয়;;

- কর্মকর্তারা প্রধানত ভিকটিম/বেঁচে থাকার কল্যাণের চেয়ে তদন্তকে অগ্রাধিকার দিতে পারেন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদেরকে প্রমাণের উৎস হিসেবে ব্যবহার করে;[16]

- তথ্য আদান-প্রদানের প্রোটোকল অন্যান্য ফৌজদারি বিচার সংস্থার সাথে প্রাসঙ্গিক তথ্যের সময়মত শেয়ারিং নিশ্চিত করার জন্য, সাধারণত সম্মতি গ্রহন এবং শিক্ষণের জন্য পর্যবেক্ষণ করা হয় না।

## বৈষম্য

- VAWG রিপোর্ট করার সময় ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তি বা যারা নিরক্ষর তারা প্রায়ই পর্যাপ্তভাবে সহায়তা হয় না, বিশেষত যখন গুরুতর আইনি প্রভাব আছে এমন বিবৃতিতে স্বাক্ষর করার সময়।[17]

## প্রশিক্ষণ এবং শিক্ষার ঘাটতি (অভাব)

- হাসপাতালে সহজেই উপলভ্য ৭২ ঘন্টার মধ্যে প্রতিক্রিয়া জানানর সময়ে (এইচআইভি, গর্ভাবস্থা ইত্যাদি প্রতিরোধ) ধর্ষণ থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের কীভাবে সহায়তা করা যায় সে বিষয়ে পুলিশের সীমিত জ্ঞান রয়েছে;;

- যে সকল ব্যক্তি সম্ভাব্যভাবে VAWG এর শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে জড়িত হবে সেই সমস্ত কর্মকর্তাদের প্রশিক্ষণ এবং শিক্ষায় মানসিক আঘাত জনিত হস্তক্ষেপের বিষয়টি অন্তর্ভুক্ত করা হয় না;

- অফিসারদের ব্যক্তিগত তথ্য সুরক্ষায় জাতীয় আইন সম্পর্কে সাধারণ জ্ঞানের অভাব।

# সংজ্ঞা এবং কাঠামো

ESP একটি VAWG ঘটনার পুলিশ তদন্তের প্রক্রিয়ায় নিম্নলিখিত ক্রিয়াকলাপগুলি অন্তর্ভুক্ত রয়েছে::

- মামলার মূল্যায়ন এবং তদন্ত, সাধারণত ফৌজদারি বিচার ব্যবস্থায় পরিচালিত হয়;
- দৃশ্য ব্যবস্থাপনা;
- তদন্ত পরিকল্পনা;
- ভিকটিম/বেঁচে যাওয়া, এবং সাক্ষীর সাক্ষাৎকার;

১৬ Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police–victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.1230061.

১৭ 'A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming' (UN Women et al., 2018).

**বক্স-৯**

**পুলিশ বাহিনী দ্বারা সংগঠিত লিঙ্গ পক্ষপাতের সাধারণ ফলাফল***

- লিঙ্গের ভিত্তিতে নির্দিষ্ট ভিকটিম /বেঁচে থাকা ব্যক্তিদের কম সুরক্ষা প্রদান করে;
- একটি বিশেষ লিঙ্গের মানুষকে সামঞ্জস্যহীন ভাবে ক্ষতিগ্রস্ত করে এমন অপরাধের জবাব দিতে ব্যর্থ হয়;
- জেন্ডার সংক্রান্ত বাঁধাধরা নিয়মগুলির (স্টেরিওটাইপগুলির) উপর নির্ভরতার কারণে কম বা কম শক্তিশালী পরিষেবা প্রদান;
- যৌন নিপীড়ন বা পারিবারিকভাবে সহিংসতার ঘটনাকে ভুল ভাবে শ্রেণীভুক্ত করা বা কম রিপোর্ট করা;
- অনুপযুক্তভাবে উপসংহারে আসে যে যৌন নিপীড়নের ঘটনা ভিত্তিহীন;
- যৌন নিপীড়ন কিট পরীক্ষা করতে ব্যর্থ;
- ভুক্তভোগী/বেঁচে যাওয়া এবং সাক্ষীদের সাক্ষাৎকার নেওয়ার পরিবর্তে জিজ্ঞাসাবাদ;
- পারিবারিক সহিংসতাকে অপরাধের চেয়ে পারিবারিক বিষয় হিসেবে বিবেচনা করে;
- সুরক্ষা আদেশ কার্যকর করতে ব্যর্থ;
- সমকামী পারিবারিক সহিংসতাকে অপরাধ হিসেবে গণ্য করতে ব্যর্থ;
- সত্যতা যাচাই করা, ঘটনাটি অপরাধ কিনা তা নির্ধারণ করা, এবং এমন ভাবে মামলা প্রস্তুত করা যাতে প্রসিকিউশনকে কার্যকর ভাবে সহায়তা করার এবং অপরাধীকে সাজা দেবার ক্ষমতাকে বাধাগ্রস্ত করা।

* সূত্র: মার্কিন বিচার বিভাগ, ২০১৫

- ঝুঁকি সনাক্তকরণ, মূল্যায়ন এবং ব্যবস্থাপনা,
- প্রমাণ সংগ্রহ, প্রক্রিয়াজাতকরণ এবং বিশ্লেষণ;
- ফরেনসিক পরীক্ষা;
- অভিযুক্ত অপরাধী এবং অবস্থান পরিবর্তন সংক্রান্ত গোয়েন্দা তথ্য;
- অভিযুক্ত অপরাধী শনাক্তকরণ, সাক্ষাৎকার নেওয়া, গ্রেপ্তার এবং প্রক্রিয়াকরণ; এবং
- প্রাপ্ত ফলাফল এবং গৃহীত পদক্ষেপের ডকুমেন্টেশন।

এই প্রক্রিয়ার জন্য গুরুত্বপূর্ণ হল কে অভিযুক্ত অপরাধী এবং কে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এই দুইয়ের মধ্যে পার্থক্য নির্ণয় করা এবং সেই অনুযায়ী তাদের সাথে আচরণ করা।[১৮] এই অনুশীলনটি তদন্ত কর্মকর্তাদের অবশ্যই ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের অভিজ্ঞতার বিভিন্ন মাত্রা এবং ফলস্বরূপ সুরক্ষার প্রয়োজনীয়তাগুলি চিহ্নিত করার দিকে পরিচালিত করবে বিধায় সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির সূচনা করার সময় এটি একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।[১৯] এটি ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির বিরুদ্ধে করা অবমাননাকর আচরণের ধরন এবং সহিংসতার প্রকৃতিকে প্রভাবিত করে এমন পরিবেশগত চলকগুলি (বিষয়গুলি) সনাক্ত করার জন্য তদন্তকারীদের সহায়তা করে।

এই তথ্যে সজ্জিত হয়ে, পুলিশ তাদের প্রতিক্রিয়ার আনুপাতিকতা প্রতিষ্ঠা করতে পারে যাতে ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির নিরাপত্তা এবং মর্যাদা নিশ্চিত করার মধ্যে সঠিক ভারসাম্য নিশ্চিত করা যায় এবং ফৌজদারি এবং/অথবা হিংসাত্মক কাজ প্রমাণ করার জন্য সাক্ষ্যদাতা এবং তদন্তের প্রয়োজনীয়তা পূরণ করা যায়। এর মূল চাবিকাঠি হবে ' কোনও ক্ষতি করো না নীতি› (Do no harm principle)। VAWG- এ সাড়া দেওয়ার সময় পুলিশ কীভাবে 'কোনও ক্ষতি করো না› ব্যবহার করে তার উদাহরণের জন্য নীচে দেখুন: 'কোন ক্ষতি করোনা',:

একটি সংবেদনশীল এবং পর্যবেক্ষক পুলিশ প্রতিক্রিয়া ‹কোন ক্ষতি করো না›, বস্তুনিষ্ঠতা এবং বৈষম্যহীনতার নীতির উপর দ্রুত কাজ করে যা অপরাধী-কেন্দ্রিক তদন্তের জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির প্রয়োগের চাবিকাঠি হবে।

সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক এবং অপরাধী-কেন্দ্রিক তদন্তের তিনটি প্রধান কাজ রয়েছে:

১. ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে বিশ্বাস করে শুরু করা হয় (তদন্ত করে পদাধিকার বলে);

২. নিশ্চিত করে যে ভিকটিম/বেঁচে থাকা এবং পরিবারের অন্যান্য সদস্যদের আর কোন ক্ষতি হবে না এবং সেইসাথে অভিযুক্ত অপরাধীর ক্ষতি (বা আত্ম-ক্ষতি) হওয়ার সম্ভাবনা কম;

১৮ হ্যান্ডবুক এ স্বীকৃতি প্রদান করা হয়েছে যে সহিংসতা ঘটনা অনেক অভিযুক্ত অপরাধী নিজেই সহিংসতার শিকার হয়েছে।

১৯ ইএসপি কাঠামো অনুসারে, একজন ভুক্তভোগী/বেঁচে থাকা-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি নারী ও মেয়েদের অধিকার, চাহিদা এবং আকাঙ্ক্ষাকে সেবা প্রদানের কেন্দ্রবিন্দু হিসেবে বিবেচনা করে। এর জন্য ভুক্তভোগী এবং বেঁচে থাকা ব্যক্তিদের একাধিক চাহিদা, বিভিন্ন ঝুঁকি এবং দুর্বলতা, সিদ্ধান্ত এবং গৃহীত পদক্ষেপের প্রভাব বিবেচনা করা প্রয়োজন এবং নিশ্চিত করা হয় যে পরিষেবাগুলি প্রতিটি পৃথক মহিলা এবং মেয়ের অনন্য প্রয়োজনীয়তার সাথে সামঞ্জস্যপূর্ণ। পরিষেবাগুলির মাধ্যকে তাদের চাহিদা মেটাতে হবে।

**বক্স-১০**

**'কোন ক্ষতি করো না' এর উদাহরণ***

পুলিশকে বিবেচনা করা উচিত যে তাদের কাজ এবং যোগাযোগগুলি অনিচ্ছাকৃতভাবে পুরুষ এবং মহিলাদের সম্পর্কে অসহযোগী সনাতন বাঁধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপগুলিকে) শক্তিশালী করে কিনা যা নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতায় অবদান রাখে।

পুলিশকেও অনিচ্ছাকৃতভাবে অন্য লিঙ্গ বৈষম্যমূলক মনোভাব (যেমন পুরুষরা মনে করে যে তাদের গতিশীলতা, স্বাধীনতা বা গোপনীয়তা সীমাবদ্ধ করে মহিলাদের 'সুরক্ষা' করা প্রয়োজন) বা সমতা বিরোধী দৃষ্টিভঙ্গি (যেমন হোমোফোবিয়া) যা কখনও কখনও উদ্ভূত হয় সে বিষয়েও বিবেকবান হওয়া উচিত।

কীভাবে ক্ষতি এড়ানো যায়:

- নিশ্চিত করুন যে একজন ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির নিরাপত্তা এবং কল্যাণ রক্ষায় নারী ও মেয়েদের সম্প্রদায়ের বিভিন্ন অভিজ্ঞতা এবং VAWG ক্ষেত্রে বিশেষজ্ঞদের নিয়ে সহায়তা কেন্দ্র স্থাপন করা হয়েছে;
- স্থানীয় সংগঠন এবং ব্যক্তিদের - পুরুষ এবং মহিলা উভয়কেই- যাদের অতীতে সহায়তা প্রদানের
- প্রেক্ষাপট এবং ফলাফল সম্পর্কে জ্ঞান আছে- তাদেরকে জড়িত করে বিভিন্ন কৌশল এবং কর্মের সাংস্কৃতিক যথাযথতা নিশ্চিত করুন;
- প্রচারাভিযান বার্তা, যোগাযোগ উপকরণ, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ পণ্য বা সহায়তার উন্নয়নে ছেলে এবং পুরুষদের জড়িত করুন;
- নির্দিষ্ট লক্ষ্যের সেবা গ্রহীতাদের সাথে সমস্ত প্রচার উপকরণের মাঠ পরীক্ষা (উদাহরণস্বরূপ, বয়স উপ-গোষ্ঠী, ভাষা গোষ্ঠী, জাতিগত গোষ্ঠী বা অন্যান্য গুরুত্বপূর্ণ গোষ্ঠীর বৈশিষ্ট্য দ্বারা);;
- সহায়তা কার্যক্রমের ক্রমাগত পর্যবেক্ষণ এবং মূল্যায়ন;
- মূল্যায়নে মহিলাদের মতামত অন্তর্ভুক্ত করুন (উদাহরণস্বরূপ, পুরুষদের নিজে থেকেইরিপোর্ট করা মনোভাব বা আচরণগত পরিব-র্তনগুলি নিশ্চিত করার ক্ষেত্রে)।

*ইউএন উইমেন 'ডু নো হারম' (২০১০) থেকে সংগৃহীত

৩. সমস্ত উপায়ে এবং সময়মত পদ্ধতি[২০] ব্যবহার করে মামলার উপাদান বা তথ্য প্রতিষ্ঠার জন্য বিভিন্ন উপাদান এবং জৈবিক/ফরেনসিক প্রমাণ সংগ্রহ করার উপর জোর দেওয়া।[২১]

৪. একটি শক্তিশালী মামলা প্রস্তুত করতে চায় যা কেবলমাত্র প্রমাণের উৎস হিসাবে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিকে বোঝা চাপিয়ে দেয় না, অথবা অভিযুক্ত অপরাধী বা সাক্ষীসহ জোরপূর্বক করা সাক্ষ্যের উপর ভিত্তি করে হবে না।

উদাহরণস্বরূপ, নারী ও মেয়েদের বিরুদ্ধে যৌন সহিংসতার ক্ষেত্রে, একজন অপরাধী-কেন্দ্রিক তদন্ত অভিযুক্ত অপরাধীর দিকে মনোযোগ কেন্দ্রীভূত করার চেষ্টা করে, যাতে বোঝা চাপানোর বিপরীতে প্রকৃতপক্ষে একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির কাছ থেকে সম্মতি পাওয়া যায় কিনা তা নির্ণয় করা যায় তাকে হুমকি দেওয়া হয়েছে বা সহিংসতার শিকার করা হয়েছে তা প্রমাণ করার জন্য তার উপর প্রমাণের বোঝা চাপানোর বিপরীতে (যেমন, সম্মতি দেয় নি)।

এই ধরনের ক্ষেত্রে, অভিযুক্ত অপরাধীর নির্যাতনের ধরনটি কীভাবে বিশেষজ্ঞ-অনুমোদিত সহিংসতার মডেলের চক্রের মধ্যে খাপ খায় তা নির্ধারণ করা একটি নিরপেক্ষ এবং বস্তুনিষ্ঠ অনুসন্ধানমূলক পদ্ধতির সাথে সঙ্গতিপূর্ণ হবে যা আন্তর্জাতিক সেরা অনুশীলন দ্বারা প্রচারিত।

**সম্মতিকে এমন ভাবে** সংজ্ঞায়িত করা হয় যখন একজন ব্যক্তি স্বাধীনভাবে এবং স্বেচ্ছায় কিছু করার জন্য সম্মতি প্রদান করে। যদি এটি ব্যবহার বা হুমকি, বল, জবরদস্তি, প্রতারণা, প্রতারণা, বা ভুল উপস্থাপনা দ্বারা প্রাপ্ত হয় তাহলে সেটি সম্মতি হবে না।[২২]

২০ See: Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police–victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases,' *Police Practice and Research*, 18:1, 75–86, DOI: 10.1080/15614263.2016.1230061 and Ellison, L. (2002), 'Prosecuting domestic violence without victim participation', *Modern Law Review*, 65, 834–858.

২১ বস্তুগত প্রমাণ শারীরিক প্রমাণের মধ্যে সীমাবদ্ধ থাকা উচিত নয় বরং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির এবং তার আচরণের উপর সহিংসতা এবং আঘাতের প্রভাব অন্তর্ভুক্ত করা, যেমন ঘনিষ্ঠ অংশীদার দ্বারা সহিংসতা ঘটানো অপরাধীর সাথে সম্পর্কের মধ্যে থাকা।

২২ 'Gender-based Violence Resource Pack: A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders' (UN Women, 2019).

> **" ন্যায়বিচারের প্রতিক্রিয়াগুলিতে ন্যায্যতা নিশ্চিত করতে কার্যকরভাবে অপরাধীদের জবাবদিহিতার নিশ্চিতের জন্য প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় পরিষেবাগুলি প্রয়োজন হবে। ন্যায়বিচার চাওয়ার বোঝা বা দায়িত্ব তার উপর নয়, বরং রাষ্ট্রের উপর ন্যস্ত করা প্রয়োজন এই বিষয়টি নিশ্চিত করার জন্য ন্যায়বিচার প্রক্রিয়ার সাথে ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির অংশগ্রহণকে সহায়তা এবং সহজতর করা, এবং তার কাজ করার ক্ষমতা বা তার জ্ঞানকে (এজেন্সিকে) কাজে লাগানো প্রয়োজন। ।**
>
> সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য অত্যাবশ্যক সেবা সংক্রান্ত জাতিসংঘের যৌথ বৈশ্বিক কর্মসূচি (২০১৫)

এই সংজ্ঞাটির কথা মাথায় রেখে, যৌন সহিংসতার ক্ষেত্রে সম্মতি সংশ্লিষ্ট ঘটনাগুলি প্রতিষ্ঠার সময় পুলিশকে বিশেষভাবে সতর্ক থাকতে হবে - যদি ঘটনার সময় অভিযুক্ত ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি ভুক্তভোগী হন বা কোন মানসিক বা শারীরিক অচলাবস্থা তৈরি হয় যা সম্মতি প্রদানকে প্রভাবিত করতে পারে।

তদুপরি, সম্মতির বিষয়টি কখনই বিবেচনা করা উচিত নয় যখন ভুক্তভোগীর/বেঁচে থাকার বয়স জাতীয় আইনে ন্যূনতম বয়সের নিচে থাকে যেখানে একজন ব্যক্তিকে আইনগতভাবে যৌন ক্রিয়াকলাপে অংশগ্রহণের অনুমতি দেওয়ার জন্য যথেষ্ট বয়স্ক বলে মনে করা হয় না।

ইউনিসেফের মতে, আন্তর্জাতিক মান অনুযায়ী যৌন সম্মতির কোন ন্যূনতম বয়স নির্দেশ করে না।[২৩] যাইহোক, শিশু অধিকার কমিটি (‹সিআরসি') ১৩ বছরকে «খুব কম» বলে মনে করেছে।

তাছাড়া, সিআরসি সদস্য রাষ্ট্রগুলিকে অনুরোধ করেছে যে শিশুর ক্রমবর্ধমান সামর্থ্যকে সম্মান করুন এবং এই ন্যূনতম বয়স যেন খুব বেশি নির্ধারণ করা না হয়। একটি মানদণ্ড হিসাবে রাষ্ট্রগুলিকে অংশীদারদের মধ্যে বয়সের পার্থক্যকে তাদের মধ্যে ক্ষমতার ভারসাম্যে নিশ্চিত করার একটি মানদণ্ড হিসেবে বিবেচনা করতে পারে এবং **এবং যে সমস্ত মামলায় দুজন অপ্রাপ্ত-বয়স্ক কিশোর- কিশোরী জড়িত থাকে সেই মামলাগুলো মোকাবেলা করতে পারে।**[২৪]

**সম্মতি কি করে এবং কি করে না তার উদাহরণের জন্য নবম অধ্যায়: ‹যোগাযোগ› পড়ুন।**

এই ধরনের প্রমাণের সক্রিয় সংগ্রহ পুলিশের সাথে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের সহযোগিতা নিশ্চিত করার জন্য অত্যাবশ্যক, কারণ এটি সহিংসতার প্রমাণের মাধ্যমে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির উপর প্রমাণের বোঝা লাঘব করার উপর সার্বিক প্রভাব ফেলে, যখন তাকে সাথে ঘটে সহিংসতার জন্য তাকে বিশ্বাস করা হয় এবং এবং এটা নিশ্চিত করা হয় যে, পুলিশ শুরু থেকেই বিচারের বাস্তবসম্মত সম্ভাবনা নিয়ে মামলা তদন্ত করেছে।[২৫]

নিচের গ্রাফিকটিতে VAWG- এর অপরাধী-কেন্দ্রিক তদন্তের মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির বিভিন্ন পর্যায়কে ব্যাখ্যা করেছে::

দুঃখজনকভাবে হলেও সত্য যে, অধ্যয়নগুলি ইঙ্গিত করে যে VAWG প্রতিক্রিয়ার সাথে জড়িত পুলিশ কর্মকর্তাদের স্পষ্ট এবং অন্তর্নিহিত পক্ষপাত রয়েছে এবং তারা কীভাবে মামলা পরিচালনা করবে তা নির্ধারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে চলেছে।[২৬] শুধু কিছু পুলিশ অফিসার এবং বিচারক প্রক্রিয়ার সাথে যুক্ত বিভিন্ন অনুঘটক বৈষম্যমূলক আচরণ করবেন সেটাই নয়, তারা নিজেরাই VAWG এর অপরাধী হতে পারে বা অন্যথায় এটিকে ক্ষমা করতে পারে।

> **"যৌন সম্মতির ন্যূনতম বয়স নির্ধারণের উদ্দেশ্য হল কিশোর -কিশোরীদের যৌন নির্যাতন থেকে রক্ষা করা এবং তাদের অধিকার ও বিকাশে প্রাথমিক যৌন কার্যকলাপের পরিণতি থেকে রক্ষা করা।"**
>
> যৌন সম্মতির ন্যূনতম বয়স (ইউনিসেফ)

কিছু ক্ষেত্রে, লিঙ্গের পক্ষপাত, বিশেষত লিঙ্গের ভূমিকা, যৌন নিপীড়ন, এবং পারিবারিক সহিংসতা সম্পর্কে বাঁধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপগুলি) সম্পর্কে পুলিশ অস্পষ্ট বা এমনকি সহিংসতার শিকার-অপরাধীর শ্রেণী বিন্যাস বা অবস্থা পরিবর্তন করে।

এই ধরনের ক্ষেত্রে, এই প্রক্রিয়ার সাথে যুক্ত কর্মকর্তারা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তোলা শুরু করতে পারে, এমনকি তাকে সহিংসতার জন্য দায়ী করতে পারে, যখন তারা মনে করে যে ভুল বা অসঙ্গত তথ্য সরবরাহ করা হয়েছে। ফলস্বরূপ, দায়িত্বপ্রাপ্ত তদন্তকারী পুলিশ কর্মকর্তা অভিযুক্ত

২৩ 'Legal minimum ages and the realization of adolescents' rights' (UNICEF), see: https://www.unicef.org/lac/media/2806/file

২৪ See General comment No. 4of the Convention on the Rights of the Child (CRC/GC/2003/4 of 2003) and General Comment No. 21 of Committee on the Elimination of Discrimination against Women (CEDAW/C/GC/21 of 1994).

২৫ See Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police-victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.1230061

২৬ Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J. (2017), 'Gender Bias in Sexual Assault Response and Investigation'; Training Bulletin Series: Part 1-4. *End Violence Against Women International* (EVAWI).

চিত্র-১:

**অপরাধী-কেন্দ্রীভূত তদন্তের জন্য ভিকটিম/ বেঁচে থাকা -কেন্দ্রীভূত দৃষ্টিভঙ্গি**




অপরাধীর আচরণ এবং কার্যক্রমের তদন্ত থেকে মনোযোগ সরিয়ে, বিপরীতভাবে, ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির আচরণের দিকে মনোযোগ নিবদ্ধ করেতে পারে এবং একই সাথে সহিংসতার জন্য অভিযুক্ত অপরাধীর দায় এবং অপরাধকে মাত্রা কমিয়ে দিতে পারে।

পুলিশিংয়ে জেন্ডার পক্ষপাতের ধ্বংসাত্মক প্রভাবকে প্রশমিত করার জন্য, পুলিশ সংগঠনগুলিকে একটি প্রাতিষ্ঠানিক প্রতিশ্রুতি দিতে হবে যাতে সচেতন নীতি এবং জবাবদিহিতা পদ্ধতি দ্বারা সমর্থিত হয় যা VAWG- সম্পর্কে তাদের চিন্তাভাবনা এবং মনোভাবের পরিবর্তন ঘটায়। চিন্তা এবং মনোভাবের এই পরিবর্তনটি VAWG-এর স্বীকৃতির উপর ভিত্তি করে হওয়া প্রয়োজন: ক) মানবাধিকার লঙ্ঘন এবং: খ) শাসন প্রক্রিয়া সংক্রান্ত (সিস্টেমিক) চ্যালেঞ্জ যা একটি সমাজের নির্দিষ্ট গোষ্ঠীকে বিচ্ছিন্ন এবং প্রান্তিক করে এবং সামাজিক সংহতি, সংহতকরণ এবং টেকসই উন্নয়নকে বাধাগ্রস্ত করে।[২৭]

২০১০ সালের হালনাগাদকৃত মডেল কৌশলগুলি অনুশীলন এবং ব্যবহার এবং আচরণবিধির প্রয়োগযোগ্য মানগুলি উন্নয়নের সুপারিশ করেছে এটি নিশ্চিত করার জন্য যে যথাযথ তদারকি এবং জবাবদিহিতা ব্যবস্থার মাধ্যমে পুলিশ কর্মকর্তারা আইন লঙ্ঘনের জন্য দায়বদ্ধ থাকবে।[২৮]

**লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং নিশ্চিত করার জন্য নীতি ও প্রক্রিয়াগুলির উন্নয়ন ও প্রয়োগের দিকনির্দেশনার জন্য দশম অধ্যায়: ‹VAWG- এর জন্য একটি কার্যকর ও জবাবদিহি-তামূলক পুলিশ রেসপন্সের জন্য ইনস্টিটিউশন বিল্ডিং› এবং একাদশ অধ্যায়: ‹জেন্ডার-রেসপনসিভ পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশল› দেখুন।**

বিশেষ করে আইপিভি ক্ষেত্রে, পুলিশের কাছে প্রাথমিক অভিযোগকারী ব্যক্তির বিরুদ্ধে পাল্টা অভিযোগ করা যেতে পারে। এই ধরনের পরিস্থিতিগুলি সাবধানে পরিচালনা করা প্রয়োজন, এবং বিশ্বাস করার ফাঁদে না পড়ে উভয় ব্যক্তিই ‹একে অপরের মতো খারাপ›, এবং সেইজন্য অভিযোগগুলিকে পুরোপুরি খারিজ করে দেয়।

‘অন্যের বিরুদ্ধে একটি শব্দ’ এর এই পরিস্থিতিতে, পারিবারিক নির্যাতনের ক্ষমতার গতিশীলতা চিহ্নিত করার জন্য কর্মকর্তারা কারা ক্ষতিগ্রস্থ / বেঁচে থাকতে পারে এবং কে অভিযুক্ত অপরাধী তা খুঁজে বের করার জন্য অন্যান্য ইঙ্গিতগুলির সন্ধান করতে পারে।. নীচে ক্ষতিগ্রস্থ / বেঁচে থাকা ব্যক্তির আচরণের ইঙ্গিতগুলির উদাহরণ রয়েছে:

২৭ ‘Investigation, Protection, and Support Measures for GBV Victims’, Resource Book: Experience and Guidelines of the Korean Police (UNDP Seoul Policy Centre, 2019).

২৮ ‘Updated Model Strategies and Practical Measures on the Elimination of Violence against Women in the Field of Crime Prevention and Criminal Justice’ (2011, General Assembly resolution 65/228, annex).

- **ভয়** –একজন ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তির তার সঙ্গী বা পুলিশের সম্পৃক্ততার পরিণতি সম্পর্কে ভয় পাওয়ার সম্ভাবনা বেশি থাকে, এটি মৌখিকভাবে বা অ-মৌখিক যোগাযোগের মাধ্যমে প্রকাশ করে, যা কর্মকর্তার অনুসন্ধান করা প্রয়োজন।

- **দায়িত্ব**– সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়ই তাদের সঙ্গীদের দ্বারা সৃষ্ট সহিংসতা এবং আপত্তিজনক আচরণকে ন্যায় সঙ্গত বলে প্রতি-ষ্ঠিত করার চেষ্টা করে এবং তারা পরিস্থিতি খারাপ হওয়ার জন্য দায়িত্ব গ্রহণ করে অথবা এটা প্রতিষ্ঠা করে যে তাদের যা করার ছিল তাহলে তা করেনি বিধায় এই ধরনের ঘটনা ঘটেছে। এর ফলশ্রুতিতে অভিযুক্ত অপরাধীরা তাদের সহিংসতা এবং নির্যাতনমূলক আচরণের ব্যাপারে স্বীকার করে এবং তাঁর পক্ষে যুক্তি উপস্থাপন করে ন্যায্যতা দেবার জন্য।

- **ঘটনার বিবরণ** – অভিযুক্ত দুষ্কৃতিকারীরা কি ঘটনা ঘটেছিল তার বিবরণ দেওয়ার সময় অস্পষ্ট বিবরণ প্রদান করে এবং ঘটনার পূর্ণাঙ্গ বিবরণ প্রদানের সময় তারা মানসিকভাবে আঘাতপ্রাপ্ত বলে মনে হয় না।

এই সাধারণ সূচকগুলিকে বিবেচনায় নিয়ে, পরিচালনার সাথে যুক্ত (অপারেশনাল) ম্যানেজারদের ‹প্রাথমিক আক্রমণকারী› চিহ্নিত করার জন্য সেই আঘাতের পটভূমি, বিবৃতি, দৃশ্য, আঘাত এবং সম্ভাব্য প্রক্রিয়া **গুরুত্বপূর্ণ ভাবে** মূল্যায়ন করা উচিত। আইপিভির ক্ষেত্রে **যখন উভয়পক্ষই “সে বলেছে» এই ধরনের বক্তব্য প্রদান করার এবং উভয় পক্ষই আঘাতপ্রাপ্ত হয়েছে এটি বলার ফলে বিষয়টিও অস্পষ্ট মনে হয় তখন “কে প্রাথমিক আগ্রাসী» এই প্রশ্নটি ব্যবহার করা ভালো ।**

পুলিশ ম্যানেজার এবং তাদের দলগুলিকে অবিলম্বে ভিএডব্লিউজি -র ক্ষেত্রে হস্তক্ষেপ করা উচিত যাতে বোঝা যায় যে তদন্ত এবং বিচার শুরু করার প্রাথমিক দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশন এর সাথে জড়িত কর্তৃপক্ষের এবং ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির নয়, এবং প্রতিক্রিয়ার মান নির্ধারণ করার সময় সহিংসতার কোনও শ্রেণিবিন্যাস করা যায় না।.[২৯]

**পরিবর্তে পুলিশকে VAWGকে একটি চক্রিয় ঘটনা হিসেবে বিবেচনা করা উচিত যেখানে কিছু নির্দিষ্ট আচরণ প্রত্যেকটি পর্যায় কে চালিত করে।** চক্রের ‘শুরুর’ দিকে যখন সহিংসতার তীব্রতা কম থাকে সেটা কার্যকরভাবে মোকাবেলা করে, পুলিশ অধিক সহিংসতা রোধ করতে পারে।

VAWG- এর তদন্তের জন্য এটি পুলিশের জন্য আরও কার্যকর উপায় হবে, কিন্তু এর জন্য সহিংসতার চক্র এবং প্রতিটি চক্রের পর্যায়ে জড়িত অভিযুক্ত অপরাধীর আচরণ সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা প্রয়োজন।

চিত্র-২:

**ফার্নান্দেজ-টাউনসলে ‘ফোর-পয়েন্ট মডেল’**




২৯প্রকৃতপক্ষে, VAWG এর কাজগুলি শারীরিক ক্ষতি নাও করতে পারে, ফলে কোন শারীরিক প্রমাণ রেখে যায় না, কিন্তু তারপরেও এটি এক ধরণের সহিংসতা এবং তা কার্যকরভাবে মোকাবেলা করা উচিত।

ভিএডব্লিউজি তদন্তে হিংসার মডেলগুলির চক্রের প্রয়োগ হ'ল অপরাধী-কেন্দ্রিক তদন্তের মূল কৌশল। চিত্র-২ এ দেখানো হয়েছে যে কীভাবে এই উপাদানগুলি VAWG (ফার্নান্দেজ-টাউনসলে 'ফোর-পয়েন্ট মডেল) -এর একটি কার্যকর এবং দক্ষ অভিযুক্ত অপরাধী-কেন্দ্রিক তদন্তকে পারস্পরিকভাবে উপকৃত করার জন্য একত্রিত হয়।

ফার্নান্দেজ-টাউন্সলে এর 'ফোর-পয়েন্ট মডেল' পারিবারিক সহিংসতা থেকে শুরু করে সাইবার হয়রানি ও মানব পাচার পর্যন্ত সব ধরনের VAWG তদন্তের ক্ষেত্রে প্রযোজ্য এবং এটি দ্বন্দ্ব এবং বিরোধহীন উভয় প্রেক্ষাপটেই প্রাসঙ্গিক। ফার্নান্দেজ-টাউন-সলে এর ‹ফোর-পয়েন্ট মডেল› কে ভিকটিম/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির জন্য সাংগঠনিক প্রোটোকল প্রয়োগ এবং VAWG- এ পুলিশ তদন্তের অনুশীলনকে প্রভাবিত করার জন্য প্রয়োজনীয় মূল উপাদানগুলির একটি দৃষ্টান্ত হিসাবে দেখা উচিত।

তদন্তমূলক কৌশল বা পদ্ধতি, প্রতিক্রিয়াশীল বা সক্রিয়[৩০] যাই হোক না কেনো, অপরাধ এবং বিচারের জন্য প্রয়োজনীয় উপাদানগুলির উপর নির্ভর করবে। এই বিষয়ে, ২০১০ সালের আপডেটেড মডেল এর স্ট্র্যাটেজিগুলিতে অনুসন্ধানী কৌশলগুলি উন্নয়নের সুপারিশ করা হয়েছে যা সেরা প্রমাণ সংগ্রহের মান বজায় রাখার সময় সহিংসতার শিকার মহিলাদের অসম্মান করে না এবং অনুপ্রবেশ কমায়।[৩১]

এটা জোর দেওয়া গুরুত্বপূর্ণ যে অপরাধীর আচরণ এবং সহিংসতার চক্র (গুলি) বোঝা, শারীরিক সহিংসতার ফলে হোক বা না হোক, ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তি, তার নিকটাত্মীয় বা বন্ধুদের ক্ষতি রোধেও মুখ্য ভূমিকা পালন করবে এবং এবং এমনকি অভিযুক্ত অপরাধীকে নিজের দ্বারা করা ক্ষতি থেকে রক্ষা করতে সাহায্য করতে পারে। পুলিশের তাত্ক্ষণিক এবং মানসিক আঘাত সম্পর্কিত হস্তক্ষেপ VAWG এবং সংশ্লিষ্ট অপরাধ প্রতিরোধে সাহায্য করে।

৩০ ইউকে কলেজ অফ পুলিশিং এর মতে, পুলিশ তদন্ত শুরু করাকে নিম্ন-লিখিত দুটি পন্থায় শ্রেণিবদ্ধ করা যেতে পারে: ১) একটি প্রতিক্রিয়াশীল পদ্ধতি, যেখানে তথ্য প্রাথমিকভাবে সাধারণ জনগণের রিপোর্ট, অন্যান্য সংস্থার রেফারেল, অন্যান্য অপরাধের সাথে গোয়েন্দা সংযোগ (সংযুক্ত সিরিজ) থেকে সংগ্রহ করা হয়, এবং নতুন তথ্যে প্রাপ্তির ফলে অথবা পুলিশের অন্যান্য কার্যক্রমের ফলে সংগৃহীত নতুন তথ্যের ভিত্তিতে পুনরায় তদন্ত করা হয়। অথবা 2) একটি সক্রিয় পদ্ধতি, যা সাধারণত গোয়েন্দা উৎস থেকে আসে। এগুলির মধ্যে অন্যতম হল অপরাধের প্যাটার্ন বিশ্লেষণ, নেটওয়ার্ক বিশ্লেষণ, অপারেশনাল ইন্টেলিজেন্স মূল্যায়ন, এবং সমস্যার প্রোফাইল বা কৌশলগত মূল্যায়ন। (See: 'Investigation Process', *UK College of Policing*).

৩১ 'Updated Model Strategies and Practical Measures on the Elimination of Violence against Women in the Field of Crime Prevention and Criminal Justice' (2011, General Assembly resolution 65/228, annex).

**ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য চক্র বোঝার জন্য নির্দেশিকার জন্য একাদশ অধ্যায়: লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং বাস্তবা-য়নের চ্যালেঞ্জ এবং কৌশল' দেখুন।**

## VAWG- এ অপরাধী-কেন্দ্রিক তদন্ত পরিচালনার জন্য মূল ব্যবস্থাপনা সংক্রান্ত যোগ্যতা

যেহেতু আমাদের সংস্কৃতিতে সুস্পষ্ট এবং অন্তর্নিহিত লিঙ্গের পক্ষপাত রয়েছে, তাই সহিংসার শিকার হওয়ার ফলে ন্যায়বিচারের চাওয়া সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সম্পর্কে নেতিবাচক এবং প্রতিকূল ধারণা এবং বাঁধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপ-গুলি) প্রশমিত করা পুলিশ পরিচালকদের জন্য খুবই চ্যালেঞ্জিং।

সহিংসতার শিকার / বেঁচে থাকা ব্যক্তিরা ‹সম্মানিত **চরিত্রের' এবং** প্রসিকিউশনের জন্য সহজেই উপস্থাপনযোগ্য স্পষ্ট এবং যৌক্তিক প্রমাণ সরবরাহ করতে সক্ষম 'ভাল শিকার' এর সাথে তুলনা করে কাজ করার অচেতন ঝোঁকের সম্ভাবনাকে মোকাবেলা করার জন্য পুলিশ কর্মকর্তাদের সদিচ্ছার প্রয়োজন

**জেন্ডার পক্ষপাত মোকাবেলার জন্য পুলিশ বিজ্ঞানের বর্তমান গবেষণার জন্য উচ্চতর সচেতনতার প্রয়োজন, যা দেখিয়েছে যে ভিএডব্লিউজি-র ক্ষেত্রে, প্রচলিত তদন্ত পদ্ধতি, বিশেষ করে সাক্ষাৎকারের পদ্ধতিগুলি সাক্ষ্যদা-নের দৃষ্টিকোণ থেকে সাধারণত আদর্শ নয়, অথবা তারা সহিংসতার শিকার/বেঁচে থাকার কেন্দ্রিক নয়।** (মানসিক আঘাত (**ট্রমা**) অবহিত তদন্তের তথ্যের জন্য চতুর্থ অধ্যায় ‹প্রাথমিক যোগাযোগ› দেখুন)।

**অনেক ক্ষেত্রে, অন্তর্নিহিত এবং স্পষ্ট লিঙ্গ পক্ষপাত তদন্ত-কারীদের ভাল অভ্যাস অনুসরণ করতে বা এমনকি তদন্ত শুরু করতে বাধা দিতে পারে।**

লিঙ্গভিত্তিক পক্ষপাত কাটিয়ে ওঠার জন্য, পুলিশ ম্যানেজারগণ অনুসন্ধানী নীতি প্রবর্তন ও প্রচার করতে পারেন যার মাধ্যমে দলের সদস্যদের বিরুদ্ধে কোন অভিযোগ থাকলে তা মূল্যায়ন করা যেতে পারে। উদাহরণস্বরূপ, কানাডার ব্রিটিশ কলাম্বিয়া প্রাদেশিক সরকার পুলিশ-পক্ষপাতমূলক আচরণের ধারাবাহিক অভিযোগের পর -বিশেষত আদিবাসী সম্প্রদায়ের বিরুদ্ধে বা প্রথম জাতি সম্প্রদায়ের সদস্যদের দ্বারা- স্টেকহোল্ডার এবং কমিউনিটি সংস্থার সাথে জড়িত থাকার প্রক্রিয়ার উপর ভিত্তি করে পক্ষপাতদুষ্ট

**বক্স-১১**

**নিরপেক্ষ পুলিশিংয়ের নীতি**

**কানাডার ব্রিটিশ কলাম্বিয়ায় প্রাদেশিক সরকার প্রবর্তন করে** নিরপেক্ষ পুলিশিং সংক্রান্ত নীতিমালা। এটি করা হয়েছিল জনগণের অংশগ্রহণ (পাবলিক এনগেজমেন্ট) প্রক্রিয়া অনুসরণ করে, যেখানে সরকারী কর্মকর্তারা পুলিশিং পক্ষপাতের অভিযোগের মুখে স্টেকহোল্ডার এবং কমিউনিটি সংস্থার সাথে সাক্ষাৎ করেন। পুলিশ তদন্ত থেকে প্রাপ্ত সুপারিশগুলি নীতিতে আকারে প্রকাশিত হয়েছিল এবং যা প্রদেশে নিরপেক্ষ পুলিশিং মান উন্নীত করতে ব্যবহৃত হয়েছিল। এই নীতিগুলি ছিল:

- পক্ষপাত স্বীকার করা এর নেতিবাচক প্রভাব মোকাবেলায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ;
- পুলিশকে কার্যকর, ন্যায়সঙ্গত এবং নিরাপদ করার জন্য জনগণের অবশ্যই পুলিশের ওপর আস্থা থাকতে হবে;
- পুলিশের প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পায় যখন জনগণ নিশ্চিত হয় যে পুলিশিং ন্যায্য এবং নিরপেক্ষ;
- বাঁধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপস) বা বৈষম্যমূলক পুলিশিং অনুশীলনের উপর ভিত্তি করে পুলিশিং অকার্যকর, অন্যায় এবং অনিরাপদ;
- পুলিশ-কমিউনিটি সম্পর্কের ইতিহাস এবং বর্তমান অবস্থা এবং প্রান্তিকতার মূল কারণগুলি বোঝার মাধ্যমে নীতি এবং অনু-শীলনগুলি জানানো উচিত;
- কিছু গোষ্ঠী উভয়ই সহিংসতায় আক্রান্ত হওয়ার ঝুঁকিতে রয়েছে এবং এদের প্রতিবেদন করার সম্ভাবনা কম;
- সেবা প্রদান এবং ন্যায়বিচারের অ্যাক্সেসে সমতা নিশ্চিত করা পুলিশের কর্তব্য;
- সমতা নিশ্চিত করার মধ্যে রয়েছে পক্ষপাতের বিরুদ্ধে সুরক্ষার জন্য পদক্ষেপ গ্রহণ এবং প্রতিবন্ধকতা দূর করতে প্রয়োজনীয়তা অনুযায়ী প্রক্রিয়াগুলিকে মানিয়ে নেওয়া।

*সূত্র: নিরপেক্ষ পুলিশিং। ব্রিটিশ কলম্বিয়ার প্রাদেশিক সরকার।

পুলিশিংয়ের উপর একটি নির্দেশক নীতি জারি করেছে।[৩২] বক্স-১৬ নীতিমালার রূপরেখা দেয় যা নিরপেক্ষ পুলিশিংয়ের ক্ষেত্রে ব্রিটিশ কলম্বিয়া প্রাদেশিক পুলিশ বাহিনীর মানকে রেখায় করে:[৩৩]

নীতিগুলিকে সকলে সম্মান করছে এবং যার ফলে তদন্তগুলি বাস্ত-বসম্মত ভাবে সময়োপযোগীভাবে পরিচালিত হচ্ছে এটা নিশ্চিত করার জন্য কোন কোন মূল দক্ষতাগুলি, (যেমন, পর্যবেক্ষণযোগ্য ক্ষমতা, দক্ষতা, জ্ঞান, প্রেরণা বা বৈশিষ্ট্য) প্রয়োজন সেই বিষয়ে পুলিশ ম্যানেজারদের অবশ্যই সমানভাবে সচেতন হতে হবে ।

উদাহরণস্বরূপ, যৌন সহিংসতার ক্ষেত্রে প্রযুক্তিগত সচেতনতা থাকলে বুঝতে হবে যে, এই ক্ষেত্রে, ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের চিকিৎসার জন্য নির্ধারিত স্থান, পুলিশের সাথে কথা বলা, প্রমাণ সংরক্ষণের সময় কাপড় পরিবর্তন করা এবং মানসিক সহায়তা গ্রহণ করা একটি ইতিবাচক কাজ করতে পারে।

ক্রিমিনোলজি, পুলিশিং সায়েন্স এবং আচরণ বিজ্ঞানের (বিহেভিয়ারাল সায়েন্সের) বিশেষজ্ঞরা প্রতিনিয়ত বলে আসছেন যে, যখন VAWG- এর প্রতি সাড়া দেওয়ার জন্য একটি পুলিশিং দর্শন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষমতায়নে আচ্ছাদিত হয় – সহিংসতার ভিকটিম -কেন্দ্রিক পদ্ধতিতে তাদের অর্থপূর্ণ অংশগ্রহণের মাধ্যমে – এটি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সন্তুষ্টি এবং আত্মবিশ্বাস বাড়ায়।[৩৪] এটি, পরিবর্তে সহিংসতার ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের সহযোগীতাকে উৎসাহিত

৩২ ১৯৯৭ থেকে ২০০২ পর্যন্ত, কানাডার ব্রিটিশ কলম্বিয়ার মেট্রো ভ্যাঙ্কুভার অঞ্চল থেকে ৬৭ জন নারী নিখোঁজ হয়েছিলেন। এই মহিলাদের অনেককে খুন করা হয়েছে, অন্যরা এখনও নিখোঁজ রয়েছে। নিখোঁজ হওয়া মহিলারা ব্রিটিশ কলম্বিয়ার মহিলাদের একটি খুব প্রান্তিক এবং দুর্বল গোষ্ঠীর ছিলেন। এই সময় নিখোঁজ হওয়া মহিলাদের প্রতি বিচার ব্যবস্থার প্রতিক্রিয়া পরীক্ষা করার জন্য ২০১০ সালে একটি হারিয়ে যাওয়া মহিলা জন্য তদন্ত কমিশন (Missing Women's Commission of Inquiry) ('MWCI') গঠন করা হয়েছিল। এমডব্লিউসিআই দেখেছে যে পুলিশিং-য়ের সিদ্ধান্ত এবং কৌশলগুলির দিকগুলি দুর্বল এবং প্রান্তিক মহিলাদের বিষয়ে সম্প্রদায়ের মধ্যে বিস্তৃত বাঁধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপগু-লি) প্রতিফলিত হয়েছিল। ২০১২ সালে প্রকাশিত চূড়ান্ত প্রতিবেদনে এই সমস্যাগুলি সমাধানের জন্য বেশ কয়েকটি সুপারিশ অন্তর্ভুক্ত ছিল। See: 'Unbiased Policing from the Provincial Government of British Columbia' for further information, at https://engage.gov.bc.ca/govtogetherbc/impact/promoting-unbiased-policing-results/

৩৩ See further at: https://engage.gov.bc.ca/app/uploads/sites/121/2018/07/What-We-Heard-Report-Promoting-Unbiased-Policing-in-BC.pdf

৩৪ Wilson, S., & Jasinski, J. (2004), 'Public satisfaction with the police in domestic violence cases: The importance of arrest, expectations, and involuntary contact' *American Journal of Criminal Justice*, 28, 235–254

করে।[৩৫] তদুপরি, সহিংসতার শিকার/বেঁচে থাকা ক্ষমতায়ন একটি কার্যকর সহায়তা নেটওয়ার্ক তৈরিতে ভূমিকা রাখে,[৩৬] একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির কারণে পুলিশকে আরো বৈধ এবং বিশ্বাসযোগ্য হিসেবে উপলব্ধি করার সম্ভাবনা ক্রমশ বাড়বে।[৩৭]

বার্ডসাল এট আল (২০১৭) যোগ করেছেন যে যেখানে প্রমাণের অভাবে ফৌজদারি অভিযোগ প্রত্যাহার করা হয়, অথবা যখন ফৌজদারি বিচার ব্যবস্থা একজন অভিযুক্ত অপরাধীর পক্ষে বিচার ব্যবস্থা সহায়তা করে  এবং সক্রিয়ভাবে সহিংসতার শিকার ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের ইচ্ছার বিরুদ্ধে কাজ করছে এই অভিজ্ঞতা সেই ধরণের ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের অভিজ্ঞতার সাথে উল্লেখযোগ্যভাবে আলাদা।[৩৮]

**নীচে প্রধান কর্মক্ষমতা দক্ষতার একটি অ-সম্পূর্ণ তালিকা প্রদান করা হল যা পুলিশ ম্যানেজার উল্লেখ করতে পারে এবং VAWG- এর একটি কার্যকর এবং নিরপেক্ষ তদন্তের বাস্তবায়নের সময় প্রচার করতে পারে।** পরিচালকদের নিশ্চিত করা উচিত যে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা নিম্নলিখিত কাজগুলি করতে সক্ষম:

## সহজলভ্যতা এবং প্রবেশাধিকার

- VAWG প্রতিরোধে দীর্ঘমেয়াদী কৌশলগত চিন্তাভাবনা প্রদর্শন করুন, ব্যক্তিগত লক্ষ্য ছাড়িয়ে যান এবং তদন্তের সাফল্য কীভাবে বৃহত্তর সামাজিক ও অর্থনৈতিক পরিবেশকে প্রভাবিত করে তা বিবেচনা করুণ;

- বুঝতে পারছেন ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে কর্মক-র্তাদের অংশগ্রহণ কিভাবে পুলিশ সেবায় ব্যাপক অবদান রাখে;

- এমন ব্যবস্থা রাখুন যা সিদ্ধান্ত নেওয়ার সময় অন্য কর্মকর্তাদের কার্যকর দায়িত্ব পালনের অনুমতি দেবে এবং একই সাথে অধস্ত-নদের তাদের কর্মক্ষমতা উন্নত করতে সাহায্য করবে;

- দল এবং সহকর্মীদের মধ্যে তদন্ত থেকে সক্রিয়ভাবে শেখার উৎসাহ দিন এবং সমর্থন করুন।

## সেবা পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:

- VAWG কেস প্রতিরোধ এবং কেস নিষ্পত্তির মধ্যে পার্থক্য বুঝুন এবং যোগাযোগ করুন;

- সামগ্রিক দৃষ্টিভঙ্গি কীভাবে নির্দিষ্ট পরিকল্পনা এবং তদন্তের উদ্দে-শ্যগুলির সাথে যুক্ত হয় তা সকলের সাথে আলোচনা করুন, যাতে প্রতিক্রিইয়া জানানো কর্মকর্তারা অনুপ্রাণিত হন এবং অপরাধী-কেন্দ্রিক তদন্তের লক্ষ্যগুলি স্পষ্টভাবে বুঝতে পারেন;

- প্রক্রিয়ায় নিশ্চিত প্রত্যাশা সহ, প্রক্রিয়ায় কী প্রত্যাশা করা হয়, যতটা সম্ভব নিশ্চিতভাবে এবং

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বোধগম্য হয় এই পদ্ধতিতে নিশ্চিত করুন,[৩৯]

- VAWG নিদর্শন, থিম এবং তথ্যের বিভিন্ন বৈচিত্র্যময় উৎস এবং সেরা উপলব্ধ প্রমাণের মধ্যে সংযোগগুলি চিহ্নিত করুণ।

## অভিযোজনযোগ্যতা

- সহিংসতার শিকার ভুক্তভোগী/বেঁচে থাকা সম্পর্কে অনুমান এবং বাঁধাধরা নিয়মগুলিসহ (স্টেরিঁধাধরা) অন্যান্য লিঙ্গ এবং অক্ষমতা পক্ষপাত কিভাবে এগুলি দৈনন্দিন সিদ্ধান্ত গ্রহণকে প্র-ভাবিত করে তা চিহ্নিত করুণ।

## যথাযথতা

- VAWG- এর ভুক্তভোগী/জীবিতদের আশেপাশের লিঙ্গগত পক্ষ-পাত থেকে সৃষ্ট শ্রুতি (মিথ) এবং ভুল ধারণা দূর করুন, বিশেষ করে মিথ্যা অভিযোগের বিষয়ে;

---

৩৫ Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017,) Police-victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.123006.

৩৬ Hohl, K., Bradford, B., & Stanko, E. (2010), 'Influencing trust and confidence in the London metropolitan police: Results from an experiment testing the effect of leaflet drops on public opinion', *British Journal of Criminology*, 50, 491–513

৩৭ Tyler, T. (2004), 'Enhancing police legitimacy', The Annals of the American Academy of Political and Social Science, 593, 84–99.

৩৮ Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police-victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.1230061. Also, see Harris-Short, S., & Miles, J. (2011), Family LAW (2nd ed.), Oxford: Oxford University Press; and Payne, D., & Wermeling, L. (2009), 'Domestic violence and the female victim: The real reason women stay!', *Journal of Multicultural, Gender and Minority Studies*, 3, 1–6.

৩৯ Training Programme on the Treatment of Child Victims and Child Witnesses of Crime for Law Enforcement Officials (UNODC, 2015).

**বক্স-১২**

**শিশু-সংবেদনশীল পুলিশি তদন্ত***

একটি নির্দিষ্ট সহিংসতার শিকার শিশু /সাক্ষীর সাথে আচরণ করার সময় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের বিবেচনায় নেওয়ার নির্দিষ্ট বিষয়গুলি নিচে দেওয়া হল, যেগুলিকে তারা সংবেদনশীল (যা "ডিফারেনশিয়াল ট্রিটমেন্ট" নামেও পরিচিত) হিসাবে যুক্তিসহ উপস্থাপন করতে পারে::

- শিশুর ব্যক্তিগত পরিস্থিতির সাথে সম্পর্কিত বিষয়গুলি: বয়স, ইচ্ছা, বোঝাপড়া, লিঙ্গ, যৌন অভিযোজন;
- শিশুর বিশেষ চাহিদার সাথে সম্পর্কিত বিষয়গুলি: স্বাস্থ্য, ক্ষমতা, ক্ষমতা, অন্যান্য বিশেষ চাহিদা;
- শিশুর সামাজিক পরিবেশ সম্পর্কিত বিষয়গুলি: জাতিগত ও সাংস্কৃতিক পটভূমি, ধর্মীয় পটভূমি, ভাষাগত এবং সামাজিক পটভূমি, বর্ণ;
- শিশুর পরিবারের আর্থ -সামাজিক পরিস্থিতি সম্পর্কিত বিষয়গুলি: আর্থ -সামাজিক অবস্থা, অভিবাসনের অবস্থা, শরণার্থীর অবস্থা।

*সূত্র: আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জন্য অপরাধের শিকার শিশু এবং শিশু সাক্ষীদের চিকিৎসা সংক্রান্ত প্রশিক্ষণ কর্মসূচি (UNODC, ২০১৫)

- হিংসাত্মক কাজের পিছনে মূল কারণ, উদ্দেশ্য বা ঘটনা চিহ্নিত করুন, যেমন, সহিংসতার মডেল চক্রের কার্যকরী জ্ঞান, শক্তি গতিশীলতা এবং VAWG- এর বিভিন্ন কাজের সাথে জড়িত সাধারণ আচরণ যা সহিংসতার শিকার/বেঁচে থাকা এবং কথিত অপরাধী উভয়ের সাথে জড়িত;

- বিশেষ করে শিশু শিকার/বেঁচে যাওয়া এবং সাক্ষীদের সাথে আচরণ করার 'শিশু-সংবেদনশীলতা' এবং 'মর্যাদা ও সহানুভূতির সাথে আচরণ পাবার অধিকার›, এর অর্থ বুঝুন।[৪০]

## নিরাপত্তা-ঝুঁকি মূল্যায়ন এবং নিরাপত্তা পরিকল্পনায় অগ্রাধিকার দিন

- VAWG চক্র এবং অপরাধীর আচরণের ধরনসহ ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের প্রোফাইলের বৈশিষ্ট্য, যেমন লিঙ্গ, যৌনতা, অক্ষমতা, জাতিসত্তা, ধর্ম এবং বয়স সম্পর্কে তথ্য খোঁজ করা এবং সংযুক্ত করা;

- VAWG এর শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের কাছ থেকে তথ্য পাওয়ার পর, সুরক্ষার প্রয়োজনে তাৎক্ষণিক এবং পর্যাপ্ত প্রতিক্রিয়া নিশ্চিত করার জন্য নিরপেক্ষতা এবং আনুপাতিকতার নীতিগুলি প্রয়োগ করুন;[৪১]

৪০ Ibid.

৪১ নিখোঁজ হওয়া মহিলাদের এবং মেয়েদের ক্ষেত্রে কোনও অপরাধ ঘটেছে কি না তা নিশ্চিত হওয়ার জন্য পুলিশের প্রতিক্রিয়ার ক্ষেত্রে অপেক্ষা করা উচিত নয়।

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির পর্যাপ্ত সুরক্ষা এবং সহযোগিতা প্রদানের জন্য সম্পদের দক্ষ ব্যবহার নিশ্চিত করুন।[৪২]

## রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন

- VAWG তদন্ত পদ্ধতি, যেমন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির সাক্ষাৎকার গ্রহণ এবং শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সুপারিশকৃত সহায়তার করা হয়েছে, যাতে আঘাতজনিত অভিজ্ঞতাকে মোকাবেলা করা যায় এবং পুরো তদন্তের সময় ভিকটিম/বেঁচে থাকার অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা যায়।

## তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা

- সহিংসতার কাজকে যথাযথভাবে শ্রেণীবদ্ধ করাসহ প্রয়োজনীয় কেস রিপোর্ট ডকুমেন্টেশন সম্পন্ন করার সময় প্রটোকল অনুযায়ী একটি উদ্দেশ্যমূলক, নিরপেক্ষ এবং পুঙ্খানুপুঙ্খভাবে নিজেকে পরিচালনা করুন;

- প্রতিবেদন গ্রহণ, প্রাথমিক অভ্যর্থনা এবং প্রতিবেদনের প্রতিক্রিয়াসহ রিপোর্টিং পদ্ধতির স্বচ্ছতা নিশ্চিত করুন।[৪৩]

- তদন্তকে সন্তোষজনক উপসংহারে নিয়ে যাওয়ার জন্য এবং যেকোনো সমস্যা দ্রুত এবং প্রকাশ্যে সংশোধন করার জন্য ব্যক্তিগত দায়িত্ব নিন।

## অবহিত সম্মতি এবং গোপনীয়তা

- তদন্তের সময় ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির নির্যাতনের সেকেন্ডারি ফর্মের জন্য সাধারণ এন্ট্রি পয়েন্টগুলি চিহ্নিত করুন;

- ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের মতামতকে সঠিকভাবে এবং ধারাবাহিকভাবে উপস্থাপন করুন, যার অর্থ হল যে শিকার/বেঁচে থাকা ব্যক্তির মতামত সংগ্রহ করার পর্যাপ্ত প্রক্রিয়া রয়েছে, এমনকি যখন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি যোগাযোগের বাধার সম্মুখীন হয় বা আইনী ক্ষমতা না থাকে।

২০১৫ সালে, ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশ ('আইএসিপি') একটি যৌন অ্যাসল্ট রেসপন্স পলিসি এবং প্রশিক্ষণ বিষয়বস্তু নির্দেশিকা তৈরি করেছিল, যার লক্ষ্য ছিল আইন

৪২ 'More than just a ramp: A guide for women's refuges to develop disability discrimination act action plans', Women with Disabilities Australia (WWDA) (2007).

৪২ জনসাধারণ, সরকারের সকল সেক্টর এবং অন্যান্য ফৌজদারি বিচার সংস্থাগুলির জন্য সহজলভ্য করার এই পদ্ধতিগুলি প্রকাশ করা উচিত। For further recommendations on case management, please refer to 'Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women' (UNODC, 2014). ।

বক্স-১৩

**যৌন সহিংসতার ক্ষেত্রে সুপারভাইজারের ভূমিকা***

- যদি আপনার অফিসার সাহায্যের জন্য অনুরোধ করেন, অথবা প্রয়োজন মনে করেন যৌন নিপীড়নের ঘটনা তদন্তকারী অফিসারদের সাহায্য করার জন্য সাড়া দিন;
- কর্মকর্তাদের অবশ্যই একটি উদ্দেশ্যমূলক, পেশাদার, পূর্বানুমান ব্যতীত পদ্ধতিতে সাড়া দিতে হবে; এবং সুপারভাইজারদের নিশ্চিত করতে হবে যে লাইন অফিসাররা এই প্রত্যাশা সম্পর্কে সচেতন।
- যে হামলার ঘটনা ঘটেছে তা কার্যকরভাবে তদন্ত করতে এজেন্সি এবং কমিউনিটি রিসোর্স উভয়ই খুঁজে পেতে সাহায্য করুন;
- বিভাগ এবং সম্প্রদায় সংগঠনগুলির মধ্যে সমস্যা সমাধানের অংশীদারিত্বকে উত্সাহিত করুন, যেমন ধর্ষণ সংকট কেন্দ্র এবং ফরেনসিক পরীক্ষা কর্মসূচী, সহযোগিতা এবং ভিকটিমদের আরও ভাল সহায়তার জন্য;;
- যথার্থতা, ধারাবাহিকতা এবং শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক প্রতিক্রিয়ার জন্য সমস্ত যৌন নির্যাতন পুলিশ রিপোর্ট পর্যালোচনা করুন;
- যৌন নিপীড়নের জবাব দেওয়ার সময় কর্মকর্তাদের একই সঙ্গে সংঘটিত এবং আন্তসম্পর্কিত অপরাধ এর কারণ অনুসন্ধান করতে উৎসাহিত করুন;
- নিশ্চিত করুন যে অফিসার এবং তদন্তকারীরা কেস কোডিং বুঝতে পারে এবং যথাযথভাবে যৌন নিপীড়নের মামলাগুলি কোড করে;
- অফিসার এবং তদন্তকারীরা ব্যাপক, শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক, অপরাধী-কেন্দ্রিক তদন্ত পরিচালনা করছে তা নিশ্চিত করার জন্য তদন্ত-পরবর্তী পর্যালোচনা এবং যৌন নিপীড়ন মামলার নিরীক্ষা পরিচালনা করা;
- যৌন নিপীড়নের যথাযথ তদন্তের জন্য প্রয়োজনীয় দক্ষতা উন্নত করতে বিভাগের সদস্যদের জন্য চলমান প্রশিক্ষণের সুযোগ তৈরি করুন। ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের তদন্ত পর্ব থেকে প্রসিকিউশনের দিকে এগিয়ে যাওয়ার সহজ করার জন্য আইন প্রয়োগকারী এবং প্রসিকিউটরদের মধ্যে যোগাযোগ বাড়ানোর জন্য কাজ করুন;;
- কর্মক্ষমতা মূল্যায়নে ভিকটিম সার্ভিস ইস্যু এবং যৌন নিপীড়নের শিকারদের প্রতিক্রিয়া গুরুত্ব আরোপ করুণ এবং বিভাগের সদস্যদের পুরস্কার ও পদোন্নতির সুপারিশ অন্তর্ভুক্ত করুন;
- সদস্যদের আচরণ করে যৌন নিপীড়নের তদন্ত সম্পর্কিত মূল্যবোধ এবং বিভাগের মিশনের সাথে সঙ্গতিপূর্ণ না হলে তাদের জবাবদিহি নিশ্চিত করুন;
- রোল-কল এবং কর্মীদের ব্রিফিংয়ে নিয়মিতভাবে ভিকটিম/বেঁচে থাকা সেবার তথ্য শেয়ার করুন। এই শিক্ষা এবং প্রশিক্ষণ চলমান থাকা উচিত এবং যখন কর্মকর্তারা মাঠে সেবার জন্য করা কলগুলির উত্তর না দেন তখন এটা করা যেতে পারে;
- কার্যকর ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সেবা প্রদানের জন্য কর্মকর্তাদের স্বীকৃতি দিন এবং পুরস্কৃত করুন।

*সূত্র: ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব চিফস অব পুলিশ সেক্সুয়াল অ্যাসল্ট রেসপন্স পলিসি অ্যান্ড ট্রেনিং কন্টেন্ট গাইডলাইনস (২০১৫)।

প্রয়োগকারীকে সমস্যা, পদ্ধতি এবং সুপারিশসহ যৌন নিপীড়ন সম্পর্কিত নীতি তৈরি করার সময় বিবেচনা করা [88]

গাইডলাইনে, IACP যৌন নিপীড়নের মতো VAWG অপরাধের ব্যাপক প্রতিক্রিয়া এবং তদন্ত নিশ্চিত করতে কার্যকর তত্ত্বাবধানের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরে। IACP সুপারিশ করে যে প্রথম সারির তত্ত্বাবধায়করা সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সমস্যা এবং অধস্তনদের যথাযথ প্রতিক্রিয়া সম্পর্কে পূর্ণাঙ্গ বোঝাপড়া প্রদর্শন করে।[৪৫] সুপারিশগুলিকে শক্তিশালী করার জন্য, আইএসিপি আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে যৌন সহিংসতার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ পদক্ষেপের একটি তালিকা প্রদান করেছে, যা কিছু মাত্রায় VAWG-এর ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে:

88 See further: https://www.theiacp.org/resources/sexual-assault-response-policy-and-training-content-guidelines

৪৫ Ibid.

## প্রয়োজনীয় সেবা প্রদানকারী পুলিশের রেফারেন্স সূচক: তদন্ত

দ্বিতীয় অধ্যায় এ আলোচনা করা হয়েছে যে, ইএসপি এর প্রস্তাবনা অনুযায়ী সহিংসতার শিকারভিকটিম/ বেঁচে থাকা ব্যক্তিদের জন্য নির্ধারিত ন্যায়বিচার এবং সকল সহায়তা পরিষেবাগুলিকে সর্বাধিক প্রভাব নিশ্চিত করার জন্য সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রমগুলির একটি সীমা নির্ধারণ করা প্রয়োজন। সেগুলি ‹সেক্টর› নির্বিশেষে যারা সহিংসতার শিকার হচ্ছে নারী ও মেয়েদের চাহিদা পূরণ করতে পারে তাদের ক্ষেত্রে প্রযোজ্য।

নিচের তালিকাটি ইএসপির সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রম থেকে অনুপ্রাণিত; এটি VAWG কেসে সাড়া দেওয়ার সময় প্রমাণ এবং তদন্তের প্রয়োজনীয়তা কার্যকরভাবে পূরণ করার লক্ষ্যে পুলিশ কার্যক্রমের জন্য রেফারেন্স সূচকগুলির উদাহরণ প্রস্তাব করে। এর মধ্যে রয়েছে যথাসময়ে এবং পেশাগত পদ্ধতিতে তদন্ত পরিচালনা করা এবং এই প্রক্রিয়ায় অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করতে এবং পুনরায় অপরাধ সংগঠন সম্ভাবনা রোধ করার জন্য সম্ভাব্য

সকল পথ বন্ধ করে দেওয়া।

এগুলির উপস্থিতি যদি থাকে তাহলে **পুলিশ ম্যানেজারদের এই সূচকগুলিকে রেফারেন্স হিসেবে ব্যবহার করতে পারে এবং একইসাথে উর্দ্ধতন কর্মকর্তাদের যারা এগুলো অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করতে পারে যদি সেখানে এগুলোর উপস্থিতি না থাকে।**

১. **প্রাপ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** গুণগত এবং পরিমাণগত উভয় ক্ষেত্রেই পুলিশ পরিষেবাগুলিতে প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা) সম্পর্কে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের এবং/অথবা তাদের প্রতিনিধিদের কাছ থেকে ইতিবাচক প্রতিক্রিয়ার শতকরা হার বা অনুপাত। এই প্রক্রিয়ার মধ্যে পুলিশ কীভাবে তদন্তের অবস্থা সম্পর্কে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের অবহিত করছে তা অন্তর্ভুক্ত করা উচিত। এর থেকে, ম্যানেজাররা তাদের কর্মীরা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের যোগাযোগের ঠিকানা কতটুকু সঠিকভাবে সংগ্রহ এবং সংরক্ষণ করতে পারছে তার একটি বিশদ মূল্যায়ন করতে পারেন।

২. **অভিযোজনযোগ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** সহিংসতার মডেলের প্রস্তাবিত চক্র অনুযায়ী অপরাধীর আচরণ বিশ্লেষণ করে রিপোর্ট করা VAWG কেসের শতকরা হার বা অনুপাত। এই বিশ্লেষণে অপরাধীকে তদন্তের মূল ফোকাস এবং সেইসাথে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির সুরক্ষার প্রয়োজনীয়তা সম্পর্কে জানানো উচিত।

৩. **যথাযথতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** সহিংসতার শিকার শিশু /সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের প্রতিক্রিয়া জানাতে দলের প্রশিক্ষিত সদস্যদের শতাংশ হার বা অনুপাত। এর মধ্যে নির্দিষ্ট দলের জন্য বিশেষায়িত প্রশিক্ষণ এবং সেইসাথে সকল কর্মকর্তাদের জন্য সাধারণ অব্যাহত প্রশিক্ষণ উভয়ই অন্তর্ভুক্ত করা উচিত। প্রশিক্ষণে ভুক্তভোগী/জীবিতদের রেফারেল পরিচিতি; সাইবার সংক্রান্ত সহিংসতা এবং অপরাধসহ নতুন আইন; স্কুল-সম্পর্কিত সহিংসতা এবং সোশ্যাল মিডিয়ার ভূমিকা; এবং অভিবাসীদের মতো দুর্বল গোষ্ঠীকে প্রভাবিত করে অপরাধমূলক কার্যক্রমের উপর আপডেট সরবরাহ করা উচিত।

> **"তদন্তের গুণমান এবং এটি কীভাবে নথিভুক্ত করা হয়, তদন্তকারীর সিদ্ধান্তের পাশাপাশি একটি সফল ফলাফলের জন্য গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ, প্রমাণের শৃঙ্খলা পরিচালনা করা বিশেষ করে যেহেতু এটি ফরেনসিক প্রমাণের সাথে সম্পর্কিত তা অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং এটি প্রথম বিচার ব্যবস্থায় যেসব এলাকা চ্যালেঞ্জ করা হবে। "**
>
> গেরি ক্যাম্পবেল,প্রাক্তন গোয়েন্দা প্রধান সুপারিনটেন্ডেন্ট, স্কটল্যান্ড ইয়ার্ড

**বক্স-১৪**

### কার্যকর পুলিশ নেতৃত্ব: পারিবারিক সহিংসতা

ইউকে হোম অফিসের মতে, এই এলাকায় পারিবারিক বা ঘনিষ্ঠ সঙ্গীদের দ্বারা সংগঠিত সহিংসতা মোকাবেলার জন্য কার্যকর নেতৃত্বের অর্থ হল*:

- পারিবারিক নির্যাতনকে অগ্রাধিকার দেওয়া এবং বাস্তবে এর অর্থ কি কর্মকর্তাদের সেই সম্পর্কে ধারণা;
- এটা স্পষ্ট ভাবে বোঝা যে পারিবারিক নির্যাতন রোধ করার দায়িত্ব সকলের শুধুমাত্র কোন বিশেষজ্ঞ ইউনিটের নয়;
- ইতিবাচক সংস্কৃতি এবং মনোভাবকে শক্তিশালী করা;
- যে সকল ব্যক্তি পারিবারিক নির্যাতনের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থন করে তাদের প্রশংসা, পদোন্নতির সম্ভাবনা এবং প্রণোদনাসহ পুরস্কৃত করা এবং স্বীকৃতি দেওয়া। যেহেতু আমাদের «পুলিশ সাহসিকতা পুরস্কার» আছে - সেখানে «ভিকটিম কেয়ার অ্যাওয়ার্ড» থাকা উচিত কি?
- এই এলাকায় কার্যকর পারফরম্যান্স ব্যবস্থাপনা নিশ্চিত উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে সটা নিশ্চিত করা;; এবং
- একটি পেশাদার এবং যোগ্য পদ্ধতি শক্তিশালী করার জন্য কার্যকর তত্বাবধান আছে তা নিশ্চিত করা।

**Source: 'Everyone's business: Improving the police response to domestic abuse' (Her Majesty's Inspectorate of Constabulary (HMIC, 2014).

৪. **নিরাপত্তাকে অগ্রাধিকার দিন:** VAWG ক্ষেত্রে যেখানে কথিত অপরাধী পরিচিত সেখানে পুলিশ কর্তৃক সুপারিশকৃত এবং প্রয়োগকৃত সুরক্ষা আদেশের শতাংশ বা অনুপাত। যেখানে সুরক্ষা আদেশের সুপারিশ করা হয় না এবং/অথবা সুপারিশ করা হয়, কিন্তু কার্যকর করা হয় না সেই সমস্ত ক্ষেত্রে VAWG এর মামলার শতাংশ বা অনুপাত সমানভাবে গুরুত্বপূর্ণ। এই জাতীয় ক্ষেত্রে গ্রেপ্তারের সংখ্যার সাথে এই সূচকটি বিবেচনা করা উচিত।

৫. **অবহিত সম্মতি এবং গোপনীয়তা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** পুলিশিংয়ের মানসিক আঘাত (ট্রমা)-অবগত পদ্ধতির উপর প্রশিক্ষিত কর্মকর্তাদের শতাংশ বা অনুপাত। প্রশিক্ষণে ভয়াবহ মানসিক আঘাত (ট্রমাও) অন্তর্ভুক্ত করা উচিত এবং নির্দিষ্ট দলের জন্য বিশেষ প্রশিক্ষণের পাশাপাশি সকল কর্মকর্তাদের জন্য সাধারণ প্রশিক্ষণ অন্তর্ভুক্ত করা উচিত।

৬. **সেবার পরিকল্পনা (নকশা), বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** কতজন ভুক্তভোগী/জীবিতদের সাথে কথা বলা এবং বিবৃতি নেওয়া হয়েছে। যদিও এই সূচকটি পুলিশ অফিসার এবং ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি বা সাক্ষীর মধ্যে যোগাযোগের গুণগত মান সম্পর্কে তথ্য সরবরাহ করে না, তবে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের প্রদত্ত গুণগত প্রতিক্রিয়ার পরিপূরক হওয়ার জন্য

এটি অপরিহার্য।

**৭. তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** মামলা রুজু ব্যবস্থাপনা বা পদ্ধতি অনুযায়ী পর্যাপ্তভাবে রেকর্ড করা এবং সংরক্ষণ করা মামলার শতাংশ বা অনুপাত। তথ্যের রেকর্ডিং তদন্ত প্রক্রিয়ার জবাবদিহিতা ও অখণ্ডতা প্রদর্শন করে। এর মধ্যে ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তিদের, অপরাধের প্রতিবেদন করার পর, পুলিশের কাছ থেকে তাদের অভিযোগের লিখিত স্বীকৃতি, অপরাধের মূল উপাদানগুলি যেমন অপরাধের ধরন, সময়, স্থান এবং অপরাধের কারণে যে কোনও ক্ষতির কথা উল্লেখ করা অন্তর্ভুক্ত থাকতে পারে। এই স্বীকৃতিতে একটি ফাইল নম্বর, তারিখ, থানা এবং যেই কর্মকর্তা রিপোর্টটি নিয়েছিলেন তার নাম অন্তর্ভুক্ত করা উচিত যিনি । এটি প্রমাণ করা উচিত যে অপরাধটি রিপোর্ট করা হয়েছে (উদাহরণস্বরূপ, ক্ষতিপূরণ দাবির ক্ষেত্রে)।[৪৬]

**৮. সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থার সাথে সংযোগ স্থাপন:**VAWG কেসের শতকরা হার বা অনুপাত যা বাহ্যিক সংস্থা এবং অংশীদারদের কাছে উল্লেখ করা হয়েছে। যেসব ক্ষেত্রে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি রেফারেলের সহায়তার প্রস্তাব প্রত্যাখ্যান করেছেন সেখানে শতকরা হার বা অনুপাত নথিভুক্ত করা সমানভাবে গুরুত্বপূর্ণ।

৪৬ For further recommendations on case management, please refer to ‘Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women’ (UNODC, 2014).

# সংযোজনী-১
# একটি সম্পর্কের মধ্যে সহিংসতার স্বীকৃত পর্যায়সমূহ

গ্রাহাম গোল্ডেন, প্রধান তদন্তকারী (অবসরপ্রাপ্ত) পুলিশ কর্মকর্তা, স্কটল্যান্ড ইয়ার্ড

যদিও অফিসাররা সব সময় নির্যাতনের লক্ষণগুলি দেখতে পাবেন না, তবে একটি সহিংসতায় সাড়া দেওয়ার সময় একজন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি কী উপস্থাপন করতে পারে এই পর্যায়ে জানা মূল্যবান।

আকৃষ্ট করা (**গ্রুমিং**) -সম্পর্কের প্রাথমিক পর্যায়ে অনেক নির্যাতনকারী মোহনীয় আচরণ করতে পারে। তারা হতে পারে ‹পারফেক্ট পার্টনার›। এটি প্রায়ই একজন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির বন্ধু এবং পরিবার দেখতে পাবে।

প্রাথমিক পর্যায়ে, একজন অপরাধীর মূল কৌশলগুলি হবে ক্ষতি-গ্রস্ত/বেঁচে থাকা পরিবার এবং বন্ধুদের থেকে বিচ্ছিন্ন করা। এটি যত্নশীল এবং প্রেমময় হিসাবে দেখা যেতে পারে।

একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে আকৃষ্ট করার প্রক্রিয়া প্রায়ই ধীরে ধীরে অগ্রসর হয় এবং **নির্যাতনকারীকে** আরও নির্যাতন এবং শারীরিক সহিংসতা সংঘটন ঘটানোর জন্য আরও ভাল অবস্থানে রাখে।

পুলিশ কর্মকর্তারা পরিবারের সদস্য বা বন্ধুদের কাছ থেকে কল পেতে পারেন যারা ব্যক্তির ব্যাপারে উদ্বিগ্ন।

<u>প্রমাণ চিহ্ন - লাল পতাকা</u>

- **পরিবার এবং বন্ধুদের থেকে বিচ্ছিন্নতা**
- **প্রাথমিক আর্থিক নির্ভরতা - সহিংসতার শিকারের/জীবিতের নামে নেওয়া ঋণ**
- **সম্পর্কের প্রথম দিকে গর্ভাবস্থা**
- **সম্পর্কের প্রথম দিকে একসাথে চলা**
- **অপরাধীকে বন্ধুরা নিখুঁত সঙ্গী হিসেবে বর্ণনা করতে পারে**

**দ্রষ্টব্য: এটি স্বীকার করা হয়েছে যে উপরের লাল পতাকাগুলি সবসময় আকৃষ্ট করার উদাহরণ হবে না। পারিবারিক নির্যাতনের তদন্ত করার সময়, একজন কর্মকর্তার সম্পর্কের প্রাথমিক পর্যায় সম্পর্কে জিজ্ঞাসা করা উচিত।**

**পরিস্থিতি পরিচালনা করা** - যখন আরো ঘন ঘন নির্যাতন এবং/অথবা শারীরিক সহিংসতা শুরু হয়, তখন সহিংসতার শিকার/বেঁচে থাকা কিছু ব্যক্তি সম্পর্ক থেকে বের হয়ে আসতে পারে। আকৃষ্ট করার পর্যায়ে যে পরিমান নিয়ন্ত্রণ প্রতিষ্ঠিত হয়ে সে কারণে অনেকেই তা করেন না। সহিংসতার শিকার ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা হয়তো নির্যাতনের ব্যাখ্যা খুঁজে বের করার চেষ্টা করবে যাতে অবস্থার উন্নতি হয়।

ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি বেশির ভাগ ক্ষেত্রে নিজেদের আচরণ পরিবর্তন করে অপরাধী এবং নির্দিষ্ট পরিস্থিতিকে পরিচালনা করার কৌশল তৈরি করবে। এইভাবে, অপরাধীর মান সম্পর্কের উপর চাপিয়ে দেওয়া হয় এবং নির্যাতনের সম্পর্কের অংশ হয়ে যায়।

যদি পুলিশকে ডাকা হয়, এটি সম্ভবত সম্পর্কের মধ্যে নির্যাতন পরিচালনার কৌশল হিসাবে হতে পারে। যদি ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি এই মুহূর্তে জড়িত হতে না চায়, তবে তারা ইচ্ছাকৃ-তভাবে বাধা বা অসহযোগিতা করছে না - তারা কেবল পরিস্থিতি এমনভাবে পরিচালনা করছে যা তাদের নিরাপদ মনে করে।

এই পর্যায়ে গুরুত্বপূর্ণ যে অফিসাররা এমন প্রশ্ন জিজ্ঞাসা করবে যা ভুক্তভোগীকে কীভাবে অপরাধীর আচরণ মেনে নেওয়ার জন্য তাদের নিজস্ব আচরণ পরিবর্তন এবং সীমাবদ্ধ করতে পারে তা দেখিয়ে দিতে পারে ।

<u>প্রমাণ চিহ্ন - লাল পতাকা</u>

- **বন্ধু এবং পরিবার থেকে বিচ্ছিন্নতা**
- **শিকার/বেঁচে থাকা ব্যক্তির নিজের উপর দোষ**
- **আঘাতের কারণে কাজ থেকে প্রত্যাহার**
- **একজন অপরাধী দ্বারা আরোপকৃত প্রয়োজনীয় কঠোর বিধিগুলির সনাক্তকরণ সেট (যেমন, রাতের খাবার, পরিষ্কার করা, শিকার/বেঁচে যাওয়া পরিচ্ছন্নতা, পরিধান করা পোশাক ইত্যাদি)**
- **অপরাধী সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির গতিবিধি পরীক্ষা করছে। কর্মকর্তাদেরও বিবেচনা করা উচিত যে অপরাধীরা নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার জন্য প্রযুক্তি ব্য-বহার করতে পারে।**
- **সম্পত্তির ক্ষতি**

**দৃষ্টিভঙ্গি/বাস্তবতার বিকৃতি** - জোরপূর্বক নিয়ন্ত্রণের আচরণে অনেকগুলি ভিন্ন এবং দ্বৈততার (ওভারল্যাপিং) কৌশল জড়িত। সম্মিলিতভাবে, এর ফলে একজন ভুক্তভোগী/বেঁচে যাওয়া মানুষ ভয়ের মধ্যে থাকে। তারা উদ্বিগ্ন এবং ভীত হতে পারে।

অপরাধীরা নির্যাতনের শিকার/বেঁচে থাকা ব্যক্তির উপর দোষ এবং দায় চাপানোর চেষ্টা করবে। কিছু ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তি লড়াই করবে এবং প্রতিরোধ করবে। মদ/অ্যালকোহল এবং অন্যান্য পদার্থগুলি পরিস্থিতি মোকাবিলা করার পদ্ধতি হিসাবে ব্যবহৃত হয়, এবং যা বিচারকে বিঘ্নিত করে এবং এটি প্রতিষ্ঠিত করে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি সাহায্য করছে না, অথবা ‹উভয়ই একে অপরের মতো খারাপ।›

এই পর্যায়ে পুলিশের কাছ নিকট থেকে প্রত্যাশিত মূল প্রতিক্রিয়া হল দোষের বিষয়টিকে চ্যালেঞ্জ করা, ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে দোষারোপ না করার উপর জোর দেওয়া এবং পুনরায় চেষ্টা করা যাতে তারা দেখতে পায় যে তারা কীভাবে তাদের আচরণ পরিবর্তন করছে এবং অপরাধীর সাথে মিটমাট করার চেষ্টা করছে।

**<u>প্রমাণ চিহ্ন – লাল পতাকা</u>**

কর্মকর্তাদের উচিত ‘কি হয়েছে’ এই সম্পর্কে জিজ্ঞাসা না করে সহিংসতার ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা সম্পর্কের মধ্যে কেমন আছেন তা জিজ্ঞাসা করা?’।

- **আচরণ নিয়ন্ত্রণের কারণে সম্পর্কের মধ্যে ক্রমাগত ভয়**
- **নিজেকে দায়ী করা**
- **মদ/অ্যালকোহল/পদার্থের অপব্যবহার**
- **বন্ধু/পরিবার/নিয়োগকর্তার বক্তব্য**
- **জনসম্মুখে নামিয়ে দিন**
- **একজন অপরাধী আকৃষ্ট করার পর্যায়ে ফিরে আসছেন কারণ তারা আশঙ্কা করছেন যে সহিংসতার একজন শিকার/বেঁচে যাওয়া ব্যক্তি চলে যাওয়ার কথা ভাবছেন**
- **চিকিৎসা এবং অন্যান্য অ্যাপয়েন্টমেন্টের সময় অপরাধীর ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির সাথে থাকা উচিত**
- **দৃশ্যটি আপনার প্রত্যাশিত নয়**

**কল ধরবার সময়, কর্মকর্তাদের জোরপূর্বক নিয়ন্ত্রণের সূক্ষ্ম লক্ষণগুলির সন্ধান করা উচিত। এই অন্তর্ভুক্ত হতে পারে:**

- **সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিকে চুপ করার জন্য হাতের ইশারা**
- **অপরাধী সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিকে দোষারোপ করছে**
- **অপরাধী সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অবস্থান দাবি করছে।**

মার্কিন যুক্তরাষ্ট্রে প্রকাশিত একটি মামলায় উল্লেখ করা হয়েছে যে, অভিযুক্ত অপরাধী যখন রুমে প্রবেশ করবে তখন সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তি কীভাবে কথা বলা বন্ধ করবে। শুধুমাত্র পরে কর্মকর্তারা জানতে পেরেছিলেন যে যখন অভিযুক্ত অপরাধী একটি সাদা টাওয়েল (গামছা) নিয়ে প্রবেশ করেছিল তখন এটি ঘটেছিল। জিজ্ঞাসাবাদে, ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি পরে বলেছিলেন যে এই টাওয়েল (গামছা) প্রায়ই শিকারকে ধোঁকা দেওয়ার জন্য ব্যবহার করা হত।

নির্যাতনের সংজ্ঞা –এটি প্রায়শই একটি নির্দিষ্ট সময়ের পরে হয় যে একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি নির্যাতন হিসাবে যা ঘটছে তা সংজ্ঞায়িত করে, বিশেষ করে যদি সামান্য শারীরিক সহিংসতা ঘটে থাকে, অথবা যদি সহিংসতা ‘নিম্ন-স্তরের’ হয় তবে জোরপূর্বক।

ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য এটি একটি কঠিন পর্যায় হতে পারে, কারণ তাদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি হিসাবে মর্যাদা দিতে হবে এবং যে ব্যক্তিকে তারা ভালোবাসে সে একজন নির্যাতনকারী। এই পর্যায়ে কমপক্ষে কিছুটা হলেও, ‘একক’ ঘটনার বিপরীতে চলমান হিসাবে নির্যাতনকারীর স্বীকৃতিও জড়িত থাকবে।

এটি সাহায্য করতে পারে যদি উত্তরদাতা সহিংসতার শিকার ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে ‘শিকার’ এবং কথিত ‘অপরাধীদের’ সম্পর্কে বাঁধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপগুলিকে) চ্যালেঞ্জ করতে সাহায্য করে। কর্মকর্তাদের জন্য ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির অভিজ্ঞতা যাচাই করা এবং তাদের কাছ থেকে দোষ থেকে দায়মুক্তি দেওয়া গুরুত্বপূর্ণ। একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে ‹এটা তোমার দোষ ছিল না› এর মতো কিছু বলা হলে তারা ক্ষমতায়িত হতে পারে।

**<u>প্রমাণ চিহ্ন – লাল পতাকা</u>**

- **সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির দ্বারা চিহ্নিত নির্যাতনকারীসহ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির বিস্তারিত বিবৃতিশিকার/বেঁচে থাকা অবস্থার স্বীকৃতি**
- **এটার স্বীকৃতি দেওয়া যে তার সঙ্গী একজন অপরাধী**
- **নির্যাতনের শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির কাছ থেকে কল**

**সম্পর্কের পুনর্মূল্যায়ন** –একবার একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি তার সাথে যা ঘটছে তা নির্যাতন হিসেবে স্বীকার করে নিলে, সে তাদের পুরো সম্পর্কের পুনর্মূল্যায়ন শুরু করতে পারে।

নর্যিাতন মোকাবেলা করার জন্য তার বিদ্যমান কৌশল অব্যাহত থাকতে পারে। তার পক্ষে সাময়িকভাবে বা স্থায়ীভাবে চলে যাওয়া, এবং আনুষ্ঠানিক সহায়তা ব্যবস্থাগুলির সাথে যুক্ত হওয়া আরও বাস্তবসম্মত হয়ে উঠবে।

এই পর্যায়ে হস্তক্ষেপ করা হলে সম্পর্ক ত্যাগ করার জন্য কোন বাস্তবসম্মত বাধা আছে তা অন্বেষণ করতে পারে।

আবার, কর্মকর্তাদের ভিকটিম/বেঁচে থাকার অভিজ্ঞতা যাচাই করা উচিত।

**প্রমাণ চিহ্ন – লাল পতাকা**

- **একজন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির কাছ থেকে আত্ম-প্রতিফলন**
- **নিরাপত্তা পরিকল্পনা**
- **ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সেবা প্রদান প্রক্রিয়ার সাথে যোগাযোগ**
- **নিরাপদ না হওয়া পর্যন্ত অপরাধীর সাথে থাকা**
- **চলে যাওয়ার বিষয়ে বন্ধু/পরিবার/পুলিশের সাথে কথা বলা**

**সম্পর্কের সমাপ্তি** – এটা মনে রাখা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে অনেক ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা প্রকৃতপক্ষে অবমাননাকর সম্পর্ক থেকে সঙ্গীকে ছেড়ে দেওয়ার আগে অসংখ্য বার চেষ্টা করে।

সম্পর্ক শেষ না হওয়ার কারণগুলি প্রায়শই বাস্তবসম্মত হয়ে এবং এর মধ্যে রয়েছে: একাধিক নিয়ন্ত্রণকারী আচরণ এবং কৌশল এবং পরিবর্তনের প্রতিশ্রুতি; হাউজিং; অর্থনৈতিক সহায়তা; এবং শিশুরা; এবং পরিবারের চাপ এবং ভয় যে তারা তাদের নিরাপত্তার নিশ্চয়তা দিতে পারে না।

প্রথম প্রতিক্রিয়া জানানো কর্মকর্তার নিরাপত্তা পরিকল্পনার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন হতে হবে এবং নিশ্চিত করতে হবে যে ক্ষতিগ্রস্ত/বেঁচে থাকা ব্যক্তিদের বিশেষজ্ঞ সহায়তা পরিষেবার কাছে পাঠানো হয়েছে যা তাদের ভবিষ্যৎ সম্পর্কে কঠিন সিদ্ধান্তের মুখোমুখি হতে সাহায্য করতে পারে।

**'কাজের সুযোগ' তৈরি করা অত্যন্ত গুরুত্বপূর্ণ, এবং উত্তরদাতারা সেই স্থান তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে যদি অপরাধীকে অপসারণ করে এবং তাদের যদি গ্রেপ্তার করার কারণ থাকে তবে তাদের গ্রেপ্তার করে।**

**প্রমাণ লক্ষণ**

- **নিরাপত্তা পরিকল্পনা**
- **ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সেবা প্রক্রিয়ার সাথে আলোচনা**
- **নিরাপদ না হওয়া পর্যন্ত অপরাধীর সাথে থাকা**

**নির্যাতনের অবসান** – এটা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ যে সম্পর্ক শেষ করা মানে সব সময় সহিংসতা এবং নির্যাতনের সমাপ্তি নয়। বিচ্ছেদ পরবর্তী সময় আসলে সবচেয়ে বিপজ্জনক হতে পারে। অনেক ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা বিচ্ছেদের পরে নির্যাতনের শিকার হন এবং উত্তরদাতাদের অবশ্যই ভবিষ্যতের বিপদ সম্পর্কে সচেতন হতে হবে। বিচ্ছেদের পরে সন্তানের যোগাযোগ এর বিষয়টি একটি গুরুত্বপূর্ণ সমস্যা হতে পারে। অনেক নির্যাতনকারীরা শিশুদের সাথে যোগাযোগের মাধ্যমে নিয়ন্ত্রণের চেষ্টা চালিয়ে যায় এবং আদালতের নির্দেশিত যোগাযোগের সময় ভিকটিম/বেঁচে থাকা এবং শিশুদের নির্যাতন করা হয়েছে এবং হত্যা করা হয়েছে।

**প্রমাণ লক্ষণ**

- **যেখানে শিশুরা জড়িত সেখানে অপরাধীরা তাদের যোগাযোগ অব্যাহত রাখে**
- **কর্মস্থলে অথবা বন্ধু এবং পরিবারের সাথে মোবাইল ফোনের মাধ্যমে অপরাধীর যোগাযোগ।**

# সংযোজনী-২

# সম্মান-ভিত্তিক সহিংসতা / নির্যাতন এবং ক্ষতিকারক অনুশীলন যেমন, শিশু, প্রাথমিক এবং জোরপূর্বক বিবাহ এবং মহিলাদের যৌনাঙ্গ বিচ্ছেদ

গেরি ক্যাম্পবেল MBE FCMI AFHEA, গোয়েন্দা প্রধান প্রধান (অবসরপ্রাপ্ত), স্কটল্যান্ড ইয়ার্ড



গেরি ক্যাম্পবেল MBE FCMI AFHEA - গোয়েন্দা প্রধান প্রধান (অবসরপ্রাপ্ত), স্কটল্যান্ড ইয়ার্ড

## সম্মান ভিত্তিক সহিংসতা/নির্যাতন কি?

সম্মান-ভিত্তিক নির্যাতন সংজ্ঞায়িত করার জন্য, ‹সম্মান› শব্দটির অর্থ কী তা বোঝা গুরুত্বপূর্ণ। এটা যুক্তিযুক্ত হতে পারে যে বিশ্বজুড়ে সমস্ত সংস্কৃতি কিছু বর্ণনার জন্য একটি সম্মান কোড ব্যবহার করে।

সর্বদা, এটি আমাদের সমাজে নির্ধারিত নিয়মগুলি সম্পর্কে যা গ্রহণযোগ্য এবং অগ্রহণযোগ্য আচরণ, 'করণীয় এবং না করা' তা নির্ধারণ করে। কিছু সংস্কৃতির জন্য, সম্মান কোড জীবনধারার চেয়েও বেশি।

সম্মান, উচ্চ মর্যাদা বা উচ্চ শ্রদ্ধাকে বোঝায় এবং এবং এটি একটি ইতিবাচক বৈশিষ্ট্য হিসাবে সততা এবং ভাল নৈতিক চরিত্রের সাথে যুক্ত। এই ধরনের গুণাবলীসম্পন্ন ব্যক্তিদের ‹সম্মানিত› হিসেবে বর্ণনা করা হয়[৪৭] যা অন্যান্য ইতিবাচক গুণাবলী যেমন বিশ্বাস এবং মর্যাদাসহ প্রদান করে এবং অবস্থান এবং খ্যাতিরের সাথেও যুক্ত।[৪৮] একজন ব্যক্তির নিজের চোখে যেমন সম্মানের গুরুত্ব রয়েছে ঠিক তেমনি ভাবেই তার/তার সমাজের চোখেও গুরুত্ব রয়েছে।

সম্মান সংস্কৃতিতে গুরুত্বের এই দিকটি স্বতন্ত্রভাবে একজন ব্যক্তির খ্যাতির সাথে যুক্ত এবং তাই সম্প্রদায়ের মধ্যে তাকে মর্যাদার আসনে প্রতিষ্ঠিত করে। এটি একটি অসাধারণ ক্ষতিকারক হতে পারে যখন সম্মানের হানী হয় তখন একজন ব্যক্তি তার নিজের বা পরিবারের সম্মান রক্ষার জন্য 'সহিংস প্রতিশোধ' নিতে পারে।[৪৯] এই ধরনের হিংসাত্মক প্রতিশোধ দ্রুততর হতে পারে এবং অকল্পনীয় শক্তির ব্যবহার অনেক ক্ষেত্রেই প্রাণহানির দিকে নিয়ে যায়।

৪৭ Vandello, J. A. & Cohen, D. (2003), 'Male honor and female fidelity: Implicit cultural scripts that perpetuate domestic violence', *Journal of Personality and Social Psychology*, 84, at p 997.

৪৮ Julian Pitt-Rivers, 'Honor and Social Status,' in *Honour and Shame: The Values of Mediterranean Society* (ed. J. G. Peristiany, Weidenfeld and Nicolson, 1965), p 21.

৪৯ Ibid.

## কেস স্টাডি: প্রয়াত মিসেস বানাজ মাহমুদ (২০০৬) হত্যা

***"এটি ছিল একটি বর্বর এবং নিষ্ঠুর অপরাধ .... তথাকথিত পারিবারিক সম্মান পুনরুদ্ধার করার জন্য, তার বাবা এবং চাচা সিদ্ধান্ত নিয়েছিলেন যে তার মৃত্যু হবে এবং তার স্মৃতি মুছে ফেলা হবে"*** (বিচারক ব্রায়ান বার্কার)

প্রয়াত মিসেস বানাজ মাহমুদ ১৯৮৫ সালের ১৬ ডিসেম্বর ইরাকি কুর্দিস্তানে জন্মগ্রহণ করেন। ১০ বছর বয়সে বানাজ তার পরিবারের সঙ্গে যুক্তরাজ্যে চলে যান, যেখানে তারা আশ্রয় নেন।

তার বয়স যখন ১৭ বছর, বানাজ তার ১০ বছরের বড় এক ব্যক্তির সাথে একটি বিবাহিত জীবনে প্রবেশ করেন। দুই বছর পরে এবং যৌন ও শারীরিক নির্যাতনের পর, বানাজ তাকে ছেড়ে চলে যান এবং তাদের সম্মতিতে লন্ডনের মিচামে তার পিতামাতার সাথে বসবাস করতে ফিরে আসেন। এই বিচ্ছেদের পর, বানাজ অন্য পুরুষের সাথে একটি নতুন সম্পর্ক গড়ে তোলে, যাকে তার পরিবারের সদস্যরা পুরুষ ‹অনুপযুক্ত› বলে মনে করে। বানাজ এবং তার প্রেমিককে সম্প্রদায়ের সদস্যরা অনুসরণ ও নজরদারি করছিল এবং লন্ডনের আন্ডারগ্রাউন্ড স্টেশনের বাইরে দৃশ্যত চুমু খেতে দেখেছিল।

২০০৫ সালের ডিসেম্বরে, বানাজের চাচা লন্ডনের একটি ফ্ল্যাটে পারিবারিক সভা বা কাউন্সিল ডেকেছিলেন, বানাজের ভাগ্য সম্পর্কে সিদ্ধান্ত নেবার জন্য কারণ বানাজের আচরণ তাদের পরিবারের জন্য লজ্জাজনক বলে মনে করা হয়েছিল।

২০০৫ সালের সেপ্টেম্বর থেকে ২০০৬ সালের জানুয়ারী এর মধ্যে বানাজ মেট্রোপলিটন পুলিশ সার্ভিস (লন্ডন) এবং ওয়েস্ট মিড-ল্যান্ডস পুলিশ (বার্মিংহাম, যুক্তরাজ্য) এর পুলিশ কর্মকর্তাদের পাঁচবার গিয়েছিলেন যৌন নির্যাতন এবং হত্যার হুমকিসহ গুরুতর অভিযোগ দায়ের করার জন্য। ইন্ডিপেন্ডেন্ট পুলিশ কমপ্লেইনস কমিশন (বর্তমানে স্বাধীন আচরণ অফিস) পরে জানতে পারে যে কিছু পুলিশ অফিসার যেভাবে এই অভিযোগগুলি তদন্ত করেছিল তাতে দুর্বলতা ছিল (আইপিসিসি, নভেম্বর ২০০৮)।

২০০৫ সালের ৩১ ডিসেম্বর বানাজের দাদীর প্রতিবেশী পুলিশকে খবর দেয় যে তার দরজার কাচের প্যানেল ভেঙে গেছে। বানাজ তার বাবার কাছ থেকে পালানোর জন্য মরিয়া হয়ে গ্লাসটি ভেঙে ছিল কারণ তিনি তাকে ব্র্যান্ডি দিয়েছিলেন। বানাজ দৌড়ে পাশের একটি ক্যাফেতে চলে যান সেখানে কর্মচারী এবং গ্রাহকরা দেখেছিল যে সে মানসিক যন্ত্রণায় রয়েছে এবং তার হাত দিয়ে রক্তপাত হচ্ছিল। বানাজ তাদের বলেছিলেন যে তাকে মদ পান করতে বাধ্য করা হয়েছিল, «তার পিছনে» কিছু মানুষ তাকে তাড়া করছিল বিধায় তাকে পালানোর জন্য একটি জানালা ভাঙতে হয়েছিল। এরপর অ্যাম্বুলেন্স সার্ভিস ও পুলিশ ঘটনাস্থলে পাঠানো হয়। বানাজ অ্যাম্বুলেন্স এর কর্মীদের বলেছিল যে সে একটি জানালা ভেঙে ফেলেছে এবং তার বাবা তাকে জোরপূর্বক মদ খেতে বাধ্য করেছে এবং তাকে হত্যা করার চেষ্টা করছে। তিনি আরও বলেছিলেন যে «তারা» তার প্রেমিক - জনাব রহমত সুলেমানিকে হত্যা করতে যাচ্ছিল।

রহমত জানান, বানাজ পুলিশ কর্মকর্তাদের বলেছিলেন যে তিনি বিশ্বাস করেন যে তার বাবা এবং চাচা তাকে হত্যা করতে চেয়েছিলেন।

২০০২ সালের ২২ জানুয়ারি সন্ধ্যায় বনাজের বয়ফ্রেন্ডের কাছে চারজন লোক এসেছিল। তারা তাকে তাদের সাথে যেতে বলেছিল এবং যখন সে অস্বীকার করেছিল, তখন তার এবং বানাজের জীবনের জন্য হুমকি দেওয়া হয়েছিল। তিনি বিষয়টি পুলিশকে জানান। ২০০৬ সকালের ২২ জানুয়ারি, বানাজ একটি থানায় উপস্থিত হয়ে হুমকির কথা জানায়। তিনি একজন পুলিশ অফিসারকে সেই পুরুষদের নাম বলেছিলেন যারা তার প্রেমিককে হুমকি দিয়েছিল। এর পরপরই বানাজ অদৃশ্য হয়ে যায়। তাকে ধর্ষণ করা হয়েছিল, শ্বাসরোধ করে হত্যা করা হয়েছিল এবং একটি স্যুটকেসে রাখা হয়েছিল।

২০০৬ সালের ২৫ জানুয়ারি রহমত থানায় একটি দায়রি করে এই মর্মে যে বানাজ **নিখোঁজ হয়েছে, কিন্তু তার পরিবারের কোন সদস্য এটি করেনি।** মেট্রোপলিটন পুলিশ সার্ভিস (লন্ডন) উচ্চ ঝুঁকিপূর্ণ নিখোঁজ ব্যক্তির তদন্ত করে তিন মাস ধরে। ২৯ এপ্রিল ২০০৬ তারিখে বানাজের পচা লাশ লন্ডনে তার পরিবারের বাড়ি থেকে ২০০ মাইল দূরে বার্মিংহামের কাছে একটি বাগানে পুতে রাখা সুটকেস থেকে উদ্ধার করা হয়।

২০০৭ সালের ১১ জুন বানাজের বাবা মাহমুদ মাহমুদ, তার মামা-আরি মাহমুদ এবং আরেকজন আত্মীয় মোহাম্মদ হামাকে বানাজকে হত্যার দায়ে দোষী সাব্যস্ত করা হয় এবং যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়। অন্যান্য ইরাকি কুর্দিস্তানি সম্প্রদায়ের সদস্যরা বানাজের হত্যার সাথে জড়িত থাকার অপরাধের জন্য (যেমন মিথ্যাচার এবং বানাজের বৈধ এবং উপযুক্ত দাফন রোধ করা) দোষী সাব্যস্ত হয়েছেন ।

২০১৬ সালের মার্চ মাসে রহমত সোলাইমানি, যিনি গত ১০ বছর ধরে পুলিশের সুরক্ষায় ছিলেন, দৃশ্যত আত্ম হত্যা করার পর হাসপাতালে মারা যান। জানা গেছে যে তিনি এর আগে দুই বার আত্মহত্যার চেষ্টা করেছিলেন।

রহমতকে উদ্ধৃত করে বলা হয়, «আমার জীবন তার উপর নির্ভর করে। তিনি ছিলেন আমার বর্তমান, আমার ভবিষ্যৎ, আমার আশা। সে ছিল আমার সাথে ঘটে যাওয়া সবচেয়ে মূল্যবান অভিজ্ঞতা। বানাজ মারা গেলে আমার জীবন থেকে যায়। এখন জীবনের কোন অর্থ নেই।থযে বিষয়টি আমাকে চালিত করেছিল তা হল বানাজের হত্যার ন্যায়বিচার প্রত্যক্ষ করা। «

রহমত বানাজের অসম্মান জনক হত্যার আরেক শিকার।

উপরন্তু, সম্মান এবং খ্যাতির এই বিষয়গুলি [দক্ষিণ এশীয় সম্প্রদায়ের মধ্যে এগুলি 'ইজ্জত' (সম্মান) এবং 'শারম' (লজ্জা) বলা হলেও এই শব্দগুলির অন্যান্য অনেক ভাষয় বিভিন্ন রূপে বলা হয়] সম্মানের ধারণার উপরও একটি উল্লেখযোগ্য প্রভাব ফেলে। সম্মান এবং লজ্জা শক্তিশালী আবেগ, যা অন্যদের দ্বারা নিজের দ্বারা এবং অন্যদের দারা আরোপিত হতে পারে এবং ব্যক্তিগত কর্মের উপর শক্তিশালী প্রভাব ফেলে। যদিও সম্মানভিত্তিক নির্যাতন লজ্জিত হবার বা লজ্জা পাওয়ার ধারণার প্রতিকূল প্রতিক্রিয়া, এটি লজ্জিত হওয়া প্রতিরোধ বা এড়ানোর জন্যও করা হয়। যদিও নারী, শিশু এবং পুরুষরা সম্মানভিত্তিক সহিংসতা এবং নির্যাতনের শিকার হয়, তবে নারী ও মেয়েদের সবচেয়ে বেশি শিকার হওয়ার সম্ভাবনা থাকে, যা এই অপমানকে লিঙ্গভিত্তিক সহিংসতার রূপ দেয়।

ক্ষতির মাত্রায়, একটি সংস্কৃতি বা সম্প্রদায়ের সম্মান কোডের কথিত লঙ্ঘন খুন, অপহরণ, মিথ্যা কারাদণ্ড, ধর্ষণ, গুরুতর শারীরিক আক্রমণ (এসিড হামলা, অস্ত্রের ব্যবহার সহ), হুমকি হয়রানি, ডাকাতি, ভয় দেখানো ইত্যাদি অপরাধমূলক অপরাধের A – Z কে অন্তর্ভুক্ত করতে পারে। । জাতিসংঘ অনুমান অনুমান অনুযায়ী প্রতিবছর ৫০০০ নারীকে সম্মান রক্ষার নামে হত্যা করা হয়।[৫০] বাস্তবতা হল যে আরো অনেক মহিলা নিখোঁজ হন, এবং তারা যে নিখোঁজ হয়েছেন তার রিপোর্ট হয় না এবং / অথবা উদ্ধার করা হয় না বা কর্তৃপক্ষের দ্বারা রেকর্ড করা হয় না।[৫১] উপরন্তু, এমন কিছু ভুক্তভোগী আছে যারা 'বাধ্য হয়ে আত্মহত্যার' (আত্মহত্যা, ছুরির ক্ষত এবং অন্যান্য কারণে) মারা যায়।

ইউএনওডিসির ২০১৮ সালের একটি গবেষণায় এমনটি পাওয়া গেছে যে ২০১৭ সালে, বিশ্বব্যাপী ৮৭০০০ নারীকে ইচ্ছাকৃতভাবে হত্যা করা হয়েছিল।[৫২] ভুক্তভোগীদের অর্ধেকেরও বেশি (৫৮%) ৫০,০০০ ঘনিষ্ঠ সঙ্গী বা পরিবারের সদস্যদের দ্বারা নিহত হয়েছিল। এর অর্থ হচ্ছে বিশ্বজুড়ে ১৩৭ জন মহিলা প্রতিদিন তাদের নিজের পরিবারের সদস্যের হাতে নিহত ২০১৭ সালে নিহত নারীদের এক তৃতীয়াংশেরও বেশি (৩০,০০০) তাদের বর্তমান বা প্রাক্তন অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা ইচ্ছাকৃতভাবে হত্যা করা হয়েছিল। এই সমীক্ষায় নারীদের অনার কিলিং এবং যৌতুক সংক্রান্ত হত্যাকাণ্ডের পাশাপাশি জাদুবিদ্যার সাথে সম্পর্কিত নারী ও মেয়েদের হত্যার ঘটনাকেই চিহ্নিত করেছে যেটি ক্ষতিকারক অনুশীলনের আরেকটি রূপ।[৫৩]

৫০ UN News (4 March 2010 )access via https://news.un.org/en/story/2010/03/331422

৫১ Global Study on Homicide, Gender related killing of women and girls (UNODC, 2018).

৫২ Ibid.

৫৩ Ibid.

## ক্ষতিকর অভ্যাস

নারীর প্রতি এই ধরনের সহিংসতা ও নির্যাতন বহুমাত্রিকতা এবং বিভিন্ন সামাজিক, অর্থনৈতিক, সাংস্কৃতিক এবং রাজনৈতিক প্রেক্ষাপটের একাধিক এবং আন্তঃসম্পর্কিত ক্রস-কাটিং থিমের ধারাবাহিকতায় সংগঠিত হয়।[৫৪] নারীর প্রতি সহিংসতা লিঙ্গ বৈষম্য এবং বৈষম্যের কারণ উভয়ই এবং পরিণতি[৫৫] এবং লিঙ্গ সমতা অর্জনে সবচেয়ে বড় বাধাগুলির মধ্যে একটি।[৫৬]

**ঐতিহ্য হল কর্ম বা আচরণের দীর্ঘ-প্রতিষ্ঠিত নিদর্শন**, যা প্রায়ই অনেক প্রজন্ম ধরে পরিবার এবং সম্প্রদায়ের মধ্যে চর্চা করা হয়। এই রীতিনীতিগুলি বিশ্বাস এবং মূল্যবোধের উপর ভিত্তি করে প্রতিষ্ঠিত হয়। ঐতিহ্যগুলি প্রায়শই বিধি **নিষেধ** দ্বারা সুরক্ষিত রাখা হয়, যা নৈতিক বিচার এবং ধর্মীয় বিশ্বাসের উপর ভিত্তি করে মানুষের কার্যক্রম বা সামাজিক প্রথা সম্পর্কিত শক্তিশালী সামাজিক বিধি **নিষেধ** (বা নিষেধাজ্ঞা) দ্বারা নিয়ন্ত্রিত হয়। মানুষ এই আচরণের ধরণগুলি মেনে চলে এবং বিশ্বাস করে যে এগুলি সঠিক কাজ বিধায় ঐতিহ্যগুলি পরিবর্তন করা সহজ নয়।

ঐতিহ্য ব্যক্তি, পরিবার এবং সম্প্রদায়ের উপর ইতিবাচক প্রভাব ফেলে; আবার এগুলি খুব ক্ষতিকারক হতে পারে। জাতিসংঘ নিম্নলিখিত মানবাধিকার লঙ্ঘনকে ক্ষতিকর অভ্যাস হিসেবে উল্লেখ করেছে, যা নারী ও মেয়েদের স্বাস্থ্য, সুস্থতা ও মানবাধিকারকে মারাত্মক ও ধ্বংসাত্মকভাবে প্রভাবিত করে: যেমন মহিলাদের যৌনাঙ্গ বিকৃতি (FGM); মহিলাদের জোরপূর্বক খাওয়ানো; শিশু, প্রাথমিক এবং জোরপূর্বক বিবাহ; ছেলের পছন্দ; মহিলা শিশুহত্যা; অকাল গর্ভধারন; এবং যৌতুকের মূল্য।[৫৭] অন্যান্য ক্ষতিকারক অনুশীলনের মধ্যে রয়েছে সম্মানের অপরাধ, যৌতুক, পাত্রী অপহরণ, রক্ত ঝরা, স্তনের মোটাতাজা এবং দাগ।

প্রতিবন্ধী নারী ও মেয়েরাও সাধারণ নারী ও মেয়েদের মত একি রকম ভাবে ক্ষতিকারক অনুশীলনের শিকার হয়, যার পরিণতি কখনও কখনও বিদ্যমান প্রতিবন্ধকতাকে বাড়িয়ে তোলে, নতুন প্রতিবন্ধকতা সৃষ্টি করে, অথবা যা তাদের বিদ্যমান দুর্বলতা এবং সামাজিক বর্জনকে বাড়িয়ে তোলে।[৫৮]

৫৩ Ibid.

৫৫ UN Secretary General's In-depth study of all forms of violence against women, (A/61/122/Add.1 (2006), para 65, p.27).

৫৬ UN Secretary General's In-depth study of all forms of violence against women, (A/61/122/Add.1 (2006), para 1, p.9).

৫৭ UN, Fact Sheet No.23, Harmful Traditional Practices Affecting the Health of Women and Children accessed via https://www.ohchr.org/sites/default/files/Documents/Publications/FactSheet23en.pdf

৫৮ A Submission Highlighting the Harmful Practices Targeted at Persons with Disabilities, and in Particular Women and Girls with Disabilities,(International Disability Alliance, 2017).

**বক্স-১৫**

**জোরপূর্বক বিয়ে - ফ্যাক্ট ফাইল**

- আজকের পৃথিবীতে জীবিত ৭০০ মিলিয়ন নারী ১৮ তম জন্মদিনের আগে বিবাহিত হয়েছিল। এর মধ্যে, ২৫০ মিলিয়ন ১৫ বছর বয়সের আগেই বিবাহিত ছিল।
- ২০১৯ সালে, ২০=১৪ বছর বয়সী ৫ জন মহিলার মধ্যে ১ জনকে ১৮ বছর বয়সের আগে বিয়ে দেওয়া হয়েছিল।[1]
- যদি শিশু, বাল্যবিবাহ এবং জোরপূর্বক বিয়ে না কমানো হয়, তাহলে ২০৩০,৯৫০ মিলিয়ন নারী ও মেয়েদের ১৮ তম জন্মদিনের আগেই বিয়ে হবে। এই সংখ্যা ২০৫০ সালের মধ্যে প্রায় ১.২ বিলিয়ন এ পৌঁছাবে।[২]
- বিশ্বব্যাপী, ১৫ থেকে ১৯ বছর (৮৪ মিলিয়ন) বয়সী তিন কিশোরী মেয়েদের মধ্যে প্রায় একজন তাদের স্বামী বা সঙ্গীর দ্বারা সংঘটিত মানসিক, শারীরিক এবং/ অথবা যৌন সহিংসতার শিকার হয়েছে।[৩] নিম্ন ও মধ্যম আয়ের দেশগুলিতে ১৫ - ১৯ বছর বয়সী মেয়েদের মৃত্যুর প্রধান কারণগুলির মধ্যে গর্ভাবস্থা এবং প্রসবকালীন জটিলতা অন্যতম।[৪]
- ১১৫ মিলিয়ন পুরুষ ১৮ বছর আগে বিয়ে হয়েছিল; এর মধ্যে ২৩ মিলিয়ন এর ১৫ বছর বয়সের আগে বিয়ে হয়েছিল।[৫]

১ United Nations, Department of Economic and Social Affairs, Statistics Division (2020). Achieve gender equality and empower all women and girls.

২ GirlsNotBrides, accessed via https://www.girlsnotbrides.org/articles/700-million-women-married-children-reveals-new-unicef-data/

২ World Health Organisation (WHO), Adolescents: health risks and solutions (13 December 2018) accessed via https://www.who.int/news-room/fact-sheets/detail/adolescents-health-risks-and-solutions

৪ Ibid

৫ 115 million boys and men around the world married as children - UNICEF United Kingdom accessed via https://www.unicef.org.uk/press-releases/115-million-boys-and-men-around-the-world-married-as-children-unicef/

## জোরপূর্বক বিবাহ

জোরপূর্বক বিবাহ হল এমন ধরণের বিয়ে যেখানে একজন বা উভয়ই (পুরুষ এবং একজন মহিলা) বিয়েতে জ্ঞাত সম্মতি দেয় না তবে লাঞ্ছিত, হুমকি, প্রতারিত বা অন্য কোন কারণে বাধ্য হয়। কাউকে বিয়েতে বাধ্য করার জন্য যে চাপ প্রয়োগ করার ধরন বিভিন্ন রকমের হতে পারে এবং এতে শারীরিক, মানসিক, আর্থিক, যৌন এবং মানসিক চাপ অন্তর্ভুক্ত থাকতে পারে।[৫৯]

জোরপূর্বক বিয়ে, নারী ও মেয়েদের প্রতি সহিংসতার আরেকটি রূপ, শিশু এবং প্রাপ্তবয়স্কদের নির্যাতনের একটি রূপ, এটি নারী ও মেয়েদের মানবাধিকারের একটি মৌলিক অপব্যবহার এবং দেশ বেধে এটি একটি ফৌজদারি অপরাধ।

যদিও এটা স্বীকৃত যে নারী এবং পুরুষ উভয়েই বিয়েতে বাধ্য হয়, নারী ও মেয়েরা প্রধানত এই ক্ষতিকারক প্রথাটির শিকার হয় বা এর ঝুঁকিতে থাকে। একটি বিয়েতে বাধ্য হওয়ার পর ভুক্তভোগীরা তাদের জীবন জুড়ে পারিবারিক দাসত্বের সুদূরপ্রসারী স্বাস্থ্যগত পরিণতিসহ অসংখ্য গুরুতর অপরাধ, শারীরিক ও যৌন সহিংসতা, মানসিক ও শারীরিক নির্যাতন মুখোমুখি হয়।

বাল্যবিবাহ, অর্থাৎ মার্কিন যুক্তরাষ্ট্র এবং যুক্তরাজ্যসহ বিশ্বের অনেক দেশে ১৮ বছর বয়সের আগে বিয়ে হয় ।

জোরপূর্বক বিবাহের কারণগুলির মধ্যে অনেকগুলি ভিন্ন প্রেরণা এবং আঞ্চলিক বৈচিত্র্য ছিল, যার মধ্যে রয়েছে সম্পদ ও মর্যাদা বজায় রাখা এবং /অথবা সুরক্ষা, দারিদ্র্য, নিরাপত্তা, কমিউনিটি বিচ্ছিন্নতা রোধ করা, অসুস্থ সন্তানের জন্য দেখাশোনা করার একজন মানুষ রাখা এবং কনে অপহরণসহ অন্যান্য কনে অপহরণের মতো ক্ষতিকারক অভ্যাসের অন্যান্য রূপের সাথে যুক্ত।

## পারিবারিক মধ্যস্থতায় বিবাহ

পারিবারিক মধ্যস্থতায় বিবাহের ঐতিহ্য বিশ্বজুড়ে দেখা যায় যেখানে পরিবারের সদস্যরা, বিশেষ করে বাবা -মা, বিবাহের ব্যবস্থা করতে অগ্রণী ভূমিকা পালন করেন। এটা অবশ্য গুরুত্বপূর্ণ যে আমদের পারিবারিক মধ্যস্থতায় বিবাহের সাথে এবং জোরপূর্বক বিবাহের মধ্যে পার্থক্যতা বুঝতে হবে। একটি বিবাহকে সত্যিকার অর্থে একটি পারিবারিক মধ্যস্থতায় বিবাহ হতে হলে তা অবশ্যই সামঞ্জস্য, পছন্দ এবং উভয় পক্ষের অবহিত সম্মতির উপর ভিত্তি করে হতে হবে। **বিবাহ উদযাপনকারীরা, পুলিশ, আইন প্রয়োগকারী অন্যান্য পেশাজীবী, সম্প্রসারিত পরিবার এবং সম্প্রদায়ের সদস্যদের সবাইকে এই বিষয়ে সতর্ক থাকতে হবে যে একটি জোরপূর্বক বিবাহও একটি সম্মতিপূর্ণ বিবাহের মতো প্রদর্শিত হতে পারে। অতএব এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ যে ক্ষতিকারক অনুশীলনগুলির প্রতি সম্প্রদায়ের সমর্থন থাকা সত্ত্বেও, যা মানবাধিকার এবং জাতীয় ও আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে, সকল প্রকার বৈষম্যের বিরুদ্ধে শিশুদের রক্ষা করার জন্য জাতি রাষ্ট্র এবং আঞ্চলিক সরকার, তদারকি সংস্থা এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলি দ্বারা যথাযথ পরিশ্রম করে থাকে।**

৫৯ HM Government multi-agency practice guidelines, *Handling cases of Forced Marriage* (June 2014).

**বক্স-১৬**

**শিশু অধিকার সংক্রান্ত জাতিসংঘের কনভেনশন**[১]

অনুচ্ছেদ-২ এ বলা হয়েছে:

১। রাষ্ট্রের পক্ষগুলি শিশুর বা তার পিতামাতার বা আইনগত অভিভাবকের জাতি, বর্ণ, লিঙ্গ, ভাষা, ধর্ম, রাজনৈতিক বা রাজনৈতিক নির্বিশেষে, কোন ধরনের বৈষম্য ছাড়াই তাদের এখতিয়ারের মধ্যে প্রতিটি শিশুর বর্তমান কনভেনশনে উল্লিখিত অধিকারগুলিকে সম্মান করবে এবং নিশ্চিত করবে।

২. সন্তানের পিতামাতা, আইনী অভিভাবক, বা পরিবারের সদস্যদের অবস্থা, ক্রিয়াকলাপ, মতামত, বা বিশ্বাসের ভিত্তিতে শিশুর প্রতি সকল প্রকার বৈষম্য বা শাস্তির বিরুদ্ধে সুরক্ষিত আছে তা নিশ্চিত করার জন্য রাষ্ট্র পক্ষগুলি সমস্ত উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করবে।

১ The United Nations Convention on the Rights of the Child (1990), accessed via: https://downloads.unicef.org.uk/wp-content/uploads/2010/05/UNCRC_PRESS200910web.pdf?_ga=2.16687990.170076905.1577836147-1551955756.1577836147

**আন্তর্জাতিকভাবে, পুলিশিং এবং আইন প্রয়োগকারী সংস্থা এবং সেইজন্য তাদের এবং কর্মকর্তাদের মূল লক্ষ্য রয়েছে:** জীবন রক্ষা করুন, অপরাধ প্রতিরোধ ও সনাক্তকরণ **এবং** শান্তি ও নিরাপত্তা বজায় রাখুন।

**মাল্টি-এজেন্সি ফোর্সড ম্যারেজ গাইডলাইনে, যুক্তরাজ্য সরকার পুলিশ অফিসার এবং অন্যান্য পেশাজীবীদের জোরপূর্বক বিয়ের মামলা পরিচালনার ক্ষেত্রে ‹ওয়ান চান্স রুল› ধারণা মেনে চলার পক্ষে সমর্থন করেছে।[৬০] এই ধারণাটি তুলে ধরে যে পেশাদারদের প্রকৃত অর্থে, একজন সহিসতার শিকার ব্যক্তিকে আরও সহিসতার শিকার হওয়ার হাত থেকে রক্ষা, সুরক্ষা এবং নিরাপত্তা দেবার একটি ‹সুযোগ› করে দেয়। ক্ষতিগ্রস্তদের/জীবিতদের এবং সম্ভাব্য ক্ষতিগ্রস্তদের/ক্ষতিগ্রস্তদের থেকে রক্ষা এবং সুরক্ষায় ইতিবাচক পদক্ষেপ নিতে পেশাদারদের অনুপ্রাণিত করে এই ধারণা।**

**জোরপূর্বক বিয়ের জন্য তৈরি করা হলেও, ‹ওয়ান চান্স রুল› VAWG এর ক্ষেত্রে ব্যবহার করা যেতে পারে।**

৬০ HM Government, Multi-agency practice guidelines: Handling cases of Forced Marriage, (June 2014), p.16.

## মহিলাদের যৌনাঙ্গ বিকৃতি (FGM) / কাটিং (FGM / C)

মহিলাদের যৌনাঙ্গ বিকৃতি / কাটিয়া (এফজিএম / সি) বিশ্বব্যাপী অনেক বিচারক্ষেত্রে পুলিশ তদন্তকারী এবং প্রসিকিউটরদের জন্য একটি উল্লেখযোগ্য চ্যালেঞ্জ হিসাবে রয়ে গেছে যেখানে এটি অপরাধ হিসেবে স্বীকৃতি পেয়েছে।[৬১]

ওয়ার্ল্ড হেলথ অর্গানাইজেশন (WHO) FGM/C কে সংজ্ঞার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে সকল প্রক্রিয়া যার মধ্যে রয়েছে মহিলাদের বাহ্যিক যৌনাঙ্গের আংশিক বা সম্পূর্ণ অপসারণ, বা চিকিৎসার অভাবে মহিলাদের যৌনাঙ্গে অন্যান্য আঘাত।[৬২]

এফজিএম/সি নারী ও মেয়েদের মানবাধিকারের একটি ভয়াবহ লঙ্ঘন, যা তাদের স্বাস্থ্য এবং সুস্থতার উপর মারাত্মক প্রভাব ফেলে, এমনকি মৃত্যুর দিকেও ঠেলে দিতে পারে।[৬৩]

পুলিশ কর্মকর্তাদের এবং তাদের নেতাদের স্বীকৃতি দেওয়া গুরুত্বপূর্ণ যে FGM/C ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের গুরুতর শারীরিক ও মানসিক ক্ষতি করে। এই শারীরিক আঘাতগুলি ছুরিকাঘাত / স্ল্যাশিং আঘাতের অনুরূপ।

১৯৯৭ সালে, ডব্লিউএইচও চা মহিলাদের যৌনাঙ্গ বিকৃতি/কাটাকে চারটি প্রধান ধরণে শ্রেণীবদ্ধ করেছে:

- **ধরন-১:** প্রায়শই মহিলা যৌনাঙ্গে অঙ্গহানি (ক্লিটোরিডেক-টমি) হিসাবে উল্লেখ করা হয়, এটি ভঙ্গাকুরের আংশিক বা সম্পূর্ণ অপসারণ (মহিলাদের যৌনাঙ্গের একটি ছোট, সংবেদনশীল এবং খাড়া অংশ), এবং খুব বিরল ক্ষেত্রে, শুধুমাত্র প্রিপিউস (ভঙ্গাকুরের চারপাশের ত্বকের ভাঁজ)
- **টাইপ-২:** প্রায়শই কর্তন হিসাবে উল্লেখ করা হয়, এটি ভঙ্গাকুরের এবং ল্যাবিয়া মিনোরা (ভলভার অভ্যন্তরীণ ভাঁজ) এর আংশিক বা সম্পূর্ণ অপসারণ, ল্যাবিয়া মেজোরা (ভলভার ত্বকের বাইরের ভাঁজ) ছাড়া বা ছাড়াই।
- **টাইপ-৩:** প্রায়শই মেয়েদের যৌনাঙ্গ পরিবর্তন (infibulation) হিসাবে উল্লেখ করা হয়, এটি একটি আচ্ছাদন কাটার মাধ্যমে যোনি সংকীর্ণতা বৃদ্ধি করা। ল্যাবিয়া মিনোরা, বা ল্যাবিয়া মেজোরা, কখনও কখনও সেলাইয়ের মাধ্যমে, ক্লিটোরিস (ক্লিটোরিডেকটমি) অপসারণ সহ বা ছাড়াই এটা করা হয়।
- **টাইপ-৪:** এর মধ্যে রয়েছে চিকিৎসার অভাবে মহিলা-দের যৌনাঙ্গের অন্যান্য সমস্ত ক্ষতিকারক প্রক্রিয়া, যেমন-প্রিকিং, ভেদন, ইনসাইং, স্ক্র্যাপিং এবং জেনিটাল এরিয়াকে সতর্ক করা।

৬১ থমসন রয়টার্স ফাউন্ডেশন এবং 28TooMany, ‹The Law and FGM, An Overview of 28 African Countries›, (September 2018)।
৬২ Ibid
৬৩ Ibid

**বক্স-১৭**

**বেয়াঃ ১৪ বছর বয়সী মেয়ে**

বেয়া ছিল কেনিয়ায় বসবাসরত চৌদ্দ বছরের একটি মেয়ে, যাকে স্কুল ছুটির সময় **ফোর্সড ম্যারেজ গাইডলাইনে** (FGM) করতে বাধ্য করা হয়েছিল। তার বাবা-মা তাকে ২ কেজি চা পাতা এবং ১০ কেজি চিনি দামের বিনিময়ে তার মেয়েকে বিক্রি করে ৬৭ বছর বয়সী একজনের সাথে বিয়ে করার কথা ছিল।

এটি আশ্চর্যজনক নয়, যেদিন যখন তার অভিযুক্ত স্বামী তাকে বিয়ে করতে এসেছিল, বেয়া চিৎকার করে বলেছিল যে সে তার সাথে যাবে না এবং তাকে বিয়ে করবে না। বয়স্ক লোকটি কিছুক্ষণ পরে বেয়ার বাবাকে বলেছিল যে যখন সে শান্ত হবে, তখন সে তার জন্য ফিরে আসবে। যখন বেয়ার অভিযুক্ত স্বামী বাড়ি ছেড়ে চলে যান, তখন তার বাবা স্পষ্টতই এত লজ্জিত এবং ক্ষুব্ধ বোধ করেছিলেন এই ভেবে যে বেয়া তাকে বিয়ে করতে অস্বীকার করে তাকে অসম্মান ও অমান্য করেছে।

তার কথা না শোনার জন্য বেয়ার শাস্তি সরুপ তার ভাইয়েরা তাকে মাটিতে চাপা দিয়েছিল এবং তার বাবা তার কানের লতিগুলি একটি চাকু দিয়ে কেটে ফেলেছিল।

একবার তার ক্ষত সেরে গেলে, বেয়াকে ৬৭ বছর বয়সী লোকটির সাথে বিয়ে দেওয়া হয়েছিল। বেয়াসহ অন্যান্য মেয়েরা যারা বাধ্যতামূলক বিয়ের বা অনুরূপ পরিণতির মুখোমুখি হয়েছিল তাদের উদ্ধার করে এবং অন্যান্য অনেক মেয়েদের সাথে নিরাপদে একটি উদ্ধার কেন্দ্রে নিয়ে যাওয়া হয়।

বেয়া ভিকটিমের আসল নাম নয়।

**বক্স-১৮**

**FGM/C - মূল ঘটনাসমূহ**

- মহিলাদের যৌনাঙ্গ বিকৃতি/কাটা (FGM/C) পদ্ধতিগুলি অন্তর্ভুক্ত করে যা ইচ্ছাকৃতভাবে চিকিৎসার অভাবের কারণে মহিলাদের যৌনাঙ্গে অঙ্গ পরিবর্তন করে বা আঘাত করে।
- মেয়েদের এবং মহিলাদের জন্য এই পদ্ধতির কোনও স্বাস্থ্য সুবিধা নেই।
- পদ্ধতিগুলি গুরুতর রক্তপাত এবং প্রস্রাবের সমস্যা সৃষ্টি করতে পারে, এবং পরে সিস্ট, সংক্রমণ, সেইসাথে প্রসবের জটিলতা এবং নবজাতকের মৃত্যুর ঝুঁকি বাড়ায়।
- আফ্রিকা, মধ্যপ্রাচ্য এবং এশিয়ার দেশগুলিতে যেখানে এফজিএম/সি কেন্দ্রীভূত রয়েছে, সেখানে আজ ২০০ মিলিয়নেরও বেশি মেয়ে এবং নারী জীবিত রয়েছে।
- FGM/C বেশিরভাগ ক্ষেত্রে শৈশব এবং ১৫ বছর বয়সের মধ্যে অল্প বয়সী মেয়েদের উপর পরিচালিত হয়।
- FGM/C শিকার বেশিরভাগই মেয়ে শৈশব থেকে ১৫ বছরের মধ্যে অল্পবয়সী মেয়েদের উপর করা হয়।
- চার ধরনের FGM/C আছে (নিচে দেখুন)।

ডি-ইনফিবুলেশন বলতে বোঝায় যে মহিলার সিল করা যোনিপথের খোলা অংশ কেটে ফেলার অভ্যাসকে বোঝায় যেটি ইনফিফিউলেট হয়েছে, যা প্রায়শই স্বাস্থ্য এবং সুস্থতার উন্নতির জন্য এবং সেইসাথে মিলনের অনুমতি দেওয়ার জন্য বা সন্তান প্রসবের সুবিধার জন্য প্রয়োজনীয়। নারীর যৌন স্বাধীনতা নিয়ন্ত্রসহ পরিবার এবং সম্প্রদায়ের দ্বারা কেন FGM/C অনুশীলন করা হয় তার অনেক কারণ এবং প্রেরণা রয়েছে এবং "প্রায়ই যা গ্রহণযোগ্য যৌন আচরণ বলে বিবেচিত হয় সে সম্পর্কে বিশ্বাস দ্বারা অনুপ্রাণিত হয়।"[৬৪]

FGM / C- এর তদন্ত এবং / অথবা মামলা করা আরও কঠিন, যার মধ্যে রয়েছে:[৬৫]

- FGM/C সাধারণত ০-১৫ বছর বয়সের মধ্যে হয়। ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি কখন FGM/C করা হয়েছিল তা মনে রাখে না, এবং এই আঘাতের দাগের কারণে অতিরিক্ত সমস্যাও হতে পারে;;
- পরিবারের অন্যান্য সদস্যসহ মা এবং অন্যান্য মহিলা আত্মীয়দের অংশগ্রহণ কখনও কখনও ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে পুলিশ, প্রসিকিউটর এবং অন্যান্য কর্তৃপক্ষের সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করে।;
- একজন ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির সক্রিয়ভাবে পুলিশ বা অন্যান্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগ সম্প্রদায় এবং সামাজিক বিচ্ছিন্নতার কারণ হতে পারে;

৬৪ Ibid
৬৫ Ibid

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিরা তাদের ধর্মকে অপরাধী বা অসম্মান করতে চায় না। যদিও কোন ধর্মীয় গ্রন্থ এই অনুশীলনকে সমর্থন করে না অনুশীলনকারীরা প্রায়ই বিশ্বাস করেন যে এই অনুশীলনের ধর্মীয় সমর্থন রয়েছে;
- ক্ষমতা এবং কর্তৃত্বের স্থানীয় কাঠামো, যেমন কমিউনিটি লিডার, সনাতনী এবং বিশ্বাস ভিত্তিক নেতা, খৎনা করা, এবং এমনকি কিছু স্বাস্থ্য কর্মীরাও এই অনুশীলনকে অব্যাহত রাখতে অবদান রাখতে পারে, যা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের উপর চাপ সৃষ্টি করে।

উপরোক্ত বিষয়গুলি পুলিশ মিডল ম্যানেজার এবং কমিউনিটি মেম্বার, কমিউনিটি লিডার, অ্যাডভোকেট, সনাতন এবং বিশ্বাস ভিত্তিক নেতা, প্রসিকিউটর, হেলথ এবং সোশ্যাল কেয়ার প্রফেশনালদের সাথে এবং অন্যদের সাথে **অংশিদারিত্বের** (পার্টনারশিপ) চুক্তি তৈরির জন্য কাজ করছে । FGM- এর ক্ষেত্রে রিপোর্ট করার জন্য ইতিবাচক পদক্ষেপ নেওয়ার জন্য সচেতনতা বাড়াতে এবং বিশ্বাস ও আস্থা তৈরির জন্য সম্প্রদায় এবং অন্যান্য পেশাদারদের সাথে যোগাযোগ এবং জড়িত হওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ।



*গেরি ক্যাম্পবেল MBE FCMI AFHEA- গোয়েন্দা প্রধান প্রধান (অবসরপ্রাপ্ত) স্কটল্যান্ড ইয়ার্ড*

এটি পুলিশের মধ্যম পরিচালকদের ভূমিকা:

- প্রোটোকলের তৈরিতে অন্যান্য সংস্থা এবং অংশীদারদের সাথে আলোচনা এবং সমঝোতা করুণ যেমন তদন্ত এবং প্রসিকিউশন, তথ্য আদান -প্রদান চুক্তি (আইএসএ) ইত্যাদি;
- তাদের সংগঠনের ব্যবস্থাপনার নেতৃত্বকে এই অবস্থা সম্পর্কে অবহিত করুন;
- তাদের কর্মকর্তা এবং কর্মীদের সাথে প্রোটোকল এবং চুক্তির পরিসীমা সম্পর্কে যোগাযোগ করুন এবং সচেতনতা বৃদ্ধি করুন;
- প্রোটোকল এবং আইএসএগুলি কার্যকরভাবে কাজ করার জন্য সম্পদ সরবরাহ করুন;
- প্রোটোকল এবং আইএসএ কার্যকরভাবে প্রয়োগ করা হয়েছে তা নিশ্চিত করুণ

## ক্ষতিকারক অভ্যাসের তদন্ত এবং বিচারে অংশীদারিত্বে ভাল অনুশীলন

সম্মান-ভিত্তিক অপব্যবহারের তদন্তে অংশীদারিত্বের চুক্তির মূল উদাহরণগুলি পুলিশ মিডল ম্যানেজারদের দ্বারা এগিয়ে নেওয়ার জন্য জোরপূর্বক বিবাহ এবং মহিলাদের যৌনাঙ্গ বিচ্ছেদ যুক্তরাজ্যের ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল (NPCC)[৬৬] এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের (সিপিএস) [ইংল্যান্ড এবং ওয়েলস][৬৭] নির্দেশনায় পাওয়া যাবে যা তদন্ত এবং বিচারের জন্য নিম্নলিখিত প্রোটোকল অন্তর্ভুক্ত করে

**(১) NPCC এবং CPS FGM তদন্ত এবং প্রসিকিউশন প্রোটোকল**

- ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের মধ্যে মহিলা জেনিটাল মিউটিলেশন (এফজিএম) অপরাধ পরিচালনার প্রটোকল।[৬৮]

**(২) এনপিসিসি এবং সিপিএস অনার-ভিত্তিক নির্যাতন এবং জোরপূর্বক বিবাহ তদন্ত এবং প্রসিকিউশন প্রোটোকল**

- জাতীয় পুলিশ প্রধানদের কাউন্সিল এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের মধ্যে ‹তথাকথিত› অনার ভিত্তিক সহিংসতা/ নির্যাতন এবং জোরপূর্বক বিবাহের অপরাধ পরিচালনার বিষয়ে প্রটোকল।[৬৯]
- সম্মান ভিত্তিক নির্যাতন, জোরপূর্বক বিবাহ এবং নারী যৌনাঙ্গ বিকৃতকরণ; সম্মান ভিত্তিক অপব্যবহার, জোরপূর্বক বিবাহ এবং মহিলা যৌনাঙ্গ বিচ্ছেদ একত্রে নির্মূল করতে ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডের জন্য একটি নীতি কৌশল।[৭০]

---

৬৬ National Police Chiefs Council (UK), see: https://www.npcc.police.uk/

৬৭ The Crown Prosecution Service (UK), see: https://www.cps.gov.uk/

৬৮ Protocol on the handling of Female Genital Mutilation (FGM) offences between the National Police Chiefs' Council and the Crown Prosecution Service (2016), National Police Chiefs Council (UK).

৬৯ Ibid

৭০ 'Honour-based Abuse, Forced Marriage and Female Genital Mutilation: a Policing Strategy for England, Wales & Northern Ireland - Eradicating Honour Based Abuse, Forced Marriage and Female Genital Mutilation Together', National Police Chiefs Council (UK).

**বক্স-১৯**

**ক্ষতিকারক অনুশীলনের ব্যক্তিগত তদন্তের ভাল অনুশীলন**

ক্ষতিকারক অনুশীলনগুলির তদন্তে নিম্নলিখিত কিছু ‹কি করা যাবে এবং কি করা যাবে না’ বিষয় রয়েছে, যাতে পুলিশের মধ্যম পরিচালকরা সামনের সারির উত্তরদাতাদের এবং তদন্তকারীদের সাথে গ্রহণ, প্রচার এবং শক্তিশালী করতে পারেন।

নিম্নোক্ত ক্ষেত্রগুলি ভাল অনুশীলন থেকে উদ্ভূত:

| কি করবেন | কি করবেন না |
|---|---|
| শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে রক্ষা করুন এবং পরবর্তী অপরাধ সংঘটিত হওয়া রোধ করা | ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি, তার/তাদের জীবনধারা, সংস্কৃতি বা ধর্ম/বিশ্বাস ইত্যাদি সম্পর্কে বিষয়ভিত্তিক বিচার করুন |
| ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে আশ্বাস দিন এবং সমবেদনা জানান | অপরাধী এবং প্রত্যক্ষদর্শীদের উপস্থিতিতে সহিসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তির সাক্ষাৎকার নিন। ঘটনাস্থলে, সহিংসতার শিকার/বেঁচে যাওয়া, সাক্ষী এবং অপরাধীসহ অন্যান্য পক্ষগুলিকে পৃথক করুন |
| অপরাধের দৃশ্য এবং সাক্ষীর সাক্ষ্যকে সংরক্ষণ এবং সুরক্ষিত করুন যাতে প্রমাণের সর্বাধিক ব্যবহার নিশ্চিত হয় | কিছু করবেন না |
| পেশাগতভাবে, সংবেদনশীলতার এবং গোপনীয়তার সাথে কেসটি পরিচালনা করুন | ভিকটিমের/বেঁচে যাওয়া ব্যক্তির পরিবারের সাথে যোগাযোগ করুন বা যেকোনো ধরনের মধ্যস্থতায় জড়িত হওয়ার চেষ্টা করুন (কারণ এটি একটি উচ্চতর ঝুঁকি প্রদান করতে পারে) |
| ক্ষতিগ্রস্ত/বেঁচে থাকা ব্যক্তি এবং অন্যান্য মানুষ যেমন শিশু, দুর্বল প্রাপ্তবয়স্ক এবং যারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সহায়তা করছে তাদের প্রভাবিত করতে পারে এমন ঝুঁকি মূল্যায়ন এবং ব্যবস্থা-পনা বিষয়গুলি পর্যালোচনা করুন। একটি ঝুঁকি ব্যবস্থাপনা বা সুরক্ষা পরিকল্পনা তৈরি করুন, যার মধ্যে রয়েছে পালানোর পরিকল্পনা এবং যোগাযোগের নিরাপদ পদ্ধতি। | তদন্ত বা ‘ট্রাস্ট সার্কেল’ (বিশ্বাসের বৃত্তের) এর বাইরের কারও কাছে মামলার বিবরণ প্রকাশ করুন। ট্রাস্টের বৃত্তে IDVA , বিশেষজ্ঞ কেসওয়ার্কার (কর্মী) - স্থানীয় কাউন্সিলর, মেয়র, সম্প্রদায়ের নেতা, নির্বাচিত রাজনীতিবিদ এবং জনজীবনে এবং/অথবা কর্তৃত্বের পদে থাকা অন্যান্য ব্যক্তিরা অন্তর্ভুক্ত থাকবে।[১] |
| ভুক্তভোগীর/বেঁচে যাওয়া ব্যক্তির ব্যক্তিগত বিবরণ যত্ন এবং গোপনীয়তার সাথে হ্যান্ডেল, স্টোর এবং ট্রান্সফার করুন | কখনও বলুন যে নারী ও মেয়েদের প্রতি সহিংসতা পুলিশের চাকরির কাজ নয় |
| ‘জানা প্রয়োজন’ এর ভিত্তিতে মামলা পরিচালনা করুন | কখনো কোনো পরিবারের সদস্য (বিশেষ করে শিশুদের ক্ষেত্রে), সম্প্রদায়ের সদস্য, বন্ধু বা অন্য কোনো অননুমোদিত ব্যক্তিকে ব্যাখ্যা করার জন্য ব্যবহার করুন |
| ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির যোগাযোগের পছন্দের পদ্ধতি ব্যবহার করে সময়মতো এবং নিয়মিত আপডেট প্রদান নিশ্চিত করার সময় ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে আশ্বস্ত করুন এবং সহায়তা করুন। | বিদেশে কোন অপরাধ সংঘটিত হলে বিদেশী আইন প্রয়োগকারী সংস্থা বা সরকারি কর্মকর্তাদের সাথে সরাসরি যোগাযোগ করুন। শুধুমাত্র বিশ্বস্ত উৎস এবং অনুমদিত প্রক্রিয়া ব্যবহার করে এটি করুন। |
| ভুক্তভোগী/জীবিত ব্যক্তির সাথে সৎ, খোলামেলা এবং স্বচ্ছ থাকুন। | পুলিশ, অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা বা বিশেষজ্ঞ সহায়তা সংস্থার সহায়তা ছাড়াই নিজেকে বা তার সন্তানদের সুরক্ষার জন্য ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির উপর দায়িত্ব অর্পণ করুন |

১ স্বাধীন ঘরোয়া সহিংসতা উপদেষ্টা।

| কি করবেন | কি করবেন না |
|---|---|
| আপনার পরিষেবাগুলির সম্পূর্ণ অ্যাক্সেসযোগ্যতা নিশ্চিত করুন এবং কেস ম্যানেজমেন্ট জুড়ে অন্তর্ভুক্তিমূলক অনুশীলন নিশ্চিত করতে সক্ষম করুন। | |
| নিশ্চিত করুন যে একজন পরিচালককে পরামর্শ, নির্দেশিকা এবং সম্পদ সহায়তা প্রদানের জন্য ব্রিফ করা হয়েছে, যেমন কৌশলগত উপদেষ্টা, পারিবারিক যোগাযোগ কর্মকর্তা, সাক্ষাৎকার উপদেষ্টা, ফরেনসিক ম্যানেজার (অপরাধের গুরুতরতা এবং জটিলতার উপর নির্ভর করে) | |
| প্রথম উত্তরদাতার কার্যক্রম পর্যালোচনা করুন। যদি অবকাঠামো সমর্থন করে – আঙুলের ছাপ, ডিএনএ এবং শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছ থেকে অবহিত সম্মতি নিয়ে একটি ফ্যামিলি ট্রি তৈরি করুন। | |
| সাংস্কৃতিকভাবে নির্দিষ্ট বিশ্বস্ত নাগরিক সমাজ সংস্থা / এনজিওতে শিকার / জীবিতকে পাঠান | |
| একটি বিশেষজ্ঞ পুলিশ তদন্ত ইউনিট এবং/অথবা বিশেষজ্ঞ প্রসিকিউটরের কাছে মামলাটি প্রেরণ করুন | |
| তদন্তের সময় পরামর্শ দেওয়ার জন্য সাংস্কৃতিক এবং অন্যান্য বিশেষজ্ঞদের বিবেচনা করুন। নিয়োগ দেওয়া বিশেষজ্ঞ এবং দোভাষীদের প্রশংসাপত্র যাচাই করার ক্ষেত্রে সর্বদা যথাযথ পরিশ্রম করুন<br><br>• **নিশ্চিত করুন যে আপনি সঠিক কারণে সঠিক বিশেষজ্ঞ ব্যবহার করছেন)** | |
| লিঙ্গভিত্তিক নির্যাতন মোকাবেলায় কৌশলগত এবং /অথবা পরিচালনার পন্থা সম্পর্কে পরামর্শের জন্য বিশেষজ্ঞ পুলিশ উপদেষ্টাদের একটি ক্যাডার তৈরি করুন | |
| পুলিশের প্রথম উত্তরদাতা/প্রাথমিক তদন্তকারী, বিশেষজ্ঞ তদন্ত এবং তাদের তত্ত্বাবধায়ক কর্মকর্তাদের সাথে যৌথ প্রশিক্ষণ সেশন পরিচালনা করুন যাতে প্রত্যেকেই জানতে পারে যে তারা কীভাবে প্রতিক্রিয়া এবং তদন্তকারী মডেলের সাথে খাপ খাইয়ে চলবে।<br><br>বিভিন্ন সংস্থার অংশীদারদের মধ্যে এই প্রশিক্ষণ সেশনগুলি প্রসারিত করুন। | |

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Investigation Process (College of Policing), see: https://www.app.college.police.uk/app-content/investigations/investigation-process/

২. Huhtanen, H., Lonsway, K.A., Archambault, J. (2017), 'Gender Bias in Sexual Assault Response and Investigation. Training Bulletin Series: Part 1', End Violence Against Women International (EVAWI).

৩. Unbiased Policing (Provincial Government of British Columbia), see: https://engage.gov.bc.ca/unbiasedpolicing/work-to-date/

৪. Malcolm K. Sparrow (2015), 'Measuring Performance in a Modern Police Organization in New Perspectives in Policing' (National Institute of Justice), see: https://www.ncjrs.gov/pdffiles1/nij/248476.pdf

৫. Erin Gallagher, SGBV Investigation Planning (2015), Institute for International Criminal *Investigations* (IICI) and the Justice Rapid Response.

৬. Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police-victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.1230061

৭. Training Programme on the Treatment of Child Victim/survivors and Child Witnesses of Crime for Law Enforcement Officials (UNODC, 2015), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Training_Programme_on_the_Treatment_of_Child_Victim/survivors_and_Child_Witnesses_of_Crime_-_Law_Enforcement.pdf

৮. United Nations Police *Gender Toolkit* (UN. Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015).

৯. 'A Handbook for Police Responding to Domestic Violence: Promoting Safer Communities by Integrating Research & Practice', see: https://www.lfcc.on.ca/publication/handbook-for-police-responding-to-domestic-violence-2004/a-handbook-for-police-responding-to-domestic-violence_-promoting-safer-communities-by-integrating-research-_-practice_toc/

১০. Training Programme on the Treatment of Child Victim/survivors and Child Witnesses of Crime (UNODC, 2015), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Training_Programme_on_the_Treatment_of_Child_Victims_and_Child_Witnesses_of_Crime_-_Law_Enforcement.pdf

১১. Training Manual for Police Officers Strengthening Program for the Security of Vulnerable Groups, (UNODC in partnership with the Government of Mexico, 2017), see: https://www.unodc.org/mexicoandcentralamerica/es/sectors/Programa_fortalecer_seguridad_grupos_situacion_vulnerabilidad.html

*12.* WHO Guidelines for Medico-Legal Care for Victim/Survivors of Sexual Violence (2003), see: https://apps.who.int/iris/handle/10665/42788

*13.* Roberts, Campbell and Lloyd, '*Honor-Based Violence: Policing and Prevention*' CRC Press (Taylor and Francis Group), 2013

*14.* Sexual Assault Response Policy and Training Content Guidelines. International Association of Chiefs of Police (2015), National Law Enforcement Leadership Initiative on Violence Against Women https://www.theiacp.org/resources/sexual-assault-response-policy-and-train-ing-content-guidelines

*15.* Guidelines for Medico-legal Care for Victim/Survivors of Sexual Violence (World Health Organisation (2003), see: https://apps.who.int/iris/handle/10665/42788

*16.* Training Programme on the Treatment of Child Victim/survivors and Child Witnesses of Crime for Law Enforcement Officials (UNODC, 2015), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Training_Programme_on_the_Treatment_of_Child_Victim/survivors_and_Child_Witnesses_of_Crime_-_Law_Enforcement.pdf

*17.* 'Do No Harm' (UN Women, 2010), see: https://endvawnow.org/en/articles/200-do-no-harm.html

*18.* 'Gender-based Violence Resource Pack - A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders (UN Women, 2019)

*19.* Lisa Adams and Yumi Sera, 'Gender Guidelines' (2018), Disability Rights Fund & Disability Rights Advocacy Fund, see: https://disabilityrightsfund.org/wp-content/uploads/Gender-Guidelines.pdf

*20.* 'More than just a ramp: A guide for Women's Refuges to develop Disability Discrimination Act Action Plans' (2007), Women with Disabilities Australia (WWDA), see: http://wwda.org.au/wp-content/up-loads/2013/12/More_Than_Just_A_Ramp.pdf

*21.* UN, Fact Sheet No.23, on Harmful Traditional Practices Affecting the Health of Women and Children,

accessed via https://www.ohchr.org/Documents/Publications/FactSheet23en.pdf

২২. A Submission Highlighting the Harmful Practices Targeted at Persons with Disabilities, and in Particular Women and Girls with Disabilities, International Disability Alliance (2017), see: http://www.internationaldisabilityalliance.org/resources/submission-highlighting-harmful-practices-targeted-persons-disabilities-and-particular

২৩. Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017), 'Police–victim engagement in building a victim empowerment approach to intimate partner violence cases', *Police Practice and Research*, 18:1, 75-86, DOI: 10.1080/15614263.2016.1230061.

২৪. Ellison, L. (2002), 'Prosecuting domestic violence without victim participation', *Modern Law Review*, 65, 834–858

২৫. Vandello, J. A. & Cohen, D., 'Male honor and female fidelity: Implicit cultural scripts that perpetuate domestic violence', [2003] *Journal of Personality and Social Psychology* 84 at p. 997.

২৬. Julian Pitt-Rivers, "Honor and Social Status," in *Honour and Shame: The Values of Mediterranean Society* (ed. J. G. Peristiany, Weidenfeld and Nicolson, 1965), p 21.

২৭. UN News (4 March 2010) access via https://news.un.org/en/story/2010/03/331422

২৮. Global Study on Homicide, Gender related killing of women and girls (UNODC, 2018), accessed via https://www.unodc.org/documents/data-and-analysis/GSH2018/GSH18_Gender-related_killing_of_women_and_girls.pdf p.31.

২৯. UN Secretary General's In-depth study of all forms of violence against women, A/61/122/Add.1 (2006), para 65, p27.

৩০. UN Secretary General's In-depth study of all forms of violence against women, A/61/122/Add.1 (2006), para 1, p9.

৩১. UN Fact Sheet No.23 on Harmful Traditional Practices Affecting the Health of Women and Children, accessed via https://www.ohchr.org/Documents/Publications/FactSheet23en.pdf

৩২. A Submission Highlighting the Harmful Practices Targeted at Persons with Disabilities, and in Particular Women and Girls with Disabilities (International Disability Alliance, 2017).

৩৩. HM Government Multi-agency practice guidelines, *Handling cases of Forced Marriage* (June 2014)

৩৪. GirlsNotBrides, accessed via https://www.girlsnotbrides.org/700-million-women-married-children-reveals-new-unicef-data/

৩৫. World Health Organisation (WHO), Adolescents: health risks and solutions, 13 December 2018 accessed via https://www.who.int/en/news-room/fact-sheets/detail/adolescents-health-risks-and-solutions

৩৬. 115 million boys and men around the world married as children - UNICEF United Kingdom, accessed via https://www.unicef.org.uk/press-releases/115-million-boys-and-men-around-the-world-married-as-children-unicef/

৩৭. The United Nations Convention on the Rights of the Child, accessed via https://downloads.unicef.org.uk/wp-content/uploads/2010/05/UNCRC_PRESS200910web.pdf?_ga=2.16687990.170076905.1577836147-1551955756.1577836147

৩৮. HM Government, Multi-agency practice guidelines: Handling cases of Forced Marriage, p.16, June 2014, accessed via https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/322307/HMG_MULTI_AGENCY_PRACTICE_GUIDELINES_v1_180614_FINAL.pdf

৩৯. Thomson Reuters Foundation and 28TooMany, 'The Law and FGM, An Overview of 28 African Countries' (September 2018) accessed via https://www.28toomany.org/static/media/uploads/Law%20Reports/the_law_and_fgm_v1_(september_2018).pdf

৪০. World Health Organisation (WHO), Factsheet on Female genital mutilation, 31 January 2018, accessed via https://www.who.int/news-room/fact-sheets/detail/female-genital-mutilation

৪১. National Police Chiefs Council (UK), see: https://www.npcc.police.uk

৪২. The Crown Prosecution Service (UK), see: https://www.cps.gov.uk

৪৩. Protocol on the handling of Female Genital Mutilation (FGM) offences between the National Police Chiefs' Council and the Crown Prosecution Service (National Police Chiefs Council UK), see: https://www.cps.gov.uk/sites/default/files/documents/legal_guidance/hbv_and_fm_protocol_nov_16.pdf

৪৪. 'Honour-based Abuse, Forced Marriage and Female Genital Mutilation: A Policing Strategy for England, Wales & Northern Ireland - Eradicating Honour Based Abuse, Forced Marriage and Female Genital Mutilation Together' (National Police Chiefs Council UK), see: https://www.npcc.police.uk/Publication/Final%20NPCC%20HBA%20strategy%202015%202018December%202015.pdf

# নিরাপত্তা এবং সুরক্ষা

*"ঘনিষ্ঠ অংশীদার সহিংসতা (আইপিভি) হল মহিলাদের জন্য প্রধান স্বাস্থ্যগত ফলাফল এবং পরিবার, সম্প্রদায় এবং সরকারের জন্য উল্লেখযোগ্য সামাজিক ও অর্থনৈতিক প্রভাবসহ বিশ্বব্যাপী মহিলাদের বিরুদ্ধে সহিংসতার সবচেয়ে সাধারণ ধরণ।"*

জাতিসংঘ সাধারণ পরিষদ, ২০০৬

# অধ্যায়ের লক্ষ্যসমূহ

**পুলিশ VAWG এর ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষমতায়িত করেছে যাতে তারা ফৌজদারি, দেওয়ানি বা পারিবারিক আইনের মামলার যে কোন পর্যায়ে এবং স্বাধীনভাবে কার্যকরভাবে সুসংহত সুরক্ষা ব্যবস্থা প্রদান এবং ন্যায়বিচারের সাথে নিরাপদে যুক্ত থাকতে সক্ষম হয়।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ:

- আইপিভি পুলিশের কাজের একটি মূল উপাদানকে প্রতিনিধিত্ব করে এবং, যেমন, সমস্ত প্রতিক্রিয়াশীল কর্মকর্তাদের 'কোন ক্ষতি করো না' নীতি প্রয়োগ করতে সক্ষম হওয়া উচিত।;
- সহিংসতার শিকার/জীবিতদের নিরাপত্তা এবং সুরক্ষা সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দু হতে হবে;
- ঝুঁকি মূল্যায়ন, নিরাপত্তা পরিকল্পনা এবং পর্যালোচনা অবশ্যই একটি চলমান প্রক্রিয়া হতে হবে যখন থেকে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি বিচার প্রক্রিয়ায় প্রবেশ করবে;
- সুরক্ষা পরিকল্পনাগুলি প্রতিরোধমূলক, ভবিষ্যদ্বাণীমূলক টুলস নয়, যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে একত্রে প্রস্তুত হওয়া উচিত, যাতে সেগুলি পরিস্থিতি নির্ভর হয়;
- শিসহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের ক্ষমতায়ন নিশ্চিত করতে সুরক্ষা ব্যবস্থাগুলি হুমকির আনুপাতিকভাবে পর্যবেক্ষণ এবং প্রয়োগ করা উচিত;
- ঝুঁকি মূল্যায়ন টুলসগুলির পর্যালোচনা বা মূল্যায়ন নিম্নমানের কর্মক্ষমতা সনাক্তকরণ এবং পেশাদারিকরণের প্রচারের জন্য গুরুত্বপূর্ণ;
- সক্রিয় শ্রবণ প্রতিফলিত করা নমনীয় দক্ষতা এবং কার্যকারিতা, বিচারহীনভাবে কাজ করা এবং অন্যের মর্যাদাকে সম্মান করা সফল পুলিশিং প্রতিষ্ঠা করতে অবদান রাখে;
- সুনির্দিষ্ট সহিংসতা এবং বৈষম্যের অসঙ্গতিপূর্ণ প্রকৃতিকে প্রাসঙ্গিক পরিবেশের সাথে সংযুক্ত করা সুরক্ষা ব্যবস্থা কার্যকর করার জন্য মৌলিক।



# ভূমিকা

**অপরাধ প্রতিরোধ এবং ফৌজদারি বিচারের ক্ষেত্রে মহিলাদের বিরুদ্ধে সহিংসতা নির্মূলের ২০১০ সালের আপডেট করা মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থাগুলিতে ফৌজদারি বিচার কর্মকর্তাদের, যেমন পুলিশ এবং ভুক্তভোগী/বেঁচে থাকা আইনজীবীদের, ঝুঁকি মূল্যায়ন পরিচালনা করতে হয় যাতে দুর্বল অবস্থান, অস্ত্রের উপস্থিতি এবং অন্যান্য নির্ধারক কারণের উপর ভিত্তি করে ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিরা যে ক্ষতির সম্মুখীন হয় তার মাত্রা বা পরমাণ নির্ণয় করা যায়।**

ছবি ইউএন উইমেন/জশিম সালাম (বাংলাদেশ) এর সৌজন্যে

এই ক্ষেত্রে, অপরাধ প্রতিরোধ ও অপরাধ সংক্রান্ত জাতিসংঘের কমিশন লিঙ্গ-ভিত্তিক সহিংসতার ('GBV') সাথে সম্পর্কিত হতে পারে এমন বেশ কয়েকটি ঝুঁকির কারণ তুলে ধরে।[১]

> **"লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বা GBV হল কোনও ক্ষতিকারক কাজের একটি ব্যাপক ধারণা যা নারী এবং পুরুষের মধ্যে সামাজিকভাবে চিহ্নিত (লিঙ্গ) পার্থক্যের উপর ভিত্তি করে একজন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে সংঘটিত হয়। GBV-এর প্রকৃতি এবং ব্যাপ্তি সংস্কৃতি, দেশ ও অঞ্চল ভিত্তিতে ভিন্ন হতে পারে। "**
>
> সূত্র: ইউনিসেফ, ইউএনএফপিএ, ইউএনডিপি, ইউএন উইমেন

এর মধ্যে রয়েছে নিরক্ষরতা; অর্থনৈতিক বৈষম্য; সাংস্কৃতিক নিয়ম এবং সামাজিক প্রথাগত অনুশীলন; মহিলাদের নিরাপদ এবং সাশ্রয়ী মূল্যের বাসার অভাব এবং সম্পত্তি বৈষম্য; মহিলাদের জন্য পরিষেবা এবং সম্পদের অভাব বা অকার্যকরতা; লিঙ্গ সমতা নীতির অভাব বা অকার্যকরতা; সহিংসতাকে সমর্থন করে এমন সামাজিক নিয়ম, লিঙ্গ বৈষম্য এবং পুরুষের অধিকার; সহিংসতার বিরুদ্ধে দুর্বল সম্প্রদায়ের নিষেধাজ্ঞা; একটি অকার্যকর বিচার ব্যবস্থা; দরিদ্র শহুরে অবকাঠামো; এবং মদ/অ্যালকোহল এবং মাদকের অপব্যবহার।[২]

অন্যান্য কারণগুলির মধ্যে রয়েছে জাতিসত্তা, যৌন অভিমুখীতা, জাতীয়তা এবং/অথবা অক্ষমতার উপর ভিত্তি করে বৈষম্যের প্রাতিষ্ঠানিক এবং/অথবা সামাজিকভাবে স্বীকৃত রূপ যা নারী ও মেয়েদেরকে দুর্বলতার উষ্চ ঝুঁকিতে রাখে।

নিম্নলিখিত অধ্যায়টি VAWG এ একটি কার্যকর এবং পর্যাপ্ত পুলিশি হস্তক্ষেপের জন্য প্রয়োজনীয় সুরক্ষা ব্যবস্থার মূল উপাদানগুলির উপর আলোকপাত করবে যখন অভিযুক্ত অপরাধী কিছু মাত্রায় সহিংসতার শিকার/জীবিত এবং/অথবা পুলিশের কাছে পরিচিত হয়।

১ লিঙ্গ-ভিত্তিক সহিংসতার উদাহরণগুলির মধ্যে রয়েছে: যৌন সহিংসতা, যৌন শোষণ/নির্যাতন এবং জোরপূর্বক পতিতাবৃত্তিসহ; পারিবারিক সহিংসতা; নারী ও মেয়েদের পাচার; ক্ষতিকারক অভ্যাস যেমন মহি-লাদের যৌনাঙ্গ বিকৃতি/কাটা; 'সম্মান' হত্যা; এবং শিশু, প্রাথমিক এবং জোরপূর্বক বিবাহ।

২ See UN-HABITAT and Huairou Commission, 'Global Assessment on Women's Safety. Preliminary Survey Results', draft working document, September 2007, p. 8. in Aspects of Violence against Women that pertain directly to the Commission on Crime Prevention and Criminal Justice (Commission on Crime Prevention and Criminal Justice V.08-52191 (E) *0852191* Seventeenth session) Vienna, 14-18 April 2008।

জাতীয় আইনি কাঠামোর উপর নির্ভর করে, VAWG-এর ক্ষেত্রে সুরক্ষা নিশ্চিত করার সময় পুলিশ বিভিন্ন টুলস (সরঞ্জাম) এবং পদ্ধতি  ব্যবহার করতে পারে, যেমন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির পক্ষে হস্তক্ষেপ বা সুরক্ষা আদেশ জারি করার ক্ষমতা।  এই ধরনের টুলস (সরঞ্জাম) এবং পদ্ধতিগুলির সক্রিয় প্রয়োগ সুরক্ষা চাওয়া মহিলাদের এবং মেয়েদের জন্য একটি মৌলিক পার্থক্য তৈরি করতে পারে।

অস্ট্রেলিয়ান সরকারের সমাজসেবা বিভাগের একটি জাতীয় পর্যালোচনা  সমস্ত সিস্টেমে অত্যাবশ্যকীয় পরিষেবাগুলি অপরাধীদেরকে কীভাবে জবাবদিহির আওতায় নিয়ে আসছে তা সুনির্দিষ্টভাবে উল্লেখ করেছে যে সহিংসতার শিকার/জীবিতদের পক্ষে হস্তক্ষেপের আদেশ জারি করার জন্য পুলিশের ক্ষমতা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এটি হস্তক্ষেপ আদেশের জারীর জন্য নিজেরাই আবেদন করার ফলে আরও ক্ষতি থেকে নারী এবং তাদের শিশুদের রক্ষা করার প্রয়োজনীয়তাকে স্বীকৃতি দিয়েছে, যেমন অপরাধীদের দ্বারা প্রতিশোধ নেওয়া, এবং নিজেদের রক্ষা করার জন্য ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকাদের উপর বোঝা এবং দায়িত্ব হ্রাস করা।[৩] ফলস্বরূপ, প্রতিবেদনটিতে প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের দ্বারা প্রয়োগ করা নিরাপত্তা এবং সুরক্ষা ব্যবস্থাগুলিতে নিম্নলিখিত মানদণ্ড প্রয়োগ করার কথা বলা হয়েছে।[৪]

- নারী ও তাদের শিশুদের নিরাপত্তা  অপরাধীর সনাক্তের  মূলে থাকা উচিত;
- অপরাধীরা সঠিক সময়ে সঠিক হস্তক্ষেপ (সহায়তা) যেন পায়;
- অপরাধীরা যখন সহিংসতা করে তখন ন্যায়বিচার এবং আইনি পরিণতির সম্মুখীন হয়;
- অপরাধীরা এমন প্রকল্প এবং পরিষেবাগুলিতে অংশগ্রহণ করে যা তাদের সহিংস আচরণ এবং মনোভাব পরিবর্তন করতে সক্ষম করে;
- ক্রমাগত উন্নতির জন্য অপরাধীদের বিষয়ে কার্যক্রম  বিশ্বাস-যোগ্য প্রমাণ দ্বারা চালিত হয়;
- অপরাধীদের নিয়ে কাজ করা সময় কর্মরত ব্যক্তিরা গার্হস্থ্য, পারিবারিক এবং যৌন সহিংসতার গতিশীলতা এবং প্রভাবগুলির প্রতিক্রিয়া জানাতে দক্ষ।

৩ See the National Outcome Standards for Perpetrator Interventions or NOSPI Baseline Report (2015-2016), (Australian Department for Social Sciences, 2017), see: https://plan4womenssafety.dss.gov.au/wp-content/uploads/2015/04/nospi_coag_paper.pdf

৪ Ibid

এই অধ্যায়টি ESP-তে নির্দেশিত পুলিশ সুরক্ষা ব্যবস্থার মূল নীতিগুলির সাথে, সরকার-সমর্থিত পর্যালোচনাগুলি থেকে প্রাপ্ত এই ধরনের মানদণ্ডগুলিকে প্রচার করার উপর ফোকাস করবে, যাতে সেগুলি সহিংসতার শিকার/জীবিত প্রত্যেক ব্যক্তির জন্য বিশেষভাবে পরিকল্পনা করা যেতে পারে যাতে তারা মনে করে যে এই প্রক্রিয়াটির উপর তাদের নিয়ন্ত্রণ আছে।

**এটাই** জোর দেওয়া গুরুত্বপূর্ণ যে VAWG-এর শিকার/জীবিতদের মধ্যে যারা বিচার ব্যবস্থার মধ্য দিয়ে যেতে না চান তাদের জন্যও পুলিশকে সমানভাবে সুরক্ষা ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

এই অধ্যায়টি ছাড়াও, পুলিশকে অনুচ্ছেদ-৮ এর মডিউল-৩ এর ESP-এর ন্যায়বিচার এবং পুলিশিং এর সুরক্ষা এবং নিরাপত্তা দেখার সুপারিশ করা হয়েছে

সুরক্ষা এবং নিরাপত্তা এই অধ্যায়টি অন্যদের থেকে অনন্য কারণ এটি মূলত অন্তরঙ্গ সঙ্গীদের সহিংসতার (‹IPV›) ক্ষেত্রে দৃষ্টি নিবদ্ধ করবে।[৫] যেখানে, বেশিরভাগ ক্ষেত্রে, সহিংসতার অভিযুক্ত অপরাধী ইতিমধ্যেই পরিচিত বা এই আইনের প্রত্যক্ষ ফলাফলের অংশ হিসাবে শিকার/জীবিত ব্যক্তির কাছে পরিচিত হয়ে উঠেছে। ইএসপি আইপিভিকে নিম্নরুপ ভাবে বর্ণনা করা হয়েছে:

> “ বিশ্বব্যাপী নারীরা সহিংসতার যে অভিজ্ঞতা অর্জন করেছে তার সবচেয়ে সাধারণ রূপ.... এবং তার সম্মতি ব্যতীত বর্তমান বা প্রাক্তন অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা প্রাপ্তবয়স্ক এবং কিশোরী মহিলাদের বিরুদ্ধে ব্যবহৃত যৌন, মানসিক এবং শারীরিকভাবে জোরপূর্বক কাজের বিভিন্ন ধরণ অন্তর্ভুক্ত। শারীরিক সহিংসতা নারীর ক্ষতি বা আঘাত করার জন্য ইচ্ছাকৃতভাবে শারীরিক বল, শক্তি বা অস্ত্র ব্যবহার করে। যৌন সহিংসতার মধ্যে রয়েছে আপত্তিজনক যৌন স্পর্শ, একজন মহিলাকে তার সম্মতি ছাড়াই যৌন কাজে লিপ্ত করা এবং অসুস্থ, অক্ষম, চাপে বা মদ বা অন্যান্য মাদকের প্রভাবে থাকা কোনও মহিলার সাথে যৌন ক্রিয়া করার চেষ্টা করা বা সম্পূর্ণ করা। মনস্তাত্বিক সহিংসতার মধ্যে রয়েছে মহিলাকে নিয়ন্ত্রণ বা বিচ্ছিন্ন করা এবং তাকে অপমান করা বা বিব্রত করা। অর্থনৈতিক সহিংসতার মধ্যে রয়েছে একজন মহিলার মৌলিক সম্পদের প্রবেশাধিকার এবং নিয়ন্ত্রণ অস্বীকার করা।[৬] *(জাতিসংঘ মহাসচিবের রিপোর্ট (২০০৬)।*

৫ হ্যান্ডবুকের উদ্দেশ্যে, লেখকরা “পারিবারিক সহিংসতা” বা “আন্তঃ-পারি-বারিক সহিংসতা” এর পরিবর্তে “ঘনিষ্ঠ সঙ্গী দারা সহিংসতা” বা ‘IPV’ শব্দটিকে পছন্দ করেন এবং ফলস্বরূপ ‘আইপিভি’ শব্দটিকে অগ্রাধিকার দেবেন যদি না ‘পারিবারিক সহিংসতা’ শব্দটি ‘মূল উৎসে ব্যবহৃত হয়।

৬ Report of the Secretary-General, In-depth study on all forms of violence against women, United Nations, A/61/122/Add.1, (6 July 2006) paras. 111- 112




IPV সাড়া প্রদানকারী অফিসারদের কাজের একটি মূল উপাদানকে প্রতিনিধিত্ব করে এবং যেমন, সমস্ত সাড়াদানকারী পুলিশকে ক্ষতি না করার নীতিটি প্রয়োগ করতে সক্ষম হওয়া উচিত যা একজন ভিকটিম/জীবিত ব্যক্তির অধিকার, তার ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তার প্রয়োজনসহ সম্মানের সাথে শুরু হয়।[৭] «কোন ক্ষতি করো না» "কোন ক্ষতি করবেন না" এর অর্থ এই হিসাবেও বোঝা যেতে পারে যে হস্তক্ষেপগুলি অবশ্যই পর্যালোচনাধীন পরিস্থিতি বা সমস্যাকে বাড়বে না এবং সংশ্লিষ্ট পরিবার এবং সম্প্রদায়ের জন্য বিপদ সৃষ্টি করবে না।[৮] ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকাদের সাথে একটি নিরাপদ পরিবেশে সমস্ত কথোপকথন, মূল্যায়ন এবং সাক্ষাত্কার গ্রহণ কোন ক্ষতি না করার নীতি মেনে চলার একটি উদাহরণ।

VAWG-এর শিকার/জীবিত ব্যক্তিকে নিরাপত্তা এবং সুরক্ষা প্রদান করতে চাওয়ার সময় UN Women's Safety, Consent and Confidentially Triangle (নীচে) বিবেচনা করার জন্য একটি ভাল দৃষ্টান্ত। ত্রিভুজ আকৃতির চিত্রটিতে পারিবারিক সহিংসতার সম্মুখীন হওয়া নারী ও মেয়েদের সুরক্ষার জন্য কর্তৃপক্ষকে মূল অনুঘটক হিসাবে চিহ্নিত করা এবং পদক্ষেপ নেওয়ার আগে তাদের সম্মতি চাওয়ার গুরুত্বের ওপর জোর দেওয়া এবং তাদের পরিচয় ও অভিজ্ঞতা গোপন রাখার উপর জোর দেওয়া হয়েছে। এটা গুরুত্বপূর্ণ যে তারা শুধুমাত্র তাদের অনুমতি নিয়ে কাজ করবে যদি তাদের জীবন হুমকির সম্মুখীন না হয়।

৭ গোপনীয়তার নীতির সম্ভাব্য ব্যতিক্রম বিদ্যমান। UNPOL জেন্ডার টুলকিট উদাহরণ প্রদান করে, যার মধ্যে রয়েছে শিশু নির্যাতন বা অবহেলার সন্দেহ, জীবন-হুমকির পরিস্থিতি, আত্মহত্যার প্রবণতার সন্দেহ বা অন্যদের ক্ষতির গুরুতর হুমকি। UNPOL-এর মতে, এই ধরনের ক্ষেত্রে, পুলিশ কাজ করতে পারে যদি এই পরিস্থিতিগুলি প্রমাণ করার যুক্তিসঙ্গত কারণ থাকে এবং স্বাস্থ্যসেবা কর্মী এবং পরামর্শদাতাদের কাছ থেকে পরামর্শ চাইতে পারে। See: UN Police Gender Toolkit (UN. Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015).

৮ A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming (UN Women et al., 2018).

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা (পিয়ার-টু-পিয়ার গাইডেন্স)

ভুক্তভোগী/জীবিতদের প্রাথমিক এবং চলমান নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে পুলিশ বিচার ব্যবস্থার একটি গুরুত্বপূর্ণ অংশীদার, তাই অন্যান্য সংস্থা এবং পরিষেবা প্রদানকারীদের সাথে কাজ করার ক্ষেত্রে আপনার গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে।

অন্যান্য অংশীদারদের সাথে সহযোগিতা করার মাধ্যমে, VAWG-এর অপরাধ তদন্তে আপনার ভূমিকা শক্তিশালী এবং সমর্থন করা হবে, যখন সহিংসটার শিকার/জীবিতরা তাদের নির্দিষ্ট প্রয়োজনের সাথে প্রাসঙ্গিক নিরাপত্তা এবং সুরক্ষা পায়। ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির নিরাপত্তা ও সুরক্ষার প্রয়োজনীয়তা শনাক্ত করার জন্য আপনাকে প্রথমে তার নির্দিষ্ট ঝুঁকিগুলো চিহ্নিত করতে হবে। সহিংসতার শিকার/জীবিত প্রত্যেক ব্যক্তির ব্যক্তিগত পরিস্থিতির উপর নির্ভর করে এবং তাকে ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ার কেন্দ্রে রেখে এই ধরনের ঝুঁকি মূল্যায়ন করা হবে।

**'নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার কার্যকর বিচার প্রতিক্রিয়া' সম্পর্কিত ইউএনওডিসি এবং ইউএন উইমেন হ্যান্ডবুক থেকে ঝুঁকির কারণের একটি কার্যকর চেকলিস্ট সংযোজনী-১** (*স্ট্যান্ডার্ড রিস্ক অ্যান্ড ডেঞ্জার অ্যাসেসমেন্ট:* **অ্যা-সেসমেন্ট অফ দ্য লেথালিটি রিস্ক এন্ড রিস্ক অফ রিপিটেড ভায়োলেন্স**) *এ দেওয়া হয়েছে।* এটি বোঝা গুরুত্বপূর্ণ কারণ যে কোনও ঝুঁকির উপস্থিতি গুরুতর আঘাত বা প্রাণহানির উচ্চ ঝুঁকি নির্দেশ করতে পারে; একইভাবে, এই কারণগুলির অনুপস্থিতি মানে এই নয় যে সেখানে মৃত্যুর কোনও ঝুঁকি নেই।

যেকোন ঝুঁকি মূল্যায়নের ফলাফলের প্রেক্ষিতে একটি নিরাপত্তা পরিকল্পনা হওয়া উচিত যা যৌথভাবে আপনি, আপনার অফিসার এবং সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি মেনে চলবে। আপনার ভূমিকা হল পরিকল্পনার উন্নয়নকে সহজতর করা এবং এটি নিশ্চিত করা যে একটি নিরাপত্তা পরিকল্পনা কখনই ভবিষ্যদ্বাণী করবে না যে ভবিষ্যৎে কখন কোন সহিংসতা ঘটতে পারে, বরং এটি বিপদ হ্রাস করা এবং সহিংসতা প্রতিরোধের কথা মাথায় রেখে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির নিরাপত্তা বৃদ্ধি করার প্রণয়ন করা হয়।

নিরাপত্তা পরিকল্পনায় চিহ্নিত যে কোন ঝুঁকির প্রশমনের উপর দৃষ্টি নিবদ্ধ করা উচিত, এবং এটি অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে অংশীদারিত্বের মধ্যেমে করা যেতে পারে, যারা প্রায়শই অতিরিক্ত সহায়তা পরিষেবা প্রদান করতে পারে যা আপনার হাতে নেই। ঝুঁকি মূল্যায়নের মতো, প্রতিটি ভুক্তভোগী/বেঁচে যাওয়া ব্যক্তির জন্য একটি নিরাপত্তা পরিকল্পনা নির্দিষ্ট হবে

**বক্স -১**

**আপনি এবং আপনার কর্মীরা সহিংসতার শিকার এবং তাদের সহযোগীরা ঝুঁকির সম্মুখীন হলে তা প্রশমিত করতে কি করতে পারেন?**

যে সমস্ত ব্যবস্থা অন্তর্ভুক্ত থাকবে:

- আদালতের সুরক্ষা আদেশ, কোন যোগাযোগের আদেশ ইত্যাদি চাওয়া;
- ঝুঁকির কারণগুলি চিহ্নিত করতে এবং ব্যক্তিগত সুরক্ষা পরিকল্পনা তৈরি করতে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে কাজ করা;
- মহিলাদের উল্লেখ করা বা তাদের আশ্রয়ে নিয়ে যাওয়া;
- অভিযুক্ত বা সন্দেহজনক গার্হস্থ্য সহিংসতার সমস্ত ক্ষেত্রে একটি বাধ্যতামূলক গ্রেপ্তার নীতি গ্রহণ;
- কারফিউ, নো-কন্টাক্ট অর্ডার, অ্যালকোহল থেকে বিরত থাকা, অস্ত্র থেকে নিষেধাজ্ঞা এবং কাউন্সেলিং চাওয়া ও যোগদান সহ অপরাধীদের জন্য প্রয়োজন অনুযায়ী কঠোর মুক্তির শর্তের অনুরোধ করা;
- জামিন/মুক্তির শর্তাবলী এবং বিচার-পরবর্তী মুক্তির শর্তাবলী পর্যবেক্ষণ ও প্রয়োগ করা, একজন অপরাধীর মুক্তির আগে শিকার/জীবিতদের জানানো;
- ভবিষ্যতের আক্রমণের ঝুঁকি হ্রাস করার জন্য ঝুঁকি মূল্যায়ন এবং হুমকি ব্যবস্থাপনা পরিকল্পনা প্রণয়ন।

সূত্র: হ্যান্ডবুক অন ইফেক্টিভ পুলিশ রেসপন্সেস টু ভায়োলেন্স অ্যাগেইনস্ট উইমেন (UNODC, ২০১০)।

কারণ তাদের স্বতন্ত্র পরিস্থিতির জটিলতা ভিন্ন হতে পারে। বক্স-১ এ নিচে VAWG- এর ক্ষেত্রে ঝুঁকি কমানোর প্রশমন ব্যবস্থাগুলির উদাহরণ উপস্থাপন করা হল:

VAWG- এর শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের প্রতিক্রিয়া জানানোর সব দিকের মতোই, ঝুঁকি মূল্যায়ন এবং পরবর্তী নিরাপত্তা পরিকল্পনা উভয়েরই বিষয়বস্তুর ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা এমন ভাবে রক্ষা করা প্রয়োজন যাতে শুধুমাত্র বিভিন্ন পরিষেবা প্রদানকারীদের মধ্যে যারা সহিংসতার শিকার/বেঁচে থাকার সুরক্ষায় নিযুক্ত থাকে তারা শুধু জানতে পারে।

উপরে দরকারী ঝুঁকি মূল্যায়ন ফ্লো চার্টটি PROTECT II ‘**ক্যাপাসিটি বিল্ডিং ইন রিস্ক অ্যাসেসমেন্ট এন্ড সেফটি ম্যানেজমেন্ট টু প্রটেক্ট হাইরিকস ভিকটিমসঃ এ লার্নিং রিসোর্স**’ থেকে নেওয়া (ভিয়েনা, ২০১২), পৃষ্ঠা ১০৫।

সুনির্দিষ্ট পুলিশিং কার্যক্রমের বিষয়ে:

- আপনি কীভাবে নিশ্চিত করবেন যে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা আপনার সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দু?

- আপনি কীভাবে নিশ্চিত করবেন যে সিদ্ধান্ত গ্রহণকারী যেই হোক না কেন, যেমন কারারক্ষী, তার কাছে সিদ্ধান্ত নেওয়ার জন্য সমস্ত উপলব্ধ তথ্য রয়েছে, যেমন, একজন অভিযুক্ত অপরাধীকে গ্রেপ্তার করা, মুক্তি দেওয়া বা অব্যাহত আটক রাখা?

- আপনি কীভাবে নিশ্চিত করবেন যে একটি ঝুঁকি মূল্যায়ন পর্যালোচনা করা হয়েছে যেখানে একটি সুরক্ষা আদেশ জারি করা হয়েছে বা আপনাকে একটি বিদ্যমান সুরক্ষা আদেশ লঙ্ঘনের বিষয়ে অবহিত করা হয়েছে এবং প্রযোজ্য ক্ষেত্রে, নিরাপত্তা পরিকল্পনা আপডেট করা হয়েছে?

- আপনার পর্যালোচনা প্রক্রিয়া কি?

- আপনি কীভাবে নিরাপত্তা পরিকল্পনা এবং আদালতের আদেশ মেনে চলছেন তা পর্যবেক্ষণ করবেন?

একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা বা অভিযুক্ত অপরাধীর পরিস্থিতিতে যে কোনো পরিবর্তনের জন্য চলমান ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ার অংশ হতে হবে এবং নিরাপত্তা পরিকল্পনার ক্রমাগত পর্যবেক্ষণের প্রয়োজন হবে। বক্স-২ পারিবারিক নির্যাতন, স্টকিং এবং হয়রানি (‘ড্যাশ’) মডেল থেকে ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ার একটি উদাহরণ নিচে দেওয়া হল:

DASH (UK)[৯] এবং B-SAFER (CANADA)[১০] এর মতো সাধারণ ঝুঁকি মূল্যায়ন মডেলগুলি সহিংসতার ঝুঁকি সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার সময় তথ্য সংগ্রহ এবং বিবেচনা করার জন্য একটি পদ্ধতিগত, মানসম্মত এবং ব্যবহারিকভাবে দরকারী কাঠামো প্রদান করে। পুলিশ এবং অন্যান্য প্রথম প্রতিক্রিয়াশীল অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের সহায়তা করার জন্য, ঝুঁকি মূল্যায়ন করতে এবং অপরাধমূলক এবং দেওয়ানী বিচার উভয় ক্ষেত্রেই

৯ Domestic Abuse, Stalking and ‘Honour’-Based Violence (DASH, 2009) Risk Identification and Assessment and Management Model, see: https://www.dashriskchecklist.co.uk/

১০ Brief Spousal Assault Form for the Evaluation of Risk (B-SAFER), see: https://www.justice.gc.ca/eng/rp-pr/fl-lf/famil/rr05_fv1-rr05_vf1/index.html

**নিরাপদ পরিবেশ (সেটিং)**

ঝুঁকি মূল্যায়নের লক্ষ্য সম্পর্কে জীবিতদের অবহিত করুন এবং এজেন্সি গোপনীয়তা চুক্তির রূপরেখা দিন।

সম্মানের সাথে, সংবেদনশীল প্রশ্ন জিজ্ঞাসা করুন যা পারিবারিক সহিংসতা সম্পর্কে জ্ঞান এবং দক্ষতা প্রদর্শন করে। (এমন কেউ কি আছে যে আপনাকে কষ্ট দেয় বা আপনি ভয় পান? আপনি কি বাড়িতে নিরাপদ বোধ করেন?)

একটি নিরাপদ, ব্যক্তিগত পরিবেশ প্রদান করুন যেখানে একজন নারী নির্দ্বিধায় কথা বলতে পারেন।

বিবেচনা করুন এবং বৈচিত্র্যকে সম্মান করুন।

**একটি নিয়মানুগ পদ্ধতি প্রয়োগ করুন**

ঝুঁকি মূল্যায়ন স্পষ্ট এজেন্সি নীতি এবং পদ্ধতি এবং সহায়ক ব্যবস্থাপনা তত্ত্বাবধান দ্বারা পরিচালিত হওয়া উচিত।

এজেন্সির নীতি অনুসারে (সাধারণ পরিষেবাগুলিতে প্রাথমিক ঝুঁকি মূল্যায়ন, বিশেষায়িত নারীদের সহায়তা পরিষেবাগুলিতে গভীর ঝুঁকির মূল্যায়ন) অনুসারে প্রতিটি ভুক্তভোগীর সাথে একটি ঝুঁকি মূল্যায়ন করা উচিত।

**কার্যকর তথ্য সংগ্রহ করুন**

ঝুঁকি মূল্যায়ন নারীদের সাথে এক সাথে একটি চেকলিস্ট ব্যবহার করে এবং নারীদের বিরুদ্ধে পারিবারিক সহিংসতার পরিচিত ঝুঁকির কারণগুলি উল্লেখসহ করা উচিত।

এটি বিভিন্ন উৎস থেকে যথাযথ তথ্য সংগ্রহের সাথে জড়িত হওয়া উচিত।

নারীদের তার নিজের পরিস্থিতি এবং তার ব্যক্তিগত পরিস্থিতিতে সবচেয়ে উপযুক্ত নিরাপদ ব্যবস্থা-পনার বিকল্পগুলি সম্পর্কে বিশদ ধারণা থাকবে।

নারীকে বিশ্বাস করা উচিত এবং যাচাই করা উচিত।

**অনুশীলনকারীর বিশেষজ্ঞ মতামত**

পারিবারিক সহিংসতার শিকারদের সাথে কাজের অভিজ্ঞতার মাধ্যমে পেশাদার বিচারের বিকাশ ঘটে বিধায় সাধারণ পরিষেবাগুলিতে বিশেষজ্ঞ পেশাদারদের অন্তর্ভুক্ত করা উচিত।

আপনি যদি আপনার পেশাদার মতামত শুধুমাত্র অন্তর্দৃষ্টির উপর ভিত্তি করে দিয়ে থাকেন তবে আপনার সচেতন হওয়া উচিত যে এটি খুবই বিষয়ভিত্তিক। স্বজ্ঞাত সিদ্ধান্তগুলি পেশাদারদের মধ্যে সামঞ্জস্যপূর্ণ বলে খুব কম প্রমাণ রয়েছে। ( হার্ট , ২০০৮ )

পেশাগত রায়ের মধ্যে শেষ ঘটনার প্রকৃতি এবং তীব্রতা, ঘটনা থেকে সম্ভাব্য আঘাতের প্রকৃতি এবং নারীদের প্রেক্ষাপট এবং ব্যক্তিগত পরিস্থিতি বিবেচনা করা উচিত।

**নিরাপত্তা পরিকল্পনা**

- **অবহিত সম্মতি এবং গোপনীয়তা এবং অ্যাক্সেসযোগ্যতা:** আক্রমণকারীর দ্বারা প্রতিশোধক/পুনরাবৃত্তিমূলক, আপত্তিজনক বা লঙ্ঘনের মামলার সংখ্যার ক্ষেত্রে স্টাফ অফিসারদের দ্বারা সক্রিয় সুরক্ষা ব্যবস্থা এবং নিরাপত্তা পরিকল্পনার শতকরা হার.[38] বিকল্পভাবে, আক্রমণকারী এবং গ্রেফতারকৃতদের দ্বারা প্রতিশোধমূলক/পুনরাবৃত্তিরমূলক অপরাধসহ মামলার সংখ্যার ক্ষেত্রে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির সাথে সম্মত উপসংহারে না পৌঁছানো পর্যন্ত প্রয়োগ করা সুরক্ষা ব্যবস্থার অনুপাত। এই পরিমাপ সুরক্ষা ব্যবস্থাগুলির প্রভাব সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) প্রদান করবে যখন তাদের সম্পূর্ণরূপে বা আংশিকভাবে প্রয়োগ করা হবে বা প্রয়োগ করা হয় না। পরিমাপ থেকে অনুমান করা হয় যে সুরক্ষা এবং নিরাপত্তা পরিকল্পনায় ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ পুলিশকে সম্মত উপসংহারে পৌঁছানোর মাধ্যমে সুরক্ষা ব্যবস্থা কার্যকর করার সম্ভাবনা বাড়িয়ে তুলবে।

- **সেবার পরিকল্পনা (নকশা), বাস্তবায়ন এবং মূল্যায়নে অংশীদারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** স্থানীয় পুলিশ সেবা প্রদানের মানের উপর সম্পাদিত জরিপগুলি পুলিশ প্রতিক্রিয়ায় ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তিদের সন্তুষ্টির মাত্রা বোঝার জন্য মূলত নিরাপদ আশ্রয়কেন্দ্রের কর্মকর্তাদের এবং বাসিন্দাদের সাথে পরিচালিত হয়। সহযোগিতার পদ্ধতিগুলির সাথে মিল রাখার জন্য এই ধরনের সমীক্ষাগুলি পুলিশ ফাঁড়ি স্তরে শুরু করা যেতে পারে যাতে সমীক্ষায় জাতীয়, আঞ্চলিক বা স্থানীয় কৌশলগত VAWG প্রতিরোধ লক্ষ্যগুলি প্রতিফলিত হয়। এই পরিমাপ পুলিশের আচরণ এবং মনোভাব সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) প্রদান করবে কারণ তারা ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা বিকল্প সম্পর্কে অবহিত করতে পারবে এবং তাদের নিরাপদ আশ্রয় অংশীদারদের সাথে সংযোগ স্থাপন করে দিতে সক্ষম হবে। এই সমীক্ষাগুলির মাধ্যমে পুলিশ কতটা সংবেদনশীলতা প্রদর্শন করে সে সম্পর্কে তথ্য খুঁজে বের করা উচিত, উদাহরণস্বরূপ, যখন একজন মা আশ্রয় কেন্দ্রে থাকে তখন শিশুদের কী হয় সে সম্পর্কে সঠিক তথ্য প্রদান করতে সক্ষম হওয়া এবং যেসব শিশুকে আত্মীয়স্বজনদের সাথে থাকতে হবে এবং যারা স্কুলে পড়া চালিয়ে যাচ্ছে তাদের দৈনিক সুরক্ষা ব্যবস্থা কী দেওয়া তা সম্পর্কে তথ্য।

- **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** ব্যক্তিগত ঝুঁকি উপলব্ধি এবং সুরক্ষা ব্যবস্থার জন্য বহিরাগত সংস্থার কাছে রেফারেলের

৩৮রাওলিংস এন্ড টেলর (২০০৮) প্রস্তাব করেছেন যে পুলিশ একটি সম্ভাবনা হিসাবে একই ঠিকানায় বার বার উপস্থিতি হ্রাস করাকে একটি সূচক ব্যবহার করে, কারণ এখানে পূর্ববর্তী পুলিশি হস্তক্ষেপ একটি ইতিবাচক প্রভাব ফেলে থাকতে পারে। লেখক আরও যোগ করেছেন যে এই পারফরম্যান্স পরিমাপকে সময়ের সাথে সাথে ট্র্যাক করতে হবে যাতে পরিবারের বারবার উপস্থিতির অনুপাত কমছে কিনা এবং পুলিশের কাছে থাকা বিদ্যমান পরিসংখ্যানগত তথ্য ব্যবহার করে এটা পরিমাপ করা যেতে পারে। 'See 'Measuring Police Performance in Domestic and Family Violence' (2008) ।

বিষয়ে পরামর্শ নেওয়া ভিকটিম/বেঁচে থাকাদের সংখ্যার সাথে সম্পর্কিত VAWG সম্পর্কিত গ্রেপ্তারের সংখ্যা। তথ্য সংগ্রহের ক্ষেত্রে এই তথ্যটি সর্বনিম্ন স্তরের তথ্য হিসেবে বিবেচনা করা উচিত এবং তথ্য সংগ্রহের জাতীয় ব্যবস্থার সাথে খাপ খাওয়ানোর জন্য পুলিশ ফাঁড়িতে এই তথ্য সংগ্রহ করা উচিত।

- **সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন:** অন্যান্য স্থানীয় অপরিহার্য পরিষেবা প্রদানকারী বা অংশীদারদের সাথে পরিচালিত সমীক্ষা থেকে সুরক্ষা ব্যবস্থায় পুলিশ দ্বারা প্রয়োগকৃত ইতিবাচক ধারণার বার্ষিক বৃদ্ধি। রেফারেল কোঅর্ডিনেশন প্রোটোকল এবং সর্বোত্তম অনুশীলনগুলিকে সম্মান করতে এবং মেনে চলার ক্ষেত্রে এই পরিমাপের বাইরের উৎস সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) দেওয়া উচিত। ডাওলিং এট অল (২০১৮) তাদের গবেষণায় উল্লেখ করেছেন যে, সাধারণভাবে, ঝুঁকি মূল্যায়নের ক্ষেত্রে উল্লেখযোগ্য মাত্রায় সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সন্তুষ্টি অর্জন করতে পারে নি।[৩৯] ডাওলিং এট অল আরও যোগ করেছেন যে যোগ করেছেন যে এই টুলসগুলির (সরঞ্জামগুলির) সাথে ক্ষতিগ্রস্তদের / বেঁচে থাকা ব্যক্তিদের হতাশা তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য কেন গুরুত্বপূর্ণ ছিল তা বোঝার অভাব থেকে উদ্ভূত হতে পারে; এইভাবে, পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের নিশ্চিত করতে হবে যে ক্ষতিগ্রস্তরা প্রক্রিয়াটি বুঝছে এবং সমর্থন করছে।[৪০]

---

৩৯ Dowling, C., Morgan, A., Boyd, C., Voce, I., 'Police Domestic Violence: A Review of the Evidence', Australian Institute of Criminology, Research Report 13 (2018)।

৪০ Ibid

# কেস স্টাডি



## যুক্তরাজ্যের ড্যাশ রিস্ক অ্যাসেসমেন্ট টুলসের পর্যালোচনা

VAWG অপরাধে সাড়া দেওয়া সকল কর্মকর্তাদের মান এবং প্রোটোকলের সাথে সামঞ্জস্যপূর্ণ ঝুঁকি মূল্যায়ন করার সঠিক দক্ষতা রয়েছে তা নিশ্চিত করা পুলিশ বাহিনীর জন্য প্রায়শই চ্যালেঞ্জের হয় যাতে B-SAFER এবং DASH-এর মতো টুলসগুলি (সরঞ্জা-মগুলি), উদাহরণস্বরূপ, সম্পূর্ণভাবে তাদের ক্ষেত্রে প্রয়োগ করা হয়। ।

প্রকৃতপক্ষে, ইউকেতে পুলিশ বাহিনী দ্বারা ব্যাপকভাবে ব্যবহৃত DASH মডেলের[৪১] ২০১৬ সালের একটি পর্যালোচনায় দেখা গেছে যে IPV ঘটনাগুলিতে হস্তক্ষেপের সময় মডেলটি বাস্তবায়নের চেষ্টা করার সময় ফ্রন্টলাইন পুলিশকে সাড়া দেওয়ার ক্ষেত্রে অনেক চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়েছিল। চ্যালেঞ্জগুলি হল নিম্নরূপঃ[৪২]

• যদিও পুলিশ এবং অংশীদার উভয়ের কাছ থেকে ঝুঁকি মূল্যা-য়নের জন্য ব্যাপক সমর্থন ছিল, DASH ঝুঁকির টুলসটি (সর-ঞ্জামটি) ফ্রন্টলাইনে ধারাবাহিকভাবে প্রয়োগ করা হয়নি;

• অফিসাররা কখনও কখনও ফর্ম জমা না দেওয়ার সিদ্ধান্ত নেয়া, নির্দিষ্ট প্রশ্নগুলি পরিবর্তিত করা বা বাদ দেওয়া এবং কখনও কখনও তথ্যগুলি একটি অসঙ্গত বা অসম্পূর্ণ উপায়ে রেকর্ড করার জন্য স্altবিবেচনামূলক ক্ষমতা ব্যবহার করে;

• প্রাথমিক প্রতিক্রিয়া জানানোর সময় বর্তমানে DASH টুলসে থাকা ২৭-আইটেমের সবগুলি তথ্য জিজ্ঞাসা করার প্রয়োজন নেই। বর্তমান আকারে, DASH অনুশীলনে ফাঁকি দেওয়া হচ্ছে এবং সেকেন্ডারি ঝুঁকি মূল্যায়নকারীদের কাছে অসামঞ্জস্যপূর্ণ ডেটা সরবরাহ করা হচ্ছে;

• পুলিশ কর্মকর্তা ও কর্মীদের ঝুঁকি মূল্যায়নের প্রাথমিক ও মা-ধ্যমিক উভয় পর্যায়েই অপরাধমূলক অপরাধ এবং বিশেষ করে শারীরিক সহিংসতা এবং আঘাতের ঘটনাকে প্রাধান্য দিতে দেখা গেছে;

এই পর্যবেক্ষণগুলির উপর ভিত্তি করে, পর্যালোচনাটিতে DASH-এর ভবিষ্যত আপডেট করার জন্য কিছু সুপারিশ প্রদান করেছে, যা বেশিরভাগ ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে, যদি না হয়, তবে ঝুঁকি মূল্যায়ন মডেল এবং কাঠামো ক্ষেত্রে প্রযোজ্য হতে পারে। DASH পর্যালোচনা থেকে অনুপ্রাণিত হয়ে পুলিশিং-এ ঝুঁকি মূল্যায়ন অনুশীলনের জন্য, বিশেষ করে DASH-এর ভবিষ্যতের ব্যবহারের প্রভাব নির্ণয়ের জন্য সুপারিশগুলির একটি তালিকাটি , নিম্নে প্রদান করে হয়েছে:[৪৩]

• **ঝুঁকিপূর্ণ পুলিশিংয়ের জন্য একটি প্রমাণ-ভিত্তিক পদ্ধতির প্র-য়োজন:** এটি বিশেষভাবে ঝুঁকি মূল্যায়ন, সনাক্তকরণ এবং ব্য-বস্থাপনা সম্পর্কিত প্রশিক্ষণ দ্বারা সমর্থিত হওয়া প্রয়োজন। পুলিশ বাহিনীর উচিত অনানুষ্ঠানিক চাকুরিকালীন শিক্ষণ কমিয়ে আনার চেষ্টা করা যা প্রশিক্ষণের অনুপস্থিতিতে ঘটতে থাকে। তত্ত্বাবধান এবং মতামত যা যেকোনো শিক্ষণকে শক্তিশালী করতে পারে তার প্রচলন বাড়ানো প্রয়োজন। .

• **জবরদস্তিমূলক নিয়ন্ত্রণ সম্পর্কে ধারণা ঝুঁকিপূর্ণ পদ্ধতির মধ্যে প্রতিস্থাপন করা প্রয়োজন:** পারিবারিক নির্যাতনের বিভিন্ন দিক সেই ঘটনাগুলিতে প্রতিক্রিয়া জানানো অফিসারদের আরও ভালভাবে চেনা দরকার। পারিবারিক হত্যাকাণ্ডের জন্য জবরদস্তি-মূলক নিয়ন্ত্রণ একটি গুরুত্বপূর্ণ ঝুঁকির কারণ হিসেবে বিভিন্ন গবে-ষণায় ইঙ্গিত করা সত্ত্বেও, পুলিশ প্রায়ই ঝুঁকি মূল্যায়ন করার সময় জবরদস্তিমূলক নিয়ন্ত্রণের তাত্পর্যকে পুরোপুরি স্বীকৃতি দেয় না।

• **ফ্রন্টলাইন অফিসারদের জন্য প্রস্তুত করা সংশোধিত ঝুঁকির টুলস এ আপত্তিজনক আচরণের ধরণগুলির উপর বেশি জোর দেওয়া উচিত:** একটি ফোকাসড ফ্রন্টলাইন টুলস অফিসারদেরকে ঘটনা-চালিত মানসিকতা থেকে দূরে সরিয়ে আরও কার্যকরভাবে জবরদস্তিমূলক নিয়ন্ত্রণসহ আপত্তিজনক আচরণের ধরণগুলি সনাক্ত করার দিকে পরিচালিত করতে পারে।

• **বিশেষজ্ঞ প্রশিক্ষণপ্রাপ্তদের দ্বারা আরও পুঙ্খানুপুঙ্খ ঝুঁকি/চাহিদা মূল্যায়ন করা সবচেয়ে ভাল:** একটি অত্যন্ত নিয়ন্ত্রিত অপরাধীর প্রেক্ষাপটে সম্ভাব্য উচ্চ-ঝুঁকির কারণগুলি (যেমন অপ-রাধীর থেকে পৃথকীকরণ) নির্ধারণের জন্য VAWG বিশেষজ্ঞদের প্রয়োজন। চলমান নির্যাতনের ক্ষেত্রে ফলো-আপ পদক্ষেপের সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে প্রয়োজনীয় পর্যাপ্ত ভিত্তি হিসাবে আরও পুঙ্খানুপু-ঙ্খ ঝুঁকি/চাহিদা মূল্যায়ন পরিচালনা করার জন্য তারা সবচেয়ে এগিয়ে আছে । পুলিশের ভূমিকা এবং কাঠামোকে অবশ্যই প্রা-থমিক ঝুঁকি মূল্যায়নের সময়োপযোগী এবং শক্তিশালী পর্যালোচনা এবং বিশেষজ্ঞ সহায়তা পরিষেবাগুলিতে সময়মত রেফারেল সমর্থন করতে হবে ।

---

৪১ The Domestic Abuse, Stalking and 'Honour'-Based Violence (DASH 2009) Risk Identification, Assessment and Management Model was implemented across all police services in the UK from March 2009, having been accredited by ACPO Council, now known as National Police Chief Council (NPCC). See DASH Risk Model https://www.dashriskchecklist.co.uk/

৪২ Risk-led policing of domestic abuse and the DASH risk model. Amanda L. Robinson, Andy Myhill, Julia Wire, Jo Roberts and Nick Tilley for the College of Policing (2016) https://pdf4pro.com/amp/view/risk-led-policing-of-domestic-abuse-and-the-dash-risk-model-480cf9.html

৪৩ Ibid.




আইপিভি ঝুঁকি মূল্যায়নে পেশাদার বিচক্ষণতার গুরুত্ব সম্পর্কে ইউএ-নপিওএল-এর রেফারেন্সের মতো, DASH পর্যালোচনা সুপারিশগুলি শুধুমাত্র আইপিভির ক্ষেত্রে ঝুঁকি মূল্যায়নের জন্য প্রয়োজনীয় দক্ষতার অধিকারী পুলিশ অফিসারদের গুরুত্বকেই শক্তিশালী করে না, বরং একজন ভিকটিম/বেঁচে থাকা এবং তাদের নিকটা-ত্মীয়দের নিরাপত্তার জন্য প্রচেষ্টাকে যেন না কমানো হয় সেই জন্য পর্যাপ্ত প্রশিক্ষণ এবং পর্যবেক্ষণের জন্য বিনিয়োগ করার উপর গুরুত্ব আরোপ করে ।

VAWG-এর ক্ষেত্রে আইনী ও বেআইনি উভয় ধরনের আগ্নেয়াস্ত্রের ব্যবহার ও বিস্তারের জন্য প্রশিক্ষণ ও পর্যবেক্ষণকে সম্প্রসারিত করা উচিত। যদিও ছোট অস্ত্র এবং হালকা অস্ত্রের অপব্যবহার যুক্তরাজ্যে ব্যাপকভাবে নাও হতে পারে, অন্যান্য অনেক দেশে এবং অঞ্চলে, নির্যাতনকারীরা ক্ষমতা প্রয়োগ করতে এবং সহিংসতার শিকার/জীবিতদের উপর নিয়ন্ত্রণ আরোপ করতে আগ্নেয়াস্ত্রের মারাত্মক অপব্যবহার করছে - যার জন্য একটি নির্দিষ্ট প্রাতিষ্ঠা-নিক প্রতিক্রিয়া প্রয়োজন।

ছোট অস্ত্র এবং হালকা অস্ত্রের মধ্যে যোগসূত্র সম্পর্কে বর্ধিত প্রাসঙ্গিক সচেতনতা একটি পুলিশ সংস্থার মধ্যে সহিংসতার প্রকৃতি, এর কারণ এবং পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্ন এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে সে সম্পর্কে অবহিত ধারণার অংশ হওয়া উচিত। আইপিভি প্রেক্ষাপটে আগ্নেয়াস্ত্রের উপস্থিতি ভুক্তভোগীদের জন্য মারাত্মক পরিণতির ঝুঁকিকে উল্লে-খযোগ্যভাবে বৃদ্ধি করে। ।

এই বিষয়ে, দক্ষিণ পূর্ব ও পূর্ব ইউরোপ ক্লিয়ারিংহাউস ফর কন্ট্রোল অফ স্মল আর্মস অ্যান্ড লাইট ওয়েপনস (SEESAC) দা মিস ইউজ অফ ফায়ার আর্মস ইন দমেস্টিক ভায়োলেন্স ইন সাউথ ইস্ট ইউরোপ ফাস্ট ফ্যাক্টস (২০১৯) বিষয়ে তাদের প্রকাশনায় আঞ্চলিক নির্দেশিকা প্রদান করেছে, যা দক্ষিণ-পূর্ব ইউরোপে SEESAC নিরস্ত্রীকরণ এবং অস্ত্র নিয়ন্ত্রণ কার্যক্রমের সমর্থনে ইইউ  কাউন্সিল ডিসিশন (CFSP) ২০১৬/২৩৫৬ এর মাধ্যমে ইউরোপীয় ইউনিয়ন দ্বারা সমর্থিত হয়েছিল[88]

88 Misuse of Firearms in Domestic Violence in South East Europe: Fast Facts (2019), South Eastern and Eastern Europe Clearinghouse for the Control of Small Arms and Light Weapons (SEESAC), see: https://www.seesac.org/f/docs/News-SALW/Misuse-of-firearms-in-SEE_ENG_WEB_FINAL.pdf

# সংযোজনী-১

**UNODC (2014) স্ট্যান্ডার্ড ঝুঁকি এবং বিপদ মূল্যায়ন:**
**প্রাণঘাতী ঝুঁকি এবং পুনরাবৃত্তিমূলক সহিংসতার ঝুঁকি মূল্যায়ন:**[৪৫]

| | |
|---|---|
| সহিংসতার শিকার হওয়ার পূর্ব অবস্থা | • হামলার ধরন, তীব্রতা এবং মাত্রা (ফ্রিকোয়েন্সি)<br>• সাম্প্রতিক হামলার তারিখ<br>• আগের হামলায় গুরুতর জখমের বিবরণ<br>• সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অতীত সহিংসতার ইতিহাস এবং প্রকৃতি<br>• চলমান ভয়ভীতি, জবরদস্তি এবং সহিংসতার কোন ধরণ (প্যাটার্ন) আছে কি?<br>• এই ধরণের অপরাধ কারা করছে এবং কার বিরুদ্ধে?<br>• সহিংসতার তীব্রতা কতটা?<br>• কারা আহত হয়েছে এবং কিভাবে?<br>• কে ভয় পেয়েছে এবং কোন উপায়ে?<br>• সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কি গর্ভাবস্থায় বা জন্ম দেওয়ার পরপরই লাঞ্ছিত হয়েছিল?<br>• সুরক্ষার জন্য বর্তমান বা অতীতের আদেশ<br>• পূর্ববর্তী পারিবারিক সহিংসতার অভিযোগ খারিজ করা হয়েছে, পুলিশ বা প্রসিকিউটর অফিসের সাথে পূর্বের পারিবারিক সহিংসতার যোগাযোগ |
| অপরাধীর মাদক এবং মদের /অ্যালকোহল সমস্যা | • অ্যালকোহল বা মাদক সেবন |
| অপরাধীর বিমুগ্ধকারী/ নিয়ন্ত্রণ-কারী আচরণ এবং অত্যধিক ঈর্ষা | • অপরাধীর দ্বারা ঈর্ষান্বিত বা নিয়ন্ত্রণকারী আচরণ<br>• ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে ভয় দেখানো যদি সে সাহায্য চায়<br>• আচরণ নিয়ন্ত্রণের প্রকৃতি: ভবিষ্যতে আঘাত বা মৃত্যুর হুমকি (যত বেশি নির্দিষ্ট হুমকি, ঝুঁকি তত বেশি), অস্ত্র ব্যবহারের হুমকি, শিশু অপহরণ বা দেখা করার অধিকার অস্বী-কার করার হুমকি, প্রকাশ্যে এবং অন্যদের উপস্থিতিতে হুমকি দেওয়া<br>• ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে প্রসিকিউশনে অংশগ্রহণ থেকে বিরত রাখতে কী ধরনের হুমকি বা জবরদস্তি ব্যবহার করা হয়েছে?<br>• কারা চলমান হুমকি এবং জবরদস্তির জন্য সবচেয়ে বেশি ঝুঁকিপূর্ণ? |
| অপরাধীর মানসিক স্বাস্থ্যের ইতিহাস (অর্থাৎ আত্মঘাতী ভাবনা, পরিকল্পনা, হুমকি এবং অতীত প্রচেষ্টা) | • অপরাধীর দ্বারা হত্যা বা আত্মহত্যার হুমকি<br>• অপরাধীর হতাশার প্রমাণ<br>• অপরাধীর ভীতু চিন্তার প্রমাণ<br>• অপরাধীর মানসিক স্বাস্থ্য বা মানসিক সমস্যার ইতিহাস |

৪৫ নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার কার্যকর প্রসিকিউশন রেসপন্স সম্পর্কিত হ্যান্ডবুক (UNDOC এবং UN Women, 2014), দেখুন: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Handbook_on_effective_prosecution_responses_to_violence_against_women_and_girls.pdf p.54।

| | |
|---|---|
| ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে বা তার সন্তানদের হত্যা করার অপরাধীর হুমকি | • সহিংসটার শিকার/জীবিত ব্যক্যিকে বা শিশুদের ক্ষতি করার হুমকি<br>• অপরাধী কি শিশুদের ক্ষতি করেছে, যদি তাই হয়, কোন উপায়ে?<br>• অপরাধী কি শিশুদের ক্ষতি করার হুমকি দিয়েছে? কি উপায়ে?<br>• ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি কি ভয় পান যে নির্যাতনকারী প্রসিকিউটরদের সহযো-গিতার প্রতিশোধ হিসেবে শিশুদের নিয়ে যাবে?<br>• শিশুরা কি অপরাধ বা অন্যান্য সহিংসতা বা হুমকির সাক্ষী ছিল? |
| বাড়ির বাইরে পরিস্থিতিতে অপরাধীর সহিংসতার ব্যবহার? | • অপরাধীর পূর্ব অপরাধমূলক ইতিহাস, এবং অন্যান্য বিচারাধীন অভিযোগ আছে কিনা<br>• অন্যদের প্রতি অতীত সহিংসতার ইতিহাস এবং প্রকৃতি (যেমন পূর্বের সম্পর্কে ব্যক্তির সাথে সহিংসতার ইতিহাস) |
| ক্রমবর্ধমান সহিংসতা বা ভয় দেখানোর প্রমাণ | • ছদ্মবেশী আচরণ; অস্ত্র ব্যবহার; যৌন নির্যাতন; প্রাণীর নির্যাতন; সম্পত্তির ক্ষতি বা ভবিষ্যতের সম্পত্তির ক্ষতির হুমকি; জিম্মি করা; বয়স, অক্ষমতা, গর্ভাবস্থার কারণে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির দুর্বলতা বৃদ্ধি পায় |
| অপরাধীর বন্দুক এর দখল, প্রবে-শাধিকার, পরিচিতি এবং মুগ্ধতার মাত্রা | • পুনরায় অস্ত্রে প্রবেশাধিকার/অস্ত্রের প্রাপ্যতা |
| আদালতের নিয়ম মানার ক্ষেত্রে অপরাধীর প্রবণতা | • আদালতের আদেশ লঙ্ঘনের রেকর্ড<br>• প্রি-ট্রায়াল রিলিজ বা প্রবেশন নিয়ম অনুসরণ করতে ব্যর্থতার রেকর্ড<br>• চিকিৎসা কর্মসূচিতে পূর্বের অংশগ্রহ |
| সম্পর্কের অবস্থা | • সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি এবং অপরাধী কি পরিবার থেকে আলাদা বা বিচ্ছিন্ন?<br>• সহিংসতার  শিকার/জীবিত ব্যক্তি কি পালিয়ে যাওয়ার প্রক্রিয়ায় আছে?<br>• পারিবারিক বা অন্য আদালতের মামলার অবস্থা কি?<br>• আসন্ন ব্রেক-আপ, বিচ্ছেদ বা ডিভোর্স ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি দ্বারা শুরু; শিশু হেফাজতে আসন্ন পরিবর্তন এবং/অথবা ভিকটিম/বেঁচে যাওয়া ব্যক্তির বাসায় আসন্ন পরিবর্তন |

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Report of the Secretary-General, 'In-depth study on all forms of violence against women', United Nations, A/61/122/Add.1, (6 July 2006) paras. 111- 112

২. National Outcome Standards for Perpetrator Interventions (NOSPI) Baseline Report 2015-2016; Australian Department for Social Sciences, see: https://plan4womenssafety.dss.gov.au/wp-content/uploads/2018/08/nationaloutcomestandardsreportweb.pdf

৩. Haskell, L. and Randell, M., 'The Impact of Trauma on Adult Sexual Assault Victims', Report Submitted to: *Justice Canada* (2019), see: https://www.justice.gc.ca/eng/rp-pr/jr/trauma/trauma_eng.pdf

৪. 'Why Do Some Men Use Violence Against Women and How Can We Prevent It? Quantitative Findings from the United Nations Multi-Country Study on Men and Violence in Asia and the Pacific'Partners For Prevention (2013), see:, https://www.undp.org/content/dam/rbap/docs/Research%20&%20Publications/womens_empowerment/RBAP-Gender-2013-P4P-VAW-Report.pdf Partners for Prevention is an UNDP, UNFPA, UN Women and UNV regional joint programme for Gender-based Violence Prevention in Asia and the Pacific.

৫. Ellsberg, M., H. A. F. M. Jansen, L. Heise, C. H. Watts and C. García Moreno (2008), 'Intimate partner violence and women's physical and mental health in the WHO multi-country study on women's health and domestic violence: An observational study' *The Lancet*, vol. 371, pp. 1165-1172.

৬. Ethical and Safety Recommendations for Interviewing Trafficked Women (WHO, 2003), see: https://apps.who.int/iris/handle/10665/42765

৭. Guidelines on the Protection of Child Victims of Trafficking (UNICEF, 2006) https://gdc.unicef.org/resource/guidelines-protection-child-victims-trafficking

৮. R. Higgins., 'Problems and Process' (Clarendon Press, Oxford, 1994.), pp. 153-54, at, p. 153.

৯. Basic Principles on the Use of Force and Firearms by Law Enforcement Officials (1990), adopted by the Eighth United Nations Congress on the Prevention of Crime and the Treatment of Offenders, Havana, Cuba, 27 August - 7 September 1990, see: https://www.ohchr.org/en/professionalinterest/pages/useofforceandfirearms.aspx

১০. United Nations Police *Gender Toolkit* (UN Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015)

১১. A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming (UN Women et al., 2018). https://www.unwomen.org/en/digital-library/publications/2018/5/a-practitioners-toolkit-on-womens-access-to-justice-programming

১২. 'Multi-Sectoral Gender Based Violence Response at the District Level in Nepal', End of Project Evaluation Report (August 2009 August – July 2013) supported by The UN Trust Fund to Eliminate Violence against Women, see: https://www2.unwomen.org/-/media/field%20office%20untf/publications/2018/evaluation%20digital%20library/3%20nplunctfecompressed.pdf?la=en&vs=832

১৩. Briefing Paper: 'Sex matters - A gender perspective on internal displacement' (2019), The Internal Displacement Monitoring Centre, see: http://www.internal-displacement.org/sites/default/files/publications/documents/201902-gender-dimension.pdf

১৪. Quintero and Culler, 'IDP health in Colombia: Needs and Challenges," *Forced Migration Review* (2009).

১৫. Bozanic, D., 'The Hidden Pandemic: Firearms and Intimate Partner Violence Killing Women (UNDP SEESAC, 2020), see: https://www.eurasia.undp.org/content/rbec/en/home/blog/2020/hidden-pandemic-firearms-killing-women.html

১৬. 'Challenges of IDP Protection - Research study on the protection of internally displaced persons in Afghanistan' (Joint IDP Profiling Service, November 2012).

১৭. Kiah Rollings and Natalie Taylor, 'Measuring Police Performance in Domestic and Family Violence', *Trends and Issues in Crime and Criminal Justice*, No. 367 December 2008, (Australian Government/Australian Institute of Criminology), see: https://aic.gov.au/publications/tandi/tandi367

১৮. Loger, Rosa, 'Violence against women: Good practices in combating and eliminating violence against women: Austrian Model of Intervention in Domestic Violence Cases. Report to the Expert Group Meeting at the UN Division for the Advancement of Women, in collaboration with UN Office on Drugs and Crime, Vienna, Austria, 2005).

১৯. Golding JM., 'Intimate partner violence as a risk factor for mental disorders: a meta-analysis' *Journal of Family Violence*, 1999;14:99–132.

২০. Dowling, C., Morgan, A., Boyd, C., Voce, I., 'Policing Domestic Violence: A Review of the Evidence (Research Report 13). Australian Institute

of Criminology, 2018), see: https://www.aic.gov.au/publications/rr/rr13

২১. Training Manual for Police Officers Strengthening Program for the Security of Vulnerable Groups (UNODC in partnership with the Government of Mexico 2017), see: https://www.unodc.org/mexicoandcentral-america/es/sectors/Programa_fortalecer_seguridad_gru-pos_situacion_vulnerabilidad.html

২২. Guidelines on Inclusion of Persons with Disabilities in Humanitarian Action (The Inter-Agency Standing Committee (IASC) Task Team on Inclusion of Persons with Disabilities in Humanitarian Action. Inter-Agency Standing Committee, 2019), see:. https://interagencystandingcommittee.org/iasc-task-team-in-clusion-persons-disabilities-humanitarian-action/documents/iasc-guidelines

২৩. 'Everyone's business: Improving the police response to domestic abuse (2014). Her Majesty's Inspectorate of Constabulary (HMIC). https://www.gov.uk/government/news/major-review-of-police-response-to-domestic-violence

২৪. 'Handbook on effective prosecution responses to violence against women and girls' (UNODC in partnership with UN Women 2014), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/14-02565_Ebook_new.pdf

২৫. 'Capacity Building in Risk Assessment and Safety Management to Protect High Risk Victims' – A Learning Resource, (PROTECT II, Vienna 2012)

২৬. Frequently asked questions in Multi-Agency Risk Assessment Conferences (MARAC) *Save Lives*, see: https://safelives.org.uk/sites/default/files/resources/MARAC%20FAQs%20General%20FINAL.pdf

২৭. DASH Risk Model, at: https://www.dashriskchecklist.co.uk/

২৮. A Guide to Risk Assessment and Risk Management of Intimate Partner Violence against Women for Police (European Institute for Gender Equality, 2019), see:. https://eige.europa.eu/sites/default/files/documents/20191701_mh0119277enn_pdf.pdf

২৯. 2018 Report of the Special Rapporteur on violence against women, its causes and consequences on online violence against women and girls from a human rights perspective(A/HRC/38/47), at: http://ap.ohchr.org/documents/dpage_e.aspx?si=A/HRC/38/47

৩০. Rachel Robbins Hugh McLaughlin Concetta Banks Claire Bellamy Debbie Thackray, (2014), 'Domestic violence and multiagency risk assessment conferences (MARACs): A Scoping Review", *The Journal of Adult Protection*, Vol. 16 Iss 6 pp. 389 – 398n accessed at: https://www.researchgate.net/publication/280194675_Domestic_violence_and_multi-agency_risk_assessment_conferences_MARACs_A_scoping_re-view

৩১. Emily Turner, Juanjo Medina, Gavin Brown, 'Dashing Hopes? ThePredictive Accuracy of Domestic Abuse Risk Assessment by Police', *The British Journal of Criminology*, Volume 59, Issue 5, September 2019, Pages 1013–1034, accessed at: https://doi.org/10.1093/bjc/azy074

৩২. Risk assessment and Risk Management by Police (European Institute for Gender Equality),at: https://eige.europa.eu/gender-based-violence/risk-assessment-risk-management/principle-3-establishing-evidence-based-approach

৩৩. Amnesty reveals alarming impact of online abuse against women (2017), see:. https://www.amnesty.org/en/latest/news/2017/11/amnesty-reveals-alarming-impact-of-online-abuse-against-women/

৩৪. 'Misuse of Firearms in Domestic Violence in South East Europe: Fast Facts', South Eastern and Eastern Europe Clearinghouse for the Control of Small Arms and Light Weapons (SEESAC) (2019), see: https://www.seesac.org/f/docs/News-SALW/Misuse-of-firearms-in-SEE_ENG_WEB_FINAL.pdf

৩৫. Domestic Abuse Stalking and Harassment and 'Honour'-Based Violence (DASH) (2011). Coordinated Action against Domestic Violence or 'CAADA' UK (now *SafeLives* UK)

৩৬. Hart, S. D. (2008) 'Preventing violence: The role of risk assessment and management' in. A. C. Baldry & F. W. Winkel (Eds.), *Intimate partner violence prevention and intervention: The risk assessment and management approach* (pp. 7-18). Hauppauge, NY: Nova Science Publishers.

৭

# সমর্থন এবং সহায়তা

*“যদি আমরা মেনে নিই যে নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা মূলে রয়েছে অসমতা, যা আমাদের সমাজে গেঁথে আছে এবং বিশ্বব্যাপী অব্যাহত ভাবে চলমান , তাহলে আমাদের এটাও বিবেচনা করা উচিত যে নারী ও মেয়েদের বিরুদ্ধে সব ধরনের সহিংসতা আসলে ‘ক্ষতিকর অভ্যাস’ অর্থাৎ ক্ষতি করে এমন অনুশীলন। তারপরেও আমরা যদি এই ক্ষতিকারক অনুশীলনগুলিকে ঐতিহ্যের সাথে সংযুক্ত করতে চাই তাহলে আমাদের প্রথমে নিজেদেরকে জিজ্ঞাসা করতে হবে “বিস্তৃতভাবে প্রতিস্থাপিত বৈষম্যের চেয়ে’ ‘ঐতিহ্যবাহী’ আর কি হতে পারে?”*

মারাই লারাসি (নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা বন্ধ করা আইনজীবী, কর্মী, পরামর্শদাতা এবং শিক্ষাবিদ)

# এই অধ্যায়ের লক্ষ্যসমূহ/ উদ্দেশ্যসমূহ

**প্রয়োগযোগ্য, নির্ভুল, অ্যাক্সেসযোগ্য এবং ব্যাপকভাবে তথ্য প্রদানের মাধ্যমে পুলিশ ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত ব্যক্তিদের জ্ঞাত/অবহিত সিদ্ধান্ত নেওয়ার জন্য ক্ষমতায়িত করেছে।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ/পয়েন্টসমূহ:

- পুলিশের উচিত সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের নিকট তদন্ত প্রক্রিয়া ব্যাখ্যা করা এবং বিচার প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে তাদের জানানো;
- অন্যান্য পরিষেবা প্রদানকারীর সাথে সহযোগিতা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের কার্যকর সাহায্য এবং সহায়তা প্রদানের পাশাপাশি পুলিশ তদন্তের মূল ভূমিকার উপর দৃষ্টি নিবদ্ধ /ফোকাস করতে পারে এই বিষয়টি নিশ্চিত করার জন্য গুরুত্বপূর্ণ। **যেকোন সহযোগিতার অগ্রাধিকার হল একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির চাহিদা মেটানো;**
- পুলিশের ভূমিকা সহিংসতার শিকার/জীবিতদের বিচার করা নয়, এবং এর জন্য প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের কোনো পক্ষপাতিত্ব বা বাঁধাধরা নিয়ম (স্টেরিওটাইপ) দ্বারা প্রভাবিত হওয়া উচিত নয়।;
- যখন পুলিশ সাহায্য এবং সহায়তা পরিষেবাগুলিকে বিস্তৃতভাবে দেখে, তখন এটি VAWG-এর শিকার/ জীবিতদের পুলিশকে সহযোগিতা করার ক্ষমতা প্রদান করে;
- পুরো প্রক্রিয়া জুড়ে সহিংসতার শিকার/জীবিতদের অর্থপূর্ণ অংশগ্রহণ সম্প্রদায়ের সাথে আস্থা তৈরির সমার্থক;
- পুলিশ এবং অন্যান্য অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানকারীদের উচিত ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিদের তাদের দুর্বলতাকে শারীরিক বা মানসিক দুর্বলতার সমার্থক হিসাবে দেখার পরিবর্তে ক্ষমতায়নের অংশীদার হিসাবে দেখা;
- VAWG-এর শিকার/জীবিতদের সাহায্য এবং সহায়তার প্রয়োজনীয়তা অনুধাবনের সময় প্রাসঙ্গিক অবস্থা সম্পর্কে পুলিশের অবহিত থাকা গুরুত্বপূর্ণ;
- সকল অভিযুক্ত অপরাধীদের প্রতি সম্মান ও মর্যাদা প্রদর্শন করা উচিত, বিশেষ করে নারী এবং মেয়েদের, যারা নিজেরাই শিকার হয়েছেন এবং/অথবা আইনের কাছে রয়েছেন।



# ভূমিকা

**ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত ব্যক্তিদের পুলিশি সাহায্য এবং সহায়তা তদন্ত প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ এবং ঘটনা ঘটার প্রাথমিক পর্যায় থেকে শুরু হয় এবং বিচার প্রক্রিয়া জুড়ে চলমান থাকে। এই প্রাথমিক পর্যায়েই পুলিশকে তদন্তে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য সক্রিয়ভাবে পরিকল্পনা করতে হবে। বিভিন্ন গবেষণায়[১] দেখা গেছে যে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা ভবিষ্যতে সহিংসতা রোধ করতে এবং আক্রমণ-কারীদের বিচারের মুখোমুখি করার ক্ষেত্রে বেশী আগ্রহী হবে যদি পুলিশ কর্মকর্তারা তাদের অধিকার এবং আইনী বিকল্পগুলি সম্পর্কে একটি বোধগম্য, অ্যাক্সেসযোগ্য এবং সম্মানজনকভাবে সঠিক এবং সময়োপযোগী তথ্য প্রদান করে।**

UNMIT/বার্নার্ডিনো সোয়ারেসের ছবি সৌজন্যে (তিমর-লেস্তে)

নিম্নলিখিত অধ্যায়টিতে সেই সমস্ত পুলিশ পরিচালকদের নির্দেশিকা প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ যারা অভিযুক্ত আইনের তদন্তে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য তাদের দলের সক্ষমতা জোরদার করতে চাচ্ছে, সেইসাথে ভিকটিম এবং তার নিকটবর্তী, পরিবার, সাক্ষী এবং অন্যদের বিরুদ্ধে আরও সহিংসতা প্রতিরোধ করতে চাচ্ছে।

প্রদত্ত নির্দেশিকাটি বিশেষভাবে বিশ্লেষণ করবে VAWG-এর শিকার/জীবিতদের জন্য অর্থপূর্ণ অংশগ্রহণের অর্থ কী এবং তারা যে সমর্থন এবং সহায়তা প্রাপ্ত হয় তার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় তাদের ক্ষমতায়নের সাথে জড়িত সকলের জন্য আরও ভাল ফলাফল নিশ্চিত করতে পারবে।। অন্যান্য অধ্যা-য়গুলির মতো, পাঠককে এই অধ্যায়ের সাথে, মডিউল-৩: ন্যা-য়বিচার ও পুলিশিং-থেকে অপরিহার্য পরিষেবা-৯ 'সহায়তা এবং সাহায্য' দেখার সুপারিশ করা হচ্ছে।

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশিকা (পিয়ার টু পিয়ার গাইডেন্স)

আপনি এবং আপনার কর্মীদের বিবেচনা করতে হবে যে আপনি VAWG-এর একটি ঘটনা সম্পর্কে অবহিত হওয়ার মুহূর্ত থেকে প্রত্যেক সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির ব্যক্তিগত চাহিদা মেটাতে আপনি কী সহায়তা এবং সাহায্য প্রদান করতে পারেন।

ভিকটিম/সারভাইভার-কেন্দ্রিক পদ্ধতি তদন্তের অগ্রগতির সাথে সাথে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে তদন্তের অগ্রগতি সম্পর্কে অবহিত করাকে গুরুত্ব দিয়েছে। এটি নিশ্চিত করবার জন্য, এই

১ উদাহরণ স্বরূপ, "নেপালে নেো পর্যালে বহু-নেলের লেঙ্গ লিলিক সল-হিংসতার প্রলতক্রিো" প্রকলের প্রকে সমালির মূযোে প্রলতলবদলে লে-ঙ্গ-লিলিক সলহিংসতার প্রলতক্রিো োেলত নেপাী োরী পুলেশ অলিসা-রলদর ূলিমকা নদখুঃ প্রকেকাঃ ২০০৯ আগস্ট- ২০১৯ ুোই, োরীর লবরুলে সলহিংসতা লেমূযে সিংন্তি ট্রাস্ট িন্ডি দ্বারা সমলথযত। আরও নদখু- Also see Wilson, S., & Jasinski, J. (2004). Public satisfaction with the police in domestic violence cases: The importance of arrest, expectations, and involuntary contact. American Journal of Criminal Justice, 28, 235–254, Nathan Birdsall, Stuart Kirby & Michelle McManus (2017) Police–victim engagement inbuilding a victim empowerment approach to intimate partner violence cases, Police Practice and Research, 18:1, 75-86., Hohl, K., Bradford, B., & Stanko, E. (2010). Influencing trust and confidence in the London metropolitan police: Results

**বক্স-১**

**ভিকটিম/সারভাইভার-কেন্দ্রিক পদ্ধতির (ইউকে) জন্য পারিবারিক লিয়াজোঁ অফিসার (‹FLO›)**

ফ্যামিলি লিয়াজোন অফিসার (FLO) হল তদন্ত দলের একটি অবিচ্ছেদ্য অংশ যিনি আদালতের প্রক্রিয়া শেষ না হওয়া পর্যন্ত তদন্ত প্রক্রিয়া জুড়ে পরিবারকে সমর্থন করে। তার ভূমিকা হল সিনিয়র তদন্তকারী অফিসারকে (‹SIO›) সহায়তা করা এবং তদন্তের অগ্রগতি সম্পর্কে পরিবারকে অবহিত করা।

এই পদটি প্রাথমিকভাবে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের পরিবারের সাথে পুলিশের যোগাযোগের অভাবের প্রতিক্রিয়া হিসাবে তৈরি করা হয়েছিল, যা তদন্তে ফাঁক (সমস্যা) তৈরি করতো, নেতিবাচক মিডিয়া রিপোর্ট প্রকাশ করতে এবং কখনও কখনও বিচারাধীন বিষয় হওয়া সত্ত্বেও পুলিশকে তথ্য না দিয়ে মিডিয়াকে সরবরাহ করার প্রক্রিয়াকে প্রভাবিত করতো।

একজন ভালো পারিবারিক লিয়াজো অফিসারের অবশ্যই শোনার এবং সহানুভূতি দেখানোর ক্ষমতা থাকতে হবে তবে ভূমিকার পরামিতিগুলি (সূচকগুলি) পর্যবেক্ষণ করার জন্য যথেষ্ট দূরত্ব বজায় রাখতে হবে, যেমন কিভাবে শেষ করা হবে সে সম্পর্কে স্পষ্ট প্রস্থান কৌশল থাকা, এবং এই প্রক্রিয়াতই শুরু থেকেই ব্যাখ্যা করা প্রয়োজন। তদন্তের অংশ হিসেবে তার ভূমিকা সম্পর্কে তাকে সততা এবং ন্যায়পরায়নতা প্রদর্শন করতে হবে। উদাহরণস্বরূপ, পরিবারের কাছে «আমি জানি না» বলার পরিবর্তে, তিনি এমন কিছু বলবেন যেমন «আমি এই সময়ে সেই তথ্য দেওয়ার অবস্থায় নেই।» পরিবারকে শুরু থেকেই একটা বিষয় পরিষ্কার করে দিতে হবে যে, যদিও FLO পরিবারকে সমর্থন করার জন্য আছে, তারা এখনও প্রাথমিকভাবে একজন পুলিশ অফিসার এবং তদন্ত দলের অংশ।

ফ্যামিলি লিয়াজোন অফিসাররা তদন্তের ক্ষেত্রে বেশিরভাগ সময় ব্রিফিংয়ে উপস্থিত থাকবেন বলে আশা করা হয় তবে ভুক্তভোগী/জীবিত ব্যক্তিকে এমন কিছু না বলার জন্য সতর্কতা অবলম্বন করতে হবে যা মামলায় ক্ষেত্রে আপস প্রভাবিত করতে পারে। প্রয়োজনে, তাদের ব্রিফিং থেকে ফিরে আসা উচিত, কখনও কখনও পরিবারের সাথে সততা বজায় রাখার জন্য নির্দিষ্ট বিবরণ না জানাই ভাল। যাইহোক, FLO সরাসরি SIO এর সাথে যোগাযোগ করবে বলে আশা করা হচ্ছে, এটি বিশেষভাবে প্রাসঙ্গিক যদি শিকার/জীবিত ব্যক্তির পরিবার সন্দেহভাজন হয়।

একজন FLO একজন পরামর্শদাতা নয় এবং এটা প্রত্যাশা করা হয় যে তারা উপযুক্ত হলে তারা পরিবারকে অন্যান্য সহায়তা সংস্থার কাছে যাবার জন্য নির্দেশনা প্রদান করবেন। তারা মিডিয়া রিলিজ এবং সাক্ষাৎকারের মাধ্যমে পরিবারকে নির্দেশনা ও সহায়তা প্রদান করবে।

পরিবারের সাথে তাদের সম্পর্কের কারণে, এফএলও তদন্ত দলকে পরিবার সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য সরবরাহ করতে এবং তদন্তে সহায়তা করার অবস্থানে রয়েছে। তারা এসআইও, তদন্তকারী এবং পরিবারের মধ্যে যোগাযোগের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ দ্বি-মুখী যোগাযোগের মাধ্যম প্রতিষ্ঠার জন্য গুরুত্বপূর্ণ।

একজন ভাল FLO বিশ্বাস গড়ে তুলতে পারে এবং পরিবারের সাথে একটি ভাল সম্পর্ক বজায় রাখতে পারে, যা স্থানীয় সম্প্রদায়ের বাকি অংশের উপর ইতিবাচক প্রভাব ফেলে।

ইউকে কলেজ অফ পুলিশিং এর তথ্য অনুসারে, ফ্যামিলি লিয়াজন অফিসার (এফএলও) এর প্রাথমিক উদ্দেশ্য হল একজন তদন্তকারী যা করে সেটা করা। তদন্তে অবদান রাখতে এবং এর সততা রক্ষা করার জন্য পরিবারের কাছ থেকে প্রমাণ এবং তথ্য সংগ্রহ করা তাদের মূল কাজ। এছাড়াও FLO অপরাধের শিকার ব্যক্তিদের পরিবারের আস্থা ও বিশ্বাস নিশ্চিত করে একটি সংবেদনশীল এবং সহানুভূতিশীল পদ্ধতিতে সহায়তা এবং তথ্য প্রদান করে।

সূত্র: ফ্যামিলি লিয়াজোন অফিসার (ইউকে কলেজ অফ পুলিশিং @: https://profdev.college.police.uk/professional-profile/family-liaison-officer-flo/#role-purpose

ভূমিকা পালনের জন্য একজন নিবেদিত কর্মকর্তাকে নিয়োগ করা ভাল অনুশীলন। এটি তথ্যের ধারাবাহিকতা নিশ্চিত করে এবং ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি এবং পুলিশের মধ্যে আস্থা তৈরি করে। সম্পর্ক গড়ে ওঠার সাথে সাথে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে সহায়তা করার জন্য নিযুক্ত অফিসার দ্বারা তথ্য এবং গোপনীয় বিষয় সংক্রান্ত তথ্য সংগ্রহ করা যেতে পারে, যা তদন্তকারী অফিসারের জন্য খুব দরকারী হতে পারে। যুক্তরাজ্যে, এই ভূমিকাটি বিশেষভাবে প্রশিক্ষিত ফ্যামিলি লিয়াজোন অফিসার ('FLO') দ্বারা পালন করা হয় এবং আন্তর্জাতিকভাবে ভাল অনুশীলন হিসাবে স্বীকৃত হয়েছে (বক্স-১ দেখুন)।

**'ভিকটিম/সারভাইভার-কেন্দ্রিক' পদ্ধতির গঠন সম্পর্কে আরও তথ্যের জন্য, অধ্যায়-২ : 'একজন ম্যানেজার এবং টিম লিডার হিসাবে একটি পার্থক্য তৈরি করা' দেখুন।**

এটি আপনার কর্মীদের কাছে পরিষ্কার করার জন্য, আপনাকে ইতোমধ্যে বিবেচনা করতে হবে এবং তাদের সাথে নিম্নলিখিতগুলি বিষয়গুলি সম্পর্কে তাদের জানাতে হবে:

- আপনি আপনার কর্মীরা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির সাথে কোন তথ্য শেয়ার করবেন বলে আশা করেন এবং কীভাবে তারা নিশ্চিত হবে যে তাকে তদন্ত সম্পর্কে আপডেট রাখা হচ্ছে?

- কীভাবে তারা নিশ্চিত করে যে ক্ষতিগ্রস্ত/বেঁচে থাকা ব্যক্তি-দের সাথে যোগাযোগ রক্ষা করা হয় যারা বিশেষভাবে দুর্বল?

আপনাকে নিশ্চিত করতে হবে যে নারী ও শিশুদের অপরাধের জন্য অভিযুক্ত যারা সহিংসতার শিকার হয়েছে তাদেরও সহিংসতার শিকার/জীবিত হিসাবে চিহ্নিত করা হয়েছে এবং তাদের সাথে এমন আচরণ করা হয়েছে, যেমন, নারী ও মেয়েরা যারা পাচার হয়েছে, যারা অন্যদের দ্বারা শোষিত হয়েছে, এবং এমনকি যারা একটি হিংসাত্মক কাজ করে থাকতে পারে, কারণ এটি বছরের পর বছর ধরে নির্যাতনের কারণে দীর্ঘমেয়াদী মানসিক আঘাতের ফলে হতে পারে।

আপনি এবং আপনার কর্মীরা সেখানে সাহায্য করার জন্য আছেন, বিচার করার জন্য নয়, তাই এটা গুরুত্বপূর্ণ যে কোনো পক্ষপাত, বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপ) এবং অন্যান্য চিন্তাভাবনা বা বিশ্বাস যা আপনি বা আপনার কর্মীরা ধারণ করেন সেগুলি সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির প্রতি কোনো শব্দ বা আচরণের মাধ্যেমে যেন প্রকাশিত না হয়।

এটা স্বীকৃত যে একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির ব্যক্তিগত চাহিদা, যেমন মানসিক বা মনস্তাত্ত্বিক সমর্থন, বিভিন্ন ধরনের প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বাসস্থান (যেমন, সাংকেতিক ভাষা ব্যাখ্যা), স্বাস্থ্য, চিকিৎসা এবং সামাজিক কল্যাণ, বাসস্থান এর মতো সমস্ত সংস্থান পুলিশের কাছে নাও থাকতে পারে এবং তাই আপনার এলাকার অন্যান্য সহায়তা পরিষেবা প্রদানকারীর সাথে আপনার সহযোগিতা শুধুমাত্র সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির জন্যই নয়, আপনার কর্মীদের কার্যকরী ভাবে দায়িত্ব পালনের জন্যও উপকারী হবে। এটি আপনাকে ফৌজদারি বিচার প্রক্রি-য়ার পরবর্তী পর্যায়ের জন্য সবচেয়ে শক্তিশালী মামলা প্রস্তুত করা হয়েছে তা নিশ্চিত করতে তদন্তে পুলিশ মুখ্য ভূমিকার উপর দৃষ্টি নিবদ্ধ (ফোকাস) করতে সক্ষম করবে।

সহিংসতার শিকার/জীবিতদের জন্য যৌথ সংস্থার সাহায্য এবং সহায়তার বিধান থেকে উপকৃত হতে, আপনাকে প্রথমেই যা করতে হবে:

- আপনার পুলিশিং এলাকায় কোন সহায়তা পরিষেবা উপল-ব্ধ রয়েছে তা শনাক্ত করুন;

- কীভাবে তারা ক্ষতিগ্রস্তদের/জীবিতদের চাহিদা পূরণে আপনাকে সহায়তা করতে পারে;

- যদি কিছু থাকে, ইতিমধ্যেই চিহ্নিতদের সাথে আপনার সম্প-র্ক কি?

যদি বর্তমানে কোনোটিই না থাকে, তাহলে ভালো কাজের সম্পর্ক গড়ে তুলতে/উন্নয়নে আপনাকে সক্রিয় হতে হবে।

একটি বহুপাক্ষিক সংস্থার (মাল্টি-এজেন্সি) পরিষেবার বিধান তৈরি করা ব্যয়বহুল হবার দরকার নেই, মূল দিকটি হল যে যারা জড়িত তারা সবাই সহিংসতার শিকার/জীবিতদের সমর্থন করার একটি সাধারণ লক্ষ্যের দিকে কাজ করছে।

চিত্র-১:

**পার্টনারশিপ হুইল (প্রোটেক্ট II ২০১২[১])**




আপনার এলাকায় উপলব্ধ পরিষেবাগুলির ম্যাপিংয়ে আপনাকে সাহায্য করার জন্য একটি দরকারী টুলস (সরঞ্জাম) (ডেটা টেমপ্লেট) নিম্নলিখিত নথির ১৫ পৃষ্ঠায় পাওয়া যাবে: 'ইস্তাম্বুল কনভেনশন স্ট্যান্ডার্ডের সাথে সঙ্গতিপূর্ণ মহিলাদের বিরুদ্ধে সহিংসতার শিকারদের জন্য ম্যাপিং সহায়তা পরিষেবাগুলি: পদ্ধতি এবং টুলস (সরঞ্জামগুলি)।[৩]

যুক্তরাজ্যে, ন্যাশনাল হেলথ সার্ভিস (NHS) এবং পুলিশ দ্বারা যৌন নিপীড়ন রেফারেল সেন্টারের (‹SARCs›) ধারণাটি তৈরি করা হয়েছিল, যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলিকে এক জায়গায় একত্রিত করার জন্য। ইংল্যান্ডের এনএইচএস মতে[৪] 'SARCs স্বাস্থ্য ও সুস্থতার উন্নতি, সহিংসতা ও নির্যাতনের মোকাবেলা, বৈষম্য কমাতে এবং বৈষম্য মোকাবেলায় স্থানীয় ও জাতীয় অগ্রাধিকার এবং নীতির একটি পরিসীমা অর্জনে অবদান রাখে।›

SARC-এর মডেল কাঠামো[৫] নিরাপদ এবং কার্যকর যত্ন প্রদানের জন্য অংশীদার সংস্থাগুলির মধ্যে সহযোগিতার উপর নির্ভর করে।

নিম্নলিখিত তালিকাটি যুক্তরাজ্যে অন্তর্ভুক্ত অংশীদারদের একটি সম্পূর্ণ তালিকা নয়::

- পুলিশ সার্ভিস
- পুলিশ ও অপরাধ কমিশনার

৩ Kelly, L., Chair, R., (2018), 'Mapping Support Services for Victims of Violence against Women In Line with the Istanbul Convention Standards Methodology and Tools, (London Metropolitan University). The Handbook also recommends the document 'Combating violence against women: minimum standards for support services' By Kelly, L., Chair, R., and Dubois, L. (London Metropolitan University, 2008) for the Directorate General of Human Rights and Legal Affairs Council of Europe Strasbourg, at: https://www.coe.int/t/dg2/equality/domesticviolencecampaign/Source/EG-VAW-CONF(2007)Study%20rev.en.pdf

8 Commissioning Framework for Adult and Paediatric Sexual Assault Referral Centre (SARC) Services, (NHS England, 2015).

৫ বর্তমানে, ইউকে ন্যাশনাল ইনস্টিটিউট ফর হেলথ রিসার্চ ('NIHR') ইংল্যান্ডে যৌন নিপীড়ন রেফারেল সেন্টার (SARCs) এর কাজের মূল্যায়ন করতে ১.৩ মিলিয়ন ব্রিটিশ পাউন্ড বিনিয়োগ করছে। অন্যান্য বেশ কয়েকটি বিশ্ববিদ্যালয় এবং যৌন নিপীড়নের রেফারেল কেন্দ্রগুলির সাথে অংশীদারিত্বে মূল্যায়নটি কভেন্ট্রি ইউনিভার্সিটি দ্বারা পরিচালিত হচ্ছে।

- প্রধান স্বাস্থ্য কমিশনার
- স্থানীয় কর্তৃপক্ষ
- এনএইচএস ইংল্যান্ড, ক্লিনিক্যাল কমিশনিং গ্রুপ
- পাবলিক হেলথ ইংল্যান্ড
- স্থানীয় পেডিয়াট্রিক পরিষেবা
- শিশু এবং কিশোর মানসিক স্বাস্থ্য সেবা
- প্রাপ্তবয়স্কদের মানসিক স্বাস্থ্য পরিষেবা
- ক্রাউন প্রসিকিউশন সার্ভিস
- ফরেনসিক বিজ্ঞান সেবা প্রদানকারী
- তৃতীয় সেক্টরের সংস্থাগুলিসহ যারা বিশেষভাবে প্রতিবন্ধী ব্যক্তিদের সহায়তা করে।
- যৌন স্বাস্থ্য সেবা
- সামাজিক যত্ন সংস্থা
- বিচার মন্ত্রনালয় (MoJ) এবং হোম অফিসসহ অন্যান্য স্টেকহোল্ডার, যারা SARC এবং তৃতীয় সেক্টর ভেষজ সহায়তার জন্য অনুদান প্রদান করে।।

যদিও স্টেকহোল্ডার এবং আন্তঃনির্ভরতা বাইরের দেশগুলিতে ইউকে এর চিহ্নিত করা তালিকা থেকে আলাদা হতে পারে, তবে SARC-গুলি বেশ কয়েকটি দেশে, বিশেষ করে ইউরোপ এবং দক্ষিণ আমেরিকার দেশগুলিতে প্রতিষ্ঠিত হওয়ার প্রক্রিয়ায় রয়েছে।

**বুলগেরিয়াতে SARC-এর প্রতিষ্ঠার উপর কেস স্টাডি-১ দেখুন।**

SARC এর সেবা প্রদানের লক্ষ্য হল সেবা গ্রহিতাদের (ক্লায়েন্ট-দের) নিম্নলিখিত সেবাগুলি প্রদান করা:

- বয়স-উপযুক্ত পরিবেশে জটিল স্বাস্থ্যসেবা এবং সহায়তা;;
- ব্যাপক ফরেনসিক মেডিকেল পরীক্ষা;
- এমন পরিষেবা অনুসরণ করা যা সেবা সেবা গ্রহিতাদের (ক্লায়েন্টের) চিকিৎসা, মনোসামাজিক এবং চলমান চাহিদা পূরণ করে;
- স্বাধীন যৌন নিপীড়ন উপদেষ্টার ('ISVA') কাছে সরাসরি অ্যাক্সেস বা রেফারেল।

যদি আপনার এলাকায় কোনো ভিকটিম/ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার না থাকে, তাহলে কেন একটি স্থাপন করা হবে না? এটি VAWG-এর শিকার/জীবিতদের একটি মানসম্পন্ন প্রতিক্রিয়া প্রদানের জন্য আপনার নেতৃত্ব এবং প্রতিশ্রুতি প্রদর্শন করবে এবং আপনার সহকর্মী এবং আপনার সিনিয়র পরিচালকদের জন্য একটি উদাহরণ হবে।

**ঢাকা, বাংলাদেশের প্রথম ওয়ান-স্টপ ভিকটিম সাপোর্ট সেন্টার ('VSC') তৈরি সম্পর্কে জানতে এই অধ্যায়ের শেষে কেস স্টাডি-২ দেখুন।**

যদিও আপনি শুরুতে পরিষেবাগুলির সম্পূর্ণ পরিসরের সাথে একটি ওয়ান-স্টপ সেন্টার তৈরি করতে সক্ষম নাও হতে পারেন, তবে এটি স্থাপন (সেট আপ) করতে কী লাগবে তা খুঁজে বের করুন, যা মৌলিক পরিষেবা প্রদান করবে, যা পরে স্থাপন করা যেতে পারে এবং অন্যদের সাথে অংশিদারিত্বের ভিত্তিতে এমন কিছু এনজিও এবং/অথবা CSO থাকতে পারে যারা কোনটি সবচেয়ে ভাল কাজ করে এবং অন্য স্থানে পুনরাবৃত্তি করা যায় কি না তা নির্ধারণ করার জন্য নিরীক্ষণ এবং মূল্যায়নের জন্য উপযুক্ত বিধানসহ প্রকল্প আকারে আপনাকে অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে একটি অংশীদারিত্ব তৈরি করতে সাহায্য করতে পারে।

যদিও স্বল্প থেকে মধ্য-মেয়াদে আপনার পক্ষ থেকে কিছু প্রচেষ্টা লাগতে পারে, তবে দীর্ঘমেয়াদী এর সুবিধাগুলি অনেক বেশি হবে। ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিরা যারা সহিংসতার আঘাত এবং প্রভাবের মধ্য দিয়ে সময় অতিবাহিত করছে তাদের জন্য প্রাসঙ্গিক সাহায্য এবং সহায়তা প্রদানের মাধ্যমে তাদের ব্যক্তিগত চাহিদা মেটাতে প্রয়োজনীয় কিছু পরিষেবা প্রদান করতে পারে।

আপনি এবং আপনার কর্মীদেরকে এটি তদন্তে সহায়তা করতে পারে যদি সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির এমন পরিষেবাগুলিতে অ্যাক্সেস থাকে যা আপনি প্রদান করতে অক্ষম হন, তবে এটি পুলিশের পক্ষ থেকে দ্বিতীয়বার নিপীড়ন প্রতিরোধ করার জন্য তদন্ত প্রক্রিয়া চলাকালীন তাকে শারীরিক এবং মানসিক-ভাবে সমর্থন করতে পারে উপলব্ধ সম্পদের অভাবের কারণে। উদাহরণ স্বরূপ, প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনের সাথে সহযোগিতা করা আপনাকে নিশ্চিত করতে সাহায্য করবে যে বিভিন্ন ধরনের প্রতিবন্ধীতার শিকার/জীবিত ব্যক্তিরা ন্যায়বিচার পেতে সহায়তা করার জন্য প্রয়োজনীয় সমস্ত সহায়তা পান।[৬]

একজন ভুক্তভোগী/জীবিত ব্যক্তি অন্য পরিষেবা প্রদানকারী-দের সাথে সহযোগিতার মাধ্যমে চলমান সমর্থন এবং সহায়তা পাচ্ছেন তা নিশ্চিত করার মাধ্যমে, আপনার অফিসাররা অভিযুক্ত অপরাধীর বিরুদ্ধে একটি শক্তিশালী মামলা তৈরি করতে এবং সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির জন্য ন্যায়বিচার পাওয়ার জন্য প্রমাণ সংগ্রহের উপর তাদের দৃষ্টি নিবদ্ধ (ফোকাস) করতে পারে। এটি ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের, পরিবার এবং বন্ধুদের এবং

৬ ন্যায়বিচারে প্রবেশের বিষয়ে প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার সংক্রান্ত কনভেনশনের-১৩ অনুচ্ছেদ দেখুন @: https://www.un.org/development/desa/disabilities/convention-on-the-rights-of-persons



ছবি ইউএন উইমেন/অ্যালিসন জয়েস (বাংলাদেশ) এর সৌজন্যে

পুলিশের প্রতি সম্প্রদায়ের আস্থা ও বিশ্বাস গড়ে তুলবে, এর ইতিবাচক ফলাফলের সাথে আরও বেশি সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিরা এই ধরনের অপরাধের রিপোর্ট করতে এগিয়ে আসার জন্য আত্মবিশ্বাসী হবে।

অনেক মহিলা এবং প্রতিবন্ধী মেয়ের মধ্যে সহিংসতার রিপোর্ট না করার প্রবণতা রয়েছে কারণ থানাতে পাওয়া যায় এমন সহায়তায় তাদের প্রবেশাধিকারের অভাব সম্পর্কে সচেতন। সহায়তায় প্রবেশাধিকার নিশ্চিত করা গেলে প্রতিবন্ধী নারী ও মেয়েদের মধ্যে পুলিশের প্রতি আস্থা বৃদ্ধি পাবে।

অন্যান্য সংস্থা (এজেন্সি) এবং সম্প্রদায়ের সাথে অংশীদারিত্বে, আপনাকে এবং আপনার কর্মীদের এই ধরনের অপরাধ বিশ্লেষণ করতে এবং প্রতিরোধমূলক হস্তক্ষেপগুলি সনাক্ত করতে সক্ষম করবে, ফলস্বরূপ সম্প্রদায়গুলি থেকে আরও সম্ভাব্য তথ্য এবং গোপনীয় বিষয় সম্পর্কে জানা সহজ হতে পারে।

**প্রতিরোধ ব্যবস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য, তৃতীয় অধ্যায় : ‹প্রতিরোধ› দেখুন।**

একটি SARC/ভিকটিম কেয়ার সেন্টার (‹VCC›) প্রতিষ্ঠার সময়, আপনাকে সংস্থা (এজেন্সি)/পরিষেবা প্রদানকারীদের মধ্যে বিভিন্ন প্রোটোকল তৈরি করতে হবে যা সহযোগিতার স্তরের উপর নির্ভর করে অনানুষ্ঠানিক বা আনুষ্ঠানিক হতে পারে। অংশীদারদের মধ্যে তথ্য এবং গোপনীয় বিষয়/তথ্য আদান-প্রদানের জন্য আনুষ্ঠানিক প্রোটোকলের অবশ্যই প্রয়োজন হবে এবং প্রতিটি অংশীদার কোন কোন পরিষেবা বা সংস্থানগুলি সরবরাহ করতে সক্ষম তা নির্ধারণ করার জন্য চুক্তির প্রয়োজন হবে।

আপনাকে আপনার সিনিয়র ম্যানেজারদের কাছ থেকে কর্তৃত্ব সুরক্ষিত করতে হবে যাতে আপনি এই প্রকল্পে কোনো পুলিশিং সংক্রান্ত সম্পদ প্রদানের প্রতিশ্রুতি করতে পারেন, তাই আপনাকে তাদের স্থানীয় পুলিশিং কার্যক্রম এবং যেখানে প্রাসঙ্গিক, দেশের নাগরিকদের নিরাপত্তা ও সুরক্ষা প্রদানের ক্ষেত্রে জাতীয় পুলিশ উভয়ের ক্ষেত্রেই উদাহরণ প্রদান করতে হবে। ।

আপনাকে অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথেও একমত হতে হবে যে ক্ষতিগ্রস্ত/জীবিতদের জন্য কী কী রেফারেল প্রক্রিয়াগুলি আছে বা থাকবে, কীভাবে এটি যোগাযোগ করা হবে এবং প্রযোজ্য

ক্ষেত্রে, কোন খরচ থাকলে তা কীভাবে ভাগ করা হবে। এছাড়াও আপনাকে অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে এবং তাদের মধ্যে বিশ্বাস এবং আস্থা তৈরি করতে হতে পারে, এটা নিশ্চিত করে যে আপনি VAWG-তে জাতীয় কৌশল উল্লেখ করেছেন - বিশেষ করে যে কোনো নীতি যা রেফারেল এবং সমন্বয় প্রক্রিয়া বর্ণনা করেছেন।

যদি তাদের পুলিশের ভূমিকা, আপনার ক্ষমতা এবং আপনি যে চ্যালেঞ্জগুলির মুখোমুখি হন সে সম্পর্কে জ্ঞানের অভাব থাকে, তাহলে তারা শিকার/জীবিতদের যত তাড়াতাড়ি সম্ভব আপনার কাছে রিপোর্ট করতে উত্সাহিত করতে অনিচ্ছুক হবে।

একজন ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি, সাক্ষী, অপরাধের দৃশ্য এবং এমনকি অভিযুক্ত অপরাধীর কাছ থেকে প্রমাণের সম্ভাব্য ক্ষতি এড়াতে আপনি কীভাবে প্রাথমিকভাবে পুলিশে রিপোর্ট করতে উৎসাহিত করতে পারেন? ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি পুলিশের কাছে অভিযোগ করতে না চাইলেও, প্রাথমিক সুযোগে প্রমাণগুলিকে সুরক্ষিত ও সংরক্ষণ করার জন্য কী বাস্তব পদক্ষেপ নেওয়া যেতে পারে তা আপনাকে বিবেচনা করতে হবে, যাতে তিনি পরে রিপোর্ট করার সিদ্ধান্ত নেন, তাহলেও গুরুত্বপূর্ণ প্রমাণগুলি তার কাছে উপলব্ধ হতে পারে। অন্যান্য এজেন্সি/পরিষেবা প্রদানকারীদের সচেতনতা বৃদ্ধি করার একটি সহজ উপায় হতে পারে:

- প্রমাণের প্রকার;
- সম্ভাব্য প্রমাণ সনাক্তকরণ এবং রক্ষা করা;
- একটি অপরাধের দৃশ্য কিভাবে সংগঠিত হয়;
- যে কোনো দৃশ্য রক্ষা ও সংরক্ষণের গুরুত্ব;
- কীভাবে প্রমাণ সংরক্ষণ করা যায়, বিশেষত শারীরিক তরল জাতীয় পদার্থসহ সম্ভাব্য ফরেনসিক প্রমাণ ।

যদিও আপনি চান যে তদন্তের এই মূল দিকগুলি পুলিশ দ্বারা নিয়ন্ত্রিত হোক, আপনার জন্য কী প্রয়োজন সে সম্পর্কে উচ্চতর সচেতনতার সাথে অন্যান্য পরিষেবা প্রদানকারীরা সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির জন্য ন্যায়বিচার পাওয়ার প্রচেষ্টায় আপনাকে আরও ভালভাবে সমর্থন করতে সক্ষম হবে। ।

**মনে রাখবেন যে কোনো যৌথ পদ্ধতির জন্য এক নম্বর বিবেচনা অবশ্যই সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির চাহিদা মেটানো হবে।**

উদাহরণস্বরূপ, একটি হাসপাতালে একটি ওয়ান-স্টপ ক্রাইসিস সেন্টার থাকালেও কোন উপকার হবে না যদি প্রথম সাড়াদানকারী কর্মকর্তারা এটি সেখানে আছে বা তারা ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিদের এটি অ্যাক্সেস করতে সহায়তা করতে পারে সেই বিষয়টি না জানেন, তাই নিম্নলিখিত বিষয়গুলি বিবেচনা করুন:

- যেখানে সহায়তা পরিষেবাগুলি ইতিমধ্যেই বিদ্যমান, সেগুলি মহিলা এবং মেয়েদের জন্য কতটা অ্যাক্সেসযোগ্য[৭] এবং উপযুক্ত[৮]?
- তারা কি শিশুদের পাশাপাশি প্রাপ্তবয়স্কদের সহায়তা করতে সক্ষম?
- অন্য কোন পরিষেবাগুলি সেখানে আছে কি না, এবং সেগুলি কোথায় অবস্থিত বা অ্যাক্সেসযোগ্য কি না সেই সম্পর্কে আপনার সমস্ত কর্মীরা কি সচেতন?[৯]

## VAWG-তে সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করা আপনার দলের কর্মদক্ষতার ঘাটতিগুলো (পারফরম্যান্সের ফাঁকগুলি) চিহ্নিত করার মাধ্যমে শুরু হয়

VAWG-এর ঘটনাগুলির প্রতিক্রিয়া জানানোর সময় পুলিশ প্রতিষ্ঠানের ভাল অনুশীলন এবং কর্মদক্ষতার ঘাটতিগুলো বৈশ্বিক ম্যাপিং থেকে অনুপ্রাণিত একটি বিস্তৃত তালিকা নীচে দেওয়া হয়েছে। এই ম্যাপিংটিতে বেশ কিছু কর্মরত এবং অবসরপ্রাপ্ত পুলিশ অফিসাররা এবং ইউএন এবং সিভিল সোসাইটি সংস্থার কর্মীরা সম্পৃক্ত ছিল যাদের সরাসরি পুলিশ এবং VAWG মোকাবেলায় বিশেষায়িত বেসরকারি সংস্থাগুলির সাথে কাজ করার অভিজ্ঞতা রয়েছে।

নীচে তালিকাভুক্ত কর্মদক্ষতার ঘাটতিগুলো তদন্ত প্রক্রিয়ার সমস্ত পয়েন্টে পুলিশের প্রচেষ্টার জন্য ক্ষতিকর, তবে এই ক্ষেত্রে, তারা বিশেষ করে পুলিশ সহায়তা এবং সহিংসতার শিকার/জীবিতদের জন্য সহায়তার কৌশলগুলির জন্য বিপরীতমুখী।

এই তালিকাটি পুলিশ ম্যানেজারদের সেই সমস্ত আচরণ, কার্য-

৭ অ্যাক্সেসযোগ্য অর্থ সহায়তা পরিষেবাগুলি শারীরিকভাবে অ্যাক্সেসযোগ্য হবে (পরিষেবাগুলি নিরাপদ এবং শারীরিক ভাবে নারী ও মেয়েদের নাগালের মধ্যে থাকতে হবে), অর্থনৈতিকভাবে অ্যাক্সেসযোগ্য (সাধ্যের মধ্যে) এবং ভাষাগতভাবে অ্যাক্সেসযোগ্য (বিভিন্ন ভাষা এবং ফর্ম্যাটে তথ্য সরবরাহ করা হয়)। এই অর্থটি 'সহিংসতা শিকার 'নারী এবং মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ': মূল উপাদান এবং গুণগতমানের নির্দেশিকা' থেকে নেওয়া। (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015) at: https://www.unwomen.org/en/digital-library/publications/2015/12/essential-services-package-for-women-and-girls-subject-to-violence

৮ উপযুক্ত অর্থ সহায়তা পরিষেবাগুলি একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির মর্যাদাকে সম্মান করবে; তার গোপনীয়তার নিশ্চয়তা প্রদান করবে; তার চাহিদা এবং দৃষ্টিভঙ্গির প্রতি সংবেদনশীল হবে; এবং দ্বিতীয়বার সহিংসতার শিকার কমিয়ে হওয়ার সম্ভাবনা কমিয়ে দিবে (প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ' (এন-৭) দেখুন।

ক্রম এবং মনোভাব সনাক্ত করতে এবং সংশোধন করতে সহায়তা করার জন্য প্রণয়ন করে হয়েছে যা পুলিশকে VAWG-এর শিকার/জীবিত ব্যক্তিদের তাদের অধিকার এবং ন্যায়বিচারের বিকল্প-গুলির তথ্য ব্যবহারিক, সঠিকভাবে, নির্ভুলভাবে এবং ব্যাপক আকারে প্রদানের মাধ্যমে তাদের নিজস্ব জ্ঞাত সিদ্ধান্ত নিতে ক্ষ-মতায়িত করার ক্ষেত্রে বাধা সৃষ্টি করে। বিভাগের শিরোনামগুলি পাঠককে চিহ্নিত ক্ষমতার ব্যবধানের মূল সমস্যাটির সাথে কর্ম-দক্ষতার ঘাটতিগুলো সম্পর্কযুক্ত করে বুঝতে সহায়তা করার জন্য ব্যবহার করা হয়েছে; যাইহোক, তারা আসলে সবগুলিই প্রযোজ্য এবং/অথবা একে অপরের জন্য পরিপূরক:

**লিঙ্গ পক্ষপাত**

- পুলিশ মধ্যস্থতাকে আনুষ্ঠানিক ন্যায়বিচার থেকে ভিন্ন দিকে প্র-বাহিত করা হিসাবে উল্লেখ করবে, কারণ তারা বিশ্বাস করে যে এটি সবার জন্য একটি সুবিধাজনক সমাধান।

**দ্বিতীয়বার ভুক্তভুগি হওয়া (সেকেন্ডারি ভিকটিমাইজেশন)**

- তথ্য শেয়ার করতে ব্যর্থ হওয়া বা অনুপযুক্তভাবে তা করা IPV-এর শিকার/জীবিত এবং তাদের সন্তানদের মারাত্মক ঝুঁকিতে ফেলতে পারে। সমস্ত সংস্থাগুলি (এজেন্সিগুলির) দ্বারা ব্যক্তি-গত তথ্য ভাগ করে নেওয়ার একটি সামঞ্জস্যপূর্ণ পদ্ধতি বিভিন্ন পেশাদারদের কাছে কষ্টদায়ক কেস ইতিহাসের অপ্রয়োজনীয় পু-নরাবৃত্তি রোধ করতে এবং যথেষ্ট সময় বাঁচানোর শর্তে IPV ভুক্তভোগী/জীবিতদের জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলির গুণগ-তমানকে ব্যাপকভাবে উন্নত করতে পারে। সর্বোপরি, ভুক্তভো-গী/জীবিতদের নিরাপত্তা এবং অর্থপূর্ণ অংশগ্রহণ অবশ্যই এর মূল ভিত্তি হবে;[১০]
- সাহায্য এবং সহায়তা প্রদানের সময় পুলিশ যে আত্মবিশ্বাস তৈরি করে তা সহজেই খুন্ন হতে পারে যখন ভিকটিম/বেঁচে থাকা ব্য-ক্তিরা মনে করেন যে তাদের সাক্ষাৎকারের সময় জিজ্ঞাসাবাদ করা হয়েছে।

**অসৎ আচরণ**

- ভিএডব্লিউজির শিকার/জীবিত ব্যক্তিদেরকে অভিযুক্ত অপরাধীর অবস্থাসহ তাদের মামলার অবস্থা সম্পর্কে অবহিত রাখতে পুলিশ সংগ্রাম করছে;
- অত্যাবশ্যক পরিষেবার মান উন্নত করার জন্য আইনের সাথে দ্বন্দ্বে থাকা সংখ্যালঘু গোষ্ঠী, প্রতিবন্ধী গোষ্ঠী, যুব গোষ্ঠী বা মহিলাদের সাথে সমন্বয়কে পুলিশ প্রায়ই উপেক্ষা করে;
- বাধ্যতামূলক থাকা সত্ত্বেও পুলিশ বিশেষজ্ঞরা চলমান বিচারে অংশগ্রহণ করেন না;
- পুলিশ প্রাথমিক ঝুঁকি মূল্যায়নের উপর ধারাবাহিকভাবে অনুস-রণ করতে সংগ্রাম করে, বিশেষ করে যখন এটি অভিযুক্ত অপ-রাধীর ক্ষেত্রে হয়। পুলিশ সাধারনত কঠোরভাবে মুক্তির (অর্থাৎ জামিন) শর্তের অনুরোধ করার সময় অসঙ্গতিপূর্ণ আচরণ করে যাতে করে বাড়ি, কাজের জায়গা এবং ভিকটিম/বেঁচে থাকা ব্য-ক্তির বর্ধিত পরিবারের সদস্যসহ ভিকটিম এবং সাক্ষীদের নিকট থেকে নিবিড়ভাবে তত্বাবধানের শর্তে অপরাধীকে দূরে থাকতে হয়;[১১]
- পুলিশ ম্যানেজারদের মধ্যে সমস্যাকে নিজের মনে না করে কাজ করার মানসিকতা থাকার ফলে তদন্তকারীদের কার্যকরভাবে এবং পর্যাপ্তভাবে তাদের কাজ করার জন্য প্রয়োজনীয় সময়ের অস-ঙ্গতিপূর্ণ ব্যবস্থাপনার দিকে পরিচালিত করে। যার ফলে, ‹তদ-ন্তকারী ক্লান্তি' আরও ব্যাপক হয়ে ওঠে, যা VAWG মামলাগুলির তদন্তের সামগ্রিক গুণগতমানকে প্রভাবিত করে।[১২]

**প্রশিক্ষণ এবং শিক্ষার অভাব**

- কিভাবে প্রমাণ সংগ্রহ করা হয় এবং রক্ষণাবেক্ষণ করা হয় সে সম্পর্কে পুলিশকে আরও সতর্ক হতে হবে, যেমন ভিকটিম/জীবিত ব্যক্তির মোবাইল ফোন নেওয়া;
- পুলিশ প্রায়শই মনে করে যে তাদের কাছে পারিবারিক সহিংস-তার শিকার/বাঁচাদের সহায়তার চাহিদা মোকাবেলা করার সময়, দক্ষতা বা ইচ্ছা নেই।[১৩]

## সংজ্ঞা এবং কাঠামো

ESP দ্বিতীয়বার নির্যাতনকে (সেকেন্ডারি নিপীড়নকে) আইনের সরাসরি ফলাফল হিসেবে নয়, বরং সহিংসতার শিকার/জীবিত

১০ Inspired by 'Aspects of violence against women that pertain directly to the Commission on Crime Prevention and Criminal Justice' (Commission on Crime Prevention and Criminal Justice V.08-52191 (E) *0852191* Seventeenth session Vienna, 14-18 April 2008).

১১ 'Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women' (UNODC,2014) দ্বারা অনুপ্রাণিত।

১২ The Honourable Wally T. Oppal, 'FORSAKEN. The Report of the Missing Women Commission of Inquiry VOLUME IIB Nobodies: How and Why We Failed the Missing and Murdered Women Part 3, 4 and 5' (2012) দ্বারা অনুপ্রাণিত।

১৩ Gemma Hamilton, Lisa Harris & Anastasia Powell (2019): 'Policing repeat and high-risk family violence: police and service-sector perceptions of a coordinated model', *Police Practice and Research*, DOI: 10.1080/15614263.2019.1697267

ব্যক্তির প্রতি প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের অপর্যাপ্ত প্রতিক্রিয়ার ফলে ঘটছে বলে চিহ্নিত করে।[১৪] দ্বিতীয়বার নির্যাতনের (সেকেন্ডারি নিপীড়ন) ঘটনা বিচার প্রক্রিয়া জুড়ে হতে পারে।

অধিকার এবং ন্যায়বিচারের বিকল্প সম্পর্কে জ্ঞানের ভিত্তিতে তাদের নিজেদের জ্ঞাত সিদ্ধান্ত নিতে দেওয়ার মাধ্যমে পুলিশ নারী ও মেয়েদের ক্ষমতায়নে মৌলিক ভূমিকা পালন করে।

এটি পুলিশ শুরু করতে পারে ভিএডব্লিউজি-এর শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আশ্বস্ত করার মাধ্যমে যে আন্তর্জাতিক মান অনুযায়ী[১৫], অভিযুক্ত অপরাধীদের অভিযুক্ত করার এবং বিচার করার দায়িত্ব শুধুমাত্র তাদের নয়, এটি দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশনের।

এটা শুরু হতে পারে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে তাদের অবস্থা (অভিবাসী, উদ্বাস্তু, রাষ্ট্রহীন, বা পাচার করা) এবং পটভূমি (লিঙ্গ, জাতিগত, যৌন অভিমুখীতা, জাতীয় উত্স এবং/অথবা অক্ষমতা), তাদের নির্বিশেষে উপলব্ধ পরিষেবা এবং আইনি প্রতিকার সম্পর্কে অবহিত করা উচিত এবং তাদের নিশ্চয়তা প্রদান করা উচিত যে এই সেবা নিতে তাদের কোন আর্থিক খরচ হবে না এবং তারা বুঝবে এমন ভাষায় তাদের সাথে যোগাযোগ করা হবে ।

ESP-এর মতে, VAWG-এর সমস্ত শিকার/জীবিতদের জন্য ন্যায়বিচারের অ্যাক্সেস নিশ্চিত করার জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান হল সহায়তা এবং সাহায্য পরিষেবার বিধান যাতে ব্যবহারিক, নির্ভুল, অ্যাক্সেসযোগ্য এবং ব্যাপক হয়।[১৬] ইএসপি আরও যোগ করছে যে বিচার সাথে যুক্ত অনুঘটকদের, যেমন পুলিশ, সহায়তা এবং সাহাজ্য পরিষেবাগুলিকে বিস্তৃতভাবে স্বাস্থ্য বিশেষজ্ঞ, আশ্রয়কেন্দ্র, সামাজিক পরিষেবা এবং কাউন্সেলিং অন্তর্ভুক্ত করা উচিত।

সমর্থন এবং সহায়তার জন্য এই ধরনের একটি বিস্তৃত এবং সমন্বিত পদ্ধতি VAWG-এর শিকার/জীবিতদের পুলিশের নিকট থেকে তাদের এবং তাদের নিকটাত্মীয়দের যে পরিমাণ সুরক্ষা এবং নিরাপত্তার প্রয়োজন হবে তা সহ তাদের অধিকার এবং ন্যায়বিচারের বিকল্পগুলির উপর প্রভাব ফেলতে পারে এমন জটিল সিদ্ধান্তগ্রহণ প্রক্রিয়ায় অর্থপূর্ণভাবে অংশ নিতে সাহায্য করবে। শিকার/জীবিতদের ভালভাবে অবগত করার মাধ্যমে, পুলিশ কেবল তদন্ত প্রক্রিয়ায় তাদের অর্থপূর্ণ অংশগ্রহণকেই ক্ষমতায়ন করছে না বরং VAWG-এর শিকার/জীবিত এবং তাদের সহায়তাকারী সম্প্রদায়ের সাথে আস্থাও তৈরি করছে যা কার্যকর সহযোগিতা এবং

১৪ Also see the 2010 Updated Model Strategies and Practical Measures on the Elimination of Violence against Women in the Field of Crime Prevention and Criminal Justice (2011, General Assembly resolution 65/228, annex).

১৫ ক্রাইম প্রিভেনশন অ্যান্ড ক্রিমিনাল জাস্টিস (২০১১, জেনারেল অ্যাসেম্বলি রেজল্যুশন ৬৫/২২৮, অ্যানেক্স) এর ক্ষেত্রে নারীদের বিরুদ্ধে সহিংসতা নির্মূলের বিষয়ে হালনাগাদ করা মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা দেখুন।

১৬ প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ আরও দেখুন।

**" তদন্তকারীরা তদন্ত প্রক্রিয়া চলাকালীন ভিকটিমদের সাথে সহযোগিতা করবে এবং কিছু তদন্তমূলক পদক্ষেপ পরিচালনা না করা অনুরোধ করা সংক্রান্ত ভিকটিমের অধিকারকে সম্মান করবে। অপরাধ তদন্ত ভুক্তভোগীর দ্বারা নির্ধারিত গতিতে পরিচালিত হওয়া উচিত, আইন প্রয়োগকারী কর্মকর্তার নয়।"**

যৌন নিপীড়ন প্রতিক্রিয়া নীতি এবং প্রশিক্ষণ বিষয়বস্তু নির্দেশিকা (2015), পুলিশের প্রধানের আন্তর্জাতিক সংস্থা।

ইতিবাচক ফলাফলের জন্য খুবিই দরকার। অন্য কথায়, ভিএ-ডব্লিউজির শিকার/জীবিতদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করা সাধারণভাবে সম্প্রদায়ের সাথে আস্থা তৈরির সমার্থক। সহিংসতার শিকার-কেন্দ্রিক বা বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির নিশ্চিত করার ক্ষেত্রে তদন্তের কৌশল বা পন্থা নির্ধারণ করার সময়, অর্থপূর্ণ অংশগ্রহণকে একদিকে যেমন লক্ষ্য আবার অন্যদিকে উপায় হিসাবে দেখা উচিত। [১৭]

বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এর মতে[১৮], অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য প্রয়োজন হল কর্মসূচি প্রণয়ন, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণসহ কোন ব্যক্তিকে সরাসরি প্রভাবিত করে এমন সকল সিদ্ধান্তে অংশগ্রহণ করার অধিকার। উদাহরণস্বরূপ, ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত ব্যক্তিদের অধিকার রয়েছে ঘটনা(গুলি) সংক্রান্ত আইনি বিবৃতি উপস্থাপন করার এবং তাদের অধিকারকে প্রভাবিত করে এমন সিদ্ধান্ত সম্পর্কে জানার।

এর মধ্যে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তির বিকল্প বিরোধ নিষ্পত্তি বা অনানুষ্ঠানিক ব্যবস্থার অবলম্বন করার (বা না করার) যেকোনো সিদ্ধান্তসহ, একটির পরিবর্তে অন্য একটি নির্দিষ্ট প্রতিকার পাওয়ার সিদ্ধান্ত অন্তর্ভুক্ত থাকতে পারে।[১৯] তদুপরি, অর্থপূর্ণ অংশগ্রহণ বিভিন্ন ধরণের হতে পারে, যার মধ্যে রয়েছে (কিন্তু সীমাবদ্ধ নয়), সুষম, অ্যাক্সেসযোগ্য, বস্তুনিষ্ঠ তথ্যের সাথে পর্যাপ্তভাবে অবহিত হওয়া যাতে তারা তাদের কল্যানকে প্রভাবিত করে এমন সিদ্ধান্তগুলির উপর নিজেদের নিয়ন্ত্রণ বজায় রাখাতে পারে জন্য, সেইসাথে

১৭ ভিকটিম/সারভাইভার-কেন্দ্রিক পদ্ধতির লক্ষ্য হল একটি সহায়ক পরিবেশ তৈরি করা যেখানে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির অধিকারকে সম্মান করা হয় এবং যেখানে তার সাথে মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করা হয়। এই পদ্ধতি ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির আরোগ্য এবং তার চাহিদা এবং ইচ্ছা চিহ্নিত করার এবং প্রকাশ করার ক্ষমতাকে বৃদ্ধি করতে সাহায্য করে, সেইসাথে সম্ভাব্য হস্তক্ষেপ সম্পর্কে সিদ্ধান্ত নেওয়ার তার ক্ষমতাকে শক্তিশালী করে। See the 'Communities Care Programme: Transforming Lives and Preventing Violence', (UNICEF, New York, 2014,), at: https://www.unicef.org/documents/communities-care

১৮ Participation: Gender, equity and human rights. World Heath Organisation, at: https://www.euro.who.int/en/publications/abstracts/participation-as-a-driver-of-health-equity-2019

১৯ 'Mapping and Analysis of Domestic Legal Remedies to issues of Violence against Women (VAW), (Women's Legal and Human Rights Bureau and UN Women, 2010).

পরামর্শ করা এবং সেইসাথে বিকল্পগুলি চিহ্নিত এবং সমাধান-গুলির সনাক্তকরণের জন্য সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় তাদের সাথে পরামর্শ করা।[২০]

প্রকৃতপক্ষে, তদন্ত প্রক্রিয়ায় VAWG-এর শিকার/জীবিত ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণের ফলে তারা ক্ষমতায়িত হয়ে ওঠে যখন সে তার অধিকারের দাবির পক্ষে কথা বলতে এবং তার পক্ষে কাজ করতে সক্ষম হয়। উইমেনস লিগ্যাল অ্যান্ড হিউম্যান রাইটস ব্যুরো (ডব্লিউএলবি) এবং ইউএন উইমেন তিনটি উপায় সুপারিশ করেছে যার মাধ্যমে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ পরিমাপ করা যায় যখন সে ন্যায়বিচার পেতে চায়।[২১]:

- ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি দেশীয় এবং আন্তর্জাতিক আইনের অধীনে তার অধিকার সম্পর্কে সচেতন কিনা;
- আইনি ব্যবস্থা এবং দায়িত্ব পালনকারীরা[২২] সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে সক্রিয়, অর্থপূর্ণ এবং দৃশ্যমান অংশগ্রহণের অনুমতি দেয় কিনা;
- প্রক্রিয়াটি সামগ্রিকভাবে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে শাসন প্রক্রিয়ায় (সিস্টেমের) সাথে জড়িত করে কিনা।

ভিএডব্লিউজি-এর শিকার/জীবিতদের অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য পুলিশের পরিকল্পনায় শিকার/জীবিত ব্যক্তির প্রোফাইলের বিভিন্ন বিচ্ছেদকারী এবং দ্বৈততার (ওভারল্যাপিং) কারণগুলি[২৩] এবং নারী এবং মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণকে প্রভাবিত করতে কীভাবে সামাজিক পরিচয় এবং পরিস্থিতিগত পরিস্থিতি একত্রিত হতে পারে তা বিবেচনা করা উচিত (ছেদ করতে পারে) যা উপরের তিনটি বুলেট পয়েন্ট এ বর্ণনা করা হয়েছে।

এতে সাংস্কৃতিক বা ধর্মীয় বিশ্বাস বা ব্যাখ্যার সাথে যুক্ত লিঙ্গ বৈষম্য থেকে উদ্ভূত তথাকথিত 'সম্মান' ভিত্তিক অপরাধ সহিংসতা অন্তর্ভুক্ত থাকতে পারে।[২৪] বিচ্ছেদকারী কারণগুলির অন্যান্য উদাহরণ হল অক্ষমতা, যার মধ্যে মানসিক এবং মনস্তাত্ত্বিক অক্ষমতা, মাদক নির্ভরতা, আইনের সাথে সংঘাতে থাকা এবং/অথবা সংখ্যালঘু গোষ্ঠীর অংশ হওয়া।[২৫]

VAWG-এর কাজগুলিকে 'সম্মান-ভিত্তিক' সহিংসতা হিসাবে চিহ্নিত করার সময়, এটি লক্ষ করা গুরুত্বপূর্ণ যে এই শব্দটি যেন প্রতিদ্বন্দ্বিতামূলক হয় , কারণ এটি নির্দিষ্ট সম্প্রদায়গু-লিকে অসামঞ্জস্যপূর্ণভাবে লক্ষ্যবস্তুতে পরিণত করে, সম্ভবত এর ফলে সম্প্রদায়গুলির উপর নজরদারি এবং পুলিশিং বৃদ্ধি পায়, যেহেতু তারা এই সম্প্রদায়গুলিকে এমন এজেন্ডার সাথে সংযুক্ত করে যা কার্যকর VAWG প্রতিক্রিয়ার সাথে সম্পর্কিত নয়।[২৬] এটি সুপারিশ করা হয়েছে যে পুলিশ যখন 'সম্মান-ভিত্তিক'

---

২০ Participation: Gender, equity and human rights. World Heath Organisation, at: https://www.euro.who.int/en/publications/abstracts/participation-as-a-driver-of-health-equity-2019

২১ 'Mapping and Analysis of Domestic Legal Remedies to issues of Violence against Women (VAW), (Women's Legal and Human Rights Bureau and UN Women, 2010).

২২ দায়িত্ব-পালনকারীরা সাধারণত রাষ্ট্রীয় অনুঘটক (যেমন পুলিশ) বা রাষ্ট্রের পক্ষে কাজ করা অনুঘটক যাদের মানবাধিকারের সম্মান, প্রচার এবং উপলব্ধি এবং মানবাধিকার লঙ্ঘন থেকে বিরত থাকার একটি বিশেষ বাধ্যবাধকতা বা দায়িত্ব রয়েছে। প্রেক্ষাপটের উপর নির্ভর করে, বেসরকারী সশস্ত্র বাহিনী, ব্যক্তি (যেমন, পিতামাতা), স্থানীয় সংস্থা, বেসরকারী সংস্থা, সাহায্য দাতা এবং আন্তর্জাতিক প্রতিষ্ঠানগুলিও দায়িত্ব পালনকারী হতে পারে। See: Glossary of Terms and Concepts UNICEF Regional Office for South Asia November 2017. https://www.unicef.org/rosa/media/1761/file/Gender%20glossary%20of%20terms%20and%20concepts%20.pdf%20.

২৩ ১৯৮৯ সালে কৃষ্ণাঙ্গ নারীবাদী কর্মী এবং শিক্ষাবিদ প্রফেসর কিম্বার্লে ক্রেনশো প্রথম আন্তবিচ্ছিন্নতার ধারণাটি প্রথম উল্লেখ করেছিলেন। তারপর থেকে এটি জাতি, শ্রেণী, বর্ণ, লিঙ্গ, জাতিসত্তা, যৌনতা, অক্ষমতা, জাতীয়তা, অভিবাসন অবস্থা, ভৌগলিক অবস্থান এবং ধর্ম সহ (তবে সীমাবদ্ধ নয়) বেশ কয়েকটি যুগপত নিপীড়নের সংযোগস্থলে মহিলাদের অভিজ্ঞতা বোঝার জন্য ব্যবহৃত হয়েছে। See: Hill Collins, P., 'Black Feminist Thought: Knowledge, Consciousness, and the Politics of Empowerment' (Routledge, New York, 1990); cited in Imkaan and UN Women (2019), 'The Value of Intersectionality in Understanding Violence against Women and Girls' at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eca/attachments/publications/2019/10/the%20value%20of%20intersectionality%20in%20understanding%20violence%20against%20women%20and%20girls.pdf?la=en&vs=3339

২৪ 'সম্মান-ভিত্তিক' VAWG সাধারণত তিনটি মৌলিক উপাদানকে প্রতিফ-লিত করে: 1) একজন মহিলার আচরণের উপর নিয়ন্ত্রণ, বা নিয়ন্ত্রণ প্রয়োগ করার ইচ্ছা; '2) একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্য-ক্তির আচরণের উপর একজন পুরুষের নিয়ন্ত্রণ হারানোর জন্য লজ্জার অনুভূতি, বা নিয়ন্ত্রণ হারিয়ে ফেলা অনুভূতি; এবং ৩) এই লজ্জা বাড়াতে এবং মোকাবেলায় সম্প্রদায় বা পারিবারের জড়িত হওয়া। See 'Barker, N., Gregware., P.R., Cassidy, M.A. (1999), 'Family Killing Fields: Honor Rationales in the Murder of Women'.

২৫ ইমকান, যুক্তরাজ্য-ভিত্তিক একটি মহিলা সংস্থা যা কৃষ্ণাঙ্গ এবং সংখ্যাল-ঘু নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা মোকাবেলায় কাজ করে "সংখ্যা-লঘুকরণ"কে একটি প্রক্রিয়া হিসাবে বর্ণনা করেছে যা সামাজিক, রাজনৈ-তিক, অর্থনৈতিক এবং অন্যান্য অবস্থার প্রেক্ষিতে সৃষ্টি করে এবং বজায় থাকে যা একটি গোষ্ঠীর মানুষের সাথে সংখ্যালঘুর মত আচরণ করা হয় এবং সংজ্ঞায়িত করা হয় যেমন 'জাতিগত সংখ্যালঘু' এবং 'সংখ্যাল-ঘু জাতিগত'। তদুপরি, সংখ্যালঘুকরণ একটি চলমান সক্রিয় প্রক্রিয়া যা 'জাতি', জাতিগতা এবং অন্যান্য বিষয়ের ভিত্তিতে নির্দিষ্ট গোষ্ঠীকে প্রা-ন্তিক করে। See 'From Survival to Sustainability: Critical Issues for the Specialist Black and 'Minority Ethnic' Ending Violence against Women and Girls Sector in the UK' (Imkaan, 2018).

২৬ Ibid

সহিংসতার প্রতিক্রিয়া জানায়, তখন তাদের উচিত ব্যক্তি এবং সম্প্রদায়কে লক্ষ্য করে বাধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপিং) এবং অন্যান্য বৈষম্যমূলক শ্রেণীবিভাগ থেকে সতর্ক থাকা।[২৭]

বিচ্ছিন্নকারী এবং দ্বৈততার (ওভারল্যাপিং) কারণগুলি একজন ব্যক্তি বা গোষ্ঠীর সহিংসতার দুর্বলতাকে ব্যাপকভাবে প্রভাবিত করবে, বিশেষ করে যদি তারা একটি সমাজের সংখ্যালঘু গোষ্ঠীকে দৃশ্যমানভাবে প্রতিনিধিত্ব করে।

এই হ্যান্ডবুকের উদ্দেশ্যে, লেখকরা দুর্বল গোষ্ঠীগুলির নিম্নলিখিত ভাবে সংজ্ঞায়িত[২৮] করেছে যা বোঝায় যে:

> *"দুর্বল ব্যক্তিদের সংজ্ঞায়িত করা হয় যারা বয়স, লিঙ্গ, শারীরিক বা মানসিক অবস্থার কারণে বা সামাজিক, অর্থনৈতিক, জাতিগত এবং/অথবা সাংস্কৃতিক পরিস্থিতির কারণে স্বীকৃত বিচার ব্যবস্থার সামনে আইন দ্বারা স্বীকৃত তাদের অধিকার সম্পূর্ণরূপে প্রয়োগ করা বিশেষভাবে কঠিন বলে মনে করেন। নিম্নলিখিতগুলি বিষয়গুলির যেমন বয়স, অক্ষমতা, আদিবাসী সম্প্রদায় বা সংখ্যালঘুদের অন্তর্গত, শিকার, অভিবাসন এবং অভ্যন্তরীণ স্থানচ্যুতি, দারিদ্র্য, লিঙ্গ এবং স্বাধীনতার বঞ্চনা কারণে একজন ব্যক্তি দুর্বল হতে পারে। প্রতিটি দেশে দুর্বল মানুষের নির্দিষ্ট সংজ্ঞা নির্ভর করবে তাদের নির্দিষ্ট বৈশিষ্ট্যের উপর, এমনকি তাদের সামাজিক বা অর্থনৈতিক উন্নয়নের স্তরের উপরও।"*

অর্গানাইজেশন ফর সিকিউরিটি অ্যান্ড কো-অপারেশন ('ওএসসিই') ব্যাখ্যা অনুসারে, সমস্ত দুর্বল গোষ্ঠীর জন্য একটি সাধারণ সূচক হল যে তারা 'যেমন' এর উপর ভিত্তি করে অনেকাংশে অপরাধের সম্মুখীন হয়।।[২৯]

OSCE আরও যোগ করেছে যে নির্দিষ্ট গোষ্ঠীগুলি তাদের যৌন পছন্দ বা ত্বকের রঙের কারণে বা তারা নিজেদের রক্ষা করতে, নিজেদের বোঝাতে বা তাদের অধিকার প্রয়োগ করতে পারে না বলে শিকার হয়। তাই এই অপরাধগুলি শুধুমাত্র একজন ব্যক্তির বিরুদ্ধে অপরাধের সাথে জড়িত নয়, তবে প্রায়শই ব্যক্তির পটভূমি, সংস্কৃতি, ঐতিহ্য এবং পরিচয়ের বিরুদ্ধে অপরাধ গঠন করে (ঘৃণামূলক অপরাধ)।[৩০]



ছবি UNMIL ছবি/ক্রিস্টোফার হারভিগ (লাইবেরিয়া) এর সৌজন্যে

তবুও, এটি অপরিহার্য যে পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীরা দুর্বলতাকে শারীরিক বা মানসিক দুর্বলতার সমার্থক হিসাবে দেখবেন না।

জোরপূর্বক যৌন নির্যাতনের মতো কিছু অপরাধের ক্ষেত্রে নারী ও মেয়েদের প্রায়ই ‹দুর্বল› গোষ্ঠী হিসেবে চিহ্নিত করা হয়। এটা হয় পুরুষ এবং ছেলেদের তুলনায় এই ধরনের অপরাধ এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি হিসাবে তাদের অসম প্রতিনিধিত্বের কারণে। প্রায়শই, লিঙ্গ বৈষম্য থেকে উদ্ভূত বৈষম্যের ফলে তাদের দুর্বলতার অবস্থানে রাখা হয়।

উদাহরণস্বরূপ, কিছু দেশে মহিলাদের জন্য সরাসরি জমির উত্তরাধিকারী হওয়া অবৈধ, ফলে তাদের পক্ষে স্বাধীনতা প্রতিষ্ঠা করা এবং একটি আপত্তিজনক ঘনিষ্ঠ সম্পর্ক ত্যাগ করা কঠিন। অন্য একটি উদাহরণে, গৃহশ্রম বা শিশু যত্নের মতো কাজকে নারীসুলভ কাজ হিসেবে বিবেচনা করে অল্প বেতন দেওয়া হয়, তাদের দীর্ঘ সময় ধরে কাজ করতে হয় এবং শহরের সমৃদ্ধ অংশ থেকে অনেক দূরে তাদের কাজ করতে হয়। দীর্ঘ ভ্রমণের সময়ের সাথে দীর্ঘ সময় ধরে কাজ করার ফলে প্রায়শই মহিলা এবং মেয়েদের অন্ধকারের সময় (যেমন ভোরে বা গভীর রাতে) পাবলিক ট্রান্সপোর্টে যেতে হয়, যার ফলে তাদের যৌন সহিংসতাসহ অপরাধের সম্মুখীন হওয়ার ঝুঁকি বেড়ে যায়।

সাহায্য এবং সহায়তার ব্যবস্থা করার ক্ষেত্রে দুর্বল বা সংখ্যালঘু গোষ্ঠীর চাহিদা বিবেচনা করার সময়, পুলিশের বোঝা উচিত যে

২৭ Ibid

২৮ See 'Brasilia Regulations Regarding Access to Justice for Vulnerable People', available at: https://www.icj.org/wp-content/uploads/2018/11/Brasilia-rules-vulnerable-groups.pdf cited in an Issue Paper on 'Abuse of a Position of Vulnerability and other "Means" within the Definition of Trafficking' (UNODC, 2013) available at: https://www.unodc.org/documents/human-trafficking/2012/UNODC_2012_Issue_Paper_-_Abuse_of_a_Position_of_Vulnerability.pdf

২৯ Lindgren, M and Nikolić-Ristanović, V, Crime Victims: International and Serbian Perspective. Organization for Security and Cooperation in Europe, Mission to Serbia, Law Enforcement Department (2011).

৩০ইবিড

## অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের শিকারদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতির ঘোষণা

২৯ নভেম্বর ১৯৮৫ এর সাধারণ পরিষদের রেজোলিউশন ৪০/৩৪ দ্বারা গৃহীত

**ভুক্তভোগীরা হলেন:**

*"যে ব্যক্তিরা, ব্যক্তিগতভাবে বা সম্মিলিতভাবে, শারীরিক বা মানসিক আঘাত, মানসিক যন্ত্রণা, অর্থনৈতিক ক্ষতি বা তাদের মৌলিক অধিকারের উল্লেখযোগ্য ক্ষতি সহ ক্ষতির সম্মুখীন হয়েছেন, এমন কাজ বা বাদ দেওয়ার মাধ্যমে যা সদস্য রাষ্ট্রগুলির মধ্যে কার্যকরী ফৌজদারি আইন লঙ্ঘন করে, সেই আইনগুলি সহ ক্ষমতার অপরাধমূলক অপব্যবহারকে দোষী সাব্যস্ত করা।"*

কোন একটি নির্দিষ্ট পরিস্থিতিতে সামাজিক পরিচয় এবং অবস্থা-নগত পরিস্থিতি (লোকেরা কীভাবে বিভিন্ন পরিবেশে প্রতিক্রিয়া দেখায়) আচরণ এবং/অথবা অনুভূত উপর গুরুত্ব (ফোকাস) দিয়ে তথ্য সংগ্রহের কৌশল নির্ধারণের পরিবর্তে কিভাবে নারী ও মেয়েদের আরও দুর্বলতার দিকে ঠেলে দিচ্ছে। দুর্বল গোষ্ঠীর সাথে কাজ করার টিপসের জন্য বক্স-২ দেখুন।

এইভাবে, প্রাসঙ্গিকভাবে অবহিত থাকা এবং ঝুঁকি বিশ্লেষণ এবং প্রয়োজন মূল্যায়নসহ কার্যক্রম সম্পর্কিত বিশ্লেষণ প্রয়োগ করার ক্ষমতা,[৩১] সাধারণভাবে একটি কার্যকর ও সংবেদনশীলতার সাথে VAWG এ সাড়া দেবার সময় পুলিশের জন্য গুরুত্বপূর্ণ দক্ষতা হয়ে ওঠে।

**VAWG-এর প্রতি আনুপাতিক পুলিশ প্রতিক্রিয়া সম্পর্কে আরও তথ্যের জন্য ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা এবং সুরক্ষা› এবং আনুপা-তিকতার নীতির যথাযথ পরিশ্রম প্রতিফলিত করে এমন পুলিশ আচরণের নির্দিষ্ট উদাহরণগুলির জন্য পঞ্চম অধ্যায় 'তদন্ত' দেখুন।**

হ্যান্ডবুকটিতে পুলিশ এবং তাদের প্রয়োজনীয় পরিষেবা অংশী-দারদের অপরাধের শিকার এবং ক্ষমতার অপব্যবহারের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতির ঘোষণাটি উল্লেখ করার জন্য উত্সাহিত করেছে যখন সহিংসটার শিকার/জীবিতদের জড়িতা থাকার জন্য নির্দেশনা দেয়।

এই মৌলিক নীতিগুলি অভিযুক্ত অপরাধীদের ক্ষেত্রেও ব্যবহার করা হয়, বিশেষ করে যেখানে তারা নিজেরাই সহিংসতার শিকার হয়েছে। পাশাপাশি আইনের বিবেচনায় থাকা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিরা, যেমন বাণিজ্যিক উদ্দেশ্যে যৌন দাসত্বে বাধ্য করা হয়েছে, দুর্বল গোষ্ঠীর মধ্যে রয়েছে অনিবন্ধিত অভিবাসী যাদের পাচার করা হয়েছে এবং এমনকি এমন ব্যক্তিরাও যারা বছরের পর বছর ধরে গুরুতর আক্রমণ বা হত্যা করেছে।

এর মধ্যে রয়েছে: পুলিশ কর্তৃক সম্মান ও মর্যাদার সাথে আচরণ করা; গ্রেপ্তার/আটক করার কারণ সম্পর্কে জানানো; নির্দোষ অনুমান করা; রাষ্ট্র এবং অ-রাষ্ট্রীয় অনুঘটক দ্বারা সংঘটিত অযৌক্তিক সহিংসতা (অর্থাৎ অপমানজনক পুলিশি অনুশীলন) থেকে রক্ষা করা; নিজেদের দোষী না করা; ব্যক্তিগত সুরক্ষা এবং গোপনীয়তা; আইনি পরামর্শে প্রবেশাধিকার (অ্যাক্সেস); এবং আটকের আদেশ জন্য আপিল করা এবং ন্যায্য বিচার নিশ্চিত করা।[৩২] এর মধ্যে এমন মহিলা এবং মেয়েদের অন্তর্ভুক্ত করা উচিত যাদের প্রশাসনিক আদেশে আটক/বন্দী করা হয়েছে, যেমন অনিয়মিত অভিবাসী মহিলারা যারা নির্বাসনের অপেক্ষায় আটক, বাধ্যতামূলক ড্রাগ চিকিত্সা সুবিধা বা মানসিক স্বাস্থ্য সুবিধায় আটক নারী।[৩৩]

অপরাধের শিকার এবং ক্ষমতার অপব্যবহারের জন্য মৌলিক নীতিগুলির সাথে একত্রিত হয়ে, পুলিশ নেতৃত্বের উচিত জবা-বদিহিকারী কর্মকর্তাদের জাতীয় আইন, প্রাতিষ্ঠানিক প্রটোক-ল(গুলি) এবং আন্তর্জাতিক মান যেমন অভিযুক্ত অপরাধীকে জড়িত করার সময় আইন প্রয়োগকারী কর্মকর্তাদের দ্বারা বলপ্র-য়োগ এবং আগ্নেয়াস্ত্র ব্যবহারের[৩৪] মৌলিক নীতিমালা সম্পর্কিত নীতিগুলি মেনে চলা নিশ্চিত করা।

আইন প্রয়োগকারী কর্মকর্তাদের দ্বারা বলপ্রয়োগ এবং আগ্নেয়াস্ত্র ব্যবহারের মৌলিক নীতিগুলি উদাহরণস্বরূপ নিম্নলিখিত বিষয়-গুলিকে বল প্রয়োগের মূল নীতি হিসাবে প্রতিষ্ঠিত করে:

- সমানুপাতিকতা;
- আইনানুগতা;
- দায়িত্ব;
- প্রয়োজনীয়তা।

বল নিয়ন্ত্রণ ব্যবস্থার কৌশল কার্যকর রয়েছে তা নিশ্চিত করার জন্য বিশেষ মনোযোগ দেওয়া উচিত যাতে সাড়া প্রদা-নকারী অফিসারদের (বা অন্যান্য প্রথম সাড়া দেওয়া কর্মকর্তা,

৩১ স্থানীয় প্রেক্ষাপট এবং নির্দিষ্ট অবস্থানগত পরিস্থিতি আসলে কিভাবে এই চলমান প্রবণতাকে প্রভাবিত করছে সে সম্পর্কে পুলিশের ধারণা শক্তি-শালী করতে স্থানীয় সুশীল সমাজের সংস্থাগুলি বড় ভূমিকা পালন করতে পারে।

৩২ এর মধ্যে এমন মহিলা

৩৩ Ibid

৩৪ 'Basic Principles on the Use of Force and Firearms by Law Enforcement Officials' (adopted by the Eighth UN Congress on the Prevention of Crime and the Treatment of Offenders, Havana, Cuba, 27 August to 7 September 1990).

**বক্স-২**

**দুর্বল গোষ্ঠীর সাথে কাজ করার জন্য টিপস**

ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশ (IACP) তাদের সেক্সুয়াল অ্যাসল্ট রেসপন্স পলিসি এবং ট্রেনিং কনটেন্ট নির্দেশিকাতে (২০১৫)* যৌন সহিংসতার ক্ষেত্রে দুর্বল গোষ্ঠীর সদস্য-দের সাথে কাজ করার জন্য টিপসের একটি তালিকা প্রদান করেছে:

- **সব প্রতিবন্ধীতা দৃশ্যমান হয় না। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের শারীরিক, সংবেদনশীল, বা মানসিক অক্ষমতা বা অক্ষমতার সমন্বয় থাকতে পারে;**
- **"যৌন নিপীড়ন" সম্পর্কে বিভিন্ন মনোভাব এবং আইন প্রয়োগকারী সম্পর্কে অনুভূতি। সচেতন থাকুন যে লিঙ্গ, যৌনতা, যৌন অভিযোজন, জাতি, ধর্ম ইত্যাদি সম্পর্কে বিশ্বাস সংস্কৃতিভেদে ব্যাপকভাবে ভিন্ন হতে পারে;**
- **যৌন নিপীড়ন সম্পর্কে প্রশ্ন খুবই ঘনিষ্ঠ এবং আলোচনা করা কঠিন হতে পারে। এই ধরনের ব্যক্তিগত আঘাত বিব্রত এবং লজ্জার অনুভূতি তৈরি করতে পারে। এই অনুভূতিগুলি কিছু সংস্কৃতিতে তীব্র হতে পারে, যেখানে বিয়ের আগে কু-মারীত্ব হারানো সামাজিকভাবে ধ্বংসাত্মক হতে পারে;**
- **কিছু সম্প্রদায়ের যৌন নিপীড়ন সংক্রান্ত প্রাসঙ্গিক রাষ্ট্রীয় বা ফেডারেল আইন ছাড়াও তাদের নিজস্ব আইন থাকতে পারে;**
- **যদি সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি আপনার ভাষায় কথা না বলে, নিরপেক্ষ, স্বাধীন অনুবাদের ব্যবস্থা করার প্র-স্তাব; দোভাষী হিসাবে কাজ করার জন্য পরিবারের সদস্য, শিশু, সন্দেহভাজন ব্যক্তি বা অন্য কোনো সংশ্লিষ্ট পক্ষের উপর নির্ভর করবেন না;**
- **ব্যক্তির যৌন অভিযোজনতার বিষয়টি অন্যরা জানতে পারে বিধায় যারা LGBTQI হয় তাদের নির্দিষ্ট গোপনীয়তার প্রয়োজন থাকতে পারে। একই বিষয় সম্পর্কে সংবেদনশীলতা এবং সচেতনতা থাকা প্রয়োজন।**

*সূত্র: যৌন নিপীড়ন প্রতিক্রিয়া নীতি এবং প্রশিক্ষণ বিষয়বস্তু নির্দেশিকা (The International Association of Chiefs of Police, 2015)।

যেমন সামরিক কর্মকর্তা) দ্বারা প্রমাণ সংগ্রহের সময় অভিযুক্ত অপরাধী (গুলি) বা চাপের অধীনে করা সংশ্লিষ্ট সন্দেহভাজ-নদের কাছ থেকে সাক্ষ্য বা স্বীকারোক্তি অন্তর্ভুক্ত করা হয় না।

যার বিরুদ্ধে তদন্ত করা হচ্ছে সেই ব্যক্তির সাথে সম্মান ও মর্যাদার সাথে আচরণ করা হলে তদন্তে সহযোগিতার সম্ভাবনা বাড়ায়, অন্যদিকে চাপের মাধ্যমে প্রাপ্ত তথ্য অপরাধ প্রতিরোধের ক্ষেত্রে বিপরীত ফলদায়ক হয়, কারণ এটি সাধারণভাবে অবি-শ্বস্ত, এবং এটি শান্তি ও যুদ্ধের সময়ে আন্তর্জাতিক মানবাধিকার আইন[৩৫] এবং আন্তর্জাতিক মানবিক আইন[৩৬] দ্বারা সম্মানজনক-ভাবে নির্ধারিত মৌলিক মানবাধিকারের লঙ্ঘন করে।

জেনেভা-ভিত্তিক অ্যাসোসিয়েশন ফর দ্য প্রিভেনশন অফ টর্চার বা এপিটি-এর মতে, বিভিন্ন গবেষণা দেখা দেছে যে অত্যাচা-রের ফলে, এমনকি নির্যাতনের হুমকির মধ্যেও, একজন ব্যক্তি কেবল ব্যথা এড়াতে কিছু বলতে বা করতে পারেন। ফলে তার থেকে প্রাপ্ত বক্তব্যটি আসলে সত্য কি না তা জানার কোনো উপায় নেই।[৩৭]

VAWG মামলার তদন্তে অফিসারদের প্রতিক্রিয়া জানানোর মাধ্যমে শক্তির অপব্যবহার রোধ করার জন্য, APT পুলিশ নেতৃত্বকে সেই সমস্ত প্রণোদনা বাদ দেওয়ার জন্যু পারিশ করে যা সাড়া জানানো অফিসারদের ক্ষমতার অপব্যবহারের দিকে পরিচালিত করবে। এপিটি দ্বারা সুপারিশকৃত অন্যান্য আরও ব্যবহারিক ব্যবস্থাগুলির মধ্যে রয়েছে:[৩৮]

- নন-জুডিশিয়াল কর্মকর্তাদের দ্বারা বা আটক ব্যক্তির আইন-জীবীর উপস্থিতি ব্যতীত সমস্ত স্বীকারোক্তি বাদ দিন;
- রেকর্ড করা বা ভিডিও রেকর্ড করা হয়নি এমন কোনো জি-জ্ঞাসাবাদ থেকে প্রাপ্ত প্রমাণ বাদ দিন;

৩৫ উদাহরণস্বরূপ, নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক বা অবমা-ননাকর আচরণ বা শাস্তির বিরুদ্ধে কনভেনশন দেখুন (আর্টিকেল ২৭.১ অনুসারে ১৯৮৪ সালের ১০ ডিসেম্বরের সাধারণ পরিষদের রে-জোলিউশন ৩৯/৪৬, ১৯৮৭ সালের ২৬ জুন স্বাক্ষর, অনুসমর্থন এবং যোগদানের জন্য গৃহীত হয়েছে।

৩৬ See Common Article 3 of the Geneva Conventions of 1949 and their Additional Protocols.

৩৭ Exclusion of evidence obtained through torture, Association for the Prevention of Torture, at: https://cti2024.org/wp-content/uploads/2021/01/CTI-Exclusionary_Rule_Tool_8-2020_FINAL_.pdf

৩৮ Ibid.

> **"সক্রিয় শ্রবণ হল অন্য ব্যক্তির কথা শোনার এবং প্রতিক্রিয়া জানানোর একটি উপায় যা পারস্পরিক বোঝাপড়াকে উন্নত করে। পরিস্থিতি শান্ত করা এবং সমস্যার সমাধান খোঁজার জন্য এটি একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ।"**
>
> সক্রিয় শ্রবণ কি? (মার্কিন যুক্তরাষ্ট্র ইনস্টিটিউট অফ পিস)

- জিজ্ঞাসাবাদের সময় মাথা বেঁধে রাখা বা চোখ বাঁধা ব্যবহার নিষিদ্ধ করুন;

- নিজেকে অভিযুক্ত করার বিরুদ্ধে অধিকার নিশ্চিত করুন এবং অভিযুক্তকে এই অধিকার সম্পর্কে অবহিত করা নিশ্চিত করুন;

- নির্যাতনের লক্ষণগুলির জন্য একটি স্বীকারোক্তিমূলক পরীক্ষা গ্রহণ করার জন্য একটি পরিষ্কার পদ্ধতিতে সম্মত হন।

অধিকন্তু, IPV-এর ক্ষেত্রে, ব্যক্তিগতভাবে বা শিশুদের পিতা-মাতা বা অভিভাবক হওয়ার ফলে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি অভিযুক্ত অপরাধীর সাথে একটি মানসিক আবেগের মাধ্যমে সংযুক্ত থাকতে পারে।। এই ধরনের ক্ষেত্রে, পুলিশ দ্বারা অভিযুক্ত অপরাধীর সাথে দুর্ব্যবহার করা হলে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিকে বন্ধ করে দিতে পারে, এবং অপরাধী পুনরায় অপরাধ করলে পুলিশের সাথে সহযোগিতা বা তাদের সুরক্ষা চাইতে পারে না।[৩৯]

## VAWG অপরাধের সমর্থন ও সহায়তা কৌশল বাস্তবায়নের জন্য প্রধান ব্যবস্থাপনাগত দক্ষতা

পারিবারিক সহিংসতার ক্ষেত্রে সাড়া দেওয়া অস্ট্রিয়ান মডেলের অভিজ্ঞতা[৪০] থেকে দেখা গেছে যে শুধুমাত্র আইনের উপর নির্ভরশীলতাই নারীদের কার্যকরভাবে সমর্থন ও সহায়তা প্রদানের জন্য যথেষ্ট নয়। সেই অভিজ্ঞতা থেকে বিশেষজ্ঞরা ইঙ্গিত দিয়েছেন যে আইনি ব্যবস্থার অ্যাক্সেস প্রায়শই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য একটি চ্যালেঞ্জ বিধায় ব্যাপক সমর্থন প্রয়োজন যাতে তারা একটি সহিংস অংশীদারের বিরুদ্ধে দাঁড়াতে পারে বা অভিযুক্ত অপরাধীর থেকে আলাদা হতে পারে।

অর্থনৈতিক নির্ভরতা অনেক ক্ষেত্রেই একটি চ্যালেঞ্জিং কারণ, কারণ যে মহিলারা নিজেদের এবং তাদের সন্তানদের জন্য আবাসন, আশ্রয়, অর্থ ইত্যাদির জন্য অর্থনৈতিকভাবে নির্যাতক বা অপরাধীর উপর নির্ভরশীল, তারা নির্যাতন সহ্য করে চলেছে।

এই ধরনের পরিস্থিতিতে, পুলিশকে এই ধরনের জটিলতাগুলি সনাক্ত করতে সক্ষম হওয়ার দক্ষতা থাকতে হবে এবং তাদের প্রতিক্রিয়াগুলি আনুপাতিকভাবে এবং সামাজিক পরিষেবাগুলির সাথে সমন্বয় করে দেখাতে হবে। ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত ব্যক্তিদের পুলিশি সহায়তার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ দক্ষতার প্রয়োজন হল, অন্যান্য প্রতিষ্ঠানের সাথে সহযোগিতায় এবং ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তির চাহিদা ও ইচ্ছা অনুযায়ী পরিষেবা প্রদানের লক্ষ্যে সক্রিয়ভাবে শোনার ক্ষমতা।

প্রতিটি কেসই আলাদা। সকল মহিলা এবং মেয়েরা পুলিশকে একইভাবে দেখেন না, সকল মহিলা এবং মেয়েরা একইভাবে দুর্বলতার অভিজ্ঞতা অর্জন করে না এবং সকল মহিলা এবং মেয়েরা পুলিশের কাছে যাওয়ার বা তাদের বিশ্বাস করার জন্য যথেষ্ট আত্মবিশ্বাসী বোধ করেন না।

নেপালে, ইউএন উইমেন পর্যবেক্ষণ করেছে যে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিরা সাধারণত তাদের বিরুদ্ধে সংঘটিত সহিংসতার ঘটনাগুলি পরিচালনা করার বিষয়ে প্রাথমিক সহায়তা এবং পরামর্শের জন্য পরিবার এবং/অথবা সম্প্রদায়ের সদস্যদের কাছে যেতে পছন্দ করে। এই ধরনের ক্ষেত্রে, স্থানীয় কর্তৃপক্ষের কাছে নিয়ে যাওয়ার আগে সম্প্রদায়ের সদস্যদের সমবেত হওয়া এবং নিজেদের মধ্যে সমস্যাটি সমাধান করার চেষ্টা করা সাধারণ ঘটনা।

ইউএন উইমেন, নেপাল এর মতে, যখন বিষয়টিকে আরও গুরুতর পদক্ষেপের প্রয়োজন হয় তখনই সম্প্রদায়ের সদস্যরা ভুক্তভোগী/জীবিত ব্যক্তিকে আনুষ্ঠানিক প্রতিকার পেতে পরামর্শ দেয় এবং সাহায্য করে। এমনও উদাহরণ রয়েছে যে যখন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি মনে করেন যে তিনি এই অনানুষ্ঠা-

> ***নিরক্ষরতা, এক বা একাধিক প্রতিবন্ধীতা, আইনী বা অবৈধ অভিবাসী হিসাবে মর্যাদা এবং বয়স্ক বা শিশু হওয়ার কারণে যেকোন ভাষার প্রতিবন্ধকতা জড়িত হতে পারে এমন সমস্যাগুলির দ্বারা একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির দুর্বলতা আরও জটিল হতে পারে।***

৩৯ See expert paper by Rosa Logar presented at the UN Expert Group Meeting: 'Violence against women: Good practice in Combating and Eliminating Violence against Women, Vienna, 17–20 May 2005.

৪০ End of Project Evaluation Report of 'Multi-Sectoral Gender-Based Violence Response at the District Level in Nepal' (August 2009 - July 2013) supported by the UN Trust Fund to End Violence Against Women.

নিক গোষ্ঠীগুলি থেকে পর্যাপ্ত প্রতিকার পাচ্ছেন না, সেক্ষেত্রে তিনি সরাসরি পুলিশের কাছে যাবেন। [৪১]

এই ধরনের পরিস্থিতিতে সহায়তা প্রদানের পরিকল্পনা করার সময়, যে জিনিসটি পুলিশকে সতর্কতার সাথে বিবেচনা করা উচিত সেটি হল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যখন বিকল্প বিকল্প খোঁজে তখন সম্প্রদায় তার প্রতি কীভাবে প্রতিক্রি-য়া দেখাবে। একইভাবে, সাহায্য এবং সহায়তার ব্যবস্থার পরিক-ল্পনা করার সময় (প্রক্রিয়ায় তাদের ক্ষতির সম্ভাব্য ঝুঁকির কারণ হিসেবে) দীর্ঘমেয়াদে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির সম্প্রদায় যে ইতিবাচক ভূমিকা পালন করতে পারে তাও পুলিশকে বিবেচনা করা উচিত।

ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত ব্যক্তিদের সমর্থন ও সহায়তা করার ক্ষেত্রে সম্প্রদায় যে ভূমিকা পালন করবে তা অন্তর্ভুক্ত করার মূল সিদ্ধান্ত শেষ পর্যন্ত ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিকেই নিতে হবে এবং এটি তখনই সম্পন্ন হতে পারে যখন তদন্ত প্র-ক্রিয়ায় তার অংশগ্রহণ সত্যিই অর্থবহ হয়।

> **"কার্যকর তত্ত্বাবধান যৌন নিপীড়নের ব্যাপক প্রতিক্রিয়া এবং তদন্ত নিশ্চিত করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।"**
>
> দ্য ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশ (২০১৫)

VAWG-এর শিকার/জীবিত ব্যক্তিদের পুলিশকে সমর্থন এবং সহায়তা করার জন্য, নিম্নলিখিত আচরণগত দক্ষতার তালিকা রয়েছে যা তদন্ত প্রক্রিয়ায় সহিংসতার শিকার/জীবিতদের অর্থ-পূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য দল গঠন করার সময় পুলিশ পরিচালকরা উল্লেখ করতে পারেন।

পূর্বের অধ্যায়গুলির মতো, প্রস্তাবিত দক্ষতার নিম্নলিখিত অ-সম্পূর্ণ তালিকা প্রাসঙ্গিক জাতিসংঘের মান এবং নিয়ম দ্বারা অনুপ্রাণিত হয়েছে, যেমন আপডেট করা মডেল কৌশল (২০১০) এবং অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের শিকারদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতির ঘোষণা (১৯৮৫)। তালিকাটি মূল্যবোধ, নৈতিকতা এবং সততার বিষয়ে জাতীয় পুলিশ সংস্থা-গুলির নীতিগুলিকে সহায়তা করবে এবং শক্তিশালী করবে। ব্য-বস্থাপকদের নিশ্চিত করা উচিত যে উত্তরদাতা কর্মকর্তারা নিম্নলিখিত বিষয়গুলি করতে সক্ষম:

### উপস্থিতি

- সুরক্ষা আদেশ, নাগরিক প্রতিকার, অভিবাসন পিটিশন, বীমা সুবিধা এবং ক্ষতিপূরণের দাবিগুলি অনুসরণ করতে সহায়তা করার জন্য ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তিদের কাছে প্রতিবেদন-গুলি উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করুন।

## কার্যকরী যোগাযোগ এবং পরিষেবা পরি-কল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে স্টেকহো-ল্ডারদের অংশগ্রহণ

- সহিংসতার শিকার নারী ও মেয়েদের সুরক্ষা প্রদানের মাধ্যমে আনুষ্ঠানিক অভিযোগ দায়ের করতে এবং অনুসরণ করতে উত্সাহিত করুন এবং সহায়তা করুন এবং তাদের পরা-মর্শ দিন যে অভিযোগগুলি অনুসরণ করার এবং অপরাধী-দের বিচারের দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশনের উপর বর্তায়;

- যেসব নারী ও মেয়েরা সহিংসতার শিকার হয়েছে তাদের প্রা-সঙ্গিক তথ্য প্রদান করুন: অধিকার, প্রতিকার এবং ভিকটিম সহায়তা পরিষেবা এবং কীভাবে সেগুলি পেতে হয়, তাদের ভূমিকা এবং ফৌজদারি কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ এবং সময়সূচী সম্পর্কে তথ্য ছাড়াও; অগ্রগতি এবং সিদ্ধান্তের চূরা-ন্তকরণ, সেইসাথে অপরাধীর বিরুদ্ধে কোনো আদেশ আছে কি না সেই সম্পর্কে তথ্য দিন;

- যৌন নির্যাতনের সহিংসতার শিকার/বাঁচে থাকা ব্যক্তিদের পলিগ্রাফ পরীক্ষা বা সত্য-বলার ডিভাইসের মুখোমুখি হতে হবে না এই বিষয়টি পুলিশ কর্মকর্তাদের এবং তদন্তকারীদের বোঝান এবং ধারণাকে শক্তিশালী করুণ।

### অভিযোজনযোগ্যতা (খাপ খাইয়ে চলার ক্ষমতা)

- যে শিশুরা পিতামাতার বিরুদ্ধে সহিংসতা প্রত্যক্ষ করেছে বা যাদের সাথে তাদের ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে তারাও সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তি এবং তাদের সুরক্ষা, যত্ন এবং সমর্থন প্রয়োজন এই বিষয়টি স্বীকার করুন;

- পাচার হবার ফলে বেআইনিভাবে দেশে প্রবেশ করার জন্য বা বেআইনি কার্যকলাপে জড়িত থাকার জন্য এবং বাধ্য হয়ে বেআইনি কাজের সাথে যুক্ত হওয়া ভুক্তভুগিদের/বেঁচে থাকা ব্যক্তিদের শাস্তি দেওয়া থেকে অন্যদের বিরত ও নিরুৎসা-হিত করুন;

- সহিংসতার জন্য অভিযুক্ত ব্যক্তিদের অধিকার এবং তাদের সহায়তার প্রয়োজনের বিষয়ে বিবেচনা করা নিশ্চিত করুন, এই বিষয়টি অনুধাবন করে যে এই ধরনের বিবেচনার বিধান থাকলে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের সুরক্ষা ব্যবস্থার

৪১ Ibid.

কার্যকারিতা বৃদ্ধি পাবে।[৪২]

### উপযুক্ততা

- সনাক্তকরণ, তদন্ত এবং প্রসিকিউশন প্রক্রিয়া চলাকালীন অসুবিধা প্রতিরোধ করার জন্য যথাযথ ব্যবস্থা গ্রহণ করুন, যাতে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিরা ফৌজদারি মামলায় অংশগ্রহণ করুক বা না করুক তাদের সাথে মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করা হয় তা নিশ্চিত করার জন্য;

- শনাক্ত করুন কখন একজন মহিলা বা মেয়ে তাদের আইনি অধিকারগুলি সম্পর্কে সম্পূর্ণরূপে জানেন না এবং আইনি সহায়তা পরিষেবাগুলিতে প্রবেশাধিকারের মাধ্যমে সহায়তা করতে পারেন যা তাদের ব্যক্তিগত নিরাপত্তা বৃদ্ধিতে সহায়তা করতে পারে, বিশেষত যখন একজন অপরাধীকে আটকানোর জন্য আদালতের আদেশ চাইতে এবং অভিযোগ দাখিল করার জন্য সহিংসতার শিকার/জীবিতদের সাহায্যের প্রয়োজন হতে পারে;

- স্থানীয় সম্প্রদায়ের দ্বারা অনুসরণ করা নির্দিষ্ট রীতিনীতি সম্পর্কে সচেতন হন।

### নিরাপত্তা-ঝুঁকি মূল্যায়ন এবং নিরাপত্তা পরিকল্পনা অগ্রাধিকার

- নিশ্চিত করুন যে অভিযুক্ত অপরাধীদের আটকানোর এবং তাদের বাড়ি থেকে সরিয়ে দেওয়ার ব্যবস্থার সাথে অতিরিক্ত ব্যবস্থা রয়েছে যাতে VAWG অপরাধীরা নিজেরাই আশ্রয় বা সহায়তা ছাড়া না থাকে।

### রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন করা

- এনজিওগুলি দ্বারা সরবরাহকৃত সেবা, প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সংস্থাগুলি, মহিলাদের বা বিশ্বাস-ভিত্তিক সংস্থাগুলি এবং অন্যান্য সুশীল সমাজের প্রতিনিধি, আশ্রয়কেন্দ্র এবং নিরাপদ আবাসনসহ অতিরিক্ত পরিষেবা এবং ব্যবস্থাগুলিতে আপনার প্রবেশাধিকার নিশ্চিত করুণ।

### অবহিত সম্মতি এবং গোপনীয়তা

- প্রাপ্ত তথ্যের সাথে ক্রমাগত গোপনীয় পদ্ধতিতে কাজ করুন (যেমন, ডিজিটাল রেকর্ড, ফটোগ্রাফ এবং সমস্ত শিকার/জীবিত, সাক্ষী এবং অপরাধীদের সম্পর্কিত রিপোর্ট) যদি না দায়িত্ব পালন বা ন্যায়বিচারের ক্ষেত্রে অন্য কোন প্রয়োজনীয়তা না থাকে।;

- শিশু, এবং মহিলা এবং প্রতিবন্ধী মেয়েদের অন্তর্ভুক্ত করে তাদের মানসিক আঘাত (ট্রমা) কমাতে এবং আরও নিপীড়ন প্রতিরোধ করতে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের এবং সাক্ষীদের গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করার জন্য ব্যবস্থা গ্রহণ করুন।

## প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারী পুলিশের জন্য রেফারেন্স সূচক: সমর্থন এবং সহায়তা

পূর্ববর্তী অধ্যায়ে যেমন আলোচনা করা হয়েছে, ESP প্রস্তাব করে যে সহিংসতার শিকার/জীবিতদের জন্য সমস্ত ন্যায়বিচার এবং সহায়তা কার্যক্রমগুলির সর্বাধিক ব্যবহার নিশ্চিত করার জন্য এগুলিকে কিছু সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রমের পরিসরে ভাগ করে নেওয়া উচিত। সেগুলি নির্দিষ্ট 'ক্ষেত্র' নির্বিশেষে যারা নারী ও মেয়েদের সহিংসতার প্রতিক্রিয়া জানায় তাদের সকলের ক্ষেত্রেই প্রযোজ্য হতে পারে। নিম্নলিখিত তালিকাটি ESP-এর সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যকলাপ থেকে অনুপ্রাণিত হয়ে এটি পুলিশের জন্য রেফারেন্স সূচকের কিছু উদাহরণ প্রস্তাব করেছে যা ভিএডব্লিউজি-র শিকার/জীবিত ব্যক্তিদের তাদের অধিকার এবং ন্যায়বিচারের বিকল্পগুলি সম্পর্কে ব্যবহারিক, নির্ভুল, অ্যাক্সেসযোগ্য এবং ব্যাপকভাবে তথ্য প্রদানের মাধ্যমে তাদের নিজস্ব জ্ঞাত সিদ্ধান্ত নেওয়ার জন্য ক্ষমতায়ন করার চেষ্টা করে।।

এই সূচকগুলি পুলিশ ম্যানেজাররা উল্লেখ করতে পারেন যদি তারা বিদ্যমান থাকে; যাইহোক, সিনিয়র ম্যানেজারদেরও এগুলি বিবেচনা করার জন্য উৎসাহিত করা যেতে পারে যেখানে সেগুলি বর্তমানে ব্যবহার করা হচ্ছে না :

১. **প্রাপ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতা:** ভিএডব্লিউজি-এর শিকার/জীবিতদের জন্য উপলব্ধ সহায়তা ব্যবস্থা সম্পর্কে পুলিশ স্টেশনে কর্তব্যরত পুলিশ অফিসারদের জ্ঞানের উপর সমীক্ষা। এই সমীক্ষাটি মানব সম্পদ, প্রশিক্ষণ এবং শিক্ষা এবং পরিদর্শক কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত একটি বহু-বিভাগীয় দল দ্বারা দ্বি-বার্ষিকভাবে পরিচালিত হওয়া উচিত।

২. **অভিযোজনযোগ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতা:** স্থানীয় প্রতিষ্ঠান এবং/অথবা স্থানীয় বেসরকারী সংস্থাগুলির সাথে যৌথ সহযোগিতার সংখ্যা যা আইনের সাথে সাংঘর্ষিক নারী ও মেয়েদের সমর্থন ও সহায়তা প্রদান করে। এর মধ্যে মানব পাচার, যৌন

৪২ Specific recommendation from the Sexual Assault Response Policy and Training Content Guidelines (The International Association of Chiefs of Police, 2015) at: https://www.theiacp.org/resources/sexual-assault-response-policy-and-training-content-guidelines

বক্স-৩

**সিদ্ধান্তগুলি কখন কাজ করে: পুলিশ যে সিদ্ধান্তের কথা বলেছিল তা কার্যকর ছিল।**

পারিবারিক সহিংসতা মোকাবেলায় সম্প্রদায়ের সাথে অংশিদারিত্বের ভিত্তিতে মার্কিন যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঞ্চলের পুলিশ বিভাগগুলি থেকে বর্ণনামূলক ডেটা সংগ্রহ করার জন্য পরিকল্পনাকৃত ইউএস ডিপার্টমেন্ট অফ জাস্টিস অফিস অফ কমিউনিটি ওরিয়েন্টেড পুলিশিং সার্ভিসেস (২০০৬) এর মাধ্যমে স্পনসর করা একটি সমীক্ষায়, পারিবারিক সহিংসতার বিরুদ্ধে কার্যকর পুলিশী প্রতিক্রিয়ার নিম্নলিখিত মূল উপাদানগুলি উল্লেখ করা হয়েছে:

- **পারিবারিক সহিংসতাকে অন্য যেকোনো অপরাধের মতো বিবেচনা করুন, যেমন, একটি কঠিন তদন্ত (ভাল প্রমাণ সংগ্রহের সাথে জড়িত) পরিচালনা করার জন্য আন্তরিকভাবে সাড়া দিন এবং গ্রেপ্তার করুন;**
- **একসাথে সমস্যা সমাধানের জন্য সম্প্রদায়ের সাথে অংশীদার হতে ইচ্ছুক হন। এই অংশীদারিত্বের মধ্যে স্কুল, আশ্রয় প্রদানকারী এবং কাউন্সেলিং এজেন্সিগুলির সাথে প্রাথমিক হস্তক্ষেপ প্রচেষ্টা অন্তর্ভুক্ত থাকতে পারে। কমিউনিটি এজেন্সি এবং স্বেচ্ছাসেবকদের সাথে অংশীদারিত্ব প্রয়োজন কারণ আইন প্রয়োগকারী সংস্থা একা এই সমস্যার সমাধান করতে পারে না। স্থানীয় জেলা অ্যাটর্নির অফিস এবং আদালতের সাথে অংশীদারিত্বও গুরুত্বপূর্ণ।**
- **সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিরা যে পরিস্থিতির মধ্যে রয়েছে তার উপর দৃষ্টি নিবদ্ধ (ফোকাস) করুন এবং সচেতন থাকুন। কর্মকর্তাদের অবশ্যই এই পরিস্থিতির প্রতি সংবেদনশীল হতে হবে এবং সহিংসতার শিকার/জীবিতদের প্রতি সহানুভূতি ও সমবেদনা দেখাতে হবে। সহিংসতার শিকার/জীবিতদের প্রতি দৃষ্টি নিবদ্ধের মধ্যে তাদের নিরাপত্তার দিকেও দৃষ্টি নিবদ্ধ অন্তর্ভুক্ত থাকবে।**
- **পারিবারিক সহিংসতার কারণ কী, সম্পর্কের সহিংসতা কীভাবে চক্রাকার হতে পারে এবং কেন কিছু সঙ্গী সহজেই কেন আপত্তিজনক সম্পর্ক ত্যাগ করবে না সে সম্পর্কে যথেষ্ট জ্ঞান আহরণ করুন। এই জ্ঞান গ্রেপ্তারের প্রয়োজনীয়তা এবং গ্রেপ্তার কেন সর্বদা সবচেয়ে কার্যকর প্রতিক্রিয়া হতে পারে না তার জটিলতা সম্পর্কে ধারণা দিতে পারে।**
- **সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে বিভিন্ন বিকল্পের সাথে যোগাযোগ করার জন্য যথেষ্ট সুযোগ প্রদান করুন। এটি গুরুত্বপূর্ণ কেননা ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি জানতে পারবে যে তার জন্য কিছু করা হচ্ছে এবং তার পছন্দের মূল্য আছে।**
- **পারিবারিক সহিংসতার ডাকে সাড়া দেওয়ার জন্য তারা যে নীতি এবং পদ্ধতিগুলি ব্যবহার করে তার মূল্য বা গুরুত্ব সম্পর্কে অফিসারদের বোঝানোর উপর মনোনিবেশ করুন**

*সূত্র: Reuland, M., Schaefer-Morabito, M., Preston, C., Cheney, J. 'Police-Community Partnerships to Address Domestic Violence' (US State Department of Justice Office of Community-Orientated Policing Services, 2006)

শোষণ, মানব চোরাচালান, এবং কারাগার এবং পরীক্ষামূলক পরিষেবাগুলির বিষয়ে কাজ করা সংস্থাগুলিকে অন্তর্ভুক্ত করা উচিত। এই সমীক্ষার লক্ষ্য হল সম্ভাব্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ পরিস্থিতিতে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে সাহায্য এবং সহায়তা গ্রহণ করার সময় পুলিশ তাদের কাছে অবগত সিদ্ধান্ত নেওয়ার জন্য উপলব্ধ সুযোগের সংখ্যা সম্পর্কে তথ্য প্রদান করা।

৩. **পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে স্টেকহোল্ডারদের দ্বারা উপযুক্ততা এবং কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** VAWG-এর প্রতিটি রিপোর্ট করা মামলার জন্য একই পুলিশ ইউনিট বা স্টেশনের সদস্যদের দ্বারা ব্যক্তিগত তথ্য এবং ঘটনার বিবরণ উভয়ের জন্যই সাক্ষাতকারের গড় সংখ্যা (বিবৃতি সহ) বা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে তথ্যের জন্য অনুরোধ জানানো সংখ্যা। এই তথ্য পুলিশ সাক্ষাৎকার অনুশীলনের কার্যকারিতা সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) প্রদান করবে, যার মধ্যে দ্বিতীয় বার নির্যাতনের সাম্ভাব্য ঝুঁকি রয়েছে, বিশেষ করে যখন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির পরিচয়ও চলক হিসাবে বিবেচনা করা হয়।[৪৩]

৪. **নিরাপত্তাকে অগ্রাধিকার দিন:** স্টেশন পুলিশকে রিপোর্ট দাখিল করা হয়েছে VAWG-এর শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের শতকরা হারা যারা নিরাপত্তা পরিস্থিতি আপডেট করার নির্দিষ্ট উদ্দেশ্যে পুলিশের সাথে বেশী দেখা করেছে এবং সাথে সরাসরি ফলো-আপ যোগাযোগে করেছে। এই তথ্যে ভিকটিম/

৪৩ চতুর্থ অধ্যায়: 'প্রাথমিক যোগাযোগ' এ উল্লেখ করা হয়েছে যে VAWG এর পুলিশি হস্তক্ষেপের সময় সংগৃহীত তথ্যের বিশ্লেষণে যে বিষয়টি খেয়াল রাখা উচিত তা হল যে ভুক্তভোগী/জীবিতদের পুনরায় সাক্ষাৎকার নেওয়া দ্বিতীয়বার নির্যাতনের শিকারের সমান হবে। UNHCHR (2018) উল্লেখ করেছে যে যখন সাক্ষাৎকারগুলি ভালভাবে পরিচালিত হয়, তখন প্রক্রিয়াটি নিজেই নিরাময় করে এবং ক্ষমতায়ন করতে পারে। See further 'Integrating a Gender Perspective into Human Rights Investigations: Guidance and Practice' (UN Office of the High Commission for Human Rights, New York and Geneva, 2018).

বেঁচে থাকা ব্যক্তির সাথে জড়িত থাকা বিভিন্ন সময়ে প্রতি-ক্রিয়া জানানো পুলিশ দ্বারা ঝুঁকি মূল্যায়নের জন্য সংশ্লিষ্ট নি-রাপত্তা ব্যবস্থা অন্তর্ভুক্ত করা উচিত। এই রেফারেন্স নির্দেশ-কের জন্য, কোন প্রেক্ষিতে পুলিশ ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে তার মামলার প্রকৃত অবস্থা এবং অভিযুক্ত অপরাধীর অবস্থা সম্পর্কে পর্যাপ্তভাবে অবহিত করেছে তা লক্ষ্য করা গুরুত্বপূর্ণ।

৫. **অবহিত সম্মতি এবং গোপনীয়তা:** পুলিশ স্টেশনের তদন্তকা-রীরা সম্প্রদায়ের সমর্থন চেয়েছেন এমং দৃষ্টান্তের শতকরা হার বা অনুপাত , উদাহরণস্বরুপ বলা যায় যে, ঐতিহ্যগত এবং বি-শ্বাস-ভিত্তিক নেতা, নারী সংগঠন এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সংগঠন, তাদের অনুরোধে যৌন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সহায়তা করতে হয়। এই সংখ্যাটি যৌন নির্যাতন সং-ক্রান্ত VAWG-এর রিপোর্ট করা মামলার সংখ্যার সাথে মিলিয়ে দেখা উচিত, যেখানে এই অনুরোধ করা হয়েছিল, কিন্তু সহিং-সতার শিকার/জীবিত ব্যক্তির দ্বারা প্রত্যাখ্যান করা হয়েছিল। তারা সম্প্রদায়ের অন্তর্গত এবং সম্প্রদায় কর্তৃক স্বীকৃত এই বার্তা পাঠানোর মাধ্যমে সহিংসটায় ক্ষতিগ্রস্থদের/বেঁচে থাকা ব্যক্তি-দের নিরাময় এবং তারা কী যন্ত্রণা সহ্য করেছে সে সম্পর্কে কথা বলা এবং প্রকাশ করার জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ হতে পারে।[৪৪] এই পরিমাপটি ভিএডব্লিউজি-এর শিকার/জীবিত-দের সমর্থনে পুলিশ কী ভূমিকা পালন করতে পারে (সম্প্রদায়ের সাথে এবং বিশেষ করে মহিলা সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে) সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) প্রদান করবে।

৬. **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** পুলিশ স্টেশন পর্যায়ে VAWG-এর কেস ফাইল ব্যবস্থাপনার বার্ষিক পর্যালোচনা। এই পর্যালোচনাটি VAWG-এর গোপনীয়তা পরিচালনাসহ তদন্ত পরিচালনা সংক্রান্ত তথ্যের গুণগতমান এবং পরিমাণ উভয়ের দিকেই নজর দেওয়া উচিত। এই পর্যালোচনার মধ্যে সাক্ষ্য সং-গ্রহের সমন্বয়, সহিংসতার শিকার/জীবিত এবং সাক্ষীর সা-ক্ষাৎকার, ফলো-আপ, অপরাধী শনাক্তকরণ এবং শনাক্তকরণ অন্তর্ভুক্ত করা উচিত। পর্যালোচনাটিতে ব্যবহারিক সমস্যাগু-লি সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) প্রদানের চেষ্টা করা উচিত যা গুরুত্বপূর্ণ সময় ব্যবস্থা সম্পর্কিত সমস্যা, যেমন 'তদন্তকারীর ক্লান্তি', ব্যবস্থাপকের মূল্যায়নের দৃঢ়তা এবং অন্যান্য প্রয়োজ-নীয় পরিষেবা প্রদানকারীদের সাথে সংগতি রক্ষরা বিষয়গুলি মোকাবেলা করে। ।

**সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন:** VAWG সম্পর্কিত সাক্ষী সুরক্ষা কর্মসূচিতে জড়িত বিভিন্ন আইন প্রয়োগকারী সংস্থা এবং প্রয়োজনীয় পরিষেবা প্রদা-নকারীদের সাথে সমন্বিত পদক্ষেপের সাথে দাখিল করা মামলার বার্ষিক সংখ্যা। এই সংখ্যাটি আরও সহিংসতার জন্য পুলিশ এবং/ অথবা প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের প্রতিক্রিয়া জানানো কর্মকর্তদের দ্বারা উচ্চ ঝুঁকি হিসাবে বিবেচিত মামলার সংখ্যার সাথে সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত। শিশু কল্যাণ, সামাজিক আবাসন, অপরাধীদিগের সংশোধনাগার সংক্রান্ত পরিষেবা, এবং সীমান্ত ব্য-বস্থাপনার ক্ষেত্রে পুলিশ যথাযথ সময়ে দক্ষতা অর্জন করেছে কিনা তা যাচাই করার জন্য এই মামলাগুলির আরও গুণগতমান পর্যা-লোচনা করা উচিত।

৪৪ ইউএনএইচসিএইচআর (২০১৮) এর মতে কিছু ক্ষেত্রে, ঐতিহ্য-গত এবং বিশ্বাস-ভিত্তিক নেতারা সহিংসতার শিকার/জীবিত নারীদের, যারা নির্যাতনের সময় অবিবাহিত ছিল, সমর্থন করতে পারেন এমন পরিস্থিতি তৈরির মাধ্যেমে যে তারা এখনও বিশ্বাসের মাধ্যমেই বিয়ে করতে পারে এবং যেখানে তাদের বিয়ে হবে তাদের স্বামী এবং বর্ধিত পরিবার তাদের গ্রহণ করবে এবং সমর্থন করবে। See the example of the effects of community engagement in the support and assistance process in "They came to destroy": ISIS Crimes Against the Yazidis. Human Rights Council Thirty-second Session Agenda, item 4, Human rights situations (A/HRC/32/CRP.2 Advance Version Distribution, 2016).

বক্স-৪

**VAWG এর প্রতিক্রিয়া জানানো তত্ত্বাবধানকারী পুলিশ পরিচালকদের জন্য টিপস**

- অফিসার দ্বারা অনুরোধ করা হলে, বা যখন প্রয়োজন মনে করা হয়, যৌন নিপীড়নের ঘটনা তদন্তকারী অফিসারদের সহায়তা করার জন্য সাড়া দিন;
- অফিসারদের ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশ বিভাগ তাদের সেক্সুয়াল অ্যাসল্ট রেসপন্স পলিসি এবং ট্রেনিং কনটেন্ট গাইডলাইনস (২০১৫) এর মাধ্যেম নীতির সাথে সম্মতি নিশ্চিত করার জন্য এবং ভিকটিম/জীবি-তদের সমস্যাগুলির জন্য দায়বদ্ধতা এবং অধস্তন অফিসারদের দ্বারা যথাযথ প্রতিক্রিয়া নিশ্চিত করার জন্য নির্দেশিকা প্রদান করে। তত্ত্বাবধায়কদের নিম্নলিখিত বিষয়গুলি নিশ্চিত করতে হবে:
- প্রয়োজন অনুসারে অফিসার দ্বারা অনুরোধ করা হলে যৌন নিপীড়নের ঘটনা তদন্তকারী অফিসারদের সহায়তা করার জন্য সাড়া দিন
- অফিসারদের অবশ্যই একটি নিরপেক্ষ, পেশাদার, পূর্বানুমান ভিত্তিক নয় এমন পদ্ধতিতে প্রতিক্রিয়া জানাতে হবে; সুপা-রভাইজারদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে লাইন অফিসাররা এই প্রত্যাশা সম্পর্কে সচেতন;
- যে আক্রমণটি ঘটেছে তা কার্যকরভাবে তদন্ত করতে সংস্থা এবং সম্প্রদায় উভয়েরই সম্পদ সনাক্ত করতে সহায়তা করুন;
- আরও ভালভাবে সহিংসতার শিকার/জীবিতদের সহায়তা করার জন্য (পুলিশ) বিভাগ এবং সম্প্রদায়ের সংস্থাগুলির মধ্যে সমস্যা সমাধানের অংশীদারিত্বকে উৎসাহিত করুন, যেমন ধর্ষণের সংকট কেন্দ্র এবং ফরেনসিক পরীক্ষার প্রোগ্রাম;
- নির্ভুলতা, ধারাবাহিকতা এবং ভিকটিম/জীবিত ব্যক্তি-কেন্দ্রিক প্রতিক্রিয়ার জন্য সমস্ত যৌন নিপীড়ন সংক্রান্ত পুলিশ রিপোর্ট পর্যালোচনা করুন;
- যৌন নিপীড়নের প্রতিক্রিয়া জানাতে অফিসারদের একই সাথে ঘটে যাওয়া ঘটনা এবং আন্তঃসংযুক্ত অপরাধগুলি সন্ধান করতে উৎসাহিত করুন;
- নিশ্চিত করুন যে অফিসার এবং তদন্তকারীরা কেস কোডিং সম্পর্কে ধারণা আছে এবং যৌন নিপীড়নের কেস যথাযথ-ভাবে কোড করতে সক্ষম।;
- কাজ শেষ হবার পরে এবং যৌন নিপীড়নের মামলার নিরীক্ষার পরে পর্যালোচনা করুন যাতে নিশ্চিত করা যায় যে অফিসার এবং তদন্তকারীরা ব্যাপক ভিত্তিতে, সহিংসতার শিকার/জীবিত- ব্যক্তি কেন্দ্রিক, অপরাধী-কেন্দ্রিক তদন্ত পরি-চালনা করছে;
- যৌন নিপীড়ন সঠিকভাবে তদন্ত করার জন্য প্রয়োজনীয় দক্ষতা বৃদ্ধি করতে বিভাগের সদস্যদের জন্য চলমান প্রশি-ক্ষণের সুযোগ তৈরি করুন;
- আইন প্রয়োগকারী এবং প্রসিকিউটরদের মধ্যে যোগাযোগ বাড়ানোর জন্য কাজ করুন যাতে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের তদন্তের পর্যায় থেকে মামলায় স্থানান্তর করা সহজ হয়;
- কর্ম দক্ষতা (পারফরম্যান্স) মূল্যায়নে ভিকটিম/সারভাইভারদের পরিষেবা সংক্রান্ত সমস্যা এবং যৌন নিপীড়নের শিকার/জীবিত ব্যক্তিদের প্রতিক্রিয়া এবং বিভাগের সদস্যদের পুরস্কার ও পদোন্নতির সুপারিশ অন্তর্ভুক্ত করুন;
- সদস্যদের দায়বদ্ধ রাখুন যখন তারা এমনভাবে আচরণ করবে যা যৌন নিপীড়ন তদন্তের বিষয়ে বিভাগের মূল্যবোধ এবং মিশনের সাথে সঙ্গতিপূর্ণ নয়;;
- রোল-কল এবং স্টাফ ব্রিফিংয়ে নিয়মিতভাবে ভিকটিম/সারভাইভার পরিষেবার তথ্য শেয়ার করুন। এই শিক্ষা ও প্র-শিক্ষণ চলমান থাকা উচিত এবং পরিষেবার জন্য কলের উত্তর না দেওয়া কর্মকর্তাদের সাথে এটি মাঠ পর্যায়েও করা যেতে পারে;
- সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের কার্যকরী ভাবে সেবা প্রদানের জন্য কর্মকর্তাদের স্বীকৃতি দিন এবং পুরস্কৃত করুন।।

*সূত্র: Sexual Assault Response Policy and Training Content Guidelines (The International Association of Chiefs of Police, 2015).
(The International Association of Chiefs of Police, 2015)।

# কেস স্টাডি ১

# কেস স্টাডি: সমর্থন এবং সহায়তা

# বুলগেরিয়ার বুরগাসে একটি যৌন নিপীড়ন রেফারেল সেন্টার (SARC)

লিখেছেন **অ্যালিসন ইটন**[৪৫] **(গোয়েন্দা প্রধান পরিদর্শক ডিসিআই- এখন অবসরপ্রাপ্ত)**



বুলগেরিয়ায় SARC কর্মশালা। অ্যালিসন ইটনের ছবি সৌজন্যে।



অ্যালিসন ইটনের ছবি সৌজন্যে। বুলগেরিয়া SARC এর প্রাথমিক পর্যায়

বুলগেরিয়ার সোফিয়ায় অবস্থিত ব্রিটিশ দূতাবাস ডেমেট্রা এনজিও অ্যাসোসিয়েশনের সাথে কাজ করেছে এবং যুক্তরাজ্যের মডেলের SARC প্রতিষ্ঠার জন্য বুর্গাসের স্থানীয় পৌরসভা, বুরগাস আঞ্চলিক পুলিশ, অভ্যন্তরীণ বিষয়ক মন্ত্রণালয়ের আঞ্চলিক পরিচালক এবং বুর্গাসের রাষ্ট্রীয় হাসপাতালের সমর্থন অর্জন করেছে যা তখন থেকে এই অঞ্চলে ধর্ষণজনিত যৌন নিপীড়নের শিকার/জীবিতদের সহায়তা প্রদানে উল্লেখযোগ্যভাবে অবদান রেখেছে।

যৌন সহিংসতার তদন্ত ও বিচারের সময় সহিংসতার শিকার/ জীবিতদের জন্য চিকিৎসা সহায়তা, সংকটকালে সহায়তা এবং সাধারণ সহায়তা প্রদানের জন্য একটি SARC প্রতিষ্ঠার উদ্দেশ্য নিয়ে প্রকল্পটি ২০১৩ সালে কাজ শুরু করেছিল। এই উদ্যোগটি শুরু হয়েছিল 'যৌন নির্যাতনের শিকার/বাঁচাদের সাথে কার্যকরভাবে কাজ করা' এর উপর ব্রিটিশ দূতাবাস-বুলগেরিয়ান পুলিশের জন্য আয়োজিত কর্মশালার মাধ্যমে। কর্মশালায় যুক্তরাজ্যের পুলিশ বিষয় বিশেষজ্ঞ এবং উপদেষ্টা ডিসিআই অ্যালিসন ইটনের ইউকে SARC মডেলের একটি উপস্থাপনা অন্তর্ভুক্ত ছিল। বুলগেরিয়ান পুলিশ এবং ডেমেট্রা সম্মেলনে অংশ নিয়েছিল এবং মডেলের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বুলগেরিয়াতে প্রয়োজনীয় পরিষেবা সহায়তা কর্মীদের জন্য একটি কর্মশালার ব্যবস্থা করতে আগ্রহী ছিল।

২০১৪ সালে, বুলগেরিয়ার ব্রিটিশ দূতাবাস, অ্যালিসন ইটন এর সহায়তায়, স্বরাষ্ট্র মন্ত্রকের দুই কর্মকর্তার জন্য সাসেক্স, যুক্তরাজ্যের সাসেক্সে স্যাটার্ন সেন্টার, SARC পরিদর্শনের জন্য একটি সফরের আয়োজন করেছিল। ভাস্লেনা (Vslena) SARC আনুষ্ঠানিকভাবে ২০১৬ সালের জুলাই মাসে কার্যক্রম শুরু করেছিল।

SARC চালু হবার পর থেকে পুলিশ, প্রসিকিউটর এবং অন্যান্য অংশীদার সংস্থার জন্য বেশ কয়েকটি কর্মশালা এবং প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করার মাধ্যমে বুলগেরিয়াতে ব্রিটিশ দূতাবাস স্থানীয় পুলিশ এবং অংশীদারদের জন্য সহায়তা প্রদান অব্যাহত রেখেছে। এই অভিজ্ঞতা দেখিয়েছে যে পুলিশ এবং অংশীদাররা কিভাবে একসাথে সফলভাবে কাজ করে। একটি SARC ব্যবস্থাপনা বোর্ডও গঠন করা হয়েছিল।

SARC 'Vselena" বুর্গাসের প্রধান হাসপাতালের পাশে অবস্থিত।

'Vselena' SARC হল একটি নিরাপদ জায়গা যেখানে যৌন নিপীড়নের শিকার/জীবিতরা এসে তাদের অভিজ্ঞতা সম্পর্কে আত্মবিশ্বাসের সাথে কথা বলতে পারে এবং তাদের আরোগ্য লাভের প্রক্রিয়ায় সহায়তার জন্য পেশাদারদের কাছ থেকে প্রয়োজনীয় যত্ন, সমর্থন এবং বোঝাপড়া পেতে পারে। এটি এই অপরাধগুলির তদন্ত এবং বিচারকেও উন্নত করে। পরিষেবাটি বুলগেরিয়া এবং বিদেশে সহিংসতার শিকার/জীবিতদের সয়াতয়া করছে।

---

৪৫ অ্যালিসন ইটন একজন প্রাক্তন গোয়েন্দা প্রধান পরিদর্শক যিনি ত্রিশ বছর ধরে সাসেক্স পুলিশে কাজ করেছেন। পারিবারিক সহিংসতা ও নির্যাতন, শিশু নির্যাতন এবং ধর্ষণ/যৌন সহিংসতার সুরক্ষা এবং তদন্ত বিশেষজ্ঞ তিনি একজন সিনিয়র ইনভেস্টিগেটিং অফিসার (এসআইও) হিসাবে কাজ করেছেন। তিনি বিধিবদ্ধ ডোমেস্টিক হোমিসাইড রিভিউ (DHR) প্রক্রিয়ার জন্য হোম অফিস (ইউকে) থেকে জাতীয় মাল্টি-এজেন্সি নির্দেশিকা প্রস্তুত করার সময়ও কাজ করেছেন। তিনি বুলগেরিয়াতে ব্রিটিশ দূতাবাসের সাথে SARC পরিসেবা সম্প্রসারণে কাজ চালিয়ে যাচ্ছেন এবং এখন একই ধরনের প্রকল্প স্থাপনে রোমানিয়া, উগান্ডা এবং পেরুকে সহায়তা করে চলেছেন।

Vselana SARC প্রতিষ্ঠার পর থেকে, অতিরিক্ত অংশীদাররা SARC-এর অধিক উন্নয়নের জন্য একটি চুক্তি স্বাক্ষর করেছে এবং এর মধ্যে রয়েছে বুর্গাস জেলা প্রসিকিউটর অফিস, সোজোপলো, কার্নোবাট, পোমোরি, নেসেবার এবং প্রিমর্স্কো পৌরসভা।

## স্থায়িত্ব, স্থানীয় মালিকানা এবং তদারকি

'Vselena" SARC-এর সাফল্য এখন বুলগেরিয়া জুড়ে অনেকের মনোযোগ আকর্ষণ করেছে এবং এটি রোমানিয়া পর্যন্ত বিস্তৃত হয়েছে। SARC এর সহায়তা বাড়ানোর লক্ষ্যে যৌন সহিংসতা প্রতিরোধ, সুরক্ষা এবং বিচারের উপর দৃষ্টি নিবদ্ধ করে ২০১৮ সালের অক্টোবরে বুরগাস এবং প্লোভিডিভে দুটি সফল সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল।

অর্থায়নের পরিপ্রেক্ষিতে, বুরগাস অঞ্চল প্রাথমিকভাবে SARC-এর জন্য অর্থায়ন প্রদান করেছিল; তবে, জেলা প্রসিকিউটর অফিস এবং অন্যান্য পৌরসভা থেকে আরও অংশীদার যোগদান করেছে।

বুরগাস SARC ইউকে SARC অডিট টুল ব্যবহার করে অ্যালিসন ইটনের নেতৃত্বে তিনটি গুণগতমান নিশ্চিতকরণ পরীক্ষা করেছে। SARC ব্যবস্থাপনা বোর্ড SARC-এর বার্ষিক পর্যালোচনা পরিচালনা করে।

## SARC উন্নয়নে পরামর্শ এবং নির্দেশিকা

**অবস্থান:**

- SARC কে একটি বিল্ডিং হিসেবে বিবেচনা না করে একটি ধারণা হিসাবে কল্পনা করা উচিত;
- হাসপাতাল এবং অন্যান্য স্বাস্থ্য কর্তৃপক্ষের প্রাঙ্গনে অবস্থান করলে SARC-এর বেশ কিছু সুবিধা রয়েছে। (যেমন যৌন স্বাস্থ্য পরিষেবার মধ্যে একত্রিত)।

**SARC-এ অ্যাক্সেস:**

- বাহ্যিক এবং অভ্যন্তরীণ লক্ষণ পরিষ্কার হওয়া উচিত (বিভিন্ন ভাষা বিবেচনা করুন);
- সার্কের একটি মানচিত্র ইন্টারনেটে এবং ইমেলে ব্যবহারের জন্য উপলব্ধ হওয়া উচিত;
- পুলিশ, স্টাফ এবং ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য কাছাকাছি, চিহ্নিত এবং ২৪/৭ উপলব্ধ পার্কিং থাকা উচিত;;
- প্রবেশ যোগ্য এলাকা পরিষ্কার এবং ভাল বাহবে আলোকিত হওয়া উচিত;
- রাতে কর্মীদের নিরাপত্তা নিশ্চিত করার সময় ভিডিও-এন্ট্রি ফোন/সিসিটিভি সহিংসতার শিকার/জীবিতদের অ্যাক্সেসের সুবিধা দেবে।



Rane faze SARC-a u Bugarskoj. Fotografiju ustupila Alison Eaton.

**প্রাঙ্গণ:**

- SARC-তে প্রবেশ সীমিত করা উচিত, যেমন কীপ্যাড বা সোয়াইপ কার্ড;
- একটি SARC-এ ফরেনসিক ব্যবহারের জন্য কমপক্ষে এক বা একাধিক স্যুট থাকা উচিত এবং ফলো-আপ সুবিধাও থাকতে পারে;
- SARC-এ অন্য প্রাঙ্গনের মধ্য দিয়ে যাওয়ার পরিবর্তে সরাসরি অ্যাক্সেস সক্ষম করার মাধ্যমে গোপনীয়তা উন্নত হয়;
- প্রাঙ্গণ এবং কর্মীদের নিরাপত্তা SARC পরিকল্পনার একটি গু-রুত্বপূর্ণ অংশ, যেমন অ্যালার্ম সিস্টেম।

**SARC সুবিধাগুলি অন্তর্ভুক্ত করা উচিত:**

- একটি স্বাগত বা অভ্যর্থনা জানানোর এলাকা;
- ফরেনসিক ওয়েটিং রুম;
- ফরেনসিক মেডিকেল পরীক্ষার কক্ষ;
- টয়লেট এবং ঝরনা;
- পুলিশের জন্য একটি ইন্টারভিউ রুম।

**অনুসরনীয় সুবিধা:**

- ফরেনসিক পরীক্ষার সময় নিয়োগ করা যেতে পারে;
- ফরেনসিক পরীক্ষায় অংশগ্রহণের প্রাথমিক অভিজ্ঞতা পুনরুৎ-পাদন এড়াতে ফলো আপ স্যুটের একটি পৃথক প্রবেশদ্বার;
- ফলো আপ সুবিধাগুলি অন্তর্ভুক্ত করা উচিত:
    - একটি স্বাগত অভ্যর্থনা এলাকা;
    - আরামদায়ক আসন সহ একটি অপেক্ষার এলাকা;
    - একটি কাউন্সেলিং রুম;

- একটি পরীক্ষার কক্ষ;
- টয়লেট এবং ঝরনা;
- পুলিশ/মনোবিজ্ঞানীর ব্যবহারের জন্য একটি ইন্টারভিউ রুম।

**ফরেনসিক সুবিধা/ ন্যায় পরায়নতা**

- ফরেনসিক ওয়েটিং রুম (মোছার যোগ্য চেয়ার এবং মেঝে);
- সমস্ত রুম তাদের ব্যবহারের বিষয়ে স্পষ্টভাবে লেবেল করা উচিত, যেমন, মেডিকেল পরীক্ষা, ওয়েটিং রুম, বাথরুম;
- ফরেনসিক স্যুটে লক করা যায় এমন দরজা থাকা উচিত এবং পরিষ্কারের পদ্ধতির অখণ্ডতা রক্ষা করার জন্য ব্যবহার না করার সময় লক করা উচিত;
- সমস্ত ফরেনসিক স্যুট দরজার বাইরের দিকে রিভার্সিবল লেমি-নেটেড নোটিশ পোস্ট করা উচিত;
- নমুনাগুলি সংরক্ষণ করার জন্য মেডিকেল রুমের মধ্যে একটি ফ্রিজ/ফ্রিজার প্রয়োজন কিনা তা নির্ধারণ করুন;
- ফরেনসিক এলাকার জন্য ক্লিনিং প্রোটোকল।

**SARC-এ যোগদানকারী সহিংসতার শিকার/জীবিত প্রত্যেক ব্যক্তির বিবরণ রেকর্ড করা:**

- নীচে রেকর্ড করার জন্য একটি সাধারণ লগবুক অবশ্যই উপ-লব্ধ থাকতে হবে এবং প্রতিবার SARC-এ যাওয়ার সময় সম্পূ-র্ণ করতে হবে:
  - এন্ট্রি প্রতি সংখ্যা;
  - অংশগ্রহণের তারিখ এবং সময়;
  - নাম;
  - পুলিশের সাক্ষাৎকার নেওয়া হয়েছে;
  - ফরেনসিক চিকিৎসা গৃহীত;
  - পরিষ্কার করার অনুরোধ;
  - পরিচ্ছন্নতা গৃহীত (সময়, তারিখ, নাম);
  - অনুরোধ করা স্টক পুনরায় পূরণ করুন;
  - স্টক (সময়, তারিখ, নাম);
- প্রোটোকল পরিষ্কার করার নির্দেশিকা সম্বলিত একটি রেফারে-ন্স ফোল্ডার, বাথরুম থেকে নোংরা লিনেন অপসারণ, ব্যব-হিত সূচ নষ্টের পরামর্শ;
- মেডিকেল রুম এবং বাথরুম সরবরাহ পুনরুদ্ধার সংক্রান্ত ক্রয় বিবরণ.

**ভিকটিম/সারভাইভার কেয়ার:**

- প্রতিটি যৌন নিপীড়নের শিকার/জীবিত ব্যক্তির জন্য একক ব্যবহারের প্রসাধন সামগ্রী প্রদান করুন, উদাহরণস্বরূপ, শাওয়ার জেল, টুথপেস্ট, টুথব্রাশ এবং চিরুনি;
- কিছু অ-ফেরত যোগ্য জামাকাপড়, আন্ডারওয়্যার, পাদুকা প্র-তিস্থাপনের পোশাক হিসাবে যখন ।সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সাথে পোশাক পরিবর্তন করা হয় না;
- যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পরামর্শ প্রদান-কারী একটি লিফলেট, প্রাসঙ্গিক সহায়তা সংস্থার বিবরণ অন্ত-র্ভুক্ত করার জন্য;
- SARC-এর যোগাযোগের বিশদ বিবরণসহ তথ্য প্রদান করুন, যার মধ্যে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির কাছে যাওয়া কর্মীদের নাম এবং যে ওষুধ দেওয়া হয়েছে তা অন্তর্ভুক্ত থাকবে।
- জরুরী গর্ভনিরোধক সংক্রান্ত এক্তি লিফলেট সহিংসতার শিকার / বেঁচে থাকা ব্যক্তিকে প্রদান করুন।

**স্টাফিং:**

- প্রয়োজনীয় কর্মীদের অবহিত করা সম্ভব হলে SARC-এর শিকারের সংখ্যা দেখা যেতে পারে।।

**মূল ভূমিকা:**

- SARC ম্যানেজার- পুরো সময়;
- SARC প্রশাসক- পুরো সময়;
- ক্রাইসিস সাপোর্ট কর্মী/মনোবিজ্ঞানী/নার্স - পুরো সময়;
- ক্লিনিকাল ডিরেক্টর - প্রতি সপ্তাহে দুই দিন;
- ফরেনসিক মেডিকেল পরীক্ষক(রা) (যুক্তরাজ্যের গবেষণা থেকে জানা গেছে যে বেশিরভাগ ধর্ষণের শিকার/জীবিতরা একজন মহিলা FME দ্বারা পরীক্ষা করা পছন্দ করে);
- পুলিশ – যৌন অপরাধ তদন্তে প্রশিক্ষিত;
- পরিচালনা পরিষদ.

**ক্রাইসিস সাপোর্ট কর্মীদের মূল দক্ষতা:**

- যোগ্য নার্স বা অভিজ্ঞ স্বাস্থ্য উপদেষ্টা বা অভিজ্ঞ/যোগ্য পরা-মর্শদাতা;
- যৌন নিপীড়নের শিকার ব্যক্তিদের চাহিদা বোঝা;
- ভাল মৌখিক এবং লিখিত যোগাযোগ দক্ষতা;
- একটি বহু-পেশাদার দলের অংশ হিসাবে কাজ করার ক্ষমতা।

**প্রশিক্ষণের প্রয়োজন:**

- যৌন অপরাধ প্রশিক্ষণ;
- আদালত প্রশিক্ষণ;
- প্রাথমিক প্রমাণ প্রশিক্ষণ;
- প্রথম প্রতিক্রিয়া;
- SARC–এর সাথে কাজ করার বিষয়ে পুলিশের স্পষ্ট তথ্য/প্রশিক্ষণ প্রয়োজন।

**যোগাযোগ:**

- SARC সফলভাবে পরিচালনার জন্য কার্যকর যোগাযোগ একটি অপরিহার্য উপাদান:
    - একজন পুলিশ লিয়াজোন অফিসার নিয়োগ করুন যিনি পুলিশের সাথে যোগাযোগের মূল ভূমিকা পালন করবেন;
    - একজন স্বাস্থ্য যোগাযোগ কর্মকর্তা নিয়োগ করুন যিনি স্বাস্থ্য কর্তৃপক্ষের সাথে যোগাযোগের কেন্দ্রীয় উপায়ও হতে পারেন;
    - প্রাসঙ্গিক মাল্টি–এজেন্সি সদস্যদের সাথে একটি ব্যবস্থাপনা বোর্ড প্রতিষ্ঠা করা;
    - তথ্য আদান–প্রদানের জন্য সম্মত প্রোটোকল;
    - সুনির্দিষ্ট কর্মক্ষম নীতি ও পদ্ধতি স্থাপন এবং সম্মত হতে হবে।

**নিরীক্ষা এবং গুণগতমান:**

- এটা অপরিহার্য যে নিয়মিত ভাবে অডিট পরিচালিত হয়, এবং SARC–এর পরিষেবার বিধানের বিভিন্ন দিকগুলির উপর পরিসংখ্যান একত্রিত করা হয়, উদাহরণস্বরূপ:
    - ফরেনসিক পরীক্ষার প্রাপ্যতা;
    - ব্যবহারকারীর সন্তুষ্টি জরিপ;
    - পরিচালনা তথ্য;
- এগুলি কার্যকারিতার প্রমাণ দেবে এবং দীর্ঘমেয়াদী তহবিল পেতে সাহায্য করবে।

## কেস স্টাডি-২

## ভিকটিম সাপোর্ট সেন্টার: এ গেটওয়ে টু জাস্টিস ইন বাংলাদেশ

লিখেছেন শামীমা বেগম পিপিএম, অ্যাড.ডিআইজি [৪৬] বাংলাদেশ পুলিশ,




ভিকটিম সাপোর্ট সেন্টার। ছবি ফেসবুক বাংলাদেশ পুলিশের সৌজন্যে




ভিকটিম সাপোর্ট সেন্টার। ছবি ফেসবুক বাংলাদেশ পুলিশের সৌজন্যে

নারী ও শিশুদের প্রতি সহিংসতা সমাজের বিরুদ্ধে একটি অভিশাপ। বাংলাদেশে, ভিকটিম সাপোর্ট সেন্টারের (‹VSC›) মডেলের মাধ্যমে ভিএডব্লিউজি-এর ক্ষেত্রে সম্মিলিতভাবে প্রতি-ক্রিয়া জানাতে পুলিশ বাহিনী স্থানীয় এনজিওগুলির সাথে যুক্ত হয়েছে। ২০০৯ সালে UNDP পুলিশ সংস্কার প্রকল্পের অংশ হিসাবে প্রথম ভিএসসি প্রতিষ্ঠিত হয়েছিল এবং এটি বাংলাদেশ পুলিশ এবং এনজিওগুলির জন্য একটি যুগান্তকারী উদ্যোগে পরিণত হয়েছিল।

### কিভাবে?

ভিএসসি দ্রুত প্রতিক্রিয়া প্রদান এবং সম্প্রদায়ের মধ্যে ক্ষতিগ্রস্ত/জীবিতদের অবস্থান পুনঃসংহত করার উপর দৃষ্টি নিবদ্ধ করে। পুলিশ, আইনজীবী, পরামর্শদাতা এবং ডাক্তারদের মতো মহিলা পেশাদারদের দ্বারা সম্পূর্ণভাবে পরিচালিত এই কেন্দ্রটি আশ্রয়, কাউন্সেলিং, আইনি সহায়তা, জরুরী চিকিত্সা এবং মধ্যস্থতাসহ সমন্বিত সহায়তা প্রদান করে। ১০টি অংশীদার এনজিওর সাথে একত্রে, এটি VAWG-এর শিকার/জীবিত নারী এবং শিশুদের জন্য (24 ঘন্টা/দিন) সার্বক্ষণিক সহায়তা প্রদান করে।

ভিএসসি নারী ও শিশুদের পুনঃনির্যাতনের হাত থেকে রক্ষা করার জন্য একটি ডাটাবেস সংরক্ষণ করে এবং একটি হেল্পলাইন ফোন নম্বর ব্যবহার, ঢাকা মেট্রোপলিটন পুলিশের জন্য একটি ফেসবুক লিঙ্ক এবং একটি ওয়েবসাইট (www.dmpwsid.gov.bd) ব্যবহার করে যাতে ভিকটিমদের প্রতি প্রতিক্রিয়া জানানোর সময় পুলিশকে সহায়তা করা যায়।

পুলিশ এবং ভিএসসি এর মাধ্যমে পরিচালিত অন্যান্য যৌথ কার্য-ক্রমের মধ্যে রয়েছে:

- শিক্ষার্থীদের জন্য যৌন হয়রানি, শোষণ এবং VAWG-এর অন্যান্য ধরনের বিষয়ে সচেতনতামূলক কর্মসূচির উন্নয়নে উৎসাহিত করে শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারণা চালানো;
- থানায় উন্মুক্ত দিবস পালন;
- সম্প্রদায়ের সাথে সচেতনতা বৃদ্ধির জন্য স্থানীয় মেলায় স্টল দেওয়া;
- লিফলেট এবং ব্রসিয়ার বিতরণ।

২০০৯-২০১৪ সাল পর্যন্ত, ঢাকা মেট্রোপলিটন পুলিশের ভিএসসি ৩০০০ এরও বেশি ক্ষতিগ্রস্ত/জীবিত ব্যক্তিদের সহায়তা প্রদান করেছে।

---

৪৬ 'Addl DIG' একজন অতিরিক্ত উপ-মহাপরিদর্শক। শামীমা বেগম বাংলাদেশ পুলিশ উইমেন নেটওয়ার্ক ('BPWN') এর বর্তমান সহ-সভাপতি এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশ (IAWP) অঞ্চল-২২-এর সমন্বয়ক।

### কোন পরিষেবাগুলি একটি পার্থক্য তৈরি করছে?

VSC নারী ও শিশুদের গ্রহণ করার জন্য এবং তাদের জন্য একটি উপযুক্ত পরিবেশ প্রদান করে যেখানে পুলিশ কর্মীরা অভিযোগ নথিভুক্ত করে এবং তাদের তাৎক্ষণিক প্রয়োজনে উপস্থিত থাকার মাধ্যমে তাদের মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করার জন্য নিজেকে নিয়ে গর্বিত বোধ করে। আরও নির্দিষ্টভাবে, ভিএসসি:

- 'ফার্স্ট ইনফরমেশন রিপোর্ট' ('এফআইআর') করার সময় সহায়তা করে, বিচার প্রক্রিয়া সংক্রান্ত তথ্য, জরুরী চিকিৎসা সহায়তা এবং উপযুক্ত পরিস্থিতিতে, চিকিৎসার জন্য চিকিৎসা কেন্দ্রে যাওয়ার সুবিধা প্রদান করে।

- তদন্ত প্রক্রিয়ায় সহায়তা করে, ফোনে তথ্য প্রদান (যদি প্রয়োজন হয়) এবং মনোসামাজিক কাউন্সেলিংসহ প্রক্রিয়াগুলি সম্পর্কে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের অবহিত করে;

- পুনর্বাসন, আইনি সহায়তা, অতিরিক্ত চিকিৎসা ও মনস্তাত্ত্বিক সহায়তা এবং পরিবারে পুনঃ একীকরণের মতো দীর্ঘমেয়াদী সহায়তার জন্য সরকারি ও বেসরকারি উভয় সংস্থাকে রেফারেল প্রদান করে, যাতে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের পুনরায় শিকার হওয়া থেকে রক্ষা করা যায়।

### 'কী কাজ করেছে': VSC পুলিশ নেতৃত্বের দ্বারা নেওয়া সক্রিয় পদক্ষেপ।

**আর্থিক স্থিতিশীলতা নিশ্চিত করা:** ভিএসসি পুলিশের সিনিয়র ম্যানেজার সরকারের কাছে লবিং করেছেন এবং অর্থায়নের জন্য একটি প্রস্তাব তৈরি করেছে যা ঢাকার প্রধান পুলিশ সদর দপ্তরের মাধ্যমে অর্থ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। এর ফলে সরকারী বাজেটের ভিন্ন তহবিল অর্থ বরাদ্দ করা হয়েছিল, যা তখন VSC-কে চিকিৎসা, খাদ্য ও পোশাক প্রদান এবং মামলা পরিচালনার সাথে সম্পর্কিত অন্যান্য খরচ বহন করতে সহায়তা করে। অতিরিক্ত তহবিল আরও মহিলা পুলিশ কর্মকর্তাদের নিয়োগ দেবার প্রক্রিয়াকে তরান্বিত করে, যারা এখন মামলার তদন্ত এবং ভিকটিম ব্যবস্থাপনায় জড়িত।

**একটি পরিষ্কার কৌশল নির্ধারণ করুন:** ঢাকা মেট্রোপলিটন পুলিশ ('VSC') দ্বারা প্রবর্তিত কৌশলগুলির মধ্যে একটি ছিল কুইক রেসপন্স টিম ('QRT') তৈরি করা যা একটি ঘটনার দ্রুত প্রতিক্রিয়া জানাতে পারে এবং সহায়তা প্রদান করতে পারে।



ভিকটিম সাপোর্ট সেন্টার। ছবি ফেসবুক বাংলাদেশ পুলিশের সৌজন্যে।

কিউআরটির প্রধান হিসেবে থাকেন একজন সাব-ইন্সপেক্টর এবং টিমের সদস্য হিসাবে থাকেন সহকারী সাব-ইন্সপেক্টর এবং দুই কনস্টেবল। দলের সদস্যরা সবাই মহিলা পুলিশ অফিসার।

**সঠিক পুলিশ ইউনিট জড়িত তা নিশ্চিত করুন:** VSC পুলিশ ব্যবস্থাপনা ভিকটিম সাপোর্ট ইউনিট, ইনভেস্টিগেশন ইউনিট এবং কুইক রেসপন্স টিম থেকে সমস্ত উপযুক্ত দক্ষতা এবং পেশাদারিত্বসহ কর্মীদের একত্রিত করেছে, যাতে সহিংসতার শিকার/জীবিতদের বিস্তৃত দক্ষতার সেট এবং সহায়তা প্রদান করা হচ্ছে তা নিশ্চিত করত।

### ২০০৯ সাল থেকে VSC এর প্রভাব

VSC বাংলাদেশ এবং দক্ষিণ এশিয়া উভয় অঞ্চলেই একটি যুগান্তকারী উদ্যোগ এবং এটাকে এখন সহিংসতার শিকার নারী ও শিশুদের ন্যায়বিচারের অ্যাক্সেসের প্রচারে পথ প্রদর্শক হিসেবে বিবেচিত হয়। ঢাকা মেট্রোপলিটন পুলিশ কর্তৃক প্রথম ভিএসসি চালু হওয়ার পর, বাংলাদেশে সহিংসতার শিকার ক্ষতিগ্রস্ত/জীবিতদের সহায়তা প্রদানের জন্য এখন আরও ৪টি সহায়তা কেন্দ্র স্থাপন করা হয়েছে।

# ৪

## নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. 'Participation: Gender, Equity and Human Rights (WHO) at: https://www.euro.who.int/en/publications/abstracts/participation-as-a-driver-of-health-equity-2019

২. 'Good Practices in Supporting Victims of Terrorism within the Criminal Justice Framework' (UNODC, 2015) at: https://www.unodc.org/documents/terrorism/Publications/Good%20practices%20on%20victims/good_practices_victims_E.pdf

৩. Updated Model Strategies and Practical Measures on the Elimination of Violence against Women in the Field of Crime Prevention and Criminal Justice (2011, General Assembly resolution 65/228, annex)

৪. Essential services Package for Women and Girls subject to Violence: Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015) at: https://www.unwomen.org/en/digital-library/publications/2015/12/essential-services-package-for-women-and-girls-subject-to-violence

৫. Mapping and Analysis of Domestic Legal Remedies to issues of Violence against Women (VAW), (Women's Legal and Human Rights Bureau and UN Women, 2010).

৬. Hill Collins, P., 1990. Black Feminist Thought: Knowledge, Consciousness, and the Politics of Empowerment. Routledge, New York; cited in Imkaan and UN Women (2019), the Value of Intersectionality in Understanding Violence against Women and Girls, at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eca/attachments/publications/2019/10/the%20value%20of%20intersectionality%20in%20understanding%20violence%20against%20women%20and%20girls.pdf?la=en&vs=3339

৭. 'Abuse of a position of vulnerability and other "means" within the definition of trafficking in persons', Issue Paper (UNODC, 2013), at: https://www.unodc.org/documents/human-trafficking/2012/UNODC_2012_Issue_Paper_-_Abuse_of_a_Position_of_Vulnerability.pdf

৮. Declaration of Basic Principles of Justice for Victims of Crime and Abuse of Power (adopted by General Assembly resolution 40/34 of 29 November 1985)

৯. Strengthening Crime Prevention and Criminal Justice Response to Violence against Women, (UNODC, 2014).

১০. Dowling, C., Morgan, A., Boyd, C., Voce, I., 'Policing Domestic Violence: A Review of the Evidence' (Australian Institute of Criminology, Research Report 13, 2018) at: https://www.aic.gov.au/publications/rr/rr13

১১. Sexual Assault Response Policy and Training Content Guidelines (The International Association of Chiefs of Police 2015) at: https://www.theiacp.org/sites/default/files/all/i-j/IACP%20Sexual%20Assault%20Response%20Policy%20and%20Training%20Content%20Guidelines.2017.3.23.pdf

১২. Lindgren, M and Nikolić-Ristanović, V., (2015), 'Crime Victims: International and Serbian Perspective' (Organization for Security and Cooperation in Europe, Mission to Serbia, Law Enforcement Department), at: https://www.osce.org/serbia/85268?download=true

১৩. Logar, Rosa, 'The Austrian Model of Intervention in Cases of Domestic Violence', Paper presented at the UN Expert Group Meeting on Violence against women: Good practice in Combating and Eliminating Violence against Women (Vienna, 17–20 May 2005).

১৪. Reuland, M., Schaefer-Morabito, M., Preston, C., Cheney, J., 2006) 'Police-Community Partnerships to Address Domestic Violence', U.S. Department of Justice Office of Community Oriented Policing Services, at: https://cops.usdoj.gov/RIC/Publications/cops-p091-pub.pdf

১৫. 'The Partnership Wheel - Protect II – Capacity Building in Risk Assessment and Safety Planning to Protect High Risk Victims', (Vienna, 2012), at: http://fileserver.wave-network.org/trainingmanuals/PROTECTII_Risk_Assessment_and_Safety_2012_English.pdf

১৬. 'Research will review support offered to sexual assault victims' (University of Birmingham, 2018) at: https://www.birmingham.ac.uk/university/colleges/mds/news/2018/08/Research-sex-assault-victims-support.aspx

১৭. Barker, N., Gregware., P.R., Cassidy, M.A., (1999), 'Family Killing Fields: Honor Rationales in the Murder of Women.'

১৮. 'From the Margin to the Centre: Addressing Violence Against Women and Girls: Alternative Bill (Imkaan, October,2018),at: https://829ef90d-0745-49b2-b404-cbea85f15fda.filesusr.com/ugd/2f475d_91a5eb-3394374f24892ca1e1ebfeea2e.pdf

১৯. The Family Liaison Officer (College of Policing, UK), at: https://profdev.college.police.uk/professional-profile/family-liaison-officer-flo/#role-purpose

২০. What is Active Listening? (The United States Institute of Peace) at: https://www.usip.org/public-education/educators/what-active-listening

২১. 'Basic Principles on the Use of Force and Firearms by Law Enforcement Officials' (adopted by the Eighth UN Congress on the Prevention of Crime and the Treatment of Offenders, Havana, Cuba, 27 August to 7 September 1990).

২২. Exclusion of Evidence Obtained through Torture (Association for the Prevention of Torture), at: https://cti2024.org/wp-content/uploads/2021/01/CTI-Exclusionary_Rule_Tool_8-2020_FINAL_.pdf

# বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়

*“যদি এটিকে তৃণমূল সংগঠন, ভিকটিমদের অধিকারের সুরক্ষ্যায় কাজ করা সংগঠন, পরিষেবা প্রদানকারী এবং ফৌজদারি বিচার ব্যবস্থার এজেন্টদের একটি সাধারণ প্ল্যাটফর্মে একত্রিত করা যায় তবে সমন্বয় এই সমস্যার সমাধানের একটি সম্ভাব্য পথ হতে পারে।»*

**ধর্ষণ প্রতিরোধ এবং ধর্ষণের শিকার নারীদের সহায়তার জন্য বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের সংক্ষিপ্ত বিবরণ (ইউরোপীয় সংসদ, ২০১৩)।**

# অধ্যায়ের মূল উদ্দেশ্যসমূহ

**পুলিশ একটি কার্যকর পদ্ধতিতে মানসম্পন্ন প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ করছে যা শিকার/জীবিতদের জন্য সর্বোত্তম ফলাফল নিশ্চিত করছে। সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি কেন্দ্রিক এবং লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়ায় বিভিন্ন বিচার সংস্থা এবং পরিষেবা প্রদানকারীদের মানদণ্ড এবং প্রত্যাশাগুলি সক্রিয়ভাবে পূরণ করার মাধ্যমে VAWG-এর সমন্বয় নিশ্চিত করা হয়েছে।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ (পয়েন্ট):

- স্বচ্ছতা এবং বৈধতার জন্য অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের কার্যক্রম  তত্বাবধানে বহিরাগত স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করা গুরুত্বপূর্ণ;
- সমন্বয় বিভিন্ন বিচার সংস্থার মধ্যে দ্বৈততা বা দ্বন্দ্ব এড়াতে সাহায্য করতে পারে বা অন্য বিচার সংস্থাকে বিচার প্রক্রিয়া পরিচালনা করতে বাধা দিতে পারে এবং সেইসাথে ভিকটিম/জীবিত ব্যক্তির দ্বিতীয়বার সহিংসতার শিকার হওয়ার ঝুঁকি হ্রাস করতে পারে।;
- ক্ষতিগ্রস্থ/জীবিত ব্যক্তিদের প্রদত্ত তথ্য অবশ্যই সমস্ত বিচার সংস্থা জুড়ে সামঞ্জস্যপূর্ণ হতে হবে যাতে তাদের প্রত্যাশাগুলি কার্যকরভাবে পরিচালনা করা যায়;
- VAWG তদন্ত সমন্বয় প্রক্রিয়ায় বহিরাগত স্টেকহোল্ডারদের তত্বাবধানের ভারসাম্য বজায় রাখা এবং তদন্তের অখণ্ডতা রক্ষা করা অত্যন্ত গুরুত্বপূর্ণ;
- মধ্যবর্তী স্তরের পুলিশ ম্যানেজাররা সমন্বয় ব্যবস্থার জন্য তদারকি কাঠামো প্রণয়ন এবং/অথবা শক্তিশালী করতে সহায়ক হতে পারে;
- *অপরাধের প্রতিক্রিয়ায় অংশীদার বাছাই করার প্রক্রিয়ায় 'কোন ক্ষতি করবেন না' নীতিটি প্রয়োগ করা উচিত, কারণ এটি গোষ্ঠীগুলিতে মর্যাদা প্রদান করতে পারে এবং অন্তর্নিহিতভাবে, যারা স্বীকৃত নয় তাদেরকে অস্বীকার করতে পারে।*



# ভূমিকা

**তাদের মূল দায়িত্ব এবং আঞ্চলিক উপস্থিতির ফলে, পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী কর্মকর্তারা সাধারণভাবে অপরাধ ও সহিংসতার শিকার/বাঁচা থাকা ব্যক্তিদের বিচার প্রক্রিয়ার প্রথম ধাপ। যাইহোক, ন্যায়বিচারের অনুঘটকদের মধ্যে সবচেয়ে দৃশ্যমান হওয়া সত্ত্বেও, VAWG-এর শিকার/জীবিত ব্যক্তিদের বিচার চাওয়ার সময় শুধুমাত্র পুলিশ সংস্থার উপর পরিষেবার জন্য  নির্ভর করা উচিত নয়।**

ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (হাইতি)

একটি নির্দিষ্ট অঞ্চল, যার উপর কার্যকর নিয়ন্ত্রণ রয়েছে, সেখানে শৃঙ্খলা নিশ্চিত করা ও ন্যায়বিচার বজায় রাখা রাষ্ট্র এবং ন্যায়বিচার, স্বাস্থ্য এবং সামাজিক কল্যাণ খাতের প্রতিনিধিত্ব করা বিভিন্ন সংস্থার দায়িত্ব। ফলে, পুলিশ এবং বিচার সংস্থাগুলির VAWG-এ সাড়া দেবার সময় একটি যৌথ তাত্ত্বিক কাঠামোকে শক্তিশালী করার জন্য সহযোগিতার সুযোগ এবং সমন্বয় প্রক্রিয়া থাকা উচিত যা সহিংসতার  শিকার/জীবিতদের জন্য সর্বোত্তম সুবিধা প্রদান করতে পারে।

সরকারের জাতীয়, আঞ্চলিক[১] এবং স্থানীয় মিউনিসিপ্যাল স্তরে এই সুযোগগুলি এবং সমন্বয় প্রক্রিয়াগুলি পাওয়া যেতে পারে এবং সাধারণত পুলিশসহ প্রত্যেক অনুঘটকের সাথে তাদের দক্ষতার ক্ষেত্র অনুসারে একটি সমন্বিত ভূমিকা পালন করা নির্ভর করে একটি বিস্তৃত বহু-ক্ষেত্রগত পদ্ধতির কাঠামোর উপর।

সাধারণত, পরিপূরক আইন প্রয়োগকারী সংস্থাগুলির আন্তঃসংস্থা সহযোগিতার জন্য প্রোটোকল বা সমঝোতা স্মারক থাকে এবংজাতীয়, আঞ্চলিক এবং স্থানীয় স্তরে অন্যান্য নিরাপত্তা সংস্থা এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে নিয়মিত সাক্ষাৎ করে জাতীয়, আঞ্চলিক বা পৌর-স্তরের নিরাপত্তা পরিষদ বা কমিটির সাথে মানিয়ে নিতে।

একজন মধ্যবর্তী স্তরের পুলিশ ম্যানেজার হিসেবে, সুসংহত এবং সমন্বিত লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়ার  VAWG-এ অবদান নিশ্চিত করার সুযোগগুলি সাধারণত স্থানীয় পৌরসভা এবং সম্প্রদায়ের স্তরে পাওয়া যাবে। কমিউনিটি পুলিশিং-নেতৃত্বাধীন ফোরাম এবং/অথবা স্থানীয় (পৌরসভা) নিরাপত্তা পরিষদগুলি এই স্তরে অনেকগুলি সুযোগ প্রদান করে এবং তাদের সাফল্য নির্ভর করে কিসের মাধ্যমে VAWG সংগঠিত হয়  এবং এর ব্যাপকতাকে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় কৌশলগত পদক্ষেপগুলি কি হতে পারে সেই সম্পর্কে  স্থানীয় পুলিশ, বিচার ব্যবস্থার অংশীদাজন এবং স্থানীয় স্টেকহোল্ডারদের পারস্পারিক  বোঝাপড়া উপর।

এটি এই সাধারণ স্থান, ফোরা বা কাউন্সিলগুলিতেও রয়েছে যেখানে পুলিশ এবং বিচার ব্যবস্থায় তাদের অংশীজনরা সহায়তা ব্যবস্থা শক্তিশালী করার জন্য বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে সক্রিয়ভাবে অংশীদারিত্বের সন্ধান করতে পারে। এই অংশীদারিত্ব পুলিশ এবং অন্যান্য বিচার সংস্থাগুলির মধ্যেসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের মধ্যে আরও কার্যকর সহযোগিতার জন্য প্রয়োজনীয় সমষ্টিগত শিক্ষাণকে উতসাহিত করতে পারে।।

১ দেশের উপর নির্ভর করে, এই উপজাতীয় স্তরকে জেলা, বিভাগীয়, আঞ্চলিক, ক্যান্টোনাল বা প্রাদেশিক স্তর হিসাবে উল্লেখ করা যেতে পারে।



ছবি: UNMIT/Martine Perret (Timor-Leste) এর সৌজন্যে

তাদের প্রয়োজনীয় পরিষেবা সমন্বয়ের তত্বাবধানে বহিরাগত, স্থানীয় এবং যোগ্য স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করার মাধ্যমে, পুলিশ এবং তাদের অংশীজনরা ন্যায়বিচারের ধারাবাহিকতায়, একটি অত্যন্ত প্রযুক্তিগত এবং জটিল প্রক্রিয়ার জন্য প্রয়োজনীয় স্বচ্ছতা এবং বৈধতা আনতে সক্ষম হবে যেখানে প্রায়শই নিয়মিত পর্যালোচনা, পর্যবেক্ষণ মূল্যায়নের অভাব রয়েছে।

নিম্নলিখিত অধ্যায়ের লক্ষ্য হল লিঙ্গ সংবেদনশীল অপরিহার্য পরিষেবাগুলির কার্যকর বিতরণের জন্য সম্প্রদায়-ভিত্তিক স্টেকহোল্ডারদের কাছ থেকে তথ্যসহ (ইনপুটসহ) অন্যান্য বিচার সংস্থার সাথে স্থানীয় পর্যায়ের সমন্বয় সাধনে পুলিশ পরিচালকদের নির্দেশিকা প্রদান করা। নির্দেশিকাটি পাঠককে পুলিশ-নিয়ন্ত্রিত সমন্বয় প্রচেষ্টার সর্বোত্তম অনুশীলনের দিকে পরিচালিত করবে যা সহিংসতার শিকার/জীবিতদের জন্য সর্বোত্তম ন্যায় বিচার নিশ্চিত করবে এবং VAWG- এ সাড়া জানানোর সময় বিভিন্ন বিচার সংস্থা এবং পরিষেবা প্রদানকারীদের প্রত্যাশিত মানদণ্ড এবং প্রত্যাশা পূরণ করবে।

এই অধ্যায়টি VAWG- এ একটি সমন্বিত সহিংসতার শিকার/জীবিত-কেন্দ্রিক পদ্ধতির জন্য ন্যায়বিচারের ধারাবাহিকতার ভিতরে এবং বাইরে উভয় ক্ষেত্রেই ন্যায়বিচার সংস্থা এবং স্টেকহোল্ডারদের সাথে কার্যকর যোগাযোগ এবং সমন্বয়ের কেন্দ্রবিন্দুতে পুলিশের দক্ষতা এবং দক্ষতাগুলি অন্বেষণ করবে। যেহেতু এই অধ্যায়টিতে সমন্বয়ের পরিপ্রেক্ষিতে পুলিশ কী নিয়ন্ত্রণ করতে পারে এবং কী নিয়ন্ত্রণ করা উচিত তার উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে, এটি অন্যান্য বিচার অনুঘটকদের সমন্বয়ের বিষয়ে আলোকপাত করবে না, কারণ এই বিষয়টি দ্বাদশ অধ্যায়: বিচার কন্টিনিউম এ বিশদভাবে আলোচনা করা হবে।

এই অধ্যায়টি এই ধারণার উপর কাজ করবে যে বিচার ব্যবস্থার সাথে সম্পৃক্ত সংস্থাগুলির মধ্যে VAWG-এর প্রতিক্রিয়া জানাতে সমন্বিত পদ্ধতির কৌশলগুলি তাদের প্রতিষ্ঠিত প্রোটোকল এবং পদ্ধতিসহ ইতোমধ্যেই একটি দেশে শাসন ব্যবস্থার বিভিন্ন স্তরে বিদ্যমান। এই অধ্যায়ে সহকর্মী থেকে সহকর্মী (পিয়ার-টু-পিয়ার) পুলিশ নির্দেশিকাও দেওয়া হয়েছে, যা ন্যায়বিচার অনুঘটকদের মধ্যে সমন্বয়ের বিষয়ে ESP-এর সাধারণ বৈশিষ্ট্য এবং নীতিগুলিকে শক্তিশালী করার মাধ্যমে বিদ্যমান জাতীয় কৌশলগুলির পরিপূরক করতে চাইবে।

পূর্বের অধ্যায়গুলির মতোই পাঠককে এই অধ্যায়টিকে ইপিএস এর মডিউল-৩- বিচার এবং পুলিশিং এর সেকশন-১১- ন্যায়বিচার সাথে সংশ্লিষ্ট অনুঘটকদের মধ্যে সমন্বয় এবং ইপিএস এর মডিউল-৫ এর সমন্বয় এবং সমন্বয়ের শাসন ব্যবস্থা, ২০১৪ ইউএনওডিসি ব্লুপ্রিন্ট ফর অ্যাকশন: **ইম্প্লেমেন্টেশন প্লান ফর ক্রিমিনাল জাস্টিস সিস্টেম টু প্রিভেন্ট এন্ড রেস্পন্ড টু ভায়োলেন্স এগেইনস্ট উইমেন** (অপরাধ প্রতিরোধ এবং ফৌজদারি বিচারের প্রতিক্রিয়া শক্তিশালীকরণ শিরোনামের প্রকাশনায় রয়েছে), **ইন্টা-রএজেন্সি স্ট্যান্ডিং কমিটির**[2] **দা গাইডলাইনস ফর ইন্টিগ্রেটিং জেন্ডার বেইজড ভায়োলেন্স ইন্টারভেনশনস ইন হিউম্যানিটে-রিয়ান একশন (২০১৫) যা মূলত সম্প্রদায়ভুক্ত অ্যাপ্রচকে প্রচার করে, ২০১৫ সালের ইউ এন ও ডি সি এর এ স্টাডি ফর ক্রিয়েটিং এ মাল্টিডিসিপ্লিনারি রেসপন্স মেকানিজম টু ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ইন ইজিপ্ট ফর গ্লোবাল এক্সপেরিয়েন্সেস ইন ফাইন্ডিং কোর্ডিনেটেড সলিউশনস টু** VAWG, এবং UNHCHR এর নারী ও মেয়েদের প্রতি সহিংসতা এবং প্রতিবন্ধী নারীদের ন্যায়বিচারের অ্যাক্সেস সম্পর্কিত সমস্ত দিক নির্দেশনার জন্য প্র-তিবন্ধীতার বিষয়ে থিম্যাটিক অধ্যয়ন এর সাথে সংযোগ স্থাপনের মাধ্যমে দেখবার সুপারিশ করা হয়েছে।[3]

## সহকর্মী থেকে সহকর্মী (পিয়ার টু পিয়ার) নির্দেশনা গাইডেন্স

একটি কার্যকর তদন্তের জন্য এটি অপরিহার্য যে ন্যায়বিচার প্রক্রিয়ায় জড়িত সংস্থাগুলির মধ্যে সমন্বয় রয়েছে, যা প্র-চেষ্টাগুলির মধ্যে দ্বৈততা নিরসন করবে এবং এমন পদক্ষেপ নেওয়া নিতে সাহায্য করবে যা অন্য বিচার সংস্থাগুলির কাজের

২ 'Guidelines for Integrating Gender-Based Violence Interventions in Humanitarian Action: Reducing risk, promoting resilience and aiding recovery', (Inter-Agency Standing Committee, 2015).

৩ 'Thematic study on the issue of violence against women and girls and disability, Report of the Office of the United Nations High Commissioner for Human Rights', (A/HRC/20/5, 30 March 2012).



UNMIT/Martine Perret এর ছবি সৌজন্যে (তিমর-লেস্তে)

সাথে সাংঘর্ষিক না হয়। ভিএডব্লিউজি-এর অপরাধের জন্য তদন্ত, বিচার এবং সাজা প্রদান, দ্বিতীয় বার সহিংসতার শিকার হবার ঝুঁকি হ্রাস করার এবং সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি নিশ্চিত করার জন্যও সমন্বয় গুরুত্বপূর্ণ, যার মাধ্যমে সহিংসতার শিকার/জীবিতদের জন্য ন্যায়বিচার পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায়।

ন্যায়বিচার সুরক্ষিত করা একটি দলীয় প্রচেষ্টা, এবং তার জন্য আইনকে সমুন্নত রাখা এবং ভিকটিমদের সহজলভ্য, কার্যকর এবং ন্যায্য ন্যায়বিচার প্রদানের চূড়ান্ত লক্ষ্য অর্জন করা কোন বিভাগের একার পক্ষে সম্ভবপর নয় বিধায় প্রতিটি সংস্থাকে সংবেদনশীল, নৈতিকতার সাথে, সম্মান ও মর্যাদার সাথে এবং সর্বোপরি অংশীজন হিসেবে একসাথে কাজ করতে হবে।

শুরু করার জন্য, আপনাকে সনাক্ত করতে হবে যে আপনার বিচার সংস্থার সাথে যুক্ত অংশীজন (স্টেকহোল্ডার) ঠিক কারা, উদাহরণগুলির হিসেবে যারা সহিংসতার বিরুদ্ধে কাজ করে , আইনজীবী, প্রসিকিউটর, ম্যাজিস্ট্রেট, বিচারক এবং প্রযোজ্য ক্ষেত্রে, সম্প্রদায়ের বয়স্ক ব্যক্তিরা এবং স্থানীয় আইন বা বিশ্বাসের সমর্থক অন্তর্ভুক্ত থাকতে পারে। একবার আপনি আপনার স্টেকহোল্ডারদের চিহ্নিত (ম্যাপ) করে নিলে, প্রত্যেকে কীভাবে বিচার প্রক্রিয়ায় অবদান রাখে, তাদের প্রয়োজনীয়তা এবং পুলিশের প্রত্যাশা এবং পরিশেষে তাদের থেকে আপনার চাহিদা এবং প্রত্যাশা কী তা সনাক্ত করতে হবে। একে অপরের ভূমিকা সম্পর্কে বোঝাপড়ার বিষয়ে আলোচনা করার জন্য প্রত্যেক সংস্থার প্রতিনিধিদের একত্রিত করা এবং সংস্থাগুলির মধ্যে তাদের নিজ নিজ চাহিদার প্রত্যাশা এবং চ্যালেঞ্জগুলি ভাগ করে নেওয়া একটি ভাল ধারণা। এটি করার মাধ্যমে, আপনি সংস্থাগুলির মধ্যে সচেতনতার উন্নত স্তর তৈরি করবেন এবং একটি সহযোগিতামূলক সম্পর্ক গড়ে তোলার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করবেন।

উদাহরণস্বরূপ, যদি আপনি এবং আদালতে একটি শক্তিশালী মামলা উপস্থাপন করতে প্রসিকিউটরদের প্রয়োজনীয়তাগুলি সম্পূর্ণরূপে আপনার কর্মীরা বোঝেন, তাহলে আপনি আদালতের ব্যবস্থায় প্রবেশ করার আগেই প্রসিকিউটরদের দ্বারা ‹বাদ দেওয়া› মামলার সংখ্যা কমিয়ে দিবেন। একইভাবে, প্রসিকিউটরদের অভিযুক্তকে সফল ভাবে দোষী সাব্যস্ত করার জন্য আদালতের প্রয়োজনীয়তাগুলি বুঝতে হবে এবং এই তথ্যগুলি আপনার কাছে ‹সরবরাহ› করতে হবে, যাতে আপনি আপনার কর্মীদের জানাতে পারেন।।

আদালতে সফল ভাবে শাস্তি নিশ্চিতের জন্য কী প্রয়োজন তা আপনার কর্মীরা ভালভাবে বুঝতে পারলে দ্রুততম সুযোগে সর্বোত্তম প্রমাণ শনাক্ত করতে এবং সেই প্রমান সংগ্রহ করার ক্ষেত্রে আপনার কর্মীরা সক্ষম ও ক্ষমতায়িত হবে।

পুলিশ এবং প্রসিকিউশন এর মধ্যে একে অপরের থেকে প্রত্যাশা প্রদান করেছে::
কি তা বোঝার জন্য, ইউএন উইমেন সহায়ক এবং সংক্ষিপ্ত টিপস

**বক্স-১**

**দ্রুত টিপস: পুলিশ এবং প্রসিকিউশনের প্রত্যাশা**[8]

| অনুঘটক | প্রত্যাশা |
|---|---|
| পুলিশ পাবলিক প্রসিকিউশনের পরিচালকের কার্যালয় থেকে যা প্রত্যাশা করে তা হল: | • চার্জশিটের খসড়া সঠিকভাবে প্রণয়ন করা হয়েছে কিনা সে বিষয়ে পরামর্শ;<br>• অতিরিক্ত বিবৃতি রেকর্ড করা প্রয়োজন কিনা সে বিষয়ে পরামর্শ;<br>• অতিরিক্ত তদন্ত পরিচালনা করা প্রয়োজন কিনা সে বিষয়ে পরামর্শ;<br>• আদালতে অপরাধীর পুলিশ রেকর্ড উপস্থাপন;<br>• যেখানে প্রয়োজন, অপরাধীকে জামিন/বন্ডে মুক্তি দিতে আপত্তি উত্থাপন এবং VAWG-এর মামলাগুলিকে অগ্রাধিকার দেওয়া, বিশেষ করে যখন সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তি আদালতে থাকে;<br>• আদালতে সাক্ষীদের পরীক্ষা করা;<br>• উইটনেস প্রোটেকশন এজেন্সির সাথে সংযোগ সহজতর করা। |
| পাবলিক প্রসিকিউশনের পরিচালকের কার্যালয় পুলিশের নিকট যা প্রত্যাশা করে তা হল: | • VAWG এর ঘটনাগুলির সঠিক তদন্ত পরিচালনা করা;<br>• সন্দেহভাজন ব্যক্তিকে গ্রেফতার;<br>• বেঁচে থাকা, সাক্ষী এবং সন্দেহভাজনদের কাছ থেকে ব্যাপক বিবৃতি রেকর্ড করা;<br>• সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তি এবং সন্দেহভাজনদের মেডিকেল পরীক্ষার জন্য হাসপাতালে নিয়ে যাওয়ার সময় নিরাপত্তা প্রদান;<br>• অপরাধের যথাযথ বিবৃতি এবং অভিযোগের বিবরণসহ চার্জশিটের খসড়া তৈরি;<br>• প্রমান সংরক্ষণের সময় যথাযথ চেইন বজায় রাখা;<br>• প্রমান সংগ্রহ এবং সঠিকভাবে সংরক্ষণ;<br>• ২৪ ঘন্টার মধ্যে সন্দেহভাজনদের আদালতে হাজির করা;<br>• আদালতে প্রমান উপস্থাপন এবং প্রদর্শন;<br>• আদালতে উপস্থিত হওয়ার জন্য বন্ড এবং সাক্ষী হাজির করা;<br>• যেখানে প্রয়োজন সেখানে অতিরিক্ত তদন্ত পরিচালনা করা;<br>• আরও বিবৃতি রেকর্ডিং সম্পর্কে পরামর্শ;<br>• যেখানে প্রয়োজন সেখানে সন্দেহভাজন এবং/অথবা জামিনদারদের খুঁজে বের করা/সন্ধান করা;<br>• অরক্ষিত বেঁচে থাকা ব্যক্তিদের উদ্ধার ক্রা। সন্দেহভাজন পূর্ববর্তী রেকর্ড উপস্থাপন করা;<br>• শুনানির তারিখের কমপক্ষে তিন দিন আগে প্রসিকিউশনের কাছে পুলিশের মামলার ফাইল উপস্থাপন করা;<br>• আদালতে সাক্ষ্য দেওয়া;<br>• জামিন এবং বন্ডের বিরোধীতার আবেদনে ব্যবহারের জন্য হলফনামা প্রদান করুন। |

8 ‘‘Gender-based Violence Resource Pack. A Standardized Training Tool for Duty Bearers, Stakeholders, and Rights Holders (UN Women, 2019), ps. 92-93,

বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয় ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিকে তার গল্প বলার সংখ্যা কমিয়ে দ্বিতীয় বার সহিংসতার শিকার হওয়ার সম্ভাবনা কমিয়ে দিতে পারে - আদর্শভাবে, তাকে এটি শুধুমাত্র একবার বলতে হবে। সমন্বয় সকল বিচার সংস্থাগুলির মধ্যে এবং সাথে আস্থা ও বিশ্বাস স্থাপনে সহায়তা করবে, যা তথ্য এবং গোপনীয় বিষয়গুলি আদান-প্রদান বৃদ্ধির খেত্রে ভূমিকা রাখবে। এটি আরও সঠিক তথ্য সংগ্রহ করতে সক্ষম করতে পারে এবং শেষ পর্যন্ত আরও প্রতিরোধমূলক ব্যবস্থা গ্রহণের সুযোগ প্রদান করতে পারে।

ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া জড়িত সংস্থাগুলির মধ্যে সমন্বয় থাকা উচিত। যদি প্রতিটি সংস্থা তার নিজস্ব ঝুঁকি মূল্যায়ন প্রতিবেদন প্রণয়ন করে, তাহলে গুরুত্বপূর্ণ তথ্য বাদ যাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায় এবং পরবর্তী নিরাপত্তা পরিকল্পনার প্রশমন ব্যবস্থার মধ্যে ঘাটতি (ফাঁক) থাকতে পারে।

কার্যকরী সমন্বয় সকল স্টেকহোল্ডারদের সহযোগিতায় প্রণীত সকল বিভাগের মধ্যে দায়িত্ব বন্টনের এবং কর্মক্ষমতার সাধারণ মানদণ্ডের স্পষ্টভাবে সম্মত এবং স্বচ্ছ কাঠামো নির্ভর কর্ম প্রক্রিয়ার অনুশীলনের উপর নির্ভর করে। এই ধরনের সমন্বিত কাজের জন্য প্রতিটি সংস্থার দায়িত্বের ক্ষেত্রগুলির রূপরেখার প্রোটোকলগুলির বিকাশেরও প্রয়োজন হবে এবং যেখানে পৃথক সংস্থা এবং যৌথ স্টেকহোল্ডারের জবাবদিহিতা থাকবে।

সমন্বয় কাঠামো এবং প্রক্রিয়ার একটি মৌলিক দিক হল আইনি গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিতের প্রয়োজনীয়তা পূরণ করা এবং সর্বোপরি, একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির প্রয়োজনীয়তা নিশ্চিত করা যেকোন কর্মক্ষমতা সূচকের (মানদণ্ডের) কেন্দ্রবিন্দুতে থাকে। দেখতে যেমনই হোক না কেন, সামগ্রিক লক্ষ্য হবে সর্বদা সহিংসতার শিকার/জীবিতদের জন্য সর্বোত্তম ফলাফল অর্জন করা।

ন্যায়বিচার সংস্থাগুলির মধ্যে কার্যকর সমন্বয়ের সাথে সহিংসতার শিকার/জীবিতদের দেওয়া যে কোনও তথ্য সামঞ্জস্যপূর্ণ হওয়া উচিত যা বিভ্রান্তির দিকে পরিচালিত করে এমন মিশ্র বার্তাগুলির প্রাপ্তির সম্ভাব্যতা দূর করে। ভুক্তভোগী/জীবিত এবং বিচার প্রক্রিয়ার সাথে জড়িত সকলের প্রত্যাশার ব্যবস্থাপনা কার্যকর সমন্বয়ের মাধ্যমে সহজতর করা হবে।

***দ্বিতীয় বার নিপীড়নের ঘটনা অপরাধমূলক কাজের সরাসরি ফলাফল হিসাবে নয় বরং ক্ষতিগ্রস্থ/জীবিত ব্যক্তির প্রতি প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের অপর্যাপ্ত প্রতিক্রিয়ার মাধ্যমে ঘটে।***

বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়ে পুলিশ সংস্থাগুলির মধ্যে সমন্বিত-এখতিয়ার সংক্রান্ত সমস্যাগুলিও অন্তর্ভুক্ত করতে পারে। VAWG-এর একটি ঘটনার রিপোর্ট করার জন্য যদি সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি আপনার কাছে বা আপনার কর্মীদের কাছে আসে, কিন্তু ঘটনাটি অন্য থানা, জেলা বা অঞ্চলের দায়িত্বের মধ্যে ঘটে থাকে, তাহলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে আপনার এবং আপনার কর্মীদের এমনভাবে ব্যবহার/মোকাবিলা করা উচিত, যেন ঘটনাটি আপনার এখতিয়ারের এলাকায় ঘটেছে। অপরাধ বা তদন্তের তথ্যের পরবর্তী স্থানান্তর শুধুমাত্র একটি প্রশাসনিক প্রক্রিয়ার অংশ হওয়া উচিত, এবং সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে অন্য থানায় বা এলাকায় পাঠানো উচিত নয়, যা শুধুমাত্র ইতোমধ্যেই অনুভুত হওয়া মানসিক আঘাতকে (ট্রমাকে) বাড়িয়ে তুলবে। এটি দ্বিতীয় বার নিপীড়নের সমান হবে এবং এটি ভিকটিম/সারভাইভার-কেন্দ্রিক পদ্ধতি বা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং পরিষেবার মানদণ্ড পূরণ করবে না।

## VAWG এ সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করা আপনার দলের কর্ম দক্ষতা (পারফরম্যান্সের) ঘাটতিগুলি (ফাঁকগুলি) চিহ্নিত করার মাধ্যমে শুরু হয়

অপরাধীরা পৃথক পুলিশ সংস্থার আঞ্চলিক এখতিয়ারকে সম্মান করে না; অন্যদিকে, তারা উদ্দেশ্যমূলকভাবে সীমানা জুড়ে তাদের কার্যক্রম চালিয়ে এবং ঐতিহ্যগত আইন প্রয়োগকারী তদন্ত প্রক্রিয়ার ঘাটতিকে (ফাঁককে) কাজে লাগিয়ে সনাক্তকরণ এড়াতে পারে। এমনকি যখন পুলিশ সংস্থাগুলি অত্যধিক সহযোগিতামূলক সম্পর্ক এবং যোগাযোগের মধ্যে থাকে, তখনও বহু-অধিক্ষেত্রের তদন্তগুলি স্থবির হয়ে যেতে পারে, এমনকি। উপরে বর্ণিত আলোচনার প্রেক্ষিতে বলা যায় যে, অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের দ্বারা সমন্বিত প্রচেষ্টার ত্রুটিগুলি সহিংসতার শিকার/জীবিতদের জন্য দ্বিতীয়বার নিপীড়নের সম্মুখীন হওয়ার একটি সাধারণ উত্স, কারণ জবাবদিহিতার ব্যর্থতা সহজে অনুমান করা কঠিন এবং চিহ্নিত করা আরও কঠিন।[৫]

পুলিশ এবং অন্যান্য আইন প্রয়োগকারী এবং বিচার সংস্থাগুলির মধ্যে তথ্য ভাগ করে নেওয়ার প্রক্রিয়ায় সমন্বয় একটি কৌশলগত প্রক্রিয়া, যা আমলাতান্ত্রিক জটিলতার কারণে কার্যকর করা কঠিন হতে পারে।

৫ The Honourable Wally T. Oppal,.'FORSAKEN The Report of the Missing Women Commission of Inquiry: VOLUME IIB "Nobodies": How and Why We Failed the Missing and Murdered Women, Parts 3, 4 and 5' (2012).

**পারিবারিক সহিংসতা তদন্তে তথ্য ভাগ করে নেওয়ার দুটি গুরুত্বপূর্ণ কাজ রয়েছে:**

পরিষেবার প্রতিক্রিয়া এবং সংস্থান বরাদ্দের জন্য পারিবারিক সহিংসতার ঘটনাগুলির কার্যকর পর্যবেক্ষণ সক্ষম করা;

কিছু গার্হস্থ্য সহিংসতার ক্ষেত্রে কার্যকর সমাধান যেখানে একটি মাল্টি-এজেন্সি প্রতিক্রিয়া জরুরীভাবে প্রয়োজন।

অপরাধ প্রতিরোধ ও অপরাধ বিচার সংক্রান্ত জাতিসংঘ কমিশন (২০০৮)

সিস্টেমগুলিকে একত্রীকরণ করার ক্ষেত্রে প্রযুক্তিগত জটিলতার কারণে এবং কেস ব্যবস্থাপনার সাথে জড়িত সংবেদনশীলতার কারণে পুলিশের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থার বাহ্যিক সমন্বয় প্রক্রিয়াগুলিকে উপেক্ষা করার প্রবণতা একটি বিশেষ চ্যালেঞ্জ।

ফলস্বরূপ, আইন প্রয়োগকারী সংস্থাগুলির মধ্যে সমন্বয়ের অভাবে/ঘাটতির ফলে সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হয় অপরাধ ও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা, কারণ তাদের এই প্রক্রিয়ার উপর কোন নিয়ন্ত্রণ নেই এবং সমষ্টিগতভাবে অনুমান করার পরিবর্তে দোষ সাধারণত বিভিন্ন সংস্থার উপর চাপিয়ে দেওয়া হয়।

অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাগুলিসহ ন্যায়বিচার অনুঘটকদের সাথে VAWG-এর ক্ষেত্রে পুলিশ কীভাবে সমন্বয় করবে তা উল্লেখযোগ্যভাবে নির্ভর করে দেশের শাসন কাঠামোর উপর। গুণগতমান এবং কর্মক্ষমতা উন্নতির উদ্দেশ্যে এই ধরনের সমন্বয় প্রক্রিয়াগুলি কীভাবে নিয়ন্ত্রিত হয় তার জন্য এটি সমানভাবে প্রযোজ্য।

উদাহরণস্বরূপ বলা যায় যে, হন্ডুরাস এবং রাশিয়ার মতো দেশে পুলিশ সংস্থাগুলিতে, যাদের একটি কেন্দ্রীভূত পুলিশ সংস্থা রয়েছে, বহিরাগত বিচার অনুঘটকদের সাথে সমন্বয়সহ কর্মক্ষমতার মান নিয়ন্ত্রণের দায়িত্ব সংকীর্ণভাবে অর্পিত থাকে পরবর্তী লাইন ম্যানেজারের উপর, ঝুঁকি সাধারণত অনুরূপ দক্ষতার অংশীদার সংস্থাগুলির মধ্যে ভাগ করা হয় না।[৬] ফলস্বরূপ, মিডল পুলিশ ম্যাঞ্জাররা পুলিশ ইউনিট, অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থা, বেসামরিক অপরাধী বা মেডিকোলেগ্যাল বিশেষজ্ঞ এবং অন্যান্য ন্যায়বিচারের অনুঘটকদের মধ্যে দক্ষ ও কার্যকর সমন্বয় নিশ্চিত করার জন্য সহকর্মী (পিয়ার) এবং সিনিয়র স্তরের সহায়তার উপর যথেষ্ট নির্ভর করে।

এর অর্থ হল যে যদি সমন্বয় প্রক্রিয়ায় যদি কেন্দ্রীভূত গুণগতমান নিয়ন্ত্রণ ব্যবস্থা না থাকে, বা সিনিয়র-স্তরের পুলিশ ব্যবস্থাপনা দ্বারা কঠোরভাবে এবং পর্যায়ক্রমে পর্যালোচনা না করা হয়, তাহলে অন্যান্য বিচার সংস্থার সাথে তথ্য বা প্রতিক্রিয়া সমন্বয় করার দক্ষতা এবং কার্যকারিতা সংগঠন চালিত না হয়ে ব্যক্তি-চালিত হয়ে ওঠে।. এটি শুধুমাত্র VAWG-এর শিকার/জীবিত নয়, অপরাধ এবং সহিংসতার সমস্ত শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষতির জন্য অনেক ব্যর্থতা বা সুরক্ষার ঘাটতির (ফাঁকের) জন্য সুযোগ তৈরি করে দেয়।

আরও বিকেন্দ্রীকৃত পুলিশিং মডেলগুলিতে, ন্যায়বিচারের ধারাবাহিকতাকে শক্তিশালী করার জন্য পুলিশের কাছে স্থানীয় সরকার, সম্প্রদায় এবং অন্যান্য স্থানীয় পর্যায়ের স্টেকহোল্ডারদের ক্রমবর্ধমান গুরুত্বপূর্ণ কার্যকরী সম্পর্ক স্থাপনের প্রত্যাশা রয়েছে[৭], কারণ তারা VAWG অপরাধ প্রতিরোধ ও তদন্ত করতে কাজ করে। তাত্ত্বিকভাবে, এর অর্থ হল অন্যান্য বিচার সংস্থাগুলিরসহ পুলিশ সমন্বয়ের মাধ্যমগুলিকে ব্যাপকভাবে পর্যালোচনার অধীনে রাখা উচিত।

ফলস্বরূপ, স্থানীয় স্টেকহোল্ডারদের, যারা প্রায়শই প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে জড়িত থাকে, তাদের সাথে যে সম্পর্ক তৈরি করেছে তার উপর নির্ভর করে পুলিশ সমন্বয় ব্যবস্থার মান নিয়ন্ত্রণ বিভিন্ন উৎস দ্বারা করা যেতে পারে।

যদি পুলিশ প্রধান স্টেকহোল্ডারদের সাথে প্রয়োজনীয় সম্পর্ক তৈরি না করে থাকে, যেমনটি সাধারণত একটি বিকেন্দ্রীকৃত পুলিশিং মডেলে (কমিউনিটি পুলিশিং কৌশলগুলিসহ) কল্পনা করা হয়, তবে অন্যান্য বিচার অনুঘটকদের সাথে দক্ষ এবং কার্যকর পুলিশ সমন্বয়কে দুর্বল করে এমন প্রক্রিয়াগত (সিস্টেমিক) ঘাটতিগুলি (ফাঁকগুলি) বিচ্ছিন্ন ঘটনাগুলির পরিবর্তে সাধারণ অভ্যাসে পরিণত হয়ে ওঠে।

স্থানীয় স্টেকহোল্ডারদের (অন্যান্য অত্যাবশ্যক পরিষেবা প্রদানকারীসহ) পরিধি প্রসারিত করার মধ্যে সঠিক ভারসাম্য খুঁজে বের করা VAWG তদন্ত সমন্বয় প্রক্রিয়ার মান নিয়ন্ত্রণের সাথে জড়িত হওয়া উচিত, যখন তদন্তের অখণ্ডতা রক্ষা করা একটি চ্যালেঞ্জিং, কিন্তু গুরুত্বপূর্ণ বিষয়।

এই ভারসাম্য খুঁজে বের করার মাধ্যমে, পুলিশ ম্যানেজাররা বিচারের ধারাবাহিকতার মধ্য দিয়ে যাওয়ার সময় সাধারণভাবে সহিংসতার শিকার/জীবিতদের দ্বিতীয়বার সহিংসতার মুখোমুখি হওয়ার ঝুঁকিই শুধু কমিয়ে দেবে না, বরং এটি একটি বৈধ আইন প্রয়োগকারী সংস্থা হিসাবে সাধারণভাবে পুলিশের দৃশ্যমানতা বাড়াবে।

৬ Osse, Anneke, 'Understanding Policing: A Resource for Human Rights Activists', for Amnesty International (2006) at: https://www.amnesty.nl/content/uploads/2017/01/book_1_0.pdf?x30221

৭ ক্রমবর্ধমান গুরুত্বসহ স্থানীয় পর্যায়ের স্টেকহোল্ডারদের মধ্যে সীমিত পরিসরের রাষ্ট্রীয় উপস্থিতি যেমন এলাকায় কার্যক্রম পরিচালনাকারী প্রাইভেট সিকিউরিটি কোম্পানী বা সম্প্রদায়গুলিতে উল্লেখযোগ্য প্রভাব রাখতে পারে যেমন বড় মাপের খনি কোম্পানিসহ বৃহৎ ব্যক্তিগত উদ্যগের ব্যবসায়িক উদ্যগ অন্তর্ভুক্ত থাকতে পারে।



ছবি ফোর্স ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) এর সৌজন্যে

VAWG-এর ক্ষেত্রে সাড়া দেওয়ার সময় পুলিশ এবং অন্যান্য বিচার সংস্থাগুলির মধ্যে প্রতীকী সমন্বয় ব্যর্থতার একটি তালিকা নীচে দেওয়া হল। এটি মূলত কানাডার ব্রিটিশ কলাম্বিয়া ('BC') প্রাদেশিক সরকারের 'FORSAKEN, The Report of the Missing Women Commission of Inquiry' শীর্ষক রিপোর্ট থেকে অনুপ্রাণিত হয়ে প্রস্তুত করা হয়েছে যা মহিলাদের, যার মধ্যে সংখ্যাগরিষ্ঠ ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি হল নারী এবং আদিবাসী মেয়ে, নিখোঁজ হওয়ার মামলায় ক্ষেত্রে ব্রিটিশ কলাম্বিয়া পুলিশ বাহিনীর সামগ্রিক সমন্বিত প্রতিক্রিয়া যাচাই করেছে।[৮]

VAWG- এ প্রতিক্রিয়া জানানো সমন্বয়কারী পুলিশ প্রতিষ্ঠান-গুলির ভাল অনুশীলন এবং সক্ষমতার ফাঁকগুলির একটি বিস্তৃত বৈশ্বিক ম্যাপিং এ তালিকাটির প্রশংসা করা হয়েছে। ম্যাপিংটিতে বেশ কিছু কর্মরত এবং অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, সুশীল সমাজ এবং জাতিসংঘের মতো আন্তর্জাতিক সংস্থায় কাজ করা কর্মীরা জড়িত ছিল যাদের VAWG মোকাবেলায় বিশেষায়িত পুলিশ এবং বেসরকারী সংস্থাগুলির সাথে কাজ করার অভিজ্ঞতা রয়েছে।

VAWG-এর শিকার/জীবিতদের বিরুদ্ধে আরও ক্ষতি করার আগে, সম্ভাব্য প্রাথমিক পর্যায়ে পুলিশ ম্যানেজারদের দ্রুত ক্ষমতার ঘাটতি চিহ্নিত করতে সাহায্য করার উদ্দেশ্যে এই তালিকা তৈরি করা হয়েছে। বিভাগের শিরোনামগুলি পাঠককে চিহ্নিত ক্ষমতার ব্যবধানের মূল সমস্যাটির সাথে সম্পর্কিত করতে সাহায্য করার জন্য বোঝানো হয়েছে, তবে প্রকৃতপক্ষে, সেগুলি প্রতিটির জন্য প্রযোজ্য এবং একে পরের পরিপূরক:

৮ The Honourable Wally T. Oppal., 'FORSAKEN: The Report of the Missing Women Commission of Inquiry VOLUME IIB Nobodies: How and Why We Failed the Missing and Murdered Women, Parts 3, 4 and 5' (2012).

**মনোভাব**

- সমন্বয় প্রক্রিয়া পরিচালনা করা অপরিহার্য পরিষেবা প্রদানকারী-দের জন্য একটি চ্যালেঞ্জ, কারণ সংস্থাগুলি ব্যর্থতার ক্ষেত্রে একে অপরের সাথে সংঘর্ষ এড়াতে চায়।

**দ্বিতীয়বার নির্যাতনের শিকার হওয়া (সেকেন্ডারি ভিকটিমাইজেশন)**

- অভ্যন্তরীণ আমলাতান্ত্রিক প্রক্রিয়া এবং অন্যান্য বিচার সংস্থার প্রয়োজনীয়তার প্রতিযোগীতামূলক চাপের মুখে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তি প্রক্রিয়ার কেন্দ্রে থাকবে এই বিষয়টি তা নিশ্চিত করার জন্য পুলিশ সংগ্রাম করে।

**অসৎ আচরণ**

- অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানকারীদের সমন্বিত প্রচেষ্টা প্রায়ই অপরাধীকরণের উপর খুব বেশি জোর দেয়, যার ফলে ক্ষতি-গ্রস্তদের/বেঁচে থাকা ব্যক্তিদের স্বার্থের প্রতি মনোযোগ নষ্ট হয়;

- প্রসিকিউশন এবং পুলিশের মধ্যে সমন্বয়ের ফাঁক VAWG-এর কেস ব্যবস্থাপনার গুণগতমানকে প্রভাবিত করে;

- VAWG এ জড়িত গুরুতর অপরাধের ক্ষেত্রে (যেমন নিখোঁজ ব্যক্তি), তদন্তকারী দলগুলি সাধারণত একটি পুলিশ সংস্থার বিভিন্ন বিভাগ থেকে তৈরি করা হয় এবং তাই স্বাভাবিক রিপোর্টিং চ্যানেলের বাইরে দাঁড়াতে পারে। বহু-অধিক্ষেত্রের তদন্তে সুস্পষ্ট প্রতিবেদন এবং তদারকি সম্পর্কের প্রয়োজন বি-শেষভাবে গুরুত্বপূর্ণ;[৯]

- আন্তঃসংস্থা সহযোগিতার অভাবের ফলে রেকর্ড ব্যবস্থাপনায় ত্রুটি দেখা দেয়, ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়ায়/প্রতিবেদনেরফলো-আপের জন্য ফাইলের অপর্যাপ্ত যাচাই; তদন্তমূলক পদক্ষেপগুলি ধারা-বাহিকভাবে একটি সাধারণ মানদণ্ড অনুযায়ী নথিভুক্ত করা হয় না, যার ফলেপর্যালোচনা প্রক্রিয়ায় অসুবিধা সৃষ্টি হয় এবং VAWG তদন্তের ধারাবাহিকতার অভাব ঘটায়।

- সমন্বয়ের কেন্দ্রবিন্দুগুলিতে প্রায়শই একটি সঠিক রিপোর্টিং কাঠামো এবং যোগাযোগের অনুশীলন থাকে না এবং এই অপ-র্যাপ্ততাগুলি তদন্তের উপর ক্ষতিকর প্রভাব ফেলে;

- পুলিশ সংস্থাগুলির আন্তঃবিচারব্যবস্থা (cross-jurisdictional) সংক্রান্ত সমস্যাগুলি সম্পূর্ণরূপে মোকাবেলা করতে অক্ষমতা পুলিশের একটি গুরুতর ব্যর্থতা হতে পারে, যা তদন্তের কার্যকা-রিতাকে উল্লেখযোগ্যভাবে সীমিত করে। পুলিশ প্রায়শই বাহিনীর

৯ Ibid.

> "জবাবদিহিতা টিম কমান্ডারের দায়িত্বের প্রধান দিক, যিনি চূড়ান্ত কর্তৃত্ব, দায়িত্ব [তদন্ত দল], সম্পদ (মানব ও শারীরিক) এর আদেশের জন্য দায়বদ্ধতা থাকবেন। সার্বিক উদ্যোগ পরিচালনা করতে সক্ষম হওয়ার জন্য টিম কমান্ডারকে তদন্তের মৌলিক দায়িত্ব থেকে বিচ্ছিন্ন থাকতে হবে। সাধারণত এটি হয় না, এবং টিম কমান্ডারকে প্রায়শই অন্যান্য প্রতিযোগীতামূলক অগ্রাধিকারগুলিকে মোকাবেলা করতে হয় বিধায় পুলিশের প্রচেষ্টার সমন্বয়ের মান নিয়ন্ত্রণের ঝুঁকিতে ফেলে।
>
> দ্য অনারেবল ওয়ালি টি. ওপাল, 'ফেরস্যাকেনঃ দ্য রিপোর্ট অফ মিসিং উইমেন কমিশন অফ ইনকোয়ারি' (২০১২)।

মধ্যে স্থায়ী ভাবে লিপিবদ্ধ হওয়া চুক্তির অভাব বোধ করে যা অবিলম্বে সক্রিয় করা যেতে পারে এবং পরিবর্তে, প্রায়শই বিভিন্ন বাহিনীর মধ্যে বিস্তারিত প্রশাসনিক ব্যবস্থা সুস্পষ্ট করতে তদ-ন্তের মূল্যবান সময় নষ্ট করে;[10]

- তথ্যদাতাদের বিশ্বাসযোগ্যতা নিয়ে তদন্তকারীদের মধ্যে মত-বিরোধ দেখা দিলে যোগাযোগ ভেঙ্গে যায়।[11] তথ্যের অত্যধিক শেয়ারিং ক্ষতিগ্রস্থ/সাক্ষীদেরও ঝুঁকিতে ফেলতে পারে।

## সংজ্ঞা এবং কাঠামো (ফ্রেমওয়ার্ক)

ESP এ সমন্বয়কে VAWG-এর প্রতিক্রিয়ার একটি কেন্দ্রীয় উপাদান হিসেবে বিবেচনা করে। VAWG-এর শিকার/জীবিতদের কাছে প্রয়োজনীয় পরিষেবাগুলি মানসম্পন্ন এবং কার্যকরভাবে সরবরাহ করা হয়েছে তা নিশ্চিত করার সময় তিনটি স্তরের সমন্বয় প্রয়োজন।

এই তিনটি স্তরের সমন্বয় সরকারের জাতীয়, আঞ্চলিক/বিভাগীয় এবং স্থানীয় পৌরসভা পর্যায়ে ঘটে। প্রতিটি স্তর আইন প্রয়োগকারী সংস্থাগুলির দ্বৈততা (ওভারল্যাপিং) সংক্রান্ত দক্ষতা (সহিংসতা এবং অপরাধ চিহ্নিত করার উপর নির্ভর করে) এবং VAWG-এর সমন্বিত প্রতিক্রিয়াগুলিকে প্রভাবিত করতে পারে এমন বহিরাগত স্টেকহোল্ডারদের ক্রমবর্ধমান ভূমিকাসহ প্রতিটি বিচার সংস্থার বিভিন্ন আদেশের জন্য দায়ী থাকে।

জাতীয় পর্যায়ে, নির্বাহী এবং সিনিয়র পুলিশ কর্মকর্তারা বিচার ব্যবস্থা জুড়ে সমকক্ষ স্টেকহোল্ডারদের সাথে জড়িত রয়েছে সহিংসতার শিকার/জীবিতদের জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলির সমন্বিত প্রতিক্রিয়ার কৌশলগত পরিকল্পনা প্রণয়ন করার জন্য।[12] এই স্তরে প্রাথমিকভাবে VAWG এর বিষয়ে যৌথ বোঝাপড়া নিশ্চিত করার চেষ্টা করা হয় এবং প্রয়োজনীয় পরিষেবা প্রদান-কারীদের মধ্যে VAWG প্রতিক্রিয়ার উপর একটি দার্শনিক কাঠামো তৈরি করা হয়।

এর উপর ভিত্তি করে, তথ্য আদান-প্রদান সম্পর্কিত চুক্তিগুলি সম্পাদন করা হয় এবং/অথবা উর্ধ্বতন-স্তরের অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের মধ্যে আপডেট করা হয়, যার মধ্যে ভিন্ন ভিন্ন কিন্তু একে অপরের পরিপূরক দক্ষতাসম্পন্ন নির্বাহী আইন প্রয়োগকারী অনুঘটকরা অন্তর্ভুক্ত থাকে। তথ্য আদান-প্রদান চুক্তির মূল উপা-দানগুলির মধ্যে রয়েছে অনুঘটকদের মধ্যে **সমঝোতা স্মারক**, **মান নিয়ন্ত্রণের নির্দেশিকা**[13] এবং VAWG-এর **প্রতিক্রিয়ার প্রতি অঙ্গীকারের যৌথ যোগাযোগ**। এই তথ্য-আদান-প্রদান সংক্রান্ত উপাদানগুলি সামনের সারিতে কাজ করা দলগুলির সাথে মধ্যম স্তরের পরিচালকদের জন্যও অপরিহার্য, এমনকি গুরুত্বপূর্ণ টুলস (সরঞ্জাম) হয়ে ওঠে।

মধ্যম স্তরের ব্যবস্থাপক, যাদের কর্মীরা ভিএডব্লিউজি-এর শিকার/জীবিতদের সাথে জড়িত এবং/অথবা VAWG-এর তদন্তে জড়িত, তারা মান নিয়ন্ত্রণের নির্দেশিকাগুলি কার্যকার করতে মূল ভূমিকা পালন করে। পদমর্যাদা এবং পুলিশিং মডেলের উপর নির্ভর করে, পুলিশের মধ্যম স্তরের ম্যানেজাররা সমন্বয় ব্যবস্থার জন্য তদারকি কাঠামো প্রণয়ন এবং/অথবা শক্তিশালী করতে সহায়ক ভূমিকা পালন করতে পারে।

> «মূল স্টেকহোল্ডাররা হল সমস্ত সরকারী এবং সুশীল সমাজ সংগঠন এবং সংস্থা যাদের সরকার ও সুশীল সমাজের সকল স্তরে VAWG-এর প্রতিক্রিয়া জানাতে ভূমিকা রয়েছে।»
>
> জাতিসংঘের প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ

১০ Ibid.
১১ Ibid.

১২ ইউরোপীয় ইউনিয়ন গুরুত্ব আরোপ করে বলেছে যে VAWG মোকাবে-লায় জাতীয় কর্ম পরিকল্পনা এবং সংশ্লিষ্ট সমন্বয় প্রক্রিয়াগুলিকে আইন ও নীতি বাস্তবায়নের মূল উপাদান হিসাবে বিবেচনা করা হয়। তাছাড়া, নারীর বিরুদ্ধে সহিংসতা সংক্রান্ত ২০১০ সালের জাতিসংঘের হ্যান্ডবুক জাতীয় কর্ম পরিকল্পনাকে প্রধান উপায় হিসাবে বিবেচনা করে যেখানে প্রাসঙ্গিক আইন বাস্তবায়নের জন্য একটি ব্যাপক এবং সমন্বিত পদ্ধতির নিশ্চয়তা দেওয়া যেতে পারে। See: 'Overview of the worldwide best practices for rape prevention and for assisting women victims of rape' (Directorate General for Internal Policies Policy Department C: Citizens' Rights and Constitutional Affairs Gender Equality, European Parliament, 2013).

১৩ ESP-এর মতে, গুণগতমানের নির্দেশিকাগুলি প্রয়োজনীয় পরিষেবাগু-লির মূল উপাদানগুলির সরবরাহ এবং বাস্তবায়নকে সমর্থন করে যাতে সেগুলি মহিলা এবং মেয়েদের চাহিদাগুলি কার্যকর এবং পর্যাপ্ত মান অনুযায়ী পূরণ করতে পারে। মানসম্মত নির্দেশিকা মানবাধিকার-ভিত্তিক, সাংস্কৃতিকভাবে সচেতন এবং নারী-ক্ষমতায়ন পদ্ধতির মাধ্যমে 'কি ভাবে' পরিষেবা প্রদান করা যায় সে সম্পর্কে ধারণা প্রদান করে। এগুলি আন্তর্জাতিক মানের উপর ভিত্তি করে এবং একে পরের পরিপূরক হবে এবং VAWG-এর প্রতি সাড়া দেওয়ার জন্য স্বীকৃত সেরা অনুশীলনগুলি প্রতিফলিত করবে।

চিত্র-১:

**সরকারী সমন্বয় এবং স্টেকহোল্ডারদের স্তর**




VAWG এর মান নিয়ন্ত্রণ কাঠামোসহ সমন্বিত প্রতিক্রিয়া নিশ্চিত করার জন্য প্রক্রিয়া প্রণয়ন করার সময়, ESP পুলিশকে বহু-শৃঙ্খলাভুক্ত দলগুলিকে অন্তর্ভুক্ত করার পরামর্শ দিয়েছে। ESP এ যুক্ত হরা হয়েছে যে এই ধরনের **মাল্টি-ডিসিপ্লিনারি টিমের** মধ্যে **বিস্তৃত স্টেকহোল্ডারদের** অন্তর্ভুক্ত হওয়া উচিত যারা কাজের চুক্তিতে প্রবেশ করেছে বা যারা পুলিশ এবং অন্যান্য বিচার অনুঘটকদের সাথে VAWG জড়িত একটি সমন্বিত প্রতিক্রিয়া মামলা নিশ্চিত করার সময় ইতিবাচক প্রভাব ফেলেছে। **বক্স-৫ দেখুন**

মাল্টি-ডিসিপ্লিনারি দলের উদাহরণের জন্য ইলিনয় এবং ওরোমিনায় সমন্বয়ের জন্য প্রতিশ্রুতিবদ্ধ উদ্যোগ দেখুন

ESP পুলিশকে প্রয়োজনীয় পরিষেবাগুলির সমন্বয়ের ক্ষেত্রে স্টেকহোল্ডারদেরকে ভিকটিম/বেঁচে যাওয়া এবং তাদের প্রতিনিধি, সামাজিক পরিষেবা, স্বাস্থ্যসেবা খাত, আইনি সহায়তা প্রদানকারী, পুলিশ, প্রসিকিউটর, বিচারক, শিশু সুরক্ষা সংস্থা এবং শিক্ষা খাত ও অন্যদের মধ্যে সমার্থক হিসেবে দেখার সুপারিশ করেছে।[১৪]

১৪ ইএসপি আরও বলা হয়েছে যে এই স্টেকহোল্ডাররা VAWG-এর কার্যকর প্রতিক্রিয়ার জন্য জাতীয় আইন, কৌশল, প্রোটোকল এবং চুক্তিগুলি প্রয়োগ, বাস্তবায়ন এবং/অথবা নিশ্চিত করার জন্য সরকারের সকল স্তরের সমন্বয় সংস্থাগুলিতে প্রতিনিধিত্ব করতে পারে এবং হওয়া উচিত। See Module 5: *Coordination and Governance of Coordination*, Essential Services Package for Women and Girls subject to violence: Core Elements and Quality Guidelines, (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).

সিএসওসহ স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা সেই সমস্ত মামলার ব্যস্থাপনায়, প্রদত্ত পরিষেবার গুণগতমান নিশ্চিত করার ক্ষেত্রে এবং ন্যায়বিচারের অ্যাক্সেস নিশ্চিত করতে সক্ষম করবে যেখানে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তি ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর মধ্যে পড়ে, যেমন মহিলা এবং প্রতিবন্ধী মেয়ে।[১৫]

অন্যান্য বিচার সংস্থা এবং স্টেকহোল্ডারদের সাথে VAWG-এর একটি কার্যকর এবং দক্ষ সমন্বিত প্রতিক্রিয়া নিশ্চিত করতে সহায়তা করার জন্য একটি মান নিয়ন্ত্রণ কাঠামোর উপকরণ হিসাবে, মধ্যম ব্যবস্থাপক স্থানীয় শাসন ব্যবস্থা, যেমন পৌর-স্তরের স্থানীয় নিরাপত্তা পরিষদ বা ‹LSCs›-এর সাথে যুক্তে হতে পারেন।

LSC হল কথোপকথনের প্ল্যাটফর্ম যেখানে জননিরাপত্তার ক্ষেত্রে বিভিন্ন সংস্থা একে অপরের সাথে পরামর্শ করতে পারে, সমস্যা চিহ্নিত করতে পারে এবং নিরাপত্তাহীনতা প্রতিরোধের জন্য একটি স্থানীয় পরিকল্পনায় সম্মত হতে পারে।[১৬] এর উপর ভিত্তি করে, VAWG-এ প্রতিক্রিয়া জানানোসহ, ন্যায়বিচারের ধারাবাহিক-

১৫ উদাহরণ স্বরূপ, কেপ মেন্টাল হেলথ SAVE নামে একটি প্রকল্প চালায় যার মাধ্যমে বুদ্ধিবৃত্তিক প্রতিবন্ধী ব্যক্তিদের আদালতে সাক্ষ্য দেওয়ার জন্য মানসিক সহায়তা প্রদান করা হয়। see: https://www.westerncape.gov.za/facility/cape-mental-health

১৬ "দুই মিনিটের মধ্যে স্থানীয় নিরাপত্তা পরিষদ বোঝা": পুলিশ সংস্কারের জন্য Coginta, see: https://www.youtube.com/watch?v=7fGF0_nteGA

তায় পুলিশ এবং তাদের অংশীদারদের জড়িত করে সমন্বিত কর্মের গুণগতমান নিয়ন্ত্রণের জন্য LSCগুলির দক্ষতা বৃদ্ধি করার সম্ভাবনা রয়েছে।

যেহেতু LSC-তে সাধারণত পৌর কর্তৃপক্ষ, স্থানীয় সরকার সংস্থা, বিচার কর্মকর্তা এবং কখনও কখনও পুলিশের পাশাপাশি নাগরিক সমাজের প্রতিনিধিরা অন্তর্ভুক্ত থাকে, তাই তারা VAWG এ সমন্বিত প্রতিক্রিয়া জানানোর প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ যৌথ ইনপুট প্রদান করতে পারে।[১৭] উদাহরণস্বরূপ এতে VAWG-এর ক্ষেত্রে সমন্বয় প্রতিক্রিয়াগুলির পর্যালোচনা এবং বাহ্যিক মূল্যায়ন অন্তর্ভুক্ত থাকতে পারে।

পুলিশদের জড়িত করার মাধ্যেমে মান নিয়ন্ত্রণের জন্য এই ধরনের একটি উন্মুক্ত এবং স্বচ্ছ পরামর্শমূলক প্রক্রিয়া, পুলিশ যে জনগণকে সেবা এবং সুরক্ষা দেয় এই ধরণের দৃষ্টিভঙ্গি সৃষ্টিতে ও সামগ্রিক বৈধতা প্রদানের ক্ষেত্রে উল্লেখযোগ্যভাবে অবদান রাখে।

**LSC সম্পর্কে আরও বিশদ তথ্যের জন্য তৃতীয় অধ্যায়: ‹প্রতিরোধ› এ স্থানীয় নিরাপত্তা পরিষদ এর উপর কেস স্টাডিঃ কঙ্গো, ইকুয়েডর এবং মেক্সিকো দেখুন। VAWG-এর**

> **“নারী একটি সমজাতীয় গোষ্ঠী নয়। VAWG-এর বিরুদ্ধে কার্যকর ব্যবস্থা নিশ্চিত করতে, নির্দিষ্ট গোষ্ঠীর নির্দিষ্ট চাহিদা বিবেচনা করতে হবে। প্রতিবন্ধী নারী এবং মেয়েরা যারা সহিংসতা এবং বৈষম্যের সম্মুখীন হয় তারা ক্ষতিকারক বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপ), বৈষম্যমূলক মনোভাব এবং পদ্ধতিগত এবং যুক্তিসঙ্গত ব্যবস্থার অভাবের কারণে ন্যায়বিচার পাওয়ার ক্ষেত্রে বাধার সম্মুখীন হয়, যা তাদের বিশ্বাসযোগ্যতাকে সন্দেহের সম্মুখীন করতে পারে এবং যার ফলে তাদের অভিযোগ খারিজ করা হতে পারে। । অপরাধ এবং/অথবা বৈষম্যের ঘটনাগুলি রিপোর্ট করার ক্ষেত্রে বাধাগুলি সম্প্রদায় থেকেই শুরু হয় যেখানে পরিবারের সদস্যদের, সম্প্রদায়ের প্রতিনিধি এবং স্থানীয় বিচার বিভাগের মনোভাব ভিকটিমদের ভয় দেখাতে পারে বা তাদের ন্যায়বিচার অনুসরণে নিরুৎসাহিত করতে পারে।”**
>
> *লিঙ্গ নির্দেশিকা (অক্ষমতার অধিকার তহবিল এবং অক্ষমতা অধিকার অ্যাডভোকেসি ফান্ড ২০১৮)*

১৭ LSC-টাইপ মেকানিজম প্রতিটি মহাদেশে বিদ্যমান। ফ্রান্স এবং গিনি প্রজাতন্ত্রে, তাদের অপরাধ প্রতিরোধের জন্য স্থানীয় নিরাপত্তা পরিষদ বলা হয় (CLSPD); কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্রে (ডিআরসি), তারা স্থানীয় সম্প্রদায় নিরাপত্তা পরিষদ বা CLSPs নামে পরিচিত; ইকুয়েডরে, তারা পৌর নিরাপত্তা পরিষদ বা ‘CSM’ নামে পরিচিত। পৌরসভার মডেল এবং জনসংখ্যার আকারের উপর নির্ভর করে, সিনিয়র কমিউনিটি পুলিশিং অফিসাররা LSC-তে প্রধান পুলিশ প্রতিনিধি হতে পারেন।

**বক্স-২**

**সমন্বয়ের জন্য সর্বোত্তম অনুশীলনের জন্য EU এর মানদণ্ড**

ধর্ষণ প্রতিরোধের জন্য এবং ধর্ষণের শিকার নারীদের সহায়তার জন্য বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের উপর তাদের গবেষণায়, ইইউ ধর্ষণের শিকার/জীবিতদের জন্য পরিষেবার কার্যকর সমন্বয়ের পাঁচটি প্রয়োজনীয় মানদণ্ড চিহ্নিত করেছে। এর মধ্যে রয়েছে:

- প্রাসঙ্গিক এজেন্সি, ফৌজদারি বিচার অনুঘটক এবং নারী বা ভিকটিমদের অধিকারের সমর্থকদের অন্তর্ভুক্তি;
- ধর্ষণসহ লিঙ্গ-ভিত্তিক সহিংসতার একটি সুস্পষ্ট সাধারণ উপলব্ধি;
- নীতি, নির্দেশিকা, রেফারেল এবং ডেটা সংগ্রহের পদ্ধতির উন্নয়নের জন্য সহযোগিতামূলকভাবে কাজ করা;
- লিঙ্গ বিশেষজ্ঞ এবং সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তিদের অভিজ্ঞতার ভিত্তিতে নেতৃত্ব প্রদান;
- জবাবদিহিতা ব্যবস্থা এবং রাষ্ট্র থেকে কিছু স্বাধীনতা।

উত্স: ধর্ষণ প্রতিরোধ এবং ধর্ষণের শিকার নারীদের সহায়তার জন্য বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের সংক্ষিপ্ত বিবরণ (ইউরোপীয় সংসদ, ২০১৩)।

## কার্যকর প্রতিক্রিয়ার জন্য বিচার সংস্থাগুলির সাথে সমন্বয় করার জন্য মূল ব্যবস্থাপনাগত দক্ষতা

জনস্বার্থ সর্বোত্তমভাবে পরিবেশন করা হয় যখন পুলিশ তথ্য অন্যদের সাথে ভাগাভাগি করে এবং VAWG-তে সাড়া দেওয়ার জন্য সাধারণ উদ্দেশ্যগুলি সনাক্ত করতে এবং অনুসরণ করার জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে কার্যকরভাবে সমন্বয় করে।

আন্তর্জাতিক মানদণ্ডের জন্য পুলিশ এবং বিচার সংস্থাগুলির অংশীদাররাসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের মধ্যে সমন্বয় প্রয়োজন যাতে বিচার প্রক্রিয়া ব্যাপক, বহুবিভাগীয়, সমন্বিত, পদ্ধতিগত এবং টেকসই হয়।[১৮]

এই জটিল প্রক্রিয়াগুলির মধ্যে কার্যকর সমন্বয় ছাড়া, সহিংসতার

১৮ মডিউল-১: ভূমিকাঃ ‹সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ› (জাতিসংঘের যৌথ গ্লোবাল প্রোগ্রাম অন অ্যাসেনশিয়াল সার্ভিসেস ফর উইমেন অ্যান্ড গার্লস সাবজেক্ট টু ভায়োলেন্স, (২০১৫) দেখুন। এছাড়াও, এ প্রাসঙ্গিক সংস্থা এবং পরিষেবাগুলির মধ্যে সহযোগিতা এবং সমন্বয়ের জন্য আপডেটেড মডেল কৌশল (২০১১) দেখুন।

শিকার বেঁচে যাওয়া/ভুক্তভোগীরা পিছিয়ে পড়তে পারে, মানসিক ভাবে ভেঙ্গে পড়তে পারে এবং দ্বিতীয় বার সহিংসতার শিকার হতে পারে।

সুনির্দিষ্ট চাহিদা আছে এমন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের প্রতি বিশেষ মনোযোগ দেওয়া উচিত এবং তারা যেন সমন্বিত ন্যায়বিচার থেকে বঞ্চিত না হয়, এবং বিচারিক প্রক্রিয়া চলাকালীন ভুক্তভোগী/জীবিত প্রতিবন্ধীদের সম্মুখীন হওয়া বাধাগুলিকে সমাধান করা উচিত।[১৯]

বিচারের ধারাবাহিকতা জুড়ে দ্বিতীয়বার নির্যাতনের ঘটনা ঘটে। নিম্নলিখিত তালিকাটি (**বক্স-৩**) প্রতীকী সমন্বয়ের ঘাটতি (ফাঁক) এবং দ্বিতীয়বার নির্যাতনের শিকারের উপর এর প্রভাবের উদাহরণ প্রদান করেছে:

তদুপরি, অপরাধ এবং সহিংসতার প্রতিক্রিয়া জানাতে সমন্বয় নিশ্চিত করার সময় অংশীদার বাছাই করার প্রক্রিয়ায় 'কোনো ক্ষতি করবেন না' নীতির প্রতি বিশেষ মনোযোগ দেওয়া উচিত, কারণ এটি একদিকে যেমন নির্দিষ্ট কোন গোষ্ঠীকে মর্যাদা প্রদান করতে পারে এবং অন্যদিকে, যারা স্বীকৃত নয় অস্বীকার করতে পারে।[২১] ইউএন ডিপার্টমেন্ট অফ পিস অপারেশনস (‹ইউএন ডিপিও›) উল্লেখ করেছে যে সম্প্রদায়ের সাথে কাজ করা বা সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী সিএসওর সাথে সমন্বয় করা পুলিশের জন্য লাভজনক হতে পারে; যাইহোক, সম্প্রদায়ের উপর তাদের কার্যক্রমের প্রভাব সম্পর্কে পুলিশকে অবশ্যই সংবেদনশীল হতে হবে।

সম্প্রদায়-ভিত্তিক পুলিশিং সম্পর্কিত তাদের ম্যানুয়ালটিতে, জাতিসংঘের ডিপিও সুপারিশ করেছে যে পুলিশ সম্প্রদায়ের সকল

**বক্স-৩**

| সমন্বয়ের ঘাটতি (ফাঁক) | দ্বিতীয়বার নির্যাতনের শিকারের উপর প্রভাব |
|---|---|
| পুলিশ প্রায়ই ক্ষতিগ্রস্তদের/জীবিতদের স্বার্থের উপর জোর না দিয়ে অপরাধীকরণের উপর খুব বেশি জোর দেয়। | ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি তার সন্তানের পিতা বা সহ-অভিভাবকের কাছ থেকে সম্ভাব্য অপরাধমূলক অভিযোগের ফলে আয় হারানোর ভয়ে সহযোগিতা করা বন্ধ করে দেয়। ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তি তার সন্তানদের অনুভূত মঙ্গলকে তার নিজের উপরে রাখে। |
| ডাক্তার, বিচারক এবং পুলিশ যারা এই ধরনের মামলা পরিচালনার জন্য প্রশিক্ষিত নয় তারা হস্তক্ষেপ করে। | ক্ষতিকারক পুনরাবৃত্তিমূলক সাক্ষাৎকারের অনুশীলন বা সাক্ষ্যের বাধ্য-বাধকতা যা শিকারকে পুনরায় মানসিক আঘাতগ্রস্থ করে, প্রত্যাশিত কালানুক্রমিক পদ্ধতিতে ঘটনাগুলি স্মরণ করার ক্ষমতাকে প্রভাবিত করে বা অপ্রশিক্ষিত অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের সাথে আরও অন্যান্য ক্ষতিকারক ব্যস্ততা এড়াতে তার অভিজ্ঞতা মনে করিয়ে দেয়। |
| আন্তঃসংস্থা সহযোগিতার অভাব রেকর্ড ব্যবস্থাপনায় ক্রটি, ঝুঁকি মূল্যায়ন সিস্টেম/রিপোর্টিং-এর ফলো-আপের জন্য ফাইলগুলির অপর্যাপ্ত পরীক্ষা-নিরীক্ষার দিকে পরিচালিত করে। | পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের দ্বারা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের অনুসরণের অভাব ব্যক্তিগত নিরাপত্তা এবং পরিবারের অন্যান্য সদস্যদের নিরাপত্তার জন্য ভয়ের দিকে পরিচালিত করে। |
| সমন্বয় প্রক্রিয়া পরিচালনা করা অপরিহার্য পরিষেবা প্রদা-নকারীদের জন্য একটি চ্যালেঞ্জ কারণ সংস্থাগুলি ব্যর্থতার ক্ষেত্রে একে অপরের সাথে সংঘর্ষ এড়াতে সচেষ্ট থাকে। | বিচারকদের অতিরিক্ত প্রমাণের প্রয়োজন যা তৈরি করা কঠিন, যার ফলে পুলিশ অপ্রয়োজনীয়ভাবে ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে তথ্যের জন্য চাপ দিতে পারে, অথবা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিকে তার অভিযোগ প্রত্যাহার বা পিছু হটতে রাজি করার জন্য পুলিশকে মধ্যস্থতা করতে পারে। |
| অভ্যন্তরীণ আমলাতান্ত্রিক প্রক্রিয়া এবং অন্যান্য বিচার সংস্থার প্রয়োজনীয়তার প্রতিযোগিতামূলক চাপের মুখে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি প্রক্রিয়ার কেন্দ্রে থাকে তা নিশ্চিত করার জন্য পুলিশ সংগ্রাম করে। | ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের চিকিৎসা, আইনি, পুলিশ পরিষেবা ইত্যাদির জন্য অর্থ প্রদান করা হয় যাতে তার মামলার বিচার করা যায় বা তার জন্য অপর্যাপ্ত ‹নিরাপদ› আবাসনে থাকার ব্যবস্থা করা হয়।[২০] |

১৯ Submission to the Special Rapporteur on the Rights of Persons with Disabilities: Good Practices for Increasing Effective Access to Justice for Women and Girls with Disabilities, (Women Enabled International, August 9, 2019)

২০ এটি হাইলাইট করা গুরুত্বপূর্ণ যে সুযোগের খরচ বেশি হয়ে যায় যখন মহিলারা তাদের পরিবার/সন্তানের একমাত্র উপার্জনকারী হয় এবং আদালতে যাওয়া তাদের জন্য কষ্টেকর হয়; তাই, তারা তাদের মামলার বিচার প্রক্রিয়াকে সহায়তা না করার সিদ্ধান্ত নিতে পারে।

২১ Community-Oriented Policing in UN Peace Operations Manual (UN Department of Peace Operations, 2018).

**বক্স ৪**

**সম্প্রদায়ের অংশীদার এবং স্টেকহোল্ডারদের জড়িত করার জন্য UNPOL চেকলিস্ট**

- আমরা কি তাদের সংস্থান অনুসারে সম্প্রদায়ের অংশীদার এবং স্টেকহোল্ডারদের (এবং প্রকল্পের কার্যক্রমে অবদান রাখার সর্বোত্তম উপায়) চিহ্নিত করেছি?
- আমরা কি স্পষ্টভাবে যোগাযোগ করেছি এবং সম্প্রদায়ের অংশীদার এবং স্টেকহোল্ডারদের সম্পৃক্ততা, তাদের ভূমিকা এবং কীভাবে প্রত্যাশাগুলি পরিচালনা করতে হবে সে বিষয়ে সম্মত হয়েছি?
- আমরা কি একটি সমন্বয় এবং প্রতিক্রিয়া জানানোর প্রক্রিয়া স্থাপন করেছি, যেমন নিয়মিত মিটিং এবং কার্যক্রমের প্রতিবেদন?
- আমরা কি সম্প্রদায়ের অংশীদার, স্টেকহোল্ডার, সিদ্ধান্ত গ্রহণকারী, দাতা এবং অন্যদের প্রকল্পের কার্যক্রম, চ্যালেঞ্জ এবং সাফল্যের অগ্রগতি সম্পর্কে অবহিত করার জন্য একটি কার্যকর যোগাযোগ ব্যবস্থা তৈরি করেছি?

অংশকে জড়িত করা না হলে এক বা একাধিক গোষ্ঠী পুলিশকে বৈষম্যমূলক এবং একই সম্প্রদায়ের অন্যান্য বিভাগের সাথে খুব ঘনিষ্ঠ সম্পর্ক থাকার দায়ে অভিযুক্ত করতে পারে।[২২] যখন পুলিশ VAWG-এর প্রতিক্রিয়াগুলির সমন্বয়ের জন্য অংশীদারদের খোঁজ করে তখন UNPOL চেকলিস্টটি সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী CSO-র ক্ষেত্রে সমানভাবে প্রয়োগ করা উচিত।

**এই বিষয়ে, জাতিসংঘের ডিপিও সম্প্রদায়ের অংশীদার এবং স্টেকহোল্ডারদের জড়িত করার জন্য একটি সহায়ক চেকলিস্ট প্রদান করেছে[২৩] (বক্স-৪ নিচে):**

ইএসপিতে উল্লেখ করা হয়েছে যে বিচার সংস্থাগুলির মধ্যে একটি সমন্বিত প্রতিক্রিয়া গুরুত্বপূর্ণ কারণ এটি সহিংসতা থেকে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষিত রাখতে এবং অপরাধীদের জবাবদিহি করার ক্ষেত্রে সমাজের বিভিন্ন সেক্টরের সমস্যা সমাধানের জন্য বিচ্ছিন্নভাবে কাজ করার চেয়ে বেশি কার্যকর।[২৪]

ন্যায়বিচার সংস্থাগুলির মধ্যে কার্যকর সমন্বয়ের একটি সাধারণ সূচক হল মানসম্পন্ন এবং কার্যকর অপরিহার্য পরিষেবাগুলি জন্য সম্মিলিত দায়িত্ব নিশ্চিত করার জন্য ঝুঁকির পদ্ধতিগত ভাগাভাগি এবং প্রতিষ্ঠিত কাঠামো।

যুক্তরাজ্যে, VAWG-তে সাড়া দেওয়া বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয় উন্নত করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি চালু করা হয়েছে:[২৫]

- এইচএম সরকার বেশ কয়েকটি কৌশলগত নির্দেশিকা নথি তৈরি করেছে, যেগুলির উদ্দেশ্য হল ফোর্সড ম্যারেজ (এফএম), ফিমেল জেনিটাল মিটিলেশন (এফজিএম) এবং শিশু যৌন শোষণসহ অন্যান্য বিষয়ের ক্ষেত্রে বহু-সংস্থা ভিত্তিক (মাল্টি-এজেন্সি) পদ্ধতির উন্নতি ঘটানো। এই নথিগুলি সামনের সারির অনুশীলনকারীদের ‹ কী করতে হবে এবং কী করতে হবে না› এবং ‹লক্ষণ ও চিহ্ন' সম্পর্কে অমূল্য তথ্য প্রদান করে যাতে অনুশীলনকারীদের সহিংসতার শিকার ব্যক্তিদের সনাক্ত করতে সক্ষম করে;
- উপরোক্ত অর্জনের জন্য, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল এবং পুলিশ বাহিনী অমূল্য যৌথ প্রশিক্ষণ সেশন পরিচালনা করেছে এবং যৌথ প্রটোকল তৈরি করেছে, বিশেষ করে ধর্ষণ, সম্মান-ভিত্তিক অপব্যবহার, জোরপূর্বক বিবাহ এবং FGM তদন্ত ও বিচারের ক্ষেত্রে।

সহিংসতার শিকার/জীবিতদের জন্য সর্বোত্তম ফলাফল প্রদান করার ক্ষেত্রে পুলিশকে প্রয়োজনীয় পরিষেবাগুলি সরবরাহ করতে সক্ষম করতে বিভাগটিতে আচরণগত দক্ষতার একটি তালিকা প্রদান করা হয়েছে যা পুলিশ পরিচালকরা সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তি কেন্দ্রিক এবং লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়ার সমন্বয় করার সময় উল্লেখ করতে পারেন। অন্যান্য বিচার সংস্থার সাথে VAWG-এর সমন্বিত সম্প্রদায়-ভিত্তিক সমাধানের জন্য এই দক্ষতাগুলি স্থানীয় স্টেকহোল্ডারসহ পুলিশ-পাবলিক পার্টনারশিপেও ভাগাভাগি করে নেওয়া যেতে পারে।

২২ Ibid
২৩ UN Police Gender Toolkit: Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping: Compendium of Project Tools (2015).
২৪ Module 5: *Coordination and Governance of Coordination*, Essential Services Package for Women and Girls subject to Violence – Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).
২৫ Manual on the law relating to violence against women, England and Wales, Greece, Ireland, Italy, Northern Ireland, Poland and Spain (European Lawyers Foundation, 2018).

পূর্ববর্তী অধ্যায়গুলির মতোই, দক্ষতাগুলি আপডেটেড মডেল কৌশল (২০১১), অর্গানাইজেশন ফর সিকিউরিটি অ্যান্ড কো-অপারেশন ইন ইউরোপ (OSCE) **স্ট্র্যাটেজিক গাইডেন্স ফ্রেমওয়ার্ক ফর ইন্টারন্যাশনাল পুলিশ পিসকিপিংসহ** (SGF)[২৬] জাতিসংঘের অন্যান্য নথি দ্বারা অনুপ্রাণিত হয়ে প্রস্তুত করা হয়েছে। এটি একটি **অপূর্ণাঙ্গ** তালিকা যা বিচার ব্যবস্থায় অন্যান্য সংস্থার সাথে সমন্বয়ের জন্য জাতীয় পুলিশের সাংগঠনিক নীতি এবং প্রোটোকলকে একে অপরের পরিপূরক এবং শক্তিশালী করার উদ্দেশ্যে প্রণয়ন করা হয়েছে। ব্যবস্থাপকদের নিশ্চিত করা উচিত যে সমন্বয়কারী অবস্থানে থাকা পুলিশ কর্মকর্তারা নিম্নলিখিত কাজগুলি করতে সক্ষম:

### প্রাপ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতা (শাসন, তদারকি এবং জবাব-দিহিতার দৃষ্টিকোণ থেকে)

- ন্যায়বিচার অনুঘটক এবং সম্প্রদায়ের অধিপরামর্শকারিদের মধ্যে যোগসূত্র সমন্বয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করুন। অধিপরা-মর্শকারিরা পুলিশ অফিসারদের কাজকে সহায়তা করে, প্রতি-ক্রিয়া জানায় এবং প্রশিক্ষণ প্রদান করে। মানবাধিকার,[২৭] নারী অধিকার এবং প্রতিবন্ধী অধিকারের পক্ষে কাজ করা অধিপ-রামর্শকারিদের সাথে অংশীদারিত্ব গড়ে তোলার মাধ্যমে, পুলিশ সম্প্রদায়ের কাছে তাদের বিশ্বাসযোগ্যতা জোরদার করতে পারে।

### পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে স্টেক-হোল্ডারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:

- যে সকল ভুক্তভোগী/জীবিত ব্যক্তিরা আনুষ্ঠানিক অভিযোগ দায়েরের সময় এবং প্রক্রিয়া অনুসরণ করার সময় সহিংস-তার সম্মুখীন হয়েছেন তাদের সুরক্ষা প্রদানের মাধ্যমে এবং অপরাধীদের বিচারের দায়িত্ব পুলিশ এবং প্রসিকিউশন এর এই বিষয়টি বুঝতে সহায়তা করার মাধ্যমে বিচার প্রক্রিয়ায় তাদের উৎসাহিত ও সহায়তা করুন। নির্দিষ্ট চাহিদাযুক্ত মহিলা এবং মেয়েদের উপযুক্ত সহায়তা প্রদান করুন।

### অভিযোজনযোগ্যতা

- সম্ভাব্য নৈতিক দ্বিধা বা ঘনিষ্ঠ সম্প্রদায়-পুলিশ সম্পর্কের নে-তিবাচক প্রভাব মোকাবেলা করার জন্য সমন্বয় ক্ষেত্রগুলিতে কঠোর এবং স্পষ্ট বিধি ও নীতির প্রচার এবং অধিপরামর্শ করা, যা VAWG-এর শিকার/জীবিত ব্যক্তিদের পুলিশ এবং অন্যান্য বিচার সংস্থায় প্রতিবেদন দাখিল না করতে এবং সহযোগিতা না করতে উৎসাহিত করতে পারে;

- সম্মিলিতভাবে কৃতিত্বগুলি ভাগ করে নেওয়ার সুযোগগুলি সন্ধান করুন, ত্রুটিগুলি চিহ্নিত করুন এবং প্রচার এবং প্রতিক্রিয়া উন্নত করার জন্য কৌশলগুলি উন্নয়ন ও বাস্তবায়ন করুন।

### উপযুক্ততা

- সমন্বয়ের প্রচেষ্টা এমনভাবে পরিচালনা করুন যাতে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং ধর্ষণের হস্তক্ষেপের কেন্দ্রে নারী ও মেয়েদের স্বার্থ রক্ষিত হয়।[২৮]

### রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন

- দায়িত্বের অংশ এবং ঘনিষ্ঠ সহযোগিতার প্রয়োজনীয়তার বিষয়ে একটি বিস্তৃত ঐকমত্য এবং প্রতিশ্রুতিতে পৌঁছানোর জন্য বিচার সংস্থা এবং সম্প্রদায়ের স্টেকহোল্ডারদের সাথে কাজ করুন;

> **"সমন্বয়ের প্রাথমিক লক্ষ্য সবসময় শিকার নিরাপত্তা বৃদ্ধি করা উচিত. শিকারের নিরাপত্তার দিকে মনোযোগ না দিয়ে প্রতিক্রিয়া সমন্বয় করা, প্রকৃতপক্ষে, ক্ষতিগ্রস্তদের জন্য ক্ষতিকর হতে পারে।"**
>
> সমন্বয়ের সুবিধা - নারীর বিরুদ্ধে সহিংসতা বন্ধ করুন: মানবাধিকারের জন্য উকিলদের একটি প্রকল্প

- স্টেকহোল্ডারদের সাথে সহযোগিতা করার সময় একটি সম-স্যা-সমাধানমূলক পদ্ধতি অনুসরণ করুন যাতে VAWG-এর শিকার/জীবিতরা অনুভব করে যে তারা তদন্তের সমস্ত দি-কগুলিতে অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করতে পারে। উদাহরণস্বরূপ, অন্যান্য ন্যায়বিচার অনুঘটকদের সাথে একসাথে মিলে যৌন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কলঙ্কিত বা সামা-জিকভাবে প্রান্তিক না করার প্রচেষ্টার অংশ হিসাবে সম্প্রদায়ের নেতাদের এবং স্থানীয় মিডিয়ার সাথে একটি সহযোগিতামূ-লক কর্মসূচী স্থাপন করুন এবং এই প্রতিশ্রুতিটি সর্বজনীনভাবে যোগাযোগ করুন;

- অন্যান্য ন্যায়বিচার অনুঘটক এবং সম্প্রদায় ও স্টেকহোল্ডারদের সাথে পারিবারিক সহিংসতা সংক্রান্ত প্রতিক্রিয়া জানানোর প্রক্রিয়া

২৬ আন্তর্জাতিক পুলিশ শান্তিরক্ষার জন্য কৌশলগত গাইডেন্স ফ্রেমওয়ার্ক ('SGF') জননিরাপত্তা বিধান, পুলিশ সংস্কার এবং রাষ্ট্রীয় পুলিশ পরি-ষেবাগুলিতে সহায়তার জন্য আরও সামঞ্জস্যপূর্ণ, সমন্বিত পদ্ধতির মাধ্যমে জাতিসংঘের পুলিশ শান্তিরক্ষার কার্যকারিতা বাড়ানোর লক্ষ্য প্রণয়ন করা হয়েছে। See: https://police.un.org/en/sgf

২৭ এতে অক্ষম ব্যক্তিদের পক্ষে অধিপরামর্শকারীদের এবং অন্যান্য ব্যক্তিগত চলকগুলি অন্তর্ভুক্ত রয়েছে যা মানুষকে দুর্বলতার অবস্থানে রাখে।

২৮ ধর্ষণ প্রতিরোধের জন্য এবং ধর্ষণের শিকার নারীদের সহায়তার জন্য বিশ্বব্যাপী সর্বোত্তম অনুশীলনের সংক্ষিপ্ত বিবরণ, (Directorate General for Internal Policies Policy Department C: Citizens' Rights and Constitutional Affairs Gender Equality, European Parliament, 2013)।

পর্যবেক্ষণ বা, নির্দিষ্ট পদ্ধতির (তথ্য সংগ্রহ) এবং টুলস (সরঞ্জামগুলি) পর্যালোচনা সমন্বয় করুন। সচেতনতা বৃদ্ধিসহ পরিষেবার ঘাটতিগুলি (ফাঁকগুলি) যৌথভাবে চিহ্নিত করুন। সহযোগিতামূলকভাবে পরিষেবা উন্নত করার চেষ্টা করা পুলিশের জন্য সমন্বয়ের অন্যতম উদ্দেশ্য হওয়া উচিত।[২৯]

**তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা**

- অপরাধমূলক ব্যাকগ্রাউন্ড চেক করার জন্য, বিশেষ করে যৌন অপরাধীদের ক্ষেত্রে, অপরাধমূলক ব্যাকগ্রাউন্ড চেকের জন্য সম্প্রদায়-ভিত্তিক স্টেকহোল্ডারদের একটি বিস্তৃত পরিসরের সাথে, প্রতিরোধ কৌশলগুলির জন্য সংবেদনশীল তথ্যে নৈতিক-ভাবে ভাগাভাগি করে নেওয়ার বিষয়ে বিচার সংস্থাগুলির সাথে সমন্বয় করুন।[30]

**অবহিত সম্মতি এবং গোপনীয়তা**

- ক্ষতিগ্রস্তদের/বেঁচে থাকা ব্যক্তিদের মর্যাদাপূর্ণ এবং গোপনীয় আচরণের অধিকার নিশ্চিতসহ বিচার প্রক্রিয়ায় বিচক্ষণতার সাথে তদন্তের অখণ্ডতার ভারসাম্য বজায় রাখার জন্য এবং তদন্ত পরবর্তী ফলাফল নিশ্চিত করার বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে কাজের সম্পর্ক গড়ে তুলুন এবং সেই সম্পর্ক বজায় রাখুন;
- নিশ্চিত করুন যে জ্ঞাত সম্মতি চাওয়ার প্রক্রিয়াটি বিচারিক প্রক্রিয়ার সমস্ত স্টেকহোল্ডারদের দ্বারা সম্মত এবং পরিচিত, বিশেষ করে যেখানে মহিলাদের নিজেদের জন্য সিদ্ধান্ত নেওয়ার তাদের আইনি ক্ষমতা অস্বীকার করা হয়।

## প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারী পুলিশের জন্য রেফারেন্স সূচক: বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়

সমন্বয় বিভিন্ন ধরণের হতে পারে, নীতি উন্নয়নের জন্য অধিক প্রভাবসহ কিছু আনুষ্ঠানিক এবং; অন্যরা কম আনুষ্ঠানিক এবং সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের সাথে ব্যক্তিগতভাবে যুক্ত থাকার ব্যাপারে আগ্রহী। একটি সমন্বিত প্রতিক্রিয়া গুরুত্বপূর্ণ কারণ সমাজের বিভিন্ন ক্ষেত্র সমস্যা সমাধানের জন্য যখন বিচ্ছি-ন্নভাবে কাজ করে তখন সহিংসতা থেকে ভুক্তভোগী/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপদ রাখতে এবং অপরাধীদের জবাবদিহি করতে এটি বেশি কার্যকর। সমন্বয় ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা ব্যক্তি এবং যে সকল সংস্থা এবং প্রতিষ্ঠান নারীর প্রতি সহিংসতার বিরুদ্ধে কাজ করে এবং সম্প্রদায়ের জন্য সুবিধা প্রদান করে।[৩১]

দ্বিতীয় অধ্যায়ে যেমন আলোচনা করা হয়েছে, ESP প্রস্তাব করেছে যে সহিংসতার শিকার/জীবিতদের জন্য সমস্ত ন্যায়বিচার এবং সহায়তা পরিষেবাগুলিকে সর্বাধিক প্রভাব নিশ্চিত করার জন্য সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রমগুলির একটি পরিসরে ভাগ করতে হবে। সেগুলি, প্রযোজ্য ক্ষেত্রে, নির্দিষ্ট ‹খাত› নির্বিশেষে সহিংসতার সম্মুখীন হওয়া মহিলা এবং মেয়েদের প্রতি সাড়া দিতে পারে। নিম্নলিখিত তালিকাটি ESP-এর সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যকলাপ থেকে অনুপ্রাণিত হয়ে প্রস্তুত করা হয়েছে; যা পুলিশ কার্যক্রমের জন্য কিছু রেফারেন্স সূচক প্রস্তাব করেছে যখন তারা একটি সমন্বিত সহিংসতার শিকার/জীবিত-কেন্দ্রিক এবং VAWG-এর প্রতি লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়ায় প্রয়োজনীয় পরিষেবাগুলি সরবরাহ করার লক্ষ্যে কাজ করে।

এগুলি এমন সূচক যা পুলিশ ম্যানেজাররা উপস্থিত থাকলে উল্লেখ করতে পারে, তবে যেখানে তারা উপস্থিত নেই সেক্ষেত্রে উর্ধ্বতন স্তরের কর্মকর্তাদ্বারা এগুলির অন্তর্ভুক্তিকে উৎসাহিত করতে পারে:

- **প্রাপ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতা:** VAWG-এর ক্ষেত্রে বিচার সংস্থাগুলির সাথে আনুষ্ঠানিক এবং/অথবা অনানুষ্ঠানিক সমন্বয় প্রক্রিয়ায় নিয়মিত অংশগ্রহণ করে বা অংশগ্রহণ করেছে এমন স্টেশন পুলিশ কর্মীদের শতাংশ। এই সূচকটিতে লিঙ্গ, পদমর্যা-দা, ইউনিট অনুসারে পুলিশ কর্মীদের আলাদা করা উচিত এবং বিচার সংস্থাগুলিসহ অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের অ্যাক্সেস করার জন্য তাদের পর্যাপ্ত প্রশিক্ষণ দেওয়া হয়েছে কিনা তা যাচাই করা উচিত। এই সূচকটি VAWG ঘটনাগুলিতে কোন স্টেশন পুলিশ নিজেদেরকে প্রথম সাড়া দেবার রয়েছে তাও জানাবে।
- **অভিযোজনযোগ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতা:** স্থানীয় পুলিশ দলকে অন্তর্ভুক্ত করা সমন্বয় প্রক্রিয়ার শতকরা হার যা নারী অধিকার সংস্থাসহ সুশীল সমাজ সংগঠনগুলির (‹CSO›) অর্থপূর্ণ অংশগ্রহণের উপর নির্ভর করে। এই প্রক্রিয়াগুলিতে জাতি, বয়স, ধর্ম, অক্ষমতা, ভাষা এবং যৌন অভিমুখি-তা নির্বিশেষে[32] সক্রিয়ভাবে মহিলাদের সংগঠনগুলির অন্তর্ভু-ক্ত হওয়া উচিত কারণ প্রতিনিধিত্বের বৈচিত্র্যগুলি সমস্যাগুলির

২৯ Logar, Rosa, 'The Austrian model of intervention in cases of domestic violence', Paper presented at the UN Expert Group Meeting: Violence against women: Good practice in combating and eliminating violence against women' (Vienna, 17–20 May 2005).

৩০ যৌন শোষণ ও নির্যাতনের প্রতিরোধ এবং মোকাবেলা করার বিষয়ে ব্যক্তিগত নিরাপত্তা প্রদানকারীদের জন্য নির্দেশিকা (ইন্টারন্যাশনাল কোড অফ কন্ডাক্ট অ্যাসোসিয়েশন ফর প্রাইভেট সিকিউরিটি সার্ভিসেস প্রোভাই-ডার, ২০১৯)।

৩১ See Module 5: Coordination and Governance of Coordination, ESP (2015).

৩২ সমন্বয় প্রক্রিয়ায় এটি নিশ্চিত করা উচিত যে যুব মহিলা এবং মেয়েদের বক্তব্য শোনা হচ্ছে এবং তারা যে দুর্বলতার মুখোমুখি হয় সেদিকে মনোযোগ দেওয়া হচ্ছে। একইভাবে, সমন্বয় প্রক্রিয়ায় প্রতিবন্ধী নারী ও মেয়েরা বিচার পাওয়ার সময় যে বাধার সম্মুখীন হয় তারা সুনির্দিষ্ট প্রয়োজন মেটাতে হবে।

আরও সঠিক বিবরণ প্রদান করতে পারে। CSO-এর অর্থপূর্ণ অংশগ্রহণের কম শতকরা হার আস্থার অভাব, অথবা যৌক্তিক পরিকল্পনার অভাব বা দুইয়ের সংমিশ্রণ নির্দেশ করতে পারে।

- **উপযুক্ততা এবং অ্যাক্সেসযোগ্যতা:** লিঙ্গ বিশেষজ্ঞদের স্থানীয় পুলিশ দলগুলির সাথে জড়িত থাকা সমন্বয় প্রক্রিয়াগুলির শতকরা হার। পুলিশসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে VAWG কে প্রাসঙ্গিক করার ক্ষেত্রে লিঙ্গ বিশেষজ্ঞতা একটি প্রধান ভূমিকা পালন করা উচিত যা তাদের এবং সম্প্রদায়কে VAWG বুঝতে এবং প্রতিক্রিয়া জানাতে তাদের সহায়তা করে। লিঙ্গ বিশেষজ্ঞতা অপরিহার্য পরিষেবা প্রদানকারীদের সাথে VAWG-এর দার্শনিক কাঠামো ভাগাভাগি করা নিশ্চিত করতেও সাহায্য করতে পারে।

- **নিরাপত্তাকে অগ্রাধিকার দিন:** স্থানীয় পুলিশ দলগুলির সাথে জড়িত সমন্বয় প্রক্রিয়াগুলির শতকরা হার যা তাদের প্রধান যোগাযোগ কর্মকর্তা বা কেন্দ্রবিন্দু স্থাপন করেছে যারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং সুরক্ষা প্রোটোকল তত্ত্বাবধান করে (IFVCCs-এর তত্ত্বাবধানের ভূমিকার জন্য বক্স-৫ দেখুন)। যোগাযোগের প্রধান কর্মকর্তা বা ফোকাল পয়েন্টের এমন ভূমিকা হওয়া উচিত যা বিশেষ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের মধ্যে তথ্যের প্রবাহ নিশ্চিত করার লক্ষ্যে, বিশেষ করে ঝুঁকি মূল্যায়ন এবং বিভিন্ন তদন্তের মাধ্যমে, নিরাপত্তা ও সুরক্ষা ব্যবস্থাগুলির সমন্বয়ের লক্ষ্যে কাজ করে। ভূমিকার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বিভিন্ন অনুঘটকদের দ্বারা পালন করা ভূমিকাগুলি এবং শাসন ব্যবস্থার (সিস্টেমের) ঘাটতিগুলির (ফাঁকগুলির) আপ-টু-ডেট সম্পর্কে যৌথ ধারণা থাকা নিশ্চিত কর।[৩৩]

- **অবহিত সম্মতি, গোপনীয়তা এবং অ্যাক্সেসযোগ্যতা:** VAWG হস্তক্ষেপের জন্য প্রমিত নীতি, পদ্ধতি এবং প্রোটোকল পর্যালোচনা করে স্থানীয় পুলিশ দলগুলিকে জড়িত রাখা সমন্বয় প্রক্রিয়া শতকরা হার। বুদ্ধিবৃত্তিক অক্ষমতা, শেখার অসুবিধা বা সংবেদনশীল সংক্রান্ত অক্ষমতাসহ সকল মহিলা এবং মেয়েদের জন্য - পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সম্মতি এবং গোপনীয়তার নীতিমালা মেনে চলার উপর গুরুত্ব দেওয়া উচিত।

- **পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে স্টেকহোল্ডারদের দ্বারা কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:** স্টেশন পুলিশ কর্মীদের জন্য সমন্বয় প্রক্রিয়ার উপর প্রতি বছর যৌথ যৌথ সংস্থা কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের সংখ্যা। এর মধ্যে VAWG সম্পর্কিত একটি সাধারণ বোঝাপড়াকে শক্তিশালী করা, সাধারণ সংজ্ঞা, প্রত্যাশা এবং সর্বোত্তম অনুশীলনগুলিকে পুনঃনিশ্চিত করা এবং প্রতিটি সেক্টরের হস্তক্ষেপ কীভাবে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিদের নিরাপত্তা বৃদ্ধিতে অবদান রাখে তা অন্তর্ভুক্ত করা উচিত।

- **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** পুলিশ দলের সদস্য যারা সফল সমন্বয়ের পরিচালন সংক্রান্ত পরিকল্পনা এবং বাধা চিহ্নিত করার জন্য বেসলাইন স্টাডি করেছে তাদের শতকরা হার। নিরীক্ষণ এবং মূল্যায়ন কীভাবে সমন্বিত সিস্টেমগুলি কাজ করছে তা বোঝার এবং শেখার সুযোগ দেয়। পর্যবেক্ষণ এবং মূল্যায়নের ফলাফলগুলি ভাগ করে নেওয়া সমন্বিত প্রতিক্রিয়াগুলিকে উন্নত করতে এবং স্টেকহোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে এবং উন্নতি সম্পর্কে সিদ্ধান্ত নিতে সহায়তা করে।

- **সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন:** VAWG প্রতিক্রিয়া কৌশলগুলিকে লক্ষ্য করে স্থানীয় পুলিশ দলগুলির সাথে জড়িত পুলিশ অংশীদারিত্বের স্বাধীন (কিন্তু গোপনীয়) মূল্যায়ন বা পর্যালোচনার সংখ্যা। এই মূল্যায়ন বা পর্যালোচনাগুলি এজেন্সিগুলির মধ্যে সমন্বয়ের কার্যকারিতা বা VAWG-এর পদ্ধতি সম্পর্কে অবহিত করতে পারে। নিম্নলিখিতভাবে তাদের দ্বারা মূল্যায়ন করা যেতে পারে:
    - পুলিশের কর্মক্ষমতা এবং সম্প্রদায়ের সুরক্ষা ও নিরাপত্তা পরিস্থিতির উপর জনসাধারণের উপলব্ধি (ধারণা) সমীক্ষা এবংমুখ্য দল সাক্ষাৎকার (ফোকাস গ্রুপ ইন্টারভিউ) পরিচালনা করা;
    - পুলিশের অভ্যন্তরীণ এবং জনসাধারণের তদারকি প্রতিবেদন পরিচালনা করা; মিডিয়া রিপোর্ট বিশ্লেষণ;
    - পুলিশ-সম্প্রদায়ের কার্যক্রমের রেকর্ড রাখা;
    - আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক পাবলিক ফোরামের স্থায়িত্ব বিশ্লেষণ করা।[৩৪]

৩৩ Inspired from the 'Overview of the worldwide best practices for rape prevention and for assisting women victims of rape (Directorate General for Internal Policies Policy Department C: Citizens' Rights and Constitutional Affairs Gender Equality, European Parliament, 2013).

৩৪ See 'Good Practices in Building Police-Public Partnerships by the Senior Police Adviser to the OSCE Secretary General (The Organization for Security and Co-operation in Europe, 2008).

বক্স–৫

### ইলিনয় এবং ওরোমিনায় সমন্বয়ের জন্য প্রতিশ্রুতিবদ্ধ উদ্যোগ

### পারিবারিক সহিংসতা সমন্বয় পরিষদ (‹IFVCC›) ইলিনয়, মার্কিন যুক্তরাষ্ট্র

ইলিনয় পারিবারিক সহিংসতা সমন্বয় পরিষদ (IFVCC) ১৯৯০ সালে ইলিনয় সুপ্রিম কোর্টের পৃষ্ঠপোষকতায় রাজ্য এবং স্থানীয়/ সার্কিট উভয় স্তরের জন্য শুরু হয়েছিল। IFVCCsএর পরচালন ও সভাপতিত্ব করেন প্রধান ও সার্কিট বিচারপতি এবং এই সংস্থাতি নীতি–স্তরের সিদ্ধান্ত গ্রহণকারীদের সমন্বয়ে গঠিত যারা সংস্থা এবং পরিষেবাগুলির প্রতিনিধিত্ব করে যা পারিবারিক সহিংসতা প্রতিরোধ করার কার্যক্রম পরিচালিত করে।

IFVCCs পারিবারিক সহিংসতার প্রাতিষ্ঠানিক, পেশাদার এবং সম্প্রদায়ের প্রতিক্রিয়া উন্নত করার জন্য একটি ফোরাম প্রদান করে। তারা পেশাদার শিক্ষা এবং প্রতিরোধ প্রদান করে; ক্ষতিগ্রস্থ/বেঁচে থাকা এবং অপরাধীদের জন্য কার্যক্রম গ্রহণ করে এবং পরিষেবাগুলির সমন্বয় সাধন করা এবং আইনি ব্যবস্থা এবং বিচার প্রশাসন উভয়ের উন্নতিতে অবদান রাখা।

সমন্বয়ের সুবিধার্থে, বিচার বিভাগ, প্রসিকিউশন সার্ভিস, রাজ্য পুলিশ, প্রাসঙ্গিক সরকারী বিভাগ এবং CSO–এর অংশগ্রহণে নিয়মিত স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা হয়।

উপদেষ্টা কমিটির সদস্য, ইলিনয় IFVCC কর্মী, স্থানীয় কাউন্সিল সমন্বয়কারী এবং স্থানীয় পারিবারিক সহিংসতা সমন্বয় পরিষদের সদস্যদের সমন্বয়ে গঠিত ওয়ার্কগ্রুপ প্রোটোকল, আপডেট করা আইন এবং অন্যদের মধ্যে সমন্বয় ও প্রতিক্রিয়া প্রোটোকলের জন্য নতুন সুযোগ তৈরি করে। উদাহরণস্বরূপ, ২০১৮ সালে, IFVCC প্রতিবন্ধী এবং বৃদ্ধদের, যারা যৌন নিপীড়ন, পারিবারিক সহিংসতা, অপব্যবহার, অবহেলা বা শোষণের অভিজ্ঞতা লাভ করেছে, প্রতি প্রতিক্রিয়া জানানোর জন্য প্রসিকিউটর প্রোটোকলের পর্যালোচনায় অংশগ্রহণ করেছে ।

সূত্র: পারিবারিক সহিংসতা সমন্বয় পরিষদ (IFVCC) এবং যৌন নিপীড়ন, পারিবারিক সহিংসতা, অপব্যবহার, অবহেলা বা শোষণের শিকার প্রতিবন্ধী এবং বৃদ্ধদের প্রতিক্রিয়া জানানোর জন্য প্রসিকিউটর প্রোটোকল, (ইলিনয় রাজ্য, ইলিনয় ফৌজদারি বিচার তথ্য কর্তৃপক্ষ)।

### ওয়ান স্টপ সেন্টার, ইথিওপিয়া

ওরোমিয়া অঞ্চলে ওয়ান–স্টপ সেন্টারগুলি ইউনিসেফের সহায়তায় সরকার ২০১৩ সালে আদমা শহরে প্রথম চালু করেছিল। এই কেন্দ্রগুলি যৌন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের মেডিকো-লিগ্যাল (ফরেন্সিক) এবং সাইকো–সামাজিক পরিষেবা প্রদান করে যারা একই জায়গায় পুলিশ এবং প্রসিকিউটরের কাছ থেকে সমন্বিত পরিষেবা পেতে পারে।

পরবর্তীতে শশামানে ও জিম্মা শহরে আরও দুটি কেন্দ্র স্থাপিত হয়। সরকার তখন থেকে এসওপি এবং কৌশল বিকাশের মাধ্যমে এই কেন্দ্রগুলিকে মানসম্মত করেছে।

আদামা, ওরোমিয়া*–এ ওয়ান স্টপ সেন্টারে একজন প্রশিক্ষিত এবং নিবেদিতপ্রাণ সমাজকর্মী, প্রসিকিউটর, পুলিশ অফিসার, একজন নার্স, একজন কেরানি, একজন ডাক্তার এবং একজন পেশাদার মনোরোগ বিশেষজ্ঞ রয়েছেন। কেন্দ্রটি মহিলা ও শিশু যুব বিষয়ক ব্যুরো, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, পুলিশ, বিশেষ হাইকোর্ট এবং স্থানীয় এনজিওগুলির সাথে যুক্ত।

অ্যাটর্নি জেনারেলের কার্যালয় দ্বারা একটি মাল্টি–সেক্টর স্টিয়ারিং কমিটির মাধ্যমে এটির তত্ত্বাবধান করা হয়। কমিটি পুলিশ তদন্ত, কাউন্সেলিং, চিকিৎসা এবং বিনামূল্যে আইনি সহায়তার মতো মূল পরিষেবাগুলির বিধান পরিচালনা ও সমন্বয় করে।

ওয়ান–স্টপ সেন্টারগুলি ফেডারেল অ্যাটর্নি জেনারেলের নেতৃত্বে VAWG প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানানোর জন্য একটি জাতীয় সমন্বয় সংস্থা হিসেবে কাজ করে। এই সংস্থাটি পাঁচ বছরের জাতীয় কৌশল এবং কর্ম পরিকল্পনার মতো অপারেশনাল সরঞ্জামগুলির সাথে সমর্থিত।

বর্তমানে, ইউএন উইমেনের সহায়তায় সরকারের উদ্যোগের মধ্যে রয়েছে কীভাবে VAWG–এর সাথে সমন্বয় এবং প্রতিক্রিয়া জানাতে হয় সে বিষয়ে একটি মানসম্মত প্রশিক্ষণের জন্য তিনটি বিচার বিভাগকে (পুলিশ, পাবলিক প্রসিকিউটর এবং বিচারক) একত্রিত করা। এই উদ্যোগটি ২০১৬ সালে একটি আঞ্চলিক রাজ্যে শুরু হয়েছিল, এই অঞ্চলে VAWG মামলাগুলির সমন্বয় জোরদার এবং বিচারের হার বাড়ানোর লক্ষ্য নিয়ে।

সূত্র: Kefetew, K. 'Providing a coordinated response to survivors of sexual violence in the Oromia Region, Ethiopia' (UNICEF, 2019)

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Good Practices in Building Police-Public Partnerships by the Senior Police Adviser to the OSCE Secretary General (The Organization for Security and Co-operation in Europe, 2008), see: https://www.osce.org/secretariat/32547?download=true

২. Anneke Osse, Understanding Policing: A Resource for Human Rights Activists (Amnesty International, 2006)

৩. Community-Oriented Policing in United Nations Peace Operations Manual (UN DPO, 2018), see: https://police.un.org/sites/default/files/manual-community-oriented-poliicing.pdf

৪. Guidelines for Integrating Gender-Based Violence Interventions in Humanitarian Action: Reducing risk, promoting resilience and aiding recovery (Inter-Agency Standing Committee, 2015), see: https://gbvguidelines.org/wp/wp-content/uploads/2015/09/2015-IASC-Gender-based-Violence-Guidelines_lo-res.pdf

৫. Module 5: *Coordination and Governance of Coordination*, Essential Services Package for Women and Girls subject to Violence: Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015), see: https://www.unwomen.org/en/digital-library/publications/2015/12/essential-services-package-for-women-and-girls-subject-to-violence

৬. Good Practices in Building Police-Public Partnerships by the Senior Police Adviser to the OSCE Secretary General (The Organization for Security and Co-operation in Europe, 2008).

৭. 'Understanding local security councils in two minutes' *Coginta for Police Reforms*, see: https://www.youtube.com/watch?v=7fGF0_nteGA

৮. Qu'est ce qu'un CLSPD - CISPD? (Government of France), see: http://www.isere.gouv.fr/Politiques-publiques/Securites/Securite-publique/Prevention-de-la-delinquance2/Qu-est-ce-qu-un-CLSPD-CISPD

৯. 'Guide pratique conseil local de sécurité et de prévention de la délinquance en république de guinée' (Coginta for Police Reform, 2017), see : http://94.23.195.75/uploads/documents/cedd246fb-c7d133bcf29135bec8a66d561202ae4.pdf

১০. Fernandez, M., Piaget, K., Hernandez, T., and Berthoud, S., "Decentralisation of Security Governance: Facilitator of a Human Rights-based Approach (HRBA) to SSR?' *ISSAT* HRBA Working Group Paper 3 (2017), see: https://issat.dcaf.ch/download/111714/2027474/HRBA%20Working%20Group%20Paper%203.pdf

১১. 'Aspects of violence against women that pertain directly to the Commission on Crime Prevention and Criminal Justice', *Commission on Crime Prevention and Criminal Justice* V.08-52191 (E) *0852191* (Seventeenth session, Vienna, 14-18 April 2008).

১২. UN Women: Flagship Programme Initiatives, see: https://www.unwomen.org/en/how-we-work/flagship-programmes

১৩. Benefits of Coordination. Stop Violence against Women: A Project of The Advocates for Human Rights, see: http://www.stopvaw.org/Benefits_of_Coordination.html

১৪. A Study for Creating a Multidisciplinary Response Mechanism to Violence Against Women in Egypt (UNODC, 2015).

১৫. Manual on the law relating to violence against women, England and Wales, Greece, Ireland, Italy, Northern Ireland, Poland, Spain (European Lawyers Foundation, 2018), see: https://elf-fae.eu/wp-content/uploads/2018/06/Manual-on-the-law-relating-to-violence-against-women.pdf

১৬. Thematic study on the issue of violence against women and girls and disability, Report of the Office of the United Nations High Commissioner for Human Rights, 30 March 2012, (A/HRC/20/5) at: https://www2.ohchr.org/english/issues/women/docs/A.HRC.20.5.pdf

১৭. Submission to the Special Rapporteur on the Rights of Persons with Disabilities: Good Practices for Increasing Effective Access to Justice for Women and Girls with Disabilities, (Women Enabled International, August 9, 2019) at: https://womenenabled.org/reports/wei-access-to-justice-good-practices-submission-to-un-special-rapporteur-on-persons-with-disabilities/

১৮. Manual on Community-Oriented Policing in United Nations Peace Operations (UN DPO, 2018), see: https://police.un.org/en/manual-community-oriented-policing-in-peace-operations

১৯. UN Police Gender Toolkit: Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping: Compendium of Project Tools (2015), see: http://repository.un.org/bitstream/handle/11176/387374/United%20Nations%20Police%20Gender%20Toolkit%20Compendium%20of%20Project%20Tools.pdf?sequence=55&isAllowed=y

২০. Prosecutor Protocol for Responding to Victims with Disabilities and Older Adults who Experience Sexual Assault, Domestic Violence, Abuse, Neglect or Exploitation (State of Illinois, Illinois Criminal Justice Information Authority), at: http://www.icjia.state.il.us/assets/ifvcc/Model%20Protocols/PWD_OA_Prosecutor_Protocol_113018.pdf

২১. Family Violence Coordinating Councils (IFVCC), Illinois, see: http://www.icjia.state.il.us/ifvcc

২২. Prosecutor Protocol for Responding to Victims with Disabilities and Older Adults who Experience Sexual Assault, Domestic Violence, Abuse, Neglect or Exploitation, (State of Illinois, Illinois Criminal Justice Information Authority), at: http://www.icjia.state.il.us/assets/ifvcc/Model%20Protocols/PWD_OA_Prosecutor_Protocol_113018.pdf

২৩. Kefetew, K., Providing a coordinated response to survivors of sexual violence in the Oromia Region, Ethiopia (UNICEF, 2019), see: https://www.unicef.org/ethiopia/stories/providing-coordinated-response-survivors-sexual-violence-oromia-region

# যোগাযোগ

*“যোগাযোগ হল বিশ্বাস তৈরি করার এবং কার্যকরভাবে লক্ষ্যগুলি অর্জনের চাবিকাঠি।»*

**UNPOL জেন্ডার টুলকিট (২০১৫)।**

# এই অধ্যায়ের মূল উদ্দেশ্য হল

**সঠিক ভাবে যোগাযোগ করা, অভিযোগ শোনা, পরিবর্তনশীল ন্যায়বিচারের চাহিদাগুলিকে পূরণ করা এবং গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিতের মাধ্যমে গড়ে তোলা সম্পর্কের ভিত্তিতে নিরাপত্তার অনুভূতি নিশ্চিত করার মাধ্যমে পুলিশ সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের বিচার ব্যবস্থায় ক্ষমতায়ন করেছে। ।**

## এই অধ্যায়ের মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ

- কর্মীদের মাধ্যমে ছড়ানো যেকোন লিঙ্গ এবং অন্যান্য পরস্পরবিরোধী ক্ষতিকারক পক্ষপাত সনাক্ত এবং মোকাবেলা করা টিম ম্যানেজার/লিডারের দায়িত্বের অংশ;
- পুলিশ সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের গল্প শোনার শুধুমাত্র 'শ্রোতা' নয় এই বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে 'সক্রিয়' শোনার দক্ষতা ব্যবহার করা সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের সাথে যোগাযোগের একটি গুরুত্বপূর্ণ অংশ
- সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের সাথে বিশ্বাস স্থাপন করুন এবং সম্পর্ক গড়ে তুলুন যাতে তারা ঘটনা বলার সময় আত্মবিশ্বাসী বোধ করেন, তাকে যাচাই করুন এবং তাকে আশ্বস্ত করুন এই বলে যে তিনি দোষী নন;
- তদন্ত এবং বিচার প্রক্রিয়ার বিভিন্ন ধাপ সম্পূর্ণরূপে ব্যাখ্যা করুন এবং বিচার সংক্রান্ত সর্বশেষ এবং সমন্বিত তথ্য প্রদানের জন্য তাদের সাথে যোগাযোগ রক্ষা করুন;
- সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের সাথে যোগাযোগের দক্ষতা দুর্বল হলে তা তাদের উপর দীর্ঘস্থায়ী মানসিক আঘাতমূলক প্রভাব ফেলতে পারে এবং সাধারণভাবে রিপোর্ট দাখিলের সংখ্যা কমে যেতে পারে;
- নারী ও মেয়েদের অসম ভাবে প্রভাবিত করে এই ধরণের বৈষম্য সম্পর্কে সঠিক ধারণার অভাব লিঙ্গ পক্ষপাত তৈরি করে। ;
- অসম্মতির যৌন সহিংসতা এবং যৌন-ভিত্তিক অপরাধের মূল কারণ।



# ভূমিকা

**সম্প্রদায় এবং সহিংসতা এবং অপরাধের শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে দৈনন্দিন যোগাযোগ ছাড়াও, পুলিশকে প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ নিশ্চিত করতে বিচার সংস্থা এবং স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে ব্যাপক ভাবে জড়িত থাকতে হবে। ফলে, পুলিশকে কার্যকরভাবে যোগাযোগ করতে সক্ষম করার জন্য আন্তঃব্যক্তিক দক্ষতার বিস্তৃত পরিসর সম্ভবত আগের চেয়ে আরও গুরুত্বপূর্ণ।**

ছবি: UNIFIL/Pasqual Gorriz (লেবানন) এর সৌজন্যে

বাহ্যিকভাবে, ফ্রন্টলাইন পুলিশ সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়ে এবং সকল অবস্থানের সংশ্লিষ্ট নাগরিকদের সাথে জড়িত। এর জন্য প্রয়োজন দৃঢ় সহানুভূতি, সমবেদনা, ইশারায় যোগাযোগ এবং সক্রিয় ভাবে শোনার  এবং যোগাযোগের দক্ষতার সাথে বয়স, শিক্ষার স্তর, শোনার এবং/অথবা বোঝার ক্ষমতা অনুসারে বিভিন্ন শ্রেণির আলোচকদের চাহিদার সাথে খাপ খাইয়ে নেওয়ার ক্ষমতা।

ব্যক্তিগত স্তরে, এই ধরনের দক্ষতাগুলি সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের আশ্বস্ত করতে, মানুষদের শান্ত করতে, সহিংসতা হ্রাস করতে, দায়িত্ব এবং প্রক্রিয়া সম্পর্কে তথ্য প্রেরণের সময় স্পষ্টতা নিশ্চিত করতে (যার সাথে তারা জড়িত রয়েছে তার সাথে খাপ খাইয়ে চলা), এবং জনগণের সুরক্ষা নিশ্চিত করার জন্য একটি সহযোগিতামূলক কর্ম পদ্ধতি প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ ।

প্রাতিষ্ঠানিকভাবে, সমস্ত পুলিশ অফিসারকে, পদমর্যাদা নির্বিশেষে সম্প্রদায়ের প্রতিনিধি, সুশীল সমাজ, অন্যান্য আইন প্রয়োগকারী প্রতিনিধি এবং প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে কার্যকর-ভাবে জড়িত থাকার জন্য প্রস্তুত থাকতে হবে। এই ব্যস্ততার সময়, পুলিশ যোগাযোগের মূল লক্ষ্য হওয়া উচিত স্বচ্ছতা নিশ্চিত করা, প্রত্যাশা এবং ভূমিকা সম্পর্কে স্পষ্ট ধারণা রাখা, এবং সামঞ্জস্যপূর্ণ, সমাধান করতে সক্ষম, অন্তর্ভুক্তিমূলক এবং সহযোগিতামূলক কাজ করা।

সংগঠনের মধ্যে, পুলিশের আন্তঃব্যক্তিক যোগাযোগগুলি আচরণবিধি, সততা কাঠামো (মতবাদ অনুসারে) এবং কমান্ডের দায়িত্বের ক্ষেত্রে নেতৃত্বের প্রত্যাশা দ্বারা নির্ধারিত হয়। পুলিশ ম্যানেজারদের কাছে প্রত্যাশা যে তারা এই কোড, কাঠামো (ফ্রেমওয়ার্ক) এবং প্রত্যাশাগুলিকে দৈনন্দিন কাজের মধ্যে এবং তাদের কর্মীদের সাথে কার্যকারিতা এবং দক্ষতার উপর ভিত্তি করে দক্ষ মৌখিক পদ্ধতিতে শৃঙ্খলা এবং সততা নিশ্চিত করার জন্য ব্যবহার করবেন।

যখন একজন সহযোগী পুলিশ অফিসার বা অফিসারদের একটি দল জাতীয় নীতি বা প্রাতিষ্ঠানিক সিদ্ধান্তগুলি বুঝতে বা এমনকি

> **“যোগাযোগের মধ্যে রয়েছে সম্প্রদায়ের সাথে মিথস্ক্রিয়া (যোগাযোগ) তৈরি করা, তাদের মতামত ও ধারণা শোনা এবং তাদের সাথে এমনভাবে কাজ করা যা পুলিশের কর্মক্ষমতা এবং পরিষেবা সরবরাহের উন্নতি করবে।»**
>
> ইউকে কলেজ অফ পুলিশিং

প্রশ্নও করে না তখন এগুলিকে স্পষ্ট করা উচিত। VAWG এবং GBV-এর অন্যান্য ধরণগুলিকে মোকাবেলা করা এমন একটি বিষয় যা বিভিন্ন ধরণের অন্তর্নিহিত এবং স্পষ্ট ক্ষতিকারক পক্ষপাতকে আহ্বান করে কারণ এটি অন্তর্নিহিতভাবে অনুভূত সামাজিক এবং সাংস্কৃতিক নিয়মগুলির সাথে যুক্ত যা পুরুষতান্ত্রিক এবং বৈষম্য-মূলক প্রকৃতির।

*লিঙ্গ পক্ষপাত হল এক লিঙ্গ বনাম অন্য লিঙ্গের প্রতি ঝোঁক বা কুসংস্কার। লিঙ্গ পক্ষপাত, তা অন্তর্নিহিত (অচেতন) বা সুস্পষ্ট (সচেতন) যাই হোক না কেন - লিঙ্গ-ভিত্তিক বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপ) এবং মনোভাব দ্বারা প্রভাবিত হয় এবং অবহিত করা হয় যা পুরুষ বনাম নারীদের বিভিন্ন বৈশিষ্ট্য, ভূমিকা এবং আচরণ নির্ধারণ করে - এবং এর মধ্যে রয়েছে যৌন ভূমিকা এবং আচরণ।*

যেহেতু অনেক পুলিশ অফিসারের পুলিশিং এর উপর অন্তর্নিহিত এবং সুস্পষ্ট পক্ষপাতিত্বের ক্ষতি সম্পর্কে যথেষ্ট সচেতনতা নাও থাকতে পারে, তাই তাদের পক্ষে লিঙ্গ সমতা সম্পর্কিত নীতিগুলির প্রাসঙ্গিকতা এবং/অথবা প্রযোজ্যতা নিয়ে প্রশ্ন তোলা অস্বাভাবিক নয় বিধায় আচরণগত পরিবর্তনের প্রয়োজন। পুলিশ ম্যানেজারদের উচিত উদাহরণ সৃষ্টির মাধ্যমে নেতৃত্ব দেওয়া এবং যেকোন লিঙ্গ এবং অন্যান্য পরস্পরবিরোধী ক্ষতিকারক পক্ষপাতিত্ব চিহ্নিত করা[১] এবং জননিরাপত্তার কাঠামো, নীতি বা কোডের উদ্দেশ্যগুলি, সম্প্র-দায়ের এবং সাধারণভাবে পুলিশিং এর সুবিধা, সেইসাথে অ-সম্মতি ঘটলে এর প্রভাব সম্পর্কে স্পষ্টভাবে যোগাযোগ করার মাধ্যমে এই ধরনের প্রশ্ন বা আতঙ্কিত মনোভাবগুলির সমাধান করা।

এটি অপরিহার্য যে অফিসার প্রশিক্ষণ প্রোগ্রাম এবং সাংগঠনিক সহায়তা ব্যবস্থা (যেমন পরামর্শমূলক স্কিম) পুলিশ অফিসারদের কমান্ডের দায়িত্বের জন্য প্রস্তুত করার সময় আন্তঃব্যক্তিক যোগাযোগ দক্ষতা এবং টুলস (সরঞ্জাম) সম্পর্কে ধারণা প্রদান করছে, যাতে পুলিশ VAWG তদন্ত এবং প্রতিরোধকে দুর্বল করে এমন ক্ষতিকারক পক্ষপাতের প্রভাব থেকে মুক্ত হয়ে কাজ করার জন্য নিজেদের আরও ভালভাবে প্রস্তুত করতে পারে।

এই ধরনের প্রশিক্ষণ এবং সহায়তা ব্যবস্থার জন্য প্রাতিষ্ঠানিক নীতি এবং কৌশলগুলি থাকতে হবে এবং প্রতিশ্রুতিবদ্ধ সিনিয়র নেতৃত্বের দ্বারা শক্তিশালী হতে হবে যারা প্রতিদিনের পুলিশিংয়ের মূল দক্ষতা হিসাবে লিঙ্গ-সংবেদনশীল যোগাযোগ দক্ষতাকে অগ্রাধিকার দিতে প্রস্তুত। VAWG-সংক্রান্ত ঘটনায় পুলিশ প্রতিদিন যেভাবে প্রতিক্রিয়া জানায় সেটি বিবেচনা করা বিশেষ ভাবে গুরুত্বপূর্ণ কারণ আইপিভি যেহেতু একবার ঘটবার মতো ঘটনা নয় তাই পুলিশ প্রায়শই সহিংসতার শিকার/বেঁচে নারী ও মেয়েদের এবং অপরাধীদের সাথে পুনরায় জড়িত হয়ে পড়ে।

বিভিন্ন এবং প্রায়শই অনাকাঙ্ক্ষিত পরিস্থিতিতে বিভিন্ন অবস্থানের মানুষদের সাথে কার্যকরভাবে যোগাযোগ করার ফ্রন্টলাইন পুলিশের প্রতিদিনের প্রয়োজনীয়তার কারণে এই বিষয়টি আরও জটিল আকার ধারণ করে।

এই ধরনের নীতি এবং কৌশলগুলিকে প্রকৃতিগত ভাবে রূপা-ন্তরমূলক এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তন ঘটানোর একটি সুস্পষ্ট লক্ষ্য নিয়ে কাজ করতে হবে, যাতে পুলিশ জনগণের রক্ষক এবং দায়িত্ব বাহক হিসাবে, আরও লিঙ্গ সংবেদনশীল হয়ে ওঠতে পারে।[২] লিঙ্গ-সংবেদনশীল কর্মক্ষমতা এবং দক্ষতা যেমন -লিঙ্গ-সংবেদ-নশীল যোগাযোগ দক্ষতার মতো দক্ষতা সেটগুলি- এই রূপান্তর প্রক্রিয়ার কেন্দ্রবিন্দু।

*লিঙ্গ সংবেদনশীলতা সহিংসতার শিকার/জীবিত নারী ও মেয়েদের অনন্য চাহিদা এবং দৃষ্টিভঙ্গি বিবেচনা করে, তার মর্যাদা এবং সততাকে সম্মান করে এবং ফরেনসিক প্রমাণ সংগ্রহের মানদণ্ডগুলি মেনে চলার সময় অনুপ্রবেশ হ্রাস করে।*

ফলে, ফলস্বরূপ, রূপান্তরমূলক নীতি এবং কৌশলগুলিকে পুলিশ সংস্কার মিশন এবং ভিশন প্রণয়নে এবং পরবর্তীকালে সর্বোচ্চ স্তরের কৌশলগত উদ্দেশ্যগুলিতে প্রতিফলিত হওয়া দরকার। এই প্রক্রিয়ায় লিঙ্গ-সংবেদনশীল যোগাযোগ দক্ষতার প্রচারের মাধ্যমে কাঙ্খিত রূপান্তরে প্রভাবশালী অবদান রাখতে মধ্যস্তরের পরিচা-লকদের জন্য এটি ভিত্তি হিসেবে কাজ করবে। পুলিশ রূপান্তরের জন্য প্রয়োজনীয় প্রাতিষ্ঠানিক পরিবর্তন সাধনের বিষয়ে আরও আলোচনার জন্য দশম অধ্যায় : 'VAWG-এর জন্য কার্যকর এবং জবাবদিহিমূলক প্রতিক্রিয়ার জন্য প্রতিষ্ঠান নির্মাণ' এবং একাদশ অধ্যায়: 'জেন্ডার-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশলগুলি' দেখুন।

১ মনোভাব এবং আচরণকে প্রভাবিত করে এমন পক্ষপাতগুলি লিঙ্গ, বয়স, অক্ষমতা, জাতিসত্তা, যৌন অভিমুখীতা এবং অন্যদের মধ্যে সামা-জিক-অর্থনৈতিক পটভূমির মতো বিভিন্ন পরস্পরবিরোধী কারণের সাথে যুক্ত।

২ লিঙ্গ-সংবেদনশীল ফৌজদারি বিচার মানে আইন, ফৌজদারি বিচার প্রতিষ্ঠান, ফৌজদারি বিচার প্রক্রিয়া এবং ফৌজদারি বিচারের ফলাফল লিঙ্গের ভিত্তিতে কারও সাথে বৈষম্য করবে না। See: Skinnider, Eileen, 'Towards Gender-Responsive Criminal Justice: Good Practices from Southeast Asia in responding to violence against women (Thailand Institute of Justice, 2018).

সহিংসতার শিকার/জীবিত নারীদের ও মেয়েদের এবং তাদের সম্প্রদায় বা সহায়তাকারীদের সাথে জড়িত হওয়ার জন্য লিঙ্গ-সংবেদনশীল যোগাযোগ দক্ষতাকে অভ্যন্তরীণভাবে প্রচার করার ক্ষেত্রে নির্দেশিকাটি পুলিশ পরিচালকরা যে সমস্ত চ্যালেঞ্জের সম্মুখীন হয় সেগুলি মোকাবেলা করবে।

অন্যান্য বিচার সংস্থাগুলির সাথে যোগাযোগ এই অধ্যায়ে আলোচিত হবে না কারণ এটি

**"পুলিশকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে নারীদের সময়োপযোগী, প্রাসঙ্গিক, নির্ভরযোগ্য এবং সৎ তথ্য সরবরাহ করা হয়। এইভাবে তথ্য দিলে অপরাধ কমাতে সাহায্য করতে পারে। বিপরীতে, সম্প্রদায় বা পুলিশ তথ্য আদান-প্রদান না করলে অপরাধ হ্রাসে বিরূপ প্রভাব পড়তে পারে।"**

**ইউএন পুলিশ জেন্ডার টুলকিট, ২০১৫**

অষ্টম অধ্যায়: 'বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়' এবং দ্বাদশ অধ্যায়: 'বিচার প্রক্রিয়ার ধারাবাহিকতা" অধ্যায়ে আরও বিশদে আলোচনা করা হবে। পূর্বের অধ্যায়গুলির মতো, পাঠককে মডিউল-৩ এ ESP-এর ন্যায়বিচার এবং পুলিশিং এর প্রয়োজনীয় পরিষেবা ১০ এর যোগাযোগ এর আলোকে এই অধ্যায়টি পড়বার পরামর্শ দেওয়া হয়েছে।

পাঠককে এই অধ্যায়কে ইউএন পিস অপারেশনস ম্যানুয়াল, আন্তর্জাতিক পুলিশ শান্তিরক্ষার জন্য কৌশলগত গাইডেন্স ফ্রেমওয়ার্ক এবং UNODC এর স্ট্রেংথেনিং ক্রাইম প্রিভেনশন এবং ক্রিমিনাল জাস্টিস রেসপন্স টু ভায়োলেন্স টু ভায়োলেন্স (২০১৪) নথিগুলির আলোকে পড়বার সুপারিশ করা হয়েছে।

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা (পিয়ার টু পিয়ার গাইডেন্স)

কার্যকর যোগাযোগ সম্ভবত ভিএডব্লিউজি (VAWG)-এর সহিংসতার শিকার নারী এবং মেয়েদের এবং সাক্ষীদের সাথে আচরণ করার সবচেয়ে গুরুত্বপূর্ণ দিকগুলির মধ্যে একটি। শারীরিক ভাষা, ইশারার মাধ্যমে যোগাযোগ (অ-মৌখিক যোগাযোগ) ('NVCs'), সহিংসতার শিকার নারী এবং মেয়েদের কাছে একটি ইতিবাচক বা নেতিবাচক বার্তা প্রদানের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে এবং VAWG এর সহিংসতার শিকার নারী ও মেয়ে এবং সাক্ষীদের সংস্পর্শে আসা সকলের 'সক্রিয়' ভাবে শোনা দক্ষতা বৃদ্ধি করা দরকার।

যে কোন বার্তার কার্যকরী বিতরণ নির্ভর করে বার্তা বিতরণকারী ব্যবহৃত শব্দ, কন্ঠস্বর এবং প্রদর্শিত শারিরিক অঙ্গ-ভঙ্গির উপর। বিভিন্ন গবেষণা থেকে জানা গেছে যে যোগাযোগের সময় এই তিনটি উপাদানের সঠিক অনুপাতের ব্যবহার শ্রোতাকে সেই বার্তা শোনা এবং ভাল ভাবে বোঝার ক্ষেত্রে সবচেয়ে বেশী প্রভাবিত করে।

অনুপাতটি আপনাকে অবাক করে দিতে পারে, কারণ একটি সফল বার্তা তখনই বিতরণ করা হয় যখন এটি বিতরণ করা হয় শুধুমাত্র ৭% শব্দ ব্যবহারের মাধ্যমে, ৩৮% কন্ঠস্বরের দ্বারা এবং ৫৫% শারীরিক ভাষা ব্যবহারের মাধ্যমে। এটি আপনার এবং আপনার কর্মীদের উপর প্রভাব ফেলবে যদি আপনি নিজের শরীরের ভাষা সম্পর্কে অবগত না থাকেন, অথবা আপনি যদি আপনার কন্ঠস্বরে সংবেদনশীলতা বা সমবেদনা প্রদর্শন না করেন।

সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা তাদের সম্পূর্ণ গল্প বলবে এর জন্য তাদের সাথে বিশ্বাস এবং সম্পর্ক তৈরি করতে সবচেয়ে বেশী যে জিনিসটি গুরুত্বপূর্ণ তা হল যোগাযোগের ধরন। মনে রাখবেন পুলিশে রিপোর্ট করার ফলাফলের ভয়ে, এবং মানসিক আঘাতের প্রভাবের কারণে তিনি ভীত হতে পারেন বা নির্দিষ্ট দুর্বলতা বা প্রয়োজন থাকতে পারে। ভাষার ব্যবহারও গুরুত্বপূর্ণ কারণ ইতিবাচক বাচনভঙ্গি সম্ভাবনা, পছন্দ এবং সুযোগ চিহ্নিত করে, যেখানে নেতিবাচক বাচনভঙ্গি যা অর্জন করা যায় না তা সনাক্ত করে।

সক্রিয় ভাবে শোনার ক্ষমতা মূল্যবান দক্ষতা যা শরীরের ভাষার ইতিবাচক ব্যবহার যেমন চোখের যোগাযোগ, মাথা নাড়ানো, ও সহিংসতার শিকার বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে একটি ইতিবাচক যোগাযোগযোগ্য ভঙ্গি প্রদর্শন করার মাধ্যমে সমর্থিত হয়।

এটিকে ভিন্ন ভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপটে সাবধানতার সাথে পরিচালনা করা প্রয়োজন কারণ যদি একজন সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ে সাংস্কৃতিক নিয়মের এবং/অথবা কোনো মানসিক আঘাতের কারণে চোখ চোখ রেখে যোগাযোগ করতে অক্ষম হয় তার মানে এই নয় যে সে সত্য বলছে না।

আপনার কর্মীদের সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা অবস্থায় চিন্তা করতে বলুন। এটা তাদের কেমন অনুভূতি প্রদান করবে যখন তারা কাউকে এমন কিছু বলার চেষ্টা করে যা তাদের জন্য গুরুত্বপূর্ণ এবং অন্য ব্যক্তি শুনছে বলে মনে হয় ন? উদাহরণস্বরূপ, তারা তাদের দিকে তাকাচ্ছে না বা অন্য কিছুতে নিমগ্ন রয়েছে যেমন টেলিফোন কল বা রেডিও বার্তা?

**সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে কথা বলার উপর আরও তথ্যের জন্য চতুর্থ অধ্যায়ঃ 'প্রাথমিক যোগাযোগ' দেখুন।**



ছবি: UNMIT/Martine Perret (TimorLeste) এর সৌজন্যে

একজন সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ে কি বলছে তা আপনার কর্মীদের উন্মুক্ত মন দিয়ে শুনতে হবে এবং নিশ্চিত করতে হবে যে তাদের কোন কুসংস্কার, পূর্ব ধারণা বা নিজস্ব মতামত থাকলেও তা কোন ভাবেই সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েকে জানানো যাবে না। মনে রাখবেন তারা একজন সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ের বিচার করার জন্য সেখানে যাই নি এবং তাকে কথা বলার অনুমতি দিলে তার প্রতি বিশ্বাস তৈরি হবে। সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ের সাথে বিশ্বাস এবং সম্পর্ক তৈরি করতে কতটা সময় লাগবে, তা নির্ভর তারা কি পরমাণ মানসিক আঘাত সহ্য করেছে কিংবা কতটা ভয় পেয়েছে তার উপর।

**"শিশুরা ছোট প্রাপ্ত বয়স্ক নয়। তারা এমন ভাবে ঘটনা থেকে অভিজ্ঞতা অর্জন করে, চিন্তা করে, কথা বলে এবং তাদের নিজস্ব পদ্ধতিতে আচরণ করে, যার মাধ্যমে তাদের বয়স এবং বিকাশমান ক্ষমতা প্রতিফলিত হয়। আমরা যদি চাই যে শিশুরা বিচার প্রক্রিয়ায় অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করবে এবং আরও ক্ষতির হাত থেকে রক্ষা পাবে, তাহলে তাদের সাথে যোগাযোগ করার সময় আমাদের ভাষা ও আচরণকে তাদের সাথে মানিয়ে নিতে হবে।»**

**নারীর বিরুদ্ধে সহিংসতার কার্যকর পুলিশী প্রতিক্রিয়া সম্পর্কিত হ্যান্ডবুক (UNODC, ২০১৫)**

সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা কী ধরণের অভিজ্ঞতা অর্জন করেছেন তা যাচাই করা আপনার কর্মীদের জন্য খুবই গুরুত্বপূর্ণ, কারণ আমরা জানি সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা তাদের সাথে যা ঘটেছে তার জন্য প্রায়শই তারা নিজেকে দায়ী করে। এমন ধরণের ব্যাখ্যা প্রদান করুন যাতে সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা নিজেদেরকে দোষী সাবস্থ না করে এবং আপনার সাথে তাদের বিশ্বাস স্থাপনে সাহাজ্য করে। আপনার কর্মীরা সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সবচেয়ে যে গুরুত্বপূর্ণ বার্তাটি প্রদান করতে পারে তা হল 'যা ঘটেছে তার জন্য আপনি দায়ী নন'।

আপনার কর্মীদের সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা যা বলছে তা গ্রহণ করতে হবে এবং তারপরে অন্য অপরাধের প্রমাণ সংগ্রহ করতে হবে এই বিষয়টি মনে রেখে যে মিথ্যা রিপোর্টিং এর ঘটনা খুবিই আসলে খুবই বিরল। পরিবর্তে, আপনি যে বিষয়টির উপর গুরুত্ব প্রদান করা উচিত সেটি হল বিশ্বব্যাপী, VAWG এর ঘটনা ব্যাপকভাবে কম-রিপোর্ট করা হয়।

আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার কর্মীরা নিম্নলিখিত মৌলিক মানদণ্ড গুলি পূরণ করছে:

- সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ের সাথে কথা বলার জন্য একটি উপযুক্ত স্থান নির্বাচন করুন যা তাদের গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা নিশ্চিত করবে এবং তারা যে

কোন ভয় বা মানসিক আঘাতের মধ্য দিয়ে সময় পার করছে তা আর বাড়বে না;

• নিজেদের পরিচয় করিয়ে দিন এবং সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ের নিরাপত্তা, তথ্যের গোপনীয়তা, সহায়তা পরিষেবা (যদি থাকে), ফরেনসিক/চিকিৎসা পরীক্ষা ইত্যাদিসহ পুরো প্রক্রিয়াটি ব্যাখ্যা করুন,;

• বিনা বাধায় তাদের 'ঘটনাটি বলতে' দিন;

• 'ঘটনা বলা' শেষ হলে ঘটনা সম্পর্কিত আরও তথ্য প্রদানে উৎসাহিত করতে কে, কী, কখন, কোথায় এবং কীভাবে- এই জাতীয় উন্মুক্ত প্রশ্নগুলি ব্যবহার করুন। ‹কেন?' জাতীয় প্রশ্ন জিজ্ঞেস করবার সময় সতর্কতা অবলম্বন করুণ কারণ সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ে ইতোমধ্যেই অনেকবার নিজেকে এই প্রশ্নটি জিজ্ঞাসা করেছেন এবং আপনি এই প্রশ্ন বার বার জিজ্ঞাসা করলে তাদের মানসিক আঘাত এবং নিজেদের দোষের অনুভূতি আরও বেড়ে যেতে পারে।

• ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া শুরু করুন এবং সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ের সাথে তাদের নিরাপত্তা পরিকল্পনার প্রাথমিক উপাদান বিবেচনা করুন।

**শিশুদের সাথে কথা বলার বিষয়ে আরও তথ্যের জন্য পঞ্চম অধ্যায়: 'তদন্ত' দেখুন।›**

সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েরা পুলিশের কাছে তার অভিযোগ করার মাধ্যমে বিচার প্রক্রিয়ায় প্রবেশ করলে, তার সাথে যোগাযোগ বজায় রাখা অত্যাবশ্যক। মামলার অগ্রগতির সাথে সাথে তাকে অবশ্যই হালনাগাদ তথ্য সরবরাহ করতে হবে, যার মধ্যে কোনো অভিযুক্ত অপরাধীকে আটক করা এবং কোনো মুক্তির শর্ত বা কোনো শর্তের লঙ্ঘনসহ অন্যান্য বিষয় অন্তর্ভুক্ত থাকবে।

তার নিরাপত্তার ভয় থাকলে তাকে কী করতে হবে এবং কীভাবে পুলিশের সাথে যোগাযোগ করতে হবে তা জানতে হবে। ঝুঁকির মূল্যায়ন এবং নিরাপত্তা পরিকল্পনার নিয়মিত পর্যালোচনা করার

**বক্স-১**

**শিশুদের সাথে কথা বলার জন্য টিপস***

ভাল অনুশীলন যে বিষয়টি নির্দেশ করে তা হল যে শিশুকে লাঞ্ছিত করা হয়েছে তাকে তুলে নেওয়া উচিত নয় বা পুলিশ অফিসার/তদন্তকারীদের তার শারীরে স্পর্শ করা উচিত নয়। একজন প্রাপ্তবয়স্ক অপরিচিত ব্যক্তি হিসেবে, আপনি হয়তো তার মানসিক আঘাত আর বাড়িয়ে দিতে পারেন এবং আদালতকে অযথা প্রভাবিত করছেন বিধায় সমালোচিত হতে পারেন। কিছু চিত্তবিনোদনের সুবিধাসহ (যেমন খেলনা এবং শব্দ) একটি ঘর ব্যবহার করার, শক্তিশালী সুগন্ধি বা আফটারশেভ ব্যবহার না করার এবং তাকে বুঝতে সহায়তা করার জন্য জন্য শারীরবৃত্তীয়ভাবে সঠিক পুতুল ব্যবহার করার উপদেশ দেওয়া হয়েছে ।

তাছাড়া, একটি শিশু যখন নিম্ন স্তরে আপনার সাথে কথা বলে তখন শিশুটির সাথে একই স্তরে থাকা এবং সমান্তরাল ভাবে চোখের যোগাযোগ করতে ভুলবেন না (যেমন, হাঁটুর উপর ভড় দিয়ে বা নিচে বসুন।

এতা নিশ্চিত করুন যে আপনি শিশুর ভাষা শিখছেন (বাবা-মাকে জিজ্ঞাসা করুন) এবং প্রাপ্তবয়স্কদের ভাষা ব্যবহার করার বিপরীতে, বিশেষ করে পুরুষ এবং নারীদের যৌনাঙ্গের বিষয়ে কথা বলার ক্ষেত্রে শিশুদের ভাষায় কথা বলুন। কোনটি ভুল এবং কোনটি সঠিক এটা তাদের জানান এবং তারা কি জানে যে মিথ্যা বলা ঠিক নয়? তারা কি সত্য বলার প্রতিশ্রুতি দিতে যাচ্ছে? কি তাদের খুশি করে? কি তাদের দুঃখ দেয়...? এটি এই দাবিকে মোকাবেলা করে যে এটি খেলা ছিল এবং শিশুটি কার্যক্রমগুলিকে প্ররোচিত করেছিল।

| এড়িয়ে চলুন | ব্যবহার করুন |
| --- | --- |
| দীর্ঘ বাক্য | ছোট বাক্য |
| জটিল বাক্য | সরল বাক্য |
| অলস বা বিরক্ত কন্ঠস্বর | শান্ত এবং গতিশীল কন্ঠস্বর |
| নেতিবাচক বাক্য ('আপনি কাউকে বলেননি?') | ইতিবাচক বাক্য 'আপনি কি কাউকে বলেছেন?') |
| একাধিক অর্থসহ প্রশ্ন ('তখন আপনি কী অনুভব করেছিলেন?') | শুধুমাত্র একটি অর্থসহ প্রশ্ন ('তখন আপনি কি রাগ করেছিলেন?') |
| নেতিবাচক মুখের অভিব্যক্তি বা শরীরের ভাষা | ইতিবাচক মুখের অভিব্যক্তি বা শরীরের ভাষা |

<u>নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার কার্যকরী প্রতিক্রিয়া সম্পর্কিত হ্যান্ডবুক</u> (UNODC, ২০১০) থেকে নেওয়া হয়েছে।

জন্য সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে যোগাযোগ বজায় রাখতে হবে।

**সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ে এবং তাদের পরিবারের সাথে যোগাযোগ বজায় রাখার একটি ভাল অনুশীলনের উদাহরণের জন্য সপ্তম অধ্যায় 'সাহায্য এবং সহায়তা' এর ফ্যামিলি লিয়াজোন অফিসার ('FLO') দেখুন।**

বার্তাগুলি সামঞ্জস্যপূর্ণ তা নিশ্চিত করার জন্য সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে চলমান যোগাযোগ অন্যান্য বিচার সংস্থার সাথে সমন্বয় করা উচিত। বিচার সংস্থাগুলির মধ্যে যোগাযোগের জন্য প্রোটোকলের প্রয়োজন হতে পারে কারণ এতে সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে সংবেদনশীল বা ব্যক্তিগত তথ্য ভাগাভাগি জড়িত থাকতে পারে।

একটি সম্মত প্রোটোকল তথ্যের গোপনীয়তা নিশ্চিত করবে এবং শুধুমাত্র যারা সরাসরি মামলার সাথে জড়িত থাকবে তাদের কাছে এটি অ্যাক্সেসযোগ্য (প্রবেশাধিকার যোগ্য হবে)। সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের সাথে সম্পর্কিত যেকোন তথ্য ভাগাভাগি করার আগে আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার কর্মীরা তার অবহিত সম্মতি পেয়েছেন। কেন ন্যায়সঙ্গত অংশীদারদের সাথে এই ধরনের তথ্য ভাগ করা প্রয়োজন এবং কীভাবে এটি সুরক্ষিত এবং সংরক্ষণ করা হবে সে বিষয়ে তাদের আশ্বস্ত করবার প্রয়োজন হতে পারে। একটি সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়ে কেন্দ্রিক পদ্ধতির অর্থ হল যে সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের অবশ্যই সম্পূর্ণরূপে অবহিত করতে হবে এবং তাদের ক্ষেত্রে যেকোন সিদ্ধান্ত নেওয়ার জন্য তাদের মতামত অবশ্যই বিবেচনায় নেওয়া উচিত।

ন্যায়সঙ্গত অংশীদারদের মধ্যে ডেটা বা তথ্য ভাগাভাগি করে নেওয়ার জন্য আপনার কি কোনো প্রোটোকল আছে? যদি তা না থাকে, তাহলে আপনার এলাকায় কার্যকর ভাবে ন্যায়বিচার নিশ্চিত করার জন্য তাদের অনুরোধ করার কথা বিবেচনা করুন। অন্যান্য বিচার সংস্থার উপাত্ত, তথ্য বা গোপনীয় বিষয় আপনার কর্মীদের একটি পুঙ্খানুপুঙ্খ এবং সম্পূর্ণ তদন্ত নিশ্চিত করতে সাহায্য করতে পারে, যার ফলে সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের জন্য একটি সফল বিচারিক ফলাফলের সম্ভাবনা বৃদ্ধি করবে এবং এর ফলে শেষ পর্যন্ত স্থানীয় সম্প্রদায়ের মধ্যে পুলিশের প্রতি আস্থা ও বিশ্বাস বৃদ্ধি পাবে।

**সমন্বয় এবং প্রোটোকল সম্পর্কে আরও তথ্যের জন্য সপ্তম অধ্যায়: 'সাহায্য এবং সহায়তা', অষ্টম অধ্যায় : 'বিচারিক সংস্থাগুলির মধ্যে সমন্বয়' এবং দ্বাদশ অধ্যায়: 'দ্য জাস্টিস কন্টিনিউম' দেখুন।**

## VAWG-এ সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করা আপনার দলের কর্মদক্ষতার ঘাটতিগুলি (পারফরম্যান্সের ফাঁকগুলি) চিহ্নিত করার মাধ্যমে শুরু হয়

দ্বিতীয় অধ্যায়ে যেমনটি আলোচনা করা হয়েছে, সুস্পষ্ট এবং অন্তর্নিহিত পক্ষপাতগুলি আমাদের সংস্কৃতির মধ্যে জড়িয়ে রয়েছে, কিন্তু যখন এটি পুলিশিং, লিঙ্গ এবং অন্যান্য পরস্পরবিরোধী ক্ষতিকারক পক্ষপাতের ক্ষেত্রে বিবেচনা করা হয়, তখন এর মধ্যে এমন ধরনের বৈষম্যে রয়েছে যা ভিএডব্লিউজি (VAWG)-এর সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের প্রয়োজনীয় সেবার মানকে সহজেই প্রভাবিত করতে পারে এবং সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের দ্বিতীয়বার সহিংসতার শিকারের সম্ভাবনা বাড়িয়ে তুলে।[৩] এটি সাধারণত প্রাথমিক ভাবে সাড়া দেওয়া পুলিশ এবং সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের মধ্যে দুর্বল যোগাযোগের মাধ্যমে শুরু হয় এবং পুলিশ এবং অন্যান্য বিচার সংস্থার অনুঘটকদের সাথে পুরো প্রক্রিয়া জুড়ে চলতে পারে।

যে উদ্দেশ্যগুলি সুস্পষ্ট এবং অন্তর্নিহিত ক্ষতিকারক পক্ষপাতকে প্রভাবিত করে তা ব্যক্তিভেদে পরিবর্তিত হয়, তবে তারা উভয়ই VAWG-এর সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের জন্য ক্ষতিকর হতে পারে। । উদাহরণ স্বরূপ বলা যায় যে, একজন অফিসার যদি কোনও দাপ্তরিক রিপোর্ট না করেই ঘরোয়া বা আন্তঃপারিবারিক সহিংসতার ক্ষেত্রে সাড়া দেন এবং মধ্যস্থতা করেন তাহলে তিনি বিশ্বাস করতে পারেন যে তিনি দীর্ঘমেয়াদে সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের (এবং তাদের সন্তানদের) সর্বোত্তম স্বার্থে কাজ করছেন। যাইহোক, এটি আসলে একটি ভুল বার্তা প্রেরণ করে এই মর্মে যে এই ধরনের অপরাধের জন্য সহনশীলতা রয়েছে যা প্রকারন্তরে ঘনিষ্ঠ অংশীদারকে পুনরায় অপরাধ করার ক্ষেত্রে অনুপ্রাণিত করে।

> ***ভিত্তি আমাদেরকে এই স্বীকৃতি দেওয়ার আহ্বান জানায় যে নারী এবং মেয়েদের পরিচয় এবং সামাজিক অবস্থান একই সময়ে বিভিন্ন কারণের দ্বারা অনন্যভাবে আকার ধারন করতে পারে, অনন্য অভিজ্ঞতা প্রদান করতে পাবে এবং দৃষ্টিভঙ্গি তৈরি করতে পারে।***

৩ জাতিসংঘের হালনাগাদ মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থায় দ্বি-তীয়বার নির্যাতনকে এই ভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে নির্যাতনের শিকারের প্রত্যক্ষ ফলাফল হিসেবে নয় এটা ঘটে না বরং নির্যাতনের শিকার নারী ও মেয়েদের প্রতি প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের অপর্যাপ্ত প্রতি-ক্রিয়ার মাধ্যমে ঘটে।

***নিম্নলিখিত কারণগুলির জন্য VAWG-এর ক্ষেত্রে মধ্যস্থতা অত্যন্ত সমস্যাযুক্ত এবং প্রকৃতপক্ষে বিপজ্জনক হতে পারে:***

***• নারীদের বিরুদ্ধে সহিংসতার ঘটনাগুলি আক্রমণ, হিংসাত্মক ভয় দেখানো এবং/অথবা নিয়ন্ত্রণ, অবমাননাকর বা অপমানজনক আচরণের উপর ভিত্তি করে পক্ষগুলির মধ্যে অসম ক্ষমতার সম্পর্কে জড়িত।;***

***• মধ্যস্থতা অনুমান করে যে দলগুলি সমান সম্পদ এবং ক্ষমতার সাথে প্রক্রিয়াটির সাথে যোগাযোগ করে - যা এই পরিস্থিতিতে প্রায়শই হয় না ।***

অন্যান্য চরম ক্ষেত্রে, সাড়া দেওয়া পুলিশের ক্ষতিকারক পক্ষপাতিত্ব আর ব্যাপক হতে পারে যা অত্যন্ত লজ্জাজনক, দোষারোপ করা এবং অপমানজনক হতে পারে। এমনকি সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের মিথ্যা প্রতিবেদন দাখিলের দায়ে বা সাংস্কৃতিক বা সামাজিক নিয়ম ভঙ্গের দায়ে বিশ্বাসঘাতকতার জন্য অভিযুক্ত করতে পারে। ভিএডব্লিউজি-র (VAWG) সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের প্রতি যোগাযোগের এই ধরনের দুর্বল দক্ষতা দীর্ঘস্থায়ী ভাবে আঘাতমূলক প্রভাব ফেলতে পারে এবং সাধারণভাবে কম রিপোর্টিংকে প্রভাবিত করতে পারে। রিপোর্টিং কম হলে নিম্নলিখিত সুযোগ নষ্ট হতে পারেঃ

- সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের, দ্বিতীয়-বার সহিংসতার শিকার এবং তাদের পরিবারকে চিহ্নিত করুন এবং বিশেষজ্ঞ সহায়তা প্রদান করুন;

- দ্বিতীয়বার  সহিংসতা ঘটানো বিপজ্জনক এবং সহিংস অপরাধী-দের চিহ্নিত করুন;

- দ্বিতীয়বার  সহিংসতা ঘটেছে এমন স্থান এবং অবস্থান চিহ্নিত করুন.

পুরুষ এবং মহিলা পুলিশ সহকর্মীদের মধ্যেও স্পষ্ট এবং অন্তর্নিহিত লিঙ্গ পক্ষপাত রয়েছে যার ফলে প্রায়শই মহিলা পুলিশ সহকর্মীরা লিঙ্গবাদী, এমনকি নারীবিদ্বেষী ভাষার মুখোমুখি হওয়া এড়াতে তাদের আচরণ পরিবর্তন করে (যেমন নির্দিষ্ট ইউনিটের মধ্যে কাজ করা এড়িয়ে যাওয়া)। অনিয়ন্ত্রিত যৌনতাবাদী এবং পক্ষ-পাতদুষ্ট ভাষা পরিশেষে মহিলা পুলিশ কর্মকর্তাদের তাদের পেশাগত যোগ্যতা অর্জনে নিরুৎসাহিত করে এবং পুলিশ যে প্রক্রিয়ায় সহিংসতার শিকার বা বেঁচে যাওয়া নারী ও মেয়েদের যুক্ত করে তা তাদের নেতিবাচকভাবে প্রভাবিত করে।

**লিঙ্গ পক্ষপাত সম্পর্কে আরও তথ্যের জন্য দ্বিতীয় অধ্যায় : 'ম্যানেজার এবং টিম লিডার হিসাবে একটি পার্থক্য তৈরি করা' এবং পঞ্চম অধ্যায় : 'তদন্ত' দেখুন।**

অনেক ক্ষেত্রে, নারী ও মেয়েদের অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে এমন বিষয়গুলি সম্পর্কে ধারণার  অভাব দ্বারা ক্ষতিকারক পক্ষপাত যেমন লিঙ্গ পক্ষপাত চালিত হয়। এর ফলে, সমাজ দ্বারা তাদের লিঙ্গকে দুর্বলতার দিকে ঠেলে দেবার ফলে অসমনু-পাতিকভাবে সহিংসতা বা অপরাধের জন্য লক্ষ্যবস্তু হওয়া নারী ও মেয়েদের সুরক্ষা বাড়ানোর লক্ষ্যে প্রণীত বিভিন্ন আইন, নীতি এবং/অথবা কৌশলগুলিকে পুলিশ কর্মকর্তারা প্রশ্ন করতে পারে, এমনকি খোলাখুলিভাবে চ্যালেঞ্জ করতে পারে।

সহিংসতার যে ধরণগুলি অসামঞ্জস্যপূর্ণভাবে নারী ও মেয়েদেরকে প্রভাবিত করে, সেগুলি হল (কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়), নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যা (যা 'নারী হত্যা' বা 'ফেমিনিসাইড' নামেও পরিচিত), যেমন একজন অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা হত্যা বা 'সম্মান-ভিত্তিক'[৪] সহিংসতার উদ্দেশ্যে হত্যা। ২০১৯ সালে ইউএনওডিসি নারী হত্যা সংক্রান্ত গবেষণা অনুসারে অন্তরঙ্গ অংশীদারদের মাধ্যে নারী  হত্যা হল নারী ও মেয়েদের লিঙ্গ-সম্প-র্কিত হত্যার সর্বাধিক পর্যবেক্ষণকৃত এবং নথিভুক্ত রূপ।[৫]

**অন্তরঙ্গ অংশীদার বা পরিবারের সদস্যদের দ্বারা নারী হত্যার ঘটনা বাড়ছে**

**"২০১৭ সালে প্রায় ৮৭,০০০ নারী ও মেয়েকে ইচ্ছাকৃতভাবে হত্যা করা হয়েছিল, যা ২০১২ সালের তুলনায় কিছুটা কম। সকল নারী হত্যার ক্ষেত্রে  অন্তরঙ্গ অংশীদার বা পরিবারের অন্যান্য সদস্যদের দ্বারা নিহত নারীর শতকরা হার ২০১২ সালে ৪৭ শতাংশ থাকলেও ২০১৭ সালে তা বেড়ে দাঁড়িয়েছে ৫৮ শতাংশে। তবে সামগ্রিকভাবে যারা এই ধরনের হত্যাকাণ্ডে প্রাণ হারিয়েছেন তাদের সংখ্যা ২০১২ সালে ৪৮,০০০ থাকলেও ২০১৭ সালে ৫০,০০০ এ উন্নীত হয়েছে। ফলে, বাড়ি নারীদের কাছে সবচেয়ে বিপজ্জনক জায়গা হিসেবে  রয়ে গেছে, যারা অসমতা এবং লিঙ্গ সম্পর্কিত বাধাধরা নিয়মের (জেন্ডার স্টেরিওটাইপস)  ফলে প্রাণঘাতী নির্যাতনের সবচেয়ে ভারী বোঝা বহন করে চলেছে"**

ইউএনওডিসি হোমিসাইড স্টাডি (২০১৯)

অনেক পুলিশ কর্মকর্তা মনে করতে পারেন যে নারীদের এবং মেয়েদের সুরক্ষার প্রয়োজন মেটাতে প্রণীত  এই ধরনের আইন, নীতি এবং/অথবা কৌশলগুলি বেলা শেষে যে সকল পুরুষ নরহ-

৪ এটি সুপারিশ করা হয়েছে যে পুলিশ যখন 'সম্মান-ভিত্তিক সহিংসতার' প্রতিক্রিয়া জানায়, তখন তাদের ব্যক্তি এবং সম্প্রদায়কে লক্ষ্য করে বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপিং) এবং অন্যান্য বৈষম্যমূলক শ্রেণী-করণের উপর নির্ভর করার বিষয়ে সতর্ক হওয়া উচিত।

৫ See Global Study on Homicide (UNODC, 2019).

বক্স-২

“এটা অত্যাবশ্যক যে আপনি, পুলিশ ম্যানেজার হিসেবে, GBV সহ সকল প্রকার সহিংসতা ও নির্যাতনের প্রতিরোধ ও মোকাবেলা করার জন্য কার্যকরভাবে ব্যক্তিগত সমর্থন প্রদর্শন করতে সক্ষম। আপনাকে দৃশ্যমান নেতৃত্ব প্রদর্শন করতে হবে এই জন্য যে এই ধরনের সহিংসতা এবং নির্যাতনের মোকাবেলায় ব্যবহৃত আপনার শব্দগুলি আপনার নিজের কাজ এবং আচরণের সাথে সামঞ্জস্যপূর্ণ । আপনার 'কথার সাথে কাজের মিল' না থাকলে আপনার কর্মীদের কাছে আপনি বিশ্বাসযোগ্য হবেন না এবং তারা আপনার প্রতি আস্থা হারাতে পারে।”

জেন টাউনসলি, প্রাক্তন প্রধান পরিদর্শক, ব্রিটিশ ট্রান্সপোর্ট পুলিশ, ইউকে এবং ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশ (IAWP) এর বর্তমান নির্বাহী পরিচালক।



ত্যাসহ অন্যান্য অপরাধ এবং সহিংসতাকে সাধারণ ভাবে দেখে তাদেরকে প্রতি বৈষম্যমূলকভাবে আচরণ করতে পারে।[৬]

যখন পুলিশ সংস্থাগুলিতে লিঙ্গ পক্ষপাতের ফলে একটি বিপরীত ধরনের বৈষম্যের শিকার হওয়ার ধারণা তৈরি হয় এবং এটি ঊর্ধ্বতনদের দ্বারা এটির সমাধান করা না হলে বা তাদের জানানো না হলে নেতিবাচক মনোভাব এবং আচরণগুলি পুলিশের কাজের কার্যকারিতা এবং দক্ষতাকে প্রভাবিত করবে, বিশেষ করে VAWG প্রতিক্রিয়া জানানোর সময়।

কেন অনেক আমেরিকান পুরুষ নিজেদেরকে বৈষম্যের শিকার মনে করেন এর উপর হার্ভার্ড বিজনেস রিভিউ (২০১৬) এর একটি গবেষণায় এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে পুরুষরা সাধারণত সমাজে বিশেষ সুবিধাপ্রাপ্ত হলেও, এই বিশ্বাসটিই যথেষ্ট নয় যে তারা এমন প্রতিক্রিয়া জানাতে পারে যা তাদের লিঙ্গ গোষ্ঠী সনাক্তকরণ বাড়াতে, কম আত্মসম্মান অনুভব করতে, রাগান্বিত হতে এবং এমনকি তারা যে দলটিকে নিপীড়নকারী হিসাবে দেখেন তাদেরও আউট করারা দিকে প্ররোচিত করতে পারে।[৭]

সকল পুলিশ নেতৃত্বকে জড়িত করে এবং আইন, নীতি এবং/অথবা লিঙ্গ সমতাকে উন্নীত করার কৌশলগুলির নেতিবাচক ধারণাগুলিকে আগে থেকেই মোকাবেলা করার জন্য অভ্যন্তরীণ যোগাযোগের কৌশল থাকাটা এই প্রক্রিয়ার একটি ভাল সূচনা প্রদান করবে। যোগাযোগের কৌশলটি, তাত্ত্বিকভাবে, নিম্ন স্তরসহ সংগঠনের শ্রে-ণিবিন্যাসের সমস্ত স্তরের লক্ষ্যবস্তু হওয়া উচিত যাতে অনুশীলনের পাশাপাশি জবাবদিহিতা নিশ্চিত করা যায়। পুলিশ প্রশিক্ষণ এবং শিক্ষা কার্যক্রমের স্থায়িত্ব নিশ্চিত করতে অভ্যন্তরীণ যোগাযোগ কৌশলকে প্রতিফলিত এবং শক্তিশালী করা সমানভাবে গুরুত্বপূর্ণ।

৬ Backlash in Gender Equality and Women’s and Girls’ Rights. Women’s Rights & Gender Equality. Policy Department for Citizens' Rights and Constitutional Affairs Directorate General for Internal Policies of the Union PE 604.955, June 2018.

৭ Cassino, D., 'Why More American Men Feel Discriminated Against', Harvard Business Review, September 29, 2016, at: https://hbr.org/2016/09/why-more-american-men-feel-discriminated-against

যেখানে একটি পুলিশ সংস্থায় এই ধরনের যোগাযোগের কৌশল অনুপস্থিত, সেখানে দল/ইউনিট নেতারা বা ব্যবস্থাপক সহজেই উপযুক্ত মুহূর্তে প্রশ্ন, সন্দেহ বা সংশয় সমাধানের জন্য একটি দল-স্তরের পদ্ধতি প্রয়োগ করতে পারেন, বিশেষ করে যখন হার্ভার্ড বিজনেস রিভিউ নিবন্ধে চিহ্নিত আচরণের মতো আচরণ প্রদর্শিত হয়।

সংগঠন-চালিত হোক বা দল-স্তরের পদ্ধতির অংশ হিসেবে হোক এই ধরনের যোগাযোগ ব্যবস্থা বাস্তবায়ন করা হলে দলের মধ্যে যৌন হয়রানি এবং অন্যান্য যৌনতাবাদী আচরণের প্রতি শূন্য সহনশীলতা (জিরো টলারেন্স) কার্যকর করার জন্যও গুরুত্বপূর্ণ হতে পারে।

VAWG-এর সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে যোগাযোগ করার সময় পুলিশের ত্রুটিগুলির একটি অ-সম্পূর্ণ তালিকা নিচে দেওয়া হল। এই তালিকাটি VAWG-এর প্রতিক্রিয়া জানানোর সময় পুলিশ প্রতিষ্ঠানের ভাল অনুশীলন এবং সক্ষমতার ঘাটতিগুলি (ফাঁকগুলির) একটি বিস্তৃত বৈশ্বিক ম্যাপিং থেকে অনুপ্রাণিত এই তালিকাটি প্রণয়ন করা হয়েছে যা উদাহরণ হিসেবে এখানে উল্লেখ করা হয়েছে। ম্যাপিংটি প্রস্তুতের প্রক্রিয়ায় VAWG মোকাবেলায় বিশেষায়িত পুলিশ এবং বেসরকারি সংস্থাগুলির সাথে কাজ করার অভিজ্ঞতা সম্পন্ন বেশ কিছু কর্মরত এবং অবসরপ্রাপ্ত পুলিশ কর্মকর্তা, সুশীল সমাজ এবং জাতিসংঘের কর্মীরা জড়িত ছিল।

VAWG-এ সাড়া দেওয়ার সময় পুলিশিং-এ সাধারণ অভ্যন্তরীণ এবং বাহ্যিক যোগাযোগের ঘাটতি (ফাঁক) সম্পর্কে সচেতনতা বাড়ানো এই তালিকার উদ্দেশ্য। বিভাগের শিরোনামগুলি পাঠককে চিহ্নিত ক্ষমতার ব্যবধানের মূল সমস্যাটির সাথে সম্পর্কিত করতে সহায়তা করার জন্য বোঝানো হয়েছে। যাইহোক, এগুলি প্রতিটি ক্ষেত্রের জন্য প্রযোজ্য এবং/অথবা একে অপরের পরিপূরক:

**মনোভাব**

- যে সকল পুলসিহ বিশেষায়িত ইউনিটের অংশ নয় তাদের প্রায়ই সহিংসতার শিকার বেঁচে থাকা নারী এবং মেয়েদের প্রতি সহানুভূতি বা সহমর্মিতার অভাব রয়েছে। উদাহরণস্বরূপ, তারা এই ঘটনার সবচেয়ে কঠিন দিকগুলি স্বীকার করে না বা কেন এই বিবরণগুলি প্রয়োজন তা ব্যাখ্যা করে না। দলের সদস্যদের জ্ঞান বৃদ্ধিতে সাহায্য করার জন্য পুলিশ ম্যানেজারদের বিশেষজ্ঞ কর্মকর্তাদের আনার কথা বিবেচনা করা উচিত;

- মৌখিক যৌন হয়রানির বিষয়টি যথেষ্ট গুরুত্ব সহকারে বিবেচনা করা হয় না;

- লিঙ্গ সমতাকে নেতিবাচক ভাবে দেখা হয় বা খারিজ করে দেওয়া হয়, এমনকি একটি রাজনৈতিক এজেন্ডা হিসাবে চিহ্নিত করা হয় যার লক্ষ্য বৈষম্য, বিচ্ছিন্ন, এমনকি পুরুষদের ক্ষতি করা।

> **"কিছু জাতীয় গবেষণায় দেখা গেছে যে ৭০ শতাংশ পর্যন্ত নারী তাদের জীবদ্দশায় একজন অন্তরঙ্গ সঙ্গীর কাছ থেকে শারীরিক এবং/অথবা যৌন সহিংসতার সম্মুখীন হয়েছে।»**
>
> ইউএন উইমেন ফ্যাক্টস অ্যান্ড ফিগারস: এন্ডিং ভায়োলেন্স এগেনেষ্ট উইমেন

**লিঙ্গ পক্ষপাত**

- সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের দাম্পত্য ধর্ষণের বিষয়ে সরকারী অভিযোগ না করার জন্য চাপ দেওয়া হয় ('তুমি এই দরিদ্র লোকটার জীবন নষ্ট করে ফেলতে চলেছ, এটা সত্যিই এমন বড় বিষয় নয়, আপনার সন্তানদের কথা ভাবুন।');

- পুলিশ বিশ্বাস করে যে, প্রকৃতপক্ষে সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের কী করা উচিত এবং করা উচিত নয় এই সিদ্ধান্ত নিতে তাদের নিজস্ব ব্যক্তিগত মতামত চাপিয়ে দিয়ে পরামর্শ দেওয়ার মাধ্যমে সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের সাহায্য করছে;[৮]

- স্থানীয় সম্প্রদায়গুলিতে VAWG-এর নির্দিষ্ট আক্রমণকারীদের সতর্কতা জারি না করার জন্য বিভিন্ন পুলিশ কর্মকর্তাদের দ্বারা প্রদত্ত সবচেয়ে সমস্যাযুক্ত যুক্তি হল যে এটি কোনও মহিলার আচরণে পরিবর্তন আনবে না।[৯]

**দ্বিতীয়বার সহিংসতার শিকার হওয়া (সেকেন্ডারি ভিকটিমাইজেশন)**

- পুলিশের সাথে সাক্ষাৎকারের সময়, সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের প্রায়ই থামিয়ে দেওয়া হতে পারে এবং/অথবা শুরু করতে বলেতে পারে, সে কী বলতে চায় সে সম্পর্কে অনুমান করা হতে পারে, আলোচনা বন্ধ করে দেওয়া হতে পারে, বা বিভিন্ন লোকের কাছে তার নির্যাতনের গল্প বার বার বলতে হতে পারে;

- সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের মতামত, বিশ্বাস, চিন্তাভাবনা এবং আবেগকে প্রায়ই সম্মান করা হয় না (সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েদের কান্না থামাতে বা শান্ত হতে বলা হয়);

- সহিংসতার শিকার বেঁচে থাকা নারী বা মেয়েকে সম্পূর্ণরূপে তার গল্প বলার, শোনার এবং তার গল্পটি সঠিকভাবে রেকর্ড করা এবং তার ক্ষমতা, বয়স, বুদ্ধিবৃত্তিক পরিপক্কতা এবং বেড়ে উঠা অনুযায়ী তার চাহিদা এবং উদ্বেগ প্রকাশ করতে সক্ষম হওয়ার জন্য শারীরিক স্থানসহ পর্যাপ্ত সুযোগ দেওয়া হয় না।[১০]

**অসৎ আচরণ**

- VAWG এর গুরুতর অপরাধের প্রবণতা সনাক্তকারী অনুসন্ধানী তথ্য প্রায়শই সম্প্রদায় স্তরের কর্মকর্তাদের সাথে ভাগ করা হয় না যারা স্থানীয় মহিলা এবং মেয়েদের জড়িত থাকে।[১১] স্থানীয় বিশ্লেষক/বিশেষজ্ঞদের VAWG অপরাধের প্রবণতা শেয়ার করতে বলার কথা বিবেচনা করুন;

- নিখোঁজ মহিলা এবং মেয়েদের ক্ষেত্রে, অভ্যন্তরীণ যোগাযোগের ব্যর্থতা বিভিন্ন মামলার মধ্যে সংযোগগুলি সঠিকভাবে মূল্যায়ন করতে বিলম্ব ঘটাতে অবদান রাখে। বহু-অধিক্ষেত্র জড়িত মামলার ক্ষেত্রে এই ধরনের সংযোগের অভাব খুবিই সাধারণ একটি বিষয়।[১২]

---

৮ সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদেরকে ব্যক্তিগত মতামত চাপিয়ে দেওয়া সঠিক কিনা তা পুলিশ জানতে পারে না, তাই তাদের নিজস্ব সিদ্ধান্ত নেওয়ার জন্য তাদের প্রয়োজনীয় তথ্য দেওয়া ভাল। এটি আরও নির্দেশ করে যে আপনি সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের নিজস্ব মতামত এবং রায়কে সম্মান করেন এবং বিশ্বাস করেন। See: UN Police *Gender Toolkit* (UN. Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015).

৯ Inspired from The Honourable Wally T. Oppal, 'FORSAKEN. The Report of the Missing Women Commission of Inquiry VOLUME IIB Nobodies: How and Why We Failed the Missing and Murdered Women Part 3, 4 and 5 (2012)' at: https://www2.gov.bc.ca/assets/gov/law-crime-and-justice/about-bc-justice-system/inquiries/forsaken-vol_2b.pdf

১০ নারী ও মেয়েদের অবশ্যই তাদের গল্প বলার, তাদের কথা শোনার, তাদের গল্প সঠিকভাবে রেকর্ড করা এবং তাদের যোগ্যতা, বয়স, বুদ্ধিবৃত্তিক পরিপক্কতা এবং বেড়ে উঠা সংক্রান্ত ক্ষমতা অনুযায়ী তাদের চাহিদা এবং উদ্বেগ প্রকাশ করার সুযোগ প্রদান করতে হবে।

১১ See n. 9.

১২ Ibid.

**বৈষম্য**

- যৌনতাবাদী ভাষা প্রায়ই দায়িত্ব পালনের সময় সহ্য করা হয়, এমনকি নারী ও মেয়েদের উপস্থিতিতে উৎসাহিত করা হয় ।

প্রশিক্ষণ এবং শিক্ষার ঘাটতি (ফাঁক)

- বিশেষায়িত ইউনিটের অংশ নয় এমন পুলিশ কর্মকর্তাদের মধ্যে প্রায়ই সহানুভূতির অভাব পরিলক্ষিত হয়। উদাহরণস্বরূপ, তারা জানে না কখন নির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করা বন্ধ করতে হবে বা বিষয় পরিবর্তন করতে হবে;

- পুলিশ তাদের নিজের বা সহিংসতার শিকার এবং বেঁচে যাওয়া নারী ও মেয়েদের অব্যক্ত যোগাযোগের প্রতি যথেষ্ট মনোযোগ দেয় না;

- সাক্ষাৎকারের সময়, পরিষ্কার, সহজ ভাষা যথেষ্ট ব্যবহার করা হয় না, এবং কোনো অপরিচিত পদ স্পষ্ট করার চেষ্টা করা হয় না।

- কর্মীদের নির্দেশাবলী/প্রশ্নগুলি বোঝার এবং উত্তর দেওয়ার সময় সহিংসতার শিকার নারী ও মেয়েরা যে চ্যালেঞ্জ/প্রতিবন্ধকতার সম্মুখীন হয় তা সনাক্ত করা এবং মোকাবেলা করার জন্য তাদের যোগাযোগ চাহিদার সাথে নিজেদের মানিয়ে নেওয়ার জন্য পুলিশ পর্যাপ্ত মনোযোগ দেয় না এবং প্রশিক্ষিত নয়।;

- VAWG-এর সাথে জড়িত গুরুতর অপরাধের তদন্ত সম্পর্কে নারী এবং অন্যান্য সম্প্রদায়ের সদস্যদের সাথে তথ্য ভাগাভাগি করে নেওয়ার ক্ষেত্রে পুলিশকে যতটা স্পষ্টবাদী হওয়া উচিত ততটা স্পষ্টবাদী নয়; তা সত্ত্বেও, তদন্তকে এগিয়ে নেওয়ার জন্য তদন্তকারীদের কিছু তথ্য নিজেদের কাছে রাখতে হয়। যাইহোক, অপরাধীকে ধরা এবং একজন নারীকে গুরুতর অপরাধের শিকার হওয়া থেকে আটকানোর যৌথ লক্ষ্যের মধ্যে যথাযথ ভারসাম্য রক্ষার বিষয়টি পুলিশের বিবেচনা করা উচিত।[১৩]

স্কটল্যান্ডে পুলিশের সাথে ত্রিশ বছরেরও বেশি কাজ করার অভিজ্ঞতার সম্পন্ন অভিজ্ঞ ব্যক্তি হিসেবে, অবসরপ্রাপ্ত চিফ ইন্স-পেক্টর গ্রাহাম গোল্ডেন সহকর্মীসহ পুরুষদের সংস্কৃতি পর্যবেক্ষন শেষে দেখেছেন যে যখন তারা নারী বা মেয়েদের প্রতি অনুপযুক্ত আচরণ করতে দেখেন তখন তারা কথা বলেন না। যারা নির্যাতন এবং সহিংসতার সাক্ষী ছিল তাদের সাক্ষাৎকার নেওয়ার সময়, গ্রাহাম প্রায়শই যে শব্দগুলির সাথে পরিচিত হয়েছিল তা হল 'আমি জানতাম কিছু ঘটতে চলেছে।› ফলে, অবসরপ্রাপ্ত চিফ ইন্সপেক্টর গ্রাহাম গোল্ডেন 'দর্শকদের পদ্ধতি' বা 'বাইস্ট্যান্ডার অ্যাপ্রোচ'[১৪]-এর মতো পন্থা উন্নয়নের জন্য পরিকল্পনা করেছেন, এবং সেইসাথে এমন প্রোগ্রামগুলি যা এমন পরিস্থিতি তৈরি করতে সাহায্য করবে যেখানে চ্যালেঞ্জিং পরিস্থিতির মুখোমুখি হলে ভাল মানুষেরা ইতিবাচক পদক্ষেপ নিতে পারে। অবসরপ্রাপ্ত চিফ ইন্স-পেক্টর গ্রাহাম গোল্ডেন এর বাইস্ট্যান্ডার অ্যাপ্রোচ সম্পর্কে অধিক তথ্যের জন্য নীচে বক্স-৩ দেখুন।

১৩ ইবিড

> **"বিভাগ-ব্যাপী ভাগাভাগি করা দায়িত্ব এবং বিভাগ, সম্মুখসারির কর্মকর্তা এবং তাদের তত্ত্বাবধায়কদের মধ্যে বর্ধিত যোগাযোগ এবং সহযোগিতা পুলিশ সংস্থাগুলিতে কাজের পরিবেশকে সাধারণ উন্নতির দিকে পরিচালিত করে।»**
>
> ইউরোপে নিরাপত্তা ও সহযোগিতা সংস্থা (OSCE)

## সংজ্ঞা এবং কাঠামো

ন্যায়বিচারের ধারাবাহিকতায় যোগাযোগ একটি মূল বিষয়। ইএসপিতে উল্লেখ করা হয়েছে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় সেবা প্রদান প্রক্রিয়া শুরু হয় তাদের কথা শোনা এবং তাদের পরিবর্তনশীল ন্যায়বিচারের চাহিদা বোঝার মাধ্যমে যাতে তাদের সমস্যা কার্যকরভাবে সমাধান করা যায়।

সহানুভূতিশীল, নিরপেক্ষ এবং অন্তর্ভুক্তিমূলক পদ্ধতিতে স্পষ্ট এবং প্রবেশাধিকারযোগ্য (অ্যাক্সেসযোগ্য) তথ্য প্রদান করা সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের বিচার ব্যবস্থার সাথে তাদের সম্পৃক্ততার বিষয়ে জ্ঞাত সিদ্ধান্ত নিতে সক্ষম করতে পারে। এর মধ্যে রয়েছে তাদের এই মর্মে আশ্বস্ত করা যে বিভিন্ন ন্যায়বিচার পরিষেবা সংস্থা এবং বিচার প্রক্রিয়ার বাইরের সেক্টরসমূহের সাথে তথ্য ভাগাভাগি ও যোগাযোগের ক্ষেত্রে তাদের গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা অগ্রাধিকার ভিত্তিতে নিশ্চিত করা হবে।

সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং পুলিশের মধ্যে যোগাযোগের একটি নীতিগত এবং সহিংসতার শিকার বেঁচে থাকা কেন্দ্রিক সংস্কৃতি বিচার চাওয়ার সময় সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের যে ঝুঁকির সম্মুখীন হতে হয় তা কমাতে অবদান রাখতে পারে।[১৫]

১৪ অবসরপ্রাপ্ত চিফ ইন্সপেক্টর গ্রাহাম গোল্ডেন এবং কাল্টিভেটিং মাইন্ডস ইউকে-এর বর্তমান পরিচালকের 'বাইস্ট্যান্ডার অ্যাপ্রোচ'সম্পর্কে আরও তথ্যের জন্য দেখুন @ www.grahamgould.com

১৫ Essential services package for women and girls subject to violence : Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).

বক্স-৩

**প্রতিরোধের বাইস্ট্যান্ডার অ্যাপ্রোচ কী?**




প্রথাগতভাবে, সহিংসতা এবং নির্যাতনের পন্থাগুলি অপরাধীদের এবং সহিংসতার শিকার নারী ও মেয়েদের কাজের উপর দৃষ্টি নিবদ্ধ করে। একটি বাই-স্ট্যান্ডার পন্থা প্রথমে এই বাইনারি (যুগ্ম) পদ্ধতিকে অপসারণ করে যা ব্যক্তিদের বন্ধু, সহপাঠী, প্রতিবেশী, টিম-মেট, কাজের সহকর্মী বা পরিবারের সদস্য হিসাবে চিহ্নিত করে যারা অন্যদের বিরুদ্ধে/বা দ্বারা সংঘটিত হওয়া নির্যাতন প্রতিরোধে ভূমিকা রাখে।

VAWG-এর ক্ষেত্রে, সহিংসতা প্রতিরোধের এই পদ্ধতিটি ছেলেদের এবং পুরুষদের উপর দৃষ্টি নিবদ্ধ করে, অপরাধী বা সম্ভাব্য অপরাধী হিসাবে নয়, বরং ক্ষমতাপ্রাপ্ত দর্শক হিসাবে যাদের অপমানজনক সহকর্মীদের মোকাবেলা করার এবং নির্যাতিতদের সহায়তা করতে ক্ষমতা রয়েছে। একইভাবে, মডেলটি নারীদের ও মেয়েদের উপর দৃষ্টি নিবদ্ধ, হয়রানি, ধর্ষণ, এবং নির্যাতনের শিকার বা সম্ভাব্য লক্ষ্য হিসাবে নয়, বরং ক্ষমতাপ্রাপ্ত দর্শক হিসাবে যারা নির্যাতিত সহকর্মীদের সমর্থন করতে পারে এবং অপমানজনক কাজ মোকাবিলা করতে পারে। সেশনগুলি, কোন সিদ্ধান্ত (রায়) ছাড়াই, ব্যক্তিকে তাদের নিজস্ব আচরণের প্রতিফলনের মাধ্যমে ' আত্ম-সমা-লোচনা'- করতে বাধ্য করবে।

এই পদ্ধতির লক্ষ্য কেবল মানুষদের শেখানো নয় যে কীভাবে আক্রমণের ঘটনাস্থলে হস্তক্ষেপ করতে হয়। এটি সকল স্তরের সহকর্মীদের সংস্কৃতিতে সামাজিক নিয়ম পরিবর্তন করার একটি কৌশল। এটি করার জন্য, এই পদ্ধতিটি মানুষদের একটি ঘটনার আগে, চলাকালীন বা পরে আপত্তিজনক আচরণের বিরুদ্ধে কথা বলতে উৎসাহিত করে। এটি একটি এক সঙ্গে কাজ করার (সহকর্মী) সংস্কৃতি প্রতিষ্ঠা করতে সহায়তা করবে যেখানে যৌনতাবাদী নির্যাতন এবং অন্যান্য আপত্তিজনক আচরণকে ভুল এবং অগ্রহণযোগ্য হিসাবে দেখা হয়। বিশেষ করে ছেলেদের এবং পুরুষদের জন্য, এই নির্যাতনকে পুরুষত্বের এবং সামাজিক নিয়ম-কানুনের বিরুদ্ধে একটি লঙ্ঘন হিসাবে দেখা হয়।

এই পদ্ধতির শিক্ষাগত দর্শনটি সামাজিক ন্যায়বিচারের শিক্ষার মধ্যে অন্তর্নিহিত রয়েছে যা বিশ্বাস করে যে প্রভাবশালী বা বিশেষ সুবিধাপ্রাপ্ত গোষ্ঠীর সদস্যদের অপমানজনক আচরণের বিরুদ্ধে সামাজিক নিয়মগুলিকে চ্যালেঞ্জ এবং পরিবর্তন করতে প্রত্যেকেরই ভূমিকা রয়েছে। ব্যক্তির সমাজের কাছে প্রত্যাশা রয়েছে এই দর্শন সেই অধিকারগুলিকেও স্বীকৃতি দেয়।

পদ্ধতিটি আমাদের সমাজে বিদ্যমান ইতিবাচক নিয়ম সম্পর্কে আলোচনাকে সমর্থন করে। আলোচনার সুযোগ প্রদান করা হলে ব্যক্তিদের তাদের সহকর্মী ও নেটওয়ার্কের অন্য সদস্যদের ইতিবাচক মনোভাব এবং দৃষ্টিভঙ্গি ভাগাভাগি না করার বিষয়টি সনাক্ত করতে সক্ষম করবে। নির্যাতন প্রতিরোধ করা আমাদের সকলের দায়িত্ব।

পদ্ধতিটি বিশেষ করে ছেলেদের এবং পুরুষদের সহিংসতা প্রতিরোধে জড়িত করার জন্য এমন একটি কাঠামোগত আলোচনার সুযোগ প্রদান করবে যা অন্য পুরুষদেরও এই কাজে সম্পৃক্ত করতে সহায়তা করবে। ছেলে এবং পুরুষদের এমন পরিবেশে অনুশীলন এবং কার্যক্রম বাস্তবায়নের সুযোগ দেওয়া হয় যেখানে তারা অন্যান্য পুরুষদের কাছ থেকে সহকর্মীর সমর্থন এবং উৎসাহ পায়।

একটি অতিরিক্ত লক্ষ্য হল মানুষকে নিষ্ক্রিয় দর্শক থেকে ক্ষমতায়িত এবং সক্রিয় হতে সাহায্য করা এবং এইভাবে হয়রানি, নির্যাতন বা সহিংসতার সামাজিক গ্রহণযোগ্যতার পরিবর্তনে অবদান রাখা।

See www.mvpstrat.com for links to the website of Dr Jackson Katz.

দ্যা মেন্টরস ইন ভায়োলেন্স প্রিভেনশন ('MVP') প্রোগ্রাম হল একটি বিশ্ব নেতৃস্থানীয় প্রমাণ-ভিত্তিক বাইস্ট্যান্ডার প্রোগ্রাম যা একটি বাইস্ট্যান্ডার প্রোগ্রামের উপরোক্ত বর্ণনা অনুসরণ করে। এটি মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং সুইডেনে সফলভাবে ব্যবহার করা হচ্ছে।

MVP প্রোগ্রামটি স্কুল এবং ইউনিভার্সিটি পর্যায়ে VAWG প্রতিরোধে সেইসাথে এগুলি এবং ভিন্ন অবস্থায় অন্যান্য ধরনের সহিংসতা রোধে সাহায্য করার জন্য ব্যবহার করা হয়।

অপরাধ এবং সহিংসতার শিকার/বাঁচাদের সাথে পুলিশ সংস্থাগুলিকে আরও ভালভাবে যোগাযোগ করতে সহায়তা করার জন্য, জাতিসংঘ সুপারিশ করেছে যে অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের শিকারদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতিমালার ঘোষণায় নির্ধারিত নীতিগুলি আইন প্রয়োগকারী দ্বারা প্রচার এবং সম্মান করা হবে।

অপরাধ এবং সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে পুলিশ সংস্থাগুলিকে আরও ভালভাবে যোগাযোগ করতে সহায়তা করার জন্য, জাতিসংঘ সুপারিশ করেছে যে অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের শিকার (১৯৮৫) নারী ও মেয়েদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতিগুলির ঘোষণাপত্রে নির্ধারিত নীতিগুলি আইন প্রয়োগকারীদের দ্বারা প্রচার এবং সম্মান জানাতে হবে।

> *অফিস, রাস্তা বা আদালত যেখানেই হোক না কেন হোকর্যকর যোগাযোগ আস্থা তৈরি করে, স্বচ্ছতা নিশ্চিত করে এবং পারস্পরিক শ্রদ্ধা ও সহানুভূতির পরিবেশ গড়ে তোলে।*

এই প্রক্রিয়ায় সাহায্য করার জন্য, ইউএনওডিসি লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতিতে সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে যোগাযোগ করার চেষ্টা করার সময় পুলিশ সংস্থাগুলির জন্য অসংখ্য টুলস (সরঞ্জাম) সরবরাহ করেছে। উদাহরণস্বরূপ, সাক্ষাৎকার গ্রহণের সময় সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে যোগাযোগের ক্ষেত্রে, নারীর বিরুদ্ধে সহিংসতার কার্যকরী পুলিশী প্রতিক্রিয়া সম্পর্কিত ২০১০ হ্যান্ডবুক[১৬] এবং নারী এবং মেয়েদের বিরুদ্ধে সহিংসতায় কার্যকরী প্রসিকিউশন প্রতিক্রিয়া সম্পর্কিত ২০১৪ হ্যান্ডবুক দেখুন.[১৭]

VAWG-এর সহিংসতার শিকার শিশু/ বেঁচে থাকাদের সাথে যোগাযোগের পরিপ্রেক্ষিতে, **ট্রেনিং প্রোগ্রাম অন দ্যা ট্রিটমেন্ট অফ চাইল্ড ভিকটিমস এন্ড চাইল্ড উইটনেস অফ ক্রাইম ফর ল এনফর্সমেন্ট অফিশিয়ালস এর ওপর ইউএনওডিসি-ইউএনআইসিইএফ** (UNODC-UNICEF) ২০১৫[১৮] সালের **এর যৌথ ম্যানুয়াল এ ডিক্লারেশন অফ বেসিক প্রিন্সিপলস অফ জাস্টিস ফর ভিকটিমস অফ ক্রাইম এন্ড অ্যাবিউজ অফ পাওয়ার** (সহিংসতার শিকার শিশুকে জড়িত করার সময় অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের শিকারদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতির ঘোষণা) সংক্রান্ত ঘোষণা কার্যকর করার ক্ষেত্রে আইন প্রয়োগকারীর জন্য স্পষ্ট নির্দেশনা প্রদান করা হয়েছে।[১৯]

এই ম্যানুয়াল এবং নির্দেশিকাগুলি খুব দরকারী কারণ এগুলি আন্তর্জাতিক মান অনুযায়ী সহিংসতার শিকার নারী ও মেয়ে এবং সহিংসতার শিকার শিশুদের সম্পর্কে স্পষ্ট সংজ্ঞা প্রদান কেছে (নীচের সারণী-১ দেখুন)। এই স্পষ্টতা আইন প্রয়োগকারী সংস্থা এবং পুলিশ সংস্থাগুলিকে বুঝতে সহায়তা করবে যে তারা কাদের সাথে জড়িত, এবং তাই তাদের সাথে কীভাবে যোগাযোগ স্থাপন করা উচিত।

উদাহরণস্বরূপ, যদি একজন অল্পবয়সী মেয়েকে যৌন নির্যাতনের শিকার/ বেঁচে থাকা বলে বিশ্বাস করা হয়, তাহলে তাদের জন্য শিশুদের সাক্ষাৎকার নেওয়ার জন্য বিশেষ প্রশিক্ষণ প্রাপ্ত একজন পেশাদার ফরেনসিক **বিশেষজ্ঞের মাধ্যমে সাক্ষাৎকার নেওয়া একটি সাধারণ ঘটনা।**

উপরে উল্লিখিত জাতিসংঘ-অনুমোদিত নথি দুটির মাধ্যমে প্রচারিত সাধারণ বার্তাটি হল সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে মর্যাদা, সহানুভূতি এবং সম্মানের সাথে আচরণ করা উচিত। তারা ন্যায়বিচারের প্রক্রিয়ায় প্রবেশাধিকার (অ্যাক্সেস) পাওয়া এবং তারা যে ক্ষতির সম্মুখীন হয়েছে তার জন্য জাতীয় আইন দ্বারা প্রদত্ত তাৎক্ষণিক প্রতিকার পাওয়ার অধিকার রাখে।[২০]

VAWG-এর সহিংসতার শিকার নারী ও মেয়েদের মর্যাদার প্রতি সমবেদনা জানানো এবং সম্মান নিশ্চিত করার একটি মূল উপাদান হল এই মর্মে তাদের সাথে যোগাযোগ করা যে কীভাবে বিচার প্রক্রিয়ায় কার্যকর সেবা প্রদান নিশ্চিত করা হবে। সহিংসতার শিকার ও বেঁচে থাকা নারী ও মেয়েদের কাছ থেকে সত্যিকারের সম্মতি চাওয়ার একটি ধারাবাহিক অভ্যাস তদন্তের কেন্দ্রবিন্দুতে সহিংসতার শিকার ও বেঁচে থাকা নারী ও মেয়েদের রাখার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে এবং বিচার প্রক্রিয়ায় তারা সম্মানিত বোধ করবে ও অর্থপূর্ণভাবে জড়িত থাকার অনুভূতি পাবে।

ভিএডব্লিউজি (VAWG)-এর কর্মকাণ্ডে প্রতিক্রিয়া জানানো পুলিশের এটা বোঝা গুরুত্বপূর্ণ যে সহিংসতার শিকার নারী এবং মেয়েদের সম্মতি প্রদানের ক্ষমতা কেড়ে নেওয়ার মাধ্যমে তাকে দ্বিতীয়বার সহিংসতার শিকার হওয়ার পথ প্রশস্ত হয়। এটিও

১৬ Essential services package for women and girls subject to violence : Core Elements and Quality Guidelines (United Nations Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence, 2015).

১৭ See section on updated guidance on interviewing victims in the 'Handbook on Effective Prosecution Responses to Violence against Women and Girls (UNODC, UN Women, 2014).

১৮ UNODC Training Programme on the Treatment of Child Victims and Child Witnesses of Crime for Law Enforcement Officials (2015).

১৯ The United Nations Economic and Social Council adopted in its resolution 2005/20 of 22 July 2005 the Guidelines on Justice in Matters involving Child Victims and Witnesses of Crime.

২০ See n. 18.

টেবিল-১:

**জাতিসংঘের নির্দেশনা অনুযায়ী সহিংসতার শিকার এর সংজ্ঞা**

| অপরাধ এবং ক্ষমতার অপব্যবহারের সহিংসতার শিকারদের জন্য ন্যায়বিচারের মৌলিক নীতিমালার ঘোষণা অনুসারে (১৯৮৫) 'সহিংসতার শিকার' হল: | শিশু ভিকটিমস এবং উইটনেস অব ক্রাইম (২০০৫) সম্পর্কিত বিষয়ের বিচার সংক্রান্ত নির্দেশিকা অনুসারে 'সহিংসতার শিকার শিশু" এবং সাক্ষী' হল: |
|---|---|
| সদস্য রাষ্ট্রগুলির মধ্যে ক্ষমতার অপরাধমূলক অপব্যবহারের নিষেধাজ্ঞামূলক আইনগুলিসহ কার্যকরী ফৌজদারি আইন লঙ্ঘন করে এমন কাজের ফলে ব্যক্তিরা, ব্যক্তিগতভাবে বা সম্মিলিতভাবে, শারীরিক বা মানসিক আঘাত, মানসিক যন্ত্রণা, অর্থনৈতিক ক্ষতি বা তাদের মৌলিক অধিকারের উল্লেখযোগ্য ক্ষতিসহ ক্ষতির সম্মুখীন হয়েছেন।<br>অপরাধীকে চিহ্নিত করা, গ্রেপ্তার করা, বিচার করা বা দোষী সাব্যস্ত করা এবং অপরাধী বিবেচনা করা নির্বিশেষে এবং সহিংসতার শিকারের মধ্যে পারিবারিক সম্পর্ক নির্বিশেষে এই ঘোষণার অধীনে একজন ব্যক্তিকে সহিংসতার শিকার হিসাবে বিবেচনা করা যেতে পারে।<br>প্রযোজ্য ক্ষেত্রে "সহিংসতার শিকার" শব্দটির সাথে আরও অন্তর্ভুক্ত হবে সরাসরি সহিংসতার শিকার হওয়া ব্যক্তির **নিজস্ব পরিবার** বা নির্ভরশীল ব্যক্তি এবং যারা ক্ষতিগ্রস্থ ব্যক্তিদের দুর্দশায় সহায়তা করতে বা শিকার হওয়া প্রতিরোধ করতে হস্তক্ষেপ করার সময় ক্ষতিগ্রস্থ হয়েছেন। | অপরাধে তাদের ভূমিকা নির্বিশেষে অথবা অভিযুক্ত অপরাধী বা অপরাধীদের দলের বিচারে ১৮ বছরের কম বয়সী, যারা '**সহিংসতার শিকার শিশু**' বা **সহিংসতার** সাক্ষী তারা। |

লক্ষণীয় যে তার সম্মতি জানানোর ক্ষমতা কেঁড়ে নেওয়া সম্ভবত সহিংসতার পেছনে বড় ভূমিকা পালন করেছিল যেটির জন্য তিনি প্রাথমিকভাবে সহিংসতার শিকার হয়েছিলেন।

মানুষের মর্যাদা, অন্তর্ভুক্তি এবং স্বচ্ছতার প্রতি শ্রদ্ধা জানাতে কীভাবে সম্মতি নিশ্চিত করা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে তা বোঝা পুলিশিংয়ে মৌলিক কাজ।[২১]

সম্মতির অভাব যখন যৌন সহিংসতা এবং যৌন-ভিত্তিক অপরাধের মূল কারণ হয় তখন পুলিশের কাছে এই সম্পর্কে স্পষ্ট ধারণা থাকাও সমান গুরুত্বপূর্ণ। যৌন সহিংসতা হল এমন এক ধরণের যৌন কার্যক্রম যেখানে সহসা সম্মতি দেওয়া হয় না। এটি একটি বিবাহিত দম্পতির মধ্যেসহ সমস্ত পরিস্থিতিতে একই ভাবে প্রযোজ্য হওয়া উচিত। সম্মতিমূলক যৌন সম্পর্ক হল উভয় ব্যক্তির মধ্যে যা পছন্দের মাধ্যমে ঘটছে তাতে উভয়ই সম্মত ছিলেন এবং তাদের পছন্দ মতো কাজ করার স্বাধীনতা ও ক্ষমতা আছে।[২২]

> **"সহিংসতার শিকারের তথ্য পাওয়ার অধিকার রয়েছে। মামলা সম্পর্কে অবহিত সিদ্ধান্ত গ্রহণ এবং ঝুঁকি মূল্যায়ন করার জন্য সহিংসতার শিকার ব্যক্তিকে মামলার যথাযথ তথ্য এবং হালনাগাতকৃত তথ্য পেতে হবে। সিদ্ধান্ত গ্রহণে সহিংসতার শিকার ব্যক্তিকে জড়িত করা করা হলে তারা ক্ষমতায়িত হয় এবং তাদের নিজের জীবন নিয়ন্ত্রণ করতে সক্ষম হয়।»**
>
> ইউএন পুলিশ জেন্ডার টুলকিট, ২০১৫

> ***যখন একজন ব্যক্তি স্বাধীনভাবে এবং স্বেচ্ছায় কিছু করার জন্য একটি জ্ঞাত সিদ্ধান্ত গ্রহন করে তখন তাকে সম্মতি বলে। যদি জোর করে, হুমকি দেখিয়ে, বল প্রয়োগ করে, ধোঁকা দিয়ে, প্রতারণা করে, বা ভুল তথ্য উপস্থাপনের মাধ্যমে কারো কাছ থেকে সম্মতি নেওয়া হয় তাহলে সেটিকে সম্মতি বলা যাবে না।***

যৌন সম্পর্কের ক্ষেত্রে সম্মতি কি এবং কেমন শোনায় তা বোঝার জন্য ইউএন উইমেন একটি খুব দরকারী নির্দেশিকার সেট প্রদান করেছে (বক্স-৪):

২১ See 'Community-Oriented Policing in United Nations Peace Operations Manual. Strategic Guidance Framework for International Police peacekeeping' (UN Department of Peacekeeping Operations Department of Field Support, 2018).

২২ 'ধর্ষণ এবং যৌন নিপীড়ন কি?' মেট্রোপলিটন পুলিশ ইউকে @ https://www.met.police.uk/advice/advice-and-information/rsa/rape-and-sexual-assault/what-is-rape-and-sexualassault/

বক্স ৪

**ইউএন উইমেন: যখন সম্মতির কথা আসে, তখন কোন অস্পষ্ট রেখা থাকে না**[২৩]

| | |
|---|---|
| **উদ্যমী** | • সম্মতি উৎসাহের জায়গা থেকে আসে। ফলে 'না' সূচক বিষয় খোঁজার পরিবর্তে, নিশ্চিত করুন যে সেখানে সক্রিয় 'হ্যাঁ' রয়েছে।<br>• যদি আপনার সঙ্গী সম্মত হন, কিন্তু তাদের দেখে চিন্তিত বা অনিশ্চিত মনে হয়, তাহলে তারা সম্মতি দিচ্ছেন না।<br>• 'না,' বা 'আমি জানি না' এবং নীরবতা সম্মতি নয়। |
| **অবাধে দেওয়া হয** | • চাপ ছাড়াই সম্মতি দিতে হবে। হ্যাঁ বলার জন্য কাউকে প্ররোচিত করা, জোর করা বা হুমকি দেওয়া ঠিক নয়।<br>• আপনি যদি অজ্ঞান হন বা পরিবর্তিত মানসিক অবস্থায়- যেমন মাতাল বা উচ্চ মাত্রায় মদ্যপ, থাকলে আপনি সম্মতি দিতে পারবেন না। |
| **অবগত** | • আপনার কাছে সমস্ত তথ্য থাকলে কেবল আপনি কোন কিছুতে সম্মতি দিতে পারেন। উদাহরণস্বরূপ, যদি একজন অংশীদার যদি যৌনতার সময় সুরক্ষা ব্যবস্থা ব্যবহার করার কথা বলে যদি তা না করে, তাহলে সেটা সম্মতিমূলক যৌনতা নয়।<br>• সম্মতি উন্মুক্ত এবং পূর্ণ হতে পারে না যদি জড়িত কোনো পক্ষ কম বয়সী হয়। তাই বাল্যবিবাহ একটি অস-ম্মতিমূলক কাজ। |
| **নির্দিষ্ট** | • সম্মতি নির্দিষ্টতার জন্য অনুমতি দেয়।<br>• আপনি একটি বিষয়ে সম্মতি দেওয়ার অধিকারী হতে পারেন এবং অন্যটি নাও দিতে পারেন। আপনি একদিন চুম্বন বা স্পর্শ করতে সম্মতি দিতে পারেন এবং পরের দিন নাও দিতে পারেন। আপনি সম্মত হবেন কি না তা আপনার উপর নির্ভর করে এবং এটি আপনি চাইলেই যে কোন সময় পরিবর্তন করতে পারেন। |
| **বিপরীতমুখী** | • সম্মতি প্রত্যাহার করা যেতে পারে। আপনি যে কোনো সময় আপনার মন পরিবর্তন করতে পারেন. এবং এমনকি দম্পতিদের মধ্যে যারা আগে যৌন সম্পর্ক করেছে তাদের জন্যও সম্মতি গুরুত্বপূর্ণ । |

যৌন সম্পর্কের ক্ষেত্রে কোনটা সম্মতি এবং কোনটা সম্মতি নয় সে সম্পর্কে একটি দৃঢ় বোঝাপড়ার মাধ্যমে, পুলিশ কথিত যৌন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে কার্যকরভাবে যোগাযোগ করতে আরও শক্তিশালী অবস্থানে থাকবে। আরও সুনির্দিষ্টভাবে বলতে গেলে, এটি সাক্ষাৎকারের সময় অতিরিক্ত আক্রমণাত্মক না হয়ে একজন ব্যক্তির বিরুদ্ধে সংঘটিত অ-সম্ম-তিমূলক যৌন কার্যক্রমের সম্ভাবনা সনাক্ত করতে সক্ষম হতে পুলিশকে সংবেদনশীলতা প্রদর্শন করতে সহায়তা করবে। একটি আনুষ্ঠানিক অভিযোগ করার সময় সহিংসতার শিকার ও বেঁচে থাকা নারী ও মেয়েরা যে নেতিবাচক অভিজ্ঞতার (দ্বিতীয় বার সহিংসতার শিকারের) সম্মুখীন হয় তা প্রশমিত করতে সাহায্য করবে।

দ্বন্দ্বে যৌন সহিংসতার নথিপত্র এবং তদন্ত সম্পর্কিত আন্তর্জাতিক প্রোটোকল: অপরাধ বা আন্তর্জাতিক আইন লঙ্ঘন হিসাবে যৌন সহিংসতার নথিপত্রের উপর সেরা অনুশীলন (২০১৭) শিকার সংবেদনশীল যোগাযোগের সাথে জড়িত ভাল অনুশীলনের আরও উদাহরণ প্রদান করে

দ্বন্দ্বে যৌন সহিংসতার নথিপত্র এবং তদন্তের আন্তর্জাতিক প্রোটোকল: অপরাধ বা আন্তর্জাতিক আইন লঙ্ঘন হিসাবে যৌন সহিংসতার নথিপত্রের উপর সেরা অনুশীলন (২০১৭) এ সহিংসতার শিকার সংবেদনশীল যোগাযোগের সাথে জড়িত ভাল অনুশীলনের আরও উদাহরণ প্রদান করে (বক্স-৫ দেখুন):

## VAWG-তে সাড়া দেওয়ার সময় কার্যকরভাবে যোগাযোগের জন্য মূল ব্যবস্থাপনাগত দক্ষতা

উপরে যেমনটি আলোচনা করা হয়েছে, আন্তঃব্যক্তিক দক্ষতাগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে, সহকর্মী কর্মকর্তা, অধস্তন, র‍্যাঙ্কিং এ উর্ধ্বতন কর্মকর্তা, সম্প্রদায়ের সদস্য, অন্যান্য বিভাগ এবং এখতিয়ারের সাথে কার্যকরভাবে যোগাযোগ করার জন্য গুরুত্বপূর্ণ এবং কার্যকর পুলিশিংয়ের জন্য আদালত ব্যবস্থা গুরুত্বপূর্ণ। ইউকে কলেজ অফ পুলিশিং এর মতে যোগাযোগের মধ্যে রয়েছে সম্প্রদায়ের সাথে মিশে যাওয়া, তাদের মতামত ও ধারনা

২৩ 'When it comes to consent, there are no blurred lines', UN Women, November 18, 2019 https://www.unwomen.org/en/news/stories/2019/11/feature-consent-no-blurred-lines

**বক্স-৫**

**যোগাযোগের সময় কি করা যাবে এবং কি করা যাবে না**[২৬]

| কি করা যাবে? | কি করা যাবে না? |
|---|---|
| • সাক্ষাৎকার গ্রহণকারীর প্রতি আপনার সম্পূর্ণ মনোযোগ দিন এবং সক্রিয় শোনার ভঙ্গি ব্যবহার করে তাকে দেখান: শ্রদ্ধাশীল চোখের যোগাযোগ রাখুন, মাথা নাড়ান বা 'হুম' বলুন এবং সহিংসতার শিকার/সাক্ষীকে কথা রাখতে উৎসাহিত করুন।<br>• সহিংসতার শিকার/সাক্ষীকে কোনো বাধা ছাড়াই স্বাধীনভাবে কথা বলতে দিন;<br>• শান্ত থাকুন এবং আপনার নিজের আবেগকে সাক্ষাতকার প্র-ক্রিয়ায় প্রকাশ করতে দেবেন না; সহিংসতার শিকার নারী বা মেয়েদের ঘটনা প্রকাশের গতি এবং কী পরিমান প্রকাশ করা হয়েছে তা নিয়ন্ত্রণ করার অনুমতি দিন;<br>• সান্ত্বনা প্রদান করুন এবং সহায়ক হোন এবং আশ্বাস প্রদান করুন;<br>• স্পষ্ট, সহজ ও উন্মুক্ত প্রশ্ন প্রণয়ন করুন; একবারে একটি প্রশ্ন জিজ্ঞাসা করুন;<br>• পরিষ্কার সহজ ভাষা ব্যবহার করুন এবং কোন অপরিচিত শব্দ স্পষ্ট করতে ভুলবেন না;<br>• ঘটনার সবচেয়ে কঠিন দিকগুলি স্বীকার করুন এবং ব্যাখ্যা করুন কেন এই বিবরণগুলি প্রয়োজন - যদি সেগুলি হয়ে থাকে;<br>• অব্যক্ত (অ-মৌখিক) যোগাযোগের দিকে মনোযোগ দিন; কখন নির্দিষ্ট প্রশ্ন জিজ্ঞাসা করা বন্ধ করতে হবে বা বিষয় পরিবর্তন করতে হবে তা জানুন;<br>• সহিংসতার শিকার/সাক্ষীর মতামত, বিশ্বাস, চিন্তাভাবনা এবং আবেগকে সম্মান করুন-তাকে কান্না থামাতে বা শান্ত হতে বলবেন না। | • সহিংসতার শিকার/সাক্ষীকে বাধা দেওয়া;<br>• বারবার একই প্রশ্নের পুনরাবৃত্তি করুন;<br>• সহিংসতার শিকার/সাক্ষীকে তার নির্যাতনের গল্পটি ভিন্ন ভিন্ন মানুষের কাছে পুনরাবৃত্তি করা;<br>• রাগান্বিত হওয়া বা সহিংসতার শিকার/সাক্ষীকে কথা বলতে বাধ্য করা;<br>• সহিংসতার শিকার/সাক্ষীর দিকে তাকান;<br>• অবিশ্বাস, ঘৃণা, বিরক্তি, হতাশা, রাগান্বিত হওয়া বা ধাক্কা খাওয়ার অভিব্যক্তি প্রকাশ করা;<br>• ধরুন আপনি জানেন সহিংসতার শিকার/সাক্ষী কি বলতে চান;<br>• সাক্ষাৎকার বা সাক্ষাৎকারের সমাপনী পর্বে তাড়াহুড়ো করা।  |

শোনা এবং তাদের উপর এমনভাবে কাজ করা যাতে পুলিশের কর্মক্ষমতা এবং পরিষেবা সরবরাহের উন্নতি হয়।[২৪]

পূর্বের অধ্যায়গুলির মতো, UNPOL জেন্ডার টুলকিট (২০১৫), অর্গানাইজেশন ফর সিকিউরিটি অ্যান্ড কো-অপারেশন ইন ইউরোপ (OSCE) এর পুলিশ-পাবলিক পার্টনারশিপ তৈরিতে ভালো অনুশীলন, **দ্য স্ট্রাটেজিক গাইডেন্স ফ্রেমওয়ার্ক ফর ইন্টারন্যাশনাল পুলিশ পিসকিপিং** (SGF)[২৫] এবং **দা গাইড লাইন ফর ইন্টিগ্রেটিংজেন্ডার বেইজড ভায়োলেন্স ইন্টারভেনশন ইন হিউম্যানিটেরিয়ান একশন** (২০১৫) সহ জাতিসংঘের অন্যান্য নথি দ্বারা অনুপ্রাণিত হয়ে এই দক্ষতাগুলি চিহ্নিত হয়েছে।[২৭]

নিম্নলিখিত মূল কর্মক্ষমতা দক্ষতার অ-সম্পূর্ণ তালিকাটি পুলিশ ম্যানেজাররা উল্লেখ করতে পারেন যখন প্রতিক্রিয়া জানানো কর্মীরা ভিএডব্লিউজি (VAWG) -এর সহিংসতার শিকার নারী ও মেয়েদের সাথে সঠিকভাবে যোগাযোগ করে, তাদের সাথে ঘটে যাওয়া ঘটনা বিস্তারিত ভাবে শুনে, নিরাপত্তার অনুভূতি নিশ্চিত করে, তাদের পরিবর্তনশীল ন্যায়বিচারের চাহিদাগুলির উপর গুরুত্ব

২৪ Communication: Engagement and communication. UK College of Policing, at: https://www.app.college.police.uk/app-content/engagement-and-communication/communications/

২৫ ইন্টারন্যাশনাল পুলিশ পিসকিপিং (SGF) এর জন্য প্রণীত স্ট্র্যাটেজিক গাইডেন্স ফ্রেমওয়ার্কের লক্ষ্য হল জননিরাপত্তা বিধান, পুলিশ সংস্কার এবং প্রাদেশিক পুলিশ পরিষেবাগুলিতে সহায়তার জন্য আরও ধারাবাহিক, সামঞ্জস্যপূর্ণ পদ্ধতির মাধ্যমে জাতিসংঘের পুলিশ শান্তিরক্ষার কার্যকারিতা বাড়ানো।

২৬ See Box 1 in Chapter 11 'Interviewing' of the International Protocol on the Documentation and Investigation of Sexual Violence in Conflict. Best Practice on the Documentation of Sexual Violence as a Crime or Violation of International Law 2nd Edition: Sara Ferro Ribeiro and Danaé van der Straten Ponthoz on behalf of the UK Foreign & Commonwealth Office, March 2017.

২৭ Guidelines for Integrating Gender-Based Violence Interventions in Humanitarian Action: Reducing risk, promoting resilience and aiding recovery (Inter-Agency Standing Committee, 2015).

> **“কার্যকর যোগাযোগ জনসাধারণের চাহিদার অনুযায়ী পরিষেবা সরবরাহকে আকৃতি প্রদান করে। পুলিশ যেভাবে যোগাযোগ করে সেগুলি বিভিন্ন সম্প্রদায়ের চাহিদা এবং প্রয়োজনীয়তার সাথে আনুপাতিক হওয়া উচিত যে সেবাগুলি তারা পরিবেশন করবে।»**
>
> ইউকে কলেজ অফ পুলিশিং

আরোপ করে এবং গোপনীয়তা ও ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করার মাধ্যমে ক্ষমতায়ন নিশ্চিত করতে চান। ব্যবস্থাপকদের এটা নিশ্চিত করা উচিত যে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা নিম্নলিখিত বিষয়গুলি করতে সক্ষন:

**প্রাপ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা) (শাসন, তদারকি এবং জবাবদিহিতার দৃষ্টিকোণ থেকে)**

- VAWG যোগাযোগের নিয়মিত রিপোর্টিং নিশ্চিত করুন এবং স্থানীয় স্টেকহোল্ডারসহ যারা মানবিক সহায়তা প্রদান করে তাদের কাছে একাধিক পদ্ধতি এবং ভাষা ব্যবহার করে রি-পোর্টগুলির প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা) নিশ্চিত করুন (যেমন ব্রেইল (অন্ধরা পড়তে পারে); বড় মুদ্রণ; ইশারা (সাইন) ভাষা; সহজে পড়া যায় এমন ভাষা, সরলীকৃত বার্তা প্রেরণ যেমন পিক্টোগ্রাম এবং ছবি; ইত্যাদি। .)

**পরিষেবাগুলির পরিকল্পনা, বাস্তবায়ন এবং মূল্যায়নে স্টেক-হোল্ডারদের কার্যকর যোগাযোগ এবং অংশগ্রহণ:**

- বিশ্বাস গড়ে তোলা এবং বজায় রাখার লক্ষ্যে নারী এবং শিশুদের দলগুলির সাথে কার্যকর যোগাযোগ বজায় রাখা। এর মধ্যে এই ধরনের গোষ্ঠী এবং তাদের আশেপাশের সম্প্রদায়ের সাথে সময় কাটানো, নিয়মিত পায়ে হেঁটে টহল, নিয়মিত বৈঠক, প্রতিক্রিয়া চাওয়া, সমীক্ষা পরিচালনা, কমিউনিটি ফোরাম এর সভা আয়োজন করা, উচ্চ স্তরের সমর্থন পাওয়া এবং উপযুক্ত প্রতিক্রিয়া অন্তর্ভুক্ত হতে পারে;

> **“ অধিপরামর্শের উদ্দেশ্যে বেঁচে থাকা ব্যক্তিদের গল্প, ছবি বা ফটোগ্রাফ ব্যবহার করার সময় যোগাযোগের সকল কৌশল পরিচালনার সময় অবশ্যই গোপনীয়তা এবং তথ্য সুরক্ষার মানদণ্ড মেনে চলতে হবে।»**
>
> ইউএন পুলিশ জেন্ডার টুলকিট, ২০১৫

- ক্ষতিগ্রস্ত গোষ্ঠীকে VAWG এর প্রবণতা এবং প্রতিক্রিয়া সম্পর্কে অবহিত করার জন্য যোগাযোগ বজায় রাখার প্রক্রিয়ায় আপনার ভূমিকা চিহ্নিত করুন এবং প্রতিক্রিয়া জানান।

**অভিযোজনযোগ্যতা (খাপ খাইয়ে চলা)**

- শারীরিক ভাষা বুঝুন এবং মনোযোগ দিন, গোলমালের মতো বিভ্রান্তিগুলি এড়িয়ে চলুন, কোনও বিষয়ে কুসংস্কার এবং নিজের সিদ্ধান্তকে একপাশে সরিয়ে রাখুন, সহিংসতার শিকার নারী ও মেয়ে সম্পূর্ণ গল্পটি বর্ণনা করার পরেই শুধুমাত্র সুস্পষ্ট ভাবে তথ্য জানার জন্য এবং শব্দান্তরিত বা পুনরায় বলতে বলার কারনে তথ্যটি সঠিকভাবে বোঝা গেছে কিনা তা পরীক্ষা করার জন্য প্রশ্ন জিজ্ঞাসা করুন;[২৮]

- সহিংসতার শিকার নারী ও মেয়েদের সাথে ঘটে যাওয়া অপ-রাধের ধরণের উপর নির্ভর করে সম্প্রদায়ের সদস্যরা পুরুষ ও মহিলা পুলিশ কর্মকর্তাদের প্রতি ভিন্নভাবে প্রতিক্রিয়া জানাতে পারে সেই বিষয়টি উপলব্ধি করুণ এবং মানিয়ে নিন;

- কমিউনিটি ফোরাম বা অনুরূপ যোগাযোগের গতি প্রকৃতিকে বোঝার চেষ্টা করুন এবং মানিয়ে নিন যাতে সকলের কথা শোনা যায়। এই বিষয়ে সচেতন সচেতন থাকুন যে বড় সমাবেশে শুধুমাত্র নির্দিষ্ট গোষ্ঠীর লোকেরা কথা বলতে পারে, অন্যরা, বিশেষ করে দুর্বল গোষ্ঠী, যেমন মহিলা এবং শিশুরা নীরব থাকতে পারে। পরিবেশের উপর নির্ভর করে বিভিন্ন পদ্ধতির প্রয়োজন হতে পারে।[২৯]

**উপযুক্ততা**

- সক্রিয়ভাবে শুনুন। এর অর্থ হল যিনি কথা বলছেন তার উপর দৃষ্টি নিবদ্ধ করা এবং যা বলা হচ্ছে তা ব্যাখ্যা ও মূল্যায়ন করার আগে তার অভিজ্ঞতা বোঝার চেষ্টা করা।[৩০] শোনা এবং বোঝার পরিবর্তে একজন ব্যক্তি যা বলে তা ব্যাখ্যা করা বিপরীতমুখী হতে পারে কারণ এটি সম্ভবত শ্রোতা তাদের নিজস্ব কুসংস্কার/ অভিজ্ঞতার ভিত্তিতে ‘ব্যাখ্যা’ করবে।

- বাচ্চাদের সাথে এমন ভাবে তথ্য শেয়ার করুন যাতে তারা বুঝতে পারে, বিশেষ করে রেফারেল ও অন্যান্য মূল তথ্য যেন শিশু-বান্ধব হয়;

- বার্তা তৈরি এবং প্রচারের কৌশলগুলিতে স্থানীয় নারী, মেয়ে, পুরুষ এবং ছেলেদের যুক্ত করুন (প্রয়োজনে আলাদাভাবে) যাতে তা বয়স, লিঙ্গ এবং সাংস্কৃতিকভাবে উপযুক্ত হয়;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং সম্প্র-দায়ের সদস্যদের প্রতি সহানুভূতি দেখান, বিশেষ করে যারা

২৮ UN Police Gender Toolkit 2015. UN. Department of Peace Operations – DPO/ DPET/Integrated Training Service, at: http://repository.un.org/handle/11176/387374
২৯ Ibid.
৩০ ইবিড

**"যখন পুলিশ নারীদের নিরাপদ রাখার বিষয়ে পরামর্শ দেয়, তখন নিশ্চিত করতে হবে যে এটি এমনভাবে পালটানো হয়েছে যা তাদের দোষারোপ করার পরামর্শ দেয় না"**

নটিংহ্যামশায়ার পুলিশ এবং অপরাধ কমিশনার (2018) অফিসের অর্থায়নে মিসোজিনি হেট ক্রাইম ইভালুয়েশন রিপোর্ট

সামাজিকভাবে প্রান্তিক। সহিংসতার শিকার নারী ও মেয়েদের সাথে সহানুভূতিশীল আচরণ করলে তারা আরও বেশি স্বাচ্ছন্দ্য বোধ করবে এবং তদন্তকারীদের কাছে তারা যে মর্মান্তিক ঘটনার অভিজ্ঞতা অর্জন করেছে সেই পরিস্থিতি সম্পর্কে সঠিক তথ্য অনুসন্ধানে সক্ষম করবে।

## নিরাপত্তা-ঝুঁকি মূল্যায়ন এবং নিরাপত্তা পরিকল্পনায় অগ্রাধিকার দেওয়া

- সাধারণ নিরাপত্তা এবং VAWG এর ঝুঁকি হ্রাস সম্পর্কে বিভিন্ন সম্প্রদায়ের মধ্যে সচেতনতা বৃদ্ধি করা;

- মামলা শেষ না হওয়া পর্যন্ত এবং কল্যাণ সুরক্ষিত না হওয়া পর্যন্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী এবং মেয়েদের সাথে যোগাযোগের বিভিন্ন চ্যানেল তৈরি করুন এবং বজায় রাখা;

**রেফারেল এবং সমন্বয়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন করা**

**বক্স-৬**

**প্রতিবন্ধী VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদেরকে জড়িত করার জন্য কি করা যাবে এবং কি করা যাবে না**[৩১]

| কি করা যাবে না? | কি করা যাবে? |
|---|---|
| দোভাষী, বা সহায়তা কর্মী, অন্যান্য সেবা প্রদানকারী বা পরিবারের সদস্যদের মাধ্যমে কথা বলবেন না। | ব্যক্তির দৃষ্টি প্রতিবন্ধকতা থাকলেও মুখ দেখে তার সাথে সরাসরি কথা বলুন। |
| প্রথমে অনুমতি না নিয়ে ব্যক্তির চলাচলের সরঞ্জাম স্পর্শ করবেন না। | প্রতিবার দৃষ্টি প্রতিবন্ধী ব্যক্তির সাথে কথা বলার সময়, প্রথমে নিজেকে তার সামনে উপস্থাপন করুন (যেমন "অফিসার X কথা বলছেন")। |
| একজন প্রতিবন্ধী ব্যক্তির যোগাযোগের দক্ষতাকে অবমূল্যায়ন করবেন না। শ্রবণ প্রতিবন্ধী ব্যক্তিও একটি কলম/পেন্সিল এবং একটি কাগজ দিয়ে কার্যকরভাবে যোগাযোগ করতে পারে। | শ্রবণ এবং যোগাযোগ প্রতিবন্ধী ব্যক্তির যোগাযোগ করার সময় প্রথমে তাকে জিজ্ঞাসা করুন যে তার পরিচিতি এমন্ কোন দোভাষী আছে কি না যাকে সে বিশ্বাস করে এবং তাকে সে এই প্রক্রিয়ায় জড়িত হতে চায় কি না? |
| একজন ব্যক্তিকে 'অক্ষম' হিসেবে উল্লেখ করুন। «আপনার মত লোক" এই ধরণের বা অন্যান্য একই ধরণের বাক্যাংশ ব্যবহার করবেন না যা একজন ব্যক্তিটিকে অন্য ব্যক্তি থেকে আলাদা করতে পারে। | ব্যক্তিকে নাম ধরে ডাকুন। |
| অধৈর্যতা প্রকাশ করা যাবে না। | অন্য মানুষের চাহিদা বুঝতে হবে। |
| নেতিবাচক প্রশ্ন যেমন "আপনার কি সমস্যা?" বা "আপনি কি সবসময় এমন ছিলেন?" জিজ্ঞাসা করা। | ইতিবাচক প্রশ্ন জিজ্ঞাসা করুন যেমন "আপনি কি বিভিন্ন কার্যক্রমে কোন অসুবিধার সম্মুখীন হন?" অথবা "অর্থপূর্ণভাবে অংশগ্রহণ করার জন্য আপনার কি থাকবার জায়গা প্রয়োজন আছে? |
| ধরে নিন সব প্রতিবন্ধী ব্যক্তি হাত মেলাতে পারে না। | হাত মিলানোর জন্য আপনার হাত এগিয়ে দিন। তাকে প্রথমে জিজ্ঞাসা করুন এটা ঠিক আছে কিনা, অথবা দৃষ্টি শক্তি কম থাকা ব্যক্তি, যে হাত দেখতে পারে না, তাকে হাত বারিয়ে দিয়ে জানান । |
| অনুমান করুন যে সকল প্রতিবন্ধী ব্যক্তিদের সাহায্যের প্রয়োজন, এবং আপনি জানেন কিভাবে সাহায্য করতে হয়। | একজন ব্যক্তি সাহায্য নিতে চান কিনা এবং আপনি কীভাবে সাহায্য করতে পারেন তা জিজ্ঞাসা করুন। |

৩১ মোলদোভায় ইউএন উইমেন প্রোগ্রাম ম্যানেজার এলেনা রাতিও এবং মানবতা ও অন্তর্ভুক্তি দ্বারা অনুপ্রাণিত @https://www.hi-us.org/



ছবি সৌজন্যে ইউএন ফটো/মার্টিন পেরেট (টিমর লেস্টে)

- VAWG প্রতিরোধের মৌলিক বার্তাগুলিকে সেক্টর-নির্দিষ্ট সম্প্রদায়ের মধ্যে প্রচারে এবং সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে অন্তর্ভুক্ত করুন;;

- সচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রমে প্রতিরোধ, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী এবং মেয়েদের অধিকার (সেবা প্রদান এবং সম্প্রদায়ের স্তরে গোপনীয়তা রক্ষাসহ), ঝুঁকি সম্পর্কে কোথায় জানাতে হবে এবং VAWG-এর সেবা কীভাবে পাওয়া (অ্যাক্সেস) যায় সে সম্পর্কে সকল তথ্য অন্তর্ভুক্ত রয়েছে এটি নিশ্চিত করুন;

- স্থানীয় পুরুষ ও ছেলেদের VAWG এর বিরুদ্ধে কথা বলার বিষয়ে আলোচনায় সক্রিয়ভাবে জড়িত থাকতে উৎসাহিত করুন।

**তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা**

- যদি VAWG এ প্রস্তাবিত পুলিশের পদক্ষেপগুলি পুলিশ যা করবে বলে আশা করা হয় তাহলে নারী পুলিশ কর্মকর্তা এবং সম্প্রদায়ের নারীদের কাছ থেকে মতামত নিন।

- স্থানীয় পর্যায়ে VAWG এ সাড়া দেবার ক্ষমতা এবং রেফারেলের উপায় সম্পর্কে হালনাগাদকৃত তথ্য সংগ্রহ এবং সংরক্ষণ করুন এবং মূল স্টেকহোল্ডারদের সাথে সেই তথ্য সক্রিয়ভাবে ভাগাভাগি (শেয়ার) করুন যাতে তারা সহায়তা/প্রতিক্রিয়ার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের উপযুক্ত চ্যানেলে পাঠাতে পারে।

**অবহিত সম্মতি এবং গোপনীয়তা**

- তথ্য-আদান-প্রদানের মানদণ্ডগুলি প্রয়োগ করুন যা গোপনীয়তা রক্ষা করবে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিচয় গোপন রাখবে। এর মধ্যে জরুরি অবস্থার প্রাথমিক পর্যায় অন্তর্ভুক্ত থাকবে যখন পরিষেবাগুলি সীমিত আকারে প্রদান করা হয়ে থাকে।

## অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানকারী পুলিশের জন্য রেফারেন্স সূচক: যোগাযোগ

ন্যায়বিচার এবং পুলিশিং পরিষেবাগুলি সম্পর্কে তথ্য সহজ এবং প্রবেশাধিকারযোগ্য (অ্যাক্সেসযোগ্য) হওয়াকে ESP যোগাযোগের মূল উপাদান হিসাবে সুপারিশ করে। এই বিষয়ে, পুলিশ এর যোগাযোগের একটি সুস্পষ্ট উদ্দেশ্য থাকা উচিত যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের মর্যাদা এবং সম্মানের রক্ষিত। এর মধ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে চলমান পুলিশ যোগাযোগের পাশাপাশি ন্যায়বিচারের ধারাবাহিকতায় তাদের অংশীদারদের সাথে নিয়মিত এবং কার্যকর যোগাযোগ অন্তর্ভুক্ত করা উচিত।

এই মূল উপাদানগুলিকে চিহ্নিত করার জন্য, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের ক্ষেত্রে ন্যায়বিচার এবং সহায়তা পরিষেবাগুলি সর্বাধিক প্রভাব নিশ্চিত করার জন্য ESP এগুলির কিছু সাধারণ বৈশিষ্ট্য এবং কার্যক্রমে প্রস্তাব করেছে। এই সাধারণ বৈশিষ্ট্য এবং কার্যক্রমগুলি দ্বিতীয় অধ্যায়ঃ 'ম্যানেজার এবং টিম লিডার হিসাবে পার্থক্য তৈরি করা' তে তালিকাভুক্ত করা হয়েছে:

বিচার ব্যবস্থা জুড়ে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের ক্ষমতায়ন করার জন্য ESP-এর সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রমগুলিকে কীভাবে VAWG-তে সাড়া দেওয়ার জন্য স্থানীয় যোগাযোগের কৌশলগুলিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে তা বোঝার জন্য হ্যান্ডবুকটি কিছু সূচকের উদাহরণ প্রস্তাব করেছে যেগুলি পুলিশ ম্যানেজাররা উপস্থিত থাকলে উল্লেখ করতে পারেন এবং যদি না থাকে তবে ঊর্ধ্বতন কর্মকর্তাদের অন্তর্ভুক্ত করতে পারেন।:

- **প্রাপ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** স্থানীয় জনসংখ্যার শতকরা হার যারা VAWG-এর শিকার/জীবিতদের প্রয়োজনীয় পরিষেবা প্রদানে পুলিশের ভূমিকা সম্পর্কে পুলিশের দ্বারা উপলব্ধ তথ্যে সন্তুষ্ট। যে কোন সমীক্ষায় সক্রিয়ভাবে সেই

*মানুষ যেভাবে নিজেদেরকে বিবেচনা করতে চায় সে জাতিসত্তার নামে তাদের পরিচিত করুন (অর্থাৎ, রোমা মানুষদের ক্ষেত্রে, কিছু ভাষায় এই জাতিগোষ্ঠীকে সংজ্ঞায়িত করার জন্য বেশ কয়েকটি শব্দ ব্যবহিত হয় যেমন "জিপসি", "সাইগান", যা রোমা মানুষেরা বৈষম্যমূলক বলে মনে করে এবং এড়িয়ে যেতে চায়।*



UNAMID/Albert González Farran এর সৌজন্যে ছবি (দারফুর অঞ্চল, সুদান)

সকল গোষ্ঠীগুলিকে অন্তর্ভুক্ত করা উচিত যারা সাধারণত প্রান্তিক বা সহিংসতার বেশি ঝুঁকি রয়েছে এটা নিশ্চিত করার জন্য যে তাদের সাথে যোগাযোগ করা যেকোন তথ্যই ব্যাপকভাবে বোধগম্য এবং অন্তর্ভুক্তিমূলক। এই সূচকে বিবেচনা করার জন্য তথ্যের একটি গুরুত্বপূর্ণ উৎস হল নাগরিক অভিযোগ যা পুলিশের আন্তঃব্যক্তিক যোগাযোগকে সমস্যাযুক্ত হিসাবে চিহ্নিত করে।

- **অভিযোজনযোগ্যতা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** পারিবারিক সহিংসতা বা IPV-এর মামলায় সাড়া দেবার আগে তাদের কাছে পাঠানো তথ্যের প্রাসঙ্গিকতা এবং সময়োপযোগীতায় সন্তুষ্ট স্থানীয় পুলিশ কর্মীদের প্রতিক্রিয়া দেওয়ার শতকরা হার। পারিবারিক সহিংসতার ঘটনাগুলিতে পুলিশ যথাযথভাবে প্রতিক্রিয়া জানানোর জন্য এটি অপরিহার্য যে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা যে কোনও সাংস্কৃতিক সমস্যা, নির্দিষ্ট প্রয়োজন বা পারিবারিক সহিংসতার জন্য পূর্বে যে ঠিকানায় পুলিশ উপস্থিত হয়েছিল এবং অপরাধী হিংসাত্মক হতে পারে কিনা সে সম্পর্কে সচেতন।[৩২] কর্মক্ষমতা পরিমাপের ক্ষেত্রে, টহল দেওয়া কর্মকর্তাদের নিকট প্রদান করা তথ্যের পর্যাপ্ততার নিয়মিত পর্যবেক্ষণ প্রয়োজন। তদন্তকারী মামলার ব্যবস্থাপকদের সাথে সমন্বয় করে ইউনিট বা বিভাগের ব্যবস্থাপকদের মাধ্যমে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের কাছ থেকে নিয়মিতভাবে কর্মক্ষমতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা উচিত। এটি 'মন্তব্য' বা মামলা ফাইল রিপোর্টে সুপারিশ হিসাবে অন্তর্ভুক্ত করা যেতে পারে। তথ্যগুলিকে পরবর্তীতে পুলিশসহ অন্যান্য সেবা প্রদানকারী সংস্থার কর্মক্ষমতার মাণ নিয়ন্ত্রণের অভ্যন্তরীণ এবং বাহ্যিক সমন্বয় প্রক্রিয়ায় সাথে যুক্ত করতে হবে।

- **উপযুক্ততা:** VAWG-এর ক্ষেত্রে অসদাচরণের জন্য প্রতিক্রিয়া জানানো পুলিশ কর্মকর্তাদের বিরুদ্ধে অভিযোগের সংখ্যা, যে হারে অভিযোগগুলি স্থায়ী হয়, এই ধরনের অভিযোগের ক্ষেত্রে শৃঙ্খলাবদ্ধ অফিসারদের অনুপাত। সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য সম্মত পরিষেবা সরবরাহ উন্নতির জন্য প্রমাণের ভিত্তি তৈরি করাই এর প্রথম কাজ। নারী জনসংখ্যার সাথে কার্যকর আন্তঃব্যক্তিক যোগাযোগের ক্ষেত্রে পুলিশকে কোথায় উন্নতি করতে হবে এবং ভাল অনুশীলন গড়ে তুলতে হবে তা পরীক্ষামূলকভাবে প্রদর্শনের মাধ্যমে পুলিশ ম্যানেজারদের নিশ্চিত করতে হবে যে তাদের প্রতিক্রিয়া জানানো কর্মীরা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের ক্ষমতায়নের জন্য কাজ করছে যাতে তারা পুনরায় দ্বিতীয় বার নির্যাতনের শিকার না হয় ।

৩২ অভ্যন্তরীণ পুলিশ যোগাযোগ সংক্রান্ত তথ্য চিহ্নিত করতে হবে এবং টহল পুলিশদের দ্রুত এবং নির্ভুলভাবে গুরুত্বপূর্ণ তথ্য প্রদান করতে হবে। এই ক্ষেত্রে কর্মক্ষমতার উন্নতি পারিবারিক সহিংসতার প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের প্রকৃত এবং অনুভূত নিরাপত্তা বৃদ্ধি করবে এবং সেইসাথে মানসিক বা শারীরিক অক্ষমতা বা অন্যান্য বিশেষ প্রয়োজনের ক্ষেত্রে তাদের আরও ভালভাবে প্রস্তুত করবে। See: 'Measuring police performance in domestic and family violence (2008)', Kiah Rollings and Natalie Taylor for *Trends & issues in Crime and Criminal Justice* No. 367 December 2008., Australian Institute of Criminology.

- **নিরাপত্তাকে অগ্রাধিকার দিন:** হালনাগাদকৃত VAWG এর মামলা দায়েরের (গত দুই সপ্তাহের মধ্যে আপডেট করা হয়েছে) বনাম যে মামলাগুলির আরও তথ্যের প্রয়োজন (২ সপ্তাহের বেশি) শতকরা হার বা অনুপাত । এই তথ্য ব্যবস্থাপক-দের VAWG-এর মামলাগুলির পরিমাণ সনাক্ত করতে সহায়তা করলেও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে চলমান যোগাযোগ রক্ষা নাও হতে পারে। হালনাগাদ করা হয় নি এই মামলাগুলির আরও কঠোর পরীক্ষা নিরিক্ষা করা দরকার এই কারণে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েরা অপ-রাধীর দ্বারা পুনরায় সহিংসতার শিকার হওয়ার কতটা ঝুঁকির মধ্যে থাকতে পারে তা জানার জন্য; মামলার সন্দেহভাজন ব্য-ক্তিকে গ্রেপ্তার করা হয়েছে কিনা; পালিয়ে গেছে কি না; মুক্তির জন্য বিবেচনা করা হচ্ছে কি না; অথবা মুক্তি পেয়েছে কি না এবং জামিন বা প্যারোলে আছে, এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের প্রয়োজনীয় সহায়তা পরিষেবা প্রবেশা-ধিকার (অ্যাক্সেস) রয়েছে তা জানার জন্য। তুলনা করার জন্য মাসিক, ত্রৈমাসিক এবং বার্ষিক ভিত্তিতেও তথ্য সংগ্রহ করা প্রয়োজন।,

*যদি ব্যক্তি কথা বলতে না পারে, তাহলে একজন অনুবাদক নিয়োগ করার আগে জিজ্ঞাসা করুন।*

- **অবহিত সম্মতি এবং গোপনীয়তা এবং প্রবেশাধিকার (অ্যাক্সেসযোগ্যতা):** সংশ্লিষ্ট আইনগত বিষয়ে ব্যবস্থা নেওয়ার সু-বিধার্থে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের এবং/অথবা তাদের আইনি দলকে পুলিশ রিপোর্ট প্রদান করার প্রক্রিয়া বিদ্য-মান রয়েছে এমন পুলিশ স্টেশনগুলির শতকরা শতাংশ যেখান। এই প্রক্রিয়া পরিষেবা সংক্রান্ত তথ্যের আদান-প্রদানের জন্য নৈতিকতার উপর ভিত্তি করে করা প্রস্তুত করা উচিত (বিদ্যমান আইন অনুসারে), এই বিষয়গুলি সুস্পষ্ট করে যে কোন তথ্যগুলি ভাগাভাগি (শেয়ার) করা যেতে পারে, কীভাবে এটি ভাগাভাগি (শেয়ার) করা হবে, কীভাবে এটি নিরাপদে সংরক্ষণ করা হবে এবং এটি কার সাথে ভাগাভাগি (শেয়ার) করা যেতে পারে। পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সম্মতি এবং গোপনীয়তার উপর জোর দেওয়া উচিত।

- **কার্যকরী যোগাযোগ এবং পরিষেবার পরিকল্পনা, বাস্তবা-য়ন এবং মূল্যায়নে স্টেকহোল্ডারদের অংশগ্রহণ এবং সমন্ব-য়ের মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ:** বিচার পরিষেবা প্রদানকারীদের মধ্যে কার্যকরভাবে তথ্য ভাগাভাগি করে নেওয়ার বিষয়ে স্থানীয় পুলিশ কর্মীদের সাথে জড়িত অন্যান্য সংস্থাকে নিয়ে সমন্বয় প্রক্রিয়ার উপর যৌথ প্রশিক্ষণের সংখ্যা/প্রতি বছর। গোপনীয়তা এবং ব্যক্তিগক সুর-ক্ষার নিশ্চিতের প্রয়োজনীয়তার মধ্যে সঠিকভাবে তথ্য ভাগ করে নেওয়ার জন্য পুলিশ কর্মীদের প্রশিক্ষণ দেওয়া উচিত, প্রযোজ্য ক্ষেত্রে তথ্য প্রকাশের জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং/অথবা পিতামাতা/অভিভাবক এবং আইনি প্রতিনিধির কাছ থেকে জ্ঞাত সম্মতি নিশ্চিত করা উচিত, এবং প্রোটোকল এবং রেফারেল প্রক্রিয়া/পথগুলিকে সম্মান করা যা ন্যায়বিচার পরিষেবা প্রদানকারীদের মধ্যে তথ্যের সময়োপযোগী এবং দক্ষ প্রবাহ নিশ্চিত করেন।

- **তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা:** VAWG এর মামলা পরিচা-লন প্রক্রিয়ার অংশ হিসেবে জনগণের মতামত এর উপর জরিপ করা প্রয়োজন। ইউকে পুলিশিংয়ের অভিজ্ঞতা উপর নির্ভর করে বলা যায় যে পুলিশকে পারিবারিক নির্যাতনের সহিংসতার শিকার/ বেঁচে যাওয়া নারী ও মেয়েদের কাছ থেকে প্রতিক্রিয়া চাওয়ার জন্য আরও কিছু করতে হবে। ইউকে সরকারের পৃষ্ঠ-পোষকতায় পরিচালিত পারিবারিক সহিংসতার বিরুদ্ধে পুলিশের প্রতিক্রিয়ার উপর একটি সমীক্ষার ফলাফল অনুযায়ী বলা হয়েছে যে যদি (পুলিশ) বাহিনী বুঝতে চায় কেন সহিংসতার শিকার/ বেঁচে থাকা কিছু নারী ও মেয়েরা তাদের সাথে জড়িত হতে অনিচ্ছা প্রকাশ করে তাহলে তাদের একটি সমন্বিত প্রচেষ্টা পরি-চালনা করতে হবে যাতে যাতে তারা ক্ষতিগ্রস্থদের চাহিদা মেটাতে কাজ করতে পারে এবং সে সমস্ত জায়গায় উন্নতি প্রয়োজন সেই জায়গাগুলি হাইলাইট করতে পারে।[৩৩]

৩৩ The Police Response to Domestic Abuse: An update report, Her Majesty's Inspectorate of Constabulary and Fire and Rescue Services (HMICFRS), February 2019

# কেস স্টাডি

## নটিংহামশায়ার পুলিশ নারীদের প্রতি সহিংস আচরণকে ঘৃণামূলক অপরাধ হিসাবে বিবেচনা করা

২০১৬ সালে, নটিংহ্যামশায়ার পুলিশ, ইউনাইটেড কিংডমের (ইউকে) প্রথম পুলিশ বাহিনী হয়ে ওঠে যারা নারী ও মেয়েদের যৌন নির্যাতনের ঘটনা রিপোর্ট করার অনুমতি দিয়েছে, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সহায়তা প্রদান করেছে এবং অভিযুক্ত অপরাধীদের তদন্ত করেছে। যুক্তরাজ্যের অন্যান্য অংশের জন্য এটিকে একটি পাইলট প্রকল্প হিসাবে বিবেচনা করে, নটিংহ্যামশায়ার পুলিশ ২০১৮ সালে প্রকাশিত অগ্রগতির বাহ্যিক মূল্যায়নের সাথে নারী এবং মেয়েদের প্রতি অশোভন আচরণকে ঘৃণামূলক অপরাধ হিসাবে বিবেচনা করে।

> **"মহিলারা প্রায়শই দৈনন্দিন ভিত্তিতে যে সমস্ত আচরণের সম্মুখীন হন, তা একেবারেই অগ্রহণযোগ্য এবং অত্যন্ত কষ্টদায়ক হতে পারে। এটি সামগ্রিক ঘৃণামূলক অপরাধের কাজ পরিচালনার একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক এবং এটি নটিংহামশায়ারকে সমস্ত মহিলাদের জন্য একটি নিরাপদ স্থান করে তুলবে।»**
>
> নটিংহ্যামশায়ার পুলিশের প্রধান কনস্টেবল স্যু ফিশ (অবসরপ্রাপ্ত)

নীতি অনুযায়ী, মিসোজিনি হেট ক্রাইমকে সংজ্ঞায়িত করা হয়েছে এই ভাবে যে " নারীদের প্রতি পুরুষদের মনোভাব দ্বারা অনুপ্রাণিত হয়ে নারীদের বিরুদ্ধে ঘটানো ঘটনা যার মধ্যে শুধুমাত্র নারী হওয়ার কারণে পুরুষদের দ্বারা নারীদের লক্ষ্য করে করা আচরণ অন্তর্ভুক্ত থাকে।"[৩৪]

যুক্তরাজ্যের আইনে, ঘৃণামূলক অপরাধ হল অপরাধমূলক আচরণের এমন একটি দিক যেখানে অপরাধী শত্রুতা দ্বারা অনুপ্রাণিত হয় বা সহিংসতার শিকারের অক্ষমতা, জাতি, ধর্ম, যৌন অভিমুখীতা বা তৃতীয় লিঙ্গের পরিচয়ের প্রতি শত্রুতা প্রদর্শন করে।[৩৫] ইউকে ক্রাউন প্রসিকিউশন সার্ভিস আরও উল্লেখ করেছে যে একটি ঘৃণামূলক অপরাধের মধ্যে মৌখিক নির্যাতন, ভীতি প্রদর্শন, হুমকি, হয়রানি, আক্রমণ এবং গুন্ডামি, সেইসাথে সম্পত্তির ক্ষতি অন্তর্ভুক্ত থাকতে পারে। তবে, অপরাধী একজন বন্ধু, পরিচর্যাকারী বা পরিচিত ব্যক্তিও হতে পারে যে আর্থিক লাভের জন্য বা অন্য কোন অপরাধমূলক উদ্দেশ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ের সাথে তাদের সম্পর্ককে কাজে লাগায়।[৩৬]

ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডের পুলিশ বাহিনী বার্ষিক ঘৃণামূলক অপরাধের পাঁচটি ধারা পর্যবেক্ষণ করেছে যার মধ্যে রয়েছে অক্ষমতা, লিঙ্গ পরিচয়, জাতি, জাতি বা জাতীয়তা, ধর্ম, বিশ্বাস বা বিশ্বাস এবং যৌন অভিযোজন।[৩৭] মেট্রোপলিটন পুলিশের মতে, ঘৃণার উপাদানের প্রমাণের প্রয়োজন নেই। সহিংসতার শিকার নারী ও মেয়েদের সাথে ঘটে যাওয়া ঘটনাটিকে ঘৃণার সাথে সম্পর্কিত বলে বোঝার প্রয়োজন নেই কারণ এটি যথেষ্ট হবে যদি অন্য ব্যক্তি, একজন প্রত্যক্ষদর্শী বা এমনকি একজন পুলিশ কর্মকর্তা মনে করেন যে ঘটনাটি ঘৃণা সম্পর্কিত।[৩৮]

এটি লক্ষ করা গুরুত্বপূর্ণ যে মিসোজিনি হেট ক্রাইমের উপর নটিংহামশায়ার পুলিশ বিদ্যমান আইনে কোন কিছু পরিবর্তন বা কোনো কিছু যোগ করেনি, কারণ এটি যুক্তরাজ্যের আইনের অধীনে ইতিমধ্যেই নির্ধারিত ঘৃণামূলক অপরাধ সংজ্ঞার সাথে সংগতিপূর্ণ।[৩৯]

**নটিংহ্যামশায়ার পুলিশ নীতির অতিরিক্ত বৈশিষ্ট্য হল যে মিসোজিনি হেট ক্রাইমের অভিযুক্ত সহিংসতার শিকার ব্যক্তিরা এমন ঘটনার রিপোর্ট করতে পারে যা ইউকে আইনের অধীনে অপরাধ হিসাবে বিবেচিত নাও হতে পারে এবং পুলিশ সেগুলি তদন্ত করবে।** নটিংহ্যামশায়ার পুলিশকে পরীক্ষা করতে হবে যে একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের কীভাবে সমর্থন করা যেতে পারে বা তাদের আবার লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া রোধ করতে কিছু করা যেতে পারে কিনা।[৪০]

৩৪ নটিংহ্যামশায়ার পুলিশ শ্লীলতাহানিকে ঘৃণামূলক অপরাধ হিসেবে নির্দেশ করে। BBC https://www.bbc.com/news/uk-england-nottinghamshire-36775398

৩৫ এই সাধারণ সংজ্ঞাটি ২০০৭ সালে পুলিশ, ক্রাউন প্রসিকিউশন সার্ভিস, প্রিজন সার্ভিস (বর্তমানে ন্যাশনাল অফেন্ডার ম্যানেজমেন্ট সার্ভিস) এবং ফৌজদারি বিচার ব্যবস্থা এবং অন্যান্য সংস্থা দ্বারা সম্মত হয়েছিল। See: Hate Crime, England and Wales, 2017/18 Statistical Bulletin 20/18 16 October 2018. Home Office Crime and Policing Statistics.

৩৬ Hate Crime. The Crown Prosecution Service (CPS) United Kingdom, at: https://www.cps.gov.uk/hate-crime

৩৭ নটিংহ্যামশায়ার পুলিশ শ্লীলতাহানিকে ঘৃণামূলক অপরাধ হিসেবে বিবেচনা করা হয়। এখানে: https://www.bbc.com/news/uk-england-nottinghamshire-36775398

৩৮ What is hate crime? Metropolitan Police United Kingdom, at: https://www.met.police.uk/advice/advice-and-information/hco/hate-crime/what-is-hate-crime/

৩৯ Six things we've learned about misogyny as a hate crime (2016), Bates, L. for The Guardian, at: https://www.theguardian.com/lifeandstyle/womens-blog/2016/sep/22/six-things-weve-learned-about-misogyny-as-a-hate

৪০ Nottinghamshire Police records misogyny as a hate crime, at: https://www.bbc.com/news/uk-england-nottinghamshire-36775398

বক্স-৭

**মিসোজিনি হেট ক্রাইম আচরণ**

এই নীতির অংশ হিসাবে, নটিংহ্যামশায়ার পুলিশ যে আচরণগুলিকে মিসোজিনি হেট ক্রাইম বলে চিহ্নিত করেছিল, সেগুলি নিম্নরূপ ছিল:

- বাঁশি
- আড়চোখে দেখা
- হাতছানি
- যৌন নিপীড়ন
- বাড়িতে অনুসরণ করা হচ্ছে
- মোবাইলে অযাচিত ছবি তোলা
- আপস্কার্টিং*
- যৌনতাপূর্ণ ভাষা
- হুমকি/আক্রমনাত্মক/ভীতিকর আচরণ
- অশ্লীল অঙ্গভঙ্গি
- অবাঞ্ছিত যৌন অগ্রগতি
- অনলাইন নির্যাতন

*যুক্তরাজ্যের আইনে, 'আপস্কার্টিং'-এর মধ্যে সাধারণত অপরাধীরা একজন নারী বা মেয়েদের পোশাকের নিচে তাদের যৌনাঙ্গ বা নিতম্ব দেখার অভিপ্রায়ে তাদের অজান্তেই ছবি তোলে।

**সচেতনতা বৃদ্ধি ও নারী ও মেয়েদেরকে সেই সমস্ত আক্রমণাত্মক আচরণের-যেমন** হয়রানি-(ধারা ৪ বা ৫ পাবলিক অর্ডার অ্যাক্ট, অশ্লীল আক্রমণ), **যা তারা অনেক সময় অপরাধ হিসেবে বিবেচনা নাও করতে পারে, বিরুদ্ধে রিপোর্ট করতে উৎসাহিত করবার জন্য এটি করতে বিশেষভাবে গুরুত্বপূর্ণ। সাধারণভাবে অনেক নারী অপরাধ (বিশেষত সহিংসতা এবং যৌন অপরাধ) সম্পর্কে কম রিপোর্ট করে থাকেন এবং এটির প্রত্যাশিত সুবিধা ছিল পুলিশিং এর প্রতি নারীদের আস্থা বৃদ্ধি করা এবং রিপোর্টিং এর হার বৃদ্ধি হতো।**

**নটিংহ্যামশায়ার পুলিশ কর্তৃক অশোভন আচরণ মোকাবেলায় কৌশলের এই পরিবর্তন কী রিপোর্ট করা যেতে পারে সে সম্পর্কে নারীদের ধারণাকে প্রভাবিত করবে।** সম্প্রতি কয়েকটি উপ-ধারা যুক্ত করার মাধ্যমে যুক্তরাজ্যে পুলিশ বাহিনী ঘৃণামূলক অপরাধের নিজস্ব সংজ্ঞা অন্তর্ভুক্ত করতে পারে।[৪১]

ফলস্বরূপ, ঘৃণামূলক অপরাধ হিসাবে মিসজিনি রেকর্ড করা পুলিশকে আরও বিশদ চিত্র প্রদান করবে যে এটি কত ঘন ঘন, কখন এবং কোথায় ঘটছে। এটি একটি অত্যন্ত দৃঢ় বার্তাও প্রদান করবে যে পুলিশ দুর্ব্যবহারের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনা করবে যার ফলে নারী ও মেয়েদের এগিয়ে আসতে এবং অপরাধের রিপোর্ট করার ক্ষেত্রে আত্মবিশ্বাস বাড়াবে। সবচেয়ে, মজার বিষয় হল, প্রবর্তিত পুলিশিং এর অধীনে পারিবারিক নির্যাতনকে মিসজিনি ঘৃণামূলক অপরাধ হিসাবে রেকর্ড করা হয়নি কারণ এটি মোকাবেলা এর নিজস্ব পদ্ধতি রয়েছে।[৪২]

তারপরেও, নটিংহামশায়ারের অভিজ্ঞতার উপর ভিত্তি করে, যে সকল পুলিশ কর্মকর্তাদের ঘৃণামূলক অপরাধ সম্পর্কে সামান্যতম ব্যক্তিগত ধারণা রয়েছে তারা নারী ও মেয়েদের যৌনতাবাদী আচরণের সাথে সম্পর্কিত অভিজ্ঞতার বৃহত্তর উপলব্ধি প্রদর্শন করেছে। ফলে, সমস্ত ধরণের ঘৃণামূলক অপরাধের শিকার নারী ও মেয়েদের প্রতি ব্যাপক সমবেদনা এবং সহানুভূতি প্রদর্শন করা হয়েছে এবং প্রশিক্ষণ কর্মসূচির পরপরই ঘৃণামূলক অপরাধের শিকার নারী ও মেয়েদের পুলিশ কর্মকর্তাদের দ্বারা প্রদর্শিত সহানুভূতির উপর সন্তুষ্টি বেড়েছে এবং তাদের উপর বিশ্বাস স্থাপিত হয়েছে।[৪৩]

## ভাল অনুশীলন: পুলিশের ঘৃণামূলক অপরাধ মোকাবেলা নীতি হিসেবে মিসোজিনির উপর জনগণের মূল্যায়ন

২০১৮ সালে, নটিংহামশায়ার পুলিশ ও অপরাধ কমিশনারের কার্যালয়ের অর্থায়নে নটিংহাম উইমেনস সেন্টার এর মাধ্যমে পরিচালিত একটি মূল্যায়নের ফলাফল থেকে দেখা গেছে যে এই নীতির প্রতি জনগণের উচ্চ মাত্রার সমর্থন রয়েছে। এই মূল্যায়ন প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে করেছে যে সমীক্ষায় অংশগ্রহণকারীদের মধ্যে ৮৭ শতাংশেরও বেশি মানুষ মনে করেছে যে নীতি পরিবর্তন একটি ভাল ধারণা ছিল।[৪৪]

নীতি সম্পর্কে জনসাধারণের ইতিবাচক প্রতিক্রিয়া সত্ত্বেও, নটিংহ্যাম উইমেনস সেন্টার এবং পরীক্ষামূলক নীতির সাথে জড়িত অন্যান্য বেসরকারি অংশীদাররা জাতীয় এবং আন্তর্জাতিকভাবে সামাজিক অনলাইন মিডিয়ায় নীতি সম্পর্কে অস্বীকৃতি এবং অপমানজনক অপমানের হুমকিসহ বিভিন্ন ধরণের নির্যাতনের শিকার হয়েছিল।

৪১ Nottinghamshire Police records misogyny as a hate crime, at: https://www.bbc.com/news/uk-england-nottinghamshire-36775398

৪২ এটি পারিবারিক সহিংসতা মোকাবেলায় স্থানীয় অংশীজনদের সাথে বিস্তৃত পরামর্শ এবং সিদ্ধান্ত তাদের মতামত প্রতিফলিত করার মাধ্যমে করা হয়েছে।

৪৩ নটিংহামশায়ার পুলিশের তৎকালীন চিফ কনস্টেবল সুসান্নাহ ফিশ (২০২০) এর ব্যক্তিগত পর্যবেক্ষণ।

৪৪ মিসোজিনি হেট ক্রাইম পলিসি (২০১৮), ইউনিভার্সিটি অফ নটিংহাম এর জন্য অপ্রতিরোধ্য জনসমর্থন

> “আমরা ঘৃণামূলক অপরাধের সমস্ত প্রতিবেদনকে অত্যন্ত গুরুত্ব সহকারে বিবেচনা করি এবং এটা শুনে খুব ভালো লাগছে যে ২০১৬ সাল থেকে বিভিন্ন বাহিনী এবং অংশীদারদের দ্বারা ঘৃণামূলক অপরাধের এই বিশেষ ধরণের উপর দৃষ্টি নিবদ্ধ করার কারণে নারীদের ঘটনা রিপোর্ট করার ক্ষেত্রে আত্মবিশ্বাসী করেছে। আমাদের উদ্দেশ্য মানুষকে অপরাধী করা বা বিচার প্রক্রিয়ায় কালক্ষেপণ করা নয় বরং এটা স্পষ্ট করা যে, যে সমস্ত আচরণ নারীদের ভয় দেখায়, হুমকি দেয়, অপমান করে বা টার্গেট করে তা সম্পূর্ণরূপে অগ্রহণযোগ্য। তবে, প্রযোজ্য ক্ষেত্রে আমরা অবশ্যই বিচার চাইব। রিপোর্টে দেখা যায়, বেশিরভাগ পুরুষরা তাদের এই আচরণের জন্য আতঙ্কিত এবং নারীকে তাদের লিঙ্গের কারণে ঘৃণামূলক অপরাধের শিকার হওয়া থেকে রক্ষা করার জন্য শিক্ষিত করতে এবং শিকার হওয়া বন্ধ করার জন্য একজন সহিংসতার শিকার নারী ও মেয়ের দৃষ্টিভঙ্গি বাস্তবায়ন করতে পারাটা চমৎকার।»
>
> রাচেল বারবার, নটিংহামশায়ার পুলিশের ডেপুটি চিফ কনস্টেবল এবং ঘৃণামূলক অপরাধের জন্য বাহিনীর কৌশলগত নেতৃত্ব প্রদানকারী কর্মকর্তা।

পরীক্ষামূলক নীতি বাস্তবায়নের পর থেকে, যুক্তরাজ্যের আরও বেশ কয়েকটি পুলিশ বাহিনী অনুরূপ নীতির বাস্তবায়ন চালু করেছে। যাইহোক, নটিংহামশায়ার পুলিশের প্রধান কনস্টেবল পরামর্শ দিয়েছেন যে ভবিষ্যতের অনুরূপ কাজ শুরু করা হলে প্রথম থেকেই নীতির মধ্যে কৌশলগুলি অন্তর্ভুক্ত করা উচিত যাতে নটিংহাম উইমেনস সেন্টারের সদস্যদের লক্ষ্য করে চালান অনলাইন নির্যাতনের মোকাবিলায় সহায়তা প্রদান করা যায়।।

মিসোজিনি ঘৃণামূলক অপরাধ নীতি কার্যকর করার জন্য আরও সুপারিশ নটিংহামশায়ার পুলিশ এবং অপরাধ কমিশনারের কার্যালয়ের অর্থায়নে পরিচালিত নীতির বাস্তবায়নের বাহ্যিক মূল্যায়নে পাওয়া যেতে পারে।[৪৫]

## পুলিশের কার্যকারিতা উন্নত করার জন্য সুপারিশ

**ভবিষ্যতের পুলিশের জন্য মিসোজিনি ঘৃণামূলক অপরাধ প্রশিক্ষণকে লক্ষ্য করে এই সুপারিশগুলি মূলত প্রদান করা হয়েছে যার ফলে পুলিশের মধ্যে অনেকেই সম্ভাব্য প্রতিবন্ধকতা প্রতিবোধের প্রয়াসে শুরু থেকেই কর্মকর্তারা যেন অভ্যন্তরীণ-ভাবে নীতিটিকে কীভাবে সর্বোত্তমভাবে যোগাযোগ করা যায় তার উপর দৃষ্টি নিবদ্ধ করে কাজ করতে পারে। সুপারিশসমূহ নিম্নরূপঃ**

- সহিংসতার শিকার নারী ও মেয়েরা এবং বহিরাগত সংস্থার কাছ থেকে মতামত নেওয়াসহ কর্মশালার আদলে প্রশিক্ষণ। পুলিশের সাথে মূল্যায়ন সমীক্ষায়, পুলিশ কর্মকর্তারা ঘৃণামূলক অপরাধ প্রশিক্ষণের (সাধারণত) প্রতি অসন্তোষ প্রকাশ করেছেন এবং প্রায়শই প্রশিক্ষণের বিষয়বস্তু এবং কাঠামো উভয়েরই সমালোচনা করেছেন, বিশেষ করে অনলাইন প্রশিক্ষণ। অংশগ্রহণকারী পুলিশরা জানিয়েছে যে তারা সহিংসতার শিকার এবং বহিরাগত সংস্থার মতামতসহ অন্যান্য জনগণের মতামত গ্রহণ পছন্দ করে;[৪৬]
- নীতিতে অন্তর্ভুক্ত আচরণগুলিকে নতুন নয় বলে ব্যাখ্যা করা দরকার এবং এগুলি মূলত ইতিমধ্যেই ফৌজদারি অপরাধের আওতায় রয়েছে। বরং, নীতিটি সত্যিই অপরাধ এবং ঘটনাগুলির রেকর্ডিং এবং প্রতিক্রিয়া উন্নত করার লক্ষ্যে প্রণয়ন করা হয়েছে যা বর্তমানে রিপোর্ট করা হচ্ছে না;
- স্পষ্টভাবে ব্যাখ্যা করুন যে নীতির একটি উদ্দেশ্য হল কিছু ঘটনা রেকর্ড করা যাতে জনসাধারণকে আশ্বস্ত করা যায়, সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েদের সহায়তা করা যায় এবং গোয়েন্দা তথ্য সংগ্রহের উন্নতি করা যায়;
- ঘৃণামূলক অপরাধের উপর একটি রিফ্রেশার কোর্স আয়োজন করা উচিত যেখানে এই বিষয়টি পরিস্কার করা হবে যে জোর দেওয়া যে এটি ঘৃণার চেয়েও ব্যাপক, এবং ব্যক্তিগত বৈশিষ্ট্যের উপর ভিত্তি করে কুসংস্কারমূলক সম্পর্কের সাথে প্রায়শই ক্ষমতার দাবি জড়িত;
- এই বিষয়ে জোর দেওয়া যে ঘৃণামূলক অপরাধের মধ্যে ঘটনাগুলির রেকর্ডিং অন্তর্ভুক্ত রয়েছে এবং মিসজিনি নীতি এই ফর্ম্যাটটি অনুসরণ করে। কর্মকর্তারা যে বিষয়টির উপর খুব বেশি জোর দিয়েছিল সেটি হল মিসোজিনি নীতিটি আসলে ঘৃণামূলক অপরাধের বিষয়ে নয় – তাই কেন এই আচরণগুলি মহিলাদের প্রতি অবজ্ঞার পরিচায়ক এবং শত্রুতার অভিব্যক্তি জড়িত থাকতে পারে তার উপর জোর দেওয়া গুরুত্বপূর্ণ;
- বৃহত্তর সমাজে নারীদের জন্য নীতির গুরুত্ব, কীভাবে এটি তাদের উপর নেতিবাচক প্রভাব ফেলে এবং তাদের দৈনন্দিন স্বাস্থ্য ও মঙ্গলসহ তাদের মৌলিক অধিকারগুলিকে লঙ্ঘন করে তা দেখার জন্য পুলিশকে প্রশিক্ষিত করা নিশ্চিত করুন, এবং কেবলমাত্র পুলিশিংয়ের একমাত্রিক দৃষ্টিভঙ্গি থেকে এটি দেখা ঠিক হবে না ((কাজের অত্যধিক চাপ এর অর্থ কী প্রেক্ষিতে ব্যবহিত হয়);

৪৫ নটিংহ্যামশায়ার পুলিশ এবং অপরাধ কমিশনার অফিসের অর্থায়নে নটিংহ্যাম নারী কেন্দ্রের জন্য মিসোজিনি হেট ক্রাইম ইভালুয়েশন রিপোর্ট, মুলানি, এল. এবং ট্রিকেট, জুন ২০১৮ @ https://www.nottingham.ac.uk/lipp/documents/misogyny-evaluation-report.pdf

৪৬ নটিংহ্যামশায়ার পুলিশ প্রশিক্ষণের জন্য ব্যক্তিগত প্রশিক্ষণের সর্বোত্তম অনুশীলন অনুসরণ করে এবং এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে ভিডিও ব্যবহার এবং নারীরা ব্যক্তিগতভাবে সাক্ষ্য ভাগাভাগি করা, যা বিতর্কের সুযোগ সৃষ্টি করে এবং বড় জটিলতা বা সংবেদনশীলতার বিষয়ে আরও বেশি দৃষ্টি নিবদ্ধ করে।

**সহিংসতার শিকার এবং যারা রিপোর্ট করেননি তাদের কাছ থেকে প্রাপ্ত প্রমাণগুলি নির্দেশ করে যে কর্মকর্তাদের নিশ্চিত করতে হবে যে তারা সহিংসতার শিকার নারীদের প্রতি সহানুভূতিশীল এবং সমবেদনামূলক প্রতিক্রিয়া প্রদর্শন করছেন এবং তাদের গুরুত্ব সহকারে বিবেচনা করছেন – এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ, – এমনকি যদি অপরাধীদের খুঁজে বের করা নাও যায় – জনসাধারণকে গুরুত্ব সহকারে বিবেচনা করা গুরুত্বপূর্ণ, এবং প্রায়শই তারা এটা বাস্তবে এটা জানে যে দোষী সাব্যস্ত হওয়ার হার কম , কারণ বেশিরভাগ ঘটনা খুব দ্রুত ঘটে যায় বিধায় বর্ণনা দেবার সময় খুব কম থাকে ইত্যাদি।»**

নটিংহ্যামশায়ার পুলিশ এবং অপরাধ কমিশনার (২০১৮) কার্যালয়ের অর্থায়নে মিসোজিনি ঘৃণামূলক অপরাধ মূল্যায়ন প্রতিবেদন

- বিভিন্ন গোষ্ঠীর জন্য বিভিন্ন অভিজ্ঞতার উপর জোর দিয়ে নীতিটিকে একটি একাধিক লিঙ্গগত অভিজ্ঞতা হিসাবে বর্ণনা করা এবং বোঝার প্রয়োজন যা পরস্পর সম্পর্কযুক্ত। এটি বিভিন্ন প্রশিক্ষণ মিডিয়ার (চলচ্চিত্র, ভিডিও, সামাজিক মিডিয়া ইত্যাদি) মাধ্যমে বিতরণ করা যেতে পারে;

- ব্যক্তিগত ‘বাকযুদ্ধ’-এর অভিযোগ থেকে দূরে সরে যাওয়ার জন্য একক ব্যক্তিগত অভিজ্ঞতার উপর দৃষ্টি নিবদ্ধ করা এড়িয়ে চলুন এবং পরিবর্তে নারী ও মেয়েদের বিভিন্ন পরস্পর বিরোধী গোষ্ঠীর একাধিক অভিজ্ঞতার উপর দৃষ্টি নিবদ্ধ করুন;

- সমাজে নারী ও পুরুষদের জন্য লিঙ্গগত নির্যাতনের বিষয়ে ব্যাপক ভিত্তিক আলোচনাকে উতসাহিত করা দরকার, যার মূল বার্তাটি হল কীভাবে পুলিশের কার্যক্রমগুলি একটি বিস্তৃত সামাজিক চিত্রের অংশ যেখানে আমাদের সকলের ভূমিকা রয়েছে।

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Cassino, D. Why More American Men Feel Discriminated Against. Harvard Business Review. September 29, 2016, at: https://hbr.org/2016/09/why-more-american-men-feel-discriminated-against

২. The Honourable Wally T. Oppal., The Report of the Missing Women Commission of Inquiry VOLUME IIB Nobodies: How and Why We Failed the Missing and Murdered Women Part 3, 4 and 5 (2012). at: https://www2.gov.bc.ca/assets/gov/law-crime-and-justice/about-bc-justice-system/inquiries/forsaken-vol_2b.pdf

৩. Global Study on Homicide (UNODC, 2019), at: https://www.unodc.org/documents/data-and-analysis/gsh/Booklet1.pdf

৪. Global Study on Homicide: Gender-related killing of women and girls (UNODC, 2018) at:https://www.unodc.org/documents/data-and-analysis/GSH2018/GSH18_Gender-related_killing_of_women_and_girls.pdf

৫. Backlash in Gender Equality and Women's and Girls' Rights. Women's Rights & Gender Equality. Policy Department for Citizens' Rights and Constitutional Affairs Directorate General for Internal Policies of the Union PE 604.955– June 2018, at: http://www.europarl.europa.eu/RegData/etudes/STUD/2018/604955/IPOL_STU(2018)604955_EN.pdf

৬. Communication: Engagement and communication. UK College of Policing, at: https://www.app.college.police.uk/app-content/engagement-and-communication/communications/

৭. Kehn, A, and Ruthig, J.C. Perceptions of Gender Discrimination across Six Decades: The Moderating Roles of Gender and Age. 16 June 2013 # Springer Science+Business Media New York 2013

৮. United Nations Police Gender Toolkit,(UN Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015).

৯. See United Nations Police Gender Toolkit Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Compendium of Project Tools (2015), at: http://repository.un.org/bitstream/handle/11176/387374/United%20Nations%20Police%20Gender%20Toolkit%20Compendium%20of%20Project%20Tools.pdf?sequence=55&isAllowed=y

১০. International Protocol on the Documentation and Investigation of Sexual Violence in Conflict. Best Practice on the Documentation of Sexual Violence as a Crime or Violation of International Law 2nd Edition: Sara Ferro Ribeiro and Danaé van der Straten Ponthoz on behalf of the UK Foreign and Commonwealth Office, March 2017, at: https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/598335/International_Protocol_2017_2nd_Edition.pdf

১১. Lee P. (1989), Community Policing: A Practical Guide for Police Officials (U.S. Department of Justice, Office of Justice Programs, Washington, DC 1989), at: https://www.ncjrs.gov/pdffiles1/nij/118001.pdf

১২. Good Practices in Building Police-Public Partnerships by the Senior Police Adviser to the OSCE Secretary General (The Organization for Security and Co-operation in Europe, 2008), at: https://www.osce.org/secretariat/32547?download=true

১৩. What is rape and sexual assault? Metropolitan Police UK, at: https://www.met.police.uk/advice/advice-and-information/rsa/rape-and-sexual-assault/what-is-rape-and-sexual-assault/

১৪. 'When it comes to consent, there are no blurred lines' UN Women, November 18, 2019, at: https://www.unwomen.org/en/news/stories/2019/11/feature-consent-no-blurred-lines

১৫. 'Measuring police performance in domestic and family violence', Kiah Rollings and Natalie *Taylor for Trends and Issues in Crime and Criminal Justice* No. 367 December 2008, Australian Institute of Criminology, at: https://aic.gov.au/publications/tandi/tandi367

১৬. The Police Response to Domestic abuse: An Update Report, Her Majesty's Inspectorate of Constabulary and Fire & Rescue Services (HMICFRS). February 2019 https://www.justiceinspectorates.gov.uk/hmicfrs/wp-content/uploads/the-police-response-to-domestic-abuse-an-update-report.pdf

১৭. 'Nottinghamshire Police records misogyny as a hate crime' at: https://www.bbc.com/news/uk-england-nottinghamshire-36775398

১৮. Mullany, L. and Trickett, L. (June 2018): 'Misogyny Hate Crime Evaluation Report for Nottingham Women's Centre', funded by the Office of Nottinghamshire Police and Crime Commissioner, at: https://www.nottingham.ac.uk/lipp/documents/misogyny-evaluation-report.pdf

১৯. 'Six things we've learned about misogyny as a hate crime', Bates, L (2016), for The Guardian. https://www.theguardian.com/lifeandstyle/womens-blog/2016/sep/22/six-things-weve-learned-about-misogyny-as-a-hate

২০. Overwhelming public support for Misogyny Hate Crime Policy (2018). University of Nottingham https://www.nottingham.ac.uk/news/pressreleases/2018/july/overwhelming-public-support-for-misogyny-hate-crime-policy.aspx

২১. Hate Crime. The Crown Prosecution Service (CPS) United Kingdom, at: https://www.cps.gov.uk/hate-crime

২২. Hate Crime, England and Wales, 2017/18 Statistical Bulletin 20/18 16 October 2018. Home Office Crime and Policing Statistics, at:. https://assets.publishing.service.gov.uk/government/uploads/system/uploads/attachment_data/file/748598/hate-crime-1718-hosb2018.pdf

২৩. What is hate crime? Metropolitan Police United, at: https://www.met.police.uk/advice/advice-and-information/hco/hate-crime/what-is-hate-crime/

২৪. 'Upskirting' now a specific crime as bill receives Royal Assent (Ministry of Justice, UK, 2019), at: https://www.gov.uk/government/news/upskirting-now-a-specific-crime-after-bill-receives-royal-assent

২৫. Handbook on Effective Police Responses to Violence against Women (UNODC, 2010) at: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Handbook_on_Effective_police_responses_to_violence_against_women_English.pdf

২৬. Handbook on Effective Prosecution Responses to Violence against Women and Girls (UNODC, UN Women, 2014), at: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/14-02565_Ebook_new.pdf

২৭. Skinnider, Eileen. 'Towards Gender-Responsive Criminal Justice: Good Practices from Southeast Asia in responding to violence against women' (2018: Thailand Institute of Justice).

# VAWG-এর প্রতি কার্যকর ও জবাবদিহিতামূলক পুলিশী প্রতিক্রিয়ার জন্য প্রতিষ্ঠান নির্মাণ

*“পুলিশ বাহিনীতে আরও বেশি নারী নিয়োগ এবং তাদের পর্যাপ্ত প্রশিক্ষণ প্রদান একটি গুরুত্বপূর্ণ প্রথম পদক্ষেপ যাতে সহিংসতার শিকার বেঁচে থাকা নারী ও মেয়েরা আবার বিশ্বাস করতে শুরু করে এবং অনুভব করে যে তাদের অভিযোগকে জটিল বিচারিক প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে গুরুত্বের সাথে বিবেচনা করা হচ্ছে। আমরা অনেক প্রাতিষ্ঠানিক এবং কাঠামোগত বাধা, পিতৃতান্ত্রিক ব্যবস্থা এবং লিঙ্গ সম্পর্কিত নেতিবাচক বাধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপিংকে) সফলভাবে মোকাবেলা করতে পেরেছি যা অন্যান্য প্রতিষ্ঠানের মত নিরাপত্তা, পুলিশ এবং বিচার বিভাগীয় প্রতিষ্ঠানগুলিতে বিদ্যমান -এই বিষয়ে আরও অগ্রগতি প্রয়োজন।”*

**জাতিসংঘের সহকারী সেক্রেটারি-জেনারেল এবং ইউএন উইমেন এর নির্বাহী পরিচালক ফুমজিল ম্লামবো-এনগকুকা কর্তৃক প্রদত্ত নারীর বিরুদ্ধে সহিংসতা নির্মূলের জন্য আন্তর্জাতিক দিবসের বিবৃতি থেকে নেওয়া (২৫ নভেম্বর ২০১৯)**

# এই অধ্যায়ের উদ্দেশ্য

১. VAWG-এ কার্যকর প্রতিক্রিয়া জানানোর পুলিশ দলগুলির জন্য আরও সক্রিয়/সক্ষম পরিবেশ প্রতিষ্ঠা করতে পুলিশ নেতৃত্বকে নির্দেশনা প্রদান করা।

২. আরও পেশাদার এবং জবাবদিহিতামূলক পুলিশ পরিষেবার জন্য বহিরাগত স্টেকহোল্ডারদের সহযোগিতায় প্রাতিষ্ঠানিক প্রতিফলন এবং শিক্ষণের সংস্কৃতিকে শক্তিশালী করার বিষয়ে পুলিশ নেতৃত্বকে নির্দেশনা প্রদান করা।



# ভূমিকা

**জাতিসংঘের মান অনুসারে, পুলিশ বা অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাকে প্রতিনিধিত্বশীল, প্রতিক্রিয়া জানাতে সক্ষম এবং যে সম্প্রদায়কে সেবা প্রদান করবে তাদের কাছে দায়বদ্ধ হওয়া উচিত।[১] এগুলি একটি বৈধ অপরিহার্য ন্যায়বিচার পরিষেবা প্রদানকারী হিসাবে বিবেচিত হওয়ার জন্য গুরুত্বপূর্ণ উপাদান।**

ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (হাইতি)

লিঙ্গ-সংবেদনশীলতা পুলিশ সংস্থাকে বিশ্বস্ত এবং বৈধ হিসাবে উপলব্ধি করার ক্ষেত্রে নির্দেশকের ভূমিকা পালন করে, বিশেষ করে VAWG এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার অন্যান্য ধরণের প্রতিক্রিয়া জানানোর সময়। যাইহোক, এর জন্য পুলিশ সংস্থাকে প্রথমে VAWG এর "সমস্যাটিকে নিজেদের সমস্যা" বলে মনে করতে হবে। এর অর্থ হল এর ঘটনায় প্রতিক্রিয়া[২] জানানো পুলিশের একটি মূল দায়িত্ব।

সারকথায়, VAWG-এর সমস্যাটিকে নিজের সমস্যা হিসেবে বিবেচনার (মালিকানার) অর্থ হল পুলিশকে তাদের মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে যারা এর দ্বারা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত এবং ঘটনার ঘটবার জন্য উদ্বিগ্ন। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, VAWG-এর সমস্যাকে নিজের সমস্যা হিসেবে বিবেচনার অর্থ হল যে পুলিশ সংস্থা সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য ইতিবাচক ফলাফল নিশ্চিতের জন্য সমস্যা সমাধানের চালক হিসাবে নিজেদেরকে রুপান্তর করতে প্রতিশ্রুতিবদ্ধ।

কিছু বিষয় পরিবর্তন করার জন্য পুলিশের ঊর্ধ্বতন নেতৃত্বকে আত্ম-প্রতিফলন (আত্ম-সমালোচনা) করতে হবে কেন প্রথমেই রুপান্তর প্রয়োজন এটি উপলব্ধি করার জন্য। উদাহরণস্বরুপ বলা যায়, কোন ধরণের শিক্ষণ প্রয়োজন এবং পুলিশ কর্মকর্তাদের রুপান্তরিত করার জন্য কোন ধরণের সক্ষম পরিবেশ প্রয়োজন, যাতে তারা লিঙ্গ-সংবেদনশীল হয় এবং VAWG-এর প্রকোপ কমানোর জন্য সামনে থেকে দায়িত্ব পালন করতে পারে।

এই অধ্যায়ের **উদ্দেশ্য** হল সক্ষম পরিবেশ প্রতিষ্ঠা করার দায়িত্বে থাকা উর্ধ্বতন পুলিশ নেতৃত্ব এবং তাদের মধ্যম স্তরের ব্যবস্থাপ-কদের নির্দেশনা প্রদান করা যাতে VAWG এ প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা আরও লিঙ্গ-সংবেদনশীল হয়, এবং এইভাবে আরও কার্যকর পুলিশ সংস্থা প্রতিষ্ঠায় অবদান রাখতে পারে।

এই অধ্যায়টি লিঙ্গ-সংবেদনশীল নীতিমালার মাধ্যমে প্রাতিষ্ঠানিক প্রতিফলন এবং শিক্ষাণের সংস্কৃতিকে উন্নীত করার চেষ্টা করবে এবং লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ে রুপান্তর প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যেতে সক্ষম হওয়ার জন্য পুলিশের মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য গুরুত্বপূর্ণ দক্ষতাগুলি প্রদান/প্রচার করবে।

এর মধ্যে রয়েছে রুপান্তরের মাধ্যমে মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জবাবদিহিতা নিশ্চিতের জন্য সহায়তা করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ

১ General Assembly resolution 34/169 of 17 December 1979.
২ এই হ্যান্ডবুকে ব্যবহারের উদ্দেশ্যে, VAWG-এর প্রতি সাড়া দেওয়া পুলিশের প্রতিরোধ এবং প্রতিক্রিয়া প্রচেষ্টা উভয়কেই বোঝানো হয়েছে।

## লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV)

“GBV হল কোনো ক্ষতিকারক কাজকে বুঝাতে ব্যবহিত একটি শব্দ যা নারী ও পুরুষের মধ্যে সামাজিকভাবে চিহ্নিত (লিঙ্গ) পার্থক্যের উপর ভিত্তি করে একজন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে সংঘটিত হয়। নির্দিষ্ট ধরনের GBV-এর প্রকৃতি এবং ব্যাপ্তি বিভিন্ন সংস্কৃতি, দেশ এবং অঞ্চল ভেদে পরিবর্তিত হয়। GBV এর উদাহরণের মধ্যে রয়েছে যৌন সহিংসতা, যৌন শোষণ/নির্যাতন এবং জোরপূর্বক পতিতাবৃত্তিসহ; পারিবারিক সহিংসতা; মানব পাচার, জোরপূর্বক/বাল্য বিবাহ; ক্ষতিকারক ঐতিহ্যবাহী অভ্যাস যেমন নারীর যৌনাঙ্গের অঙ্গচ্ছেদ; সম্মান ভিত্তিক হত্যা (অনার কিলিং); এবং বিধবাদের উত্তরাধিকার।»

সূত্র: ইউনিসেফ, ইউএনএফপিএ, ইউএনডিপি, ইউএন উইমেন। « জেন্ডার ইকুয়ালিটি ইউএন কোহেরেন্স অ্যান্ড ইউ»

ভূমিকা পালন করা এবং বহিরাগত স্টেকহোল্ডারদের[৩] সাথে স্বচ্ছ সম্পর্ক কীভাবে প্রক্রিয়াটিতে কেবল সহনশীলতা এবং বৈধতাই যুক্ত করবে না বরং পুলিশ সংস্থার পেশাদারিত্ব বৃদ্ধি এবং আধুনিকীকরণকে শক্তিশালী করবে সেই বিষয়টি উল্লেখ করা।

মধ্যম ব্যবস্থাপকদের জন্য পরিবেশকে সক্ষম করার জন্য রূপান্তরমূলক নীতির কাঠামো এমন ভাবে প্রণয়ন করতে হবে যা বৈচিত্র্য এবং অন্তর্ভুক্তিমূলক অনুশীলনকে সহজতর করবে যা কার্যত লিঙ্গ ভূমিকা এবং নিয়ম-নীতি সম্পর্কে গুরুত্বপূর্ণ সচেতনতাকে উতসাহিত করবে। এতে নারী ও পুরুষের মধ্যে এবং নারী ও সম্প্রদায়ের অন্যদের মধ্যে আরও সমতাভিত্তিক ক্ষমতার সম্পর্ক গড়ে তোলার জন্য ক্ষেত্রে ক্ষতিকারক লিঙ্গ সংক্রান্ত নিয়ম-নীতি পরিবর্তনের উপায়গুলি অন্তর্ভুক্ত করা হবে।

**VAWG-এর প্রতি আরও কার্যকর এবং ক্রমবর্ধমান প্রতিক্রিয়া জানানোর জন্য পুলিশ নেতৃত্বের বিবেচনা করা উচিত সহায়ক পরিবেশ প্রতিষ্ঠার নির্দেশনাগুলি নিম্নলিখিত বিভাগে শ্রেণীবদ্ধ করা হয়েছে।**

১. VAWG সম্পর্কিত একটি সাধারণ বোঝাপড়া (ধারণা) প্রতিষ্ঠা করা;

২. লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে সহায়তা করে এমন নীতি এবং কৌশল;

৩. কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলা;

৪. প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশাগত উন্নয়ন;

৫. মানব সম্পদ;

৬. লিঙ্গ- সংবেদনশীল পুলিশিংয়ের জন্য তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার;

৭. কার্যকর লিঙ্গ- সংবেদনশীল পুলিশিংয়ের জন্য পর্যবেক্ষণ এবং মূল্যায়ন।

**পরিশেষে, অর্গানাইজেশন ফর সিকিউরিটি অ্যান্ড কোঅপারেশন ইন ইউরোপ (ওএসসিই)/অফিস ফর ডেমোক্রেটিক ইনস্টিটিউশনস অ্যান্ড হিউম্যান রাইটস (ওডিআইএইচআর) এবং ইউএন উইমেনের সাথে অংশীদারিত্বে জেনেভা সেন্টার ফর সিকিউরিটি সেক্টর গভর্ন্যান্স (DCAF), দ্বারা প্রস্তুতক্রিত সংশোধিত জেন্ডার অ্যান্ড সিকিউরিটি টুলকিট টুল ২: পুলিশিং অ্যান্ড জেন্ডার (২০১৯)[৪] কে সাম্প্রতিক নির্দেশনার সাথে সংগতি রেখে এই হ্যান্ডবুকের ব্যবহারকারীদের এই অধ্যায়টি দেখার জন্য সুপারিশ করা হচ্ছে। ।**



ছবি সৌজন্যে MINUSTA/ Logan Abassi (হাইতি)

# VAWG-এর একটি সাধারণ বোঝাপড়া (ধারণা) প্রতিষ্ঠা করা

## সমস্যার একটি সাধারণ বোঝাপড়া (ধারণা) দিয়ে শুরু করা

নারী ও মেয়েদের, সর্বত্র, সমান অধিকার ও সুযোগ নিশ্চিত করতে হবে এবং তারা সহিংসতা ও বৈষম্যমুক্ত থাকতে। বৈষম্যের অনেকগুলি মূল কারণ যা এখনও ব্যক্তিগত এবং সম্প্রদায়ের ক্ষেত্রে

৩ স্টেকহোল্ডাররা হল সমস্ত সরকারী এবং সুশীল সমাজের সংগঠন এবং সংস্থা যাদের সরকার ও সুশীল সমাজের সকল স্তরে নারী ও মেয়েদের প্রতি সহিংসতার বিরুদ্ধে প্রতিক্রিয়া জানাতে ভূমিকা রয়েছে। মূল স্টেকহোল্ডারদের মধ্যে সহিংসতার শিকার এবং বেঁচে থাকা নারী এবং তাদের প্রতিনিধি, সামাজিক সেবা, স্বাস্থ্যসেবা খাত, আইনি সহায়তা প্রদানকারী, পুলিশ, প্রসিকিউটর, বিচারক, শিশু সুরক্ষা সংস্থা এবং শিক্ষা খাত অন্তর্ভুক্ত রয়েছে।

৪ Toolkit Tool 2: Policing and Gender in *Gender and Security Toolkit* (Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women, 2019).

নারীর অধিকারকে ক্ষুণ্ণ করে, তা দূর করতে লিঙ্গ সমতার জন্য সরকারের ব্যাপক পদক্ষেপের প্রয়োজন যার মধ্যে, পুলিশও অন্তর্ভুক্ত থাকবে। লিঙ্গ অসমতাই হল বৈষম্য।

লিঙ্গ-প্রতিক্রিয়াশীল পুলিশিংয়ের দিকে রূপান্তরের জন্য পুলিশ নেতৃত্বের প্রয়োজন হবে সহিংসতার প্রকৃতি, এর কারণ এবং পরিণতিগুলি কীভাবে সংগঠনের প্রক্রিয়ার মধ্যে নারী এবং মেয়েদেরকে আলাদাভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে সে সম্পর্কে একটি সুস্পষ্ট অবহিত বোঝাপড়া[৫] (ধারণা) প্রতিষ্ঠা করা।[৬] এই বোঝাপড়া, সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত এবং ঝুঁকিপূর্ণ ব্যক্তিরা যখন এই বোঝাপড়া (ধারণা) সম্পর্কে ভালভাবে অবগত[৭] থাকবে তখন পুলিশ নেতৃত্ব প্রাতিষ্ঠানিক দুর্বলতাগুলি (ফাঁকগুলি) চিহ্নিত করতে সক্ষম হবে। এই ধরনের ব্যবধানগুলি সম্ভবত অবোধগম্য নীতি এবং কৌশলগুলির আকারে হতে পারে যা সুযোগ এবং পরিসরে সীমিত, এবং দুর্বল জবাবদিহিমূলক ব্যবস্থা যা পুলিশ অনুশীলন, আচরণ এবং পক্ষপাত সৃষ্টি করছে যা বিশেষত নারী ও মেয়েদের বিরুদ্ধে ক্ষতিকারকভাবে বৈষম্যমূলক।

**ভিএডব্লিউজি এর কারণ ও ফলাফলের পটভূমির এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে তা জানার জন্য 'ভূমিকা' অধ্যায় এবং সাধারণ প্রাতিষ্ঠানিক বাধাগুলির সম্পর্কে জানার জন্য একাদশ অধ্যায়: 'জেন্ডার-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ এবং কৌশল' দেখুন।।**

এই প্রাতিষ্ঠানিক দুর্প্বলতাগুলি চিহ্নিত করার সাথে সাথে, বৈষম্য-মূলক অনুশীলনের অবসান এবং অবশেষে একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থার দিকে রূপান্তরিত করার লক্ষ্যে নির্বাহী পুলিশ ব্য-বস্থাপনার দ্বারা পুলিশের সততা এবং জবাবদিহিতাকে শক্তিশালী করাসহ নীতি এবং কৌশলগুলি চালু করা যেতে পারে।

**একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থা এমন একটি সংস্থা যা শিক্ষণ প্রক্রিয়া এবং পেশাগত উন্নতির জন্য একটি লিঙ্গ সম্পর্কিত দৃষ্টিভঙ্গি প্রয়োগ করাসহ (শুধুমাত্র এ ক্ষেত্রেই সীমাবদ্ধ নয়) তার নীতি এবং অনুশীলনে লিঙ্গ সমতা এবং বৈষম্যহীন নীতিগুলিকে মূলধারায় আনার জন্য প্রতিশ্রুতিবদ্ধ।**

৫ হ্যান্ডবুকের উদ্দেশ্যে, 'ভালভাবে অবহিত' এর অর্থ হল এটি অবস্থানগত-ভাবে প্রাসঙ্গিক এবং পুলিশ বিশেষজ্ঞ এবং বহিরাগত স্টেকহোল্ডার যেমন অপরিহার্য পরিষেবা প্রদানকারী এবং/অথবা সুশীল সমাজ সংস্থাগুলি দ্বারা সরবরাহ করা গুণগত এবং পরিমাণগত তথ্য সমন্বিত নিয়মিত ইনপুট গ্রহণ করা হয়।

৬ সশস্ত্র সংঘাত বা মানবিক সংকটের পরিস্থিতিতে বিশেষ বিবেচনা করা উচিত।

৭ 'ভালভাবে অবহিত' এর অর্থ হল এটি অবস্থানগতভাবে প্রাসঙ্গিক এবং অভ্যন্তরীণ এবং বাহ্যিক স্টেকহোল্ডারদের থেকে গুণগত এবং পরিমাণগত তথ্যসহ নিয়মিত ইনপুট গ্রহণ করা হয়।

> **'লিঙ্গ দৃষ্টিকোণ' শব্দটি হল মানুষের সুযোগ, সামাজিক ভূমিকা এবং যোগাযোগের ক্ষেত্রে লিঙ্গের প্রভাবকেকে দেখার বা বিশ্লেষণ করার একটি উপায়।'**
>
> ইউএন উইমেন

লিঙ্গ দৃষ্টিভঙ্গির প্রয়োগ পুলিশকে পুরুষ ও নারীদের জীবনের পার্থক্য এবং সিদ্ধান্ত গ্রহণ এবং পরিস্থিতি কীভাবে তাদের ভিন্নভাবে প্রভাবিত করে তা সঠিকভাবে বোঝার সুযোগ প্রদান করে। এর থেকে প্রাপ্ত বিশ্লেষণ VAWG (যেমন IPV) এর ইতিহাস, প্রসঙ্গ, অর্থ, প্রভাব এবং পরিণতিকে সঠিকভাবে বুঝতে সহায়তা করবে। লিঙ্গের দৃষ্টিকোন থেকে VAWGকে দেখা পুলিশকে এর প্রেক্ষাপট, প্রকৃতি, বিস্তৃতি এবং পরিণতিগুলি বুঝতে সাহায্য করবে কিভাবে VAWG এর ক্ষেত্রে আরও ভালভাবে সাড়া দেওয়া যায় তা বোঝার জন্য।

VAWG-**এর প্রকৃতি, এর কারণ, পরিণতি এবং অসামঞ্জ-স্যপূর্ণ প্রভাব সম্পর্কে একটি সুস্পষ্ট অবহিত বোঝাপড়া সেই ভিত্তি প্রদান করবে যেখান থেকে পুলিশ ন্যায়বিচারের ধারাবাহিকতায় অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলির সাথে সমন্বয় করে কাজ করতে পারে এবং প্রক্রিয়ায় বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে সঠিক অংশীদারিত্ব গড়ে তুলতে পারে।**

**বক্স-১** VAWG **এর সমস্যাটিকে নিজের মনে করে সাড়া দেবার সময় পুলিশ নেতৃত্ব যে ভূমিকা পালন করে তার একটি সহজ সারণী প্রদান করে:**

## সচেতনতা বৃদ্ধি করা এবং সামনে এগিয়ে যাওয়ার পথে শিক্ষিত করা

একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থার দিকে রূপান্তর এটা বোঝায় যে VAWG প্রতিরোধ একটি প্রাতিষ্ঠানিক অগ্রাধিকার এবং তদন্তের আকারে এই অপরাধ সংঘটনের বিরুদ্ধে প্রতিক্রিয়া আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ যা অভিযুক্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সুস্থতাকে অগ্রাধিকার দেয় এবং অপরাধীদের জবাবদিহি করতে পারে।

তাছাড়া, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং কর্মকর্তা এবং/অথবা দলগুলি দ্বারা গৃহীত ব্যবস্থা এবং পদক্ষেপগুলিকে প্রচার করে যা মহিলাদের বিরুদ্ধে সহিংসতার বেশিরভাগ ক্ষেত্রেই বিচার করা হয় না এই ধরণের একটি শক্তিশালী বোঝাপড়া নিয়ে সাথে কার্যকর এবং সময়মত প্রতিক্রিয়া জানায়।

বক্স-১:

**VAWG-এর সমস্যাকে নিজের মনে করা: পুলিশের নেতৃত্বের ভূমিকা**

| সংস্থার মধ্যে প্রতিষ্ঠা করুন: | সংবেদনশীল কর্মকর্তাদের জন্য একটি সহায়ক পরিবেশ প্রদান করুন: | এর জন্য জবাবদিহিতা নিশ্চিত করুন: |
|---|---|---|
| সহিংসতার প্রকৃতি, এর কারণ ও পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদের ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে সে সম্পর্কে একটি জ্ঞাত ধারণা | সমস্যাগুলি আরও ভালভাবে বোঝার জন্য, VAWG-এর অগ্রহণযোগ্যতা সম্পর্কে যোগাযোগ করতে এবং যখন এটি ঘটে তখন পদক্ষেপ নেওয়ার প্রতিশ্রুতি প্রদান করতে নারী অধিকার নিয়ে কাজ করা সংস্থাগুলিসহ স্টেকহোল্ডারদের সাথে সক্রিয়ভাবে সহযোগিতা এবং সমন্বয় করুন ➜ | ভিএডব্লিউজি (VAWG)-তে সাড়া দেওয়ার সময় সহিংসতার শিকার/ জীবিত নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণ একটি প্রতিষ্ঠিত অনুশীলন |
| | অপরিহার্য সেবা প্রদানকারীদের সাথে সমন্বয় করে VAWG এ সাড়া দেবার সময় অপরাধী-কেন্দ্রিক এবং সহিংসতার শিকার-কেন্দ্রিক পদ্ধতির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ ➜ | |
| | VAWG প্রতিরোধ এবং তদন্ত কার্যক্রমের প্রতি অবহিত এবং বিস্তৃতভাবে পরামর্শকৃত শিক্ষণ প্রয়োগ করুন যাতে তারা অধিকার ভিত্তিক, লিঙ্গ-সংবেদনশীল এবং মানসিক আঘাত (ট্রমা) অবহিত হওয়ার প্রতিফলন করে ➜ | |

**প্রতিফলন, শিক্ষণ, রূপান্তর এবং আধুনিকীকরণ** ➜

**এই অগ্রাধিকারগুলি সূচনা বিন্দু হিসেবে কার্যকরী পুলিশ নেতৃত্বের দ্বারা প্রণয়ন করা এবং যোগাযোগ করা প্রয়োজন যেখান থেকে VAWG-এর প্রতি সাড়া দেওয়ার জন্য সমাধানগুলি চালিত হয় এবং পরবর্তীতে সমস্ত কমান্ডিং অফিসারদের দ্বারা শক্তিশালী করা হয়।**

> **“ লিঙ্গ সমতা নিশ্চিত করা একটি আন্তর্জাতিক আইনি বাধ্যবাধকতা এবং জাতীয় উন্নয়ন লক্ষ্য অর্জনের জন্য প্রয়োজনীয়।”**
>
> টুল ২: লিঙ্গ এবং নিরাপত্তা টুলকিটে পুলিশিং এবং জেন্ডার (২০১৯)

VAWG-এর ক্ষেত্রে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর মূল চাবিকাঠি হল তদন্তে সহিংসতার শিকার এবং/বেঁচে থাকা নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার জন্য একটি কৌশলগত প্রতিশ্রুতি[৮] কারণ এটি তদন্তের প্রক্রিয়াকেই প্রভাবিত করবে। এটি আরও সহিংসতা প্রতিরোধের জন্য একটি বার্তা পাঠাবে কারণ পুলিশ সহিংসতার শিকার এবং/বেঁচে থাকা নারী ও মেয়েদের নিরাপত্তা এবং সুরক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ থাকবে এবং তাদের অভিজ্ঞতাকে গুরুত্ব সহকারে বিবেচনা করবে। একজন সহিংসতার শিকার / বেঁচে থাকা নারী ও মেয়ে শুধুমাত্র দেওয়ানী আদালতে কিছু আইনি সহায়তা চাইতে পারেন।

আইপিভির ক্ষেত্রে পুলিশকে কার্যকরভাবে এবং পর্যাপ্তভাবে সুরক্ষা আদেশের প্রতি সাড়া দেওয়া উচিত বা ইন্টারনেটে ব্যক্তিগত ছবিগুলির প্রকাশনা এবং বিতরণ রোধ করতে চাইছে এমন সিজ (Cease) এবং ডিসিষ্ট (Desist) আদেশগুলি প্রয়োগ করা উচিত।

যেহেতু পুলিশ যে সমাজকে সেবা প্রদান করে সেই সমাজেকে প্রতিফলিত করে, **তাই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণের প্রতি অঙ্গীকারের অভ্যন্তরীণ বার্তাও স্পষ্ট হওয়া উচিত এটা বিবেচনা করে যে VAWG-এর সহিংসতার শিকার/ বেঁচে থাকা এবং অপরাধীরাও পুলিশ সংস্থার সদস্য হতে পারে।**

আন্তর্জাতিক তথ্য থেকে জানা যায় যে প্রতি ৩ জনের মধ্যে ১ জন নারী[৯] তাদের জীবনে এক ধরনের পারিবারিক/যৌন সহিংসতার সম্মুখীন হবেন, যার অর্থ হল যে পুলিশ সংস্থাগুলির নিজেদের বিভিন্ন পদের মধ্যেই সম্ভবত অপরাধী এবং লিঙ্গ-সম্পর্কিত সহিংসতার শিকার/বেঁচে থাকা বা উভয় ব্যক্তি রয়েছে। ।

৮ যে সিদ্ধান্ত ব্যক্তিকে সরাসরি বাহেব প্রভাবিত করে সেই সিদ্ধান্তের পরিকল্পনা, বাস্তবায়ন, পর্যবেক্ষণসহ সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়ায় সেই ব্যক্তির সরাসরি অংশগ্রহণের অধিকারকে 'অর্থপূর্ণ অংশগ্রহণের' বলে। এটি বিভিন্ন ধরণের হতে পারে যার মধ্যে অন্তর্ভূক্ত থাকতে পারে ভারসাম্যপূর্ণ, ও বস্তুনিষ্ঠ তথ্যসহ সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অবহিত করা যাতে তারা তাদের কল্যানকে প্রভাবিত করে এমন মূল সিদ্ধান্তগুলির উপর শক্তিশালী নিয়ন্ত্রণ বজায় রাখতে সক্ষম হয়, এবং সেইসাথে বিকল্প এবং সমাধান চিহ্নিত করাসহ সিদ্ধান্ত গ্রহণের প্রক্রিয়ায় তাদের সাথে মতামত পাওয়ার জন্য তাদের সাথে পরামর্শ করা।

৯ তিনজনের মধ্যে এক-একজন নারী শারীরিক, যৌন নির্যাতনের শিকার হন। ইউএন নিউজ, ২৪ নভেম্বর ২০১৯@ https://news.un.org/en/story/2019/11/1052041



নাইজেরিয়া পুলিশ বাহিনীর জনসংযোগ বিভাগের সৌজন্যে ছবি

**বিভিন্ন গবেষণা এবং অনুশীলন যে পরামর্শ প্রদান করেছে তা হল পুলিশ যেভাবে এই ধরনের আইন প্রয়োগ করে তা তাদের কার্যকারিতার উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলে।**[১০] **সুতরাং, সকল পুলিশ কর্মকর্তাদের উচিত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের তদন্তে অর্থপূর্ণ অংশগ্রহণকে কার্যকরভাবে VAWG-এর প্রতি সাড়া দেওয়ার একটি উপায় এবং লক্ষ্য হিসাবে বিবেচনা করা এবং সেই মতো এই বিষয়টি সকলের মধ্যে প্রচার করা।** VAWG-এর **সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জড়িত করার জন্য** ‘অধিকার-ভিত্তিক পদ্ধতি’ **এবং ‘কোন ক্ষতি করবেন না’** এই নীতি প্রয়োগ করা **হল তদন্তে তাদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার সবচেয়ে সুনির্দিষ্ট উপায়।**

**তদন্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণের জন্য একটি অধিকার-ভিত্তিক পদ্ধতি প্রয়োগের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার গুরুত্বকে** VAWG-এর **প্রতি প্রতিক্রিয়া জানানোর জন্য সচেতনতা বৃদ্ধি এবং সমাধানগুলি চিহ্নিত করবার জন্য শিক্ষিত করার একটি অবিচ্ছেদ্য অংশ হওয়া দরকার। ঊর্ধ্বতন এবং নির্বাহী পুলিশ নেতৃত্বের কাছ থেকে এই ধরনের একটি স্পষ্ট বার্তা মধ্যবর্তী পর্যায়ের ব্যবস্থাপকদের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে যখন সাড়া প্রদানকারী কর্মকর্তাদের আন্তর্জাতিক মান মেনে চলার নির্দেশনা প্রদান করা হবে, এবং তদন্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করতে, এবং অনানুষ্ঠানিক মধ্যস্থতা প্রক্রিয়ায় জড়িত হওয়াসহ অসদাচরণের ঝুঁকি কমাতে নির্দেশনা প্রদান করা হবে।**

**ভিএডব্লিউজি** (VAWG) **তদন্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণের যে ধরণের ইতিবাচক প্রভাব থাকতে পারে তার পরিপ্রেক্ষিতে, এটি গুরুত্বপূর্ণ যে পুলিশ সংস্থাগুলি তাদের গুণগতমান নিয়ন্ত্রণে প্রতিশ্রুতিবদ্ধ, বিশেষ করে যখন সাড়া জানানো কর্মকর্তারা নীতি এবং মানদণ্ডগুলি মেনে চলতে অ-সম্মতি জানায়।** VAWG-এর প্রতি সাড়া দেওয়ার প্রচেষ্টা পর্যালোচনা, মূল্যায়ন এবং পর্যবেক্ষণের **আকারে প্রাতিষ্ঠানিক শিক্ষাণের জন্য পুলিশ নেতৃত্বের প্রতিশ্রুতি হল এক ধরণের প্রাতিষ্ঠানিক জবাবদিহিতার যা ত্রুটি বা অসৎ আচরণের ঝুঁকি কমাতে এবং ব্যবহৃত সরঞ্জাম, পদ্ধতি এবং কৌশলগুলিকে উন্নত করতে সাহায্য করবে।**

লিঙ্গ সংবেদনশীল একটি আধুনিক পুলিশ সংস্থার দিকে রূপান্তরিত হবার উদ্দেশ্য প্রাতিষ্ঠানিক আত্ম-প্রতিফলন এবং শিক্ষণের আকাঙ্ক্ষা ছাড়া অর্জন করা সম্ভব না, বিশেষ করে যারা পুলিশের কার্যকলাপে সবচেয়ে বেশি প্রভাবিত হয়। (চিত্র ১ **দেখুন**)।

**চিত্র -১**

**রূপান্তর প্রক্রিয়া**




দুর্বলতার অবস্থানে থাকা গোষ্ঠীগুলিসহ বিভিন্ন সম্প্রদায় এবং গোষ্ঠীর নিকট হেকে বাহ্যিক মতামত নিয়ে অভ্যন্তরিন কর্ম দক্ষতা মূল্যায়ন করাকে উতসাহিত করার জন্য আধুনিক পুলিশের বিভিন্ন স্তরের নেতৃত্বকে সক্ষম হতে হবে।

**এটি করবার জন্য, ঊর্ধ্বতন এবং নির্বাহী নেতৃত্বকে সচেতনতা বাড়াতে হবে এবং অভ্যন্তরীণ কর্মক্ষমতা পর্যালোচনার মাধ্যমে শিক্ষণ কীভাবে সাধারণভাবে পুলিশিংকে উপকৃত করতে পারে, বিশেষ করে যখন তারা বহিরাগত এবং যোগ্য স্টেকহোল্ডারদের সহায়তা পায় সে সম্পর্কে কর্মকর্তাদের প্রশিক্ষিত করা দরকার। এর মধ্যে** VAWG মোকাবেলা করার জন্য দক্ষতা**সহ বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্ব গড়ে তোলা এবং সম্পর্ক বজায়**

১০ সহিংসতা সাপেক্ষে নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ: মূল উপাদান এবং গুণগত নির্দেশিকা (ইউএন জয়েন্ট গ্লোবাল প্রোগ্রাম অন এ্যাসেনশিয়াল সার্ভিস ফর উইমেন অ্যান্ড গার্লস সাবজেক্ট টু ভায়োলেন্স, ২০১৫)।

রাখার গুরুত্বের উপর জোর দিতে হবে। ঊর্ধ্বতন এবং নির্বাহী নেতৃত্বের উচিত মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য অংশীদারিত্ব স্থাপনে প্রশিক্ষণ বা পেশাগত উন্নয়নে বিনিয়োগ করাকে একটি গুরুত্বপূর্ণ সহায়তাকারী বিষয় হিসেবে বিবেচনা করা।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের পরিপ্রেক্ষিতে, পুলিশ নেতৃত্বের বেশ কয়েকটি বিকল্প রয়েছে যার মাধ্যমে উপযুক্ত স্টেকহোল্ডারদের কাছ থেকে মতামত নিয়ে শিক্ষণকে উৎসাহিত করা যায়। বিকল্পগুলির মধ্যে পুলিশিং স্ট্যান্ডার্ড ইউনিট দ্বারা পরিচালিত অভ্যন্তরীণ পর্যায়ক্রমিক পর্যালোচনাগুলির সাথে পুলিশিং মান প্রতিষ্ঠা করা অন্তর্ভুক্ত থাকতে পারে, যেমন কানাডার ব্রিটিশ কলাম্বিয়া প্রদেশের জননিরাপত্তা ও সলিসিটর জেনারেল প্রাদেশিক সরকারের মন্ত্রণালয় দ্বারা ব্যবহিত **পুলিশিং স্ট্যান্ডার্ড সিস্টেম**।[১১]

উদাহরণস্বরূপ বলা যায় যে ২০২০ সালে, ব্রিটিশ কলাম্বিয়ার প্রাদেশিক সরকার নিরপেক্ষ পুলিশিং প্রচারের জন্য তার পুলিশিং মানদণ্ড (স্ট্যান্ডার্ড) প্রবর্তন করেছে যার মূল লক্ষ্য হল পুলিশের পক্ষপাতদুষ্ট রাস্তা নিয়ন্ত্রণের (check) ঝুঁকি কমানো যাকে স্থানীয় সিএসওগুলি ঐতিহাসিকভাবে আদিবাসী ব্যক্তি এবং জাতিগত সংখ্যালঘুদের অসমভাবে লক্ষ্যবস্তু হিসাবে বর্ণনা করেছে।[১২]

অন্যান্য বিকল্পগুলির মধ্যে আরও কর্মক্ষম অনুশীলনের মানসম্মত পর্যায়ক্রমিক পর্যালোচনা অন্তর্ভুক্ত রয়েছে, যেমন সাড়া প্রদানকারী কর্মকর্তাদের দ্বারা ব্যবহৃত সাক্ষাৎকার পদ্ধতি, IPV ঝুঁকি মূল্যায়ন টুলস (সরঞ্জামগুলির) প্রযোজ্যতা এবং/অথবা কার্যকারিতা এবং মানসিক আঘাত (ট্রমা) অবহিত হস্তক্ষেপ কৌশলগুলি।

জেন্ডার-সংবেদনশীল পুলিশিংয়ের দিকে রূপান্তরিত করার জন্য সচেতনতা এবং শিক্ষা বৃদ্ধির লক্ষ্য হওয়া উচিত সমাজের মধ্যে ইতিবাচক পুরুষত্বের ধারণাকে শক্তিশালী করা, যাতে পুলিশকে পুরুষ এবং ছেলেদের জন্য রোল মডেল হিসাবে দেখা হয় যারা আত্মবিশ্বাসী এবং সুরক্ষিত এবং বৈচিত্র্য উদযাপন করতে পারে। ইতিবাচক পুরুষত্বের ধারণাকে বর্ণনা করা যেতে পারে এই ভাবে যে যত্ন, সহানুভূতি এবং সম্মান সহজাতভাবে নারীসুলভ নয়, তবে এগুলি মূল্যবান গুণাবলী যা সকল মানুষকে উৎসাহিত করে। একইভাবে গুরুত্বপূর্ণ হল, ইতিবাচক পুরুষত্বের ধারণা প্রচার করার ক্ষেত্রে পুরুষদের অন্তর্নিহিত

১১ ১৯৯৬ সালের পুলিশ আইন প্রাদেশিক সরকারকে পুলিশের উপর বাধ্যতামূলক মান তৈরি করতে এবং সেই মানগুলির সাথে পুলিশের সম্মতি মূল্যায়ন করার অনুমতি দেয়। প্রাদেশিক পুলিশিং মান দেখুন। ব্রিটিশ কলাম্বিয়ার প্রাদেশিক সরকার https://www2.gov.bc.ca/gov/content/justice/criminal-justice/policing-in-bc/policing-standards

১২ Foreword BCPPS 6.2 Police Stops. Provincial Policing Standards. Provincial Government of British Columbia at: https://www2.gov.bc.ca/assets/gov/law-crime-and-justice/criminal-justice/police/standards/6-2-foreword-police-stops.pdf

*স্টেকহোল্ডাররা হল সমস্ত সরকারী এবং সুশীল সমাজ সংগঠন এবং সংস্থা যারা সরকার এবং সুশীল সমাজের সকল স্তরে নারী ও মেয়েদের প্রতি সহিংসতার প্রতিক্রিয়া জানাতে ভূমিকা রাখে। মূল স্টেকহোল্ডারদের মধ্যে সহিংসতার শিকার এবং বেঁচে থাকা নারী ও মেয়ে এবং তাদের প্রতিনিধি, সামাজিক পরিষেবা, স্বাস্থ্যসেবা খাত, আইনি সহায়তা প্রদানকারী, পুলিশ, প্রসিকিউটর, বিচারক, শিশু সুরক্ষা সংস্থা এবং শিক্ষা খাত অন্তর্ভুক্ত রয়েছে।*

আক্রমনাত্মক, শক্তিশালী বা প্রভাবশালী ধারণাগুলির প্রতিলিপি করা উচিত নয়। VAWG ঘটনা কমাতে ইতিবাচক পুরুষত্ব একটি বড় ভূমিকা পালন করতে পারে।

এই বিষয়ে, UNPOL পুরুষ কর্মকর্তাদের জড়িত করার জন্য কিছু ভাল অনুশীলন প্রদান করেছে:[১৩]

- নারী ও পুরুষ উভয়ের জন্য লিঙ্গ সমতা এবং পারিবারিক বন্ধুত্বপূর্ণ নীতির সুবিধা তুলে ধরা;
- পুলিশ কর্মকর্তাদের ন্যায্যতার বোধের প্রতি আবেদন;
- মহিলা পুলিশ পরামর্শদাতা কর্মকর্তাদের নিয়োগ;
- লিঙ্গ সমতা নিশ্চিতে চ্যাম্পিয়ন কমান্ড কর্মকর্তাদের সাফল্য প্রচার;
- শুধুমাত্র পুরুষ এবং পুরুষ-মহিলা পুলিশ দলের মাধ্যমে আলোচনায় কর্মকর্তাদের আমন্ত্রণ জানানো;
- লিঙ্গ সমতার বিষয়ে চ্যাম্পিয়নদের সন্ধান করা যারা অন্যান্য কর্মকর্তাদের জন্য রোল মডেল হতে পারে (বক্স-২ দেখুন);
- সংবেদনশীলতা এবং সচেতনতা বৃদ্ধি সেমিনার আয়োজন।

প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের থেকে লিঙ্গ-সংবেদনশীল আচরণ অর্জনে সহায়তা করার জন্য, ঊর্ধ্বতনপুলিশ নেতৃত্বের উচিত এটা নিশ্চিত করা যে তাদের মধ্যম স্তরের ব্যবস্থাপকরা নিম্নলিখিত প্রাতিষ্ঠানিক বোঝাপড়াগুলি বিবেচনা নির্ভর করতে পারেন:

- সহিংসতার প্রকৃতি, এর কারণ ও পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে ও অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে;

১৩ UN Police *Gender Toolkit*, (UN Department of Peace Operations - DPO/ DPET/Integrated Training Service, 2015).

**বক্স-২:**

**HeForShe এর জন্য পুলিশ**

ইউএনউইমেন সৃষ্ট, দ্য *HeForShe* সংহতি আন্দোলন একটি সুশৃঙ্খল পদ্ধতি এবং লক্ষ্যযুক্ত প্ল্যাটফর্ম প্রদান করেছে যেখানে পুরুষ এবং ছেলেরা যুক্ত হতে পারে এবং লিঙ্গ সমতা অর্জনের জন্য পরিবর্তনের এজেন্ট হতে পারে।

*HeForShe* লিঙ্গ সমতার জন্য একটি সাহসী, দৃশ্যমান এবং ঐক্যবদ্ধ শক্তি তৈরি করতে মহিলাদের সাথে সংহতি প্রকাশ করার জন্য পুরুষ এবং সমস্ত লিঙ্গের মানুষের জন্য একটি উন্মুক্ত আমন্ত্রণ। এই আন্দোলনটি যে বার্তা প্রচার করে তা হল পুরুষদের লিঙ্গ সমতার মতো মানবাধিকার ইস্যুতে শুধুমাত্র দর্শকের ভূমিকা পালন করা উচিত নয়। সদস্যরা তাদের নিজ নিজ সম্প্রদায় বা কাউন্টিতে অর্থপূর্ণ পরিবর্তন আনতে পদক্ষেপ নেয়।

সদস্যদের মধ্যে IMPACT চ্যাম্পিয়নরা অন্তর্ভুক্ত যারা পুরুষ এবং তাদের দেশে সিনিয়র নেতৃত্বের অবস্থানে রয়েছেন এবং যারা লিঙ্গ সমতাকে এগিয়ে নিতে এবং সমতা নিশ্চিত করার লক্ষ্য অর্জনের জন্য তিনটি সাহসী, পরিবর্তনকারী প্রতিশ্রুতি বাস্তবায়ন করার মাধ্যমে লিঙ্গ সমতাকে প্রাতিষ্ঠানিক অগ্রাধিকার হিসেবে প্রতিষ্ঠিত করেছে। এর মধ্যে রয়েছে পুলিশের ঊর্ধ্বতন নেতৃত্ব যেমন জাতিসংঘের পুলিশ উপদেষ্টা লুইস ক্যারিলহো (ছবি দেখুন).



জাতিসংঘের পুলিশ উপদেষ্টা লুইস ক্যারিলহো

একজন HeForShe অধিপরামর্শক (অ্যাডভোকেট) হিসেবে, মিঃ ক্যারিলহো জাতিসংঘের সংস্থাগুলির মধ্যে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর উপর ব্যাপক সহযোগিতা বৃদ্ধি করার প্রতিশ্রুতি দিয়েছেন যাতে জাতিসংঘের সম্মিলিত প্রচেষ্টার অংশ হিসাবে একটি উচ্চ-মানের পুলিশ এবং ন্যায়বিচারের প্রতিক্রিয়া, সহিংসতার অভিজ্ঞতা সম্পন্ন সকল নারী ও মেয়েদের কাছে, বিশেষ করে যারা সবচেয়ে প্রান্তিক, উপলব্ধ এবং অ্যাক্সেসযোগ্য হয়। ।

*"পুলিশ শান্তিরক্ষায় আরও বেশি নারীদের যুক্ত করার অর্থই হচ্ছে আরও কার্যকর শান্তিরক্ষা। জাতিসংঘের পতাকা তলে কাজ করা ১১,০০০ পুলিশ কর্মীর পক্ষে, আমি একজন HeForShe* অধিপরামর্শক *(অ্যাডভোকেট) হতে পেরে গর্বিত,»..."*এই মহান সম্মানের সাথে আমরা যে দেশে সেবা করি সেখানে জাতিসংঘের বিশ্বাসযোগ্যতা বাড়াতে এবং এখন এবং ভবিষ্যতের জন্য জনগণের জীবনে আরও বেশি ইতিবাচক প্রভাব ফেলতে আমাদের অঙ্গীকার জোরদার করার জন্য মাদের উপর ব্যাপক দায়িত্ব অর্পিত হয়েছে।»

সূত্র: প্রেস বিজ্ঞপ্তি: ইউএন উইমেন জাতিসংঘের পুলিশ উপদেষ্টা লুইস ক্যারিলহোকে লিঙ্গ সমতার জন্য হেফোরশে অধিপরামর্শক (অ্যাডভোকেট) হিসাবে ঘোষণা করেছে. HeForShe

- ভিএডব্লিউজি-র (BAWG) প্রতিক্রিয়ায় সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অর্থপূর্ণ অংশগ্রহণ **নিশ্চিত করার জন্য অধিকার-ভিত্তিক পদ্ধতির উপর গুরুত্ব প্রদান;**

- 'কোন ক্ষতি করবেন না এই ধারণার উপর গুরুত্ব প্রদান;'

- VAWG-তে সাড়া দেওয়ার জন্য পুলিশকে বিশ্বাস ও আস্থা তৈরি করতে সাহায্য করার জন্য সম্প্রদায়ের সাথে যোগাযোগ করা একটি অগ্রাধিকার;

- লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর জন্য নেতৃত্বের ভূমিকায় থাকা ব্যক্তিদের উচিত সকল কর্মীদের ন্যূনতম স্তরের প্রশিক্ষণ নিশ্চিত করার মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক নীতিকে সংগঠন জুড়ে প্রচার করা;

- লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর জন্য প্রয়োজন আত্ম-প্রতিফলন এবং ক্রমাগত শিক্ষণ, স্বচ্ছতা এবং ব্যাপকভাবে পরামর্শ করা;

- আন্তর্জাতিক মান এবং নিয়মাবলীর সাথে পুলিশের সম্মতি একটি বৈধ এবং বিশ্বস্ত অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসাবে বিবেচিত হয়।

## বাহ্যিক সচেতনতা বৃদ্ধি

একটি লিঙ্গ-সংবেদনশীল সংস্থায় রূপান্তরিত করতে চাওয়া পুলিশকে একটি বাহ্যিক নিযুক্তি প্রক্রিয়ার প্রতি অঙ্গীকার ব্যক্ত করতে হবে যা হবে স্বচ্ছ এবং অন্তর্ভুক্তিমূলক। স্থানীয় জনসংখ্যার বৈচিত্র্যের প্রতিনিধিত্বকারী সম্প্রদায়ের কাছে বাহ্যিক বার্তা প্রেরণ সংস্থার অভ্যন্তরীণভাবে বার্তা পাঠানোর মতোই গুরুত্বপূর্ণ। **পুলিশ নেতৃত্ব**

*VAWG-এর সমস্যা বোঝা এবং 'নিজের সমস্যা হিসেবে বিবেচনার' অর্থ হল আপনি এবং আপনার দল সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্তদের চাহিদা স্বীকার করছেন এবং সাড়া দিচ্ছেন। এইভাবে, আপনি সমাধানের অংশ হতে এবং আরও ভালোর জন্য পরিবর্তন আনতে প্রতিশ্রুতিবদ্ধ।*

**মৌখিকভাবে, ডিজিটালভাবে বা চাক্ষুষভাবে যে ভাবেই যোগাযোগ করুক না কেন, নিয়োগ প্রচারাভিযানসহ অফিসিয়াল যোগাযোগে পুলিশের প্রতিনিধিত্বের মাধ্যমে রূপান্তরের দৃষ্টিভঙ্গির এবং পুলিশ VAWG-এর সমস্যাকে নিজের করে নেওয়ার জন্য যে পদক্ষেপগুলি নিচ্ছে তার প্রতিফলন হওয়া উচিত।**

রূপান্তর প্রক্রিয়ায় পুলিশ নেতৃত্বের বাহ্যিক যোগাযোগের স্বচ্ছতার প্রতি অঙ্গীকার প্রদর্শন করা প্রয়োজন। এর মধ্যে VAWG-এর প্রতিক্রিয়া জানাতে পুলিশের অভ্যন্তরীণ পর্যালোচনার নীতি, কৌশল, পদ্ধতি এবং টুলসগুলির (সরঞ্জামগুলির) ইন্টারনেটে আপলোড করার একটি অনুশীলন অন্তর্ভুক্ত থাকতে পারে। এই ধরনের পর্যালোচনাগুলি নিঃসন্দেহে ক্ষমতার ব্যবধান উন্মোচন করবে, তবে তাদের শিক্ষণের এবং সামনের এগিয়ে যাওয়ার পথ সম্পর্কে বিশদ বর্ণনা প্রদান করবে। এটি রূপান্তরের প্রতি পুলিশের প্রতিশ্রুতির অনুভূত বৈধতাকে শক্তিশালী করবে, যা ভিএডব্লিউজি-এর (VAWG) সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পাশাপাশি তাদের সম্প্রদায়ের কাছ থেকে সহযোগিতা পেতে সহায়তা করবে।




ছবি ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ (বাংলাদেশ) এর সৌজন্যে

**সাধারণভাবে, সচেতনতা বৃদ্ধির মাধ্যমে** (তা **পুলিশ সংস্থার অভ্যন্তরীণ বা বাহ্যিক যে ভাবেই হোক না কেন)**, VAWG এবং এর কারণ, পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে তার প্রতি সাড়া দেওয়ার সমাধান হিসাবে লিঙ্গ সমতাকে উন্নীত করা **উচিত। এটি বোঝায় যে পুলিশ নেতৃত্বকে সমস্ত পদের মধ্যে ক্রমাগত ভাবে এই বার্তাটিকে শক্তিশালী করতে হবে যে বৈষম্য ছাড়াই সমস্ত সম্প্রদায়ের চাহিদা এবং স্বার্থ রক্ষা করা আধুনিক পুলিশিংয়ের মূল বিষয়।**

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের সাথে সংযুক্ত বাহ্যিক যোগাযোগের বিষয়ে আরও তথ্যের জন্য নবম অধ্যায়: ‹যোগাযোগ' দেখুন।

## জেন্ডার-সংবেদনশীল পুলিশিংকে সহায়তাকারী নীতি এবং কৌশল

**মধ্যম স্তরের ব্যবস্থাপক লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর দিকে রূপান্তর প্রক্রিয়ায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে, কিন্তু VAWG-এর সমস্যাগুলির নিজেদের মনে করার জন্য তাদের সঠিক সহায়ক পরিবেশ প্রদান করার জন্য ঊর্ধ্বতন এবং নির্বাহী পুলিশ নেতৃত্বের প্রয়োজন। এগুলি প্রাতিষ্ঠানিক নীতি এবং কৌশলগুলির মাধ্যমে প্রচারিত হবে যার মধ্যে অন্ত-র্ভুক্ত থাকবে আদর্শ-ভিত্তিক, পর্যাপ্ত পরিমাণে সম্পদযুক্ত এবং জনগণের নিকট দায়বদ্ধতার ব্যবস্থা।**

> **"নীতি এবং এসওপিগুলি নিছক 'জানালার পর্দা' ('window dressing') নয় এবং তারা যা করতে চেয়েছে তা অবশ্যই করতে হবে এবং অর্জন করতে হবে। এই ধরনের নীতি বাস্তবায়ন, সক্রিয়করণ এবং বিতরণে নেতৃত্বে প্রদান করার ক্ষেত্রে পুলিশের মধ্যম স্তরের কর্মকর্তাদের। নেতাদের একটি মৌলিক ভূমিকা রয়েছে।"**
>
> গেরি ক্যাম্পবেল MBE FCMI AFHEA - গোয়েন্দা প্রধান সুপারিনটেনডেন্ট (অবসরপ্রাপ্ত), স্কটল্যান্ড ইয়ার্ড

**আদর্শ-ভিত্তিক নীতিগুলি যখন প্রতিষ্ঠিত হয়, তখন এগুলিকে সকল কর্মকর্তাদের মতবাদ হিসাবে সম্মান করা উচিত এবং এর সাথে থাকা উচিত স্পষ্ট প্রোটোকল বা স্ট্যান্ডার্ড অপারেটিং পদ্ধতি** (SOPs)। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য নীতিগুলি ব্যতিক্রম নয়।

UNPOL-এর মতে, VAWG-এর উপর একটি নীতি এবং SOP খুবই গুরুত্বপূর্ণ কারণ এই নির্দেশিকা নথিগুলিতে এমন বিষয়গুলির রূপরেখা প্রদান করা হয়েছে যেগুলি পুলিশ সংস্থার জন্য অপরিহার্য

বলে বিবেচিত হয় এবং একটি প্রাতিষ্ঠানিক মানদণ্ডের পক্ষে এই বিষয়গুলিতে ব্যক্তিগত বোঝাপড়া, বাঁধাধরা নিয়ম (স্টেরিও-টাইপ) এবং উপলব্ধিগুলি সরিয়ে দিতে পারে। উপরন্তু, তারা তদন্তে জড়িত কর্মকর্তাদের এবং তাদের তত্ত্বাবধায়কদের জবাবদিহিতা নিশ্চিত করে।[১৪]

**সুপরিচিত প্রোটোকল, পুলিশিং মানদণ্ড (স্ট্যান্ডার্ড) বা এসওপি প্রতিষ্ঠায় বিনিয়োগ করা প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের দায়িত্ব বুঝতে সাহায্য করবে এবং এই পদক্ষেপগুলি সম্পর্কে জ্ঞানের ক্ষেত্রে কোনও অসঙ্গতি নেই তা নিশ্চিত করার জন্য তদন্তে আন্ত-সম্পর্কিত (ইন্টার-সেকশনাল) এবং অধিকার-ভিত্তিক পদ্ধতির প্রয়োগের জন্য প্রয়োজনীয় পদক্ষেপগুলি প্রদান করবে।** ।

**VAWG-তে সাড়া দেওয়ার বিষয়ে অন্যান্য সংস্থার সাথে অংশীদারিত্বে কাজ করার জন্য পুলিশ প্রোটোকলগুলির ভাল অনুশীলনের জন্য পঞ্চম অধ্যায়ের পরিশিষ্ট ২: 'তদন্ত' এবং দ্বাদশ অধ্যায়: ‹জাস্টিস কন্টিনিউম› দেখুন।**




নতুন নীতি এবং পরবর্তী প্রোটোকল বা এসওপি প্রবর্তনের পর সেগুলি সকল পদে কর্মকর্তা-দের কাছে বিস্তৃত ভাবে পৌঁছানোর জন্য উপযুক্ত বার্তা (মেসেজিং) প্রয়োজন। **এই ধরনের আদর্শ-ভিত্তিক নীতি এবং সংশ্লিষ্ট আচরণবিধি বোঝা নিশ্চিত করার জন্য পুলিশ নেতৃত্বের একচেটিয়াভাবে প্রশিক্ষণের উপর নির্ভর করা উচিত নয়। বিভিন্ন গবেষণালব্ধ প্রমান ইঙ্গিতকরে যে রোল মডেল এবং/অথবা মেন্টরিং ভূমিকায় থাকা ব্যক্তিরা প্রকৃত প্রশিক্ষণের পরিবর্তে সহকর্মী এবং অধস্তনদের আচরণের ধরণে একটি বড় প্রভাব ফেলে, বিশেষ করে যদি প্রশিক্ষণটি বিশেষভাবে মনোভাব পরিবর্তনকে লক্ষ্য করে আয়োজন করা হয়।**[১৫]

**উদাহরণস্বরূপ বলা যায় যে যখন পুলিশ সংস্থার মধ্যে যৌন এবং লিঙ্গ-ভিত্তিক বৈষম্য, হয়রানি, উৎপীড়ন এবং অপব্য-**

**"যেখানে অফিসাররা এই মানগুলি বজায় রাখে এবং অতিক্রম করে তাদের পুরস্কৃত করা উচিত। যখন তারা কম পড়ে, তখন তাদের জবাবদিহি করতে হবে এবং উপযুক্ত হলে শৃঙ্খলাবদ্ধ হতে হবে। কর্মকর্তা ও কর্মচারীদের জবাবদিহিতার জন্য শক্তিশালী নেতা থাকলেই আমরা জনগণের প্রাপ্য অগ্রগতি করতে পারি।"**

একটি অনুশীলনকারীর টুলকিট অন উইমেনস অ্যাকসেস টু জাস্টিস প্রোগ্রামিং (UN Women et al., ২০১৮)

**বহারের বিষয়ে শূন্য সহনশীলতা প্রদর্শন একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি হিসেবে গড়ে তোলা হয়, তখন পুলিশ নেতৃত্বকে ক্রমাগত ভাবে এই ধরনের আচরণের কথা বলা প্রয়োজন যেখানেই এটি প্রত্যক্ষ বা রিপোর্ট করা হয়। তাদের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ এবং তদারকি সংস্থাগুলিকে দ্রুত এবং স্বচ্ছভাবে সক্রিয় করতে হবে এবং এই ধরনের সাক্ষী এবং/অথবা অভিযোগকারীদের জন্য একটি নিরাপদ এবং গোপনীয় সহায়ক পরিবেশ নিশ্চিত করতে হবে। পুলিশ নেতৃত্বের দ্বারা প্রদর্শিত এই ধরনের আচরণ মধ্যম স্তরের ব্যবস্থাপকদের কার্য-করভাবে VAWG-তে সাড়া দেওয়ার জন্য প্রয়োজনীয় দক্ষতার উন্নয়ন,** ক্ষমতায়ন এবং **পুরস্কৃত করার জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ বৈধতা প্রদান করে।**



পাবলিক সিকিউরিটির জেনারেল ডিরেক্টর আলতিন কাতো এবং আলবেনিয়ান স্টেট পুলিশের ডিরেক্টর হাকি কাকো#HeForShe. ছবি ইউএন উইমেন আলবেনিয়া/ বেসনিক বাকা এর সৌজন্যে

হিউম্যান রাইটস ওয়াচ কর্ম ক্ষেত্রে যৌন হয়রানি এবং অন্যান্য ধরণের সহিংসতার বিরুদ্ধে সুরক্ষার বিষয়টিকে নিজেদের নীতির অাংশ করার জন্য সহায়ক নির্দেশিকাও প্রদান করেছে। **"সেফটি অ্যান্ড ডিগনিটি অ্যাট ওয়ার্কঃ এ গাইড টু দ্যা ২০১৯ আইএলও ভায়োলেন্স এন্ড হ্যারাসমেন্ট কনভেনশন,** নং ১৯০১।[১৬] এ আইএলও অভিযোগের প্রক্রিয়া এবং পর্যবেক্ষণসহ স্পষ্ট সংজ্ঞা এবং পদক্ষেপ প্রদান করেছে, যেগুলি পুলিশসহ সরকারি প্রতিষ্ঠানসমূহ তাদের প্রচেষ্টার অংশ হিসাবে এই ধরনের সহিংসতা প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানাতে ব্যবহার করতে পারে।[১৭]

১৪ ইউএনপিওএল জেন্ডার টুলকিট প্রজেক্ট টুলের শান্তিরক্ষা সংকলনে জেন্ডার মেইনস্ট্রিমিং-এর জন্য মানসম্মত সেরা অনুশীলন

১৫ See Jenni Cross, '3 Myths of Behaviour Change and Other Challenges for Sustainability' (2014), Center for Energy and Behavior Institute for the Built Environment, Colorado State University and; Bohent, I, 'What Works: Gender Equality by Design' (Harvard University Press, 2016). See also the section 'Psychological and Sociological Theories in Flanagan', A.E., and Tanner, J.C., 'A Framework for Evaluating Behavior Change in International Development Operations', Independent Evaluation Group Working Paper 2016/No.2 (World Bank, 2018).

১৬ ২১শে জুন, ২০১৯তে আন্তর্জাতিক শ্রম সংস্থার (আইএলও) সদস্য-রা – সরকার, ট্রেড ইউনিয়ন এবং নিয়োগকর্তাদের সমিতি- কর্ম ক্ষেত্রে সহিংসতা ও হয়রানি সংক্রান্ত আইএলও কনভেনশন (ভায়োলেন্স অ্যান্ড হ্যারাসমেন্ট কনভেনশন, নং ১৯৯০) গ্রহণ করার জন্য সর্বসম্মত ভাবে ভোট প্রদান করেছিল।

১৭ Safety and Dignity at Work: A Guide to the 2019 ILO Violence and Harassment Convention, No. 190' (Human Rights Watch, 2020), at: https://www.hrw.org/sites/default/files/media_2020/06/ILO_advocacy_brochure_0620.pdf

**সাধারণভাবে, আদর্শ-ভিত্তিক নীতিগুলি প্রতিষ্ঠা করা, প্রতিশ্রু-তিবদ্ধ এবং/অথবা শক্তিশালী করা উচিত:**[১৮]

**প্রোটোকল**

- স্টাফ সদস্যদের মাধ্যমে প্রাতিষ্ঠানিক নীতি প্রতিফলিত হয় এমন SOP এবং আচরণবিধিগুলি সম্পর্কে ধারণা পরিষ্কার করুন যারা নিজেরাই IPV এবং VAWG-এর অন্যান্য ধরণের সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী বা মেয়ে বা অপরাধী। এই ধরনের ব্যবস্থাগুলি সমস্যাটিকে নিজের মনে করার (মালিকানা) ক্ষেত্রে এবং VAWG কে গুরুত্ব সহকারে নেওয়ার ক্ষেত্রে একটি গুরু-ত্বপূর্ণ অংশ কারণ তারা কর্মীদের সমর্থন করে, মান নির্ধারণ করে এবং সংস্থাকে দায়বদ্ধ রাখতে সহায়তা করে:[১৯]

- সম্মতির জন্য অন্তর্নির্মিত পর্যায়ক্রমিক মূল্যায়ন কাঠামোর সাথে পুলিশের মানদণ্ডকে  সংযুক্ত করা;

- এমন এক ধরণের পর্যবেক্ষণ ব্যবস্থা যা বিশেষায়িত সংস্থার মতামতসহ প্রোটোকল/এসওপিগুলির ধারাবাহিক প্রয়োগ পরিমাপ করে যাতে প্রতিবন্ধী ব্যক্তিদের চাহিদার প্রতিনিধিত্বকারী সংস্থা-গুলি অন্তর্ভুক্ত থাকে;

- ব্যাপক প্রোটোকল এবং নির্দেশিকা যা যৌন সহিংসতার ঘটনাগু-লি পরিচালনা এবং তদন্ত করার জন্য সামঞ্জস্যপূর্ণ এবং অভিন্ন লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতির প্রয়োগের বিষয়টি প্রচার করে। এর মধ্যে এমন নির্দেশনা অন্তর্ভুক্ত থাকবে যার ফলে পুলিশ কর্মকর্তা-দের সহিংসতার শিকার নারী ও মেয়েদের কাছে বিচার প্রক্রিয়া, তাদের অধিকার এবং উপলব্ধ পরিষেবাগুলিকে ব্যাখ্যা করতে হবে।[২০] আদর্শভাবে প্রোটোকলগুলিতে যে বিষয়টি জোর দেওয়া উচিত তা হল মহিলারা কোন লিঙ্গের পুলিশ কর্মকর্তাদের কাছে রিপোর্ট করবেন সেটি তারা নিজেরাই ঠিক করবে;

- প্রসিকিউশনের সাথে যুক্ত অনুঘটক এবং পরিষেবা প্রদানকারীসহ অন্যান্য সংস্থাগুলির সাথে কৌশলগত স্তরের যৌথ কাজের চুক্তি, যেমন, যেমন সামাজিক, স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদি।

১৮'ধর্ষণের বিচার। থাইল্যান্ড এবং ভিয়েতনামে যৌন সহিংসতার জন্য অপরাধমূলক বিচার ব্যবস্থার প্রতিক্রিয়া বোঝা' (ইউএন উইমেন, ইউএনডিপি এবং ইউএনওডিসি, ২০১৭)।

১৯ উদাহরণ স্বরূপ বলা যায় যে, মেট্রোপলিটন পুলিশ সার্ভিস (এমপিএস) (যা লন্ডন শহরের মেট্রোপলিটন পুলিশ ডিস্ট্রিক্টে আইন প্রয়োগের জন্য দায়ী আঞ্চলিক পুলিশ বাহিনী), যখন তাদের কর্মকর্তাদের/কর্মচারী-দের পারিবারিক নির্যাতন, ধর্ষণ এবং অন্যান্য গুরুতর যৌন অপরাধের ঘটনায় সন্দেহ করা হয় তখন বাধ্যতামূলক পদক্ষেপের অংশ হিসেবে অনলাইনে তার চেকলিস্ট প্রদান করে।: https://www.met.police.uk/SysSiteAssets/foi-media/metropolitan-police/policies/strategy--governance---mps-employee-domestic-abuse-policy

২০ 'নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা বন্ধে এন্ট্রি পয়েন্ট হিসেবে পুলিশ। নারীর বিরুদ্ধে সহিংসতা বন্ধ করতে জাতিসংঘের ট্রাস্ট তহবিল দ্বারা অর্থায়নকৃত সুশীল সমাজ সংস্থার পাঠ'। নারীর প্রতি সহিংসতা বন্ধে জাতিসংঘের ট্রাস্ট ফান্ড, নিউ ইয়র্ক, ২০১৯।

পেশাগত প্রণোদনা



- দলের সাফল্যকে VAWG-এর সাধারণ প্রকোপ কমানোর জন্য সম্মিলিত প্রচেষ্টার ফসল হিসেবে সংজ্ঞায়িত করা উচিত, যা পুলিশের কাছে রিপোর্ট করার প্রারম্ভিক বৃদ্ধির সাথে যুক্ত। পুলিশ নেতৃত্বের রেকর্ডকৃত VAWG অপরাধ হ্রাস করার লক্ষ্য নির্ধা-রণ করা থেকে বিরত থাকা উচিত কারণ অনেক পুলিশ সংস্থা স্বীকার করেছে যে এটি একটি উল্লেখযোগ্যভাবে কম রিপোর্ট করা বিষয়;[২১]

- VAWG-এর তদন্তে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার প্রদর্শনকারী পুলিশ কর্মকর্তাদের পেশাগত স্বীকৃতির জন্য প্রণোদনা। কর্মজী-বনের উন্নয়নের জন্য এই ধরনের প্রণোদনা এবং সুযোগ তৈরি করা VAWG মোকাবেলায় তদন্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অর্থপূর্ণ অংশগ্রহণসহ পুরুষ এবং মহিলা বা উভয় পুলিশ কর্মকর্তাদের প্রতিশ্রুতি বাড়ায়। এই ধরনের প্রণোদনা লিঙ্গ সম-তাকেও শক্তিশালী করবে এবং অগ্রাধিকার হিসেবে VAWG-এর প্রতি সাড়া দিতে কর্মকর্তাদের অনুপ্রাণিত করবে;

- মধ্যম স্তরের থেকে ঊর্ধ্বতন পদমর্যাদার কর্মকর্তাদের লিঙ্গ/সামাজিক নিয়ম এবং বাঁধাধরা নিয়ম (স্টেরিওটাইপ)কে মকাবেলা করার জন্য গৃহীত প্রচারাভিযান-যেমন HeForShe-এ সক্রিয়  অংশগ্রহণ। ২০২০ সালে, UK পুলিশ বাহিনী HeForShe এর জাতীয় প্রচারণার অংশ হিসাবে « লিঙ্গ সমতার উপর ইউকে পুলিশিং এর প্রথম বার্ষিক প্রতিবেদনে" প্রকাশ করতে সহযোগিতা করেছে। প্রতিবেদনটিতে গুরুত্বপূর্ণ প্রতিশ্রুতি এবং অগ্রগতি তুলে ধরা হয়েছে যা সমস্ত যুক্তরা-জ্যের পুলিশ বাহিনী তাদের নিজ নিজ পুলিশ সংস্থার মধ্যে লিঙ্গ সমতাকে নিশ্চিত করার ক্ষেত্রে করেছে, যার মধ্যে একটি গুরুত্বপূর্ণ হল পুলিশিং সমস্যা হিসাবে লিঙ্গ বৈষম্য মোকাবেলায় প্রতিশ্রুতিবদ্ধ হওয়ার ক্ষেত্রে জ্যেষ্ঠ পুরুষ কর্মকর্তাদের নেওয়া সিদ্ধান্তমূলক ভূমিকা।[২২]

২১ রেকর্ড করা পারিবারিক সহিংসতা অপরাধ হ্রাস করার লক্ষ্য নির্ধারণ থেকে দূরে সরে যাওয়ার ক্ষেত্রে ইউকে পুলিশ সংস্থাগুলির অভিজ্ঞ-তার জন্য 'প্রত্যেকের দায়িত্ব: পারিবারিক নির্যাতনের প্রতি পুলিশের প্রতিক্রিয়ার উন্নতি করা' দেখুন (Her Majesty's Inspectorate of Constabulary, 2014)

২২ Gender Equality in UK Policing First Annual Report (2020). Sussex Police Corporate Communications 2019 in support of HeForShe UN Women Solidarity Movement for Gender Equality, see: https://www.sussex.police.uk/SysSiteAssets/media/downloads/sussex/about-us/governance-and-processes/equality-and-diversity/heforshe-annual-report-2019.pdf



ফ্রেড ইগা, UNMISS পুলিশ কমিশনার, HeForShe ক্যাম্পেইনে যোগ দিয়েছেন। ছবি UNMISS (সুদান) এর সৌজন্যে

• মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য প্রণোদনা, বিশেষ করে পুলিশ স্টেশন পর্যায়ে অন্যান্য সংস্থা, সম্প্রদায়ের পাশাপাশি সরকারি এবং/অথবা ব্যক্তিগত উদ্যোগ যেমন VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সহায়তাকারী দাতব্য সংস্থাগুলির সাথে উদ্যোগ/অংশীদারিত্ব গড়ে তোলার জন্য;

• প্রাথমিক পর্যায়ে সাড়া দেওয়া কর্মকর্তাদের মর্যাদা বৃদ্ধি করা যাতে তারা বুঝতে পারে যে তারা স্থানীয় সম্প্রদায়ের মধ্যে পুলিশের প্রতি আস্থা ও বিশ্বাস তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।

**বিশেষায়িত ইউনিট**

• বহু- **বৈচিত্র্যময়** পেশাজীবী, ফরেনসিক বিশেষজ্ঞ, স্বাস্থ্যসেবা কর্মী, সমাজকর্মী, পরামর্শদাতা, ইত্যাদিসহ বিশেষায়িত ইউনিট। ভারত এবং তানজানিয়ার মতো কিছু দেশে বিশেষায়িত পুলিশ ইউনিটগুলি নারীদের দ্বারা পরিচালিত হয় এবং সেখানে ১০০% নারীদের অন্তর্ভুক্ত করা যেতে পারে। তাদের কাজের একটি অংশ হল মামলার প্রতিবেদন দাখিল করার জন্য সম্প্রদায়ের সাথে বিশ্বাস তৈরিতে সহায়তা করা। উদাহরণ স্বরূপ বলা যায় যে, ভারতের হায়দ্রাবাদে প্রতিষ্ঠিত 'শি টিমস' এর সদস্যরা VAWG-এর অন্যান্য ধরণগুলির মধ্যে টিজিং এবং হয়রানি মোকাবেলায় জড়িত থাকে।

**বক্স-৩-**

**কোরিয়াতে সূর্যমুখী (সানফ্লাওয়ার) ওয়ান-স্টপ সেন্টার**

সূর্যমুখী (সানফ্লাওয়ার) কেন্দ্রগুলি প্রথম ২০০৪ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। ২০১৯ সাল পর্যন্ত, সারা দেশে ৩৯টি সূর্যমুখী কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছিল। কেন্দ্রটি হ‌ল হাসপাতাল-ভিত্তিক সমন্বিত পরিষেবা কেন্দ্র যা লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার/ববেঁচে থাকা নারী ও মেয়েদের (GBV) জন্য চিকিৎসা, কাউন্সেলিং, তদন্ত এবং আইনি সহায়তা প্রদান করে।

লিঙ্গ সমতা ও পরিবার মন্ত্রণালয়, স্থানীয় সরকার, পুলিশ এবং হাসপাতালের মধ্যে আনুষ্ঠানিক অংশী-দারিত্বের ভিত্তিতে সূর্যমুখী কেন্দ্রগুলি সমন্বিত পরিষেবা প্রদান করে।

পুলিশ সহায়তার পরিপ্রেক্ষিতে, একজন নারী পুলিশ কর্মকর্তাকে GBV এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাক্ষাৎকার গ্রহণের কৌশল সম্পর্কে বিশেষ প্রশিক্ষণ দেওয়া হয় এবং ২৪/৭ কেন্দ্রে পাঠানো হয়।

পুলিশ কর্মকর্তাদের ভূমিকার মধ্যে রয়েছে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে এমন পরিবেশে সাক্ষাৎকার নেওয়া যেখানে তারা নিরাপদ বোধ করে। সাক্ষাৎকারের ফলাফল (অর্থাৎ যাচাইকৃত বিবৃতি), মেডিকেল টিম দ্বারা সংগৃহীত ফরেনসিক প্রমাণসহ, অধিক তদন্তের জন্য থানায় পাঠানো হয়। কেন্দ্রগুলি শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য বিশেষ সহায়তা প্রদান করে। কেন্দ্রগুলি ১৯ বছরের কম বয়সী সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য ভিডিও রেকর্ডিং বাধ্য-তামূলক করেছে। এটি সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের বারবার সাক্ষ্য দেওয়া থেকে রক্ষা করে।

কোরিয়ার সূর্যমুখী (সানফ্লাওয়ার) অভিজ্ঞতার মূল শিক্ষণগুলির মধ্যে রয়েছে:

• প্রাসঙ্গিক স্টেকহোল্ডারদের মধ্যে সমন্বয় এবং আনুষ্ঠানিক চুক্তি সম্পাদন একটি রাজনৈতিক প্রক্রিয়া এবং এটা করতে সময় লাগে। সুতরাং উচ্চ পর্যায়ের রাজনৈতিক সমর্থন আদায় করা গুরুত্বপূর্ণ; এবং শুরু থেকেই বিভিন্ন স্টেকহোল্ডার এবং সিদ্ধান্ত গ্রহণকারীদের এই প্রক্রিয়ায় জড়িত থাকার সুপারিশ করা হয়;

• বিদ্যমান সহায়তা ব্যবস্থার সাথে সমন্বয়: সমন্বিত সেবা কেন্দ্রের পরিকল্পনা প্রণয়নে এনজিওগুলোর সম্পৃক্ততা গুরুত্বপূর্ণ ছিল।

- কোরিয়ার সানফ্লাওয়ার সেন্টার (বক্স-৩ দেখুন), বাংলাদেশে ভিকটিম সাপোর্ট সেন্টার (ভিএসসি) বা বুলগেরিয়ায় সেক্সুয়াল অ্যাসল্ট রেফারেল সেন্টার (এসএআরসি) এর মতো 'ওয়ান স্টপ সেন্টারে' বিশেষজ্ঞ-প্রশিক্ষিত প্রতিক্রিয়া জানানও কর্ম-কর্তারা যোগদানের করেণ (সপ্তম অধ্যায়: 'সহায়তা এবং সাহায্য' এর কেস স্টাডিজ দেখুন)।[২৩]

- থানায় বিশেষ সুরক্ষা ইউনিট এবং লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতি নিশ্চিত করার দায়িত্বপ্রাপ্ত জেন্ডার ডেস্কগুলি দ্বিতীয়বার সহিং-সতার শিকার এবং কলঙ্ক এড়াতে সাহায্য করে;

- **নিবেদিত দল** বিভিন্ন এন্ট্রি পয়েন্ট থেকে দিনে ২৪ ঘন্টা, বছরে ৩৬৫ দিন প্রতিবেদন দাখিল করার প্রক্রিয়া পরচালনা করে- যেমন অনলাইন, এসএমএস, হেল্পলাইন থেকে- বিধায় প্রতিবেদন দাখিল করা সহজ হয় এবং আধিক গোপনীয়তা নিশ্চিত করা যায়।

### তদারকি কমিটি

- সহিংসতার শিকার/বেঁচে থাকা -কেন্দ্রিক পরিষেবা প্রদানে উর্ধ্বতন এবং নির্বাহী নেতৃত্বের প্রতিশ্রুতি। উদাহরণ স্বরূপ বলা যায় যে, VAWG সহ GBV-কে মোকাবেলা করে এমন স্থানীয় পর্যায়ের কমিটিগুলিতে অংশগ্রহণের জন্য উচ্চতর পদের কর্মক-র্তাদের প্রতিশ্রুতিবদ্ধ করা।[২৪]

### আউটরিচ (প্রচার)

- নিশ্চিত করুন যে পুলিশ এবং সম্প্রদায়ের মধ্যে কৌশলগত স্তরের যোগাযোগ রয়েছে এবং এই যোগাযোগ সংগঠনের সমস্ত স্তরেই রয়েছে।

- বিভিন্ন ভূমিকার পুলিশ প্রতিক্রিয়ার জানানোর সময় তাদের কাছে প্রত্যাশার বিষয়ে সমস্ত কর্মীদের স্পষ্ট নির্দেশনা দেওয়া

- VAWG-এর সম্পর্কিত সাধারণ জনগণের মধ্যে বদ্ধমূল যেকোন পৌরাণিক কাহিনী (মিথ) এবং ভ্রান্ত ধারণাগুলি দূর করার লক্ষ্যে সম্প্রদায়ের জন্য তথ্যপূর্ণ পুস্তিকা প্রণয়ন ।

২৩ ওয়ান-স্টপ সেন্টারের আরও উদাহরণের জন্য, দক্ষিণ আফ্রিকা (থুথুজেলা কেয়ার সেন্টার) এবং নারী পুলিশ স্টেশন দেখুন (Delegacias Especiais de Atendimento à Mulher – DEAM) in Brazil, in *Progress of the World's Women 2011–2012: Families in a Changing World* (UN Women, 2011).

২৪ কঙ্গো গণতান্ত্রিক প্রজাতন্ত্রের মতো কয়েকটি দেশে, সরকার ফৌজদারি বিচার ব্যবস্থার উন্নতির জন্য সংশোধনমূলক ব্যবস্থা পর্যবেক্ষণ ও সুপারিশ করার জন্য সরকার, CSO, সম্প্রদায়ের নেতা এবং উন্নয়ন অংশীদারদের সমন্বয়ে GBV কমিটি গঠন করেছে।

সুস্পষ্টভাবে সংজ্ঞায়িত আদর্শ-ভিত্তিক নীতি যা লিঙ্গ সমতার উদ্দেশ্যগুলিকে প্রচার করে তা গণতান্ত্রিক পুলিশিং এবং কর্মকর্তা-দের নিয়োগ, বদলি, প্রশিক্ষণ এবং কল্যাণে সর্বোত্তম অনুশীলনকে প্রতিফলিত করবে। এই ধরনের পদক্ষেপগুলি বাস্তবায়নের ফলে নারীরা পুলিশ পরিষেবার রূপান্তর ও পুনর্গঠনে অংশগ্রহণ করতে এবং সমানভাবে উপকৃত হতে সক্ষম হবে।




**লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং প্রচারের আরও আদর্শ-ভিত্তিক নীতির উদাহরণের জন্য,** DCAF-**এর জেন্ডার এবং নিরাপত্তা টুলকিটের** 'Toolkit Tool 2: Policing and Gender' (**২০১৯**) **পড়ুন**। এছাড়াও, নির্দেশনার জন্য, অনুগ্রহ করে "UN Women Legislation Handbook" (2012) এবং দা ইউএনওডিসি ব্লুপ্রিন্ট ফর একশন ইম্প্লেমেন্টেশন প্লান ফর ক্রিমিনাল জাষ্টিস সিস্টেম টু প্রিভেন্ট রেস্পন্ড টু ভায়োলেন্স এগেইনস্ট উইমেন ('স্ট্রেংথেনিং ক্রাইম প্রিভেনশন এন্ড ক্রিমিনাল জাস্টিস রেস্পন্সেস টু ভায়োলেন্স এগেইনস্ট উইমেন *২০১৪)' শীর্ষক প্রকাশনায় রয়েছে) দেখুন।

## যে নীতিগুলি অন্তর্ভুক্তি এবং মূল্যবোধের বৈচিত্র্য অর্জনে সহায়তা করে।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর জন্য রূপান্তরমূলক নীতির প্রয়োজন যার উদ্দেশ্য হল VAWG এ কার্যকরভাবে এবং পর্যাপ্তভাবে প্রতিক্রিয়া জানাতে পুলিশের জবাবদিহিতাকে শক্তিশালী করা, কিন্তু একিই সাথে তাদের কার্যক্রমগুলি একটি বৃহত্তর প্রতিরোধ কৌশলে অবদান রাখে সহিংস কাজগুলি যা নারী এবং মেয়েদের অসামঞ্জ-স্যপূর্ণভাবে প্রভাবিত করে এই কার্যক্রমগুলিকে বাধা দেবার ক্ষেত্রে। সিদ্ধান্ত গ্রহণে অন্তর্ভুক্তিমূলক ক্ষমতা ভাগাভাগি এবং বৈচিত্র্যকে উতসাহিত করার জন্য, সেইসাথে সংগঠনের মধ্যে নারীর ক্ষমতা-য়নের জন্য সমর্থনের আদায়ের ক্ষেত্রে এই ধরনের নীতিগুলি পুলিশ সংস্থার মধ্যে অসম লিঙ্গ সম্পর্ককে রূপান্তর করতে হবে।

শুরু করার একটি উপায় হল বিদ্যমান নীতি এবং কাঠামো প্রতি-স্থাপন বা সংশোধন করা যা সংস্থার মধ্যে ক্ষতিকারক পক্ষপাতিত্ব এবং বৈষম্যমূলক অভ্যাসগুলির অনুশীলন করতে সহায়তা করে এবং যে নীতি অন্তর্ভুক্তি এবং বৈচিত্র্যকে সমর্থন করে এবং পুরস্কৃত করে সেগুলিকে প্রতিস্থাপন করা। উদাহরণস্বরূপ, কর্মক্ষেত্রে যৌন হয়রানি, শোষণ এবং নির্যাতনের বিরুদ্ধে স্পষ্টভাবে সংজ্ঞায়িত নীতিগুলি পুলিশ সংস্থাকে নারী এবং পুরুষ উভয় কর্মকর্তার জন্য সমান সুযোগের নীতির প্রতি তাদের দায়িত্ব পালন করতে সক্ষম করে।




ছবি ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশ (আবু ধাবি) এর সৌজন্যে

জেনেভা সেন্টার ফর সিকিউরিটি সেক্টর গভর্নেন্স (‹DCAF›) তাদের জেন্ডার টুলকিটে (২০১৯), এ উল্লেখ করেছে যে পুলিশের প্রাতিষ্ঠানিক সংস্কৃতিকে অন্তর্ভুক্তিমূলক, বৈচিত্র্য, সহনশীলতা এবং সম্মানের নীতির দিকে রূপান্তরিত করার জন্য এবং এবং সংশ্লিষ্ট নির্দে- শাবলীর এমন একটি পেশাদার কাজের পরিবেশ তৈরি করা উচিত যেখানে সকল কর্মীদের মূল্য দেওয়া হয়।[২৫] DCAF-এর জেন্ডার টুলকিট থেকে অনুপ্রাণিত পুলিশের লিঙ্গ সংবেদনশীল হওয়ার জন্য এই ধরনের প্রাতিষ্ঠানিক নীতির উদাহরণগুলির একটি তালিকা নিচে দেওয়া হল:

- বৈষম্য, হয়রানি, গুন্ডামি এবং নির্যাতন সংক্রান্ত দৃঢ় ‹জিরো টলারেন্স› নীতি;

- হয়রানি ও বৈষম্য বিরোধী নীতিগুলি বোঝার জন্য সকল কর্মী- দের জন্য বাধ্যতামূলক প্রশিক্ষণ;

- প্রচারমূলক সামগ্রীও বিতরণ করাসহ নীতির অনুলিপি সমস্ত থানায় উপলব্ধ করা উচিত;

- ইতিবাচক কর্মক্ষেত্র তৈরিতে কী কাজ করছে এবং কী কাজ করছে আ তা নিয়ে তাদের অভিজ্ঞতার প্রতিফলন করার জন্য পুলিশ অ্যাসোসিয়েশন এবং নারী ও সংখ্যালঘু গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে এমন সুশীল সমাজ সংস্থাগুলির সাথে নিয়মিত যোগাযোগ;

- পুলিশ নেতৃত্বের জন্য জনসমক্ষে এবং ধারাবাহিকভাবে একটি বৈচিত্র্যময় কর্মশক্তিকে মূল্য দেয়া এবং বৈষম্য, বর্জন, উৎপীড়ন এবং হয়রানি বা মনোভাব যা এগুলিকে সহায়তা করে তাদের প্রত্যাখ্যান করা।;

- পরিচালনার সাথে যুক্ত সকল পুলিশের জন্য জ্ঞান সংক্রান্ত দক্ষতা এবং স্ট্রেস ব্যবস্থাপনার উন্নয়নের জন্য কৌশল।

যে কর্মীরা নিজেদেরকে মূল্যবান মনে করেন, বিশেষ করে তাদের সততার জন্য, তারা অন্যদের সাথে জড়িত থেকে আরও ইতিবাচক অভিজ্ঞতা তৈরি করতে পারে। এই ক্ষেত্রে, মধ্যম স্তরের ব্যব- স্থাপক যারা পুলিশ সংস্থায় নিজেদেরকে মূল্যবান মনে করেন তারা অ-বৈষম্য এবং জবাবদিহিতাসহ পুলিশিং নীতি, নিয়ম এবং মান- দণ্ডগুলির সাথে সঙ্গতিপূর্ণ হওয়ার উচ্চ সম্ভাবনা প্রদর্শন করবেন। এই ব্যবস্থাপকেরাই উদাহরণ সৃষ্টির দিয়ে নেতৃত্ব দেবেন এবং তাদের দলের মধ্যে পরিবর্তন আনতে অনুপ্রাণিত করবেন।

পুলিশ নেতৃত্ব বাধাধরা নিয়মগুলি (স্টিরিওটাইপ) এবং ক্ষতিকারক পক্ষপাতকে চ্যালেঞ্জ করতে ভূমিকা পালন করতে পারে, যা অতীতে VAWG-এর প্রতি পুলিশের প্রচেষ্টাকে দুর্বল করেছে।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য আদর্শ-ভিত্তিক নেতৃত্ব গুরু- ত্বপূর্ণ। অন্যদিকে, যখন পুলিশ নেতৃত্ব উদাহরণ সৃষ্টি করতে পারে না বা মানদণ্ডগুলি মেনে চলে না, তখন লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য গুরুত্বপূর্ণ পেশাদারিত্ব, দক্ষতা এবং আচরণ পরিচালনার সাথে যুক্ত প্রতিশ্রুতিবদ্ধ মধ্যম স্তরের ব্যবস্থাপক বা দলের নেতাদের বিচ্ছিন্ন করে যারা সাধারণভাবে অপরাধ এবং সহিংসতায় প্রতিক্রিয়ার জানানোর জন্য অন্তর্ভুক্তিমূলক এবং বৈচিত্র্যময় দলের মূল্যকে সম্মান করেন।

ডিসিএএফ-এর মতে, যেসব প্রতিষ্ঠানে সংখ্যালঘু গোষ্ঠীগুলির প্র- তিনিধিত্ব কম থাকে, বা যেখানে তাদের ব্যবস্থাপনায় বা বিভিন্ন বিশেষীকরণে কম প্রতিনিধিত্ব রাখা হয় সেখানে বৈষম্য এবং হয়রানির সম্ভাবনা বেশি থাকে।[২৬] এইভাবে, একটি লিঙ্গ-সংবেদন- শীল পুলিশ সংস্থার টেকসই রূপান্তর অবশ্যই একটি পেশাদার কাজের পরিবেশ প্রতিষ্ঠার মধ্যে দিয়ে করা উচিত যেখানে সকল কর্মীদের মূল্য দেওয়া হয় এবং সংখ্যালঘু গোষ্ঠীর বিরুদ্ধে ক্ষতিকারক পক্ষপাত সক্রিয়ভাবে এবং ধারাবাহিকভাবে নিরুৎসাহিত করা হয়।

পুলিশ কর্মীরা যারা তাদের সততা এবং মানদণ্ড মেনে চলার জন্য নিজেদের মূল্যবান মনে করেন, তাদের স্বাস্থ্য এবং সুস্থতা বিষয়টি ঊর্ধ্বতন কর্মকর্তাদের বিবেচনা করা উচিত। বছরের পর বছর ধরে VAWG এর মামলা পরিচালনাকারী পুলিশ কর্মকর্তাদের মধ্যে প্রচেষ্টার মাত্রা অনেক বেশী থাকে এবং প্রণোদনা বা পদোন্নতির অস্তিত্ব থাকে না।

নীচের বক্স-৪ এ মেক্সিকো সরকারের জাতীয় নিরাপত্তা কমিশন এবং ইউএনওডিসি দ্বারা পেশা-সম্পর্কিত স্ট্রেস মোকাবেলার জন্য করা প্রচেষ্টার একটি আকর্ষণীয় উদাহরণ প্রদান করেছে যা সহজেই ক্ষতিকারক মানসিক আঘাত (ট্রমা)কে বাড়িয়ে দিতে পারে।

চক্রাকারের মানসিক আঘাতকে (ট্রমা) এমন নেতিবাচক প্রতিক্রিয়া হিসাবে বর্ণনা করা যেতে পারে যা অন্য কারও আঘাতমূলক অভিজ্ঞতার কথা শোনার সময় ঘটতে পারে। একজন

২৫ Toolkit Tool 2: Policing and Gender in *Gender and Security Toolkit* (Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women, 2019).

২৬ Toolkit Tool 2: Policing and Gender in Gender and Security Toolkit (Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women, 2019).




MINUSTAH/Marco Dormino (হাইতি) এর ছবি সৌজন্যে

আঘাতপ্রাপ্ত ব্যক্তির আবেগ, স্মৃতি এবং চিত্রের প্রকাশ অত্যাবশ্যক পরিষেবা প্রদানকারীদের মধ্যে প্রতিক্রিয়া তৈরি করতে পারে যা মানসিক আঘাত পরবর্তী (পোস্ট-ট্রমাটিক) স্ট্রেস ডিসঅর্ডারের ('PTSD') অনুরূপ।[২৭]

পুলিশের জন্য মারাত্মক মানসিক আঘাতের উচ্চ মাত্রার প্রকাশ প্রকৃতপক্ষে একটি বাস্তবতা যা পুলিশ সংস্থাগুলির মধ্যে আরও মনোযোগ দাবী করে। VAWG-এর ক্ষেত্রে উপস্থিত থাকার প্রতিক্রিয়া হিসাবে পুলিশ প্রায়শই যে তীব্র এবং চ্যালেঞ্জিং আবেগগুলি অনুভব করে বলে রিপোর্ট করে সেগুলিকে চিনতে এবং পরিচালনা করার জন্য আত্ম-সচেতনতাকে ভিত্তি করে এমন দক্ষতার উন্নয়ন করা একটি সঠিক পদক্ষেপ। চাপ (স্ট্রেস) ব্যবস্থাপনা এবং কর্মকর্তাদের সুস্থতার প্রতি বিশেষ মনোযোগ দেয় এমন নীতি এবং সংশ্লিষ্ট নির্দেশাবলী মানসিক আঘাতজনিত (ট্রমাজনিত) অভিজ্ঞতার বিষয়ে একজন পুলিশ কর্মকর্তার সহানুভূতির বোধকে শক্তিশালী করতে পারে, যার ফলে সেই কর্মকর্তাকে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদেরকে আরও ভালভাবে প্রতিক্রিয়া জানাতে সক্ষম করতে পারে।

২৭ See Chapter 12: 'Trauma and self-care in the Manual on Human Rights Monitoring' (OHCHR, 2011).

মেক্সিকোতে ' দুর্বল গোষ্ঠীর জন্য সুরক্ষা জোরদারকরণ' কর্মসূচির উপর ২০১৯ সালের একটি স্বাধীন মূল্যায়ন (বক্স -৪ এ বর্ণিত) উল্লেখ করেছে যে পুলিশ স্টেকহোল্ডাররা জ্ঞান সংক্রান্ত দক্ষতা এবং চাপ (স্ট্রেস) ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ সামগ্রীগুলিকে তাদের ব্যবহারের জন্য খুবই প্রাসঙ্গিক বলে মনে করে।[২৮] অন্য কথায়, মেক্সিকান পুলিশ যাদের সাথে পরামর্শ করা হয়েছিল তারা জ্ঞান সংক্রান্ত দক্ষতা এবং চাপ (স্ট্রেস) ব্যবস্থাপনাকে VAWG এবং অন্যান্য লিঙ্গ-ভিত্তিক অপরাধের জন্য আরও কার্যকর পুলিশ প্রতি-ক্রিয়ার সাথে সংযুক্ত করার ক্ষেত্রে অতিরিক্ত মূল্য হিসেবে দেখেছে।

## জবাবদিহিতা ব্যবস্থা ছাড়া নীতিগুলি রূপান্তরমূলক নয়

**জনগণকে সেবা ও সুরক্ষা দেওয়া পুলিশ সংস্থা যা সাধারণ জনগণের দৃষ্টিতে বৈধ বলে বিবেচিত হয়, অবশ্যয় জবা-বদিহিতার নীতি মেনে চলে যার মধ্যে অভ্যন্তরীণ এবং বাহ্যিক নিয়ন্ত্রণ এবং ভারসাম্যের ব্যবস্থা রয়েছে যার**

২৮ Evaluación independiente de proyecto/evaluación en profundidad de: 'Fortalecimiento para la Seguridad de Grupos en situación de vulnerabilidad' CÓDIGO: MEXZ93-2018-005 México, abril 2019.

**বক্স-৪**

**ইউএনওডিসি লিঙ্গ-ভিত্তিক সহিংসতা দূর করতে মেক্সিকোর সাথে বাহিনীতে যোগ দিয়েছে**




২০১৭ সালে ইউএনওডিসি মেক্সিকোর সাথে বাহিনীতে যোগ দিয়েছে এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতা মোকাবেলা করার লক্ষ্যে ‹অসুস্থ গোষ্ঠীর জন্য নিরাপত্তা জোরদার› শিরোনামের একটি কর্মসূচির প্রতিষ্ঠা করেছিল।

মেক্সিকোতে ইউএনওডিসি অফিস এবং দেশের জাতীয় নিরাপত্তা কমিশন দ্বারা বাস্তবায়িত, এই কর্মসূচির লক্ষ্য ছিল ১৯টি ফেডারেল রাজ্যে ৮০০০ পুলিশ অফিসার এবং ১০০০ জরুরী কল অপারেটরকে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার শিকার ব্যক্তিদের সনাক্তকরণ এবং সহায়তা প্রদানের জন্য প্রশিক্ষণ দেওয়া।

ইউএনওডিসি উচ্চ মাত্রার সহিংসতার মুখোমুখি হওয়া বেসামরিক কর্মচারীদের জন্য চাপ (স্ট্রেস) ব্যবস্থাপনা এবং জ্ঞান সংক্রান্ত ক্ষমতা সম্পর্কিত একটি ম্যানুয়াল তৈরি করেছে। একইভাবে, অন্যান্য তথ্যমূলক উপকরণসমূহ, যেমন বুকলেট, ভিডিও এবং পোস্টারগুলি, প্রশিক্ষণের সরঞ্জাম হিসাবে তৈরি করা হয়েছিল আরও ভাল শিক্ষণের অভিজ্ঞতার জন্য।

প্রশিক্ষণের সাথে যুক্ত, তথ্যমূলক উপকরণ অংশগ্রহণকারীদের মেক্সিকোতে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা সনাক্ত করতে এবং মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দক্ষতাকে সর্বোত্তম ভাবে ব্যবহার করতে সক্ষম করেছে।

সূত্র: UNODC joins forces with Mexico to eliminate gender-based violence.

**লক্ষ্য হল এটা নিশ্চিত করা যে পুলিশের কাছে সে সেবা প্রত্যাশা করা হয় তা নির্দিষ্ট মানদণ্ড মেনে প্রদান করা এবং সম্পাদন করতে না পারলে তার জন্য দায়ী থাকা।**[২৯]

এই বিষয়ে, ইউএনওডিসি[৩০] চারটি অংশে কার্যকর জবাবদিহিতাতে সংক্ষেপে ব্যাখ্যা করেছে:

১. পুলিশকে কী করতে হবে এবং কীভাবে করতে হবে (কাজ করার আগে);

২. পুলিশের তত্বাবধান এবং জবাবদিহিতার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা (কাজের সময়);

৩. অনুপযুক্ত পুলিশ কর্মের সংশোধন এবং বাদ দেওয়া (কাজের পরে);

৪. মতামত প্রদান এবং যা শেখা হয়েছে তার প্রতিফলিত করার সুযোগ (কাজের পরে)।

**এই জবাবদিহিতার ব্যবস্থাগুলি পুলিশ আচরণ এবং সততা কাঠামোর ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য। এর মধ্যে রয়েছে নীতি ও সংশ্লিষ্ট নির্দেশাবলী যা লিঙ্গ সমতাকে উন্নীত করে এবং বৈষম্যমূলক প্রকৃতির অনুপযুক্ত আচরণকে শাস্তি দেয়।**

**বিশেষ করে, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের দিকে রূপান্তরের জন্য সকল পুলিশ কর্মীদের বৈষম্য, হয়রানি, উৎপীড়ন বা নির্যাতনের সাথে জড়িত যে কোনো শৃঙ্খলা সংক্রান্ত বিষয়ে সিদ্ধান্তমূলকভাবে কাজ করতে হবে।**[৩১] DCAF সতর্ক করে যে কৌতুক, দুষ্টুমি, মানহানিকর ভাষা, নেতিবাচক আচার বা অন্যান্য অভ্যাসগুলিকে ছোট বা তুচ্ছ বলে মনে করা এমন একটি সংস্কৃতি তৈরি করতে পারে যেখানে বৈষম্য এবং বর্জন সহ্য করা হয়।[৩২]

রাষ্ট্রগুলিকে গাইড করার জন্য, আপডেট করা মডেল কৌশলগুলিতে (২০১০)[৩৩] তাদের পুলিশ সংস্থাগুলির জন্য অভ্যন্তরীণ দায়বদ্ধতার ব্যবস্থাগুলির জন্য সুপারিশ প্রদান করেছে:

- VAWG প্রতিক্রিয়াতে জড়িত পুলিশ কর্মকর্তাদের কাছ থেকে সুস্পষ্ট এবং অন্তর্নিহিত পক্ষপাতগুলি এড়াতে এবং এড়ানোর জন্য অনুশীলন এবং আচরণ এবং/অথবা আচরণবিধির প্রয়োগযোগ্য মানদণ্ডগুলি প্রস্তুত করুন;
- অনুশীলন এবং আচরণ এবং আচরণবিধির এই জাতীয় মানগুলির বাস্তবায়ন পর্যবেক্ষণ করুন;
- প্রতিষ্ঠিত তত্বাবধান এবং জবাবদিহিতা পদ্ধতির মাধ্যমে অনুশীলনের এই ধরনের মানদণ্ড এবং আচরণ এবং আচরণবিধি লঙ্ঘনের জন্য কর্মকর্তাদের দায়বদ্ধ রাখুন।

২৯ Handbook on Police Accountability, Oversight and Integrity (UNODC, 2011), see: https://www.unodc.org/documents/justice-and-prison-reform/crimeprevention/PoliceAccountability_Oversight_and_Integrity_10-57991_Ebook.pdf

৩০ Ibid.

৩১ Ibid

৩২ Toolkit Tool 2: *Policing and Gender* (2019) in Gender and Security Toolkit. Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women.

৩৩ হালনাগাদ মডেল কৌশল এবং অপরাধ প্রতিরোধ এবং অপরাধমূলক বিচারের ক্ষেত্রে নারীর বিরুদ্ধে সহিংসতা নির্মূলে ব্যবহারিক ব্যবস্থা (২০১১, সাধারণ পরিষদের রেজুলেশন ৬৫/২২৮, অ্যানেক্স)

অন্যান্য দরকারী ব্যবস্থা যা এই তালিকায় অন্তর্ভুক্ত করা যেতে পারে:

- VAWG-তে মধ্যস্থতা এবং অন্যান্য প্রতিকারমূলক ন্যায়বিচার প্রয়োগের জন্য সুস্পষ্ট নির্দেশিকাগুলির বিকাশ এবং প্রয়োগ করা এই হ্যান্ডবুকে বর্ণিত আন্তর্জাতিক মান এবং জাতিসংঘের সংস্থাগুলির সুপারিশগুলির সাথে সঙ্গতিপূর্ণ;

- কিভাবে তাদের দলের মধ্যে ক্ষতিকারক পক্ষপাতিত্ব চিহ্নিত করতে হবে এবং তা সমাধান করতে হবে সে সম্পর্কে সকল তত্ত্বাবধায়কদের প্রশিক্ষণ প্রদান করুন। সুস্পষ্ট এবং স্বেচ্ছাসেবী পক্ষপাতের দৃষ্টান্তগুলিকে শৃঙ্খলাবদ্ধ করা উচিত, এবং পুনরাবৃত্তি এড়াতে অন্তর্নিহিত পক্ষপাতের উদাহরণগুলি কর্মকর্তাদের সাথে আলোচনা করা উচিত।[৩৪]

এই পদক্ষেপগুলি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এবং সাধারণভাবে পুলিশের আধুনিকীকরণের জন্য প্রয়োজনীয় পুলিশি সততাকে শক্তিশালী করছে।

পুলিশের জন্য জবাবদিহিমূলক ব্যবস্থা সম্পর্কে আরও তথ্যের জন্য, এই হ্যান্ডবুকটি OSCE এবং অফিস ফর ডেমোক্রেটিক ইনস্টিটিউশনস অ্যান্ড হিউম্যান রাইটস (ODHIR) এর সাথে অংশীদারিত্বে DCAF দ্বারা প্রস্তুতকৃত নিম্নলিখিত সরঞ্জামগুলির সুপারিশ করেছে:

- অভ্যন্তরীণ পুলিশ তদারকিতে লিঙ্গ সংযুক্তি (২০১৪);[৩৫]

- সশস্ত্র বাহিনীর অভ্যন্তরীণ তত্ত্বাবধানে লিঙ্গ দৃষ্টিভঙ্গি সংহত করা (২০১৪)[৩৬]





৩৪Global Network of Women Peacebuilders https://gnwp.org/
৩৫Bastick, M., Integrating Gender into Internal Police Oversight (DCAF, OSCE, OSCE/ODIHR, 2014).
৩৬Ibid.

## দুর্নীতি এবং লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর উপর এর প্রভাব

পুলিশের ন্যায়পরায়নতার জন্য আচরণবিধি প্রচারের ব্যবস্থাগুলির অনুরূপ, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য মান নিয়ন্ত্রণের ব্যবস্থাগুলি দুর্নীতির জন্য ঝুঁকিপূর্ণ। গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন পিস বিল্ডারস (জিএনডব্লিউপি)এর তথ্য অনুসারে, দুর্নীতি নারীর মানবাধিকারসহ মানবাধিকারের উপর প্রমানিত নেতিবাচক প্রভাব ফেলে। দুর্নীতি একটি নিরাপত্তা উদ্বেগও বটে, কারণ এটি সংঘাতের সূত্রপাত করতে পারে এবং বিদ্যমান নিরাপত্তাহীনতাকে বাড়িয়ে তুলতে পারে, বিশেষ করে নারী ও মেয়েদেরসহ সামাজিক বৈষম্যের কারণে দুর্বল বলে বিবেচিত গোষ্ঠীগুলির জন্য।[৩৭]

গুরুত্বপূর্ণভাবে, দুর্নীতি পুলিশ তদন্তসহ সিদ্ধান্ত গ্রহণে অর্থপূর্ণভাবে অংশগ্রহণের ক্ষেত্রে নারী ও মেয়েদের ক্ষমতাকে সীমাবদ্ধ করে। এটি একটি বাধা হিসাবে কাজ করে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের VAWG অপরাধের প্রতিবেদন দাখিল করতে বাধা দেয়, বিশেষ করে যদি অপরাধী একজন প্রভাবশালী ব্যক্তিত্ব, পুলিশ অফিসার বা নিরাপত্তা বাহিনীর সদস্য হয়। এছাড়াও দুর্নীতি সাক্ষীদের তাদের পরিচয় প্রকাশের ভয়ে এগিয়ে আসতে বাধা দেয় এবং সাক্ষীরা এবং/অথবা তাদের পরিবার দুর্নীতিবাজ কর্মকর্তাদের লক্ষ্যবস্তুতে পরিণত হয়। সমানভাবে, দুর্নীতি উদ্বাস্তুদের মধ্যে অথবা শরণার্থী বা আশ্রয়কেন্দ্রে থাকা সহিংসতার শিকার/বেঁচে থাকা অথবা ব্যক্তিদের এবং সেইসাথে সাক্ষী সুরক্ষা প্রকল্পে থাকা ব্যক্তিদের পরিচয় প্রকাশ করে ।

গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন পিসবিল্ডার্স (‹GNWP›) যৌন লিঙ্গ-ভিত্তিক সহিংসতার (‘SGBV’) শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিষেবার জন্য পুলিশ এবং চিকিৎসা কর্মীদের অর্থ প্রদানের দাবির বেশ কয়েকটি ঘটনা নথিভুক্ত করেছে, যদিও তাদের বিনামূল্যে সেবা প্রদান করা উচিত। অন্যান্য ক্ষেত্রে, যখন SGBV সম্প্রদায়ের একজন অত্যন্ত প্রভাবশালী ব্যক্তি দ্বারা সংঘটিত হয়, তখন পুলিশ এটিকে উপেক্ষা করেছে যার ফলে অভিযুক্ত অপরাধীকে তাদের অবস্থানের কারণে বিচার করা হয়নি। এই ধরনের ক্ষেত্রে যেখানে পুলিশ শক্তিশালী অবস্থানে থাকা ব্যক্তিদের দ্বারা প্রভাবিত হয়, পুলিশ এবং বিচার বিভাগের মানসিকতা প্রায়শই নারীদের প্রতি বিদ্বেষপূর্ণ বা অবিশ্বাসী হয়।[৩৮]

GNWP উল্লেখ করেছে যে সাধারণভাবে নিরাপত্তা বাহিনীতে দুর্নীতির বিস্তৃত আধিক্য থাকা সত্ত্বেও, নারীরা, বিশেষ করে নারী নেতৃত্বাধীন সুশীল সমাজ, দুর্নীতি প্রতিরোধ ও মোকাবেলায় প্রধান ভূমিকা পালন করতে পারে।

৩৭গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন পিস বিল্ডার https://gnwp.org/
৩৮গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন পিস বিল্ডার https://gnwp.org/

যদিও দুর্নীতি মোকাবেলা করা এই হ্যান্ডবুকের আওতার মধ্যে নয়, তবুও DCAF এর *পুলিশের ন্যায়-পরায়নতার উপর টুলকিট'* (২০১৯)[৩৯] বিশেষভাবে পুলিশি দুর্নীতির উপর আলোকপাত করে সুপারিশ প্রদান করেছে এবং দায়িত্বশীল পুলিশ এবং রাজনৈতিক সিদ্ধান্ত গ্রহণ-




কারীদের পর্যাপ্ত প্রতিক্রিয়ার বিষয়ে নির্দেশনা দিয়েছে যখন পুলিশি দুর্নীতি তাদের দায়িত্বের ক্ষেত্রে দেখা যায়।

# কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলা

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য একটি গতিশীল এবং সামগ্রিক পদ্ধতির প্রয়োজন এবং এর মধ্যে শিক্ষা, স্বাস্থ্য, জাতীয় নিরাপত্তা এবং বিচারের ব্যবস্থা থেকে মতামত গ্রহন অন্তর্ভুক্ত থাকা উচিত। ভিএডব্লিউজি প্রতিরোধ করা এবং মৌলিক মানবাধিকারের নিয়ম ও মানদণ্ডের প্রতি তাদের বাধ্যবাধকতার প্রতিফলন করে এমনভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির চাহিদা পূরণ করার মাধ্যমে অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানকারী বা দায়িত্ব বাহক হিসাবে তাদের সহযোগিতামূলকভাবে কাজ করতে হবে।[৪০] এই বাধ্যবাধকতার মধ্যে, পুলিশ, অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের মতো, তাদের নির্দিষ্ট দক্ষতা এবং ভাগ করে নেওয়া দায়িত্ব রয়েছে যেগুলি যখন তারা একত্রিত হয় তখন VAWG-এর প্রতি একটি সামগ্রিক প্রতিক্রিয়া তৈরি করে।

ভিএডব্লিউজি (VAWG)-এর প্রতি এই সামগ্রিক প্রতিক্রিয়ার কার্যকারিতা নির্ভর করে কতটা ভালভাবে এই দায়িত্ব বাহকরা তাদের নির্দিষ্ট দক্ষতার সমন্বয় করতে পারে তার উপর যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সর্বোত্তম ফলাফল প্রদান করা যায় এবং যারা সহিংসতা ও অপরাধ করে তাদের জবাবদিহির আওতায় আনা যায়। সহিংসতার শিকার নারী এবং মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ: মূল উপাদান এবং গুণমান নির্দেশিকাগুলি অধিকার-ভিত্তিক নীতি এবং সাধারণ বৈশিষ্ট্যগুলি থেকে অনুপ্রাণিত দায়িত্ব পালনকারীদের জন্য যৌথ সমন্বয় এবং হস্তক্ষেপের জন্য একটি কাঠামো প্রদান করেছে। এই সামগ্রিক প্রতিক্রিয়া সম্পর্কে পুলিশের নির্দিষ্ট ভূমিকা এই হ্যান্ডবুকের ২ থেকে ৯ অধ্যায় জুড়ে আরও বিশদে আলোচনা করা হয়েছে।

**অধ্যায়-৮: 'বিচারিক সংস্থাগুলির মধ্যে সমন্বয়' এ মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারী এবং অধিকারধারীদের স্বার্থের প্রতিনিধিত্বকারী মূল স্টেকহো-ল্ডারদের সাথে অংশীদারিত্বের জন্য একটি সূচনা বিন্দু চিহ্নিত করার জন্য নির্দেশিকা প্রদান করা হয়েছে।**

VAWG-এর প্রতি সামগ্রিক প্রতিক্রিয়া ব্যাপক এবং অধি-কার-ভিত্তিক হওয়ার কারণে, কৌশলগত দ্বিপাক্ষিক অংশীদারিত্ব গড়ে তুলতে হবে এবং অধিকার ধারকদের স্বার্থের প্রতিনিধিত্বকারী মূল স্টেকহোল্ডারদের সাথে (এই ক্ষেত্রে, নারী এবং মেয়েরি) এই অংশীদারিত্ব বজায় রাখতে হবে।[৪১]

এই হ্যান্ডবুক জুড়ে যেমনটি উল্লেখ করা হয়েছে নারী এবং মেয়েরা বিভিন্ন এবং পরস্পর বিরোধী উপায়ে সহিংসতা এবং অপরাধের অভিজ্ঞতা অর্জন করে। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে আন্তসামা-জিক (ইন্টারসেকশনাল) হতে হবে, যার অর্থ এটি জাতি, শ্রেণী, বর্ণ, লিঙ্গ, জাতি, জাতি, যৌনতা, অক্ষমতাসহ [তবে সীমাবদ্ধ নয়] বেশ কয়েকটি যুগপত নিপীড়নকারী কারণগুলির আলোকে নারী এবং মেয়েদের অভিজ্ঞতা বোঝার চেষ্টা করে।[৪২] যে পদ্ধতিতে একটি পুলিশ সংস্থা অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারী এবং মূল স্টেকহোল্ডারদের সাথে তার কৌশলগত অংশীদারিত্ব তৈরি করে তাতে এই আন্তসামাজিক (ইন্টারসেকশনাল) পদ্ধতির প্রতিফলন ঘটাতে হবে VAWG-এর প্রকৃতি, এর কারণ ও পরিণতি কীভাবে নারী **ও মেয়েদের প্রভাবিত করে তা বকের জন্য ।**

**তাছাড়া, যেহেতু VAWG-এর প্রতি কার্যকরীভাবে এবং পর্যাপ্তভাবে সাড়া দেওয়ার জন্য পুলিশের জাতীয় এবং আন্তর্জাতিক বাধ্যবাধকতা রয়েছে, তাই স্টেকহোল্ডারদের কাছে পৌঁছানোর ব্যবস্থা স্থাপন এবং শুরু করা তাদের উপর নির্ভর করে, বিশেষ করে যারা দুর্বলতার অবস্থানে রয়েছে এবং/অথবা যাদের অনেক ক্ষেত্রে পুলিশের উপর আস্থা নেই।** এইভাবে, স্টেকহোল্ডারদের কাছে পৌঁছানো উর্ধ্বতন স্তর থেকে শুরু করা দরকার যা পুলিশ নেতৃত্বের সাথে সম্পর্কিত মান নিয়ন্ত্রণ ব্যবস্থাসহ যৌথ প্রতিশ্রুতি বাস্তবায়নের লক্ষ্য এবং রোডম্যাপ স্থাপনে সহায়তা করবে। এটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য প্রয়োজনীয় অংশীদারিত্ব তৈরি এবং বজায় রাখার জন্য মধ্যম স্তরের পরিচালকদের পথ প্রশস্ত করবে।

নীচে অংশীদারিত্ব স্থাপনের উদ্দেশ্যগুলির উদাহরণের একটি তালিকা প্রদান করা হয়েছে যেগুলি পুলিশ নির্বাহী / সিনিয়র নেতৃত্ব দ্বারা অর্জিত হলে মধ্যম স্তরের ব্যবস্থাপক এবং তাদের দলগুলিকে VAWG-এ আরও কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে সক্ষম করবে:

৩৯'পুলিশের সততার ওপর টুলকিট' (জেনেভা সেন্টার ফর সিকিউরিটি সেক্টর গভর্নেন্স, 2019)

৪০ মানবাধিকারের প্রতি শ্রদ্ধা, সুরক্ষা এবং পরিপূর্ণ করার প্রাথমিক দায়িত্ব রাষ্ট্রের।

৪১ অধিকারের অধিকারী সকলেই মানুষ।

৪২ নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা বোঝার ক্ষেত্রে **ইন্টারসেক্সচুয়া-লিটির** মূল্য (VAWG) (ইমকান, ইউএন উইমেন এবং ইউরোপীয় ইউনিয়ন, জুলাই ২০১৯)।

**অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে কৌশলগত অংশীদারিত্ব**

- ন্যায়বিচারের ধারাবাহিক অংশীদারদের সাথে কৌশলগত উপাত্ত/ তথ্য শেয়ারিং প্রোটোকল;
- অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে কৌশলগত তথ্য শেয়ারিং প্রোটোকল;
- ক্ষতিগ্রস্থদের যথাযথভাবে চিকিৎসা করা হচ্ছে তা নিশ্চিত করার জন্য কর্মী এবং সুযোগ-সুবিধা সহ একত্রিত সংস্থান। এর মধ্যে রয়েছে নিরাপদ বাসার প্রাপ্যতা, প্রবেশিধাকার (অ্যাক্সেসযোগ্যতা) এবং গুণমান বৃদ্ধি;
- তদন্ত প্রক্রিয়ার যৌথ তদারকি চলছে এবং জবাবদিহিমূলক। এর মধ্যে যৌথ তথ্য শেয়ারিং (ডি-ব্রিফিং) এবং শিক্ষণ অন্তর্ভুক্ত করা উচিত;
- যৌথ অভিযোগের প্রক্রিয়া যা মজবুত, অ্যাক্সেসযোগ্য এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক;
- অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাসহ সমস্ত বিচার সংস্থার অংশীদারদের মধ্যে কৌশলগত স্তরের যোগাযোগ।

## মূল স্টেকহোল্ডারদের সাথে কৌশলগত অংশীদারিত্ব

- সম্প্রদায় এবং পুলিশ সংস্থার মধ্যে যোগসূত্র জোরদার করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পক্ষের অধিপরামর্শকদের (অ্যাডভোকেটদের) সাথে সম্পর্ক। অধিপরামর্শকরা (অ্যাডভোকেটরা) পুলিশ কর্মকর্তাদের কাজের পরিপূরক প্রতিক্রিয়া জানায় এবং প্রশিক্ষণ প্রদান করে।[৪৩] পুলিশকে মানবাধিকার এবং নারী অধিকার সমর্থকদের সাথে অংশীদারিত্ব গড়ে তোলাকে একটি সুযোগ দেখতে হবে যাতে সম্প্রদায়ের সাথে তাদের বিশ্বাসযোগ্যতা শক্তিশালী হয়;
- একাডেমিক প্রতিষ্ঠান, চিন্তক (থিঙ্ক ট্যাঙ্ক) এবং অন্যান্য জ্ঞান-ভিত্তিক সংস্থাগুলির সাথে কাজের অংশীদারিত্ব গড়ে তোলা VAWG-এর সাধারণ বোঝাপড়া, এর কারণ ও পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে জানানোর ক্ষেত্রে এবং শক্তিশালী করার জন্য উপকারী হতে পারে। এর মধ্যে জ্ঞান-ভিত্তিক সংস্থাগুলির সাথে পুলিশ সংস্থাগুলি এমওইউ প্রতিষ্ঠা অন্তর্ভুক্ত থাকতে পারে যা পুলিশকে SALW এর বিস্তার, কোভিড-১৯ এর মতো অতিমারি জনিত জনস্বাস্থ্য সংকটের সময় VAWG-এর অপরাধীদের ও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আচরণ এবং তাদের মধ্যে সম্ভাব্য আন্তঃসম্পর্কসহ পুলিশ কর্মকর্তাদের মারাত্মক মানসিক আঘাত (ট্রমা) সম্পর্কে প্রাসঙ্গিক তথ্য সরবরাহ করতে পারে। পুলিশ নীতি, কৌশল এবং কর্ম পর্যবেক্ষণ এবং মূল্যায়ন করার সময় এই ধরনের জ্ঞান-ভিত্তিক সংস্থাগুলি গুরুত্বপূর্ণ বহিরাগত অংশীদার হতে পারে;
- সমন্বিত অত্যাবশ্যকীয় পরিষেবার প্রতিক্রিয়ার জন্য কমিউনিটি লিয়াজোন কর্মকর্তার পদ সৃষ্টি করা যারা অংশীদারিত্ব স্থাপনে এবং আন্তঃব্যক্তিক যোগাযোগে ব্যতিক্রমী দক্ষতা প্রদর্শন করতে পারে;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের পরিবারের সাথে কার্যকর যোগাযোগের দায়িত্ব পালনের জন্য পারিবারিক সমঝোতার সাথে যুক্ত উপযুক্ত প্রশিক্ষিত তদন্ত মামলা ব্যবস্থাপক।

৪৩ ভিএডব্লিউজি এর সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক প্রদ্ধতি নিশ্চিত করতে সমস্ত মৌলিক এবং বিশেষজ্ঞ তদন্ত প্রশিক্ষণ প্রক্রিয়ার মধ্যে প্রশিক্ষণ অন্তর্ভুক্ত রয়েছে।

## জেন্ডার- সংবেদনশীল পুলিশিংয়ের দিকে প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশাগত উন্নয়ন

জেন্ডার-সংবেদনশীল পুলিশিং হল এমন জ্ঞান, দক্ষতা এবং মনোভাব প্রয়োগ করা যা সমাজে ও ব্যক্তিগত জীবনের সকল ক্ষেত্রে ঘটে যাওয়া লিঙ্গ-ভিত্তিক বর্জন এবং বৈষম্যের সামাজিক ও সাংস্কৃতিক চালকদের বোঝে এবং বিবেচনা করে। তারা একসাথে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতা গঠন করে। লিঙ্গ-সংবেদনশীল দক্ষতাগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে কার্যকরভাবে জড়িত হওয়ার জন্য এবং বিভিন্ন স্টেকহোল্ডারদের সাথে কাজের সম্পর্ক গড়ে তোলার চাবিকাঠি যারা সরবরাহকৃত প্রয়োজনীয় পরিষেবাগুলিকে প্রভাবিত করতে পারে।

পুলিশ প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশাগত উন্নয়ন কর্মসূচীতে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতা স্থাপন এবং/অথবা শক্তিশালী করা আত্ম-প্রতিফলনের মাধ্যমে শুরু হয়। সহিংসতার প্রকৃতি, এর কারণ এবং পরিণতিগুলি কীভাবে নারী ও মেয়েদেরকে ভিন্ন এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে তা বোঝার থেকে আত্ম-প্রতিফলন করা দরকার। পুলিশের ঊর্ধ্বতন এবং নির্বাহী নেতৃত্বের সাথে সংযুক্ত এই সাধারণ বোঝাপড়া, সমস্ত মৌলিক এবং বিশেষজ্ঞ তদন্ত প্রশিক্ষণের পাশাপাশি ঊর্ধ্বতন কর্মকর্তা, শিক্ষা এবং পুলিশ বিজ্ঞান একাডেমির প্রকল্পসমূহেও (কর্মসূচি) অনুরূপভাবে প্রতিফলিত হওয়া উচিত।

**এই সাধারণ বোঝাপড়াকে প্রশিক্ষণ এবং পেশাদারিত্ব উন্নয়নের ভিত্তি হতে হলে এটিকে অবশ্যই অবিরত ভাবে জানাতে হবে।** সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি, দুর্বল গোষ্ঠী, সম্প্রদায় এবং বিশেষজ্ঞদের সাথে আলোচনা এবং সরাসরি

**বক্স-৫:**

**পুলিশ মালাউইতে প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য CSO-এর সাথে অংশীদারিত্ব করছে**[৪৪]

২০১৭ সালে, মালাউই পুলিশ, কেন্দ্রীয় অঞ্চল **ডিজেবলড উইমেন ইন আফ্রিকা** (আফ্রিকায় প্রতিবন্ধী নারী) ('DIWA') নামক একটি CSO এর সাথে একটি সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষর করেছে যাতে যে প্রক্রিয়ায় পুলিশ এবং আইনি ব্যবস্থার দ্বারা সহিংসতার শিকার প্রতিবন্ধী/বেঁচে থাকা ব্যক্তিদের জড়িত থাকা ভিএডব্লিউজি এর মামলাগুলিকে পরিচালিত হয় সেই প্রক্রিয়ার উন্নত করার যায়। এই সমঝোতা স্মারকের অধীনে, DIWA সহিংসতার ঘটনাগুলি প্রতিবেদন দাখিল (রিপোর্ট) করতে এবং পুলিশকে প্রশিক্ষণ দিতে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে পুলিশ প্রতিবন্ধী নারী ও মেয়েদেরকে জড়িত VAWG-এ আরও দ্রুত প্রতিক্রিয়া জানাতে প্রতিশ্রুতিবদ্ধ।

২০১৪ সালে DIWA পরিচালিত একটি বেসলাইন সমীক্ষার ফলস্বরূপ সমঝোতা স্মারকটি স্বাক্ষরিত হয়েছিল যা নিশ্চিত করে যে অনেক প্রতিবন্ধী নারী এবং মেয়েরা, যারা সহিংসতা এবং অপরাধের সম্মুখীন হয়েছে, বিভিন্ন মৌলিক কারণে, যেমন কোথায় রিপোর্ট করতে হবে তা না জানা, অনেক ঘটনার রিপোর্ট করা হয়নি।

*" DIWA দ্বারা প্রশিক্ষিত হওয়ার আগে, আমরা অক্ষমতার সমস্যাগুলির সাথে স্বাচ্ছন্দ্য বোধ করিনি: আমরা শুধুমাত্র শারীরিক অক্ষমতা সম্পর্কে জানতাম এবং মানসিক এবং/অথবা অদৃশ্য অক্ষমতাসহ কাউকে কীভাবে পরিচালনা করতে হয় তা জানতাম না। "*

জেন এমকানগালা, কমিউনিটি পুলিশিং এবং ভিকটিম সাপোর্ট ইউনিটের একজন পরিদর্শক, মালাউই পুলিশ।

সূত্র: আফ্রিকায় প্রতিবন্ধী নারী (DIWA)

**বক্স-৬:**

**ব্রিটিশ কলাম্বিয়া (BC), কানাডায় পুলিশ এবং সম্প্রদায়ের মধ্যে বিশ্বাস এবং সহযোগিতা তৈরি করা**[৪৫]

রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশ (আরসিএমপি) এর বিসি-তে একটি ন্যাশনাল অ্যাবোরিজিনাল পুলিশিং সার্ভিসেস (NAPS) বিভাগ রয়েছে যা তাদের স্বতন্ত্র চাহিদা পূরণ করে এমন উদ্ভাবনী পুলিশিং পদ্ধতির উন্নয়নের জন্য আদিবাসী গোষ্ঠীগুলির সাথে ঘনিষ্ঠভাবে কাজ করে।

স্থানীয় পর্যায়ে নারীদের সাথে এই সম্পর্ক স্থাপন, এই সম্পর্ককে লালন এবং সম্প্রসারণ পরিষেবার সচেতনতা বৃদ্ধি থেকে শুরু করে উপযোগী লিঙ্গ এবং সাংস্কৃতিক সংবেদনশীলতা প্রশিক্ষণ প্রদান, স্থানীয় রেফারেল এবং সহায়তা নেটওয়ার্কগুলির উন্নয়ন, ন্যায়বিচারের চাহিদাগুলির জন্য তাদের নির্দিষ্ট প্রবেশাধিকার (অ্যাক্সেস) সনাক্ত এবং মোকাবেলা করার সম্ভাবনা তৈরি করে। এবং লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়া এবং তদন্ত নিশ্চিত করা এবং এর মাধ্যমে এই সম্প্রদায় এবং পুলিশের মধ্যে নারী এবং পুরুষদের মধ্যে আস্থা ও বিশ্বাস মাত্রা বৃদ্ধি পায়।

উৎস: Serving Canada's Indigenous People' (Royal Canadian Mounted Police) at: https://www.rcmp-grc.gc.ca/en/indigenous-policing

মতামত (একাডেমিক বা অনুশীলনকারী উভয়ই এর কাছ থেকেই হতে পারে) গ্রহন অপরিহার্য পরিষেবা প্রদানে বিভিন্ন দৃষ্টিকোণ থেকে অবদান রাখতে পারে, যা পুলিশ প্রশিক্ষণের একটি কৌশল হতে পারে এবং শিক্ষা কার্যক্রমগুলি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং পরিচালনার প্রয়োজন মেটাতে প্রাসঙ্গিক হতে পারে।

উদাহরণ স্বরূপ বলা যায় যে লিঙ্গ-ভিত্তিক অপরাধ সংক্রান্ত আন্তঃসংস্থা কমিশন বা ওয়ার্কিং গ্রুপ বা টাস্কফোর্স হল দুর্বলতা শনাক্তকরণ এবং শিক্ষাণের পাশাপাশি শেয়ার করার জন্য ভালো অনুশীলনগুলি চিহ্নিত করার তথ্যের বড় উৎস।

৪৪ 'DIWA প্রতিবন্ধী নারী ও মেয়েদের প্রতি সহিংসতা রোধ করে', see: http://www.diwaafrica.org/ and 'Promoting a safer, Gender-Based Violence free environment for women and girls with disabilities' in Lilongwe, Malawi. Disabled Women in Africa (DIWA)।

৪৫ *'Enhancing Access to Justice for Women Living in Rural and Remote Areas of British Columbia: Reviewing Practices from Canada and Abroad to Improve Our Response*' (The International Centre for Criminal Law Reform and Criminal Justice Policy, 2017). (ICCLR) থেকে অনুপ্রাণিত।

**"কার্যকর যৌন নিপীড়নের তদন্তের জন্য নিরপেক্ষ, দক্ষ, সহানুভূতিশীল, সু-প্রশিক্ষিত এবং অভিজ্ঞ তদন্তকারীদের প্রয়োজন, যারা অপরাধের সমস্ত বিবরণ সাবধানে নথিভুক্ত করবে এবং সঠিকভাবে সমস্ত উপলব্ধ প্রমাণ সংগ্রহ করবে।"**

ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ চিফস অফ পুলিশ (২০০৫)

প্রাসঙ্গিক পুলিশ প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশাদারিত্ব উন্নয়ন প্রক্রিয়া বজায় রাখার আরেকটি উপায় হল পুলিশ নেতৃত্বের জন্য বিনিয়োগ করা এবং অভ্যন্তরীণ শিক্ষা কার্যক্রমগুলিকে বর্তমান সরঞ্জামগুলি পর্যালোচনা ও মূল্যায়ন করতে উৎসাহিত করা এবং VAWG-এর ক্ষেত্রে প্রতিক্রিয়া জানানোর সময় এই পদ্ধতিগুলি প্রয়োগ করা। VAWG হস্তক্ষেপের টুলসের (সরঞ্জামগুলির) ব্যবহারযোগ্যতা এবং বাস্তবতা, যেমন IPV ঝুঁকি মূল্যায়ন ফর্ম বা মামলা ব্যবস্থাপনা প্রক্রিয়া, এই শিক্ষা চক্রগুলিতে বিনিয়োগ করে উল্লেখযোগ্যভাবে উপকৃত হতে পারে, কারণ তারা প্রতিক্রিয়া জানানো কর্মকর্তা এবং তাদের দলের ব্যবস্থাপকদের মতামত বা প্রতিক্রিয়া প্রদানের জন্য একটি সূচনা বিন্দু হতে পারে। ক্ষতিগ্রস্ত উভয় স্টেকহোল্ডারদের কাছ থেকে শিক্ষণের জন্য মতামত নিশ্চিত করা এবং পুলিশের সাড়া দেওয়া একে অপরের পরিপূরক হবে এবং পারস্পরিকভাবে শক্তিশালী করবে।

শিক্ষণের অন্যান্য উৎস যা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর দিকে রূপান্তর প্রক্রিয়াকে চালিত করবে তা হল অভ্যন্তরীণ এবং বাহ্যিক অভিযোগ প্রক্রিয়া বা তদারকি সংস্থা যেমন জাতীয় মানবাধিকার প্রতিষ্ঠান। প্রায়শই, তত্ত্বাবধানকারী সংস্থাগুলি, যেমন জাতীয় মানবাধিকার সংস্থাগুলি, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশাদারিত্ব উন্নয়নে সহায়তা করতে পারে এমন অংশীদারদের সনাক্ত করতে সহায়তা করতে পারে।



ছবি ফোর্স ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) এর সৌজন্যে

শিক্ষণের চক্রের কার্যকারিতা ট্র্যাক বা নিরীক্ষণ করা সমানভাবে গুরুত্বপূর্ণ। এই ধরনের শিক্ষণের চক্রের কার্যকারিতা নিরীক্ষণ করা যেতে পারে এমন একটি উপায় হল পুলিশ প্রশিক্ষণে অন্তর্ভুক্ত সুপারিশের সংখ্যা/শতকরা হার যা ঝুঁকি মূল্যায়ন[৪৬] এবং প্রথম সাড়া জানানো পুলিশ এবং/অথবা প্রাথমিক যোগাযোগের সময় ব্যবহার করা নিরাপত্তা পরিকল্পনা সরঞ্জাম পর্যালোচনা থেকে উদ্ভূত হয়।

## রূপান্তর প্রক্রিয়াকে চালিত করে এই ধরণের আচরণের বিরুদ্ধে সহনশীলতা প্রতিস্থাপন (বিল্ডিং ইন রেজিলিয়েন্স অব দ্য বিহেভিয়ার্স ড্রাইভিং দ্য ট্রান্সফর্মেশন)

যেহেতু আত্ম-প্রতিফলন হল রূপান্তর প্রক্রিয়ার সূচনা, তাই অন্তর্নিহিত সামাজিক সমস্যাগুলিকে মোকাবেলা করার জন্য উন্মুক্ত সংলাপের প্রয়োজন। একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থার দিকে রূপান্তরিত করার জন্য, প্রাতিষ্ঠানিক পুলিশ সংস্কৃতিতে ক্ষতিকারক পক্ষপাতের বিষয়ে মুক্ত ও স্বচ্ছ আলোচনা প্রয়োজন। এই ধরনের ক্ষেত্রে, মুখোমুখি প্রশিক্ষণ এবং শিক্ষণ আদর্শ, যেমন জরিপকৃত পুলিশ সংস্থাগুলি দ্বারা উল্লেখ করা হয়েছে যারা VAWG-এর বিভিন্ন ধরণের উপর প্রশিক্ষণ পেয়েছে।[৪৭] রূপান্তরমূলক শিক্ষার জন্য, UNPOL, উদাহরণস্বরূপ, এমন কিছু কার্যকলাপের সুপারিশ করেছে যা সৃজনশীল এবং বিশ্লেষণাত্মক চিন্তাভাবনাকে উৎসাহিত করে এবং ব্যবহারিক পরিস্থিতি অংশগ্রহণকারীর শিক্ষাকে উদ্দীপিত করে।[৪৮]

একটি অবগত আলোচনা নিশ্চিত করার জন্য, প্রশিক্ষণ মডিউলগুলিকে সহজতর করতে এবং ডিজাইন করতে সহায়তা করার জন্য পুলিশের মূল স্টেকহোল্ডারদের অন্তর্ভুক্ত করা উচিত এবং শিক্ষা পাঠ্যক্রমের উপর মতামত গ্রহণ করা উচিত যাতে সকল

৪৬ আইপিভি ঝুঁকি মূল্যায়ন টুলসগুলিকে (সরঞ্জামগুলিকে) বৈধ করার জন্য নেওয়া সাধারণ পদ্ধতির মধ্যে সাধারণত পরিসংখ্যানগত পদ্ধতির ব্যবহার হয়ে থাকে যা এই সম্ভাবনার মূল্যায়ন করে যে এই টুলসটি (সরঞ্জামটি) সেই সমস্ত অপরাধীদের জন্য যারা প্রকৃতপক্ষে অন্য অপরাধীরা যারা পুনরায় অপরাধ সংগঠিত করতে না চায় তাদের সাথে তুলনা করে আরও অপরাধ করে তাদের জন্য পুনরায় অপরাধ বা প্রতিশোধের উচ্চতর পূর্বাভাস বা সম্ভাবনা তৈরি করবে। See Dowling, C., Morgan, A., Boyd, C., Voce, I., 'Police Domestic Violence: A Review of the Evidence', Australian Institute of Criminology, Research Report 13 (2018)।

৪৭ নটিংহ্যামশায়ার পুলিশের কেস স্টাডি দেখুন, 'বিদ্বেষী অপরাধ হিসাবে মহিলাদের প্রতি সহিংস আচরণ করা' অধ্যায় ৯: 'যোগাযোগ' VAWG প্রশিক্ষণের প্রতি জরিপ করা পুলিশের প্রতিক্রিয়ার উদাহরণের জন্য।

৪৮ UNPOL *Gender Toolkit* Standardized Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Compendium of Project Tools (2015).



ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (হাইতি)

স্তরের উচ্চাকাঙ্ক্ষী ক্যাডেট এবং কর্মকর্তাদের মধ্যে VAWG এর উপর প্রতিষ্ঠিত সাধারণ বোঝাপড়াগুলি (ধারণাগুলি) নিবেশিত করা যায়।

যেহেতু লিঙ্গ-সংবেদনশীলতার দিকে রূপান্তর আচরণগত পরিবর্তন, প্রশিক্ষণ এবং শিক্ষার উদ্যোগ সম্পর্কিত, তাই পুলিশকে আচরণগত বিজ্ঞান থেকে নির্দেশনা নেওয়া উচিত যা কার্যকর অবদানগুলিকে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করতে পারে।

মনোবিজ্ঞান, সমাজবিজ্ঞান এবং আচরণগত অর্থনীতির অন্তর্দৃষ্টি-গুলি সম্মিলিত পাঠ এবং ভাল অনুশীলনের আকারে রূপান্তরকে টেকসই এবং সহনশীলতা প্রদান করতে সহায়তা করতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় যে, আচরণগত বিজ্ঞানের বিশেষজ্ঞরা পরিমাপযোগ্য এবং অর্জনযোগ্য আচরণের পরিবর্তনগুলিকে সহজতর করার জন্য প্রশিক্ষণ এবং শিক্ষাকে সহায়তা করার জন্য প্রমাণ-ভিত্তিক শিক্ষণেঅবদান রাখতে পারেন।[৪৯]

পরিমাপযোগ্য এবং অর্জনযোগ্য আচরণের পরিবর্তনের বিষয়ে, **'ইন্সাইটস ফ্রম বিহেবিয়ারিয়াল সাইন্সেস টু প্রিভেন্ট এন্ড কমব্যাট ভায়োলেন্স এগেইনস্ট উইমেন'** (২০১৬)[৫০] শীর্ষক ইউরোপীয় কমিশনের পুলিশ রিপোর্ট সুপারিশ করেছে যে অত্যা-বশ্যক পরিষেবা প্রদানকারীদের, বিশেষ করে পুলিশ, পেশাদারদের দ্বারা আচরণে পরিবর্তন লক্ষ্য করার চেষ্টা করা উচিত যার ফলে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের VAWG-এর সহিংসতার শিকার হওয়ার প্রতিবেদন দাখিল করার জন্য নিম্নলিখিত পদক্ষেপগুলি গ্রহণ করবে:



MINUSMA/মার্কো ডরমিনো (মালি) এর সৌজন্যে ছবি

৪৯ Sara Rafael Almeida, Joana Sousa Lourenço, François J. Dessart and Emanuele Ciriolo, 'Insights from behavioural sciences to prevent and combat violence against women', EUR 28235 EN, doi:10.2788/412325.

৫০ Ibid.

১. সহিংসতার প্রতিবেদন দাখিল করার প্রতি ইতিবাচক মনোভাব প্রদর্শন করুণ;

২. বিশ্বাস করুন যে অন্যরা তার আচরণ (অর্থাৎ আদর্শ) অনুমোদন করবে;

৩. মনে করুন যে তিনি আসলে এটি করতে সক্ষম (আত্ম-কার্যকারিতা);

৪. আচরণ সম্পর্কে জানুন এবং তার পরিবেশ (যেমন দক্ষতা, জ্ঞান এবং পরিবেশগত সীমাবদ্ধতা) দ্বারা সীমাবদ্ধ হওয়া উচিত নয়।

বক্স-৭ আচরণ পরিবর্তনের বিষয়ে আচরণগত বিজ্ঞান থেকে কিছু টিপস প্রদান করা হল:

এছাড়াও, পুলিশ সংস্থাগুলির রূপান্তরমূলক প্রক্রিয়াগুলির জন্য পুশ ব্যাক বা স্পষ্ট প্রত্যাখ্যানের মুখোমুখি হওয়া অস্বাভাবিক নয়, এমনকি নেতৃত্বের পদে থাকা কর্মকর্তাদেরদের কাছ **অবমূল্যায়িত হওয়া পর্যন্ত।** আচরণবিধি এবং সংশ্লিষ্ট দায়বদ্ধতা বা শক্তিবৃদ্ধিমূলক ব্যবস্থা ছাড়াও, জেন্ডার-সংবেদনশীল পুলিশিং প্রশিক্ষণ, শিক্ষা এবং **পেশাদার উন্নয়নকে** পিছনে ঠেলে দেওয়া সম্পর্কে সহনশীলতা এবং **পেশাদার উন্নয়নের** জন্য সহায়ক প্রক্রিয়া প্রয়োজন। পুলিশ মেন্টরিং এবং সহকর্মীদের সহায়তা প্রদানের কর্মসূচি (পিয়ার সাপোর্ট প্রোগ্রাম) এই ধরনের একটি সহায়ক প্রক্রিয়া হতে পারে।

UNPOL মেন্টরিংকে একটি ব্যাপক, দীর্ঘমেয়াদী, এক ব্যক্তির সাথে অন্য ব্যক্তির সম্পর্ক হিসাবে বর্ণনা করেছে এবং এই প্রক্রিয়ায় পেশাদারিত্বের উন্নয়নকে উৎসাহিত করা জড়িত যেখানে একজন ব্যক্তি অন্য ব্যক্তির উন্নয়ন এবং সক্ষমতাকে সহায়তা করার জন্য সময়, শক্তি এবং ব্যক্তিগত জ্ঞান বিনিয়োগ করে। UNPOL যোগ করে যে এটি একটি দীর্ঘমেয়াদী সম্পর্ক যা টিউটরিং, কোচিং, নির্দেশিকা এবং উতসাহের মাধ্যমে শিক্ষকদের পেশাদার উন্নয়নের উপর দৃষ্টি নিবদ্ধ করেছে।[৫১]

সংগঠনের মধ্যে নারী পুলিশ অ্যাসোসিয়েশন/নেটওয়ার্ক প্রতিষ্ঠা করা লিঙ্গ সংবেদনশীল পুলিশিং-এর প্রশিক্ষণ ও শিক্ষার প্রতি সহিনশীলতা উন্নয়নে সহায়তা করতে পারে। অ্যাসোসিয়েশন/নেটওয়ার্কগুলি নীতি পরিবর্তনে প্রভাব ফেলতে সাহায্য করতে পারে এবং যখন লিঙ্গ, সংখ্যালঘু এবং মানবাধিকারের প্রয়োজনগুলি বিবেচনায় নেওয়া হয়, তখন পুলিশ যে সম্প্রদায়কে সেবা করে তাদের প্রতিনিধি হয়ে ওঠে।

৫১ UNPOL *Gender Toolkit* Standardised Best Practices on Gender Mainstreaming in Peacekeeping Compendium of Project Tools (2015).




ছবি ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশের সৌজন্যে (এন্ডিং সেক্সুয়াল ভায়োলেন্স ইন কনফ্লিক্ট সামিট, লন্ডন, ২০১৪)

নারী পুলিশ অ্যাসোসিয়েশন/নেটওয়ার্কগুলি রয়েছে এই জন্য যে যাতে নারীদের মতামত শোনা হয় এবং তাদের অবদানের জন্য স্বীকৃত প্রদান করা হয়। তারা লিঙ্গ সম্পর্কিত অপরাধ এবং সহিংসতার শিকার /বেঁচে নারী ও মেয়েরা সে সমস্ত চ্যালেঞ্জের মুখোমুখিএরহয়েছে সেই চ্যালেঞ্জগুলির প্রতিক্রিয়া জানাতে পরামর্শের ভিত্তি হিসাবেও কাজ করতে পারে। নারীদের সমিতি/নেটওয়ার্ক পরিবর্তনকে প্রভাবিত করে এবং পুলিশ সংস্থাগুলিকে সম্প্রদায়ের কাছে পরিষেবা সরবরাহের সুবিধার জন্য ক্রমাগত উন্নতি অর্জনে সহায়তা করে।

আন্তর্জাতিক লিঙ্গ সমতা প্রতিশ্রুতি পূরণে সাধারণভাবে নাড়িদের সমিতি/নেটওয়ার্কগুলি সরকারের জন্য গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে= যেমন:

- CEDAW - নারীর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণ সংক্রান্ত কনভেনশন (১৯৭৯)
- জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন ১৩২৫
- নারীর বিরুদ্ধে সহিংসতা দূর করার জন্য অপরাধ প্রতিরোধ এবং অপরাধমূলক বিচার ব্যবস্থার উপর জাতিসংঘের সাধারণ পরিষদের রেজোলিউশন (১৯৯৮)
- টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা, বিশেষ করে- লক্ষ্য-৫- লিঙ্গ সমতা এবং লক্ষ্য ১৬ - শান্তি, ন্যায়বিচার এবং শক্তিশালী প্রতিষ্ঠান

**নারী পুলিশ অ্যাসোসিয়েশন/নেটওয়ার্ক কীভাবে লিঙ্গ-সহনশীলতা এবং জেন্ডার-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নে সহায়তা করতে পারে এর জন্য আরও তথ্যের জন্য এই অধ্যায়ের শেষে কেস স্টাডিজ দেখুন।**

**বক্স-৭:**

**আচরণ পরিবর্তনের দিকে প্রশিক্ষণ এবং শিক্ষার টিপস**

- **হার বনাম লাভ কাঠামো-** নিশ্চিত করুন যে পুলিশ প্রশিক্ষণার্থী এবং ক্যাডেটরা সামাজিক মূল্যবোধের ক্ষেত্রে প্রতিরোধের গুরুত্ব বুঝতে পারে এবং কীভাবে তারা VAWG এর বিস্তারের ফলে এই ধরনের মূল্যবোধ দ্বারা ব্যক্তিগতভাবে প্রভাবিত হয়;
- **আচরণ মনোভাবের পূর্বাভাস প্রদান করে, মনোভাব আচরণের পূর্বাভাস প্রদান করে না-** প্রশিক্ষণ পরিকল্পনা, শিক্ষা এবং পেশাদারী উন্নয়ন লক্ষ্যমাত্রা প্রত্যাশিত আচরণ, বিদ্যমান আচরণ নয়। প্রত্যাশিত আচরণ স্বাভাবিক হওয়ার সাথে সাথে মনো-ভাবের কাঙ্ক্ষিত পরিবর্তনগুলি অনুসরণ করবে;
- **তথ্যকে দৃশ্যমাণ এবং ব্যক্তিগত করুন.** লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর উদাহরণ প্রদান করুণ যেগুলির প্রদর্শনযোগ্য ফলাফল রয়েছে যাতে প্রশিক্ষণার্থীরা একই রকম চ্যালেঞ্জিং পরিবেশে সহকর্মীর অভিজ্ঞতার সাথে সংযোগ করতে পারে;
- **প্রতিশ্রুতি প্রচার করুন এবং এর অর্থ কী তা বর্ণনা করুন.** লিঙ্গ- সংবেদনশীল পুলিশিংয়ের আচরণগত প্রত্যাশাগুলি এবং কীভাবে তাদের সম্মতি প্রাতিষ্ঠানিকভাবে মূল্যবান এবং পুরস্কৃত হয় তা স্পষ্টভাবে চিহ্নিত করুন। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের প্রতি প্রতিশ্রুতি প্রতিফলিত করে এমন কর্মের উদাহরণগুলির জন্য পরিশিষ্ট-১ প্রদত্ত তৃতীয় অধ্যায় ‹প্রতিরোধ› দেখুন;
- **মূল্যবোধের সাথে সংযুক্ত হউন-** আচরণবিধিতে প্রতিষ্ঠিত প্রত্যাশিত আচরণ, পুলিশের সততা এবং পুলিশিং সর্বোত্তম অনুশীলন এবং লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের লক্ষ্যগুলির মধ্যে সংযোগগুলি পরিষ্কারভাবে প্রদর্শন করে;
- **অনুপ্রেরণামূলক রোল মডেল সনাক্ত করুন এবং ব্যবহার করুন-**উদাহরণ হিসেবে প্রশিক্ষণ ও শিক্ষা কার্যক্রমে রোল মডেল বা তাদের অভিজ্ঞতা অন্তর্ভুক্ত করুন। পুলিশ কর্মকর্তারা অন্য পেশাজীবীদের থেকে আলাদা নয় এই অর্থে যে তারা প্রভাবশালী অবস্থানে থাকা ব্যক্তিদের দ্বারা প্রদর্শিত পছন্দসই পরিবর্তনমূলক আচরণ দেখে আরও অনুপ্রাণিত হয়।

উৎস: Inspired from Jenni Cross., '3 Myths of Behavior Change & Other Challenges for Sustainability', Center for Energy and Behavior Institute for the Built Environment, Colorado State University, at: https://sustain.uccs.edu/sites/g/files/kjihxj1306/files/inline-files/Myths%20of%20Behaivor%20Change_UCCS2015_1.pdf

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এ পুলিশ প্রশিক্ষণ, শিক্ষা এবং পেশার উন্নয়নকে শক্তিশালী করার জন্য সুপারিশগুলির একটি অ-সম্পূর্ণ তালিকা নিচে দেওয়া হল:

## প্রশিক্ষণ কাঠামো (ফ্রেমওয়ার্ক)

- প্রশিক্ষণ এবং শিক্ষার পাঠক্রম এবং কাঠামো পুনর্বিবেচনা করুন যা চাকুরীতে নতুন যোগদানকারী এবং যারা চাকরিতে আছেন তাদের ভবিষ্যতের কাজের ভিত্তি তৈরি করে। সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক দৃষ্টিভঙ্গির সাথে সহানুভূতি এবং নৈতিক নীতির উপর দৃষ্টি নিবদ্ধ করা উচিত। এটি একটি ক্ষমতাপ্রাপ্ত পুলিশ সংস্থা তৈরি করতে সাহায্য করবে যারা কোনো পক্ষপাত ও বৈষম্য ছাড়াইতাদের দায়িত্বগুলি আরও কার্যকরভাবে পালন করার ক্ষমতা রাখবে।
- প্রশিক্ষণ মডিউল এবং পাঠ্যক্রমে VAWG-এর অপরাধী-কেন্দ্রিক এবং সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি কেন্দ্রিক তদন্ত অন্তর্ভুক্ত করুন যাতে পুলিশ প্রশিক্ষণে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাদের এই বিষয়ের উপর একটি প্রাথমিক জ্ঞান থাকে;
- যেখানে সম্ভব আন্তঃবিভাগীয় প্রশিক্ষণ পরিচালনা করা এবং প্র-য়োজনীয় পরিষেবা প্রদানকারী এবং নারী অধিকার গোষ্ঠী এবং সুশীল সমাজের সাথে ঘনিষ্ঠ সহযোগিতায় প্রশিক্ষণের উন্নয়ন করা;
- চলমান এবং বর্তমান প্রশিক্ষণে নিয়মিত ভাবে বিষয় ভিত্তিক বিশেষজ্ঞদের নিয়ে আসা- যেমন ফরেনসিক চিকিৎসা বিশেষজ্ঞ; যৌন নিপীড়ন কেন্দ্রের প্রতিনিধি, VAWG অধিপরামর্শ দলের প্রতিনিধি, VAWG গবেষণা শিক্ষাবিদ, এবং সাইবার অপরাধ তদন্তকারী;
- VAWG-এ কর্মকর্তা ও কর্মীদের প্রশিক্ষণের মাধ্যম হিসেবে ই-লার্নিং-এর উপর নির্ভরতা সীমিত করুন। উল্লেখযোগ্য ভাবে অতিরিক্ত বিনিয়োগ বা সামনের সারির দায়িত্ব থেকে কর্মক-র্তাদের প্রত্যাহার করা ছাড়াই VAWG-এ মুখোমুখি ব্রিফিংয়ের ব্যবস্থা করা সম্ভব। তাদের দৈনিক ব্রিফিং প্রক্রিয়ার অংশ হিসাবে সংক্ষিপ্ত প্রশিক্ষণ সেশন একটি ভাল বিকল্প;

• স্থানীয় অভিজ্ঞতা থেকে বাস্তব সময়ে কেস স্টাডি এবং পরিস্থিতি প্রস্তুত করুন যা কর্মকর্তাদের VAWG এর ক্ষেত্রে তাদের কর্মের ফলাফল দেখা যায়;

• 'কারো ক্ষতি করবেন না'। VAWG বৈষম্য করে না বা পুলিশ কর্মকর্তারাও এর থেকে মুক্ত নয়। ভিএডব্লিউজি সম্পর্কে প্রশিক্ষণ এবং শিক্ষা দেবার সময় মনে রাখতে হবে যে পুলিশ ভিএডব্লিউজি-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা এবং সেইসাথে অপরাধী উভয়ই হতে পারে। প্রশিক্ষণের সময় সংবেদনশীলতা উতসাহিত করা উচিত;

• প্রশিক্ষণে পুলিশ নেতৃত্বের দৃশ্যমান প্রতিশ্রুতি অন্তর্ভুক্ত করুন। এটি প্রশিক্ষণের শুরুতে ঊর্ধ্বতন কর্মকর্তাদের কাছ থেকে দূরবর্তী বা ব্যক্তিগত বার্তার মাধ্যমে বা অন্যান্য কর্মকর্তাদের সাথে প্রশিক্ষণ কর্মসূচিতে তাদের উপস্থিতির মাধ্যমে হতে পারে;

• সাইবার ক্রাইম এবং অ-শারীরিক ধরনসহ নারী ও মেয়েদের বিরুদ্ধে অপরাধের উপর বিশেষ/প্রচারমূলক/স্বল্প এবং দীর্ঘমেয়াদী কোর্স প্রণয়ন করুন;

• মানসিক আঘাত ( ট্রমা) অবহিত অনুশীলনের বাধ্যতামূলক কোর্স বিবেচনা করুন;

• শারীরিক ও সাইবার যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা নারী এবং মেয়ে শিশু সম্পর্কিত প্রশিক্ষণ সামগ্রী তৈরি করা;

• দুর্বল এবং সংখ্যালঘু নারী ও মেয়েদের উচ্চ মাত্রাসহ  ঘন ঘন রিফ্রেশার প্রশিক্ষণ আয়োজনের বিষয়টি  অগ্রাধিকার হিসেবে বিবেচনা করুন;

• নিশ্চিত করুন যে প্রত্যেক তদন্তকারী কর্মকর্তা একটি পুঙ্খানুপুঙ্খভাবে অন্তর্ভুক্তকরণ কোর্সের মধ্য দিয়ে প্রশিক্ষণ গ্রহণ করেছে;

• ঊর্ধ্বতন তদন্তকারী কর্মকর্তা এবং অন্যান্য মধ্যম স্তরের ব্যবস্থাপক/নেতাদের কাছে পুলিশের সম্মুখ সারির  নেতাদের অন্তর্ভুক্ত করার জন্য প্রশিক্ষণ এবং শিক্ষা কর্মসূচি পরিকল্পনা করুন।

## যোগ্যতা (জ্ঞান, দক্ষতা এবং মনোভাব)

• আন্তঃব্যক্তিক বৈশিষ্ট্যগুলিকে অগ্রাধিকার দিন যা লিঙ্গ-সংবেদনশীল, নির্ভরযোগ্য, প্রতিশ্রুতিবদ্ধ, প্রেরণাদায়ক, যোগাযোগমূলক, প্রতিক্রিয়াশীল, উৎসাহব্যঞ্জক, ন্যায্য, নিরপেক্ষ এবং পূর্বানুমান ভিত্তিক নয়;

• সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের গোপনীয়তা এবং সুস্থতার প্রতি শ্রদ্ধার সাথে দৃষ্টি নিবদ্ধ  করুন। সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের প্রশিক্ষণের মূল কেন্দ্র বিন্দুতে থাকতে হবে। উদাহরণ স্বরূপ বলা যায় যে গোয়েন্দা প্রশিক্ষণের  প্রদর্শনী পরিচালনার চেয়ে একজন সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে পরিচালনার উপর বেশি জোর দেওয়া উচিত;

**"মানসিক দক্ষতার জন্য নিজের এবং অন্যদের আবেগকে চিনতে, ব্যাখ্যা করতে এবং গঠনমূলকভাবে প্রতিক্রিয়া জানাতে প্রয়োজনীয় সামাজিক দক্ষতা উন্নয়নের প্রয়োজন। এর অর্থ হল সহিংসতার শিকার ব্যক্তিদের এমনভাবে সাক্ষাৎকার নেওয়ার ক্ষমতা তৈরি করা যা তাদের ক্ষমতায়ন এবং শান্ত করে, যাতে তারা আরও সঠিক, সুসংগত, সামঞ্জস্যপূর্ণ এবং প্রবোচিত ব্যাখ্যা প্রদান করতে সক্ষম হয়।»**

প্রাপ্তবয়স্ক যৌন নির্যাতনের শিকারদের উপর আঘাতের প্রভাব (জাস্টিস কানাডা, ২০১৯)

• জবরদস্তিমূলক এবং নিয়ন্ত্রণকারী অপরাধীর আচরণের উপর দৃষ্টি নিবদ্ধ করুন। এই ধরনের নির্যাতন প্রায়শই অ-শারীরিক এবং মৌখিক হয় বিধায় সনাক্ত করণে প্রতিক্রিয়া জানানোর জন্য পুলিশকে জন্য প্রায়ই চ্যালেঞ্জিং। VAWG-এর সাথে যুক্ত জবরদস্তিমূলক এবং নিয়ন্ত্রণকারী আচরণ সম্পর্কে সুস্পষ্ট ধারণা না থাকা সাধারণত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপিং) এবং দোষারোপের সাথে সম্পর্কিত;

• কর্মকর্তাদের বিদ্যমান মনোভাব এবং পক্ষপাতকে চ্যালেঞ্জ করে খোলামেলা আলোচনাকে উৎসাহিত করুন। বাস্তব পরিস্থিতি ব্যবহার করা এবং পরবর্তীতে সিদ্ধান্ত নিয়ে আলোচনা করা সম্মিলিতভাবে আত্ম-প্রতিফলনকে সহজতর করে;

• 'অসংবেদনশীল' কর্মকর্তাদের জন্য একটি সংবেদনশীল কৌশল তৈরি করুন। সহিংসতার প্রকৃতি, এর কারণ ও পরিণতি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে এবং প্রায়শই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে শোনার মাধ্যমে সবচেয়ে ভালোভাবে সমাধান করা যায়;

• বিভিন্ন ধরনের প্রতিবন্ধী নারী এবং মেয়েরা সাধারণত শারীরিক, মনোভাবগত এবং যোগাযোগের বাধাগুলিকে কীভাবে চিহ্নিত

**পুলিশ পরিষেবা যেটি লিঙ্গের ক্ষেত্রে সমাজে বিভিন্ন সম্প্রদায়ের প্রতিনিধিত্ব করে, এটি সেই সম্প্রদায়ের কাছে আরও বেশি যোগাযোগযোগ্য এবং বিশ্বস্ত।**

টুল-২: পুলিশিং এবং জেন্ডার ইন জেন্ডার অ্যান্ড সিকিউরিটি টুলকিট (DCAF, OSCE/ODIHR, UN Women, 2019)

**বক্স-৮**

**আলবেনিয়া: পুলিশে সিনিয়র নেতৃত্বের পদে নারীদের প্রভাব:**

২০১৬ সালে, ফোর্স ইন্টারন্যাশনাল আলবেনিয়ান স্টেট পুলিশ (এএসপি) এর মধ্যে অপারেশনাল কমান্ড পজিশনে মহিলা অফিসারদের একীভূত করার জন্য একটি ইতিবাচক পদক্ষেপের উদ্যোগের একটি বিশ্লেষণ পরিচালনা করে। এই উদ্যোগটিতে সহায়তা করেছিল ICITAP, মার্কিন দূতাবাস এবং আলবেনিয়ার অন্যান্য কৌশলগত অংশীদাররা। পর্যালোচনার সামগ্রিক লক্ষ্য ছিল ভবিষ্যতে এই ধরনের ইতিবাচক কর্মসূচী প্রদানের পরিকল্পনা ও ব্যবস্থাপনায় ইতিবাচক শিক্ষা প্রতিষ্ঠা করা। পর্যালোচনা চলাকালীন সময়ে, প্রথম নারী জেলা পুলিশ কমান্ডারের প্রভাব নিয়ে একটি গ্রামীণ আলবেনিয়ান সম্প্রদায়ের (মহিলা) সদস্যদের সাথে পরামর্শ করা হয়েছিল। নারী কমান্ডার দায়িত্ব নেবার ৩ মাস পরে লক্ষ্য দল আলোচনা অনুষ্ঠিত হয়েছিল।

সম্প্রদায়ের নারীদের দ্বারা করা মন্তব্যগুলি সম্প্রদায়ের নিযুক্তি এবং তাদের উপর উর্ধ্বতন নেতৃত্বের পদে একজন নারী কর্মকর্তার প্রভাব এবং তাদের নিরাপত্তা জনিত অনুভূতির উপর খুব বেশি দৃষ্টি নিবদ্ধ করেছিল। পরামর্শে দেখা গেছে যে সম্প্রদায়ের নারীরা দায়িত্বে তাদের মতো একজন কাউকে দেখলে পুলিশের প্রতি তাদের আস্থা ও বিশ্বাস বেড়ে যায়, যার ফলে পুলিশিংয়ে নারীদের দৃশ্যমানতা বাড়ানোর পক্ষে যুক্তি শক্তিশালী হয়। নিম্নলিখিত তালিকাটি পরামর্শ প্রক্রিয়া চলাকালীন সম্প্রদায়ের নারীদের দ্বারা প্রদত্ত প্রতিক্রিয়ার উদাহরণ::

- 'সম্প্রদায়ের নারী ও মেয়েদের জন্য এখন পুলিশের সঙ্গে আরও যোগাযোগ রয়েছে…'
- 'নেতৃত্ব এবং কমান্ডের ভূমিকায় নারীদের থাকা সম্প্রদায়ের নারীদের এবং মেয়েদের জন্য একটি পার্থক্য তৈরি করে, যা তাদের আত্মসম্মানবোধকে পরিবর্তন করে›
- 'একজন নারীকে দায়িত্বে রাখলে আস্থা এবং আত্মবিশ্বাস বাড়বে। এটির ব্যাপক প্রভাব রয়েছে কারণ আমরা সবাই আমাদের মতো কাউকে দেখতে চাই'
- 'নেতৃত্ব এবং কমান্ডের ভূমিকায় নারীরা থাকলে সম্প্রদায়ের নারীদের এবং মেয়েদের জন্য একটি পার্থক্য তৈরি করবে, যা তাদের আত্মমর্যাদার বোধকে পরিবর্তন করতে পারে, আমাদের সকলকে প্রভাবিত করতে পারে, এবং নারীসহ একটি পরিপূর্ণ বিভাগ সকলের জন্য ভালো ফলাফল বয়ে আনতে পারে।'

সূত্র: Anon as cited in Townsley, J. (2016:40) Initiative for Mid-Ranking Women Officers to take on Operational Command Roles within the Albanian State Police: Review, Castleford: Force International Ltd. (Document not in public domain).

করতে পারে সেই বিষয়গুলি প্রশিক্ষণ এবং শিক্ষায় অন্তর্ভুক্ত হয়েছে সেটা নিশ্চিত করুন।

- আদর্শ মামলার বিভিন্ন উদাহরণসহ আদর্শ সহিংসতার শিকারের ধারণাকে চ্যালেঞ্জ করে এমন সংলাপের সুযোগ করে দিন;
- সহিংসতার প্রকৃতি, এর কারণ ও পরিণতি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে সে সম্পর্কে সংবেদনশীলতার অংশ হিসেবে পুলিশ কর্মকর্তাদের আইন ও সামাজিক নিয়মের দুর্বলতার জায়গাগুলি সম্পর্কে জ্ঞান ও ধারণা আছে তা বিষয়টি নিশ্চিত করুন।

# মানব সম্পদ

## নারী কর্মকর্তারা যে সম্ভাবনা প্রদর্শন (অফার) করে

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য পুলিশ সংস্থার মধ্যে প্রতিনিধিত্ব এবং অন্তর্ভুক্তি উভয়ই প্রয়োজন। নারীরা লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থায় ব্যাপক অবদান রাখে এবং নারী পুলিশ কর্মকর্তাদের মধ্যে প্রতিক্রিয়ার বৈচিত্র্য কার্যকারিতাকে শক্তিশালী করে। ফলে, উভয়ই VAWG মোকাবেলায় কাজের উন্নতির জন্য গুরুত্বপূর্ণ। যাইহোক, পুলিশ সংস্থায় অধিক নারী থাকার অর্থ এই নয় যে তারা VAWG এর মাত্রা হ্রাসের দিকে পরিচালিত করবে, বিশেষ করে তারা যে সম্প্রদায়গুলিকে সেবা প্রদান করে ও সুরক্ষা বিধান করে সেই সম্প্রদাইয়ের প্রতিনিধিত্ব না করে।

পুলিশ সংস্থায় নারীদের নিয়োগ এবং এই প্রক্রিয়া ধরে রাখা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর দিকে রূপান্তরের একটি গুরুত্বপূর্ণ অংশ। ডিসিএএফ-এর মতে, পুলিশ সংস্থায় বৃহত্তর ধারণা, দক্ষতা

**"পরিচালনা এবং নির্দেশনায় নারীদের প্রশংসনীয় দক্ষতা রয়েছে... তাদের শোনার এবং প্রতিনিধিত্বের দক্ষতা ভাল, বাস্তবতা সম্পর্কে সম্পূর্ণ বোধ রয়েছে এবং সাধারণত খুব সুসংগঠিত। ছোটখাটো বিবরণগুলিতে বিশেষ মনোযোগ দিয়ে এবং অত্যন্ত পরিশ্রমের সাথে দায়িত্ব গ্রহণ করে তারা বড় কৌশলগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখতে সক্ষম হয়।"**

-ইগনাসিও কোসিডো গুতেরেজ, স্প্যানিশ ন্যাশনাল পুলিশের ডিরেক্টর (২০১৩)

এবং অভিজ্ঞতা যোগ করার পাশাপাশি, নারী পুলিশ কর্মকর্তারা বিশেষ গুণাবলীতে অবদান রাখে যেমন কম শক্তির ব্যবহার, পুরুষ কর্মকর্তাদের তুলনায় নাগরিকদের কম অভিযোগ, প্রায়ই ভাল যোগাযোগ দক্ষতা এবং অভিযোগকারীদের দ্বারা আরও সহানুভূতিশীল হিসাবে দেখা হয়।[৫২] মার্কিন যুক্তরাষ্ট্রে, পুলিশের অতিরিক্ত বল প্রয়োগের অভিযোগ এবং মামলাগুলির একটি লিঙ্গভিত্তিক বিশ্লেষণ ইঙ্গিত করে যে অতিরিক্ত বল প্রয়োগের জন্য নাগরিকদের অভিযোগের মাত্র ৫% এবং বৃহৎ পুলিশ সংস্থাগুলিতে অতিরিক্ত বল প্রয়োগের স্থায়ী অভিযোগের সাথে ২% নারী অফিসার জড়িত।[৫৩]

তবে, নারী এবং মেয়েরা, এমনকি GBV-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা পুরুষরাও নারী কর্মকর্তাদের কাছে রিপোর্ট করার জন্য ধারাবাহিক নিজেদের পছন্দের কথা জানিয়েছে।[৫৪] এটি আশ্চর্যজনক নয় যে VAWG-এর বেশিরভাগ অপরাধীরাই পুরুষ এবং ছেলে এবং ঐতিহাসিকভাবে, প্রাতিষ্ঠানিক পুলিশ সংস্কৃতি লিঙ্গ-সংবেদনশীল পুলিশের অনুশীলন এবং এর চ্যাম্পিয়নদের প্রতি খুব বেশি ইতিবাচক নয়।

২০১১ সালে, ইউএন উইমেন ইউএনওডিসি (২০০৯) দ্বারা সংগৃহীত ৩৯টি দেশের পুলিশ প্রতিনিধিত্বের তথ্য এবং ইন্টারন্যাশনাল ক্রাইম ভিকটিমস সার্ভে (ICVS) দ্বারা গণনা করা যৌন নিপীড়নের প্রতিবেদনকে একত্রিত করে দেখেছে যে নারী পুলিশ কর্মকর্তাদের উপস্থিতি যৌন সংক্রান্ত প্রতিবেদনের সাথে ইতিবাচকভাবে সম্পর্কযুক্ত।[৫৫] এই বিশ্লেষণটি এই ধারণাটিকে শক্তিশালী করে যে পুলিশ সংস্থাগুলিতে নারীদের নিয়োগ এবং ধরে রাখা VAWG-এর কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে (চিত্র-২ দেখুন)।

EUROPOL প্রাতিষ্ঠানিক উন্নয়নের জন্য অনুরূপ গবেষণার দিকেও নজর দিয়েছে। উদাহরণস্বরূপ, EUROPOL শিখেছে যে লিঙ্গ-ভারসাম্যপূর্ণ নেতৃত্বের দলগুলি উল্লেখযোগ্যভাবে গুণমান উন্নত করে[৫৬] লিঙ্গ-ভারসাম্যপূর্ণ কর্মক্ষেত্রের সাথে সিদ্ধান্ত গ্রহণও ভাল কর্মদক্ষতা প্রদর্শন করছে। ফলস্বরূপ, EUROPOL তার কর্মীদের মধ্যে, বিশেষ করে ব্যবস্থাপনা স্তরে কেন ভারসাম্যহীনতা বিদ্যমান তা অন্বেষণ করতে নিজস্ব লিঙ্গ-ভারসাম্য প্রকল্প (২০১২) চালু করার মাধ্যমে কীভাবে

আরও বৈচিত্র্যময় এবং ভারসাম্যপূর্ণ ভাবে কর্মীবাহিনী তাদের কর্মক্ষমতা এবং ফলাফল উন্নত করবে তা অনুসন্ধানের জন্য অধিক বিনিয়োগ করেছে।[৫৭] এই প্রকল্পের লক্ষ্য ছিল লিঙ্গ ভারসাম্যহীনতাকে উন্নত করা, লিঙ্গ সমতার বিষয়ে সচেতনতা বৃদ্ধি করা এবং লিঙ্গ সমতা ইউরোপোলের কাজের পরিবেশের একটি অবিচ্ছেদ্য অংশ হয়ে ওঠে তা নিশ্চিত করার জন্য একটি পদ্ধতির আবিষ্কার/উন্নয়ন করা।[৫৮]

## একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থার জন্য কর্মী নিয়োগ এবং ধরে রাখা

মোটকথা, পুলিশ সংস্থায় স্বল্প সংখ্যা অনুপাতে থাকা সত্ত্বেও, নারী পুলিশ কর্মকর্তাদের মধ্যে পুলিশকে বৈধ এবং বিশ্বস্ত হিসাবে বিবেচিত হওয়ার ক্ষেত্রে অবদান রাখার জন্য অসাধারণ সম্ভবনা রয়েছে। একটি আধুনিক পুলিশ সংস্থার অপরিহার্য উপাদান হল বৈধ এবং বিশ্বাসযোগ্য হিসাবে বিবেচিত হওয়া।

ফলে, পুলিশ সংস্থায় মহিলাদের নিয়োগ এবং ধরে রাখা সহজাতভাবে জেন্ডার-প্রতিক্রিয়াশীল পুলিশিংয়ের ডিএনএর অংশ। যাইহোক, এটি সম্পূর্ণ গল্প থেকে অনেক দূরে। অভিজ্ঞতার প্রেক্ষিতে বলা যায় যে অত্যাবশ্যকীয় পরিষেবা সরবরাহের ক্ষমতা সঠিকভাবে সরবরাহ করা হয়েছে এবং সমস্ত কর্মীরা ভালভাবে প্রশিক্ষিত এবং অনুপ্রাণিত রয়েছে তা নিশ্চিত করা নারী কর্মকর্তাদের উপস্থিতি বাড়ানো এবং বজায় রাখার মতোই গুরুত্বপূর্ণ।[৫৯]

অপরাধ প্রতিরোধ ও ফৌজদারি বিচারের ক্ষেত্রে নারীর প্রতি সহিংসতা দূরীকরণের উপর হালনাগাদ/ আপডেট করা মডেল

৫২ Toolkit Tool 2: Policing and Gender in *Gender and Security Toolkit* (Geneva: DCAF, OSCE/ODIHR, UN Women, 2019).

৫৩ Men, Women, and Police Excessive Force: 'A Tale of Two Genders a Content Analysis of Civil Liability Cases, Sustained Allegations and Citizen Complaints,' (The National Center for Women and Policing, 2002).

৫৪ Welch, J and Mason, F., 'Rape and Sexual Assault', *British Medical Journal* 2007;334;1154-1158

৫৫ Progress of the World's Women 2011–2012: Families in a Changing World (UN Women, 2011).

৫৬ Wittenberg-Cox, A, 'How Women Mean Business: A Step by Step Guide to Profiting from Gender Balanced Business (2010)', in 'The Female Factor Gender Balance in Law Enforcement (EUROPOL, 2013), see: https://www.europol.europa.eu/publications-documents/female-factor-gender-balance-in-law-enforcement

৫৭ The Female Factor Gender Balance in Law Enforcement (EUROPOL, 2013), see: https://www.europol.europa.eu/publications-documents/female-factor-gender-balance-in-law-enforcement

৫৮ Ibid.

৫৯ 'Progress of the World's Women 2011–2012: Families in a Changing World' (UN Women, 2011).

কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থা  রাষ্ট্রগুলিকে অনুরোধ করেছে যে:

- পুলিশ বাহিনী এবং বিচার ব্যবস্থার অন্যান্য সংস্থাগুলিতে বিশেষ করে সিদ্ধান্ত গ্রহণ এবং ব্যবস্থাপক স্তরে  লিঙ্গের ন্যায়সঙ্গত প্রতিনিধিত্ব নিশ্চিত করা;

- সহিংসতার শিকার ব্যক্তিদের, যেখানে সম্ভব, একজন নারী কর্ম-কর্তাদের সাথে কথা বলার অধিকার প্রদান করুন, তা পুলিশ বা অন্য কোন ফৌজদারি বিচার কর্মকর্তাই যাই হোক না কেন;[৬০]

যখন লক্ষ্য কেবলমাত্র পুলিশ পরিষেবাগুলিতে প্রতিনিধিত্ব বৃদ্ধি করা হয় তখন সতর্কতা অবলম্বন করা উচিত কারণ পুলিশ সংস্থা সংগঠনের মধ্যে এই বাধাধরা নিয়মগুলিকে (স্টেরিওটাইপকে) প্রতিষ্ঠিত করার ঝুঁকি নিতে পারে পারে যে শুধুমাত্র নারী কর্ম-কর্তাদের লিঙ্গ-সংবেদনশীল এবং ভিএডব্লিউজি-র শিকার/বেঁচে থাকা ব্যক্তির জন্য দায়ী হতে হবে।[৬১]

পরিবর্তে সাধারণভাবে সমস্ত পুলিশ কর্মকর্তাদের নিয়োগ, ধরে রাখা এবং পদোন্নতির ক্ষেত্রে এমন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া এবং প্রচার করা উচিত যারা ধারাবাহিকভাবে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং প্রতিফলিত করে এমন দক্ষতা প্রদর্শন করে যা পদ্ধতিগত ভাবে আন্তসম্পর্কিত এবং অধিকার-ভিত্তিক।

এছাড়াও, নারী এবং বিভিন্ন লিঙ্গ পরিচয়ের মানুষদের ঝুঁকি কমানোর জন্য, অবকাঠামোগত উন্নয়ন এবং বৈষম্য থেকে রক্ষা এবং প্রতিক্রিয়া জানানোর জন্য এই ধরনের লিঙ্গ-সংবেদনশীল নিয়োগ নীতির বাস্তবায়ন মানবাধিকার নিশ্চিত করা এবং লিঙ্গ বিষয়ক কর্মীদের প্রশিক্ষণের সময় সমান্তরালভাবে প্রয়োগ করা উচিত।[৬২]

DCAF-এর জেন্ডার টুলকিট (২০১৯) লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের সাথে সংযুক্ত পুলিশ অফিসারের কাজের বিবরণের জন্য দক্ষতার উদাহরণ প্রদান করছে (বক্স-৯):

**চিত্র -২**

**যৌন নিপীড়নের প্রতিবেদনের সাথে নারী পুলিশ কর্মকর্তাদের উপস্থিতির মধ্যে সম্পর্ক**




বিশ্বের নারীদের অগ্রগতি (২০১১) এ  পুলিশে নারী এবং যৌন নির্যাতনের রিপোর্টিং (পৃষ্ঠা-৫৯)

৬০ /Res/65/228, annex, para. 16 (k-l). See also: UNODC's Education For Justice Module on Gender in the Criminal Justice System, Topic 4 - Gender diversity in the criminal justice workforce

৬১ Ibid.

৬২ Gordon, E., McHugh, C., and Townsley, J., 'Risks versus Transformational Opportunities in Gender-Responsive Security Sector Reform', *Journal of Global Security Studies*, 0(0), 2020, 1-16 doi: 10.1093/jogss/ogaa028

**বক্স -৯**

**পুলিশ কর্মকর্তাদের কাজের বিবরণের দক্ষতা**

- জনসংখ্যার বিভিন্ন অংশের সাথে শক্তিশালী আন্তঃসাংস্কৃতিক যোগাযোগ দক্ষতা (পুরুষ, মহিলা, মেয়ে, ছেলে, বিভিন্ন যৌন অভিমুখী ব্যক্তি এবং লিঙ্গ পরিচয় এবং অভিব্যক্তি, বিভিন্ন বয়স, জাতি, ধর্ম ইত্যাদি);
- ভাল শোনার দক্ষতাসহ সহানুভূতিশীল আচরণ;
- অস্থিতিশীল পরিস্থিতি কমিয়ে আনার ক্ষমতা এবং বিরোধের মধ্যস্থতা;
- বৈচিত্র্যপূর্ণ স্বার্থের সাথে ঐকমত্য গড়ে তোলার ক্ষমতা;
- বহু ধরণের (মাল্টিটাস্ক) কাজ করার ক্ষমতা এবং প্রতিযোগী চাহিদার মধ্যে অগ্রাধিকার;
- বিভিন্ন সরকারী বিভাগ এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে সমন্বয় এবং সহযোগিতা করার ক্ষমতা;
- অপরাধ এবং সামাজিক সমস্যাগুলির প্রতিরোধমূলক পদ্ধতির বিকাশ সক্রিয়;
- শ্রদ্ধাশীল এবং বিনয়ী হওয়া;
- মূল্যবোধ সম্পর্কিত পরামর্শ এবং সম্পর্ক স্থাপন;
- সৎ এবং যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে প্রতিশ্রুতিবদ্ধ থাকা

সূত্র: টুলকিট টুল-২: লিঙ্গ এবং নিরাপত্তা টুলকিটে পুলিশিং এবং জেন্ডার, (জেনেভা: DCAF, OSCE/ODIHR, UN Women, ২০১৯)

উপরন্তু, UNPOL এর জেন্ডার টুলকিট (২০১৫)[৬৩] এ পুলিশ নিয়োগ এবং ধরে রাখার প্রক্রিয়াগুলির জন্য আরও নির্দেশিকা প্রদান করা হয়েছে যা একটি বৈচিত্র্যময় পুলিশ পরিষেবার জন্য নিয়োগের ক্ষেত্রে DCAF-এর নির্দেশিকাকে (উপরে) পরিপূরক এবং শক্তিশালী করে। যাইহোক, বৈষম্যমূলক প্রতিবন্ধকতা দূর করে এমন জবাবদিহিতামূলক ব্যবস্থা এবং নীতি ছাড়া এই হ্যান্ডবুকে দেওয়া এবং প্রস্তাবিত সমস্ত নির্দেশিকাগুলি সহজেই অব মূল্যায়িত হতে পারে।

উদাহরণস্বরূপ, পুলিশিংয়ে নারীরা এমন বাধার সম্মুখীন হন যা পুরুষরা সাধারণত হন না, যেমন লেবেলিং এবং যৌন হয়রানির প্রভাব। কিন্তু, বিভিন্ন তথ্য থেকে জানা যায় যে কাঠামোগত পারিবারিক প্রত্যাশা এবং নিয়মের কারণে এই নারী পুলিশ কর্ম-কর্তারা তাদের কর্মজীবনে অগ্রসর না হওয়ার পথকে বেছে নেন।[৬৪] ফলে, যে সকল নীতিগুলিতে **লিঙ্গীয়** দৃষ্টিকোণ থেকে পুলিশ নিয়োগ পদ্ধতিগুলির পর্যালোচনার প্রয়োজন হয় সেগুলি নারীদের প্রতি বৈষম্যমূলক কিনা তা নির্ধারণ করার জন্য গুরুত্বপূর্ণ। এই বিষয়ে, UW নারী পুলিশ নিয়োগের নীতিগুলিতে নিম্নলিখিত বিষয়গুলি নিশ্চিত করার সুপারিশ করেছে:[৬৫]

- **নারীদের সিদ্ধান্ত গ্রহণের অবস্থানে প্রবেশের একটি সুস্পষ্ট পথ রয়েছে;**
- **মানবসম্পদ পরিকল্পনা নারী শ্রমশক্তির টেকসই উন্নয়নকে সমর্থন করবে;**
- **নারী কর্মীদের ধরে রাখার জন্য শর্ত এবং প্রণোদনা বিদ্য-মান।**

নারী ও সংখ্যালঘু গোষ্ঠীর প্রতি বৈষম্য সৃষ্টিকারী বাধাগুলো চিহ্নিত করার জন্য অভ্যন্তরীণ কমিটি বা ওয়ার্কিং গ্রুপ গঠন করা আরেকটি ইতিবাচক পদক্ষেপ। যাইহোক, এই কমিটি বা ওয়ার্কিং গ্রুপগুলিকে তাদের সদস্যপদে লিঙ্গ সমতা এবং সমতার নীতিগুলি



ছবি সৌজন্যে MINUSTAH (হাইতি)

৬৩See: Section 1: 'Assisting Host State Police in Recruiting Female Police Officers', (UNPOL *Gender Toolkit* 2015).
৬৪ Graue T.M., Hildie, R.E., and Weatherby, G.A, 'Women in Modern Policing'. Department of Sociology and Criminal Justice, Gonzaga University, Spokane, WA, USA, *Journal of Social Sciences and Humanities* Vol. 2, No. 3, 2016, pp. 51-62 ISSN: 2381-7763 (Print); ISSN: 2381-7771.
৬৫ 'A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming' (UN Women et al, 2018).

**বক্স ১০**

**লাইবেরিয়ার নারী পুলিশরা নেতৃত্বের বৃহত্তর ভূমিকার পক্ষে**




ইউএন উইমেনের সমর্থনে, লাইবেরিয়ান ফিমেল ল এনফোর্সমেন্ট অ্যাসোসিয়েশন একটি সম্মেলনের আয়োজন করেছিল যেখানে ঊর্ধ্বতন ব্যবস্থাপকসহ নিরাপত্তা সেক্টরের সাথে জড়িত সমস্ত স্টেকহোল্ডারদের একত্রিত হয়েছে। এই সম্মেলনের প্রধান বিষয়গুলির মধ্যে নিরাপত্তা প্রতিষ্ঠানে নারীদের মুখোমুখি হওয়া চ্যালে-ঞ্জগুলির বিষয়ে আলোচনা অন্তর্ভুক্ত ছিল। উদাহরণস্বরূপ, লাইবেরিয়া জাতীয় পুলিশে নির্বাহী পদে কোনো নারী ছিল না এবং তত্বাবধায়কের ভূমিকায় শুধুমাত্র ১৬ জন নারী (১২৬ জন পুরুষের মধ্যে) ছিল, এবং সেই সাথে সমগ্র পুলিশ বাহিনীতে মাত্র ৭৮ জন নারী কর্মকর্তা স্নাতক পাশ করা ছিলেন। এই সংগঠন লাইবেরিয়া ন্যাশনাল পুলিশ এবং এক্সিকিউটিভ ম্যানশন প্রোটেকশন সার্ভিসেস এ দুজন ঊর্ধ্বতন নারী কর্মকর্তার নিয়োগের জন্য লবিং করতে সফল হয়েছিল। তদের মধ্যে একজন বর্তমানে লাইবেরিয়া ন্যাশনাল পুলিশে তৃতীয় ঊর্ধ্বতন পদে রয়েছেন।

উৎস: 'দেশের বার্ষিক প্রতিবেদনের বিশ্লেষণ', (UN Women, ২০১৬)। (অপ্রকাশিত)।

প্রতিফলিত করা উচিত। তাছাড়া, কাঙ্খিত প্রভাব ফেলতে তাদের পর্যাপ্ত পরিমাণে সংস্থান এবং পুলিশের ঊর্ধ্বতন এবং নির্বাহী নেতৃত্ব দ্বারা সমর্থিত হওয়া উচিত।বক্স-১০ এ লাইবেরিয়ার পুলিশের একটি যৌথ প্রচেষ্টা কীভাবে নারী কর্মকর্তাদের ইতিবাচক অগ্রগতিকে প্রভাবিত করেছে তার একটি উদাহরণ প্রদান করা হয়েছে:

**বক্স -১১**

**দক্ষিণ পূর্ব ইউরোপে নারী পুলিশ কর্মকর্তাদের নেটওয়ার্ক (WPON)**



আরেকটি ইতিবাচক উদাহরণ হল উইমেন পুলিশ অফিসার নেটওয়ার্ক ইন সাউথ ইস্ট ইউরোপ (ডব্লিউপিওএন) যারা ২০১৩ সাল পর্যন্ত তাদের সময়কালে লিঙ্গ সমতা এবং পুলিশিং সম্পর্কিত বিষয়ে অঞ্চলের পুলিশ পরিষেবাগুলির জন্য একটি প্রভাবশালী উপদেষ্টা সংস্থা এবং নেটওয়ার্ক প্রতিষ্ঠা করতে সক্ষম হয়েছিল। এই বিষয়ে, WPON খুব দরকারী 'পুলিশ পরিষেবাগুলিতে নিয়োগ, নির্বাচন এবং নারীদের পেশাদার উন্নয়নের উপর জোর দিয়ে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য নির্দেশিকা' (২০১২) তৈরি করেছে। এই নির্দেশিকাগুলি সমস্ত স্তরের পুলিশ ব্যবস্থাপকদের জন্য একটি ম্যানুয়াল হিসাবে প্রস্তুত করা হয়েছে, বিশেষ করে যারা শিক্ষা, মানবসম্পদ এবং জনসংযোগের জন্য দায়ী বিভাগগুলিতে কাজ করছেন, বা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অন্যান্য কর্মকর্তা এবং পুলিশ যারা নিয়োগ, ভর্তি, বাছাই এবং পেশাদার উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করেন। তারা সহজ এবং সাশ্রয়ী ব্যবস্থার একটি সেট প্রস্তাব করেছে, যা পুলিশ পরিষেবাগুলিকে আরও যোগ্য নারীদের আকৃষ্ট করতে এবং ধরে রাখতে সাহায্য করবে এবং লিঙ্গ সমতা নিশ্চিত করার প্রক্রিয়াকে এগিয়ে নিয়ে যাবে করবে।

উৎস: 'Guidelines for Gender Sensitive Policing, with an Emphasis on Recruitment, Selection and Professional Development of Women in Police Services', The Women Police Officers Network in South East Europe (WPON)- South Eastern and Eastern Europe Clearinghouse for the Control of Small Arms and Light Weapons (SEESAC, 2012), see: https://www.seesac.org/f/tmp/files/publication/812.pdf

## অভ্যন্তরীণ লিঙ্গ মূল্যায়ন

DCAF-এর মতে, লিঙ্গ সমতার জন্য বাধা এবং প্রবেশের (সূচনা) পয়েন্টগুলির একটি অভ্যন্তরীণ মূল্যায়ন করা লিঙ্গ সংবেদনশীল পুলিশিংয়ের দিকে রূপান্তরিত করার প্রথম পদক্ষেপ হওয়া উচিত। অভ্যন্তরীণ লিঙ্গ মূল্যায়ন নিম্নলিখিত বিষয়গুলিতে সহায়তা করতে পারে:

- দক্ষতা, জ্ঞান, আদেশ, নীতি এবং পদ্ধতির পরিপ্রেক্ষিতে লিঙ্গ সম্পর্কিত সমস্যাগুলি মোকাবেলা করার জন্য ইতোমধ্যে আপনার কাছে যে প্রাতিষ্ঠানিক সম্পদ রয়েছে তা সনাক্ত করুন;

- আপনি যে সম্প্রদায়গুলিকে সেবা প্রদান করেন সেই সম্প্রদায়ের নারী, পুরুষ, মেয়ে এবং ছেলেদের চাহিদা মেটাতে কী ভালভাবে কাজ করছে, এবং কী করে নি তা চিহ্নিত করুন;




- প্রশিক্ষণ এবং টুলস (সরঞ্জামের) চাহিদা চিহ্নিত করুন;
- অগ্রগতি নিরীক্ষণ এবং মূল্যায়ন করার জন্য বেইজ লাইন তথ্য সংগ্রহ করুন;
- চমৎকার কাজের পরিস্থিতি এবং ন্যায্য সুযোগ নিশ্চিত করার জন্য আপনার প্রতিশ্রুতি কর্মীদের সামনে প্রদর্শন করুন;
- কেন পুরুষ ও নারী কর্মীরা চলে যায় তা বোঝার চেষ্টা করুন;
- নারী ও পুরুষের সমান নিয়োগ, ধরে রাখা এবং অগ্রগতি সমর্থন করার জন্য বিদ্যমান ভাল অনুশীলনগুলি চিহ্নিত করুন;
- স্থানীয় সম্প্রদায়, সরকার এবং অন্যান্য স্টেকহোল্ডারদের কাছে মানবাধিকার এবং লিঙ্গ সমতার নিশ্চিত করার জন্য আপনার প্রতিশ্রুতি প্রদর্শন করুন;
- সম্প্রদায়, বেসরকারী সংস্থা (এনজিও) এবং পরিপূরক পরিষেবা প্রদানকারীদের সাথে অংশীদারিত্ব জোরদার করুন;
- আরও লিঙ্গ সংবেদনশীল হতে বাস্তবসম্মত লক্ষ্য এবং ব্যবহারিক কৌশল উন্নয়ন করুন।

এই হ্যান্ডবুকে লিঙ্গ - সংবেদনশীল পুলিশিংয়ের জন্য বাধা এবং প্রবেশের (সুচনা) পয়েন্টগুলির অভ্যন্তরীণ মূল্যায়ন বিবেচনা করার জন্য DCAF এর *পুলিশ, সশস্ত্র বাহিনী এবং বিচার সেক্টরের জন্য লিঙ্গ স্ব-মূল্যায়ন গাইড* (২০১১) সুপারিশ করেছে।

# লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য তথ্য সংগ্রহ, বিশ্লেষণ এবং ব্যবহার

## লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য জনগণের আস্থার সূচক (পাবলিক কনফিডেন্স ইন্ডিকেটর)

**একটি অভ্যন্তরীণ লিঙ্গ মূল্যায়ন সম্পন্ন হলে, পুলিশ সঠিক কাজ করছে কিনা এবং VAWG এর প্রসারে এর প্রভাব পরিমাপের জন্য একটি বেইজ লাইন তথ্য পেতে পারে।** জনসাধারণের আস্থা VAWG-এর প্রতিক্রিয়া জানাতে পুলিশ কতটা কার্যকর হবে সেই প্রক্রিয়ায় একটি মুখ্য ভূমিকা পালন করবে কারণ এটি অপরাধ এবং সহিংসতার রিপোর্ট করতে পুলিশকে জড়িত করার জন্য জনসাধারণের ইচ্ছা পরিমাপের একটি ভাল সূচক হবে। তাই, পুলিশকে সেই অনুযায়ী বেইজ লাইন এবং তথ্য সংগ্রহের পদ্ধতিগুলি পরিকল্পনা করা উচিত, যাতে তারা জানরে পারে যে তারা VAWG-এর ব্যাপকতাকে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য সঠিক পথে রয়েছে কিনা।

**একটি পুলিশ সংস্থার প্রতি জনগণের আস্থা পরিমাপের জন্য অসংখ্য মডেল রয়েছে। উদাহরণস্বরূপ, স্ট্যানকো এবং** ব্র্যাডফোর্ড **পুলিশ সিস্টেমগুলিকে এমন তথ্য সংগ্রহ করার পরামর্শ প্রদান করেছেন যা নিম্নলিখিত গুণগত সূচকগুলিতে প্রতিক্রিয়া জানাবে: ক) পুলিশের কার্যকারিতার উপলব্ধি; খ) ব্যক্তিগত চিকিৎসার ক্ষেত্রে ন্যায্যতা; গ) সম্প্রদায়ের সাথে পুলিশের সম্পৃক্ততার স্তর/মাত্রা এবং ঘ) স্থানীয় বিশৃঙ্খলা সম্পর্কে স্থানীয় জনগণের উদ্বেগ কারণ এগুলির পুলিশের প্রতি ‹সামগ্রিক› আস্থার উপর দৃঢ়ভাবে উল্লেখযোগ্য প্রভাব রয়েছে।**[৬৬]

> *লিঙ্গ বিশ্লেষণ হল লিঙ্গ ভূমিকা, ক্রিয়াকলাপ, চাহিদা, সুযোগ এবং অধিকার/এনটাইটেলমেন্টের পার্থক্যগুলি নির্দিষ্ট পরিস্থিতিতে বা প্রসঙ্গে পুরুষ, নারী, মেয়ে এবং ছেলেদের কীভাবে প্রভাবিত করে তার একটি সমালোচনামূলক পরীক্ষা।*

যাইহোক, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের উদ্দেশ্যে, **স্ট্যানকো** এবং ব্র্যাডফোর্ডের প্রস্তাবিত গুণগত সূচকগুলিকে নারী এবং মেয়েদের নিরাপত্তার চাহিদাকে প্রভাবিত করে এমন বিভক্তকারী কারণগুলির একটি লিঙ্গ-সংবেদনশীল বিশ্লেষণের জন্য আরও বিচ্ছিন্নতার প্রয়োজন হবে।

নীচের বক্স-১২-তে উদাহরণ দেওয়া হয়েছে যে কীভাবে **স্ট্যানকো** এবং ব্র্যাডফোর্ডের (২০০৯) পুলিশ সংস্থার প্রতি জনগণের আস্থার চারটি পদক্ষেপকে আরও আলাদা করা যেতে পারে যাতে VAWG-এর প্রতিক্রিয়ায় পুলিশের কর্মক্ষমতা নিরীক্ষণের জন্য আরও অধিক লিঙ্গ-সংবেদনশীল বিশ্লেষণ নিশ্চিত করা যায়:

এখানে উল্লেখ্য যে পুলিশের কর্মক্ষমতা ব্যবস্থাগুলি জটিল এবং বহুমাত্রিক তাই হ্যান্ডবুকের সমস্ত সুপারিশকৃত সূচকগুলিকে সম্পূর্ণরূপে এবং বিচ্ছিন্নভাবে দেখার পরিবর্তে একে অপরের সাথে একত্রে বিবেচনা করা উচিত।

৬৬Stanko, E.A., and Bradford, B. (2009), “Beyond Measuring ‘How Good a Job’ Police Are Doing: The MPS Model of Confidence in Policing”, *Policing*, Volume 3, Number 4, pp. 322–330. Oxford University Press.

**বক্স ১২**

| পুলিশের প্রতি জনগণের আস্থা[৬৭] | পুলিশের কার্যকারিতার উপলব্ধি | ব্যক্তিগত চিকিৎসার ন্যায্যতা | স্থানীয় বিশৃঙ্খলা সম্পর্কে স্থানীয় জনগণের উদ্বেগ | সম্প্রদায়ের সাথে পুলিশের সম্পৃক্ততার স্তর |
|---|---|---|---|---|
| **গুণগত সূচক**<br>যেখানে সম্ভব বয়স এবং অন্যান্য আর্থ-সামাজিক চলক দ্বারা বিচ্ছিন্ন | পুলিশ সেবায় নারী ও মেয়েদের আত্মবিশ্বাসের মাত্রা বৃদ্ধি পেয়েছে<br>অপরিহার্য সেবা অংশীদারদের দ্বারা পুলিশ রেফারেল এর কার্যকারিতা উপলব্ধি বৃদ্ধি | সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং/অথবা পরিবার রিপোর্ট করছে যে তাদের দ্বিতীয়বার সহিংসতার শিকার হবার মাত্রা কমেছে[৬৮]<br>VAWG-এর ক্ষেত্রে পুলিশ ফার্স্ট রেসপন্ডারদের বিরুদ্ধে অভিযোগ কমানো | সহিংসতার শিকার/ বেঁচে যাওয়া এবং/অথবা পরিবারের সন্তুষ্টি বৃদ্ধি পেয়েছে যারা মনে করে যে তাদের অংশগ্রহণ অর্থবহ ছিল এবং এর ফলে তারা নিরাপদ বোধ করে | পুলিশের প্রয়োজনীয় পরিষেবাগুলিতে CSO-দের আস্থার মাত্রা বৃদ্ধি পেয়েছে |
| **পরিমাণগত সূচক**<br>প্রযোজ্য ক্ষেত্রে বয়স এবং অন্যান্য আর্থ-সামাজিক চলক দ্বারা বিচ্ছিন্ন | উপযুক্ত অত্যাবশ্যক পরিষেবা প্রদানকারীর কাছে রেফারেল এর সংখ্যা বৃদ্ধি<br>সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের শতকরা হার যাদের বিশেষজ্ঞ VAWG পরিষেবা গ্রহন করতে হয়েছিল এবং যারা সমস্ত ধরণের নির্যাতনের সম্পূর্ণ ভাবে বন্ধের জন্য রিপোর্ট করতে পারে | ন্যায়বিচারের ধারাবাহিকতার বিভিন্ন পর্যায়ে (প্রাথমিক যোগাযোগ, তদন্ত, প্রাক-বিচার ইত্যাদি) দ্বারা বিচ্ছিন্ন ক্ষতির হার হ্রাস | সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পুলিশে VAWG সম্পর্কে রিপোর্ট করার হার বৃদ্ধি<br>পৃথক অপরাধীদের দ্বারা সংঘটিত পুনরাবৃত্তিমূলক অপরাধের সংখ্যা হ্রাসের শতকরা হার | VAWG সম্পর্কে তথ্য প্রদানের জন্য পুলিশের সাথে অংশীদারিত্বকারী সম্প্রদায়ের সংগঠনের সংখ্যা।<br>স্কুল, অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান এবং সম্প্রদায়ের মধ্যে পুলিশের কাছ থেকে VAWG সম্পর্কে সচেতনতা প্রাপ্ত তরুণদের সংখ্যা |

**তাছাড়া, কর্মক্ষমতা পরিমাপের ক্ষেত্রে বেইজ লাইন তথ্যের অপরিহার্য প্রয়োজনীয়তা থাকলেও, তথ্য সংগ্রহ ব্যবস্থাকে VAWG এর মামলা অনুসরণ করার ক্ষেত্রে ভূমিকা পালনের জন্য পুলিশের উচিত সহিংসতার শিকার শনাক্তকারী অন্যান্য পদ্ধতি চালু করার কথা বিবেচনা করা।**[৬৯]

IPV-এর ক্ষেত্রে, অনন্য শিকার শনাক্তকারীসহ পুলিশের তথ্য সংগ্রহের ব্যবস্থাগুলি VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং নিরাপত্তা নিশ্চিত করার পাশাপাশি পুনরাবৃত্তিমূলক অপরাধ প্রবণতা উপর নজর রাখার ক্ষেত্রে সক্রিয় ভাবে সুরক্ষা ব্যবস্থাগুলির প্রভাব পর্যবেক্ষণ করতে পারে। এই বিষয়ে, রলিংস এবং টেলর (২০০৮) বিশ্বাস করেছেন যে সময়ের সাথে সাথে অপরাধীদের চিহ্নিত করার ফলে পুনরাবৃত্তিমূলক অপরাধকে সঠিকভাবে পরিমাপ করা যাবে এবং অন্যান্য তথ্য যেমন নারী ও মেয়েদের দ্বারা ক্ষতির পরিমাণ (অ্যাট্রিশন রেট) বা পুলিশ সেবা সম্পর্কে ধারণার সাথে তুলনা করা যাবে।[৭০]

অপরাধীদের আচরণ পর্যবেক্ষণের জন্য পুলিশের তথ্য সংগ্রহের পরিপ্রেক্ষিতে, যুক্তরাজ্যের সাম্প্রতিক অভিজ্ঞতা পুলিশকে লক্ষ্য নির্ধারণের জন্য নিম্নলিখিত সূচকগুলি চালু করার পরামর্শ দিয়েছে[৭১]:

- আইপিভির সিরিয়াল অপরাধীদের সংখ্যা হ্রাস;
- পুনরাবৃত্তিমূলক এবং নতুন ভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সংখ্যা হ্রাস;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং শিশুদের ক্ষতি হ্রাস;

*লিঙ্গ এবং অন্যান্য আন্তসম্পর্কিত কারণগুলির দ্বারা বিচ্ছিন্ন নয় এমন তথ্য প্রতিনিধিত্বমূলক নয়।*

৬৭As per Stanko, E.A., and Bradford, B (2009).
৬৮জাতিসংঘের হালনাগাদকৃত মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থায় দ্বিতীয়বার নিপীড়নকে এমন ভাবে সংজ্ঞায়িত করা হয়েছে যে নিপীড়ন সহিংসতার শিকারের প্রত্যক্ষ ফলাফল হিসাবে নয় বরং সহিংসতার শিকারের প্রতি প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের অপর্যাপ্ত প্রতিক্রিয়ার মাধ্যমে ঘটে।
৬৯Measuring police performance in domestic and family violence (2008). Rollings, K. and Taylor, N. for Trends & issues in crime and criminal justice No. 367 December 2008. Australian Government. Australian Institute of Criminology.
৭০ Ibid.
৭১ Taken from 'Evaluation of the Drive Project – A Three-year Pilot to Address High-risk, High-harm Perpetrators of Domestic Abuse' (Centre for Gender and Violence Research, University of Bristol, 2019).

- উচ্চ-ঝুঁকিপূর্ণ, ও IPV এর উচ্চ-ক্ষতির সম্মুখিনসহ বসবাসকারী পরিবারগুলিকে সুরক্ষিত করতে দ্রুত প্রতিক্রিয়া জানানো।

নীচের বক্স-১৩ তে পারিবারিক এবং গার্হস্থ্য সহিংসতার (FDV) অপরাধীদের আচরণের উপর অস্ট্রেলিয়া সরকার এর নেতৃত্বাধীন সমাজ সেবা বিভাগের একটি আকর্ষণীয় বেইজ লাইন গবেষণার (অধ্যয়নের) উদাহরণ প্রদান করা হয়েছে। বেইজ লাইন গবেষণাটিতে অপরাধীর আচরণ চিহ্নিত করতে পুলিশ ব্যবহার করতে পারে এমন একাধিক সূচক তৈরি করা হয়েছে। অপরাধী-কেন্দ্রিক তদন্ত, যা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের মূল উপাদান, জানানোর জন্য/অবহিত করার জন্য সংগৃহীত বেইজ লাইন তথ্য মৌলিক হবে।

বক্স -১৩

**অপরাধী-কেন্দ্রিক তদন্তকে অবহিত করতে তথ্য সংগ্রহ করা**

পরিবার এবং গার্হস্থ্য সহিংসতার (FDV) সাথে জড়িত অপরাধীদের মনোভাব এবং আচরণের পরিবর্তন লক্ষ্য করে জাতীয় হস্তক্ষেপের ফলাফলগুলি পর্যবেক্ষণ এবং পরিমাপ করার জন্য অস্ট্রেলিয়ায় সমাজ সেবা বিভাগ ২০১৫-২০১৬-সালের জন্য **'ন্যাশনাল আউটকামস স্ট্যান্ডার্ডস ফর পারপ্রিট্রেটরস ইন্টারভেনশনস (এনওএসপিআই)› শীর্ষক একটি বেইজ লাইন প্রতিবেদন প্রকাশ করেছিল।**

প্রতিবেদনটি অপরাধী ব্যবস্থার কার্যকারিতার উপর দেশব্যাপী তথ্য সংগ্রহের উপর ভিত্তি করে তৈরি করা হয়েছিল, যার মধ্যে অন্তর্ভুক্ত ছিল অপরাধীদের আটকে রাখা এবং তাদের সহিংসতার পরিণতির মুখোমুখি হওয়া নিশ্চিত করার পাশাপাশি আচরণ ও মনোভাবের পরিবর্তনের জন্য তাদের সাথে কাজ করার জন্য পরিষেবা প্রদানের মাধ্যমে একটি প্রতিরোধমূলক দৃষ্টিভঙ্গি। NOSPI VAWG-এর প্রতি তাদের প্রতিক্রিয়া পর্যাপ্তভাবে জানানোর বিষয়টি নিশ্চিত করতে পুলিশ ব্যবহার করতে পারে এমন একাধিক সূচক ব্যবহার এবং সুপারিশ করেছে। এদের মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি অন্তর্ভুক্ত:

- রিপোর্ট করা FDV ঘটনার অনুপাত যেখানে সহিংসতার শিকারের ঝুঁকি মূল্যায়ন করা হয়েছিল;
- পুলিশে রিপোর্ট করা FDV ঘটনার অনুপাত যেখানে সহিংসতার শিকারকে মূল্যায়নের জন্য উপযুক্ত পরিষেবা বা কর্মসূচি রেফার করা হয়েছিল;
- FDV ঘটনাগুলিতে অংশগ্রহণ করা পুলিশের অনুপাত যেখানে পুলিশ সহিংসতার শিকারের পক্ষে FDV হস্তক্ষেপের আদেশ জারি করেছিল
- বিশেষজ্ঞ যৌন নিপীড়ন পরিষেবাগুলিতে রেফার করা হয়েছে এমন যৌন নিপীড়নের অভিযোগকারীর অনুপাত;
- বিজ্ঞপ্তিতে FDV রেকর্ড করা হয়েছে এমন শিশু সুরক্ষা বিজ্ঞপ্তিগুলির অনুপাত;
- নারীদের (এবং তাদের সন্তানদের) অনুপাত যারা নিরাপদ বোধ করেছিল ক) আগে এবং খ) অপরাধীর সাথে কাজ করার পরে;
- ১২ মাসের মধ্যে একই অপরাধীর দ্বারা পুনরায় সহিংসতার শিকার হওয়া FDV-এর সহিংসতার শিকার নারীদের অনুপাত;
- ১২ মাসের মধ্যে পুনরায় সহিংসতার শিকার হওয়া ও FDV-এর অভিজ্ঞতা প্রাপ্ত শিশুদের অনুপাত;
- FDV ঘটনার অনুপাত যেখানে অপরাধীকে মূল্যায়নের জন্য উপযুক্ত পরিষেবা বা কর্মসূচির কথা উল্লেখ করা হয়েছিল;
- FDV বা যৌন ঘটনাগুলির অনুপাত যেখানে পুলিশে রিপোর্ট করা হয়েছে বা রেকর্ড করা হয়েছে কিংবা অভিযোগ আনা হয়েছে (প্রযোজ্য ক্ষেত্রে);
- অপরাধীদের অনুপাত যারা প্রথমবার অপরাধী;
- FDV অপরাধীদের অনুপাত যারা একটি আচরণ পরিবর্তন কর্মসূচী (বা অন্য অপরাধীদের হস্তক্ষেপ) সম্পূর্ণ করার ১২ মাসের মধ্যে আরেকটি নতুন FDV বা যৌন অপরাধ সংগঠিত করেছে।

* উৎস: 'National Outcome Standards for Perpetrator Interventions (NOSPI) Baseline Report 2015-2016', Australian Department for Social Sciences, see: https://plan4womenssafety.dss.gov.au/wp-content/uploads/2018/08/nationaloutcomestandardsreportweb.pdf

## VAWG এর ব্যাপকতা প্রতিষ্ঠা করা

VAWG-এর ব্যাপকতা সম্পর্কে তথ্য সংগ্রহ করা একটি কঠিন কাজ কিন্তু এটি স্বার্থক অনুশীলন, কারণ এর জন্য একটি প্রদত্ত জনসংখ্যার মধ্যে নার এবং মেয়েদের সহিংসতার অভিজ্ঞতা সম্পর্কে অনুসন্ধানের জন্য তাদের **প্রতিনিধিত্বশীল** নমুনা সমীক্ষার প্রয়োজন হয়।

এই হ্যান্ডবুকের উদ্দেশ্যে, VAWG-এর ব্যাপকতাকে একটি পরিসংখ্যানগত ধারণা হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে যা লিঙ্গ-ভিত্তিক সহিংসতার সংখ্যা উল্লেখ করে যা এই ধরনের কাজের হুমকি, জোরপূর্বক বা স্বেচ্ছাচারী বঞ্চনাসহ, নারী ও মেয়েদের শারীরিক, যৌন বা মানসিক ক্ষতি বা ক্ষতির কারণ হতে পারে যা একটি নির্দিষ্ট জনসংখ্যার সম্প্রদায়ের মধ্যে বা ব্যক্তিগত জীবনে ঘটতে

পারে।[৭২]

গুণমান এবং নৈতিকতার বিষয়টি যথাযথ বিবেচনা করে জনসং-খ্যা-ভিত্তিক জরিপগুলি যদি সঠিকভাবে পরিচালিত হয় তাহলে এই তথ্যগুলি VAWG-এর সাধারণতা অনুমান করার জন্য সর্বোত্তম তথ্যের উৎস হতে পারে এবং বিভিন্ন ধরণের সহিংসতার পরিধি, প্রকৃতি এবং পরিণতির উপর আলোকপাত করতে সহায়তা করতে পারে।[৭৩]

VAWG-এর ব্যাপকতা সম্পর্কে তথ্য থাকা পুলিশসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীকে VAWG-**এ প্রতিক্রিয়া জানানোর প্রচেষ্টা কাঙ্ক্ষিত প্রভাব ফেলছে কিনা সেই সম্পর্কে আরও বাস্তবসম্মত সূচক প্রদান করবে। যাইহোক, VAWG এর ব্যাপকতার তথ্য সংগ্রহ করার দায়িত্ব পুলিশের হাতে ছেড়ে দেওয়া যাবে না কারণ পুলিশ সাধারণত শুধুমাত্র তাদের কাছে রিপোর্ট করা মামলার সংখ্যা, অপরাধের আইনি শ্রেণীবিভাগ এবং (সাধারণত) শারীরিক সহিংসতার মতো তথ্য প্রদানের অবস্থানে থাকে।**




**সহিংসতার মাত্রা (ফ্রিকোয়েন্সি) এবং পরিস্থিতি, স্বাস্থ্যের উপর এর প্রভাবসহ নারী এবং (কিশোরী) মেয়েদের সহিংসতার অভিজ্ঞতা (কিন্তু সীমাবদ্ধ নয়) সম্পর্কে সমীক্ষা করা একটি অত্যন্ত সংবেদনশীল পদ্ধতি যা অন্যদের সাথে ভাগাভাগি করতে হলে প্রায়শই আস্থার প্রয়োজন হয়।**[৭৪] আস্থা একটি গুরুত্বপূর্ণ উপাদান যা সকল পুলিশ সংস্থা নারী এবং মেয়েদের উপর নির্ভর করতে পারে না, বিশেষ করে যদি তারা সংখ্যালঘু এবং/অথবা অস্পৃশ্য সম্প্রদায় থেকে আসে। ফলে, ব্যাপকতার উপর তথ্য সংগ্রহের জন্য বেশ কয়েকটি উপযুক্ত সরকারী সংস্থা এবং তাদের অংশীদারদের জড়িত করে একটি সামগ্রিক পদ্ধতির প্রয়োজন।

এই ধরনের সমীক্ষায় সহিংসতার শিকার/বেঁচে থাকা প্রত্যেক ব্যক্তির ক্ষেত্রে VAWG-এর মাত্রা (ফ্রিকোয়েন্সি) সম্পর্কে তথ্য সংগ্রহ নিশ্চিত করা বিশেষভাবে গুরুত্বপূর্ণ কারণ এটি ফৌজদারি বিচার ব্যবস্থায় তথ্য ঘাটতির শূন্যতা পূরণ করতে পারে।

'নারীর বিরুদ্ধে সহিংসতার পরিসংখ্যান তৈরির জন্য জাতিসংঘের নির্দেশিকা' (২০১৪) এই মর্মে সতর্ক করা হয়েছে যে ফৌজদারি বিচার ব্যবস্থার ক্ষেত্রে এটি খুবিই সাধারণ যে সমস্ত ভিএডব্লিউজি (VAWG)-এর তথ্য প্রতিনিধিত্বশীল হয় না কারণ সকল প্রচেষ্টা ব্যর্থ হবার পরেই কেবল সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিরা পুলিশকে জড়িত করতে চায়। সহিংসতা বন্ধ করার অন্যান্য কৌশল ব্যর্থ হয়েছে।[৭৫] নির্দেশিকায় আরও যোগ করেছে যে প্রকৃত সত্য হল সকল অপরাধের মধ্যে VAWG সম্পর্কিত অপরাধের রিপোর্ট করা হয় সবচেয়ে কম।

**তা সত্ত্বেও, পুলিশ সংস্থাগুলি এখনও তাদের কাছে রিপোর্ট করা ঘটনার সংখ্যা পরিমাপের মাধ্যমে** VAWG-এর ব্যাপকতা প্রতিষ্ঠা করার চেষ্টা করে, যা **পরিমাপ করা অনেক সহজ কারণ রেকর্ডিংয়ের ইউনিট সহিংসতার শিকার নারী বা মেয়েদের পরিবর্তে ঘটনা বা মামলা রেকর্ড করে।**[৭৬]

**এই সূচকটি কেবলমাত্র সহিংসতার মাত্রা, তীব্রতা এবং ধরণের পরিপ্রেক্ষিতে সম্পূর্ণ বিবরণ প্রদান করতেই ব্যর্থ নয়, বরং এটি ঘটনার রিপোর্টের গুণগতমান এবং ব্যাপকতার স্তরের উপর অনেক বেশি নির্ভর করে। এটি আরও জটিল নেই জন্য যে আদালতের পরিসংখ্যান প্রায়শই সীমিত হয় কারণ পুলিশ এবং প্রসিকিউটররা তাদের স্ববিবেচনামূলক ক্ষমতা ব্যবহার করে এই মামলাগুলিতে অগ্রসর হয় না এবং এটি** পুলিশ তথ্যকে প্রায়ই আদালতের তথ্য সংগ্রহের পদ্ধতির সাথে সংযুক্ত করা হয় না।[৭৭]

**যেহেতু পুলিশের ব্যাপকতা অনুমান এবং রিপোর্ট করা মামলার মধ্যে ব্যবধান কমানো লক্ষ্য নিয়ে কাজ করে তাই** VAWG **ব্যাপকতা অধ্যয়নের জন্য পুলিশ সংস্থাগুলির স্বার্থে এবং সরকারি পদ্ধতির প্রচারের জন্য** CSO **এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের সাথে কাজের সম্পর্ক স্থাপন করা উচিত।**

**তাছাড়া, ব্যাপকতার অধ্যয়ন** VAWG **সমস্যাগুলির প্রতি সামাজিক মনোভাবের উপর বিস্তৃত গবেষণা থেকে উপকৃত হতে পারে (প্রতিবেদন, সহিংসতার শিকারের দোষ, সহনশীলতা, বাধা, নীরবতা)।** এই ধরনের অধ্যয়নকে জানানোর জন্য এবং কার্যকরীভাবে ফলাফল নিশ্চিত করার জন্য সহায়ক স্টেকহোল্ডার অংশীদার হিসেবে পুলিশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। উদাহরণস্বরূপ, VAWG-এর প্রতি পুলিশসহ

৭২ VAWG is also understood to encompass, but not be limited to physical, sexual and psychological violence occurring in the family, within the general community and perpetrated or condoned by the State. See the Declaration on the Elimination of Violence Against Women (General Assembly resolution 48/104 of 20 December 1993).

৭৩ Guidelines for Producing Statistics on Violence against Women— Statistical Surveys (UN New York. Department of Economic and Social Affairs Statistics Division. 2014).

৭৪ Ibid.

৭৫ Ibid.

৭৬ Ibid.

৭৭ Ibid and see: V. Jaquier, H. Johnson and B.S. Fisher, 'Research methods, measures and ethics', in *Sourcebooks on Violence against Women*, 2nd ed., C.M. Renzetti, J.L. Edleson and R.K. Bergen, eds. (SAGE Publications, 2010)

সামাজিক মনোভাবের উপর বিস্তৃত গবেষণা, VAWG-এর চরম ধরণগুলির উপর গুণগত এবং পরিমাণগত তথ্যের বিশ্লেষণ এবং প্রচারকে শক্তিশালী করতে পারে, যেমন লিঙ্গ-সম্পর্কিত নারী হত্যা বা নারীহত্যা, যা আইপিভি ঝুঁকি মূল্যায়ন পদ্ধতি, পুলিশ সুরক্ষা এবং নিরাপত্তা ব্যবস্থা, সেইসাথে প্রতিরোধ কৌশলগুলিকে অবহিত করবে।

**যাইহোক, পর্যাপ্ত তথ্যের জন্য বৃহত্তর পরিসরে VAWG এর ব্যাপকতা অধ্যয়নের জন্য বয়স, জাতিগত এবং জাতিসত্ত্বার উৎস, অপরাধীদের অপরাধের ইতিহাস, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং অপরাধীর মধ্যে সম্পর্ক, পদ্ধতি, প্রসঙ্গ এবং উদ্দেশ্য, গ্রামীণ ও প্রান্তিক অঞ্চলে সহিংসতার প্রতিবেদন এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীদের নির্দিষ্ট গোষ্ঠীর পরিস্থিতি অন্তর্ভুক্ত করার জন্য বিশেষ যন্ত্র নেওয়া প্রয়োজন।**[৭৮] **বহিরাগত স্টেকহোল্ডারদের সাথে অংশীদারিত্বে এই ধরনের অধ্যয়নে পরিচালনা পুলিশকে কৌশলগত অংশীদারিত্ব গড়ে তোলার জন্য একটি প্ল্যাটফর্ম প্রদান করবে এবং একিই সাথে সমস্যাটিকে নিজের মনে করতে (মালিকানা) এক ধাপ এগিয়ে যেতে পারবে।**

## কার্যকর লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য পর্যবেক্ষণ এবং মূল্যায়ন

### প্রভাবের জন্য পর্যবেক্ষণ

কীভাবে একটি পুলিশ সংস্থা তার নিজস্ব কর্মক্ষমতা পরিমাপ করে এবং কীভাবে, পুলিশ নেতৃত্ব তার সদস্যদের অগ্রাধিকারের বিপরীতে সেবা প্রদানের জন্য দায়বদ্ধ করে এবং সংশ্লিষ্ট লক্ষ্যগুলি দৈনন্দিন পুলিশের কাজকে পরিচালনা করে তার অপরিহার্য উপাদান হল পর্যবেক্ষণ।

ইউএনওডিসি (২০১৪) অনুসারে, পুলিশিং অগ্রাধিকারগুলির কার্যকর বাস্তবায়ন নিশ্চিত করার জন্য তদারকি, পর্যবেক্ষণ এবং মূল্যায়ন প্রয়োজন। অপরাধ ও সহিংসতার সুযোগ এবং প্রভাব সম্পর্কে সঠিক অভিজ্ঞতামূলক তথ্য এবং অপরাধীদের জবাবদিহিতা নিশ্চিত করতে এবং জনসংখ্যার চাহিদা মেটাতে পুলিশ কতটা কার্যকর তা নিশ্চিত করার জন্য সকল কার্যকরী পদক্ষেপকে সহায়তা করতে হবে।[৭৯] ইউএনওডিসি আরও উল্লেখ করেছে যে পুলিশের অভ্যন্তরীণ পর্যবেক্ষণ এবং তদারকি ব্যবস্থার উন্নয়ন স্বচ্ছতা এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির প্রতি জবাবদিহিতার নীতির দ্বারা পরিচালিত হওয়া উচিত। VAWG-এর প্রতি সাড়া দেওয়াও এর ব্যতিক্রম নয়।

যেমনটি পূর্বে উল্লেখ করা হয়েছে, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য কর্মক্ষমতা পর্যবেক্ষণের জন্য একটি বেইজ লাইন (ভিত্তি

*আন্তঃসম্পর্কিত বিষয়গুলি নারী ও মেয়েরা কীভাবে ভিন্নভাবে সহিংসতার শিকার হয় এবং তারা কীভাবে অপরাধের শিকার হয় তার বর্ণনা প্রদান করে।*

তথ্য) প্রয়োজন যেখান থেকে প্রভাব পরিমাপ করার পাশাপাশি সাংগঠনিক বৃদ্ধি এবং উন্নয়ন পরমাপ করা যাবে। একটি সুস্পষ্ট বেইজ লাইন (ভিত্তি তথ্য) থাকলে রাষ্ট্রীয় বাধ্যবাধকতাগুলির সাথে সামঞ্জস্য রেখে পুলিশ সংস্থাগুলি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য তাদের নীতি এবং কৌশলগুলিকে আরও সঠিকভাবে নিরীক্ষণ এবং মূল্যায়ন করা শুরু করতে পারে যেমন ২০৩০ এজেন্ডা ফর সাসটেইনেবল ডেভেলপমেন্ট যা পুলিশসহ সমস্ত রাষ্ট্রের সকল সেক্টর জুড়ে লিঙ্গ সমতা অর্জন এবং নারী ও মেয়েদের ক্ষমতা-য়নের উপর জোর দিয়েছে।[৮০]

লিঙ্গ দৃষ্টিকোণকে একীভূত করা পর্যবেক্ষণ ব্যবস্থাসহ রূপান্তরমূলক লিঙ্গ-সনবেদনশীল নীতি এবং কৌশলগুলি পরিকল্পনা করার ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ অংশ হতে পারে যা প্রক্রিয়া জুড়ে সঙ্গে থাকবে।




একটি পর্যবেক্ষণ ব্যবস্থাকে একটি ক্রমাগত কার্যক্রম হিসাবে বর্ণনা করা যেতে পারে যার লক্ষ্য প্রা-থমিকভাবে ব্যবস্থাপক এবং প্রধান স্টেকহোল্ডারদের নিয়মিত মতামত প্রদান করে এবং ফলাফল অর্জনে প্রাথমিক অগ্রগতি বা ব্যর্থতা সম্পরকে ইঙ্গিত প্রদান করে।[৮১] তাছাড়া, পর্যবেক্ষণ বলতে নীতি ও কৌশল বাস্তবায়নের প্রক্রিয়াগু-লির উপর লিঙ্গ-সংবেদনশীল এবং আন্তসম্পর্কিত তথ্য সংগ্রহ এবং বিশ্লেষণ করা এবং সংশোধনমূলক

৭৮ Recommendations for action against gender-related killing of women and girls (UNODC and UN Women, 2015).

৭৯ Handbook on Effective Prosecution Responses to Violence against Women and Girls (UN Women, UNODC 2014)।

৮০ See 'Integrating Gender in Project Design and Monitoring for the Security and Justice Sector', Tool 15: *Gender and Security Toolkit* (DCAF, OSCE/ODIHR and UN Women, 2019)।

৮১ Nicola Popovic. 'Security Sector Reform Assessment, Monitoring and Evaluation and Gender' in *Gender and Security Sector Reform Toolkit*., Eds. Megan Bastick and Kristin Valasek (Geneva: DCAF, OSCE/ODIHR, UN-INSTRAW, 2008).

ব্যবস্থার সুপারিশ করা বোঝায়।[৮২]

পর্যবেক্ষণে মতামত প্রদান এবং এর প্রস্তাবিত সংশোধনমূলক ব্যবস্থায় সব সময় জেন্ডার-সংবেদনশীল বাজেট পর্যালোচনা বিবেচনা করা উচিত। এ বিষয়ে ডিসিএএফ-এর ‹টুলস-১৫: নিরাপত্তা ও বিচার খাতের জন্য প্রকল্প পরিকল্পনা এবং পর্যবেক্ষণে লিঙ্গকে সংযুক্ত করা' (২০১৯) এ নিম্নলিখিত মূল প্রশ্নগুলির সুপারিশ করেছে: যেভাবে প্রকল্পের মধ্যে নারী, মেয়ে, পুরুষ এবং ছেলেদের বিভিন্ন গোষ্ঠীর জন্য আর্থিক এবং বস্তুগত সম্পদ বরাদ্দ করা হয়েছে – সেইভাবে বাজেট কি লিঙ্গ সমতাকে এগিয়ে নিয়ে যায়?

- লিঙ্গ সমতা এবং নারীর ক্ষমতায়নের জন্য কি নির্দিষ্ট কোন তহবিল লক্ষ্য নির্ধারণ করা হয়েছে?
- বাজেট কি কোনো ধরনের বৈষম্যকে স্থায়ী করতে পারে?
- বাজেট কি এমনভাবে পরিকল্পনা করা হয়েছে যাতে নারী, পুরুষ, ছেলে ও মেয়েরা এই প্রকল্পে অবদান রাখতে এবং উপকৃত হতে পারে?

সাধারণভাবে, পর্যবেক্ষণের ব্যবস্থাতে নিয়মিত এবং সাশ্রয়ী মতামতকে অন্তর্ভুক্ত করা উচিত যাতে শিক্ষণের চক্র জুড়ে শেখার উদ্দীপনা থাকে। VAWG-এর ক্ষেত্রে, প্রাতিষ্ঠানিক শিক্ষার প্রক্রিয়াগুলিতে নারী অধিকার সংস্থা এবং অন্যান্য সম্প্রদায় স্তরের অংশীদারদের মতো গুরুত্বপূর্ণ স্টেকহোল্ডারদের জড়িত করা নারীদের মতামত প্রদান এবং জ্ঞানকে শক্তিশালী করবে এবং স্বীকৃতি দেবে, সেইসাথে নারীদের অভিজ্ঞতার সত্যতাকে সমর্থন করবে এবং VAWG ঘিরে থাকা নীরবতার সংস্কৃতি ভেঙে দেবে।[৮৩]

তাছাড়া, বহিরাগত স্টেকহোল্ডারদের, যেমন নারীর অধিকার নিয়ে কাজ করা সিএসও (CSO) ভিএডব্লিউজি (VAWG) এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতি যে আস্থা রয়েছে তা প্রাতিষ্ঠানিক শিক্ষার জন্য গুণগতমাণ সম্পন্ন তথ্যে প্রাপ্তিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। যেমনটি পূর্বে উল্লেখ হয়েছে, নারী অধিকার নিয়ে কাজ করা সিএসও (CSO) এর সাথে জড়িত হওয়া, উদাহরণস্বরূপ, পুলিশে রিপোর্ট করার পরে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সন্তুষ্টি পরিমাপ করার জন্য জরিপ পরিচালনার জন্য বিশেষভাবে গুরুত্বপূর্ণ হবে। নারী সংগঠনগুলি, উদাহরণস্বরূপ, পুলিশের চেয়ে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের মধ্যে আরও বেশি আস্থা গড়ে তোলার জন্য কাজ করবে এবং এইভাবে গুণগতমাণ সম্পন্ন তথ্য সংগ্রহ করার জন্য পুলিশ আরও ভাল অবস্থানে থাকবে।

৮২ Ibid.

৮৩ 'Guidance on Monitoring and Evaluation for Programming on Violence against Women and Girls', (Guidance Note 3, Department for International Development - DFID - practice paper).



সেবার সন্তুষ্টির জন্য ভিএডব্লিউজি-এর (VAWG) সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জরিপ করা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সূচক প্রদান করবে তবে কোনও ক্ষতি না হয় তা নিশ্চিত করার জন্য যথাযথ সুরক্ষার সাথে এই জরিপ করা উচিত।[৮৪]

লিঙ্গ-সংবেদনশীল পর্যবেক্ষণ ব্যবস্থা উন্নয়নের বিষয়ে আরও তথ্যের জন্য, এই হ্যান্ডবুক জেনেভা-ভিত্তিক DCAF দ্বারা প্রস্তুতকৃত নিম্নলিখিত নথিগুলি সুপারিশ করেছে:

- টুল ১১: জেন্ডার এব এসএসআর টুলকিটের সিকিউরিটি সেক্টর রিফর্ম অ্যাসেসমেন্ট, মনিটরিং এবং ইভালুয়েশন এবং জেন্ডার (২০০৮);
- টুল ১৫: জেন্ডার অ্যান্ড সিকিউরিটি টুলকিটের **ইন্টিগ্রেটিং জেন্ডার ইন প্রজেক্ট ডিজাইন এন্ড মনিটরিং ফর দ্য সিকিউরিটি অ্যান্ড জাস্টিস সেক্টর** (২০১৯)।

## লিঙ্গ-সংবেদনশীল যোগ্যতা: রূপান্তরের চাবিকাঠি

**হ্যান্ডবুক জুড়ে যেমন আলোচনা করা হয়েছে, লিঙ্গ-সংবেদনশীল নীতিগুলি এমন জ্ঞান, দক্ষতা এবং মনোভাব প্রয়োগের উপর ভিত্তি করে তৈরি করা হয় যা লিঙ্গ-সংবেদনশীল বা লিঙ্গ-সহনশীল দক্ষতা যা যারা ক্ষমতাহীনদের ক্ষমতায়ন করতে এবং এই প্রক্রিয়ায় বৈষম্যহীনতা এবং ‹কোন-ক্ষতি না করার› নীতিকে সম্মান করে বিস্তৃত স্টেকহোল্ডারদের সাথে আস্থা ও কাজের সম্পর্ক গড়ে তুলতে সক্ষম। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর জন্য প্রয়োজনীয় দক্ষতার মালিকানা এবং সহনশীলতা নিশ্চিত করার জন্য পুলিশের অখণ্ডতার জন্য প্রাতিষ্ঠানিক আচরণবিধি মেনে চলা নিশ্চিত করার জন্য জবাবদিহিতার ব্যবস্থা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে।**

**এইভাবে, এই তিনটি উপাদান দৃঢ়ভাবে সংযুক্ত এবং তাদের ব্যবহারিক প্রয়োগের ফলে সম্মতি প্রদানের পাশাপাশি কর্মক্ষমতা ফলাফলগুলিতে পারস্পরিক-ভাবে শক্তিশালী করে (চিত্র-৩)। নিম্নলিখিত বিভাগটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য পর্যবেক্ষণ এবং**

৮৪ 'প্রত্যেকের ব্যবসা: গার্হস্থ্য নির্যাতনের প্রতি পুলিশের প্রতিক্রিয়া উন্নত করা' (Her Majesty's Inspectorate of Constabulary – HMIC – 2014) থেকে নেওয়া সুপারিশ।

**চিত্র ৩**

**লিঙ্গ-প্রতিক্রিয়াশীল দক্ষতা**




**মূল্যায়ন (M&E) কর্মক্ষমতার উপর বিশেষভাবে দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে।**

**এই বিভাগটিতে পুলিশি সততার জন্য আচরণবিধি মেনে চলার ক্ষেত্রে জবাবদিহিতার ব্যবস্থা নিয়ে বিস্তারিত আলোচনা করা হবে না কারণ বিষয়টি এই হ্যান্ডবুকের পরিধির বহির্ভূত। তা সত্ত্বেও, পুলিশের সততার জন্য আচরণবিধি মেনে চলার ক্ষেত্রে জবাবদিহিমূলক ব্যবস্থা সম্পর্কে প্রাথমিক সুপারিশগুলি পূর্ববর্তী বিভাগে আলোচনা করা হয়েছে।**

**একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থা নিশ্চিত করার জন্য, লিঙ্গ-সংবেদনশীল দক্ষতাগুলি সংস্থা জুড়ে তাদের সামঞ্জস্যপূর্ণ প্রয়োগ নিশ্চিতের জন্য পর্যবেক্ষণ করা উচিত। ঊর্ধ্বতন পুলিশ ব্যবস্থাপকদের মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য কর্মদক্ষতা মূল্যায়নের একটি অভিন্ন ব্যবস্থা প্রদানের বিষয়টি বিবেচনা করা উচিত যার মধ্যে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার প্রয়োগ অন্তর্ভুক্ত থাকবে।**

**কর্মদক্ষতা মূল্যায়নকে শুধুমাত্র জবাবদিহিতা নিশ্চিত করার একটি মাধ্যম হিসেবে নয়,** বরং **শিক্ষণের হাতিয়ার হিসেবে দেখা উচিত।** লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য শেখার দক্ষতার স্থিতিস্থাপকতাকে সক্রিয়ভাবে সমর্থন করার জন্য ঊর্ধ্বতন পুলিশ নেতৃত্বের দ্বারা মধ্যম ব্যবস্থাপকদের উতসাহিত করা উচিত।

উদাহরণস্বরূপ বলা যায় যে, দলের নেতারা সফল এবং অসফল- উভয় ধরণের তদন্তের উপর একটি সম্পূর্ণ অনুসন্ধানমূলক সারাংশ উপস্থাপন করতে পারেন। এর মধ্যে প্রাথমিক ভাবে সাড়া দেওয়া থেকে শুরু করে গোয়েন্দা বা পরিদর্শক এবং তত্ত্বাবধায়ক পর্যন্ত মামলার সাথে জড়িত সকল সদস্যকে অন্তর্ভুক্ত করা উচিত। লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার উল্লেখ করে কী সঠিক করা হয়েছে এবং পরের বার কী উন্নতি করা যেতে পারে তা নিয়ে আলোচনা করতে সারাংশ উপস্থাপনের (ডিব্রিফের) সময় প্রতিক্রিয়া জানানো প্রত্যেক কর্মকর্তার জড়িত থাকার একটি কালানুক্রমিক (পর্যা- য়নুক্রমিক) পর্যালোচনা অন্তর্ভুক্ত থাকতে পারে। কর্ম পরবর্তী প্রতিবেদন অনুসরণ করা একটি দল এবং ইউনিটের শেখার এবং উন্নতির জন্য সেরা পদ্ধতিগুলির মধ্যে একটি হতে পারে। পুলিশ সংস্থার উপর নির্ভর করে, কৌশলগত স্তরের মতামত প্রদানের জন্য সময়ে সময়ে মধ্যম পর্যায় থেকে ঊর্ধ্বতন পুলিশ ব্যবস্থা- পকদের এতে অন্তর্ভুক্ত করা যেতে পারে।

**কর্মদক্ষতা মূল্যায়ন, যাতে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতা অন্তর্ভুক্ত রয়েছে, করার সময়** কোন ধরনের VAWG কৌশল কার্যকর হয়েছে এবং **কীভাবে এবং কেন তা স্পষ্ট করা উচিত**। একই সময়ে, এই ধরনের দক্ষতার পর্যবেক্ষণ লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর প্রভাবকে সীমিত করার ক্ষেত্রে বিদ্যমান বাধাগুলি চিহ্নিত করতে সাহায্য করবে যাতে সেগুলি সময়মত সংশোধন করা যায়।

**চিহ্নিত যেকোন বাধার সম্ভবত প্রাতিষ্ঠানিক জবাবদিহি- তার ব্যবস্থার দুর্বলতার সাথে সরাসরি যোগসূত্র থাকবে যা ‘অসহনশীলতা’ নীতিসহ পুলিশের আচরণবিধি মেনে চলা নিশ্চিত করার জন্য**

**চিহ্নিত যে কোন বাধার সম্ভবত প্রাতিষ্ঠানিক জবাবদিহিতার ব্যবস্থার ফাঁকের সাথে সরাসরি যোগসূত্র থাকবে যা ‹অসহনশী- লতা› নীতিসহ পুলিশের আচরণবিধি বজায় রাখাকে বোঝায়। মধ্যম স্তরের ব্যবস্থাপকদের উচিত তাদের কর্মীদের দ্বারা লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার অসামঞ্জস্যপূর্ণ প্রয়োগকে পুলিশ সংস্থার জন্য গভীর সমস্যার লক্ষণ হিসাবে দেখা। এগুলোর মধ্যে সাধারণত দায়বদ্ধতার সংস্কৃতি, অকার্যকর নেতৃত্ব, এবং সামগ্রিক পুলিশ প্রশিক্ষণ এবং শিক্ষা যা লিঙ্গ-সমতা নীতিকে ব্যাপকভাবে সমর্থন করে না এমন একটি সংস্কৃতি গড়ে তোলার ক্ষেত্রে অসুবিধাগুলি অন্তর্ভুক্ত, কিন্তু শুধুমাত্র এর মধ্যেই সীমাবদ্ধ নয়।**

**তাই লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার সামগ্রিক প্রয়োগের উন্নতির জন্য পুলিশিং-এ এই তিনটি চ্যালেঞ্জিং বিষয়কে লক্ষ্য করে সংশোধনমূলক ব্যবস্থা নেওয়া উচিত। এইভাবে, লিঙ্গ-সংবে- দনশীল দক্ষতার বিচক্ষণ পর্যবেক্ষণ শুধুমাত্র লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের দিকে রূপান্তরকে চালিত করতে সাহায্য করবে না, পুলিশের বিরুদ্ধে অভিযোগ প্রতিরোধেও সাহায্য করবে, বিশেষ করে প্রথম প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের বরিুদ্ধে, যাদের নিষ্ক্রিয়তায় মানবাধিকার লঙ্ঘন হতে পারে।**

**তাছাড়া,** যেহেতু পুলিশের কাজ হল দলগত কাজ, তাই স্বতন্ত্র কর্ম-ক্ষমতা মূল্যায়ন এবং **পরামর্শ প্রদানের ব্যবস্থাগুলি সহজাতভাবে নিম্নলিখিত যৌথ লক্ষ্য অর্জনের সাথে যুক্ত হওয়া উচিত:**

- VAWG এর ব্যাপকতা এবং রিপোর্ট করা মামলার সংখ্যার মধ্যে ব্যবধান কমানো;
- ভিএডব্লিউজি (VAWG) এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের সম্প্রদায়ের মধ্যে বৈধ অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসাবে পুলিশ সম্পর্কে ধারণা বৃদ্ধি করা।

**যাইহোক, এই লক্ষ্যগুলির জন্য সূচকগুলির প্রয়োজন যা সংবেদনশীল পুলিশিং, বিশেষত পুলিশ কর্মকর্তাদের প্রয়োজনীয় দক্ষতার প্রতিফলন করে। আদর্শগতভাবে, স্টেশন কমান্ডার-দের পুলিশ স্টেশনে প্রতিবেদন নথিভুক্তকরণের প্রবণতা পরিমাপ করার জন্য VAWG-এর ব্যাপকতা সম্পর্কে একটি স্থানীয় বেইজ লাইন (ভিত্তি তথ্য) থাকা উচিত।**

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সূচকগুলির দ্বারা সমর্থিত এই তথ্যগুলি প্রাথমিক সাড়া দেওয়া কর্মকর্তাদের দ্বারা সামঞ্জস্যপূর্ণ ভিত্তিতে লিঙ্গ-সংবেদনশীল দক্ষতা প্রয়োগ করা হচ্ছে কিনা সেই সম্পর্কে অন্তর্দৃষ্টি প্রদান করবে। নিম্নলিখিত টেবিলে (বক্স-১৪) লিঙ্গ-সংবেদনশীল দক্ষতার ধরনগুলির উদাহরণ প্রদান করা হয়েছে যা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে নির্দেশ করা এবং যেগুলি **কর্ম-দক্ষতা** মূল্যায়নের জন্য উল্লেখ করা যেতে পারে:

**বক্স -১৪**

| লিঙ্গ-সংবেদনশীল দক্ষতা | | | লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সূচক | |
|---|---|---|---|---|
| **VAWG এর জ্ঞান** | **দক্ষতা** | **মনোভাব** | **গুণগত** | **পরিমাণগত** |
| সামাজিক ও অর্থনৈতিক পরিণতি | অংশীদারিত্ব স্থাপন | প্রতিরোধ ভিত্তিক | নারী ও মেয়েদের স্থানীয় নিরাপত্তার ধারণা বৃদ্ধি | VAWG প্রতিরোধে স্টে-কহোল্ডারদের সম্পৃক্ততা বৃদ্ধি (প্রকল্প, ফোরা ইত্যাদি) |
| চিকিৎসা বা স্বাস্থ্যে সংক্রান্ত প্রভাব | মানসিক আঘাত (ট্রমা) অবহিত | কোন ক্ষতি করো না | সহিংসতার শিকার/বেঁচে থাকা এবং/অথবা পরিবার রিপোর্ট করছে যে তারা কম পরিমানে দ্বিতীয়বার সহিংসতার শিকার হচ্ছে | প্রাথমিক সাড়া দেওয়া পুলিশ কর্মকর্তাদেরবিরু-দ্ধে অভিযোগ কমানো |
| নারী ও মেয়েদের উপর অসম প্রকৃতির সহিংসতা | সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের শনাক্তকরণ | অত্যাবশ্যকীয় পরিষেবা প্রদানকারীদের সাথে জড়িত থাকার ক্ষেত্রে সক্রিয় এবং সম্পদশালী থাকা | অপরিহার্য সেবা অংশীদারদের দ্বারা পুলিশের কার্যকারিতা উপলব্ধি বৃদ্ধি | রেফারেল বৃদ্ধি |
| মানুষ, গোষ্ঠী এবং সম্প্রদায়গুলি সবচেয়ে ঝুঁকিপূর্ণ বলে বিবেচিত | আন্তঃব্যক্তিক যোগাযোগ | পূর্বানুমান ভিত্তিক এবং ক্ষতিকারক পক্ষপাত সম্পর্কে সচেতন থাকা | সংখ্যালঘু নারী ও মেয়েদের থেকে পুলিশের আস্থার ধারণা বেশি ইতিবাচক | সংখ্যালঘু নারী ও মেয়েদের নির্যাতনের হার হ্রাস |
| জাতীয় নীতি এবং আইন | অপরাধীকে কেন্দ্র করে অনুসন্ধানমূলক/ হস্তক্ষেপের অগ্রাধিকার নির্ধারণ করা | সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষমতায়ন এবং সহযোগিতা ভিত্তিক | সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং/অথবা তাদের পরিবারের অংশগ্রহ-ণমূলক প্রতিক্রিয়া নির্দেশ করে যে এটি অর্থপূর্ণ ছিল | ক্ষতির হার হ্রাস |
| আন্তর্জাতিক মান, নীতি এবং নিয়ম | হেফাজতের চেইন এবং কার্যক্রম রেকর্ডসহ মামলা ব্যবস্থাপনা | জবাবদিহিমূলক এবং স্বচ্ছ | পুলিশ রিপোর্টের মান ভাল এবং তথ্য সংগ্রহের জন্য নির্ভরযোগ্য বলে বিবেচিত হয় | অপরাধী পুনরুদ্ধারের মামলার সংখ্যা হ্রাস |

কিছু ক্ষেত্রে, যেমন ইউকে, লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সূচকগুলিকে প্রতিটি বিভাগ, ইউনিট এবং বিভাগের বার্ষিক কর্মদক্ষতা মূল্যায়নে অন্তর্ভুক্ত করার জন্য উতসাহিত করা হয়েছে।[৮৫] দক্ষতা এবং মূল্যবোধের ক্ষেত্রে, ইউকে কলেজ অফ পুলিশিং কম্পিটেন্সি এবং ভ্যালুস ফ্রেমওয়ার্ক (CVF) এর উপর নির্ভর করে। CVF-এর লক্ষ্য হল পুলিশিং-এ কর্মরত প্রত্যেকেরই সুস্পষ্ট প্রত্যাশা রয়েছে তা নিশ্চিত করা যার ফলে জনসাধারণের সুবিধা এবং নিরাপত্তার মান উন্নীত হবে।[৮৬]

CVF দ্বারা প্রচারিত পুলিশিং-এর প্রধান দক্ষতার মধ্যে একটি হল 'আবেগগতভাবে সচেতন হওয়া।' ইউকে কলেজ অফ পুলিশিং পুলিশের সহানুভূতিশীল হওয়ার গুরুত্ব চিহ্নিত করেছে, বিশেষ করে যদি পুলিশ সবচেয়ে দুর্বল ব্যক্তিকে জড়িত এবং যুক্ত করে, তাহলে আমরা তাদের মুখোমুখি হই যারা তাদের চিন্তাভাবনা বা অনুভূতি সম্পূর্ণরূপে প্রকাশ বা প্রকাশ করতে সক্ষম হয় না।[৮৭] নিচে (বক্স-১৫) CVF অনুযায়ী আবেগগতভাবে সচেতন হওয়ার স্তরগুলি হল:

ব্রিটিশ কলম্বিয়া, কানাডায়, প্রাদেশিক সরকার বা বিসি পাবলিক সার্ভিস প্রদেশের আদিবাসীদের সাথে কার্যকরভাবে কাজ করার জন্য তাদের ব্যক্তিগত এবং সামষ্টিক ক্ষমতার উন্নতিতে সহায়তা করার জন্য ২০১২ সালে আদিবাসী সম্পর্ক সম্পর্কিত আচরণগত দক্ষতা চালু করে।[৮৮] প্রস্তাবিত ১৭টি আদিবাসী সম্পর্কের আচরণগত দক্ষতার মধ্যে, চারটি পুলিশ পরিষেবাগুলি পরিচালনার জন্য দায়ী সরকারী সংস্থা, জননিরাপত্তা এবং সলিসিটর জেনারেল মন্ত্রকেরসহ সমস্ত BC পাবলিক সার্ভিস কর্মচারীদের জন্য প্রযোজ্য। এগুলি হল:

- আত্ম-আবিষ্কার এবং সচেতনতা
- টেকসই শিক্ষণ এবং উন্নয়ন
- সাংস্কৃতিক তৎপরতা
- নেতৃত্ব পরিবর্তন

আন্তঃবিভাগীয় পদ্ধতির পরিপ্রেক্ষিতে, সাংস্কৃতিক **তৎপরতা** জন্য আদিবাসী গোষ্ঠীর সম্পর্কের আচরণগত দক্ষতা আলাদা (বক্স-২৪ দেখুন)। ব্রিটিশ কলম্বিয়ায়, কানাডার আদিবাসীরা দাবি করেছে যে তারা ঐতিহাসিকভাবে অতিরিক্ত পুলিশিং এর মধ্য দিয়ে দিন অতিবাহিত করে এবং তারা কম সুরক্ষিত। পুলিশ এবং সরকারী কর্মকর্তাদের দ্বারা দৈনিক প্রয়োগের জন্য এই ধরনের দক্ষতার উন্নয়ন সংখ্যালঘু মানুষের দ্বারা একটি বৈধ অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসাবে বিবেচিত হওয়ার জন্য একটি ভাল পদক্ষেপ।

বিসি পাবলিক সার্ভিসের মতে, আদিবাসীদের সম্পর্কের দক্ষতা তাদের আচরণগত পরিবর্তনের জন্য একটি রোডম্যাপ প্রদান করে যা তাদের প্রতিশ্রুতি অর্জনে সহায়তা করবে।[৮৯] বিসি পাবলিক সার্ভিস পুলিশ এবং সরকারী কর্মকর্তাদের তাদের আচরণের মূল্যায়ন করার জন্য এবং আদিবাসীদের আরও ভালভাবে সেবা দেওয়ার জন্য প্রয়োজনীয় পরিবর্তনগুলি করার জন্য এই দক্ষতা-গুলিকে একটি রোড ম্যাপ হিসাবে ব্যবহার করার পরামর্শ দিয়েছে (বক্স-১৬ দেখুন):

৮৫Modern Crime Prevention Strategy (Home Office, 2016).

৮৬Competency and Values Framework for Policing - Overview of Framework (College of Policing, 2016).

৮৭Ibid.

৮৮"আদিবাসী মানুষ" শব্দটি দ্বারা সকল প্রথম জাতী (ফার্স্ট নেশন), ইনুইট এবং মেটিস মানুষদের বোঝায়। প্রত্যেক ব্যক্তির স্বাতন্ত্র্য এবং বৈচিত্র্য স্বীকার করে এর মধ্যে অন্তর্ভুক্ত থাকে ব্যক্তি, সম্প্রদায়, ব্যান্ড, জাতি, সংস্থা এবং শহুরে জনসংখ্যা।

৮৯Implementation Guide Aboriginal Relations Behavioural Competencies (BC Public Service Agency, British Columbia, Canada, 2012).

**বক্স –১৫:**

**সিভিএফ (ইউকে কলেজ অফ পুলিশিং ২০১৬) অনুযায়ী আবেগগতভাবে সচেতন হওয়া**

| স্তর ১ | স্তর ২ | লেভেল ৩ |
|---|---|---|
পুলিশ যখন লিঙ্গ সম্পর্কিত সামাজিক, আইনি এবং সাংস্কৃতিক নিয়মগুলি বুঝতে পারে, যেখানে তারা বাস করে এবং কাজ করে, তখন তারা লিঙ্গ সংবেদনশীল উপায়ে আরও ভালভাবে প্রতিক্রিয়া জানাতে সক্ষম হবে। পারিবারিক সহিংসতা, যৌন নিপীড়ন, ছিনতাই, মানব পাচার, এবং ডেটিং সহিংসতার অপরাধের অপরাধীরা সামাজিক অবস্থার মধ্যেই অপরাধ সংগঠিত করে যা VAWG-এর জন্য সহনশীলতার পরিবেশ তৈরি করে। পুলিশ যখন ভিএডব্লিউজিকে (VAWG) একটি সামাজিক সমস্যা এবং সেইসাথে একটি অপরাধমূলক সমস্যা হিসাবে বোঝে, তখন তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সহিংসতার প্রেক্ষাপটকে চিনতে পারবে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যে ঝুঁকির সম্মুখীন হবে তা চিহ্নিত করতে এবং কার্যকরভাবে পদক্ষেপ করতে সক্ষম হবে।

## নারী ও মেয়েদের বিরুদ্ধে ব্যাপক সহিংসতাকে সমর্থন করে এমন চারটি স্তম্ভ

এক গোষ্ঠীর মানুষের উপর অন্য গোষ্ঠীর আধিপত্য, যা অধস্তন গোষ্ঠীকে শোষণ এর শিকার হতে বাধ্য করে, সামাজিক, সাংস্কৃতিক এবং আইনগত কারণগুলির দ্বারা সমুন্নত থাকে। এই কারণগুলিকে স্তম্ভ হিসাবে কল্পনা করা যেতে পারে যা একটি ছাদকে ধরে রাখে। কার্যকরভাবে VAWG মোকাবেলা করার জন্য, পুলিশের মতো সরকারী প্রতিষ্ঠানকে অবশ্যই এই মানবাধিকার লঙ্ঘনকে স্থায়ী করে এমন চারটি স্তম্ভের দিকে নজর দিতে হবে।[৩]

৩ Ellen Pence, Laura Connelly, and Melissa Scaia, 'Turning Points: A Nonviolence Curriculum for Women,' Minnesota: 2011, at: https://www.theduluthmodel.org/wp-content/uploads/2017/03/Turning-Points-Curricula-for-Women-Who-Use-Violence-Preview.pdf.

**১। পদসোপান এবং অধিকার (এনটাইটেলমেন্টের) সম্পর্কে ধারণা**

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং স্বীকার করে যে লিঙ্গ সম্পর্কিত পদসোপান নারী ও মেয়েদের বিরুদ্ধে অপরাধে অবদান রাখে। পদসোপান এবং পুরুষদের অধিকার এই ধারণাকে প্রতিফলিত করে যে পুরুষরা নারী এবং মেয়েদের থেকে উচ্চতর। একটি পদসোপান ভিত্তিক সম্পর্কের প্রেক্ষাপটে, পুরুষরা বিশ্বাস করে যে তারা নারী এবং মেয়েদের চেয়ে বেশি যুক্তিযুক্ত, আরও বুদ্ধিমান এবং সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে ভাল অবস্থানে রয়েছে। VAWG-এর একজন অপরাধী বিশ্বাস করে যে তিনি নারী এবং মেয়েদের কাছ থেকে একটি নির্দিষ্ট মাত্রার আনুগত্য পাওয়ার অধিকার রাখে। তিনি বিশ্বাস করেন যে যদি তিনি তার অবস্থান ব্যাখ্যা করেন এবং এটি যৌক্তিক এবং স্পষ্ট হবে, তবে তার নারী সঙ্গীর তার মতের সাথে একমত পোষণ করা উচিত। তার নারী সঙ্গীর মতবিরোধকে তিনি ‹অযৌক্তিক› বা ‹পাগল› বলে চিহ্নিত করবেন। পদসোপান এর মূলে রয়েছে একজন অপরাধীর ক্ষমতার অধিকার সম্পর্কে ধারনা এবং এই ধারণা আইন, প্রথা, মিডিয়া এবং অন্যান্য সামাজিক প্রতিষ্ঠানের মাধ্যমে নিয়মিতভাবে শক্তিশালী হয়।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা/সুস্থতা এবং স্বাধীনতাকে কেন্দ্র করে এবং পদসোপান এবং অধিকারকে চ্যালেঞ্জ করার মাধ্যমে সহিংসতার জন্য অপরাধীকে দায়বদ্ধ করে। পুলিশ যখন নীরব থাকে বা নারী ও মেয়েদের প্রতি অপরাধীদের বৈষম্যমূলক মনোভাবকে সমর্থন করে, তখন তারা অপরাধের সাথে জড়িত হয়ে পড়ে।

**২। পদসোপানের নীচের দিকে যারা অবস্থান করে তাদেরকে বাধ্য করার ক্ষমতা**

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং স্বীকার করবে যে পুরুষদের কাছে নারী ও মেয়েদের বশ্যতা এবং তাদের নিম্ন মর্যাদার স্বীকৃতি সামাজিকভাবে শক্তিশালী করা হয়েছে। এই সামাজিক শক্তি মোকাবেলা করার জন্য, সহিংসতাসহ নারী ও মেয়েদের বিরুদ্ধে অপরাধের মোকাবেলায় পুলিশের প্রতিক্রিয়া তাদের সমতা ও স্বাধীনতাকে উন্নীত করবে।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং ইতিবাচকভাবে নারী এবং মেয়েদের তাদের বিরুদ্ধে সংঘটিত অপরাধের জন্য নিজেদেরকে দোষারোপ করার প্রবণতাকে মোকাবেলা করবে, অপরাধীদের সহিংসতার দায়ভার গ্রহণ করবে এবং অপরাধীদের চাহিদা নিজেদের চাহিদার উপরে স্থান দেবে। পরিবর্তে, পুলিশ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা/সুস্থতা এবং সমতা এবং অপরাধীর জবাবদিহিতাকে অগ্রাধিকার দেবে।

### ৩। পদসোপানের নীচে যারা থাকে তাদের বিমূর্ত করা (অবজেক্টিফিকেশন)

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং স্বীকার করে যে VAWG হল নারী ও মেয়েদের উদ্দেশ্য প্রণোদিত ভাবে বিমূর্ত করার একটি চরম রূপ এবং অপরাধীরা সহিংসতার শিকার/নারী ও মেয়েদের মানবতাকে ক্ষুণ্ণ করার জন্য সহিংসতা ব্যবহার করে। পুলিশের প্রতিক্রিয়ায় এই বার্তা প্রদান করা উচিত যে নারী ও মেয়েরা নিরাপত্তা, সমতা, স্বাধীনতা, ন্যায়বিচারে প্রবেশাধিকার (অ্যাক্সেস) এবং তাদের মানবাধিকারের পূর্ণ উপলব্ধির অধিকারী।

নারী ও মেয়েদের বিমূর্ততার (অবজেক্টিফিকেশন) অনেক ধোরণ রয়েছে এবং তাদের বিরুদ্ধে সহিংসতার ব্যাপক ব্যবহারকে অনেক ক্ষেত্রেই যুক্তিযুক্ত বলে প্রতিষ্ঠা করতে কাজ করে। নারী ও মেয়েদেরকে সমান মানুষ না ভেবে বস্তু হিসেবে ভেবে, অপরাধীরা বিশ্বাস করে যে সহিংসতার মাধ্যমে তাদের ক্ষমতা প্রয়োগ করা ন্যায্য।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এ সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং অপরাধীদের সাথে পুলিশ কর্মকর্তাদের ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে সমতার বার্তা এবং সহিংসতা থেকে মুক্ত থাকার মানবাধিকারকে অন্তর্ভুক্ত করবে। এটি নীতি নির্দেশিকা, লিখিত আকারে এবং প্রতিদিনের অনুশীলনগুলিতেও প্রতিফলিত হবে যা নারী এবং মেয়েদের নিরাপত্তা এবং স্বাধীনতা প্রচারের জন্য পরিকল্পনা করা হয়েছে।

### ৪। পদসোপানের শীর্ষে থাকা ব্যক্তিদের শাস্তি, সহিংসতা বা কোন কারণ ছাড়া জবরদস্তি করার ক্ষমতা

জেন্ডার-সংবেদনশীল পুলিশিংকে অবশ্যই দায়মুক্তিসহ নারী ও মেয়েদের বিরুদ্ধে অপরাধ করার জন্য পুরুষদের সমাজ প্রদত্ত শতবর্ষের অধিকার মোকাবেলা করতে হবে। সহিংসতার জন্য দ্রুত এবং নিশ্চিত পরিণতির সাথে সাড়া দিয়ে, পুলিশ লিঙ্গ-সংবেদন-শীল হবে। সহিংসতা ব্যবহার করার জন্য পুরুষদের অধিকারকে প্রতিরোধ করতে এবং নারী ও মেয়েদের মানবাধিকারের অধিকার সম্পর্কে সম্প্রদায়ের চিন্তাভাবনা পরিবর্তন করার জন্য পুলিশ গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। হিংসাত্মক অপরাধীদের জবাবদিহি করার জন্য আইন প্রয়োগকারী বা আইনি ব্যবস্থার ছাড়া অন্য কোনো ব্যবস্থার ক্ষমতা নেই। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সহিংসতা শেষ করার দায়িত্ব সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছ থেকে রাষ্ট্রের কাছে স্থানান্তরিত করে।

**নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার ব্যাপক ব্যবহার বন্ধ করতে আইন প্রয়োগকারীকে অবশ্যই চারটি স্তম্ভ ভেঙে ফেলার জন্য অঙ্গীকারবদ্ধ হতে হবে।**

VAWG শেষ করার জন্য, আমাদের অবশ্যই VAWGকে স্থায়ী করা এই চারটি স্তম্ভকে মোকাবেলা করতে হবে। পুরুষদের জবাবদিহি করতে, নারী এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অবশ্যই পুলিশকে সম্পদ হিসেবে দেখতে হবে। যদিও একজন লিঙ্গ-সংবেদনশীল পুলিশ কর্মকর্তা রিপোর্টিং সম্পর্কিত মানসিক আঘাতকে (ট্রমাকে) কমিয়ে আনতে পারে, নারী এবং মেয়েরা শুধুমাত্র সেই ফৌজদারি বিচার ব্যবস্থায় বিশ্বাস করবে যা তাদের নিরাপত্তা, কল্যাণ এবং স্বাধীনতার প্রয়োজন মোকাবেলার জন্য সংগঠিত করা হয়েছে।



অপরাধীরা নিজেদের আইনি পদক্ষেপ থেকে রক্ষা করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির উপর তাদের যে ক্ষমতা আছে তার উপর নির্ভর করে। অতএব, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে কাজ করার ক্ষমতা তার নিম্নোক্ত বিশ্বাসের উপর নির্ভর করে:

- পুলিশের হস্তক্ষেপ অপরাধীর ক্ষমতাকে প্রতিহত করবে;
- পুলিশ তার অভিজ্ঞতার বাস্তবতা বোঝার চেষ্টা করে;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে কাজ করার জন্য পুলিশের একটি সহযোগিতামূলক পদ্ধতি রয়েছে; এবং
- যতই দীর্ঘ সময় লাগুক না কেন পুলিশ এখানে সাহায্য করার জন্য আছে।

পুলিশ এবং অন্যান্য ফৌজদারি বিচার সংস্থাগুলির সাধারণত তাদের সম্প্রদায়ের মানুষদের উপর একটি শক্তিশালী প্রভাব থাকে। হস্তক্ষেপের প্রতিটি বিন্দুতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি, অপরাধী এবং শিশুদের নিকট উপস্থাপন করা বার্তাগুলি একটি প্রতিবন্ধকতার প্রভাব ফেলতে পারে বা বিকল্পভাবে, আরও সহিংসতার ঘটনার ঘটতে সহায়তা করতে পারে। পুলিশের সমস্ত

## একটি সমন্বিত সম্প্রদায় প্রতিক্রিয়া (সিসিআর) হল:

সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতার নিশ্চিতের উপর গুরুত্ব আরোপ করে অনুশীলন এবং পদ্ধতিগুলিকে প্রাতিষ্ঠানিকীকরণ করার মধ্যমে ভিএডব্লিউজি এবং মেয়েদের সহনশীলতার পরিবেশ পরিবর্তনের জন্য একটি আন্তঃসংস্থা প্রচেষ্টা প্রয়োজন।

বিভিন্ন ব্যবস্থার (সিস্টেমের) মধ্যে কাজ সংগঠিত করার সিসিআর পদ্ধতি হল যা নিম্নোক্ত ভাবে প্রাতিষ্ঠানিকীকরণ নিশ্চিত করবে:

- নীতি পরিবর্তন
- পদ্ধতি পরিবর্তন
- প্রতিটি সংস্থা তথ্য ভাগাভাগি (শেয়ার) করবে এবং মামলা পর্যালোচনার জন্য উন্মুক্ত থাকবে
- নারীদের এনজিও দ্বারা সহ-নেতৃত্ব
- নতুন প্রণীত নীতি এবং প্রোটোকল সম্পর্কে প্রশিক্ষণ – এবং আরও অনেক কিছু!

যোগাযোগ হয় একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা ও কল্যাণ নিশ্চিত করতে অবদান রাখে অথবা অপরাধীকে সমর্থন করে। পুলিশি পদক্ষেপ খুব কমই নিরপেক্ষ হয়।

## উদ্দেশ্য-২: 'শ্রমিকদের মধ্যে সমন্বয় নিশ্চিত করার জন্য প্রতিষ্ঠান যে ৮টি পদ্ধতি ব্যবহার করে' সেই পদ্ধতি ব্যবহার করে প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনয়ন এবং পর্যবেক্ষণ করা

পুলিশ সংস্থাগুলি (সমন্বিত সম্প্রদায় প্রতিক্রিয়া, বা সিসিআর-এর অংশ হিসাবে প্রায়ই অন্যান্য সংস্থার সাথে একযোগে[৪]) নতুন ধারণা এবং হস্তক্ষেপের অনুশীলনকে প্রাতিষ্ঠানিকীকরণ করতে বিভিন্ন পদ্ধতি ব্যবহার করতে পারে। এখানে উপস্থাপিত ৮টি পদ্ধতির বিশ্লেষণ হল পুলিশ নেতৃত্বের জন্য একটি ব্যবহারিক উপায় যাতে পুলিশ সংস্থাগুলির পরিবর্তনকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া যায় এবং জেন্ডার-সংবেদনশীল পুলিশিংয়ের ধারণাকে শক্তিশালী করা যায়।।

৪ সমন্বয়ের গুরুত্ব সম্পর্কে আরও জানতে, অধ্যায় ৪: 'বিচার সংস্থা-গুলির মধ্যে সমন্বয়' এবং সহিংসতা সাপেক্ষে নারী ও মেয়েদের জন্য জাতিসংঘের অপরিহার্য পরিষেবা প্যাকেজ: মূল উপাদান এবং গুণমানের নির্দেশিকা দেখুন।

## কেন একাকী শিক্ষা এবং প্রশিক্ষণ গ্রহণ করা প্রাতিষ্ঠানিক পরিবর্তনের দিকে নিয়ে যাবে না

লিঙ্গ সংবেদনশীলতার বিষয়ে পুলিশ কর্মকর্তাদের শিক্ষা ও প্রশিক্ষণ প্রদান করা VAWG-এর সহনশীলতা পরিবর্তন করার জন্য অপর্যাপ্ত, যদি, উদাহরণস্বরূপ, পক্ষপাতদুষ্ট নীতি এবং অনুশীলন-গুলিও পরিবর্তন না হয়।

প্রশিক্ষণ ব্যক্তগতভাবে কর্মকর্তাদের চেতনা বাড়াতে পারে, কিন্তু তাদের কার্যক্রম সীমাবদ্ধ হতে পারে নীতি, সম্পদের অভাব, বা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের অন্যান্য প্রাতিষ্ঠানিক বাধার কারণে। এছাড়াও, সকল পুলিশ লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এর অন্তর্নিহিত ধারণাগুলিকে সমানভাবে গ্রহণ নাও করতে পারে, এবং যারা গ্রহণ করবে তারা তাদের অবস্থান ত্যাগ করতে পারে এবং এই বিষয়ে অবহিত নয় এমন কর্মকর্তাদের দ্বারা বদলি হতে পারে।

উদাহরণ স্বরূপ, আসুন একই বিভাগের তিনজন ভিন্ন পুলিশ অফিসারকে বিবেচনা করি - মার্কাস, রয় এবং জুয়ান।

- মার্কাস একজন পুলিশ অফিসার যার নিজস্ব বিশ্বাস ব্যবস্থা ইতিমধ্যেই লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের সাথে সংযুক্ত। যখন তিনি VAWG-এর গতিশীলতার উপর একটি প্রশিক্ষণে যোগ দিয়েছিলেন, তখন এটি লিঙ্গ বৈষম্য সম্পর্কে তার ধারণাকে আরও গভীরতর করেছে।

- রায়ের ব্যক্তিগত বিশ্বাস ব্যবস্থা লিঙ্গ সংবেদনশীলতার সাথে সংযুক্ত নয়। লিঙ্গ সংবেদনশীলতার বিষয়ে শিক্ষা এবং প্রশিক্ষণ তার বিশ্বাস পরিবর্তন করার জন্য যথেষ্ট নয়। অতিরিক্ত প্রশি-ক্ষণ এবং শিক্ষা প্রদান অব্যাহত রাখলে এটি পরিবর্তন হওয়ার সম্ভাবনা কম।

- জুয়ান লিঙ্গ সংবেদনশীলতা প্রশিক্ষণের জন্য আরও উন্মুক্ত এবং প্রশিক্ষণের ফলে তার বিশ্বাস কিছুটা পরিবর্তিত হয়েছে।

তিনজন কর্মকর্তাই লিঙ্গ সংবেদনশীলতা প্রশিক্ষণে ভিন্নভাবে সাড়া দিয়েছেন এবং শুধুমাত্র প্রশিক্ষণের মাধ্যমেই তারা সম্ভবত VAWG-এর ক্ষেত্রে ভিন্নভাবে প্রতিক্রিয়া জানাবেন। নারীর নিরাপত্তা ও মঙ্গলের প্রতি তাদের ব্যক্তিগত মতামত বা প্রতিশ্রুতির স্তর নির্বিশেষে, কর্মগুলিকে নির্দেশিত ও মানসম্মত করার জন্য এবং তিনটি পুলিশের কাজকে সমন্বয় করার জন্য প্রাতিষ্ঠানিক ব্যবস্থা অবশ্যই থাকতে হবে।

প্রশিক্ষণের আরেকটি সীমাবদ্ধতা হল যে এটি কখনও কখনও শুধুমাত্র বিশেষ গার্হস্থ্য সহিংসতা বা পারিবারিক ইউনিটের কর্মক-র্তাদের দেওয়া হয়। বিশেষায়িত কর্মকর্তাদের খুব কমই পর্যাপ্তভাবে তদন্ত করার এবং VAWG-এর সমস্ত ক্ষেত্রে সাড়া দেওয়ার ক্ষমতা

থাকে। বিপরীতে, প্রমিত এবং সমন্বিত নীতি এবং প্রোটোকল, শক্তিশালী জবাবদিহিতা ব্যবস্থা সকল কর্মকর্তাদের VAWG-এর ক্ষেত্রে কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে প্রয়োজনীয় নির্দেশিকা প্রদান করতে পারে। পূর্ববর্তী অধ্যায়ে যেমন জোর দিয়ে উল্লেখ করা হয়েছে যে ফৌজদারি বিচার ব্যবস্থায় VAWG-এর একটি মামলাকে কিভাবে বিবেচনা করা হবে তা সার্বিক ভাবে নির্ভর করে সেই মামলায় প্রাথমিক প্রতিক্রিয়া জানানো কর্মকর্তার কিভাবে প্রতিক্রিয়া জানাচ্ছে তার উপর।

### শিক্ষা ও প্রশিক্ষণের বাইরে: কর্মীকে লিঙ্গ সংবেদনশীল হতে প্রাতিষ্ঠানিকীকরণ করা

নীচে প্রদর্শিত চিত্রে উল্লেখ করা হয়েছে যে VAWG-এর একজন অপরাধী যখন তার অপকর্মের জন্য সকল ক্ষেত্রে জবাবদিহি করে তখন সহিংসতা শেষ করার সম্ভাবনা বেশি থাকে। প্রাতিষ্ঠানিক পরিবর্তন সহিংসতার জন্য অপরাধীকে দায়বদ্ধ করার জন্য পুলিশ এবং অন্যান্য বিচার ব্যবস্থা সংস্থাগুলির ক্ষমতাকে শক্তিশালী করতে চায়।




### কার্যকর সমন্বিত সম্প্রদায়ের প্রতিক্রিয়ার জন্য সাধারণ পদ্ধতিগুলি ব্যবহার করুন

নারী ও মেয়েদের প্রতি সহিংসতা বন্ধ করার আন্দোলন অনেক উপায়ে প্রাতিষ্ঠানিক পরিবর্তন সাধন করেছে, যেমন আইনে বৈবাহিক ধর্ষণের অব্যাহতি বাদ দেওয়া, হাসপাতালে যৌন নিপীড়ন নার্স পরীক্ষকের পদ সৃষ্টি করা এবং পারিবারিক সহিংসতার ক্ষেত্রে বাধ্যতামূলক গ্রেপ্তার আইন।[৫] এই সমস্ত প্রাতিষ্ঠানিক পরিবর্তনের ইচ্ছাকৃত এবং অনিচ্ছাকৃত উভয়ই ফলাফল রয়েছে। একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কী প্রয়োজন এবং সংস্থাগুলি কী সরবরাহ করে তার মধ্যে ব্যবধান কমাতে চাইবে। প্রাতিষ্ঠানিক পরিবর্তন সাধন করতে কার্যকর লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থাগুলির ব্যবহারের জন্য এমন অনেকগুলি মূল দক্ষতা এবং পদ্ধতি রয়েছে।

### সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং নারী এনজিওদের জড়িত করা

সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের প্রকৃত জীবিত অভিজ্ঞতা বোঝা বিদ্যমান নীতিগুলি বিশ্লেষণ বা নতুন নীতি প্রণয়নের করার জন্য গুরুত্বপূর্ণ যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতাকে নিশ্চিত করবে। একটি ব্যবস্থার (সিস্টেমের) প্রতিক্রিয়াতে সমস্যাগুলি সনাক্ত করতে এবং সেই সমস্যাগুলি কীভাবে আসে তা সম্পূর্ণরূপে বোঝার জন্য, এটি অপরিহার্য যে পুলিশ যারা সহিংসতার (এবং এর প্রভাব) অভিজ্ঞতা অর্জন করেছে এবং পুলিশ যে হস্তক্ষেপগুলি উন্নত করতে চায় তাদের কাছ থেকে শোনা।

নারী সংস্থাগুলি যারা সরাসরি সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের নিয়ে কাজ করে তারা নারী এবং মেয়েদের সাথে সাক্ষাৎকার গ্রহণ বা লক্ষ্য দল আলোচনা (ফোকাস গ্রুপ) পরিচালনার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। নারীদের সাথে কাজ করা সংস্থাগুলি যারা আন্তঃবিভাগীয় বিভিন্ন ধরনের নিপীড়নের অভিজ্ঞতা অর্জন করেছে (যেমন অভিবাসী এবং উদ্বাস্তু সম্প্রদায়কে সমর্থন করে এমন সংস্থা, প্রতিবন্ধী অধিকার সংস্থা এবং জাতিগত সম্প্রদায়ের প্রতিনিধিত্বকারী সংস্থাগুলি) তারা ফৌজদারি বিচার ব্যবস্থার দ্বারা প্রায়ই সুবিধাবঞ্চিত বা প্রান্তিক নারী ও মেয়েদের জড়িত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।[৬] সকল নারী এবং মেয়েরা একইভাবে সহিংসতার সম্মুখীন হয় না, এবং অনেকেই জাতি, শ্রেণী, জাতিগততা, অভিবাসন অবস্থা, যৌন অভিমুখীতা, লিঙ্গ পরিচয়, অক্ষমতা এবং তাদের পরিচয়ের অন্যান্য দিকগুলির কারণে একাধিক ধরনের নিপীড়নের সম্মুখীন হয়। একটি পুলিশ সংস্থা যদি সিস্টেমের মধ্যে

৫ একজন যৌন নিপীড়ন নার্স পরীক্ষক (SANE) হল একজন নার্স যিনি বিশেষভাবে প্রশিক্ষিত যৌন নিপীড়ন বা নির্যাতনের শিকার রোগীদের মেডিকেল ফরেনসিক যত্ন নেন।

৬ উদাহরণ স্বরূপ, মিনেসোটা, ডুলুথে, আদিবাসী মহিলাদের সাথে সরাসরি কাজ করা নেটিভ আমেরিকান সংস্থাগুলি যৌন নিপীড়নের ক্ষেত্রে আইন প্রয়োগকারী সংস্থার প্রতিক্রিয়া সম্পর্কে আদিবাসী মহিলাদের কাছ থেকে তাদের অভিজ্ঞতা সম্পর্কে সংগ্রহ করার করার ক্ষেত্রে সহায়ক ভূমিকা পালন করেছিল। See Mending the Sacred Hoop & The Program to Aid Victims of Sexual Assault, "Safety and Accountability Audit of the response to Native women who report sexual assault in Duluth, Minnesota, 2006-2008," at: https://praxisinternational.org/wp-content/uploads/2015/12/TTAMSHTaAuditReport2011.pdf.



বিশেষভাবে প্রান্তিক নারীদের কথা শোনে এবং সিস্টেমিক দুর্বলতা-গুলিকে বা সমস্যাগুলিকে সমাধান করে যা তারা চিহ্নিত করেছে, তাহলে সিস্টেমটি সকল নারীদের জন্য আরও ভাল কাজ করবে।

বিশ্বস্ত সুশীল সমাজ সংস্থার মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে সাক্ষাৎকার গ্রহণ বা লক্ষ্য দল আলোচনা (ফোকাস গ্রুপ) আয়োজন করা হলে স্থানীয় সম্প্রদায়ে নারী ও মেয়েদের সহিংসতার বাস্তব অভিজ্ঞতা সম্পর্কে মূল্যবান তথ্য প্রদান করতে পারে।[৭] নারী ও মেয়েদেরকে নীতি বা অনুশীলনের বিষয়ে তাদের অভিজ্ঞতা বিশেষভাবে প্রতিফলিত করতে বলা উচিত। নারী এবং মেয়েরা VAWG-এর প্রতি পুলিশের প্রতিক্রিয়ার অন্যান্য দুর্বলতাগুলি সনাক্ত করতেও সাহায্য করতে পারে।

**বিচার সংস্থাগুলির মধ্যে আন্তঃসম্পর্কিত নীতি তৈরি করা**

একটি ফৌজদারি বিচার ব্যবস্থায়, পুলিশ, প্রসিকিউটর, এবং প্রবেশন কর্মকর্তার আদালতের VAWG-এর মামলা প্রক্রিয়াকরণের (পরিচালনার) ক্ষেত্রে পরস্পর নির্ভরশীল ভূমিকা রয়েছে।

৭ উদাহরণ স্বরুপ, মিনেসোটা, ডুলুথ-এ, সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের নিয়ে একটি লক্ষ্য দল আলোচনা (ফোকাস গ্রুপ) পুলিশকে অপরাধীদের একই ঘরে সহিংসতার শিকার ব্যক্তিদের সাক্ষাৎ-কার নেওয়ার প্রথা বাতিল করতে পরিচালিত করেছিল।

অতএব, একটি পুলিশ বিভাগের নিয়ম, নীতি এবং প্রোটোক-লগুলি বিচ্ছিন্নভাবে বিশ্লেষণ করা যায় না। লিঙ্গ-সংবেদনশীল পরিষেবাগুলি নিশ্চিত করার জন্য প্রাথমিক কল করা থেকে শুরু করে আদালতে একটি মামলার প্রক্রিয়াকরণ পর্যন্ত পুলিশ, উকিল, জরুরী টেলিফোন অপারেটর এবং প্রসিকিউটরদের নীতিগুলিকে অবশ্যই একত্রিত হতে হবে। পুলিশ যখন একটি মামলা পুঙ্খা-নুপুঙ্খভাবে তদন্ত করে প্রসিকিউটরের কাছে উপস্থাপন করে তখন প্রসিকিউটর অভিযোগগুলি অনুসরণ করতে অস্বীকার করলে অনেক পুলিশ হতাশা অনুভব করে।

একইভাবে, পুলিশ নীতি সবসময় একটি সফল মামলা প্রস্তুত করার জন্য প্রসিকিউটরদের প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করার জন্য পুলিশ কর্মকর্তাদেরকে জন্য নির্দেশ দেয় না। সহযোগিতামূলকভাবে নীতি পর্যালোচনা এবং সামঞ্জস্য বিধান করার জন্য এজেন্সিগুলিকে একত্রিত করা আন্তঃসম্পর্কিত নীতিগুলি পারস্পরিকভাবে সহায়ক তা নিশ্চিত করার একটি কার্যকর উপায়।[৮]

পুলিশ, প্রসিকিউটর, বিচারক এবং ফৌজদারি বিচার ব্যবস্থার সাথে জড়িত অন্যান্যদেরও VAWG-এর প্রতি পুলিশের প্রতিক্রিয়ার দুর্বলতা সম্পর্কে ধারণা (অন্তর্দৃষ্টি) রয়েছে। মামলা প্রক্রিয়াকর-ণের সাথে জড়িত পদক্ষেপগুলি শিখতে এবং মামলাগুলিতে তাদের সিদ্ধান্তগুলিকে প্রভাবিতকারী কারণগুলি বোঝার জন্য আমরা তাদের কাছে যাই।

**স্থানীয় পুলিশের সাথে সভা: মামলা প্রক্রিয়াকরণের একটি মানচিত্র তৈরি করা**

পুলিশ সংস্থাগুলি বর্তমান মামলা প্রক্রিয়াকরণের সাথে সম্ভাব্য সমস্যাগুলি সনাক্ত করতে এবং বিকল্পগুলি অন্বেষণ করতে সম্মুখ সাড়ির (ফ্রন্ট-লাইন) পুলিশ এবং মধ্যম স্তরের ব্যবস্থাপদের দক্ষতার উপর নির্ভর করে। দক্ষতার সাথে পুলিশের সাথে সাক্ষাত করা হল মিত্র তৈরি করার এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনয়নের লক্ষ্যে প্রতিরোধ কমানোর একটি উপায়।

সাক্ষাৎকারের জন্য প্রশ্ন এবং দৃষ্টি নিবদ্ধের (ফোকাসের) উদা-হরণগুলির মধ্যে রয়েছে:

- মামলা প্রক্রিয়াকরণে পুলিশ কর্মকর্তা/মধ্যম স্তরের ব্যবস্থাপকের ভূমিকা কী? পুলিশ কর্মকর্তা/মধ্যম স্তরের ব্যবস্থাপক মামলায় তার দায়িত্ব বর্ণনা করার সাথে সাথে তাকে যাচাই করুন।
- একটি মামলার বিষয়ে কাজ করার সময় পুলিশ কর্মকর্তা/মধ্যম স্তরের ব্যবস্থাপক কিসের উপর দৃষ্টি নিবদ্ধ করেন?
- কার সাক্ষাৎকার নেওয়া গুরুত্বপূর্ণ হবে?
- পুলিশ কর্মকর্তা/মধ্যম স্তরের ব্যবস্থাপকরা কাদের সাথে যুক্ত?

৮ আন্তঃসম্পর্কিত নীতি সম্পর্কে আরও তথ্যের জন্য অষ্টম অধ্যায় 'বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়' দেখুন।

পুলিশ কর্মকর্তা যে মামলার ফাইল তৈরি করেন তা কে পায়?

- পুলিশ কর্মকর্তাদের কাজ কে পর্যবেক্ষণ করে?
- মামলা প্রক্রিয়া করার জন্য পুলিশ কর্মকর্তাদের কী সম্পদ আছে?
- একটি মামলা প্রক্রিয়া করার সময় পুলিশ কর্মকর্তাকে কী ফর্ম এবং নথি পূরণ করতে হবে?
- কোন আইন, বিধি, প্রবিধান, এবং নীতিগুলি VAWG ক্ষেত্রে পুলিশ কর্মকর্তা/মধ্যম স্তরের ব্যবস্থাপকদের নির্দেশনা প্রদান করে?

**পাঠ বিশ্লেষণ: মামলার ফাইল পড়া এবং বিশ্লেষণ করা**

মামলার ফাইলগুলি একটি নির্দিষ্ট ক্ষেত্রে যা ঘটেছে তার অফিসিয়াল রেকর্ড বা ‹গল্প›। মামলার ফাইলগুলি কার্যত প্রাতিষ্ঠানিক প্রতিক্রিয়া প্রকাশ করে। আমাদের মামলার ফাইলগুলি পড়তে হবে প্রত্যেক অনুশীলনকারীর দৃষ্টিকোণ থেকে যাদের মামলার সাথে সম্পৃক্ততা রয়েছে, সেইসাথে একটি নারী সংস্থার দৃষ্টিকোণ থেকে যারা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিষেবা প্রদান করে। মামালার ফাইলগুলি পড়া আমাদের ব্যব-স্থাগত (সিস্টেমিক) সমস্যাগুলির (কীভাবে সংস্থাগুলি কর্মীদেরকে নির্দিষ্ট উপায়ে নীতি এবং পদ্ধতির মাধ্যমে মামলাগুলিতে প্রতিক্রিয়া জানাতে প্রস্তুত করে) এবং কোনও ব্যক্তির কাজের কর্মদক্ষতার (পারফরম্যান্সের) সাথে সম্পর্কিত সমস্যাগুলির (সে/তিনি একটি উপযুক্ত কাজ করেছেন কিনা) মধ্যে পার্থক্য করতে সাহায্য করে। এটা গুরুত্বপূর্ণ যে মামলার ফাইলগুলির একটি ক্রস-সেকশন (এক বিভাগের ফাইল অন্য বিভাগ বিশ্লেষণ) বিশ্লেষণ করা যাতে সম্পূর্ণরূপে বোঝা যায় যে কীভাবে অনুশীলনকারীরা একটি মামলায় কাজ করার জন্য সংগঠিত হয়।

মামলার ফাইল বিশ্লেষণের মধ্যে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত থাকবে:

- কীভাবে নথি এবং ফর্মগুলি তৈরি করা হয়েছিল এবং কীভাবে সেগুলি ব্যবহার করা হয় তা বোঝা
- নথির ফোকাস এবং বিষয়বস্তু বিশ্লেষণ;
- নথিতে কি তথ্য অনুপস্থিত তা জানার চেষ্টা করা। আমরা কি সম্পর্কে আরও জানতে চাই?

**পাঠ বিশ্লেষণ: প্রাতিষ্ঠানিক নীতি এবং প্রোটোকলের বিশ্লেষণ**

নীতি এবং প্রোটোকল হল কিভাবে অনুশীলনকারীদের VAWG-এর মামলা এগিয়ে নিয়ে যেতে হবে সে সম্পর্কে প্রতিষ্ঠানের অফিসিয়াল (আনুষ্ঠানিক) দিক নির্দেশনা। কীভাবে বেঁচে থাকা ব্যক্তিদের চাহিদাকে কেন্দ্রীভূত করবে, এবং সহিংসতার জন্য অপরাধীদের কিভাবে দায়বদ্ধ করবে তা নির্ণয় করার জন্য নীতি এবং প্রো-টোকলগুলি পর্যালোচনা করা উচিত।



**পর্যবেক্ষণ: কাজের পরিবেশে পুলিশকে পর্যবেক্ষণ করা**

পুলিশ এবং অন্যান্য ফৌজদারি বিচার ব্যবস্থার অনুশীলনকা-রীদের তাদের কাজের পরিবেশে পর্যবেক্ষণ করা তারা যে চাপ এবং সুযোগের মুখোমুখি হয় সে সম্পর্কে একটি প্রাথমিক ধারণা এবং দৃষ্টিভঙ্গি প্রদান করে। পর্যবেক্ষণের উদাহরণগুলির মধ্যে রয়েছে, কিন্তু এর মধ্যে সীমাবদ্ধ নয়, পুলিশের কিভাবে পথ চলছে (রাইড-এ-লংস), অপরাধীদের সাথে পরীক্ষামূলক সভা, বা আদালতের কার্যক্রম। পুলিশ সংস্থাগুলির মধ্যম স্তরের ব্যব-স্থাপক এবং ঊর্ধ্বতন স্তরের নেতারা সম্মুখ সাড়ির কর্মকর্তাদের কাজ পর্যবেক্ষণ করে গুরুত্বপূর্ণ ধারণা (অন্তর্দৃষ্টি) অর্জন করতে পারেন।

**কর্মীদের সমন্বয়ের জন্য প্রতিষ্ঠানগুলি যে আটটি পদ্ধতি ব্যবহার করে**

৪ পদ্ধতি বিশ্লেষণের ধারণা, নীতি, অনুশীলন এবং পদ্ধতিগুলির একটি প্রক্রিয়াগত পরীক্ষা প্রচার করে যা সময়ের সাথে সাথে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিতের জন্য দায়ী প্রতিষ্ঠানগুলির দ্বারা প্রস্তুত করা হয়েছে।[৯]

এটি জোর দেওয়া গুরুত্বপূর্ণ যে আটটি পদ্ধতি হল প্রাতিষ্ঠানিক পরিবর্তনের একটি প্রক্রিয়া - নির্দিষ্ট অনুশীলনের একটি সেট নয় যা সম্প্রদায় থেকে সম্প্রদায়ে অভিন্নভাবে প্রয়োগ করা যেতে পারে।

---

৯ এই অধ্যায়ের সাথে অন্তর্ভুক্ত কেস স্টাডি বর্ণনা করেছে যে কীভাবে জর্জিয়ার অভ্যন্তরীণ বিষয়ক মন্ত্রণালয়ে প্রাতিষ্ঠানিক পরিবর্তন তৈরি করতে আটটি পদ্ধতি ব্যবহার করা হয়েছিল, See 'Developing Offender Risk Assessment : Georgia', Global Rights for Women (2017), at: https://globalrightsforwomen.org/wp-content/uploads/2020/02/Georgia-2017-%E2%80%93-Developing-Offender-Risk-Assessment-FINAL-2.pdf

## ‘৮ টি পদ্ধতির বিশ্লেষণ›

**লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যাবলী:** VAWG-এর ক্ষেত্রে একজন পুলিশ কর্মকর্তারা কাজ এবং উদ্দেশ্য কী এবং এটি কীভাবে পুলিশকে জানানো হয়?

**ধারণা এবং তত্ত্ব:** VAWG-এ সাড়া দেওয়ার সময় লিঙ্গ এবং পুলিশিং সম্পর্কে কোন ধারণাগুলি বর্তমানে ব্যবহৃত হচ্ছে?

**নিয়ম এবং প্রবিধান:** VAWG-এ সাড়া দেওয়ার সময় পুলিশ কর্মকর্তারা কোন আইন, নীতি বা প্রোটোকল অনুসরণ করেন?

**প্রশাসনিক অনুশীলন:** কীভাবে প্রযোজ্য চেকলিস্ট এবং ফর্মগুলি পুলিশ কর্মকর্তাকে নির্দিষ্ট তথ্য অন্তর্ভুক্ত বা বাদ দেওয়ার নির্দেশ দেয়?

**সংযোগ:** মামলার ফলাফলের ক্ষেত্রে পুলিশ কর্মকর্তা এবং প্রসিকিউটরের মধ্যে কাজের সম্পর্ক ভূমিকা পালন করে কি?

**সম্পদ:** কার্যকরভাবে VAWG-এ সাড়া দেওয়ার জন্য পুলিশের কী অতিরিক্ত সংস্থান প্রয়োজন?

**জবাবদিহিতা:** VAWG তদন্ত এবং প্রতিবেদনগুলি লিঙ্গ সংবেদনশীল তা নিশ্চিত করতে পুলিশ তত্ত্বাবধায়ক এবং মধ্যম স্তরের ব্যবস্থাপকরা কী ভূমিকা পালন করে?

**শিক্ষা ও প্রশিক্ষণ:** যখন প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনা হয়, তখন পুলিশকে কীভাবে নতুন মানদণ্ডে প্রশিক্ষণ দেওয়া হয়?

আটটি পদ্ধতি ব্যবহার করে, প্রতিটি পুলিশ সংস্থা – নারী সুশীল সমাজ সংস্থা এবং অন্যান্য স্থানীয় ফৌজদারি বিচার সংস্থাগুলির সাথে পরামর্শ করে - VAWG এর প্রতিক্রিয়াতে বিভিন্ন দুর্বলতা চিহ্নিত করবে এবং বিভিন্ন সমাধান খুঁজে বের করবে।

বছরের পর বছর ধরে, সুশীল সমাজ সম্প্রদায়ের সদস্যরা, আইন প্রয়োগকারী সংস্থা, মানবসেবা, আদালতের কর্মী এবং সরকারী কর্মকর্তারা কর্মীদের ভিন্নভাবে চিন্তা করার জন্য প্রস্তুত করার প্রয়োজনীয় প্রশিক্ষণ দিয়ে প্রতিষ্ঠানগুলি কীভাবে VAWG এর মোকাবেলা করে তা পরিবর্তন করতে চেয়েছে। সরকারী সংস্থা এবং বেসরকারী প্রতিষ্ঠানগুলি গত চল্লিশ বছরে বিশ্বজুড়ে পুলিশ কর্মীদের প্রশিক্ষণের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার ব্যয় করেছে।

শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে প্রাতিষ্ঠানিক পরিবর্তন সৃষ্টিতে সীমিত সাফল্যের বেশ কয়েক বছর পর, সরকার, সুশীল সমাজ এবং পুলিশ সংস্থাগুলির মাধ্যমে কীভাবে VAWG মোকাবেলার ক্ষেত্রে দীর্ঘস্থায়ী প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনা যায় তার জন্য ডুলুথ, মিনেসোটা মার্কিন যুক্তরাষ্ট্রে ‘দ্য এইট মেথড’ নামে পরিচিত একটি নতুন পদ্ধতি তৈরি করা হয়েছিল।[১০] এই পদ্ধতির লক্ষ্য ব্যক্তিগত কর্মদক্ষতা সমালোচনা করা নয়। বরং, এটি অপরাধের প্রতিক্রিয়া এবং VAWG নিরাপত্তা এবং অপরাধীদের জবাবদিহিতা নিশ্চিতে কাজ করছে কিনা তা পর্যালোচনা করে। ‹আটটি পদ্ধতি› (নিচে বিস্তারিত আলোচনা করা হয়েছে) সংস্থাগুলিকে প্রাতিষ্ঠানিক পরিবর্তনের জন্য পদ্ধতিগত দুর্বলতা এবং ব্যবস্থাগত সমাধানগুলি সনাক্ত করতে সহায়তা করে।

৮টি পদ্ধতি সেই পদ্ধতিগুলিকে নির্দেশ করে যা প্রতিষ্ঠানগুলি তাদের কর্মচারীদের কাজ সুনির্দিষ্ট করার জন্য ব্যবহার করে; এই ক্ষেত্রে, VAWG মোকাবেলা করার জন্য পুলিশ সংস্থাগুলি পুলিশের কাজ সংগঠিত করতে যে পদ্ধতিগুলি ব্যবহার করে। যখন আমরা গড়, ভালো, বা সমস্যাজনক অনুশীলনগুলি পর্যবেক্ষণ করি, তখন আমরা খুঁজে বের করতে চাই যে একজন অনুশীলনকারীর কাজ সংগঠিত করার জন্য এই আটটি প্রাথমিক পদ্ধতির মধ্যে কোন পদ্ধতিটি প্রতিক্রিয়াকে প্রভাবিত করে। উদাহরণ স্বরূপ:

- সংস্থাগুলি পুলিশদের কাজ পরীক্ষা করতে পারে যারা ইতোমধ্যেই পুলিশের প্রতিক্রিয়ার জন্য একটি আদর্শ মান তৈরি করতে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং অনুশীলন করে। ‘কী পরিবর্তনগুলি করা যেতে পারে যাতে সমস্ত সম্মুখ সারির কর্মীরা সেই মান পূরণের জন্য প্রস্তুত, সমর্থিত এবং দায়বদ্ধ রাখা যায়? এই প্রশ্ন জিজ্ঞাসা করার জন্য আটটি পদ্ধতি ব্যবহার করতে পারি।

- কোন নীতি বা প্রোটোকলের অনুপস্থিতি বা ভুল প্রয়োগ সহিংসতার শিকার এবং তাদের পরিবারের জন্য আরও ক্ষতির কারণ হতে পারে তা চিহ্নিত করার জন্য আটটি পদ্ধতি ব্যবহার করা যেতে পারে। উদাহরণস্বরূপ, ধরুন একটি জরুরি কল অপারেটর একজন দোভাষী ব্যবহার করার পরিবর্তে একটি কল সংযোগ বিচ্ছিন্ন করে যখন সে আবিষ্কার করে যে কলারের প্রাথমিক ভাষায় যোগাযোগ করতে সমস্যা হচ্ছে। এটি বেশ কয়েকটি কারণে ঘটতে পারে: কারণ সংস্থার মধ্যে এই নীতির ব্যাখ্যার অভাব রয়েছে; অথবা দোভাষী প্রদান করার জন্য সংস্থার সংস্থানের অভাব রয়েছে; অথবা বিদ্যমান নীতি অনুসরণ করার জন্য কর্মীকে দায়ী করা হয় না।

10 এলেন পেন্স, পিএইচডি এই পদ্ধিতিটি আবিষ্কার করেছে যা মূলত 'নিরাপত্তা ও জবাবদিহিতা নিরীক্ষা' নামে পরিচিত। মূল নিরাপত্তা নিরীক্ষা প্রক্রিয়াটি আটটি পদ্ধতির উপর ভিত্তি করে গড়ে উঠেছে যা প্রতিষ্ঠানসমূহ পুলিশসহ যেকোন এনজিও, প্রতিষ্ঠান বা সরকারী সংস্থায় কর্মীর কর্মকাণ্ডকে মানসম্মত করতে ব্যবহার করে। See Michael Paymar, Ellen Pence, and Graham Barnes, *Building a Coordinated Community Response to Domestic Violence: Trainer Guide*, Praxis International, 2010. ।

নীচে বর্ণিত আটটি পদ্ধতি VAWG-এর প্রতি সংগঠনের প্রতিক্রিয়ার সমস্যা বা দুর্বলতার উৎসগুলি সনাক্ত করতে সংস্থাগুলিকে সাহায্য করে। এই অধ্যায়ের সাথে অন্তর্ভুক্ত মামলার অধ্যয়ন (কেস স্টাডি) জর্জিয়ার একটি পুলিশ সংস্থা কীভাবে আটটি পদ্ধতি প্রয়োগ করেছিল তা বর্ণনা করেছে।

## ১) লক্ষ্য, উদ্দেশ্য, এবং কার্যক্রম

পুলিশ VAWG এর ব্যাপারে তাদের সংগঠনের লক্ষ্য, উদ্দেশ্য এবং একটি বৃহত্তর ফৌজদারি বিচার ব্যবস্থার মধ্যে তারা যে কাজ করে তা দ্বারা পরিচালিত হয়। আরো নির্দিষ্টভাবে বলতে হলে:

- লক্ষ্য সামগ্রিক প্রক্রিয়া এবং একটি প্রতিষ্ঠানের সর্বাধিক উদ্দেশ্যের বিষয়ে উদ্বিগ্ন থাকে। সম্ভবত, সংস্থার মধ্যে প্রতিটি কার্যক্রম এবং কেস প্রক্রিয়াকরণ পদক্ষেপ সেই লক্ষ্যের মাধ্যমে প্রতিফলিত হয়।
- উদ্দেশ্য হল লক্ষ্যের মধ্যে একটি নির্দিষ্ট প্রক্রিয়ার প্রাতিষ্ঠানিক উদ্দেশ্যকে বোঝায়, যেমন জরুরী কলে পুলিশ প্রতিক্রিয়া বা গ্রেপ্তারের পদ্ধতি।
- কার্যক্রম একটি নির্দিষ্ট প্রসঙ্গে একজন অনুশীলনকারীর কাজ; উদাহরণস্বরূপ, একজন পুলিশ কর্মকর্তাকে নির্দিষ্ট পরিস্থিতিতে কী করতে নির্দেশ দেওয়া হয়।

একজন মধ্যম স্তরের ব্যবস্থাপক বিশ্লেষণ করে যে কীভাবে আন্তঃসংযুক্ত লক্ষ্য, উদ্দেশ্য, এবং নির্দিষ্ট ব্যবস্থা (সিস্টেম) এবং প্রতিষ্ঠানের মধ্যে অনুশীলনকারীদের কার্যাবলী সহিংসতার শিকার ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতার জন্য নিশ্চিত দায়বদ্ধ থাকে।

কখনও কখনও, মধ্যম স্তরের পরিচালকরা দেখতে পারেন যে পুলিশ তাদের কার্য সম্পাদন করছে না বা এমন ধরণের কাজ করছে যা অন্য সংস্থার জন্য উপযুক্ত। উদাহরণ স্বরূপ, মধ্য এশিয়ার একটি দেশে, পারিবারিক সহিংসতা আইন পাশ হওয়ার পরপরই, পুলিশ সহিংসতার শিকার ব্যক্তিদের কাউন্সেলিং করতে ব্যস্ত হয়ে পড়ে। অপরাধীদের জবাবদিহি করার পরিবর্তে, তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পরামর্শদাতা হিসাবে কাজ করার চেষ্টা করছিল। এটি পুলিশের লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যক্রমের সাথে **সাংঘর্ষিক ছিল** বিধায় প্রয়োজনীয় সংস্কারগুলিকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হয়েছিল যাতে সহিংসতার শিকার ব্যক্তিদের দক্ষ পরামর্শদাতাদের কাছে পাঠানো হয় যারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাউন্সেলিং এ প্রশিক্ষিত ছিলেন।

একটি সংস্থার লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যাবলী লিখিতভাবে জানালে VAWG মামলায় পুলিশকে তাদের প্রতিক্রিয়া জানাতে এবং পরিচালনা করতে সাহায্য করে। নিম্নলিখিত উদাহরণটিতে লিখিত ভাবে অস্ট্রেলিয়ার ভিক্টোরিয়ার একটি পুলিশ সংস্থার মিশন, উদ্দেশ্য এবং কার্যক্রমকে উপস্থাপন করা হয়েছে:

কিছু পুলিশ সংস্থা এবং সম্প্রদায়ে, VAWG একটি গুরুতর অপরাধ হিসাবে বিবেচিত হয় না। যেমন,পারিবারিক সহিংসতা বা যৌন সহিংস ইউনিটে নিয়োগ অন্যান্য বিভাগে নিয়োগের তুলনায় কম মর্যাদাপূর্ণ হিসাবে দেখা হয়। মধ্যম স্তরের পরিচালকরা VAWG মামলা তদন্তে অর্জিত অভিজ্ঞতা, দক্ষতা এবং দক্ষতার মূল্যায়ন করে VAWG মামলাগুলির গুরুত্বকে আরও জোরদার করতে পারে এবং ইচ্ছাকৃতভাবে এমন কর্মকর্তাদের কর্মজীবনের অগ্রগতির সুযোগ প্রদান করতে পারে যারা নারী ও মেয়েদের বিরুদ্ধে অপরাধের প্রতিক্রিয়ায় প্রতিশ্রুতি ও দক্ষতা প্রদর্শন। সুনির্দিষ্ট পদক্ষেপের মাধ্যমে VAWG এর গুরুত্বের উপর জোর দিলে এই বার্তা পাঠানো সম্ভব হবে যে পুঙ্খানুপুঙ্খভাবে VAWG তদন্ত করা পুলিশ কর্মকর্তাদের কাজের একটি অপরিহার্য উপাদান।

## ২) ধারণা এবং তত্ব

ধারণা এবং তত্ত্বগুলির মধ্যে রয়েছে ভাষা, বিভাগ, তত্ব, অনুমান, দার্শনিক কাঠামো এবং অন্যান্য পদ্ধতি যা প্রতিষ্ঠানগুলিকে ব্যবহার করে কর্মীরা কিভাবে মামলা এবং জড়িত ব্যক্তিদের সম্পর্কে চিন্তা কবে, কথা বলে এবং লেখে তা সংগঠিত করতে। ধারণা এবং তত্ত্বগুলি অন্য সাতটি পদ্ধতিকে অবগত এবং প্রভাবিত করে।

পুলিশ বিভাগ দ্বারা নিযুক্ত প্রতিটি নীতি বা অনুশীলন ধারণা, তত্ব বা অনুমান দ্বারা পরিচালিত হয়। সমস্ত ফৌজদারি বিচার

Box ১

**লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যক্রম: মূল বার্তা**

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যগুলিকে এগিয়ে নিয়ে যায় কি না তা নির্ণয় করার জন্য একটি পুলিশ সংস্থার লক্ষ্য, নির্দিষ্ট অনুশীলনের উদ্দেশ্য, এবং পুলিশের কার্যকারিতা পরীক্ষা করা উচিত।
- লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যাবলী স্পষ্টভাবে পুলিশকে লিখিতভাবে জানাতে হবে।
- সংস্থার সমস্ত নীতি, অনুশীলন এবং নির্দেশাবলী VAWG ক্ষেত্রে এর লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যের সাথে সংগতিপূর্ণ হওয়া উচিত

Box ২

**লক্ষ্য, উদ্দেশ্য এবং কার্যক্রমের উদাহরণ: ভিক্টোরিয়া পুলিশের অনুশীলনের নিয়ম**

অনুশীলনের নিয়ম এর লক্ষ্য

ভিক্টোরিয়া পুলিশ পারিবারিক সহিংসতাকে অত্যন্ত গুরুতর বলে মনে করে এবং প্রায়ই এটি অপরাধমূলক আচরণ। পারিবারিক সম্পর্কের সহিংসতার প্রকৃতিকে বিশেষভাবে প্রতারক হিসাবে দেখা হয় কারণ এটি বিশ্বাসের অপব্যবহার। প্রায়শই সহিংসতার শিকার ব্যক্তিদের নিরাপত্তা বা তাদের জীবন, বা তাদের সন্তানদের জীবন এবং কখনও কখনও পরিবারের অন্যান্য সদস্যদের জন্য ক্রমাগত হুমকি হয়ে থাকে। যখন পুলিশ পারিবারিক সহিংসতার বিষয়ে সহায়তার জন্য আহ্বানে সাড়া দেয় তখন তারা স্বীকার করে যে এটি প্রকৃতিগত ভাবে জটিল একটি বিষয় এবং ভিকটিমস চার্টার অনুসারে সকল সহিংসতার শিকার ব্যক্তিদের সাথে মর্যাদা ও সম্মানের সাথে আচরণ করা উচিত। এই অনুশীলনের লক্ষ্যের উদ্দেশ্য হল:

- সকল পারিবারিক সহিংসতার শিকার, বিশেষ করে নারী ও শিশুদের নিরাপত্তার মাত্রা বৃদ্ধি করুন।
- পারিবারিক সহিংসতার চক্র ভাঙ্গার জন্য প্রথমেই হস্তক্ষেপ এবং বাধা প্রদান করুন।
- পারিবারিক সহিংসতার অপরাধীদেরকে তাদের আচরণের জন্য দায়বদ্ধ করুণ পারিবারিক সহিংসতা হস্তক্ষেপ আদেশ (FVIO) এবং পারিবারিক সহিংসতার সুরক্ষা বিজ্ঞপ্তি (FVSN) লঙ্ঘনসহ প্রযোজ্য ক্ষেত্রে ফৌজদারি চার্জ গঠন করা এবং সফল বিচার নিশ্চিতের মাধ্যমে।
- পুলিশি হস্তক্ষেপের প্রক্রিয়া চলাকালীন পরিবারের সদস্যদের মানসিক আঘাত (ট্রমা) কমানোর ব্যবস্থা করুণ।
- ক্ষতিগ্রস্থ পরিবারের সদস্যদের (AFMs) তাদের নিজেদের বাড়িতে অথবা যেখানে তারা থাকতে চায় সেখানে নিরাপদে থাকার জন্য সহায়তা করুন।
- পারিবারিক সহিংসতার ঘটনার ক্ষেত্রে প্রতিবেদন দাখিল্কে উৎসাহিত করুন।
- পারিবারিক সহিংসতার জন্য উপযুক্ত, সামঞ্জস্যপূর্ণ, স্বচ্ছ এবং জবাবদিহিমূলক প্রতিক্রিয়া এবং তদন্তের মাধ্যমে ভাল অনু-শীলন অর্জন করুন।
- অন্যান্য সংস্থার, সরকারী এবং বেসরকারী সংস্থার সাথে অংশীদারিত্বে, পারিবারিক সহিংসতার একটি সমন্বিত প্রতিক্রিয়াকে সহায়তা করুন।

সূত্র: পারিবারিক সহিংসতার তদন্তের জন্য কোড অফ প্র্যাকটিস (২০১৯)। ভিক্টোরিয়া পুলিশ। https://www.police.vic.gov.au/sites/default/files/2019-06/Code-of-Practice-2019.pdf

সংস্থা প্রশিক্ষণ, নীতি, পদ্ধতি এবং অন্যান্য নির্দেশনা প্রদানের জন্য যে ভাষা ব্যবহার করে সেই ভাষায় VAWG-এর ধারণা এবং তত্বকে প্রাতিষ্ঠানিক করে তোলে। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর জন্য একটি পুলিশ বিভাগের মূল ধারণা এবং তত্বগুলি 'পুরুষ ও নারীদের মধ্যে ঐতিহাসিকভাবে অসম ক্ষমতা সম্পর্কের প্রকাশ' হিসাবে VAWG-এর ধারণার মধ্যে নিহিত থাকা প্রয়োজন।[১১] এটি সেই তত্ব থেকে আলাদা যে তত্ব বলা হয় যে সহিংসতা সংগঠিত হয় রাগ, মানসিক অসুস্থতা, মদ্যপান বা অন্যান্য কারণের জন্য।

এই বিভাগটিতে VAWG এর মূল কারণগুলির বেশ কয়েকটি সাধারণ তত্ব পরীক্ষা করার মাধ্যমে একটি পুলিশ সংস্থার নীতি ও অনুশীলনে লিঙ্গ-সংবেদনশীল তত্বগুলিকে অন্তর্ভুক্ত করার উপায়গুলি নিয়ে আলোচনা করা হয়েছে। তাছাড়া, এখনে বিভিন্ন ধরনের IPV-যা বিশ্বব্যাপী VAWG-এর সবচেয়ে প্রচলিত রূপ হিসেবে বিবেচিত- কে অন্তর্ভুক্ত করেছে[১২] - এবং প্রতিটি ধরনের সহিংসতার কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে

১১ জাতিসংঘের সাধারণ পরিষদ, নারীর বিরুদ্ধে সহিংসতা নির্মূলের বিষয়ে জাতিসংঘের ঘোষণা, রেজোলিউশন ৪৮/১০৪, ২০ ডিসেম্বর, ১৯৯৩। এটা লক্ষ করা গুরুত্বপূর্ণ যে বিশ্বজুড়ে অনেক নারী ও মেয়ে নিপীড়নের আন্তঃসম্পর্কিত ধরণ (জাতি, শ্রেণীগত কারণ, যৌন অভিযোজন, লিঙ্গ পরিচয়, ধর্ম, অক্ষমতা, অভিবাসনের অবস্থা এবং পরিচয়ের অন্যা-ন্য দিক) দ্বারা প্রভাবিত হয় যা লিঙ্গ নিপীড়ন এবং সহিংসতার প্রতি তাদের দুর্বলতা আরও বাড়িয়ে তোলে। সকল নারী ও মেয়েরা একইভাবে সহিংসতার শিকার হয় না বিধায় সহিংসতার কার্যকর প্রতিক্রিয়া জানানোর সময় অবশ্যই সেই নারী ও মেয়েদের অভিজ্ঞতাকে বিবেচনায় নিতে হবে যারা নিপীড়নের আন্তঃসম্পর্কিত ধরণের শিকার হয়।

১২ সাম্প্রতিক বৈশ্বিক গবেষণার তথ্য অনুযায়ী ৩০ শতাংশ নারী তাদের জীবদ্দশায় অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা শারীরিক বা যৌন সহিংসতার শিকার হন। See: World Health Organization, 'Violence Against Women: Key Facts,' at: https://www.who.int/news-room/fact-sheets/detail/violence-against-women.

কীভাবে নীতি এবং নির্দেশনা তৈরি করা যেতে পারে সেই সম্পর্কে পরামর্শ দিয়েছে।

## নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার সাধারণ তত্ত্ব[১৩]

### তত্ত্ব: ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য

আমরা ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্বের একটি সাধারণ আলোচনা দিয়ে এই বিভাগটির আলচনা শুরু করবো কারণ এটি একটি লিঙ্গ-সংবেদনশীল তত্ত্ব যা স্বাভাবিকভাবেই লিঙ্গ-সংবেদন-শীল নীতি এবং প্রোটোকলের দিকে পরিচালিত করে।[১৪] এই তত্ত্বটি ক্ষমতা এবং নিয়ন্ত্রনের চাকা দ্বারা চিত্রায়িত হয়েছে (নীচের ছবি)। চাকার অভ্যন্তরীণ স্পোকগুলিতে শারীরিক এবং/অথবা যৌন সহিংসতার সম্মুখীন হওয়ার সময় নারী ও মেয়েদের দ্বারা চিহ্নিত সহিংসতায় ব্যবহৃত সাধারণ কৌশলগুলি অন্তর্ভুক্ত হয়েছে। যখন অপরাধীরা চাকায় অন্তর্ভুক্ত কৌশলসহ শারীরিক এবং/অথবা যৌন সহিংসতা ঘটায় বা হুমকি দেয়, তখন অপরাধীরা শিকারের উপর ক্ষমতা এবং নিয়ন্ত্রণ অর্জন করে।

> *ফৌজদারি বিচার সংস্থাগুলির দ্বারা ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্ব প্রয়োগ করা লিঙ্গ-সংবেদনশীল পুলিশ অনুশীলনের দিকে পরিচালিত করে।*

ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্ব লিঙ্গ-সংবেদনশীল কারণ এটি নারী ও মেয়েদের উপর নিপীড়ন করার সময় সহিংসতা এবং অন্যান্য কৌশল ব্যবহারকে বিবেচনায় নেয়। কারণ এটি সহিংসতার শিকার বেঁচে থাকা নারীদের সাথে পরামর্শ করে তৈরি করা হয়েছে, এবং এটি সহিংসতার শিকার হওয়া নারীদের জীব-নযাপনের প্রকৃত অভিজ্ঞতাকে প্রতিফলিত করে। ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য চাকা সারা বিশ্বের শত শত সম্প্রদায়ের মধ্যে অনূদিত এবং ব্যবহার করা হয়েছে।

১৪ ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্বটি মার্কিন যুক্তরাষ্ট্রের মিনেসোটা, ডুলুথ-এ ডোমেস্টিক অ্যাবিউজ ইন্টারভেনশান প্রোজেক্ট দ্বারা নারীদের সাথে অন্তরঙ্গ সঙ্গীদের দ্বারা ঘটানো সহিংসতার বাস্তব অভি-জ্ঞতার সম্পর্কে বিস্তারিত আলোচনার ভিত্তিতে বিকাশ লাভ করেছিল। (See Domestic Abuse Intervention Project, https://www.theduluthmodel.org)। ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্বটি নারীদের জীবনযাপনের অভিজ্ঞতার প্রতিফলন করায় এবং বিভিন্ন সামাজিক প্রেক্ষাপটে এর অভিযোজনযোগ্যতার জন্য বিশ্বজুড়ে নারী এবং তাদের অধিপরামর্শদের মাধ্যেমে অনূদিত (অনুরণিত) হয়েছে এবং নারীর প্রতি সহিংসতার বিষয়ে মানবাধিকার নিশ্চিতের উপকরণে অন্তর্ভুক্ত করা হয়েছে। See e.g. CEDAW/C/GC/35, para. 19.

যদিও ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্ব এবং চাকা বিশেষভাবে গার্হস্থ্য সহিংসতার গতিশীলতা ব্যাখ্যা করার জন্য তৈরি করা হয়েছিল, তত্ত্বটি VAWG-এর অন্যান্য ধরণগুলির সাথেও প্রাসঙ্গিক। উদাহরণস্বরূপ, যৌন সহিংসতার পক্ষে যুক্তি উপস্থাপনের সময় প্রায়শই নারীদের যৌন নিয়ন্ত্রণে পুরুষদের অধিকারের অনুভূতি প্রকাশ করে - কারণ সে কি কাপড় পরিধান করেছিল, কারণ সে নেশাগ্রস্ত ছিল, বা কেবল তার সাথে যৌন সম্পর্ক করার পুরুষের ইচ্ছার কারণে। একইভাবে, ক্ষতিকারক অভ্যাস যেমন মেয়েদের যৌনাঙ্গ কেটে ফেলা/কাটা, বাল্যবিবাহ, এবং তথাকথিত সম্মান জনিত হত্যা আংশিকভাবে নারী ও মেয়েদের দেহ এবং যৌনতা নিয়ন্ত্রণের জন্য সংঘটিত হয়।[১৫]

ফৌজদারি বিচার সংস্থাগুলির দ্বারা ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্ত্ব গ্রহণ করা লিঙ্গ-সংবেদনশীল পুলিশ অনুশীলনের দিকে পরিচালিত করে। উদাহরণস্বরূপ, সহিংসতার একটি ঘটনাকে সংকীর্ণভাবে তদন্ত করার পরিবর্তে, চলমান যে সকল কৌশল অপরাধী শিকারকে নিয়ন্ত্রণ করতে ব্যবহার করে সে কৌশলসহ পুলিশকে নির্যাতনের ধরণগুলি সম্পর্কে বোঝার জন্য নির্দেশ দেওয়া হবে।

হস্তক্ষেপগুলি এই নির্যাতনের ধরণকে বিপর্যস্ত করতে বা ভেঙ্গে ফেলতে এবং দীর্ঘমেয়াদে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তিকে রক্ষা করার জন্য উপযুক্ত হতে পারে। উদাহরণ স্বরূপ, যদি একজন কর্মকর্তা একটি আক্রমণের ফলে সামান্য আঘাত লাগার প্রেক্ষিতে প্রতিক্রিয়া জানাতে গিয়ে তিনি যদি জানতে পারেন যে অপরাধীর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে দুর্ব্যবহার করার দীর্ঘ ইতিহাস রয়েছে এবং সে তাকে হত্যা করার হুমকি দিয়েছে, তাহলে পুলিশ বিভাগ ক্ষতির গুরুতর ঝুঁকি স্বীকার করবে এবং যথাযথভাবে প্রতিক্রিয়া জানাবে।

**মধ্যম স্তরের ব্যাবস্থাপকদের উচিত পুলিশ কর্মকর্তাদের প্রযোজ্য আইনের অধীনে উপলব্ধ পদক্ষেপ নিতে নির্দেশ দেওয়া যা সম্ভবত ক্ষমতা এবং নিয়ন্ত্রণের দীর্ঘমেয়াদী গতিশীলতাকে বিপর্যস্ত করবে বা ভেঙ্গে ফেলবে। একটি পুলিশ প্রতিক্রিয়া যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সুরক্ষাকে কেন্দ্রীভূত করে তাতে অন্তর্ভুক্ত হতে পারে অপরাধীকে আটক করা, একটি প্রতিরক্ষামূলক আদেশ জারি করা, একজন প্রসিকিউটরকে সুপারিশ করা এই জন্য যে হত্যার মৌখিক হুমকিকে একটি গুরুতর অপরাধ হিসাবে বিবেচনা করা এবং অপরাধীকে তার বিশ্বাসকে চ্যালেঞ্জ করে এমন একটি পুনর্বাসন ক্লাসে যোগ দেওয়ার সুপারিশ করা।**

### তত্ত্ব: ব্যক্তিগত মনস্তাত্বিক সমস্যা

মানসিক স্বাস্থ্য ব্যাধিগুলি VAWG-এর বিশাল সংখ্যাগরিষ্ঠতার

১৫ পঞ্চম অধ্যায়: তদন্ত, এবং পরিশিষ্ট-২ 'সম্মান ভিত্তিক সহিংসতা / নির্যাতন এবং ক্ষতিকারক অনুশীলন' দেখুন।

কারণ নয়। তা সত্ত্বেও, VAWG-এর প্রথম দিকের তত্ত্বগুলির মধ্যে একটি (এখনও অনেক সম্প্রদায়ের মধ্যে প্রচলিত) হ'ল সহিংসতা মানসিক অসুস্থতার কারণে বা অ্যালকোহল বা ড্রাগ অপব্যবহারের কারণে ঘটে।[১৬]

এই তত্ত্বের প্রবক্তারা বিশ্বাস করেন যে **ব্যক্তিগত** চিকিৎসা, মানসিক ওষুধ বা রাসায়নিক নির্ভরতা চিকিৎসার মাধ্যমে VAWG এর অপরাধ বাধাগ্রস্ত হতে পারে। যদি একটি ফৌজদারি বিচার সংস্থা এই তত্ত্বটি গ্রহণ করে তাহলে এর সাধারণ প্রতিক্রি-য়াগুলির মধ্যে অন্তর্ভুক্ত থাকবে অপরাধীর চিকিৎসার সুপারিশ করা এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির মনস্তাত্বিক পরামর্শকের কাছে পাঠানো। অপরাধীর পর্যবেক্ষণ তার হিংসাত্মক আচরণ এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির ক্ষতির সম্মুখীন হওয়ার ঝুঁকির পর্যবেক্ষণের পরিবর্তে ওষুধের পরীক্ষা এবং চিকিৎসার সুপারিশগুলি অনুসরণ করার উপর দৃষ্টি নিবদ্ধ করবে।

গবেষণায় দেখা গেছে যে যদিও কিছু পুরুষের- যারা আইপিভির সাথে জড়িত- মানসিক অসুস্থতা রয়েছে, তবে মানসিক অসুস্থতার কারণে ঘনিষ্ঠ অংশীদারদের দ্বারা সংগঠিত সহিংসতার হার দশ শতাংশের নিচে।[১৭] তাছাড়া, 'ব্যক্তিগত মনস্তাত্বিক সমস্যা' তত্ত্বটি চলমান গার্হস্থ্য সহিংসতার জন্য সাধারণ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে নিয়ন্ত্রণ ও পরিচালনা করার জন্য কৌশলের চলমান ব্যবহারের জন্য দায়ী নয়।

**যদি মধ্যম স্তরের ব্যাবস্থাপকরা স্বীকার করেন যে স্বতন্ত্র কর্মকর্তা বা সংস্থা এই বিশ্বাস থেকে কাজ করছে যে বেশিরভাগ VAWG এর ঘটনা মানসিক অসুস্থতার কারণে হয় তাহলে বেশির ভাগ সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিরা সহিংসতার যে অভিজ্ঞতা অর্জন করেছে তার প্রতি আরও ভাল প্রতিক্রিয়া জানাতে বিদ্যমান নীতি, প্রোটোকল, এবং অনুশীলনগুলির সংশোধনের প্রয়োজন হবে। স্থানীয় সম্প্রদা-য়ের মধ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জীবনের অভিজ্ঞতাকে আরও ভালভাবে বোঝার জন্য তাদের সাথে পরামর্শ করা গুরুত্বপূর্ণ।**

## তত্ত্ব: সম্পর্কের সমস্যা

অন্যরা বিশ্বাস করে যে VAWG (বিশেষ করে IPV) দুর্বল যোগাযোগ দক্ষতা এবং পারস্পরিক শ্রদ্ধার অভাব থেকে সংগঠিত হয় এবং এতে উভয় অংশীদারই দোষী। যদি এই তত্ত্বটি একটি ফৌজদারি বিচার সংস্থা দ্বারা গৃহীত হয়, তাহলে পুলিশ সুপারিশ করতে পারে যে সহিংসতার শিকার এবং অপরাধী দম্পতিদের জন্য নির্ধারিত কাউন্সেলিং বা মধ্যস্থতায় যোগদান করতে পারে, অথবা - এমনকি আরও খারাপ - পরামর্শ দিতে পারে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী তার আচরণ পরিবর্তন করে সামাজিক/সাংস্কৃতিক প্রত্যাশার সাথে সামঞ্জস্যপূর্ণ একজন 'ভালো স্ত্রী' হতে পারে। পুলিশ সম্ভবত ভবিষ্যৎ সহিংসতার ঝুঁকি সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্য সংগ্রহ করতে ব্যর্থ হবে এবং সহিংসতার শিকার নারীকে সুরক্ষা দেয় এমন ব্যবস্থা গ্রহন করবে না। একইভাবে, যৌন নিপীড়নের ক্ষেত্রে, কথা, কাজ বা পোশাকের মাধ্যমে একজন অপরাধীর কাছে ভুল বার্তা পৌঁছানোর জন্য সহিংসতার শিকার নারীদের দোষারোপ করা হতে পারে। এই তত্ত্বটি সহিংসতার জন্য একটি অজুহাত হিসাবে কাজ করতে পারে এবং এমন অনুশীলনের দিকে পরিচালিত করবে না যা সহিংসতার শিকারকে নিরাপত্তা প্রদান করে এবং অপরাধীদের জবাবদিহি করতে পারে।

**যদি মধ্যম স্তরের ব্যবস্থাপকরা স্বীকার করেন যে পৃথক কর্মকর্তা বা সংস্থা এই বিশ্বাস থেকে কাজ করছে যে সহিংসতা সম্পর্ক বা যোগাযোগের সমস্যার কারণে হয়, তাহলে বিদ্যমান নীতি, প্রোটোকল এবং অনুশীলনগুলিতে পুলিশ কর্মকর্তাদের মাধ্যমে মধ্যস্থতা এবং কাউন্সেলিং এর সুপারিশ অন্তর্ভুক্ত করা হবে। বেশিরভাগ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা সহিংসতার যে অভিজ্ঞতা অর্জন করে তাতে আরও ভাল প্রতিক্রিয়া জানাতে এই নীতিগুলি বা অনুশীলনগুলির সংশোধনের প্রয়োজন হবে। স্থানীয় সম্প্রদায়ের মধ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জীবনের অভিজ্ঞতাকে আরও ভালভাবে বোঝার জন্য তাদের সাথে পরামর্শ করা গুরুত্বপূর্ণ।**

## তত্ত্ব: হিংস্রতা এবং রাগ ব্যবস্থাপনা তত্ত্বের চক্র (সাইকেল অফ ভায়োলেন্স অ্যান্ড অ্যাঙ্গার ম্যানেজমেন্ট থিওরি)

আরেকটি সাধারণ তত্ত্ব হল যে অপরাধীরা তাদের রাগ পরিচালনা করতে বা অহিংস উপায়ে তাদের আবেগ প্রকাশ করতে সমস্যার । ১৯৭০ এর দশকে, ডাঃ লেনোর ওয়াকার সাইকেল অফ ভায়োলেন্স তত্ত্ব (**হিংস্রতা এবং রাগ ব্যবস্থাপনা তত্ত্বের চক্র**) আবিষ্কার করেছিলেন, যেখানে তিনি দাবি করেছিলেন যে আপত্তিজনক সম্প-র্কগুলিকে একটি ক্রমাগত চক্র দ্বারা চিহ্নিত করা হয় যেখানে একটি দম্পতি হানিমুন ফেজ, 'টেনশন বিল্ডিং' ফেজ এবং হিংসাত্মক, বিস্ফোরক পর্যায় (আবার অনুতপ্ত হানিমুন পর্বকে অনুসরণ করে) এর অভিজ্ঞতা অর্জন করে।

এই তত্ত্বের প্রবক্তারা বিশ্বাস করেন যে যদি পুরুষরা তাদের রাগ শান্ত করার জন্য টুলসগুলি (সরঞ্জামগুলি) শিখতে পারে তবে উত্তেজনা তৈরির পর্যায়ে IPV বাধাগ্রস্ত হতে পারে। সর্বোত্তমভাবে,

---

১৬ The Advocates for Human Rights, 'Theories of Violence,', at: http://www.stopvaw.org/theories_of_violence

১৭ Barbara J. Hart and Andrew R. Klein, 'Practical Implications of Current Intimate Partner Violence Research for Victim Advocates and Service Providers,' December 2013, 12, at: https://www.ncjrs.gov/pdffiles1/nij/grants/244348.pdf


ক্ষমতা
এবং
নিয়ন্ত্রণ
জবরদস্তি করা এবং হুমকি দেওয়া
আঘাত করা এবং/অথবা
আঘাত করার হুমকি দেওয়া
ছেড়ে যাওয়ার হুমকি দেওয়া,
আত্মহত্যা করা,
সামাজিক পরিষেবায় রিপোর্ট
করা
যে মামলাগুলি আনা হচ্ছে তা
প্রত্যাহার করা
অবৈধ কাজ করতে
বাধ্য করা
ভীতি ব্যবহার করা
চেহারা, কাজ বা অঙ্গভঙ্গি দ্বারা
তাকে ভয় দেখানো
বস্তু ভাঙা
তার জিনিসপত্র ধ্বংস করা
পোষা প্রাণীদের সাথে দুর্ব্যবহার করা
অস্ত্র বের করা
মানসিক ভাবে নির্যাতন করা
তাকে ছোট করা
তাকে নিজের সম্পর্কে খারাপ বোধ
করতে বাধ্য করা
তাকে পাগল মনে করা
তার আবেগের সাথে খেলা করা
তাকে অপমান করা
তাকে অপরাধী বোধ করতে
বাধ্য করা.
বিচ্ছিন্নতাকে ব্যবহার করা
সে কি করে, কার
সাথে দেখা করে, এবং কি
কথা বলে, সে কোথায়
পড়ে, এবং নিয়ন্ত্রণ করা
যায় তা
তার বাইরের
পরিচিতি সীমাবদ্ধ
করা
তার কার্যক্রমকে
ন্যায্যতা দেওয়ার
জন্য হিংসা ব্যবহার
করা।
ছোট করা, অস্বীকার করা এবং দোষারোপ করা
নির্যাতনকে
হালকাভাবে নেওয়া
এবং এটি সম্পর্কে
উদ্বেগকে গুরুত্ব
সহকারে না নেওয়া
নির্যাতন ঘটেনি বলে
বলা · আপত্তিজনক
আচরণের দায়
প্রত্যাখ্যান করা
বলা যে তিনি এটি
ঘটিয়েছেন।
শিশুদের ব্যবহার করা
বাচ্চাদের সম্পর্কে তাকে
দোষী বোধ করতে বাধ্য
করা
তাকে বার্তা পাঠাতে
বাচ্চাদের ব্যবহার করা
তাকে হয়রানি করার
জন্য ভিজিট ব্যবহার
করা
বাচ্চাদের তার কাছ
থেকে দূরে নিয়ে যাওয়ার
হুমকি দেওয়া.
পুরুষ বিশেষাধিকার ব্যবহার করা
তার সাথে একজন
চাকরের মতো আচরণ
করা
সমস্ত বড় সিদ্ধান্ত নিজে
নেওয়া
"ঘরের কর্তা" হিসাবে
কাজ করা
পুরুষ এবং
নারীর ভূমিকা কে
সংজ্ঞায়িত করা
অর্থনৈতিক নির্যাতন করা
তাকে চাকরি পেতে বা করতে
বাধা দান
তাকে অর্থ চাইতে বাধ্য করা
তাকে ভাতা দেওয়া
তার কাছ থেকে তার অর্থ
কেড়ে নেওয়া
পারিবারিক আয় প্রকাশ
না করা বা তাকে এতে
প্রবেশাধিকার (অ্যাক্সেস) না
দেওয়া।



সহিংসতার এই তত্ব থেকে পরিচালিত একটি ফৌজদারি বিচার সংস্থা সুপারিশ করতে পারে যে একজন ব্যক্তি সহিংসতা বন্ধ করার জন্য রাগ ব্যবস্থাপনা ক্লাসে উপস্থিত হতে পারেন। সবচেয়ে খারাপভাবে, এই তত্বের অধীনে কাজ করা পুলিশ কর্মকর্তারা উত্তেজনা তৈরির পর্যায়ে (অথবা অপরাধী সহিংসতা ব্যবহার করার আগে চলে যেতে ব্যর্থ হওয়ার জন্য) সহিংসতার শিকার নারীকে দোষ দিতে পারে।

আরও অন্যান্য গবেষণায় সহিংসতার চক্রের তত্বের বৈধতাকে চ্যালেঞ্জ করা হয়েছে। প্রথমত, এই তত্বটি যে বিষয়টি বিবেচনায় নেয় নি তা হল সহিংসতার শিকার অনেক নারী কখনও ‹হানিমুন ফেজ› অনুভব করেননি এবং যার ফলে এখানে সহিংসতার শিকার নারীকে দোষারোপ করা হয়ে থাকে। যেহেতু তত্বটি অনুমান করে যে নারীরা সম্পর্কের ক্ষেত্রে স্বতন্ত্র পর্যায়গুলি অনুভব করবে, এই তত্বটি গ্রহণকারী ফৌজদারি বিচার এবং অধিপরামর্শকারী সংস্থাগুলি প্রায়শই নারীদের উপর সহিংসতা বন্ধ করার বা 'টেনশন বিল্ডিং' পর্যায় ত্যাগ করার দায়িত্ব প্রদান করে।[১৮]

প্রকৃতপক্ষে, নারীরা বলেছিলেন যে তাদের অংশীদারদের দ্বারা সংগঠিত সহিংসতা অপ্রত্যাশিত এবং নিয়ন্ত্রণ করা অসম্ভব। তার পরেও, অপরাধীরা তাদের অংশীদারদের উপর নিয়ন্ত্রণ প্রয়োগ করার জন্য যে অন্যান্য কৌশলগুলি ব্যবহার করে সেগুলি সহিংসতা তত্বের চক্র দ্বারা ব্যাখ্যা করা হয়নি।

একইভাবে, তত্বের প্রবক্তারা অপরাধীদের ‹রাগ ব্যবস্থাপনা সমস্যা› আছে বলে ব্যাখ্যা করলেও যে বিষয়টি ব্যাখ্যা করতে ব্যর্থ হয়েছেন সেটি হল কেন একজন অপরাধী তার সঙ্গী ছাড়া অন্য মানুষের বিরুদ্ধে সহিংসতা ঘটানো থেকে বিরত থাকতে পারে - উদাহরণস্বরূপ, একজন বসের বিরুদ্ধে যিনি তার সাথে অন্যায় আচরণ করেন।

১৮Leigh Goodmark, 'Reframing Domestic Violence Law and Policy: An Anti-Essentialist Proposal,' Journal of Law and Policy, Vol. 31:39, 2009, 42, at: https://openscholarship.wustl.edu/law_journal_law_policy/vol31/iss1/4/

**যদি মধ্যম স্তরের ব্যবস্থাপকরা স্বীকার করেন যে স্বতন্ত্র কর্মকর্তা বা সংস্থা এই বিশ্বাস থেকে কাজ করছে যে সহিংসতা একটি রাগের সমস্যা দ্বারা সৃষ্ট হয়, তাহলে বেশিরভাগ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা সহিংসতার যে অভিজ্ঞতা অর্জন করে তাতে আরও ভাল প্রতিক্রিয়া জানাতে এই নীতিগুলি বা অনুশীলনগুলির সংশোধনের প্রয়োজন হবে। স্থানীয় সম্প্রদায়ের মধ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জীবনের অভিজ্ঞতাকে আরও ভালভাবে বোঝার জন্য তাদের সাথে পরামর্শ করা গুরুত্বপূর্ণ।**

## কোন তত্ব বর্তমানে আপনার প্রতিষ্ঠানের কার্যক্রমকে পরিচালিত করছে?

মধ্যম স্তরের ব্যবস্থাপকদের পরীক্ষা করা উচিত যে কোন তত্বগুলি বর্তমানে তাদের নিজস্ব প্রতিষ্ঠানে VAWG-এর প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে ব্যবহৃত হচ্ছে। VAWG বর্ণনা করতে কোন ভাষা ব্যবহার করা হচ্ছে? সংস্থার বর্তমান অনুশীলন দ্বারা কোন মনোভাব সমর্থিত হচ্ছে? সহিংসতার জন্য 'অজুহাত' গ্রহণ করা হয় কি, যদি থাকে?

যদি ক্ষমতা এবং নিয়ন্ত্রণ/আধিপত্য তত্বটি ইতোমধ্যেই সংস্থার কাজের মধ্যে অন্তর্ভুক্ত না হয়ে থাকে, তবে মধ্যম স্তরের ব্যবস্থাপকরা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীদের জীবনের বাস্তব অভিজ্ঞতা সম্পর্কে আরও শিখে এই তত্বটিকে তাদের সংস্থার কাজের মধ্যে অন্তর্ভুক্ত করতে শুরু করতে পারেন। একটি ভাল প্রথম পদক্ষেপ হল স্থানীয় নারী সংস্থার সাথে অংশীদারিত্ব তৈরি করা যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীদের সাথে লক্ষ্য দল আলোচনায় (ফোকাস গ্রুপ) অংশগ্রহণ করা যায় যা তাদেরকে সম্প্রদায়ে সাধারণত ব্যবহৃত শক্তি এবং নিয়ন্ত্রণ কৌশল সম্পর্কে অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে।

### অন্তরঙ্গ অংশীদারদের মাধ্যেমে সংগঠিত সহিংসতার ধরন

বিশ্বব্যাপী সহিংসতার সবচেয়ে প্রচলিত ধরণগুলির মধ্যে একটি হল অন্তরঙ্গ অংশীদার মাধ্যেমে সংগঠিত সহিংসতা। পুলিশ বিভাগের কাজকে চালিত করা ঘনিষ্ঠ অংশীদার সহিংসতা সম্পর্কে ধারণা এবং তত্বগুলি সহিংসতার শিকার ব্যক্তিদের প্রতি কর্মকর্তাদের প্রতিক্রিয়া এবং অপরাধীদের পরিণতিকে প্রভাবিত করবে। উদাহরণস্বরূপ, কিছু সম্প্রদায় আইপিভি আইন এবং নীতিগুলি গ্রহণ করেছে বিধায় কর্মকর্তাদের এই ধরনের সমস্ত ঘটনার সাথে একইভাবে প্রতিক্রিয়া জানাতে হবে। এই ধরনের নীতির অন্তর্নিহিত ‹তত্ব› হল যে বাড়িতে বা অন্তরঙ্গ অংশীদারদের মধ্যে ঘটে যাওয়া সমস্ত সহিংসতার একই উদ্দেশ্য এবং প্রভাব রয়েছে।

গবেষণায় দেখা গেছে যে আইপিভি প্রায়ই একটি পুনরাবৃত্ত অপরাধ যেখানে একজন অংশীদার তার সঙ্গীকে দীর্ঘ সময়ের জন্য নিয়ন্ত্রণ করার অভিপ্রায়ে আধিপত্যে বিস্তারের কৌশল ব্যবহার করে।[১৯] তার সঙ্গীও প্রতিক্রিয়া বা প্রতিশোধের জন্য সহিংসতা ব্যবহার করতে পারে। যে নীতিতে চলমান সহিংসতার জন্য একজন অপরাধীর একই পরিণতি নিশ্চিত করতে হয় এবং একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যে মাঝে মাঝে আত্মরক্ষার জন্য সহিংসতা ব্যবহার করে সেই নীতির মাধ্যমে কার্যকরভাবে অপব্যবহারের ধরণকে শেষ করা যাবে না। ঘনিষ্ঠ অংশীদার সহিংসতার একটি কার্যকর প্রতিক্রিয়ার জন্য পুলিশ কর্মকর্তাদের বুঝতে হবে কে কার কী ক্ষতি করছে এবং কী প্রভাব ফেলছে। তাদের বুঝতে হবে কে সবচেয়ে বিপজ্জনক আর কে সবচেয়ে ভয় পায়।

*প্রতিটি ধরণের অন্তরঙ্গ অংশীদারদের মাধ্যমে সংগঠিত সহিংসতার জন্য আলাদা প্রতিক্রিয়া প্রয়োজন। পুলিশ সঠিক এবং পুঙ্খানুপুঙ্খ তদন্তের মাধ্যমে একটি ভিন্ন প্রতিক্রিয়ায় অবদান রাখতে পারে।*

আইপিভি-তে যথাযথভাবে প্রতিক্রিয়া জানাতে পুলিশ কর্মকর্তা-দের সাহায্য করার জন্য, মধ্যম স্তরের ব্যবস্থাপকরা অন্তরঙ্গ অংশীদারের মাধ্যমে পারিবারিক সহিংসতার নিম্নলিখিত বিভাগগুলি সনাক্ত করার জন্য কর্মকর্তাদের ক্ষমতা প্রদান করতে পারে। এর মধ্যে অন্তর্ভুক্ত থাকতে পারে জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতা, প্র-তিরোধমূলক সহিংসতা, এবং জবরদস্তি নিয়ন্ত্রণের সাথে সম্পর্কহীন সহিংসতা। নীচের ‹নিয়ম ও প্রবিধান› এবং ‹প্রশাসনিক অনুশীলন› বিভাগে যেমনটি আরও বিশদভাবে আলোচনা করা হয়েছে, পুলিশ সংস্থাগুলি এমন নীতি তৈরি করতে পারে যা কর্মকর্তাদেরকে প্রতিটি ধরনের সহিংসতা সনাক্ত করতে এবং যথাযথভাবে প্রতিক্রিয়া জানাতে নির্দেশ দেয়।

### জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতা এবং নির্যাতন হল

**একজন** অন্তরঙ্গ অংশীদারের উপর আধিপত্যের সম্পর্ক স্থাপন এবং বজায় রাখার জন্য ভয় দেখানো, জবরদস্তি এবং সহিংসতার চলমান ধরণযুক্ত ব্যবহার, সেইসাথে নিয়ন্ত্রণের অন্যান্য কৌশল।

যে সকল অপরাধীরা জোরপূর্বক নিয়ন্ত্রণকারী সহিংসতা ব্যবহার করে তারা বিশ্বাস করে যে তারা তাদের সঙ্গী এবং সন্তানদের কর্ম, চিন্তাভাবনা এবং আচরণ নিয়ন্ত্রণ করার ক্ষমতার অধিকারী। জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতা এবং নির্যাতনকে শারীরিক সহিংসতা, যৌন সহিংসতা এবং আধিপত্য বিস্তার এবং অবমান-নাকর আচরণ দ্বারা আলাদা করা হয়। এটি সহিংসতার শিকার ব্যক্তির মধ্যে ভয় তৈরি করে এবং অপরাধী এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির মধ্যে একটি উল্লেখযোগ্য শক্তির ব্যবধান তৈরি করে। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির এই ধরনের সম্পর্কের ক্ষেত্রে স্বাধীনতা কম বা নেই এবং প্রায়শই সে নিজেকে নির্যাতনের জালে আটকে রাখার মতো অনুভূতি প্রকাশ করে। আধিপত্য বিস্তার হয় যখন একজন ব্যক্তি ক্ষতির ভয়ে অন্যের নিয়ন্ত্রণে থাকতে শুরু করে, তা অর্থনৈতিক, শারীরিক, যৌন এবং/অথবা মানসিক যে ধরণের নিয়ন্ত্রণই হোক না কেন।

একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি জবরদস্তি নিয়ন্ত্র-ণমূলক সহিংসতার সম্মুখীন হচ্ছে কিনা তা শনাক্ত করার জন্য, একজন পুলিশ কর্মকর্তাকে অবশ্যই নির্যাতনের ধরণটি তদন্ত করতে হবে - শুধুমাত্র সেই ঘটনার জন্য নয় যেটি পুলিশ কর্মকর্তা প্রতিক্রিয়া জানাচ্ছেন।

পুলিশ এবং ফৌজদারি বিচার ব্যবস্থার একটি কার্যকর প্রতিক্রিয়া শুধুমাত্র সহিংসতার তাৎক্ষণিক ঘটনার প্রতিক্রিয়াই নয়; এটির মাধ্যমে অবশ্যই নির্যাতনের চলমান ধরণ বাধাগ্রস্ত করতে হবে - উদাহরণস্বরূপ, সহিংসতার শিকার ব্যক্তির জন্য চলমান সুরক্ষা প্রদান করার সাথে সাথে অপরাধীকে পুনর্বাসন কর্মসূচির মাধ্যমে তার বিশ্বাস এবং আচরণ পরিবর্তন করার সুযোগ করে দেওয়া।

প্রতিরোধমূলক সহিংসতা আইনগত এবং বেআইনি উভয় শক্তির ব্যবহারকে অন্তর্ভুক্ত করে, যা সহিংসতার শিকার ব্যক্তি অপরাধীর জবরদস্তিমূলক এবং নিয়ন্ত্রণ কৌশলের ব্যবহার নিয়ন্ত্রণ করতে বা নারী হিসাবে তাদের বিরুদ্ধে অন্য পুরুষদের সহিংসতার প্রতিক্রিয়া জানাতে ব্যবহার করে।

জোরপূর্বক নিয়ন্ত্রণমূলক সহিংসতা এবং নির্যাতনের বেশিরভাগ শিকাররা সহিংসতা অবলম্বন করার আগে নিজেদের রক্ষা করার চেষ্টা করতে এবং নিপীড়ন প্রতিরোধ করার জন্য অন্যান্য অনেক কৌশল ব্যবহার করে। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা প্রায়শই পরিবার এবং বন্ধুদের কাছে আবেদন করবে, অপরাধীর সাথে আলোচনা করার চেষ্টা করবে, অপরাধীকে সন্তুষ্ট করবে, অথবা এই ধরনের আইপিভি অবলম্বন করার আগে তাদের থেকে আলাদা হবে।

**যখন উভয় অংশীদার একটি ঘটনার সময় সহিংসতা ব্যবহার করে, তখন পুলিশ কর্মকর্তাদের নিম্নলিখিত নির্দেশগুলি প্রদান করা উচিত:**

১৯ Evan Stark, 'Re-presenting Battered Women: Coercive Control and the Defense of Liberty,' *Violence Against Women: Complex Realities and New Issues in a Changing World*, Les Presses de l'Université du Québec: 2012

* একটি পক্ষ আত্মরক্ষায় কাজ করেছে কিনা তা নির্ধারণ করুন, এবং
* সহিংসতার প্রেক্ষাপট বোঝার জন্য জোরপূর্বক নিয়ন্ত্রণমূলক সহিংসতার ইতিহাস এবং অন্যান্য কৌশল সম্পর্কে দলগুলিকে প্রশ্ন করুন।

যদি একটি ফৌজদারি বিচার ব্যবস্থা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য একই পরিণতি প্রয়োগ করে– যারা প্রতিরোধমূলক সহিংসতা ব্যবহার করেছে যেভাবে এটি জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতার অপরাধীদের জন্য ব্যবহার করা হয়– তাহলে এটি চলমান নির্যাতন বন্ধ করতে ব্যর্থ হবে, এবং ক্ষতির ঝুঁকিতে থাকা ব্যক্তিদের নির্যাতনের প্রতিবেদন দাখিল করাকে নিরুৎসাহিত করবে।

বিপরীতভাবে, পুলিশ কর্মকর্তারা যারা একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কখন প্রতিরোধমূলক সহিংসতা ব্যবহার করছে তা শনাক্ত করতে সক্ষম তারা তাকে সহায়তা এবং পরিষেবা প্রদানকারী নারী সংস্থাগুলির মতো সংস্থাগুলির সাথে সংযোগ করতে পারে। কিছু সম্প্রদায় নারীদের জন্য বিকল্প সাজা প্রদানের কর্মসূচি চালু করেছে, যা প্রতিরোধমূলক সহিংসতার জন্য জেলের সাজা ভোগ করার পরিবর্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সেবা পেতে এবং বিশেষ ক্লাসে যোগদানের অনুমতি দেয়।[২০]

**জবরদস্তি নিয়ন্ত্রণের সাথে সহিংসতা সম্পর্কিত নয় এই ধারণাটি** একজন অন্তরঙ্গ অংশীদার দ্বারা অন্যের বিরুদ্ধে ব্যবহার করা হয় এবং এটি জবরদস্তিমূলক নিয়ন্ত্রণ প্রয়োগের একটি চলমান প্রচেষ্টা নয়, বা জবরদস্তিমূলক নিয়ন্ত্রণের প্রতিক্রিয়াও নয়। এটি পারিবারিক সহিংসতার অন্যান্য সকল কাজকে অন্তর্ভুক্ত করে এবং এতে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত রয়েছে:

* ***পরিস্থিতিগত সহিংসতা,*** যেখানে এক বা উভয় পক্ষই সহিংসতা ব্যবহার করে, কিন্তু এটি জবরদস্তি এবং ভয় দেখানোর চলমান ধরণের অংশ নয়।

* ***আবেগজনিত সহিংসতা,*** যেখানে ***আবেগের*** সমাপ্তি বা নিয়ন্ত্রণমূলক সহিংসতাকে শেষ করবে (মানসিক অসুস্থতা, মাদক ও অ্যালকোহল আসক্তি কিন্তু জবরদস্তি এবং সঙ্গীর ফাঁদে ফেলা, মস্তিষ্কের ক্ষতি করার ধরণ ছাড়া)।

২০ উদাহরণ স্বরূপ বলা যায় যে মিনেসোটার ডুলুথে, সিসিআর নারীদের প্রতিরোধমূলক সহিংসতা ব্যবহারের জন্য একটি ভিন্ন পদ্ধতি তৈরি করেছে। নারীরা এমন একটি ক্লাসে যোগ দিতে পারে যার এমন একটি পাঠ্যক্রম ব্যবহার করে যেটি বিশেষত জোরপূর্বক নিয়ন্ত্রণমূলক সহিংসতা প্রতিরোধে নারীদের সহিংসতার ব্যবহারকে মোকাবেলা করার জন্য পরিকল্পনা করা হয়েছে। See Pence, Connelly, and Scaia, 'Turning Points: A Nonviolence Curriculum for Women.'



* ***অনাচার,*** সামাজিক শৃঙ্খলা ভাঙ্গনের সাথে জড়িত সহিংসতা। উদাহরণগুলির মধ্যে রয়েছে হতাশাগ্রস্ত সামাজিক পরিস্থিতিতে (যেমন যুদ্ধ, প্রাকৃতিক দুর্যোগ এবং শরণার্থী শিবিরে) অংশীদারদের দ্বারা ধর্ষণ এবং নির্যাতনের মাত্রা বৃদ্ধি।

সহিংসতা হল প্রায় সবসময়ই কাউকে নিয়ন্ত্রণ করার প্রচেষ্টা, তবে এটি সর্বদা নিয়ন্ত্রণ বা আধিপত্যের সম্পর্ক স্থাপনের প্রচেষ্টা নয়। কখনও কখনও সহিংসতা একটি খুব নির্দিষ্ট পরিস্থিতি নিয়ন্ত্রণ করতে ব্যবহৃত হয় (একজন অংশীদারের মদ্যপান, পরিবারে অবদান রাখতে অস্বীকার করা, অসন্তোষজনক অভিভাবকত্ব)।

এই ধরনের সহিংসতার প্রত্যেকটিতে – যদিও জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতার তুলনায় বিরল – একটি ভিন্ন প্রতিক্রিয়া প্রয়োজন। উদাহরণস্বরূপ, মাদক বা অ্যালকোহল আসক্তি দ্বারা সৃষ্ট রোগগত সহিংসতা একটি চিকিৎসা কর্মসূচির মাধ্যমে সমাধান করা যেতে পারে, যদি অপরাধী আধিপত্যের চলমান কৌশল ব্যবহার না করে। সহিংসতার মূল কারণ নির্ণয় করার জন্য পুলিশকে জবরদস্তি নিয়ন্ত্রণকারী আচরণের ইতিহাস, সেইসাথে মাদক বা অ্যালকোহল অপব্যবহারের ইতিহাস সম্পর্কে তথ্য সংগ্রহ করার নির্দেশ দেওয়া উচিত।

**ধারণা এবং তত্ত্ব: মূল বার্তা**

- ধারণা এবং তত্ত্বগুলি পুলিশ সংস্থাগুলির দ্বারা ব্যবহৃত নীতি, অনুশীলন, নির্দেশাবলী এবং ভাষাকে আকৃতি প্রদান দেয়;
- লিঙ্গ-সংবেদনশীল তত্ত্বগুলি স্বীকার করে যে বেশিরভাগ VAWG এর ঘটনা ক্ষমতা এবং নিয়ন্ত্রণের একটি অনু-শীলন যা অন্যান্য প্রভাবশালী কৌশল দ্বারা শক্তিশালী করা হয়;
- আইপিভি-র ক্ষেত্রে পুলিশের তদন্তের মধ্যে পার্থক্য করা উচিত: জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতা, প্রতিরোধমূলক সহিংসতা, এবং জবরদস্তি নিয়ন্ত্রণের সাথে সম্পর্কহীন সহিংসতা;
- মধ্যম স্তরের ব্যবস্থাপকদের বর্তমান তত্ত্বগুলি পরীক্ষা করা উচিত এবং নীচে আলোচনা করা অন্য সাতটি পদ্ধতির প্রতিটির সাথে লিঙ্গ-সংবেদনশীল তত্ত্বগুলিকে তুলনা করা উচিত।

## ৩) বিধি এবং প্রবিধান

বিধি ও প্রবিধানের মধ্যে রয়েছে আইন, প্রশাসনিক প্রবিধান, নীতি, প্রোটোকল এবং সংস্থার নির্দেশাবলী যা ফৌজদারি বিচার সংস্থাগুলিকে অনুসরণ করতে হবে কারণ তারা VAWG প্রতিরোধ, তদন্ত এবং প্রতিক্রিয়া জানাতে কাজ করে। লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর মূল বার্তা প্রচার করে কিনা তা নির্ধারণ করার জন্য বিধি এবং প্রবিধানগুলি অবশ্যই বিশ্লেষণ করা উচিত।

প্রতিটি বিধি, প্রবিধান, নীতি বা প্রোটোকলের একটি উদ্দেশ্য আছে। লিঙ্গ-সংবেদনশীল বিধি ও প্রবিধানের লক্ষ্য হল সহিংসতার শিকার ব্যক্তিদের নিরাপত্তা নিশ্চিত করা এবং সহিংসতার জন্য অপরাধীদের জবাবদিহি করা। ঘনিষ্ঠভাবে পরীক্ষা করার পর দেখা যায় যে কিছু নীতির লক্ষ্য হচ্ছে একটি সংস্থার দক্ষতা বৃদ্ধি করা, কিন্তু সেই নীতিগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের রক্ষা করতে বা অপরাধীদের জবাবদিহি করতে খুব কমই কাজ করে এবং প্রকৃতপক্ষে এই লক্ষ্যগুলিকে অবমূল্যায়ন করতে পারে।

উদাহরণ স্বরূপ বলা যায় যে বিশ্বব্যাপী, অনেক সম্প্রদায় একটি নীতি পরিবর্তন করার জন্য সংগঠিত হয়েছে যার ফলে অনেক নারীকে গ্রেফতার করা হয়েছে যারা জোরপূর্বক নিয়ন্ত্রণমূলক সহিংসতার শিকার হয়েছিল। যখন আইন বা নীতিতে হামলার ঘটনাস্থলে গ্রেপ্তারের বাধ্যবাধকতা থাকে, তখন প্রায়ই সহিংসতার শিকার ব্যক্তিদের গ্রেপ্তার করা হয়। বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে গ্রেপ্তার হওয়া অনেক নারী আত্মরক্ষায় কাজ করেছে, এমনকি যারা প্রতিরোধমূলক সহিংসতা ব্যবহার করেছিল তারা প্রধান আক্রমণকারী নয়। নতুন নীতিগুলি প্রয়োগ করা যেতে পারে যাতে কর্মকর্তাদের মধ্যে ‹আত্মরক্ষার সংকল্প› তৈরি করতে হবে এবং আত্মরক্ষার জন্য যারা সহিংসতা ব্যবহাত করবে তাদেরকে গ্রেপ্তার করা এড়াতে হবে। নীতিগুলি  কর্মকর্তাদের এই মর্মে নির্দেশ দিতে পারে যে কীভাবে একটি পারিবারিক সহিংসতার ঘটনায় প্রধান আক্রমণকারীকে চিহ্নিত করতে হয় এবং শুধুমাত্র সেই ব্যক্তিকে গ্রেপ্তার করার নির্দেশ দিতে পারে।

কিছু নীতি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং অপরাধীর মধ্যে শক্তির গতিশীলতাকে শক্তিশালী করতে পারে বা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির উপর সহিংসতার জন্য দায়বদ্ধতা চাপিয়ে দিতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় যে অনেক দেশের আইন পুলিশ বা আদালতকে সুরক্ষা আদেশ জারি করার অনুমতি দেয় না যাতে অপরাধীকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে যোগাযোগ করতে বাধা দেয়।



এই ধরনের আইন এবং নীতিগুলি লিঙ্গ-সংবেদনশীল নয়, কারণ এই আইন এর আওতায় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে একটি স্থিতিশীল বাড়ি (তার নিজের এবং তার সন্তানদের জন্য) এবং সহিংসতা থেকে সুরক্ষার মধ্যে একটিকে বেছে নিতে হয়। একটি লিঙ্গ-সংবেদনশীল নীতি পুলিশকে এমনভাবে সহিংসতার প্রতিক্রিয়া জানাতে নির্দেশ দেয় যা রাষ্ট্রের (অপরাধীর সহিংসতা রোধ করার জন্য) এবং অপরাধীর প্রতি (তার আচরণ পরিবর্তন করতে) জবাবদিহিতা নিশ্চিতের দায়িত্ব হস্তান্তর করে।

পরিচালনার কমান্ডের দায়িত্বসহ মধ্যম স্তরের পরিচালকরা VAWG-এর ফৌজদারি এবং দেওয়ানী আইনের উপর নিজেদের সীমিত প্রভাব বা এমনকি তাদের নিজস্ব ফৌজদারি বিচার সংস্থাগুলির নীতির উপর সীমিত প্রভাব হিসাবে দেখতে পারেন। যাইহোক, মধ্যম স্তরের ব্যবস্থাপক্রা পুলিশিং এ এই ধরনের বিধি ও প্রবিধানের ব্যবহারিক প্রভাব বোঝার জন্য একটি অনন্য অবস্থানে

থাকে। তাছাড়া, তারা VAWG প্রতিরোধ এবং প্রতিক্রিয়া জানাতে বিধি ও প্রবিধানের কার্যকারিতা বিশ্লেষণে অন্যান্য অনুশীলনকারীদের (পুলিশ, প্রবেশন অফিসার এবং ভিকটিম/সারভাইভার অ্যাডভোকেট সহ) সাথে সমন্বয় করার জন্য অনন্য অবস্থান করছে। সিদ্ধান্ত গ্রহণকারীরা নীতি নির্ধারণে মধ্যম স্তরের ব্যবস্থাপকদের অন্তর্ভুক্ত করতে পারেন এবং তাদের অন্তর্ভুক্ত করা উচিত।

**বিধি ও প্রবিধান: মূল বার্তা**

- লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে সমর্থন করার জন্য বিধি এবং প্রবিধান তৈরি বা পরিবর্তন করা যেতে পারে;
- বিধি ও প্রবিধানগুলিকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতাকে কেন্দ্রীভূত করা উচিত এবং সহিংসতার বাস্তব অভিজ্ঞতা সম্পর্কে জানার সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পরামর্শ করা উচিত। বিধি/বিধান তৈরি বা সংশোধনের ক্ষেত্রেও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পরামর্শ অন্তর্ভুক্ত করা উচিত;
- বিদ্যমান বিধি ও প্রবিধানের কার্যকারিতা মূল্যায়নের জন্য ফৌজদারি বিচার ব্যবস্থায় অন্যদের সাথে সমন্বয় করার জন্য মধ্যম স্তরের ব্যবস্থাপকরা অনন্য অবস্থান করে।

## ৪) প্রশাসনিক অনুশীলন

প্রশাসনিক অনুশীলনের মধ্যে সমস্ত পদ্ধতি অন্তর্ভুক্ত থাকে যেগুলি একটি সংস্থা পুলিশ কীভাবে তার নীতি, আইন, প্রবিধান এবং আদেশ পালন করে তা প্রমিতকরণের জন্য ব্যবহার করে। বেশিরভাগ প্রশাসনিক প্রক্রিয়ায় পাঠ্যের ব্যবহার জড়িত, যেমন স্ক্রীনিং ফর্ম, মামলা ডকুমেন্টেশন ফর্ম, ম্যাট্রিক্স, নির্দেশিকা, রিপোর্ট লেখার ফর্ম্যাট, রাউটিং নির্দেশাবলী এবং প্রোটোকল এবং অনুশীলনকারীরা ‹কাগজপত্র› হিসাবে যা উল্লেখ করে তার অন্যান্য উদাহরণ। বিধি ও প্রবিধান হল আদেশ আর প্রশাসনিক প্রক্রিয়াগুলি হল পুলিশ কিভাবে সেই আদেশগুলি পালন করবে তার নির্দেশাবলী।

মামলা ব্যবস্থাপনার উপর যান্ত্রিক নির্দেশাবলীর পাশাপাশি, নারী এবং মেয়েদের প্রকৃত অভিজ্ঞতা এবং নিরাপত্তার প্রয়োজনকে কেন্দ্রীভূত করে বা প্রান্তিক করে প্রশাসনিক প্রক্রিয়াগুলি ধারণাগত ভিত্তি হিসেবে কাজ করে। একটি পুলিশ রিপোর্ট ফর্ম, একটি ঝুঁকি মূল্যায়ন প্রশ্নাবলী, এবং একটি প্রমাণ সংগ্রহের চেকলিস্ট হল প্রশাসনিক অনুশীলনের উদাহরণ যা মামলাগুলি সম্পর্কে চিন্তাভাবনা এবং কাজ করার উপায়গুলি নির্ধারণ করে।[২১]

প্রশাসনিক অনুশীলনগুলি পুলিশিংয়ের লিঙ্গ-সংবেদনশীল তত্ত্বগুলির সাথে যোগাযোগ স্থাপন করা ছাড়াও সহায়তার জন্য সহিংসতার শিকার ব্যক্তির প্রাথমিক আহ্বানের বাইরেও মামলা প্রক্রিয়াকরণকে প্রভাবিত করবে। পুলিশ যে তথ্য সংগ্রহ করে তা প্রসিকিউটর, প্রবেশন অফিসার, শিশু সুরক্ষা কর্মী, বিচারক এবং অন্যান্যরা নারী এবং তাদের শিশুদের নিরাপত্তার বিষয়ে গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে ব্যবহার করতে পারে। ফর্ম, কম্পিউটার স্ক্রিন, মূল্যায়ন

Box ৩

**প্রশাসনিক অনুশীলনে পরিবর্তনের উদাহরণ: জর্জিয়া**

একটি সাধারণ প্রশাসনিক অনুশীলন হল পুলিশ কর্মকর্তাদের ব্যবহার করার জন্য একটি ঝুঁকি মূল্যায়ন টুলস (সরঞ্জাম) তৈরি করা। জর্জিয়ায়, গ্লোবাল রাইটস ফর উইমেন পুলিশ কর্মকর্তাদের সাথে কাজ করেছে একটি নতুন ঝুঁকি মূল্যায়ন তৈরি করতে যাতে সকল কর্মকর্তাদের আইপিভি মামলায় ঝুঁকির কারণ এবং জবরদস্তি নিয়ন্ত্রণমূলক সহিংসতার প্রমাণ সনাক্ত করতে সহায়তা করা যায়। স্থানীয় সম্প্রদায়ে আইপিভির গতিশীলতার উপর মতামত দেওয়ার জন্য সহিংসতার শিকার /বেঁচে যাওয়া ব্যক্তিরা লক্ষ্য দল হিসেবে (ফোকাস গ্রুপ) নিযুক্ত ছিলেন। বর্তমান প্রশাসনিক অনুশীলনের দুর্বলতাগুলি বোঝার জন্য এবং একটি নতুন ঝুঁকি মূল্যায়ন তৈরি করতে পুলিশ এবং প্রসিকিউটরদের সাক্ষাৎকার নেওয়া হয়েছিল যা প্রসিকিউটরদের কাছে প্রয়োজনীয় ঝুঁকির তথ্যের জন্য পুলিশ কর্মকর্তাদের যোগাযোগকে উন্নত করবে। এর ফলাফলটি ছিল একটি ঝুঁকি মূল্যায়ন যা জর্জিয়ায় IPV-এর সাথে নারীদের জীবনযাপনের বাস্তব অভিজ্ঞতাকে প্রতিফলিত করেছে, যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তাকে কেন্দ্রীভূত করে এবং অপরাধীদের জবাবদিহিতা নিশ্চিত করতে পুলিশ ও প্রসিকিউটরদের সহায়তা করে।

২১ মামলা ব্যবস্থাপনার উপর যান্ত্রিক নির্দেশাবলীর পাশাপাশি, নারী এবং মেয়েদের প্রকৃত অভিজ্ঞতা এবং নিরাপত্তার প্রয়োজনকে কেন্দ্রীভূত করে বা প্রান্তিক করে প্রশাসনিক প্রক্রিয়াগুলি ধারণাগত ভিত্তি হিসেবে কাজ করে। একটি পুলিশ রিপোর্ট ফর্ম, একটি ঝুঁকি মূল্যায়ন প্রশ্নাবলী, এবং একটি প্রমাণ সংগ্রহের চেকলিস্ট হল প্রশাসনিক অনুশীলনের উদাহরণ যা মামলাগুলি সম্পর্কে চিন্তাভাবনা এবং কাজ করার উপায়গুলি নির্ধারণ করে।

এবং চেকলিস্ট তৈরি করা যা ক্ষমতা ও নিয়ন্ত্রণ এবং নারী ও মেয়েদের আধিপত্যের জন্য দায়ী, VAWG ক্ষেত্রে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংকে মানসম্মত করবে।

**প্রশাসনিক অনুশীলন: মূল বার্তা**

- প্রশাসনিক অনুশীলনগুলি মামলাগুলিতে চিন্তাভাবনা এবং কাজ করার উপায়গুলি নির্ধারণ করে;
- প্রশাসনিক চর্চা - যেমন পুলিশ রিপোর্ট ফর্ম - সহিং-সতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপ-রাধীর জবাবদিহিতার উপর একটি বড় প্রভাব ফেলে কারণ সংগ্রহ করা তথ্যগুলি মামলা প্রক্রিয়াকরণের সময় ব্যবহার করা হয়;
- প্রশাসনিক অনুশীলনগুলি পর্যালোচনা এবং সংশোধন করুন যাতে তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্য-ক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতাকে কেন্দ্রী-ভূত করে।

## ৫) সম্পদ

সম্পদের মধ্যে রয়েছে যে উপায়গুলি একটি সম্প্রদায়, সংস্থা বা পুলিশ সংস্থা বরাদ্দ করে এবং একটি সমস্যা সমাধানের জন্য প্রয়োজনীয় তহবিল, উপকরণ, প্রক্রিয়া এবং কর্মীদের গুণমান নিশ্চিত করে - আমাদের ক্ষেত্রে, VAWG এর সমস্যা। সম্পদের মধ্যে নিম্নলিখিতগুলি সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় সবকিছু অন্তর্ভুক্ত রয়েছে:

- কর্মীরা তাদের কাজ করে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্য-ক্তিদের নিরাপত্তা বা অপরাধীর জবাবদিহিতার সাথে আপস না করে। এর মধ্যে রয়েছে মামলার বোঝার আকার, প্রযুক্তি, পর্যাপ্ত তত্ত্বাবধান এবং সহায়তা পরিষেবা;

- নির্যাতনের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপদ পরিস্থিতিতে প্র-বেশাধিকার (অ্যাক্সেস) রয়েছে, যেমন চিকিৎসা সেবা, আবাসন, দক্ষ কাউন্সেলিং, আর্থিক সাহায্য এবং পর্যাপ্ত আইনি প্রতিনিধিত্ব;

- হস্তক্ষেপকারী সিস্টেম অপরাধীদের জবাবদিহি করে। এর মধ্যে রয়েছে পর্যাপ্ত কারাগারের স্থান, অপরাধীর অপরাধমূলক ইতিহাস সম্পর্কে তথ্যের সহজলভ্যতা, অপরাধীদের তত্ত্বাবধানের জন্য পর্যাপ্ত কর্মী যারা জেল থেকে মুক্তি পেয়েছে, যারা ফৌজদারি অভিযোগে মুক্তি পেয়েছে, উচ্চ-মানের পুনর্বাসন পরিষেবা এবং অনুশীলনকারীরা যারা বিভিন্ন অর্থনৈতিক, , জাতিগত, এবং ধর্মীয় পটভূমির অপরাধীদের সাথে কাজ করার জন্য প্রস্তুত।

প্রায়শই, পুলিশ কর্মকর্তাদের VAWG তদন্ত করার জন্য পর্যাপ্ত সময় থাকে না। কর্মকর্তাদের যদি সহিংসতার প্রেক্ষাপট এবং তীব্রতা সম্পর্কে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার সময় না থাকে, তাহলে তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের রক্ষা করতে বা একজন প্রসিকিউটরের দ্বারা সফল ফৌজদারি মামলার জন্য প্রয়োজনীয় প্রমাণগুলি সংকলন করতে সক্ষম হয় না। যৌন নিপীড়নের ক্ষেত্রে বিশেষ তদন্তমূলক কৌশলগুলিও প্রয়োজনীয় যেখানে কর্মকর্তাদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাক্ষাৎকার নেওয়ার প্রয়োজন হতে পারে যখন তারা আরও বিশদ ও ক্লিনিকাল প্রমান প্রদান করতে সক্ষম হয় বা প্রয়োজন হয়, যেমন ‹ধর্ষণ কিট›-এর মাধ্যমে সংগ্রহ করা প্রমাণ।[২২]

পুলিশ কর্মকর্তাদের দ্বারা অভিজ্ঞতা অর্জন করা দ্বিতীয় বার সহিংসতার শিকার বা মানসিক আঘাত (ট্রমা) হল আরেকটি সম্পদ সম্পর্কিত উদ্বেগ যা ধীরে ধীরে বিশ্বজুড়ে মনোযোগ আকর্ষণ করছে। অন্যদের মানসিক আঘাত (ট্রমা) বা জীবন-হুমকির পরিস্থিতির প্রত্যক্ষ অভিজ্ঞতা পুলিশ অফিসারদের উপর স্থায়ী প্রভাব ফেলতে পারে। পুলিশ বিভাগগুলি এমন কর্মকর্তাদের সহায়তা করার জন্য সংস্থান বরাদ্দ করতে পারে যারা মানসিক আঘাত (ট্রমা) অনুভব করেছেন এবং পুলিশ কর্মকর্তাদের মানসিক আঘাতের অভিজ্ঞতা বাড়িয়ে দেওয়ার পরিবর্তে কাজের ভার কমিয়ে আনা নিশ্চিত করতে পারে।[২৩]

বিশ্বজুড়ে অনেক পুলিশ সংস্থা অত্যন্ত সীমিত এবং অপর্যাপ্ত সংস্থান নিয়ে কাজ করছে। পুলিশের মাধ্যমে সফলভাবে সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সম্পদের অভাব পূরণ করতে হবে। উদাহ-রণস্বরূপ, পূর্ব ইউরোপের একটি পুলিশ সংস্থা স্বীকার করেছে যে তাদের জেল এবং কারাগারের সুবিধার সীমিত সম্পদ রয়েছে। এ কারণে আদালত কারাদণ্ড দেয় না।

যেখানে সম্পদের অভাব একটি গুরুতর চ্যালেঞ্জ হিসেবে উপস্থাপিত হয় সেখানে মধ্যম স্তরের ব্যবস্থাপকদের অবশ্যই সতর্কতার সাথে মূল্যায়ন করতে হবে যে কোন সম্পদগুলি সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিতে সবচেয়ে বেশি প্রভাব ফেলবে। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের লক্ষ্য দল (ফোকাস গ্রুপ) এবং সম্মুখ সারির (ফ্রন্ট-লাইন) পুলিশের সাথে সাক্ষাৎকার উভয়ই সম্পদের ব্যবহারকে অগ্রাধিকার দেওয়ার জন্য মূল্যবান অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে।

২২ See RAINN, at: https://www.rainn.org/articles/rape-kit
২৩ যেমন, অপরাধের শিকারদের অফিস, 'দ্য ভিকারিয়াস ট্রমা টুলকিট,'-এ দেখুন। @ https://vtt.ovc.ojp.gov/tools-for-law-enforcement/management-and-supervision?fbclid=IwAR32qSintkuMtP_icolLYpdmnHymwgSyzqKLYwy6XT0_SFdR-LF1Y-sVB_s

**সম্পদ: মূল বার্তা**

- সহিংসতার শিকার ব্যক্তিদের রক্ষা করতে এবং অপ-রাধীদের জবাবদিহি করতে পর্যাপ্ত সম্পদ গুরুত্বপূর্ণ;
- সম্পদের মধ্যে রয়েছে কর্মীদের সময়, প্রযুক্তি, তত্বা-বধান, পুলিশের জন্য সহায়তা, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সহায়তা, এবং অপরাধীদের জবাবদিহি করার ব্যবস্থা;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের লক্ষ্য দল (ফোকাস গ্রুপ) এবং সম্মুখ সারির (ফ্রন্ট লাইন) পুলিশের সাথে সাক্ষাৎকার সম্পদের ঘাটতি সম্পর্কে অমূল্য অন্তর্দৃষ্টি প্রদান করতে পারে।

## ৬) সংযোগ

সংযোগ (কখনও কখনও সমন্বয় হিসাবে বর্ণনা করা হয়) হল সমস্ত উপায় যার মাধ্যমে পুলিশ VAWG-এর ক্ষেত্রে পূর্ববর্তী, পরবর্তী, এবং সমান্তরাল হস্তক্ষেপকারী এবং পরিষেবা প্রদানকারী-দের সাথে সংযুক্ত থাকে। VAWG-এর প্রতিটি ক্ষেত্রে অপরাধমূলক বিচার ব্যবস্থাসহ একটি সম্প্রদায়ের মধ্যে বিভিন্ন প্রতিষ্ঠান জড়িত থাকতে পারে। ‹ সংযোগ ‘ বলতে বোঝায় কিভাবে প্রতিষ্ঠানগুলো সেই ব্যক্তিদের সাথে সংযুক্ত থাকে যাদের মামলা তারা প্রক্রিয়া করে; কিভাবে অনুশীলনকারীরা সিস্টেমের মধ্যে অন্যান্য কর্মীদের সাথে সংযোগ স্থাপন করে; কিভাবে তথ্য সংগ্রহ এবং ভাগাভাগি করা হয়; এবং কিভাবে সমস্যা সমাধান করা হয়।

উদাহরণস্বরূপ বলা যায় যে জরুরী টেলিফোন অপারেটর, পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে শক্তিশালী যোগসূত্র নারী ও মেয়েদের নিরাপদ রাখতে এবং অপরাধীদের জবাবদিহি করতে সিস্টেমের ক্ষমতাকে উন্নত করতে পারে। অনেক সম্প্রদায়ে, জরুরী টেলিফোন অপারেটররা সহিংসতার শিকার ব্যক্তিদের প্রথম যোগাযোগের মাধ্যম হয়। এই ধরনের অপারেটরদের নির্দেশনার দেবার জন্য নীতিগুলিকে এমন ভাবে প্রনয়ন করতে হবে যাতে VAWG এর মামলার প্রতিক্রিয়া জানানোর সময় তারা পুলিশকে প্রাসঙ্গিক তথ্য প্রদান করতে পারে। উদাহরণ স্বরূপ বলা যায় যে, যেখানে সম্ভব, নীতিগুলি অপারেটরদের অনলাইনে রেকর্ড করা তথ্য অনুসন্ধান করতে নির্দেশ দিতে পারে এই জন্য যে সেই ঘটনার সাথে একই অপরাধী এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি জড়িত ছিল কিনা তা নির্ধারণ করতে এবং এই তথ্যগুলি প্রতিক্রিয়া জানানো পুলিশ কর্মকর্তাদের সাথে শেয়ার করতে পারে যাতে তারা উচ্চ স্তরের সতর্কতার সাথে প্রতিক্রিয়া জানাতে পারে।

একইভাবে, মধ্যম স্তরের ব্যবস্থাপকদের অবশ্যই প্রসিকিউটরদের সাথে যোগাযোগ করতে হবে এই জন্য যে অপরাধীকে দায়বদ্ধ করার ক্ষেত্রে ফৌজদারি অভিযোগ বা অন্যান্য ব্যবস্থা গ্রহণের জন্য প্রসিকিউটরা পুলিশকে কী ধরণের তথ্য সংগ্রহ করতে বলে তা নির্ধারণ করার জন্য। প্রসিকিউটররা আদালতে সাক্ষ্যির গ্রহণযো-গ্যতা এবং বিশেষ বিন্যাসে পুলিশ দ্বারা সংগৃহীত তথ্য ব্যবহার করার ক্ষমতা সম্পর্কে মূল্যবান নির্দেশনা প্রদান করতে পারেন। পুলিশ এবং প্রসিকিউটরদের নীতিগুলি একে অপরের সাথে সংযুক্ত করা যেতে পারে, যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতার উপর দৃষ্টি নিবদ্ধ করে সময়মত এবং কার্যকর মামলা প্রক্রিয়াকরণ নিশ্চিত করা যায়।[২৪]

কিছু সম্প্রদায় পুলিশ, প্রসিকিউটর অফিস, প্রোবেশন কর্মকর্তা, নারীদের পক্ষে অধিপরামর্শকারী সংস্থা এবং অন্যান্য সংস্থার প্র-তিনিধিদের নিয়ে গঠিত বহু-মাত্রিক দল গঠনের মাধ্যমে সংযোগ উন্নত করেছে।



উদাহরণস্বরূপ বলা যায় যে, ডুলুথ, মিনেসোটা, মার্কিন যুক্তরাষ্ট্রে, পারিবারিক সহিংসতার বিরুদ্ধে প্রতিক্রিয়া জানানো বহু-মাত্রিক দল পুলিশ দ্বারা তদন্ত করা প্রতিটি পারিবারিক সহিংসতা/আইপিভি মামলার পৃথক পর্যালোচনা করে প্রত্যেক মামলার উপর যৌথভাবে কৌশল নির্ধারণ করতে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করতে বাধা দেয় এমন নীতি ও অনুশীলনের প্রয়োজনীয় পরিবর্তনগুলি সনাক্ত করতে।

দৈনন্দিন পুলিশি পরিচালনার পদ্ধতির সাথে পরিচিতি এবং পুলিশ অনুশীলনের নির্দেশক নীতিগুলির বিষয়ে জ্ঞানের কারণে পুলিশ বিভাগের মধ্যম স্তরের ব্যবস্থাপকরা এই ধরনের দলগুলিতে একটি

২৪ পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে সমন্বয়ের বিষয়ে আরও তথ্যের জন্য এই হ্যান্ডবুকের অষ্টম অধ্যায়: 'বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়' এবং দ্বাদশ অধ্যায়:'জাস্টিস কন্টিনিউম' দেখুন।

অপরিহার্য ভূমিকা পালন করতে পারে। উদাহরণস্বরূপ বলা যায় যে, যেহেতু মধ্যম স্তরের ব্যবস্থাপকদের সম্মুখ সারির পুলিশদের তুলনায় প্রসিকিউটর অফিসে নেতৃত্বে প্রায়শই বেশি প্রবেশাধি-কার (অ্যাক্সেস) বিধায় তারা ক্রমাগত ভাবে সংযোগগুলি উন্নত করতে কাজ করতে পারে।

নিচের বিষয়গুলির উপর মনোযোগ দিয়ে মধ্যম স্তরের ব্যবস্থাপ-কদের ফৌজদারি বিচার ব্যবস্থার অনুশীলনকারীদের সাথে সংযোগ স্থাপন করার পদ্ধতিগুলি উন্নত করার জন্য কাজ করা উচিত:

- তথ্যে কিভাবে সংগ্রহ এবং শেয়ার করা হয়;
- শেয়ার করা তথ্য কীভাবে মামলা সম্পর্কে নির্দিষ্ট ধারণা বা তত্ত্বগুলি সাথে যোগাযোগ করে;
- পুলিশ এবং অন্যান্য ফৌজদারি বিচার সংস্থার মধ্যে নিয়মিত বৈঠক সমন্বয় উন্নত করবে কিনা;
- কার্যকরভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিতের জন্য মামলাগুলিকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অন্য ফৌজদারি বিচার সংস্থাগুলির কী তথ্যের প্রয়োজন হয়;
- সম্পর্ক জোরদার করার জন্য কীভাবে পুলিশ নীতি এবং অনু-শীলনগুলি উন্নত করা যেতে পারে;
- কীভাবে অন্যান্য সংস্থার অনুশীলনকারীরা (যেমন প্রসিকিউ-টর) সহিংসতার শিকার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং অপ-রাধীর সাথে সংযুক্ত, অন্য কথায়, কিছু অনুশীলনকারী তাদের সাথে কখনও দেখা করবে না এটা অনুমান করার পর মামলার ফাইলটি কি সঠিকভাবে মামলার সাথে জড়িত ব্যক্তিদের প্রতি-নিধিত্ব করে?
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অনন্য চাহিদা পূরণ করা হচ্ছে কিনা? যদি না হয়, নতুন সংযোগ তৈরির প্রয়োজন হতে পারে।

আদালতের ব্যবহারের জন্য ভুক্তভোগী/জীবিত ব্যক্তির কাছ থেকে প্রচুর পরিমাণ প্রাসঙ্গিক এবং ঝুঁকির তথ্য সংগ্রহ করার জন্য অস্ট্রেলিয়ার একটি পুলিশ সংস্থা অক্লান্ত পরিশ্রম করেছে। পুলিশ লক্ষ্য করতে শুরু করেছে যে আদালত তাদের দেওয়া তথ্য ব্যবহার করছে না। যখন তারা জিজ্ঞাসা করেছিল কেন তাদের তথ্য ব্যবহার করা হয় না, আদালত তখন তাদের বলেছিল যে তাদের দেওয়া তথ্যগুলি খুবই বিস্তৃত এবং আদালতকে সহায়তা করতে পারে এমং ভাবে সংগঠিত ছিল না। কী তথ্য সংগ্রহ করা উচিত এবং কীভাবে তথ্য আদালতে উপস্থাপন করা উচিত সে সম্পর্কে পুলিশ এবং আদালতের মধ্যে যোগাযোগের মাধ্যমেই এই সংযোগ উন্নত করা যেতে পারে।

**সংযোগ: মূল বার্তা**

- সংযোগ হল এমন উপায় যা পুলিশকে অন্যান্য পরিষেবা প্রদানকারী এবং ফৌজদারি বিচার ব্যবস্থা অনুশীলন-কারীদের সাথে সমন্বিত করে;
- সংযোগ উন্নত করার জন্য, একটি পুলিশ সংস্থাকে অবশ্যই অন্যান্য অনুশীলনকারীদের সাথে যোগাযোগ করতে হবে এই জন্য যে সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং অপরাধীর জবাবদিহিতার লক্ষ্যগুলিকে এগিয়ে নিতে কী কী তথ্যের  প্রয়োজন তা জানার জন্য;
- সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদে প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য নতুন সংযোগ তৈরি করতে হতে পারে।

## ৭) জবাবদিহিতা

পুলিশ সংস্থাগুলির জন্য ৮টি পদ্ধতি বিশ্লেষণের সবচেয়ে গুরুত্ব-পূর্ণ উপাদানগুলির মধ্যে একটি হল জবাবদিহিতা। মধ্যম স্তরের ব্যবস্থাপকদের জন্য চলমান কেন্দ্রবিন্দু হল সম্প্রদায়ের মানুষদের অভিজ্ঞতা এবং প্রয়োজন এবং সংস্থাটি যা প্রদান করে তার মধ্যে ব্যবধান চিহ্নিত করা। একজন মধ্যম স্তরের ব্যবস্থাপকের কাজের কেন্দ্রবিন্দুতে থাকবে একজন সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তির দৃষ্টিকোণ থেকে ব্যবধানটি দেখার প্রচেষ্টা এবং মামলা ব্যবস্থাপনা অনুশীলনের মাধ্যমে কীভাবে এই ব্যবধান তৈরি হয় তা অনুসন্ধান করা। প্রাতিষ্ঠানিক অনুশীলনের দ্বারা কীভাবে একটি সমস্যা তৈরি হয় তা সনাক্ত করতে, মধ্যম স্তরের পরিচালকরা একই সাথে এটি কীভাবে সমাধান করা যায় তার পথ খুঁজে বের করবেন। সুপারিশগুলি তারপর সরাসরি নতুন নিয়ম, নীতি, পদ্ধতি, ফর্ম এবং প্রশিক্ষণের মতো নতুন অনুশীলন তৈরির প্রক্রিয়ার সাথে সংযুক্ত হবে।

৮ টি পদ্ধতির সাথে সম্পর্কের ক্ষেত্রে জবাবদিহিতার নির্দিষ্ট অর্থ রয়েছে। এর মধ্যে নিম্নলিখিত বিষয়গুলি সম্পন্ন করার জন্য প্রাতিষ্ঠানিক অনুশীলনগুলি সংগঠিত করার উপায়গুলি অন্তর্ভুক্ত রয়েছে:

- অপরাধীরা যে ক্ষতি করেছে এবং কার্যকর হস্তক্ষেপ ছাড়াই তারা যে ক্ষতি করতে পারে তার জন্য  তাদের দায়বদ্ধ করা;



- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছে পুলিশের জবাবদিহি করা;

- প্রক্রিয়ার সাথে জড়িত অন্যান্য পরিষেবা প্রদানকারীর কাছে পুলিশের জবাবদিহি করা।

> *কিছু সম্প্রদায় পুলিশ, প্রসিকিউটর অফিস, প্রোবেশন কর্মকর্তা, মহিলাদের জন্য অধিপরামর্শকরা সংস্থা এবং অন্যান্য সংস্থার প্রতিনিধিদের নিয়ে গঠিত বহু-মাত্রিক দল তৈরি করে সংযোগ উন্নত করেছে।*

সম্প্রতি, একটি পুলিশ সংস্থা তাদের পারিবারিক সহিংসতার ঘটনাগুলির একটি মূল্যায়ন করেছে। যখন তারা ৮ টি পদ্ধতি প্রয়োগ করে, তখন তারা দেখতে পেয়েছে যে পুলিশ সংস্থার একটি শক্তিশালী লক্ষ্য, পারিবারিক সহিংসতা মোকাবেলার জন্য একটি পর্যাপ্ত নীতি, যথাযথ সংস্থান এবং প্রশাসনিক ফর্মের সর্বোত্তম অনুশীলন রয়েছে। তবে তাদের যথাযথ জবাবদিহিতা ও তদারকির অভাব ছিল। এই কারণে, সমস্ত পারিবারিক সহিংসতার ২০%-এরও কম ক্ষেত্রে পুলিশ একটি রিপোর্ট লিখেছে বা গ্রেপ্তার করেছে।[২৫]

একটি পুলিশ সংস্থার মধ্যে জবাবদিহিতার নিশ্চিতের জন্য প্রত্যাশিত নীতি, অনুশীলন বা প্রোটোকল মেনে চলা পুলিশের জন্য নির্দিষ্ট ও পরিচিত ফলাফল (শাস্তিমূলক ব্যবস্থা) থাকা প্রয়োজন। উদাহরণ স্বরূপ, যদি নীতির প্রয়োজনে একজন পুলিশ কর্মকর্তার একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে কিছু প্রশ্ন জিজ্ঞাসা করার বাধ্যবাধকতা থাকে এবং তিনি তা করতে ব্যর্থ হন, তাহলে ব্যবস্থাপনা বা তত্ত্বাবধানকারী কর্মকর্তা প্রয়োজনীয় ফর্ম পূরণ করতে, বা শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করতে তাকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছে ফিরে যেতে বলার মাধ্যমে তার জবাবদিহিতা নিশ্চিত করতে পারে। একটি বিভাগের নীতিতে জবাবদিহিতার ব্যবস্থা স্পষ্টভাবে চিহ্নিত করা উচিত।

ব্রিটিশ কলাম্বিয়া, কানাডার পুলিশ কমিশন আদিবাসী/প্রথম জাতির মানুষদের প্রতি পক্ষপাতমূলক আচরণ বন্ধে প্রতিশ্রুতিবদ্ধ জবাবদিহিতার পরিমাপ করার জন্য সম্প্রদায়কে জড়িত করার মাধ্যমে একটি নিরপেক্ষ পুলিশিং নীতি প্রণয়ন করে। একইভাবে, পুলিশ কর্তৃক লিঙ্গ পক্ষপাত বন্ধের উপর দৃষ্টি নিবদ্ধ করা নীতিগুলি কার্যকর হতে পারে যদি জবাবদিহিমূলক ব্যবস্থার সাথে যুক্ত করা হয়।

**জবাবদিহিতা: মূল বার্তা**

- সফল প্রাতিষ্ঠানিক পরিবর্তনের জন্য জবাবদিহিতা গুরুত্বপূর্ণ। যদি একে অপরের সাথে মিলে ৭টি পদ্ধতি উন্নত করা হয়, কিন্তু পুলিশকে নতুন মানদণ্ডের প্রতি দায়বদ্ধ না করা হয়, তাহলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ফলাফলের উন্নতি হবে না;
- মধ্যম সত্রের ব্যবস্থাপকদের প্রত্যাশার সাথে যোগাযোগ করা উচিত এবং পুলিশকে জবাবদিহি করার জন্য তত্ত্বাবধান এবং শৃঙ্খলার মতো নির্দিষ্ট ব্যবস্থা ব্যবহার করা উচিত;
- পুলিশ সংস্থাকে সামগ্রিকভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের এবং অন্যান্য ফৌজদারি বিচার ব্যবস্থার অনুশীলনকারীদের কাছে জবাবদিহি করার চেষ্টা করা উচিত এবং অপরাধীর জবাবদিহিতা নিশ্চিত করা উচিত।

## ৮) শিক্ষা ও প্রশিক্ষণ

একবার কোনো নতুন তত্ত্ব, নীতি, প্রশাসনিক ফর্ম বা পদ্ধতি, সংস্থান বা অন্যান্য পরিবর্তনগুলি একটি পুলিশ সংস্থা দ্বারা গৃহীত হলে, মধ্যম স্তরের ব্যবস্থাপকদের উচিত পুলিশ কর্মকর্তাদের পরিবর্তনগুলি বাস্তবায়নের বিষয়ে প্রশিক্ষণ দেওয়া। উদাহরণস্বরূপ, জর্জিয়ায় একটি নতুন পুলিশ প্রশ্নাবলী তৈরি হওয়ার পরে, পুলিশ কর্মকর্তাদের প্রশ্নাবলীর উদ্দেশ্য এবং কীভাবে এটি ব্যবহার করতে হয় সে সম্পর্কে প্রশিক্ষণ দেওয়া হয়েছিল।

২৫ Minneapolis Police Conduct Oversight Commission, 'Domestic Violence Response Research and Study,' 2018, at: https://mn.gov/mdhr/assets/2018.01.11%20Oversight%20Commission%20-%20Domestic%20Violence_tcm1061-457059.pdf। প্রতিবেদনে মার্কিন যুক্তরাষ্ট্রের মিনেসোটা আইনের অধীনে 'পারিবারিক সহিংসতা' হিসাবে শ্রেণীবদ্ধ বিভিন্ন ধরণের মামলা অন্তর্ভুক্ত করা হয়েছে।

ঐতিহ্যগতভাবে, প্রশিক্ষণগুলি VAWG-এ আইন প্রয়োগ করার জন্য অভিযুক্ত পুলিশ কর্মকর্তাদের মানসিকতা পরিবর্তনের উপর দৃষ্টি নিবদ্ধ করে। যাইহোক, পূর্বে আলোচনা করা হয়েছে, শুধুমাত্র ধারণার উপর প্রশিক্ষণের ফলে পুলিশ বিভাগের মধ্যে পরিবর্তন আসবে না। কর্মকর্তাদের অবশ্যই বুঝতে হবে যে কোনও নতুন পরিবর্তন সংস্থার মধ্যে তাদের কার্যকারিতাকে প্রভাবিত করে এবং পরিবর্তনগুলি বাস্তবায়নের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ দিতে হবে। নতুন নীতি, অনুশীলন, বা সংস্থানগুলি কার্যকরভাবে প্রয়োগ করা হয়েছে তা নিশ্চিত করতে সংস্থা ব্যবহার করবে এমন কোনও জবাবদিহিতার ব্যবস্থা সম্পর্কেও কর্মকর্তাদের প্রশিক্ষণ গ্রহণ করা উচিত।

পুলিশকে নিম্নলিখিত বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ গ্রহণ করা উচিত:

- যেভাবে একটি সংস্থা পুলিশকে তাদের কাজ এবং তাদের কাজের সাথে সম্পর্কিত সামাজিক ঘটনাগুলি বোঝার জন্য সংগঠিত করা হয়, যেমন বিবাহ এবং ঘনিষ্ঠ সম্পর্কের ক্ষেত্রে নারীদের নির্যাতন ;

- আনুষ্ঠানিক উপায় যা পুলিশ সংস্থাগুলি তাদের কর্মীদের মামলা সম্পর্কে চিন্তা করতে এবং কাজ করার প্রশিক্ষণ দেয়;

- অনানুষ্ঠানিক উপায় যা প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা অভিজ্ঞ কর্মীদের কাছ থেকে অভিজ্ঞতা এবং প্রশিক্ষণের মাধ্যমে তাদের কার্যক্রম সম্পর্কে জানে;

- বিভিন্ন ধারণা, তত্ত্ব এবং ধারণাগত অনুশীলন সম্পর্কে জানার মাধ্যমে;

**শিক্ষা ও প্রশিক্ষণ: মূল বার্তা**

- পুলিশ কর্মকর্তাদের যে কোন নতুন নীতি, প্রশাসনিক চর্চা, সম্পদ, বা যোগসূত্র বাস্তবায়নের বিষয়ে শিক্ষা ও প্রশিক্ষণ দেওয়া উচিত; পুলিশ হিসাবে তাদের কাজের সাথে পরিবর্তনগুলি কীভাবে সম্পর্কিত; এবং পরিবর্তন বাস্তবায়নের জন্য পুলিশকে কীভাবে জবাবদিহি করা হবে;

- শিক্ষা ও প্রশিক্ষণে প্রাতিষ্ঠানিক পরিবর্তনের উদ্দেশ্য এবং কীভাবে পরিবর্তন বাস্তবায়ন করা যায় তা অন্তর্ভুক্ত করা উচিত।

চলমান দক্ষতা বৃদ্ধি যা কর্মীদের বিভিন্ন শ্রেণির মানুষদের জড়িত করা VAWG ক্ষেত্রে কার্যকরভাবে হস্তক্ষেপ করতে সক্ষম করে তোলে।

## উপসংহার

যেহেতু লিঙ্গ পক্ষপাত প্রতিষ্ঠানগুলিতে গভীরভাব গেঁথে আছে, তাই লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের জন্য প্রাতিষ্ঠানিক বিশ্লেষণ এবং পরিবর্তন প্রয়োজন। আটটি পদ্ধতি VAWG-এর প্রতি পুলিশ সংস্থার প্রতিক্রিয়ার দুর্বলতার বিশ্লেষণ এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তন আনয়নের জন্য মধ্যম স্তরের ব্যবস্থাপকদের একটি কাঠামো প্রদান করে। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জড়িত করা - বিশেষ করে যারা নিপীড়নের আন্তঃসম্পর্কিত ধরন এর শিকার - নারী ও মেয়েদের বাস্তব অভিজ্ঞতা এবং একটি পুলিশ সংস্থার মাধ্যমে ইতোমধ্যেই প্রদান করা পরিষেবাগুলির দুর্বলতাগুলি বোঝার জন্য গুরুত্বপূর্ণ। অন্যান্য ফৌজদারি বিচার সংস্থার সাথে সমন্বয় করাও গুরুত্বপূর্ণ এই জন্য যে পুলিশ অনুশীলনে যে কোনও পরিবর্তন ভিএডব্লিউজি (VAWG) মামলার প্রক্রিয়াকরণের সময় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অধিক সুরক্ষা এবং অপরাধীদের জবাবদিহিতা নিশ্চিতের জন্য কাজ করবে। এছাড়াও, মধ্যম স্তরের ব্যবস্থাপকদের অবশ্যই প্রতিষ্ঠানের মধ্যে তাদের কার্যকারিতার যে কোনো পরিবর্তনের বিষয়ে পুলিশকে শিক্ষিত করতে হবে এবং প্রাতিষ্ঠানিক পরিবর্তন নিশ্চিত করার জন্য দৃঢ় জবাবদিহিমূলক ব্যবস্থার সাথে যোগাযোগ ও প্রয়োগ করতে হবে। প্রাতিষ্ঠানিক পরিবর্তন সমস্ত পুলিশের প্রতিক্রিয়া উন্নত করতে পারে, সম্প্রদায়গুলিকে নারী ও মেয়েদের জন্য নিরাপদ করে তুলতে পারে।

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Ellen Pence, 'St. Louis County Sheriff's Office Domestic Violence Handbook and Training Guide for Patrol Deputies,' 2001, at: https://praxisinternational.org/wp-content/uploads/2015/12/sheriffhandbook-1.pdf

২. Ellen Pence, Laura Connelly, and Melissa Scaia, 'Turning Points: A Nonviolence Curriculum for Women,' Minnesota: 2011, at: https://www.theduluthmodel.org/wp-content/uploads/2017/03/Turning-Points-Curricula-for-Women-Who-Use-Violence-Preview.pdf

৩. Evan Stark, 'The Dangers of Dangerous Assessment,' *Family & Intimate Partner Violence Quarterly*, November 2013, at: http://www.ncdsv.org/FIPVQ_Dangers-of-dangerousness-assessment_11-20-2013.pdf.

৪. Evan Stark, 'Re-presenting Battered Women: Coercive Control and the Defense of Liberty,' *Violence Against Women: Complex Realities and New Issues in a Changing World*, Les Presses de l'Université du Québec: 2012

৫. Mending the Sacred Hoop/Minnesota Development Project, Inc, 'Community Based Analysis of the U.S. Legal System's Interventions in Domestic Abuse Cases Involving Indigenous Women: Final Report to the National Institute of Justice, December 2002, at: https://praxisinternational.org/wp-content/uploads/2015/12/Final-1.pdf

৬. Mending the Sacred Hoop & The Program to Aid Victims of Sexual Assault, 'Safety and Accountability Audit of the response to Native women who report sexual assault in Duluth, Minnesota, 2006-2008,' at: https://praxisinternational.org/wp-content/uploads/2015/12/TTAMSHTaAuditReport2011.pdf

৭. Michael Paymar, Ellen Pence, and Graham Barnes, *Building a Coordinated Community Response to Domestic Violence: Trainer Guide*, Praxis International, 2010.

৮. Minneapolis Police Conduct Oversight Commission, 'Domestic Violence Response Research and Study,' 2018, at: https://mn.gov/mdhr/assets/2018.01.11%20Oversight%20Commission%20-%20Domestic%20Violence_tcm1061-457059.pdf

৯. Office for Victims of Crime, 'The Vicarious Trauma Toolkit,' at: https://vtt.ovc.ojp.gov/tools-for-law-enforcement/management-and-supervision?fbclid=I-wAR32qSintkuMtP_icolLYpdmnHymwgSyzqKLYwy6XTO_SFdR-LF1Y-sVB_s

১০. Provincial Policing Standards, Section 6.2.1, British Columbia, at: https://www2.gov.bc.ca/assets/gov/law-crime-and-justice/criminal-justice/police/standards/6-2-1-police-stops.pdf

১১. *The Duluth Blueprint for Safety*, adopted January 29, 2015, at: https://www.theduluthmodel.org/wp-content/uploads/2017/03/1-Duluth-Intro.pdf.

# বিচারের ধারাবাহিকতা (জাস্টিস কন্টিনিউম)

*“এটি গভীর ভুল যে নারী ও মেয়েদের প্রতি সহিংসতার অধিকাংশ অপরাধী কোন পরিণতির সম্মুখীন হয় না। শুধুমাত্র কিছু ঘটনা (সংখ্যালঘু) পুলিশ এ রিপোর্ট করা হয়; এমনকি রিপোর্ট করা ঘটনার ছোট একটি শতাংশের ফলাফল চার্জে পরিণত হয়, এবং সেই সব ক্ষেত্রে শুধুমাত্র একটি ভগ্নাংশের অপরাধী দোষী সাব্যস্ত হয়। পুলিশ এবং বিচার বিভাগীয় প্রতিষ্ঠানগুলিকে অবশ্যই রিপোর্ট করার বিষয়টিকে গুরুত্ব সহকারে বিবেচনায় নিতে হবে এবং সহিংসতার শিকার বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা এবং সুস্থতাকে অগ্রাধিকার দিতে হবে, উদাহরণস্বরূপ, সহিংসতার অভিযোগকারী নারীদের জন্য আরও নারী কর্মকর্তাদের উপলব্ধ করা।*

**আন্তর্জাতিক নারীর বিরুদ্ধে সহিংসতা নির্মূল দিবস উপলক্ষে (২০১৮)**

**ফুমজিলে ম্লাম্বো-এনগকুকা, জাতিসংঘের আন্ডার-সেক্রেটারি-জেনারেল এবং ইউএন উইমেন নির্বাহী পরিচালক এর উক্তি**

# অধ্যায়ের উদ্দেশ্য

**পুলিশ যখন নারী ও মেয়েদের প্রতি সহিংসতা (VAWG) মোকাবেলায় ন্যায়বিচার ও নিরাপত্তা নিশ্চিতের দায়িত্বপ্রাপ্ত সংস্থাগুলির মধ্যে তাদের ভূমিকা আরও ভালভাবে বোঝে তখন তারা একটি অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসাবে আরও কার্যকর হয়।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ:

- ন্যায় বিচারের ধারাবাহিকতা (জাস্টিস কন্টিনিউম) প্রাসঙ্গিক ন্যায়বিচার এবং নিরাপত্তা সেক্টরের সংস্থাগুলির বিশদ বিবরণ দেয় যারা ভিএডব্লিউজি (VAWG) এর সহিংসতা মোকাবেলায় সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে যোগাযোগ করে;
- VAWG-এর সাথে জড়িত মামলা মোকাবেলা করার সময় নারীদের বৈষম্যহীনতার অধিকার এবং পুরুষদের সাথে সমতা উপভোগের জন্য সম্মান, সুরক্ষা, প্রচার এবং পূরণ করার প্রয়োজন রয়েছে;
- বিচার প্রক্রিয়া প্রকৃতিগতভাবে জটিল, এবং বিভিন্ন এখতিয়ারের মধ্যে পুলিশ এবং প্রসিকিউটরদের ভূমিকা খুব আলাদা হতে পারে;
- ভিএডব্লিউজি (VAWG) কার্যকরভাবে তদন্ত করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে কেন্দ্রিক এবং আন্তঃসম্পর্কিত (ইন্টারসেকশনাল) দৃষ্টিভঙ্গি প্রয়োজন;
- VAWG-এর তদন্ত প্রচালনার ক্ষেত্রে আপনার এখতিয়ারের আইনটি সবচেয়ে মূল প্রতিবন্ধকতা। সকল বিচার ব্যবস্থার VAWG-এর ধরণগুলিকে মোকাবেলা করার জন্য নির্দিষ্ট আইন থাকবে না। তাই আপনার উচিত উদীয়মান সমস্যার ক্ষেত্রগুলি চিহ্নিত করা এবং আপনার দল/ইউনিট এর নেতাদের সাথে সর্বোত্তম অনুশীলন শেয়ার করা;
- ধর্ষণের তদন্ত পুলিশ তদন্তকারীদের জন্য একটি চ্যালেঞ্জ;
- প্রসিকিউটর, বিচার বিভাগ, পরীক্ষামূলক পরিষেবা (যে কোন আকারে তারা বিদ্যমান হতে পারে) এবং প্রয়োজন মত বেসরকারি সংস্থাগুলির সাথে কাজ করা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য আরও ভাল ফলাফল প্রদান করে;
- সম্প্রদায়-চালিত সমাধানগুলি VAWG মোকাবেলায় কার্যকর পরিবর্তন আনতে পারে।



# ভূমিকা

**বিভিন্ন অংশ এবং সংস্থার সমন্বয়ে গঠিত বিচার ব্যবস্থার মধ্যে তারা কী ভূমিকা পালন করে সে সম্পর্কে পুলিশ নেতৃত্বকে সচেতন হতে হবে। পুলিশ পরিষেবাসহ সকল ন্যায়বিচার ও নিরাপত্তা সংস্থাগুলি বিচার প্রক্রিয়ায় তাদের নিজ নিজ ভূমিকা পালন করে যাতে ন্যায়সঙ্গত ফলাফল নিশ্চিত করা যায়।**

ছবি ইউএন উইমেন এর সৌজন্যে

ন্যায় বিচারের ধারাবাহিকতা[১] (চিত্র ১ দেখুন) প্রাসঙ্গিক ন্যায়বিচার এবং নিরাপত্তা খাতের সংস্থার বিবরণ দেয় যারা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে যোগাযোগ করে এবং নাগরিকদের বিচার ব্যবস্থার সাথে কাজ করে। প্রতিটি বিচার সংস্থা এবং বিচার বিভাগের আলাদা দায়িত্ব থাকলেও নারী ও মেয়েদের প্রতি সহিংসতা মোকাবেলায় একসঙ্গে কাজ করতে হবে। বিচার-পূর্ব, বিচার এবং বিচার-পরবর্তী প্রক্রিয়ায় পুলিশের জন্য আলাদা চ্যালেঞ্জ রয়েছে।

জাতীয় আইনি কাঠামো বা জাতীয় বিচার ব্যবস্থার সাথে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির যোগাযোগ (মিথস্ক্রিয়া) বিচার প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত থাকে, যা শুরু হয় সাধারণত পুলিশের কাছে প্রাথমিক যোগাযোগের সময় থেকে। এই প্রক্রিয়া আদালতে আইনি প্রতিনিধিত্ব, ফৌজদারি আদালত এবং পারিবারিক আদালতের মাধ্যমে চলতে থাকে, এবং বিচার বিভাগের কাছে তাদের প্রকাশের (এক্সপোজারের) মাধ্যমে চলতে থাকে। যেখানে দণ্ডাদেশ প্রদান করা হয়, সেখানে অপরাধীর আদালতে শাস্তি পাওয়ার মাধ্যমে শেষ হয়, যেমন- কারাবাসের মেয়াদ বা কারা-বাসবিহীন (অ-হেফাজতীয়) সাজা যেমন জরিমানা বা সম্প্রদায়ে সেবা প্রদান করা। এক্ষেত্রে, বিচার ব্যবস্থা এবং বিচার প্রক্রিয়া ন্যায়বিচারের ধারাবাহিকতা নিশ্চিতে সহায়তা করে যা বিচার ব্যবস্থা দ্বারা প্রভাবিত সকলের অধিকারকে বিচার প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে সম্মান করা, সুরক্ষিত করা এবং পরিপূর্ণ করা নিশ্চিত করার প্রয়োজনীয়তা স্বীকার করে।

ফৌজদারি আদালতে, অপরাধ করার জন্য রাষ্ট্র একজন অপরাধীর বিরুদ্ধে মামলা দায়ের করে এবং পারিবারিক আদালতে, বিবাহ বিচ্ছেদ এবং শিশু সুরক্ষার মতো পারিবারিক এবং গার্হস্থ্য সম্পর্ক ভেঙে যাওয়া সংক্রান্ত মামলাগুলি নিষ্পত্তি করা হয়।

অনেক সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য, অপরাধীর চূড়ান্ত মুক্তি - বিশেষ করে সেই অপরাধীরা যারা VAWG সম্পর্কিত অপরাধ করেছে - উদ্বেগজনক এবং এটি এমনকি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে তাদের আচরণ পরিবর্তন করতে বাধ্য করতে পারে এবং এর ফলে চরম উদ্বেগ দেখা দিতে

১ ইএসপি বিচারের ধারাবাহিকতাকে এই ভাবে সংজ্ঞায়িত করেছে যে বিচার প্রক্রিয়ায় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির প্রবেশ থেকে শুরু করে বিষয়টি শেষ না হওয়া পর্যন্ত প্রক্রিয়া চলতে থাকে। প্রয়োজনের উপর নির্ভর করে একজন নারীর এই প্রক্রিয়ায় যাত্রা পরিবর্তিত হবে। তিনি বিভিন্ন ধরনের ন্যায় বিচারের বিকল্প অনুসরণ করতে পারেন, যার মধ্যে রাষ্ট্রীয় প্রশাসনিক স্কিম থেকে শুরু করে এক যোগে বা সময়ের সাথে সাথে রিপোর্ট করা বা অভিযোগ করা থেকে শুরু করে একটি ফৌজদারি তদন্ত এবং বিচার শুরু করা বা সুরক্ষা চাওয়া, এবং/অথবা বিবাহ বিচ্ছেদ এবং শিশুর হেফাজত সম্পর্কিত কার্যাবলী এবং/অথবা ব্যক্তিগত বা অন্যান্য ক্ষতির জন্য ক্ষতিপূরণসহ দেওয়ানি দাবিগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে।

চিত্র-১:

**বিচারের ধারাবাহিকতা (জাস্টিস কন্টিনিউম)**




পারে, যেমন, ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করতে বাচ্চাদের স্কুল থেকে বাইরে নিয়ে যাওয়া, বা বাচ্চাদের স্কুল থেকে নিরাপদে পৌঁছানো নিশ্চিত করার জন্য চাকরি ছেড়ে দেওয়া। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অপরাধীর মুক্তির বিষয়ে জানানোর পদ্ধতিগুলি তাদের চলমান সুরক্ষার জন্য গুরুত্বপূর্ণ। (ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা এবং সুরক্ষা› দেখুন)

*ব্যক্তিগত চাহিদার উপর নির্ভর করে প্রত্যেক নারী এবং মেয়ের যাত্রা ভিন্ন হবে।*

বিচার ব্যবস্থার মধ্যে পারিবারিক আদালত রয়েছে এবং নারীর অন্তরঙ্গ পুরুষ সঙ্গী বা বাড়ির অন্যান্য সদস্যদের দ্বারা সংঘটিত পারিবারিক সহিংসতা থেকে নারী ও তাদের শিশুদের রক্ষা করার জন্য সুরক্ষা ব্যবস্থা গ্রহণে পুলিশ পরিষেবা জড়িত থাকতে পারে। এর অর্থ হল পারিবারিক আদালত এবং ফৌজদারি আদালতে পুলিশ পরিষেবা একটি মুখ্য ভূমিকা পালন করে।

বিচার ব্যবস্থার মধ্যে পুলিশের বিভিন্ন ভূমিকা থাকা সত্ত্বেও, পুলিশ নেতৃত্বকে তাদের কাজকে নিয়ন্ত্রণ করে এমন **সর্বোচ্চ** নীতিগুলি বুঝতে হবে, তা যেভাবেই করা হোক না কেন। নারীর বিরুদ্ধে সকল প্রকার বৈষম্য দূরীকরণ এর উপর কনভেনশনের (CEDAW) ২ নম্বর অনুচ্ছেদের অধীনে রাষ্ট্রপক্ষের মূল বাধ্য-বাধকতার উপর ২৮ নম্বর সাধারণ সুপারিশ এ বিশদভাবে নারীর বৈষম্যহীনতা এবং পুরুষের সাথে সমতা উপভোগের অধিকারকে সম্মান, সুরক্ষা, প্রচার এবং পূরণ করার প্রয়োজনীয়তার কথা উল্লেখ করা রয়েছে।[২]

যেখানে বৈষম্যের দীর্ঘমেয়াদী প্রভাবগুলি নারী ও মেয়েদেরকে গুরুতরভাবে ক্ষতিগ্রস্থ করে, সেখানে এমন ব্যবস্থার প্রয়োজন হতে পারে যা নারীদের প্রকৃত সমতা ও ন্যায়পরায়ণতা নিশ্চিত করার জন্য শুধুমাত্র আনুষ্ঠানিকভাবে পুরুষদের সমান আচরণ করবে না, বরং অগ্রাধিকারমূলক আচরণ করবে। এই ব্যবস্থাগুলির সংজ্ঞা এবং উপযুক্ত প্রয়োগ সম্পর্কে কনভেনশনের ৪ নম্বর অনুচ্ছেদে বর্ণিত হয়েছে এবং CEDAW কমিটির ২৫ নম্বর সাধারণ সুপারিশ এ আরও বিশদভাবে বর্ণনা করা হয়েছে।[৩]

বিচার ব্যবস্থা এবং বিচার প্রক্রিয়ার প্রতি আস্থা তাই গুরুত্বপূর্ণ কারণ এটি সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এগিয়ে এসে এবং তাদের বিরুদ্ধে সংগঠিত হওয়া অপরাধের বিরুদ্ধে রিপোর্ট করতে উৎসাহিত করে।

পুলিশ নেতৃত্বকে বুঝতে হবে যে বিচার প্রক্রিয়া প্রকৃতিগতভাবে জটিল একটি প্রক্রিয়া, এবং বিভিন্ন এখতিয়ারের মধ্যে তাদের ভূমিকা খুবই আলাদা হতে পারে। উদাহরণস্বরূপ, তুরস্কে, প্র-সিকিউটররা পুলিশের তদন্তকে নির্দেশনা প্রদান করে,[৪] অন্যদিকে যুক্তরাজ্যে পুলিশ অপরাধ তদন্ত করে এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (‹CPS›) জটিল মামলায় অভিযোগের বিষয় সিদ্ধান্ত গ্রহণ করে, বিশেষ করে যে মামলাগুলিতে নারী ও মেয়েদের বিরুদ্ধে

২ নারীর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণ সংক্রান্ত কনভেনশনের অনুচ্ছেদ-২ এর অধীনে রাষ্ট্রপক্ষের মূল বাধ্যবাধকতার উপর সাধারণ সুপারিশ নং ২৮ (২০১০), UN Doc CEDAW/C/2010/47/GC.2 @ https://www2.ohchr.org/english/bodies/cedaw/docs/CEDAW-C-2010-47-GC2.pdf

৩ সাময়িক বিশেষ ব্যবস্থার উপর নারীর প্রতি সকল প্রকার বৈষম্য দূরীকরণ সংক্রান্ত কনভেনশনের সাধারণ সুপারিশ নং ২৫, ধারা-৪, অনুচ্ছেদ-১ @ https://www.un.org/womenwatch/daw/cedaw/recommendations/General%20recommendation%2025%20(English).pdf

৪ ফৌজদারি কার্যবিধি আইনের ধারা ১৬১/১ (আইন নং ৫৭১) এর অধীনে পাবলিক প্রসিকিউটর সরাসরি বা বিচার বিভাগীয় পুলিশ কর্ম-কর্তাদের মাধ্যমে সব ধরনের তদন্ত পরিচালনা করতে পারেন। পাবলিক প্রসিকিউটর একটি ফৌজদারি মামলা শুরু করার জন্য প্রয়োজনীয় কি না তা নির্ধারণ করার জন্য বিষয়টি তদন্ত করবেন এবং তদন্তের সময় প্রাপ্ত প্রমাণগুলি যদি অপরাধ সংঘটনের বিষয়ে যথেষ্ট সন্দেহ সৃষ্টি করে, তাহলে একটি অভিযোগ জারি করবেন (ধারা ১৬০/১)। যাইহোক, সাক্ষ্য অপর্যাপ্ত হলে, পাবলিক প্রসিকিউটর মামলা করবেন না (ধারা ১৭০/২)।

চিত্র ২:

**সরকারিয়া জাস্টিস পার্টিসিপ্যান্টস মডেল: বিচার ব্যবস্থায় মূল অংশগ্রহণকারীগণ**




সহিংসতা জড়িত (‹VAWG)›।[৫]

পুলিশ নেতৃত্বের মধ্যে ন্যায় বিচার প্রক্রিয়া সম্পর্কে ব্যাপক বোধগম্যতা গড়ে তুলতে হবে। যখন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা এই যাত্রার মধ্য দিয়ে ভ্রমণ করছেন, তখন আইন, সামাজিক নিয়ম এবং সরকারী নীতি নির্ধারন করে কিভাবে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির যাত্রা অগ্রসর হবে। সুশীল সমাজ সংস্থাগুলির সমর্থনও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য গুরুত্বপূর্ণ। তিনি বিভিন্ন ধরনের ন্যায় বিচারের বিকল্প অনুসরণ করতে পারেন, যার মধ্যে রাষ্ট্রীয় প্রশাসনিক স্কিম থেকে শুরু করে এক যোগে বা সময়ের সাথে সাথে রিপোর্ট করা বা অভিযোগ করা থেকে শুরু করে একটি ফৌজদারি তদন্ত এবং বিচার শুরু করা বা সুরক্ষা চাওয়া, এবং/অথবা বিবাহ বিচ্ছেদ এবং শিশুর হেফাজত সম্পর্কিত কার্যাবলী এবং/অথবা ব্যক্তিগত বা অন্যান্য ক্ষতির জন্য ক্ষতিপূরণসহ দেওয়ানি দাবিগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে।

সরকারীয়া জাস্টিস পার্টিসিপেন্টস মডেলে বিচার ব্যবস্থার মূল চালকদের সাথে (যারা যে কোনো পর্যায়ে পরিবর্তন আনতে পারে) একত্রে অংশগ্রহণকারীদের সম্পর্কে নীচে বর্ণনা করা হয়েছে,:

৫ CPS সেই সকল ফৌজদারি মামলাগুলির বিচার করে যেগুলি ইংল্যা-ন্ড এবং ওয়েলসে পুলিশ এবং অন্যান্য তদন্তকারী সংস্থাগুলি দ্বারা তদন্ত করা হয়েছে। CPS স্বাধীন, এবং আমরা আমাদের সিদ্ধান্তগুলি পুলিশ এবং সকার থেকে স্বাধীনভাবে নিই। About the CPS. The Crown Prosecution Service, at: https://www.cps.gov.uk/about-cps

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা (পিয়ার টু পিয়ার গাইডেন্স

পুলিশ নেতৃত্বকে এই বিষয়ে সচেতন হওয়া উচিত যে ন্যায় বিচারে প্রবেশাধিকার (অ্যাক্সেস) একটি মানবাধিকার যা VAWG তদন্ত করার সময় অন্যান্য অধিকার নিশ্চিতের একটি উপায় প্রদান করে। আইনি, প্রাতিষ্ঠানিক, আর্থ-সামাজিক এবং সাংস্কৃতিকসহ ন্যায় বিচারের ক্ষেত্রে যে কোন বাধাই সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের প্রয়োজনীয় ন্যায্য ফলাফল প্রাপ্তিতে বাধা দিতে পারে।

আপনাকে নিশ্চিত করতে হবে যে আপনার কর্মীরা বিচার প্রক্রিয়ার প্রবেশাধিকার (অ্যাক্সেস) এবং প্রতিটি ধাপে পুলিশের জন্য প্রভাবের মধ্যে যোগসূত্র সম্পর্কে সচেতন। উদাহরণস্বরূপ বলা যায় যে, প্রসিকিউটর এবং বিচারকরা একটি লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতি ব্যবহার করতে পারেন যা:

- অধিকার লঙ্ঘনের অভিজ্ঞতা, কিন্তু বিচার ব্যবস্থার সাথে সং-যোগসহ নারী ও পুরুষের অভিজ্ঞতার পার্থক্য স্পষ্টভাবে স্বীকার করে;

**" পুরো আইনটি, পুরুষদের দ্বারা, পুরুষদের জন্য তৈরি এবং ঐতিহাসিক ভাবে চলে আসা তাদের পক্ষে পুরুষালি পক্ষপাতিত্বকে সংহিতাবদ্ধ (কোডিফাইড) করে এবং নারীর দৃষ্টিকোণকে উপেক্ষা করার মাধ্যমে পদ্ধতিগতভাবে নারীর প্রতি বৈষম্য করে। বর্তমানে আইনটি মূলত পুরুষদের দ্বারা প্রয়োগ করা, ব্যাখ্যা করা এবং পরিচালিত হয়, তাই এটি এখনও একটি গোষ্ঠী হিসাবে পুরুষদের স্বার্থে কাজ করে। নারীরাও আইনের পুরুষের পক্ষপাতকে বস্তুনিষ্ঠ ন্যায়বিচার হিসেবে গ্রহণ করে - যখন নারী বিচারক, আইনজীবী, বিচারক সকলেই একই পুরুষদের আধিপত্যের মানকে সমর্থন করে। এবং সেই পুরুষ মান যৌন বৈষম্য বা শেয়ার করা পুরুষদের দৃষ্টিভঙ্গি নির্দোষ যে কোন পার্শ্বপ্রতিক্রিয়া গঠন করুক না কেন, মহিলাদের জন্য ফলাফল একই, আইনের অধীনে সমান সুরক্ষার প্রতিটি ধাপে তারা বঞ্চিত।"**

উৎসঃ *Source: Jones (1980) as cited in The Justice, Law and Order Sector Programme, Government of Uganda 'Study on Gender and Access to Justice' in* Guidance note for UNODC staff Gender mainstreaming in the work of UNODC (2013).

- কীভাবে নারী ও পুরুষের চাহিদা আলাদা এবং পরস্পর সম্পর্কিত, তা চিহ্নিত এবং প্রতিকারের ক্ষেত্রে স্বীকৃতি দেয়; এবং

- লিঙ্গ সংক্রান্ত বাধাধরা নিয়মগুলির (স্টিরিওটাইপগুলির) বিস্তৃত প্রকৃতি এবং তাদের পরস্পর সম্পর্কযুক্ত কারণগুলি, এমনকি যে সকল কারণ সম্পর্কে আমরা সকলেই অচেতন সেগুলি বুঝতে পারে।[৬]

***লিঙ্গ সংবেদনশীলতা হল নারী হিসেবে নারী এবং পুরুষ হিসেবে পুরুষের চাহিদা, আগ্রহ এবং সংবেদনশীলতা সম্পর্কে সচেতনতা এবং সম্মান।***

সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং অন্যান্য বিচার ব্যবস্থা সংস্থাগুলির সংযোগ স্থাপনের মাধ্যমে একটি লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতি প্রণয়নের জন্য এই পদ্ধতিটি আপনার কর্মীরা গ্রহণ করতে পারেন।

আপনার কর্মীদের বুঝতে হবে যে তাদের ভূমিকা (এবং অন্যান্য ন্যায়বিচার ও নিরাপত্তা সেক্টরের সংস্থাগুলির) হল এটা নিশ্চিত করা যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের তাদের কাজ সম্পর্কে অবহিত করা হয়েছে এবং বিচার প্রক্রিয়ার আগে, চলাকালীন এবং পরে তাদের প্রয়োজনীয় সহায়তা প্রদান করা।

সারা বিশ্বে VAWG-এর ফৌজদারি আইনে বেশ কিছু দুর্বলতা রয়েছে, যা আইন প্রয়োগকারীকে ‹পারিবারিক সহিংসতা› এর মামলায় নারী ও মেয়েদের সেবা প্রদানে বাধা দেয় এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য তাদের প্রয়োজনীয় সহায়তার খোঁজ করা অসম্ভব করে তোলে। এটি লক্ষ করা গুরুত্বপূর্ণ যে আইনটি সংহিতাবদ্ধ / কোড দ্বারা সীমাবদ্ধ (কোডিফাইড) এবং প্রায়শই এখনও পুরুষ পক্ষপাতকে প্রতিফলিত করে এবং পদ্ধতিগতভাবে নারী ও মেয়েদের প্রতি বৈষম্য করে।

কীভাবে একটি আইন পুরুষের পক্ষপাতিত্বকে সংহিতাবদ্ধ করতে পারে এবং নারী ও মেয়েদের প্রতি নিয়মতান্ত্রিকভাবে বৈষম্য করতে পারে তা বোঝার জন্য সমানভাবে গুরুত্বপূর্ণ হল পরস্পর সম্পর্কযুক্ত এবং দ্বৈততার (ওভারল্যাপিং) কারণগুলি সনাক্ত করার ক্ষমতা যা VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের বিচার প্রক্রিয়ায় প্রবেশাধিকার (অ্যাক্সেস) নিশ্চিতের ক্ষেত্রে আরও প্রান্তিক করে তোলে। উদাহরণস্বরূপ বলা যায় যে, ব্যক্তি এবং গোষ্ঠী তাদের লিঙ্গ, জাতিগততা, যৌন অভিমুখীতা, জাতীয় উৎস এবং/অথবা অক্ষমতার ভিত্তিতে প্রান্তিক হতে পারে এবং এটি তাদের নিরাপত্তা এবং ন্যায় বিচারের প্রবেশাধিকার (অ্যাক্সেস) উপর সরাসরি প্রভাব ফেলতে পারে।

পুলিশিং এর জন্য প্রাসঙ্গিক আইন প্রয়োগ করার সময়, বিশেষ করে বৈষম্য বিরোধী আইন, এবং VAWG-এর প্রতি সাড়া দেওয়ার সময় একটি পারস্পারিক আন্তঃসম্পর্কিত দৃষ্টিভঙ্গি (ইন্টারসেকশনাল লেন্স) প্রয়োগ করা কর্মকর্তাদেরদের যে বিষয়টি সনাক্ত করতে সাহায্য করবে তা হল কীভাবে অসমতার শিকার হওয়া নারী এবং মেয়েদের অভিজ্ঞতা প্রভাবশালী মডেলের সাথে খাপ খায় না এবং যে সকল অন্যান্য প্রয়োজনীয় পরিষেবাগুলিতে তাদের অধিকার আছে তাদের কাছে নারী ও মেয়েদের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত কী অর্থে ব্যবহৃত হয়।

একটি আন্তঃসম্পর্কিত দৃষ্টিভঙ্গি (ইন্টারসেকশনাল লেন্স) প্রয়োগ করা শুধুমাত্র উপর থেকে নিচে প্রবাহমান ক্ষমতার (টপ-ডাউন পাওয়ারের) দমনমূলক বা জবরদস্তিমূলক কার্যক্রম নির্দেশ করবে

৬ বিচারে নারীদের প্রবেশাধিকার নিশ্চিত করার উপর বিচারক এবং প্রসিকিউটরদের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল (ইউরোপীয় ইউনিয়ন এবং কাউন্সিল অফ ইউরোপ, ২০১৭) @ https://rm.coe.int/training-manualwomen-access-to-justice/16808d78c5

> ***"প্রতিটি মহিলা এবং মেয়ের যাত্রা ভিন্ন হবে এবং তার ব্যক্তিগত চাহিদার উপর নির্ভর করবে"***

না। কীভাবে পদসোপান ভিত্তিক ক্ষমতায় সম্পর্ক আরও খারাপ হয় যখন আইনগুলি সহিংসতার শিকার ব্যক্তির সম্পূর্ণ পরিচয়, অবস্থান বা তার অভিজ্ঞতার জটিলতা বা অগোছালোতা সনাক্ত করতে ব্যর্থ হয় এই বিষয়টি কর্মকর্তাদের আরও ভালভাবে বুঝতে সহায়তা করবে। আর এই কারণেই সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে কেন্দ্রিক এবং আন্তঃসম্পর্কিত (ইন্টারসেক-শনাল) পদ্ধতির প্রয়োজন। দ্বিতীয় অধ্যায়: ‹ম্যানেজার এবং টিম লিডার হিসাবে একটি পার্থক্য তৈরি করা' দেখুন।[৭]

আর এই কারণেই সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে কেন্দ্রিক এবং আন্তঃসম্পর্কিত (ইন্টারসেকশনাল) পদ্ধতির প্রয়োজন। দ্বিতীয় অধ্যায়: 'ম্যানেজার এবং টিম লিডার হিসাবে একটি পার্থক্য তৈরি করা' দেখুন।

## সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা

আপনার কর্মীদের কার্যকরভাবে তাদের ভূমিকা পালন করার জন্য একজন সহিংসতার শিকার/বেঁচে ব্যক্তির চাহিদাগুলিকে বোঝা অপরিহার্য। একাধিক সংযোগ এবং যোগাযোগের কারণে একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি বিচার প্রক্রিয়ায় অসম আচরণের শিকার হতে পারে যেখানে ক্ষমতা ব্যবস্থার কারণে বৈষম্য ঘটতে পারে – যেমন বর্ণবাদ, পিতৃতন্ত্র, শ্রেণী নিপীড়ন, যৌন বৈষম্য, বয়স, যৌন অভিমুখিতা, অক্ষমতা এবং বৈষম্যের অন্যান্য ধরণ। আপনার কর্মীদের জন্য মূল বার্তা হল যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা বিভিন্ন ধরনের অবস্থান থেকে উঠে আসায় ইয়াদের প্রত্যেকের ব্যক্তিগত অভিজ্ঞতা থাকতে পারে।[৮]

পুলিশ নেতৃত্ব যারা বিচার প্রক্রিয়ায় সহিংসতার শিকার নারীদের চ্যালেঞ্জ সম্পর্কে আরও জানতে চান তাদের নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার অবসানে প্রণীত বিচার কর্মসূচিতে (এর

**বক্স-১**

**বিচার প্রক্রিয়ায় সহিংসতার শিকার নারীদের জন্য চ্যালেঞ্জ**[৯]

**প্রতিরোধ**

- নারীর বিরুদ্ধে সব ধরনের সহিংসতাকে অপরাধ হিসেবে গণ্য করা যায় না (যেমন, বৈবাহিক ধর্ষণ)।

**প্রাথমিক সনাক্তকরণ এবং রিপোর্টিং**

- আইন বা অনুশীলনে অভিযোগ দায়ের করা, আনুষ্ঠানিক অভিযোগ করা বা বিশেষভাবে বিচারের অনুরোধ করার দায়িত্ব প্রায়শই সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির উপর থাকে;
- আইন প্রয়োগকারী কর্মীদের অনুসরণ করা প্রচলিত লিঙ্গ পক্ষপাত এবং বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপগুলি) কারণে নারীরা তাদের বিরুদ্ধে SGBV-এর ঘটনার রিপোর্ট করে না ।

**তদন্ত**

- সীমাবদ্ধতার বিধি বা অন্যান্য আইনী ব্যবস্থাপত্রগুলি একটি নির্দিষ্ট সময়ের পরে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের চার্জ গঠনে বাধা দেয়;
- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের প্রায়ই থানায় দীর্ঘক্ষণ অপেক্ষা করতে হয়। তাদেরকে পুরুষ পুলিশ কর্মকর্তাদের দ্বারা বহুবার জিজ্ঞাসাবাদ করা হয়, পুরুষ ফরেনসিক অফিসারদের দ্বারা পরীক্ষা করা হয়, জিজ্ঞাসাবাদ ও বিবৃতি দেওয়ার সময় তাদের সাথে অসম্মানজনক আচরণ করা হয় এবং গোপনীয়তা রক্ষা করা থেকে বঞ্চিত করা হয়;

৭ Emily Grabham with Didi Herman, Davina Cooper and Jane Krishnadas "Introduction" in *Intersectionality and Beyond: Law, power and the politics of location*, Edited by Emily Grabham, Davina Cooper, Jane Krishnadas and Didi Herman (2009: Routledge-Cavendish).

৮ Training Manual for Judges and Prosecutors on Ensuring Women's Access to Justice (2017). European Union and Council of Europe https://www.ohchr.org/Documents/Issues/Women/WRGS/TrainingManualAccessJustice_EN.pdf

৯ Ibid.

- পরিস্থিতিগত প্রমাণ প্রায়ই অগ্রহণযোগ্য হয় যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে প্রমাণের একমাত্র উৎস করে তোলে;

- সাক্ষ্য বিধিগুলি প্রায়শই একটি ফৌজদারি অভিযোগের সাথে এগিয়ে যাওয়ার জন্য শারীরিক প্রমাণকে অপরিহার্য হিসাবে বিবেচনা করে, যা এমন ক্ষেত্রে চ্যালেঞ্জিং যেখানে প্রতিবেদন দাখিলে বিলম্ব হয়, বা জড়িত সহিংসতা মানসিক, আবেগপূর্ণ বা অর্থনৈতিক প্রকৃতির হয়;

- জরুরী বা দীর্ঘমেয়াদী সুরক্ষা ব্যবস্থা, সেইসাথে ঝুঁকি মূল্যায়ন এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের নিরাপত্তা সংক্রান্ত পরিকল্পনায় প্রায়শই নারী ও মেয়েদের প্রবেশাধিকার (অ্যাক্সেস) থাকে না;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অভিযুক্তদের উপস্থিতিতে নিয়মিতভাবে বেশ কয়েকবার সাক্ষ্য দিতে হয়।

- অপরাধ তদন্তের জন্য পুলিশ পরিবহন এবং জ্বালানীর (গ্যাস/পেট্রোল) জন্য অর্থ প্রদানের অনুরোধ করতে পারে;

- অনেক দেশে, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ডাক্তারি পরীক্ষার (প্রমাণ সংগ্রহের প্রক্রিয়ার অংশ হিসাবে) পাশাপাশি আঘাতের স্থানের যত্নের উদ্দেশ্যে স্বাস্থ্য পরিষেবাতে জমা দেওয়ার জন্য পুলিশ দ্বারা ফর্মের একটি সেট দেওয়া হয়। কখনও কখনও, এই ধরনের ফর্মগুলি চিকিৎসা সংক্রান্ত পরীক্ষকদের জন্য ব্যবহারকারী-বান্ধব নয় এবং প্রমাণের উদ্দেশ্যে প্রয়োজনীয় তথ্য প্রদান করতে পারে না।

**পরীক্ষা নিরিক্ষা/বিচার বিবেচনা**

- বেশিরভাগ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির ফৌজদারি বিচার প্রক্রিয়ার সাথে অপরিচিত, আইনি সহায়তা পরিষেবায় প্রবেশাধিকার (অ্যাক্সেস) নেই এবং তাই তাদের কাছ থেকে কী আশা করা হচ্ছে সে সম্পর্কে তারা অবগত নয়;

- ফৌজদারি পদ্ধতি এবং আদালত প্রশাসন সাধারণত বেঁচে থাকা নারীদের বিশেষ দুর্বলতার বিষয়গুলিকে বিবেচনায় নেওয়ার অনুমতি দেয় না, এবং যেমন, তাদের নির্দিষ্ট চাহিদাগুলি প্রায়শই পূরণ করা হয় না।

**বিচার ও সাজা**

- বিচারিক অনুশীলন বা বিদ্যমান পদ্ধতিগত প্রয়োজনীয়তাগুলি প্রায়শই এমন সিদ্ধান্তের দিকে পরিচালিত করে যা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে বান্ধব নয়, যার ফলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বিচার প্রক্রিয়া থেকে বিচ্ছিন্ন করে এবং মামলা প্রত্যাহার করে বা হাল ছেড়ে দেয়;

- প্রামাণিক নিয়ম যৌন বা ব্যক্তিগত ইতিহাসের উপর জেরার অনুমতি দিতে পারে, অনুমোদনের প্রয়োজন হতে পারে বা বিলম্বিত প্রতিবেদনের ফলে প্রতিকূল অনুমানের জন্য অনুমতি দিতে পারে।

**সংশোধন**

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে অপরাধীর মুক্তির বিষয়ে জানানো হয় না, এমনকি যখন বেঁচে থাকা এবং অপরাধী উভয়ই একই সম্প্রদায়ের হয়।

মডিউল-৩ আরও ভালো ভাবে পড়তে হবে।[১০] এই টুলকিটটি VAWG শেষ করার জন্য বিচার ব্যবস্থা জুড়ে এই ধরনের চ্যালেঞ্জগুলি কীভাবে মোকাবেলা করা যেতে পারে সে সম্পর্কে ব্যবহারিক নির্দেশিকা প্রদান করেছে। যদিও এটি মূলত জাতি সংঘের কর্মীদের জন্য পরিকল্পনা করা হয়েছে, তবে টুলকিটটি বিচার প্রক্রিয়ায় নারীদের প্রবেশাধিকার এবং এই ক্ষেত্রে প্রযুক্তিগত সহায়তার প্রয়োজনীয়তা সম্পর্কিত বর্তমান সমস্যাগুলির মোকাবেলা করার জন্য বিকল্পগুলির একটি তালিকা প্রদান করে।

নীচের সারাংশটি VAWG-তে বিচার প্রক্রিয়া এবং পুলিশের তদন্তমূলক দায়িত্বের বিশ্লেষণে পুলিশ নেতৃত্বের জন্য একটি সহায়ক সূচনা বিন্দু প্রদান করে হয়েছে।

১০ A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming' (UN Women, UNODC, OHCHR, UNDP, 2018), Module 3 on Ending Violence Against Women and Girls, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2018/5/a-practitioners-toolkit-on-womens-access-to-justice-programming

# VAWG-এ সাড়া দেওয়ার ক্ষেত্রে চ্যালেঞ্জ মোকাবেলা করা শুরু হয় আপনার দলের কর্মদক্ষতার (পারফরম্যান্সের) দুর্বলতার বিষয়গুলি শনাক্ত করার মাধ্যমে

## VAWG ক্ষেত্রে আইনের ভূমিকা এবং আইন প্রয়োগের চ্যালেঞ্জ

ইএসপি মডিউল-৬ বাস্তবায়নের নির্দেশিকাতে বিশদ বিবরণের মতো ব্যাপক আইন ও কাঠামো এবং লিঙ্গ-সংবেদনশীল নীতি ও কাঠামোসহ VAWG মামলায় পুলিশ তদন্ত কার্যকর করার জন্য মূল উপাদাঙ্গুলি চিহ্নিত করার প্রয়োজনীয়তার বিষয়ে পুলিশ নেতৃত্বের সচেতন হওয়া উচিত। একটি সহায়ক পরিবেশ (আইন, নীতি, বাজেট, সক্ষম পরিষেবা প্রদানকারী, অবহিত পরিষেবা দাবিকারী এবং মান নিয়ন্ত্রণ) প্রতিষ্ঠা করার জন্য জাতীয় স্তরের পুলিশ পরিষেবা বিভাগের প্রধানদের দ্বারা এ প্রাতিষ্ঠানিক কাঠামোগত বাধাগুলি দূর করার সিদ্ধান্ত গ্রহণের প্রয়োজন হতে পারে।[১১]

> *আপনি কিভাবে পুলিশ হয়েছেন তা আইন নির্ধারণ করবে, স্থানীয় রীতিনীতি নয়।*

পুলিশ নেতৃত্ব এবং আপনার কর্মীদের বুঝতে হবে:

- সমাজে আইনের ভূমিকা, এবং বিশেষ করে VAWG তদন্তে;
- যে আইনটি পুলিশ তদন্তের জন্য একটি অপরিহার্য উপাদান, কারণ এটি তদন্ত, চার্জ গঠন এবং শেষ পর্যন্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য নিরাপত্তা ব্যবস্থার কাঠামো প্রদান করে ;
- সেই আইনগুলি হল সেই বিধিগুলি যেগুলি শতাব্দী ধরে সামাজিক প্রথা থেকে বিকশিত হতে পারে, বা আইন দ্বারা নির্ধারিত এবং বাধ্যতামূলক হিসাবে গৃহীত বিধিসমূহ।

## আইনের ভূমিকা

প্রতিটি সমাজের আইন এমন নিয়মগুলিকে অন্তর্ভুক্ত করে যা পুলিশের ভূমিকাকে নিয়ন্ত্রণ করে যারা এটি অনুসারে পুলিশিংয়ের

**বক্স-২**

"কিছু দেশে ফৌজদারি আইন পুরুষ ও নারীর মধ্যে অসমতার বিদ্যমান নিদর্শন এবং সামাজিক রীতিনীতিকে প্রতিফলিত করে। উদাহরণস্বরূপ, কিছু আইন পুরুষ সহযোগীদের দ্বারা প্রদত্ত সাক্ষ্যের তুলনায় সহিংসতার শিকার/ বেঁচে থাকা নারী বা সাক্ষীদের দ্বারা প্রদত্ত সাক্ষ্যের কম মূল্য বা বিশ্বাসযোগ্যতা নির্ধারণ করে। আরেকটি উদাহরণ হল সেই সমস্ত আইন যা VAWG-এর অপরাধীদেরকে "সম্মান", "উস্কানি", "বৈবাহিক ধর্ষণের অব্যাহতি সংক্রান্ত ধারা" বা সহিংসতার শিকার নারীকে বিয়ে করার মাধ্যমে ফৌজদারি দায় এড়াতে অনুমতি দেয়। ইউরোপ এবং উত্তর আমেরিকাসহ বিশ্বের অন্যান্য অনেক অংশে এই আইনগুলি এখনও বিদ্যমান রয়েছে বা কিছু দিন আগেও ছিল।

জন্য দায়ী। অন্যদিকে, সম্প্রদায়ের সামাজিক প্রথা থাকতে পারে যা এমন আচরণ নির্ধারণ করে যা কিছু ক্ষেত্রে আইন দ্বারা নির্ধারিত নিয়মের বিপরীত হতে পারে। পুলিশ নেতৃত্বের উচিত তাদের কর্মীদের মনে করিয়ে দেওয়া যে এটি একটি আইন যা তাদের পুলিশি অনুশীলনকে নির্ধারণ করে।

আর্মেনিয়ার মতো অন্যান্য দেশ VAWG মোকাবেলা করার জন্য তাদের ফৌজদারি ধারার (কোডের) সংশোধনী বাস্তবায়নের জন্য পদক্ষেপ নিয়েছে যা আর্মেনিয়ায় গার্হস্থ্য সহিংসতার অগ্রহণযোগ্যতা সম্পর্কে নাগরিকদের কাছে একটি স্পষ্ট বার্তা প্রেরণ করেছে।[১২]

**বক্স-৩**

আর্মেনিয়া এমন অসংখ্য দেশগুলির মধ্যে একটি যারা সম্প্রতি (২০১৭) তাদের ফৌজদারি ধারার (কোডের) সংশোধনগুলি বিশেষভাবে নারীদের বিরুদ্ধে সহিংসতা অন্তর্ভুক্ত করার জন্য প্রয়োগ করেছে।[১৩] পরিবারের মধ্যে সহিংসতার শিকার নারী ও মেয়েদের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করতে, এবং এবং তাদের অধিকার এবং বৈধ চাহিদা পূরণ করা নিশ্চিত করতে পরিবারের অভ্যন্তরে সহিংসতা প্রতিরোধ আইন, পরিবারের মধ্যে সহিংসতার শিকার নারী ও মেয়েদের সুরক্ষা এবং পরিবারে শান্তি পুনরুদ্ধার করার জন্য পরিবারের মধ্যে সহিংসতা প্রতিরোধের জন্য আইনি প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে চায়। বিশেষত, আইনটি পারিবারিক সহিংসতাকে শারীরিক, যৌন, মানসিক এবং অর্থনৈতিক সহিংসতা এবং অবহেলা হিসেবে সংজ্ঞায়িত করেছে। তাছাড়া, এটি অপরাধীকে সতর্ক করা এবং জরুরী হস্তক্ষেপের সিদ্ধান্ত নেওয়াসহ গার্হস্থ্য সহিংসতার শিকারদের সুরক্ষার জন্য ব্যবস্থা নির্ধারণ করে।

---

১১ সহিংসতার শিকার নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ এর বাস্তবায়ন নির্দেশিকা মডিউল-৬। সহিংসতা সাপেক্ষে নারী ও মেয়েদের জন্য অপরিহার্য পরিষেবার উপর জাতিসংঘের যৌথ গ্লোবাল প্রোগ্রাম, ২০১৫

১২ Armenia, Criminal Code, chap. 20, arts. 165–174.
১৩ Ibid.

## VAWG অপরাধ সংক্রান্ত আইনে স্পষ্টতার অভাব

VAWG-এর অপরাধ তদন্তের সময় সমস্যা সৃষ্টি করতে পারে, বিশেষ করে যেখানে আইনটি অস্পষ্ট। এটি কার্যকর তদন্তে বাধা দেয় এবং অভিযুক্ত অপরাধীদের বিচারে বাধা দেয়। পুলিশ নেতৃত্বের এই জন্য সচেতন হওয়া উচিত যে এটি তাদের কর্মীদের জন্য একটি চ্যালেঞ্জ উপস্থাপন করতে পারে এবং পুলিশ পরিষেবাকে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের রক্ষা করা থেকে বিরত রাখতে পারে।

***অনেক নারী যারা যৌন সহিংসতার শিকার হন তারা খুব কমই পুলিশে অভিযোগ করেন।***

পুলিশ নেতৃত্বের উচিত তাদের এখতিয়ারের মধ্যে VAWG-এর আইনি কাঠামোর বিকাশ করা এবং VAWG সম্পর্কে স্পষ্ট ধারণা রাখা এবং যে সকল স্থানে আইনটি অস্পষ্ট সেগুলি সম্পর্কে সচেতন থাকা। এটি পুলিশ নেতৃত্বকে তাদের ঊর্ধ্বতন বা নির্বাহী পরিচালকদেরকে ভবিষ্যতের আইনী পরিবর্তনকে প্রভাবিত করতে পারে এমন সমস্যার বিষয়ে প্রতিক্রিয়া জানাতে সক্ষম করবে। ধর্ষণ এমনই একটি অপরাধ।

**বক্স-৪**
**ধর্ষণ - একটি উদাহরণ**

ধর্ষণ হল একজন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে করা বেআইনি যৌন ক্রিয়াকলাপ যা সাধারণত যৌন সংসর্গ বা অন্য ধরণের আক্রমণাত্মক পদক্ষেপের সাথে জড়িত। ধর্ষণ একটি বিশ্বব্যাপী সমস্যা।

**যদিও অনেক দেশে যৌন নিপীড়ন এবং সহিংসতার বিরুদ্ধে আইন রয়েছে, সেগুলির মধ্যে অনেকগুলি অপর্যাপ্ত, অসঙ্গতিপূর্ণ এবং পদ্ধতিগতভাবে প্রয়োগ করা হয় না। বিশ্বব্যাপী ৩৫% নারী তাদের জীবনের কোনো না কোনো সময়ে শারীরিক এবং/অথবা অন্তরঙ্গ সঙ্গীর মাধ্যমে যৌন সহিংসতা বা অ-সঙ্গী (যৌন হয়রানি এর মধ্যে অন্তর্ভুক্ত নয়) দ্বারা যৌন সহিংসতার সম্মুখীন হয়েছেন। যাইহোক, কিছু জাতীয় গবেষণায় দেখা গেছে যে ৭০% পর্যন্ত নারীরা তাদের জীবদ্দশায় অন্তরঙ্গ সঙ্গীর মাধ্যমে শারীরিক এবং/অথবা যৌন সহিংসতার অভিজ্ঞতা অর্জন করেছেন।**[১৪]

**বিভিন্ন গবেষণা থেকে প্রাপ্ত ফলাফলে দেখা গেছে যে সকল নারীরা শারীরিক বা অন্তরঙ্গ সঙ্গীর মাধ্যমে যৌন সহিংসতার অভিজ্ঞতা অর্জন করে নি তাদের তুলনায় যে সকল নারীরা শারীরিক বা অন্তরঙ্গ সঙ্গীর মাধ্যমে যৌন সহিংসতার অভিজ্ঞতা অর্জন করেছে তাদের মধ্যে বিষণ্ণতায় ভোগা, গর্ভপাত করা এবং এইচআইভিতে আক্রান্ত হবার হার বেশি।**[১৫]

১৬-১৯ বছর বয়সী নারীদের ধর্ষণ বা যৌন নিপীড়নের শিকার/বেঁচে থাকা হওয়ার সম্ভাবনা চারগুণ বেশি এবং ১৮-২৪ বছর বয়সী নারী কলেজ ছাত্রদের যৌন নির্যাতনের শিকার হওয়ার সম্ভাবনা তিনগুণ বেশি। তৃতীয় লিঙ্গের এবং প্রতিবন্ধী ব্যক্তিদের যৌন নিপীড়ন বা ধর্ষণের শিকার হওয়ার সম্ভাবনা দ্বিগুণ। মার্কিন যুক্তরাষ্ট্রে, ৭০% ধর্ষণ এমন একজনের দ্বারা সংঘটিত হয় যাকে ধর্ষণের শিকার নারী চেনেন।[১৬]

## ধর্ষণের তদন্তের চ্যালেঞ্জ

পুলিশ নেতৃত্বকে এটা নিশ্চিত করা উচিত যে শান্তি ও সংঘাতের সময়ে ধর্ষণের আইনি কাঠামো সম্পর্কে বোঝার জন্য এবং এই অপরাধের তদন্ত করার জন্য তাদের কর্মীরা একটি লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতি অনুসরণ করে। ধর্ষণ হল লিঙ্গ-ভিত্তিক সহিংসতার একটি ধরণ যা আগে এই হ্যান্ডবুকে আলোচনা করা হয়েছে। যেমনটি **আন্তর্জাতিক উপকরণসমূহে আলোচিত হয়েছে এটি** একটি মানবাধিকার লঙ্ঘন এবং এক ধরণের নির্যাতন। এছাড়াও পঞ্চম অধ্যায়: ‹তদন্ত› দেখুন।

**বক্স-৫**

২০১৯ সালের নভেম্বর মাসে, জাতিসংঘের মানবাধিকারের হাই কমিশনার (ইউএন ওএইচসিএইচআর) অফিস ঘোষণা করেছে যে সহিংসতায় অন্তর্নিহিত এবং সহিংসতাকে স্থায়ী করে এমন লিঙ্গ সংক্রান্ত বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপ) এবং নেতিবাচক মনোভাব এবং আচরণগুলিকে চ্যালেঞ্জ করার জন্য এবং কথা বলতে ইচ্ছুক নারীদের প্রতিকার প্রদান করার জন্য একদিকে যেমন রাষ্ট্রকে জরুরি পদক্ষেপ নিতে হবে, ঠিক তেমনিভাবে অরাষ্ট্রীয় অনুঘটক, পাশাপাশি আন্তর্জাতিক সংস্থা এবং স্বাধীন পর্যবেক্ষণ ব্যবস্থা, সুশীল সমাজ সংস্থা এবং ধর্ষণ ও যৌন সহিংসতা প্রতিরোধ ও মোকাবিলায় নারী অধিকার আন্দোলনকে এগিয়ে আসতে হবে।

নারীর বিরুদ্ধে সহিংসতা এবং নারীর অধিকারের উপর ৭টি স্বাধীন জাতিসংঘের প্ল্যাটফর্ম এবং আঞ্চলিক বিশেষজ্ঞ কৌশলগুলি যৌথভাবে সকল রাষ্ট্র এবং প্রাসঙ্গিক স্টে-কহোল্ডারদেরকে বিশ্বব্যাপী লিঙ্গ-ভিত্তিক সহিংসতা এবং মানবাধিকার লঙ্ঘনের একটি ধরণ হিসাবে ধর্ষণের বিরুদ্ধে কাজ করার জন্য আহ্বান জানিয়েছে, এবং একই সাথে আন্তর্জাতিক মানদণ্ডের সাথে সঙ্গতিপূর্ণ সম্মতির অনুপস্থিতিতে ধর্ষণের সংজ্ঞা নির্ধারণ করা হয়েছে তা নিশ্চিত করার জন্য। শান্তি ও সংঘাতের সময়ে ধর্ষণের বিচার নিশ্চিত করার জন্য আরও প্রচেষ্ট গ্রহণ করতে হবে।[১৭]

আপনার কর্মীদের সচেতন হওয়া দরকার এই জন্য যে, যে সকল দেশগুলিতে VAWG- এর ক্ষেত্রে শূন্য সহনশীলতা ঘোষণা করা হয়েছে সেখানেও ব্যাপক এবং পদ্ধতিগত ধর্ষণের অস্তিত্ব এবং VAWG-এর যৌন সহিংসতার অন্যান্য ধরণের স্থায়িত্ব যে বিষয় নির্দেশ করে তা হল যৌন সহিংসতা এখনও পিতৃতান্ত্রিক সমাজগুলিতে গভীরভাবে গেঁথে আছে।

***আপনার দেশে ধর্ষণের সংজ্ঞা খুঁজে বের করুন এবং ধর্ষণ মামলার তদন্তকে শক্তিশালী করতে এবং অপরাধ প্রমাণ করার জন্য আপনাকে কী প্রমাণ সংগ্রহ করতে হবে।***

আপনার কর্মীদের বুঝতে হবে যে:

- ক্ষমতা এবং নিয়ন্ত্রণ একটি সামাজিক পরিবেশ তৈরি করে যেখানে এই ধরনের সহিংসতা স্বাভাবিক হিসেবে বিবেচনা করা হয় এবং সমাজে নারীর ভূমিকার বিষয়ে লিঙ্গ-ভিত্তিক বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপগুলি) নারীদের খাটো করে দেখে ও অবমূল্যায়ন করে; এবং

- এই কারণগুলি অপরাধমূলক বিচার ব্যবস্থাসহ ধর্ষণের অগ্রহণ-যোগ্য সহনশীলতা সৃষ্টিতে অবদান রাখে, এবং প্রায়শই অভিযুক্ত অপরাধীদের দায়মুক্তি দেয়।

আপনি এমন একটি দেশের হতে পারেন যেখানে ফৌজদারি বিচার ব্যবস্থা ধর্ষণের শক্তি প্রয়োগ-ভিত্তিক সংজ্ঞা গ্রহণ করেছে যার সহিংসতার শিকার হওয়া নারী মেয়েদের এটা প্রমান করতে হতে পারে যে অভিযুক্ত অপরাধী তার সাথে জবরদস্তি করেছে এবং সে লড়াই করতে ব্যর্থ হয়েছে। এইভাবে, নারীর উপর এই রকম বোঝা চাপানো হয় যে তাকে প্রমান করতে হয় যে সে প্রতিরোধ করেছিলেন। আর এটা প্রমাণ করতে ব্যর্থ হলে অভিযুক্ত অপরাধী মুক্ত হয়ে যাবে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের কলঙ্কিত করা হবে। অনুগ্রহ করে নবম অধ্যায়: 'যোগাযোগ' দেখুন।

আপনার দেশে, বিভিন্ন ধরণের প্রচারণায় যেমন #MeToo, #TimesUp, #Niunamenos, #NotOneMore, এবং যুদ্ধ এবং শান্তি উভয় সময়ে ধর্ষণ থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের মতামত/কণ্ঠস্বর এবং অন্যান্য অপরাধগুলিকে হাইলাইট করতে পারে। পুলিশ নেতৃত্বের উচিত তাদের দেশে এই ধরনের প্রচারণা সক্রিয় আছে কি না এবং যদি থেকে থাকে, তাহলে কোন অপরাধ উদ্বেগ-জনক অবস্থায় পৌঁছেছে তা খুঁজে বের করার জন্য পদক্ষেপ নেওয়া উচিত। এটি আপনাকে অপরাধ চিহ্নিত করতে সক্ষম করবে যা জাতীয় ভাবে দৃষ্টি আকর্ষণ করবে।

## কিভাবে বিচার ব্যবস্থা এবং নিরাপত্তা নিশ্চিতের দায়িত্বে নিয়োজিত সংস্থাগুলি একটি পার্থক্য তৈরির করতে একসঙ্গে কাজ করতে পারে?

পুলিশ নেতৃত্বকে সচেতন হওয়া উচিত এই জন্য যে আইন দ্বারা সমর্থিত বিচার ও নিরাপত্তা খাতের সংস্থা এবং নারী ও মেয়েদের জন্য অন্যান্য সহায়তা পরিষেবাগুলি ধর্ষণ এবং যৌন সহিংসতা সংক্রান্ত আন্তর্জাতিক এবং জাতীয় আইনের অধীনে নির্ধারিত বিধানগুলির মধ্যে ব্যবধান কমিয়ে আনতে একসঙ্গে কাজ করতে পারে।

পুলিশ নেতৃত্ব হিসাবে আপনার ভূমিকার মাধ্যমে আপনি আপনার দেশের জাতীয় পদ্ধতির উপর প্রভাব ফেলতে সক্ষম নাও হতে পারেন তবে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য একটি সত্যিকারের পার্থক্য করতে আপনি স্থানীয় পর্যায়ে পদক্ষেপ নিতে পারেন। পুলিশ নেতৃত্বের উচিত:

- সীমাবদ্ধতাগুলি সম্পর্কে একটি সুস্পষ্ট ধারণা তৈরি করুন, উদাহরণস্বরূপ বলা যায় যে, ধর্ষণ সংক্রান্ত আইন বা দণ্ডবিধি যার মধ্যে আপনার দেশে বৈবাহিক ধর্ষক অন্তর্ভুক্ত নয় এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার জন্য ব্যাপক আইন না থাকা। এটি আপনার কর্মীদের জন্য একটি চ্যালেঞ্জ তৈরি করতে পারে যখন তারা বৈবাহিক ধর্ষণের সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে জড়িত থাকে;

১৭ দশে অনুযায়ী ধর্ষণ পরসিংখযান ২০২০। বশি্ব জনসংখযা র্পযালে াচেনা @ https://worldpopulationreview.com/country-rankings/rape-statistics-by-country

নারীর বিরুদ্ধে সহিংসতা নির্মূলের আন্তর্জাতিক দিবস, ২৫ নভেম্বর ২০১৯; সম্মতির অনুপস্থিতি অবশ্যই ধর্ষণের সংজ্ঞার বৈশ্বিক মান হয়ে উঠতে হবে (২০১৯), OHCHR @ https://www.achpr.org/public/Document/file/English/International%20Day%20on%20the%20Elimination%20of%20Violence%20against%20Women_ENG.pdf

- আইন সুরক্ষা দেয় না  এই ক্ষেত্রে অন্তরঙ্গ সঙ্গী দ্বারা ধর্ষিত নারীদের মুখোমুখি হওয়ার সময় কর্মীদের কী করা দরকার সে সম্পর্কে নির্দেশনা দিতে সক্ষম হউন;

- নিশ্চিত করুন যে আপনার কর্মীরা জানেন যে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য অত্যন্ত প্রয়োজনীয় সহায়তা প্রদান করে এমন স্থানীয় সহায়তা সংস্থা আছে কি না।

ইউএনএইচসিএইচআর এই ধরনের ক্ষেত্রে একটি পদ্ধতির পরামর্শ দিয়েছে যেখানে পুলিশ নেতৃত্বের প্রয়োগের মূল ক্ষেত্রটি হল মানসিক আঘাত জনিত (ট্রমা) সহায়তা এবং স্বাস্থ্য পরি-ষেবাগুলিতে প্রবেশাধিকারসহ (অ্যাক্সেসসহ) বিশেষজ্ঞ সহায়তা পরিষেবা (যেখানে পাওয়া যায়) প্রদান করা।[১৮] পুলিশ নেতৃত্বের উচিত তাদের এলাকায় মানসিক আঘাত জনিত (ট্রমা) সহায়তা পরিষেবাগুলি চিহ্নিত করা এবং কল্যাণ নিশ্চিত এবং মানসিক সহায়তা প্রদানের জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের বিশেষজ্ঞ স্বাস্থ্য পরিষেবার জন্য কোথায় রেফারেল প্রয়োজন তা বিবেচনা করা।

## নীতি ও আইনী কাঠামো নির্ধারণে সরকারের ভূমিকা

কার্যকরী তদন্ত এবং VAWG এর বিচারের জন্য আতাতের (Atate) এর সমর্থন প্রয়োজন। যাইহোক, সেখানে পুলিশ নেতৃত্বের দ্বারা স্থানীয় পর্যায়ে এমন পদক্ষেপ নেওয়া যেতে পারে যা সত্যিকারের পার্থক্য আনতে পারে।

পুলিশ নেতৃত্বের উদীয়মান সমস্যার ক্ষেত্রগুলি চিহ্নিত করা এবং তাদের দল/ইউনিট নেতাদের সাথে সর্বোত্তম অনুশীলন ভাগ করে নেওয়ার মাধ্যমে কিভাবে এবং কোথায় তারা VAWG সম্পর্কিত সরকারী নীতি এবং আইনী কাঠামোর উন্নয়নে অবদান রাখতে পারে তা চিহ্নিত করা।

পুলিশ নেতৃত্বের উচিত:

- পুলিশ সার্ভিসের সাথে তাদের প্রথম যোগাযোগের সময় আত্মবিশ্বাস তৈরি করা এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের অপরাধের রিপোর্ট করতে এগিয়ে আসতে উৎসাহিত করা নিশ্চিত করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে যোগাযোগ করার সময় একটি লি-ঙ্গ-সংবেদনশীল পদ্ধতি অবলম্বন করুন;

- VAWG এর সাথে জড়িত অপরাধের উপর পুলিশের মনোযোগ কেন্দ্রীভূত করুন।

১৮Ibid.

***লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতির একটি মূল পদক্ষেপ হল ভিএডব্লিউজি-এর মামলা মোকাবেলা করার সময় বিচার ব্যবস্থায় সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের আস্থা তৈরির করা।***

পুলিশ নেতৃত্বের মনে রাখা উচিত যে পারিবারিক সহিংসতার প্রাথমিক রিপোর্ট মোকাবেলায় পুলিশের ব্যর্থতার কারণে সহিংসতার শিকার নারীদের চূড়ান্ত মৃত্যু হতে পারে। নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যা (যা ‹ফেমিসাইড› নামেও পরিচিত) এমন একটি অপরাধ যা ঘটতে পারে।

## নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যা

পুলিশ নেতৃত্বের উচিত আন্তর্জাতিকভাবে নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যার উচ্চ প্রবণতার বিষয়টি  লক্ষ্য করা এবং তাদের দেশ/অঞ্চলে কোনো স্থানীয় তথ্য সংগ্রহ করা হয়েছে কিনা তা চিহ্নিত করা।

২০১৭ বিশ্বব্যাপী সালে ৮৭,০০০ নারীকে ইচ্ছাকৃতভাবে হত্যা করা হয়েছিল, যাদের অর্ধেকেরও বেশি (৫০,০০০ – ৫৮%) অন্তরঙ্গ অংশীদার বা পরিবারের সদস্যদের দ্বারা হত্যা করা হয়েছিল, যার অর্থ সারা বিশ্বে ১৩৭ জন নারী প্রতিদিন তাদের নিজের পরিবারের সদস্যদের দ্বারা হত্যার শিকার হচ্ছে। ২০১৭ সালে ইচ্ছাকৃতভাবে নিহত নারীদের এক তৃতীয়াংশেরও বেশি (৩০,০০০) তাদের বর্তমান বা প্রাক্তন অন্তরঙ্গ সঙ্গীর দ্বারা হত্যা করা হয়েছিল।[১৯]

পুলিশ নেতৃত্বের মনে রাখা উচিত যে VAWG মোকাবেলা এবং প্রতিক্রিয়া জানাতে পুলিশের কাজকে সহায়তা করার জন্য কিছু দেশে আইন চালু করা হয়েছে।

VAWG-এর ক্ষেত্রে পুলিশ নেতৃত্বকে তাদের কর্মীদের এই মর্মে নির্দেশনা দিতে হবে যে:

- নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যাকাণ্ড যাতে না ঘটে তা নিশ্চিত করার জন্য IPV-এর রিপোর্ট তৈরি করা হলে আদালত থেকে নিষেধাজ্ঞার আদেশ সুপারিশ করা হয় এবং প্রাপ্ত হয়;

- নিষেধাজ্ঞার আদেশ প্রদান সংক্রান্ত তথ্য তাদের ভৌগলিক এলাকা জুড়ে পুলিশ কর্মীদের সাথে ভাগাভাগি করা হয় যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের রক্ষা করা যায় এবং  আরও অপরাধ সংঘটন প্রতিরোধ করা যায়;

১৯ Global Study on Homicide (UNODC, 2019),p.10.

**বক্স-৬**

কিছু দেশ «নারী হত্যা» ("ফেমিসাইড") বা «ফেমিনিসাইড» (ল্যাটিন আমেরিকার বেশিরভাগ দেশ) আওতার অধীনে নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যাকে অপরাধ হিসেবে স্বীকৃতি দেওয়ার জন্য সুনির্দিষ্ট বিধান চালু করেছে। অন্যান্য দেশ হত্যা এবং অন্যান্য অপরাধের জন্য লিঙ্গ-সম্পর্কিত উত্তেজক কারণগুলি চিহ্নিত করার বিধান চালু করেছে। উত্তেজক কারণগুলির মধ্যে নির্দিষ্ট উদ্দেশ্য (যেমন বেলজিয়াম, কানাডা এবং স্পেনে একজন ব্যক্তির লিঙ্গ সম্পর্কিত পক্ষপাত, ঘৃণা এবং বৈষম্য, এবং তুরস্কে সম্মান প্রদর্শনের উদ্দেশ্য এবং প্রথা) এবং বাস্তব পরিস্থিতি (যেমন যেমন রাশিয়ান ফেডারেশন এবং তুরস্কে গর্ভাবস্থা, বা বেলজিয়াম, স্পেন এবং তুরস্কে শিকার হওয়া নাড়ির স্বামি হওয়া) অন্তর্ভুক্ত হতে পারে।[২০]

- সেই সকল প্রসিকিউটর এবং বিচারকদের প্রতিরোধ আইন প্রদান করা যারা IPV-এর অপরাধের সাথে জড়িত একই অপরাধীর বিরুদ্ধে তদন্ত নেতৃত্ব দিতে পারে।

এইগুলি হল মূল ব্যবস্থা যা অন্তরঙ্গ অংশীদারদের মাধ্যমে সংগঠিত সহিংসতার (‹IPV›) পরে মৃত্যু প্রতিরোধে সহায়তা করতে পারে।[২১]

পুলিশ নেতৃত্ব অপরাধীদের জন্য ইলেকট্রনিক মনিটরিং সিস্টেম ব্যবহার করা যায় কিনা বা পুলিশের কাছে রিপোর্ট করার মতো অন্যান্য ফর্ম পর্যবেক্ষণ করা যায় কিনা তা পরীক্ষা করতে পারে। উদাহরণস্বরূপ, তথ্য সংগ্রহে আপনার কর্মীদের কর্মক্ষমতা উন্নত করার জন্য একটি হাতিয়ার হিসাবে ব্যবহার করা যেতে পারে এবং এই ধরনের অপরাধ মোকাবেলায় তাদের আচরণ পরিবর্তন করার একটি উপায় হিসেবে কাজ করতে পারে। তবে যে পন্থাই অবলম্বন করা হোক না কেন তা হবে লিঙ্গ সংবেদনশীল ।

আন্তর্জাতিকভাবে, Atates নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যাকাণ্ড মোকাবেলা করার জন্য নির্দিষ্ট আইন প্রবর্তন শুরু করেছে। উদাহরণস্বরূপ, ফ্রান্স সম্প্রতি এই ধরনের আপত্তিকর পরিস্থিতি মোকাবেলা করার জন্য ব্যবস্থা চালু করেছে।

**বক্স-৭**

ফ্রান্সে, সরকার পুলিশকে নির্দেশ দিয়েছে যে VAWG-এর মামলার তদন্ত ও সমাধান করার সময় সুনির্দিষ্ট ব্যবস্থা নিতে। সেপ্টেম্বর ২০২১ এ ঘোষণা করা জরুরি ব্যবস্থা-গুলির মধ্যে রয়েছে:

- গার্হস্থ্য সহিংসতার জন্য সন্দেহভাজন ব্যক্তিদের কাছ থেকে আগ্নেয়াস্ত্র বাজেয়াপ্ত করা এবং পুলিশ প্রশিক্ষণকে অগ্রাধিকার দেওয়া যাতে তারা একটি ব্যক্তিগত বিষয় হিসাবে নারীদের অভিযোগগুলি বন্ধ করে না দেয়;
- GBV সম্পর্কে সচেতনতা বাড়াতে স্কুলগুলিতে প্রচেষ্টা বৃদ্ধি করা;
- ২৪ ঘন্টার জন্য গার্হস্থ্য সহিংসতা হটলাইন চালু করা;
- থানায় আরও বিশেষায়িত সমাজকর্মী নিয়োগ করা;
- পুনরাবৃত্তিমূলক অপরাধ এড়াতে সহিংস সঙ্গীদের জন্য অতিরিক্ত ব্যবস্থা গ্রহণ;
- নিপীড়নের শিকার ব্যক্তিরা তাদের নির্যাতনকারীদের দ্বারা মানসিক নিয়ন্ত্রণে থাকতে পারে, এবং স্বাধীনভাবে কাজ করতে অক্ষম হতে পারে তা স্বীকার করার জন্য আইন পরিবর্তন করা;
- যেসব ক্ষেত্রে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েরা নতুন করে সহিংসতার ঘটার «তাৎক্ষণিক বিপদ» থাকে সে ক্ষেত্রে গোপনীয়তা বিধি নিষেধ সহজ করার জন্য ডাক্তারদের সাথে কাজ করা উচিত যাতে রোগীর সম্মতি ছাড়াই চিকিৎসকদের আইনি কর্তৃপক্ষের কাছে মামলাগুলি দাখিল করতে সক্ষম করে। বর্তমানে, ডাক্তাররা শুধুমাত্র তখনই তা করতে পারেন যখন একজন রোগী অপ্রাপ্তবয়স্ক হয় বা "ঝুঁকি বা বিপদে" থাকে- এইটি একটি ব্যাপক শব্দ যা একজন অক্ষম ব্য-ক্তিকে বোঝাতে পারে, বা যখন একজন ব্যক্তির জীবন আসন্ন ঝুঁকিতে থাকে তখন তাকে বুঝাতে পারে।

২০ UNODC/CCPCJ/EG.8/2014/CRP.1, "National measures taken to prevent, investigate, prosecute and punish gender-related killings of women and girls', para. 12.

২১ হ্যান্ডবুকের উদ্দেশ্যে, লেখক 'ঘরোয়া সহিংসতা' এর পরিবর্তে 'ঘনিষ্ঠ সঙ্গীদের মাধ্যমে সহিংসতা' বা 'আইপিভি' শব্দটিকে পছন্দ করেছেন বিধায় 'আইপিভি' শব্দটিকে অগ্রাধিকার দিতে হবে যদি না 'ঘরোয়া সহিংসতা' শব্দটি মূল উৎসে ব্যবহৃত না হয়ে থাকে। গার্হস্থ্য সহিংসতা একটি ব্যাপক শব্দ যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে বিভিন্ন সামাজিক এবং মনস্তাত্ত্বিক গতিশীলতা এবং ক্ষমতার পার্থক্য এবং বিভিন্ন সহিংসতার বিভিন্ন ধরন, যেমন শিশু নির্যাতন, বয়স্ক নির্যাতন এবং আন্তঃব্যক্তিক বা সঙ্গীদের মাধ্যমে নির্যাতন। অপরদিকে, IPV পুরুষদের তুলনায় অসামঞ্জস্যপূর্ণভাবে নারীদের বেশি সহিংসতার শিকার হিসেবে উপস্থাপন করে, যেখানে পুরু-ষদের অপরাধী হিসাবে অতিরিক্তভাবে উপস্থাপন করা হয়। এটি পুরুষ এবং নারীদের মধ্যে সামাজিকভাবে নির্ধারিত ক্ষমতা পার্থক্যের সাথে দৃঢ়ভাবে সম্পর্কিত। দেখুন: কাউন্সিল অফ ইউরোপ, কমিটি অফ মিনি-স্টারস, 1037 মিটিং, ৪ অক্টোবর 2008 ইউরোপীয় কমিটি অন ক্রাইম প্রবলেমস গার্হস্থ্য সহিংসতার বিরুদ্ধে একটি কনভেনশনের সম্ভাব্যতা অধ্যয়নSee: Council of Europe, Committee of Ministers, ১০৩৭ Meeting, ৮ October ২০০৮ European Committee on Crime Problems Feasibility study for a convention against domestic violence.

আংশিকভাবে নির্যাতনের প্রতিবেদনে পুলিশের দুর্বল প্রতিক্রি-য়ার কারণে ইউরোপের দেশগুলির মধ্যে গার্হস্থ্য সহিংসতার হার ফ্রান্সে সবচেয়ে বেশি। ২০১৯ সালে নিহত নারীদের অনেকেই আগে পুলিশের কাছে সাহায্য চেয়েছিলেন এবং ২০১৮ সালে, ১২১ জন নারী বর্তমান বা প্রাক্তন সঙ্গীদের দ্বারা হত্যার শিকার হয়েছিল। ফ্রান্সে প্রতি বছর, ১৮ থেকে ৭৫ বছর বয়সী আনুমানিক ২১৯,০০০ নারী বর্তমান বা প্রাক্তন সঙ্গীদের দ্বারা শারীরিক বা যৌন সহিংসতার শিকার হলেও সরকারি পরিসংখ্যান দেখায় যে শুধুমাত্র ২০% নারী সরকারী ভাবে অভিযোগ দায়ের করিছে।[২২]

ফ্রান্সে জুলি ডুইবের মৃত্যুর উদাহরণকে পুলিশ নেতৃত্ব সহায়ক মনে করবে। মামলাটিতে পুলিশের সহিংসতার প্রতিবেদন এবং আগ্নেয়াস্ত্র রাখার বিষয়টিকে গুরুত্ব সহকারে নেওয়ার গুরুত্ব তুলে ধরা হয়েছে। জুলি ডুইব সপ্তাহান্তে তার সঙ্গীর কাছে তাদের দুই সন্তানের হেফাজত ছেড়ে দিতে বাধ্য হওয়ার পরে, পুলিশকে বলেছিলেন যে তার সঙ্গীর একটি লাইসেন্সধারী বন্দুক রয়েছে এবং তিনি এই ভেবে ভয় পেয়েছিলেন যে তিনি তাকে গুলি করতে পারেন। মিসেস ডুইবের বাবার মতে, তখন কর্মকর্তা  এই বলে উত্তর দিয়েছিলেন «ম্যাডাম, আমি দুঃখিত», ''কিন্তু তার লাইসেন্স কেড়ে নেওয়া যাবে না যদি না সে আপনার দিকে বন্দুক না দেখায়।" তিনি ৪৮ ঘন্টা পরে তা করেছিলেন, এবং দুবার গুলি ছুড়েছিলেন, এবং  মিসেস ডুইবের (৩৪) তার বুকে এবং বাহুতে তা আঘাত করেছিলো। মেরিসে সান্তিনি- যিনি মিসেস ডুইবের নীচ তলার প্রতিবেশী ছিলেন এবং যিনি তাকে খুঁজে পেয়েছেন- বলেন যে সে তার শেষ নিঃশ্বাস নেবার সময় বলেছিল যে «সে আমাকে মেরে ফেলেছে"।[২৩]

পুলিশ নেতৃত্বের মনে রাখা উচিত যে ফরাসি প্রস্তাবিত পদ্ধতিটি দেখিয়েছে যে VAWG সম্পর্কিত জাতীয় পরিকল্পনাগুলিতে প্রতিরোধ এবং প্রতিক্রিয়ার বিষয়টি অন্তর্ভুক্ত করার মাধ্যমে সরকারী নীতিকে শক্তিশালী করা উচিত।

পুলিশ নেতৃত্বের উচিত:

- আপনি যে ব্যাপক কাঠামোর মধ্যে কাজ করছেন তা সম্পর্কে ভাল ধারণার জন্য আপনার দেশের VAWG-এর সাথে সম্পর্কিত জাতীয় পরিকল্পনা আছে কিনা তা গবেষণা করুন। পরিকল্পনাগুলি দেশে VAWG এর প্রতিক্রিয়া এবং প্রতিরোধে কাজ করা ন্যায়বিচার ও নিরাপত্তা খাতের সংস্থা এবং সুশীল সমাজের ভূমিকার বিশদ বিবরণ দিতে পারে;

- ন্যায়বিচার এবং নিরাপত্তা খাতের সংস্থা এবং নাগরিক সমাজ সংস্থাগুলির ভূমিকাসহ জাতীয় পরিকল্পনাগুলি সম্পর্কে বৃহত্তর ধারণা নিয়ে, আপনার সম্মুখ সারির কর্মকর্তাদের  নির্দেশ দিন যাতে এটা নিশ্চিত করা যায় যে তারা একই অপরাধীর সাথে জড়িত থাকা গার্হস্থ্য নির্যাতনের ঝুঁকি মূল্যায়নের সময় অতীতের ঘটনাগুলি বিবেচনা করছে;

- নারী ও মেয়েদের লিঙ্গ-সম্পর্কিত হত্যার স্থানীয় ঘটনা থেকে শিখুন যেখানে কার্যকর ঝুঁকি মূল্যায়ন করা হয়নি।

২২Les Chiffres de Référence sur les Violences Faites aux Femmes (2019). Secrétariat d'Etat chargé de l'égalité entre les femmes et les hommes et de la lutte contre les discriminations, at : https://arretonslesviolences.gouv.fr/je-suis-professionnel/chiffres-de-reference-violences-faites-aux-femmes

২৩ Fourquet, L. (2019), 'As Deaths Mount, France Tries to Get Serious About Domestic Violence' for the New York Times, at: https://www.nytimes.com/2019/09/03/world/europe/france-domestic-violence.html

***VAWG-এর প্রতি আপনার পুলিশিং প্রতিক্রিয়ার কেন্দ্রবিন্দুতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের রাখা উচিত।***

## সংজ্ঞা এবং ফ্রেমওয়ার্ক

সমন্বয় ও সমন্বয়ের পরিচালনা সংক্রান্ত ESP মডিউল-৫ এ সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য একটি সমন্বিত প্রতিক্রিয়ার উপর গুরুত্ব আরোপ করে, যার ফলে তাদের যে কোনো হস্তক্ষেপ বা প্রাতিষ্ঠানিক প্রতিক্রিয়ার কেন্দ্রে রেখে নিরাপত্তা বৃদ্ধি পায়।[২৪]

পুলিশ নেতৃত্বকে সচেতন হওয়া উচিত এই জন্য যে একটি সমন্বিত প্রতিক্রিয়া সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সচেতন এবং দক্ষ অনুশীলনকারীদের কাছে প্রবেশাধিকার (অ্যাক্সেস) প্রদান করে যারা নিবেদিত এবং সহায়ক পরিবেশে জ্ঞান ভাগাভাগি (শেয়ার) করে। একটি সমন্বিত প্রতিক্রিয়া সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বহুমাত্রিক চাহিদাকে চিনতে পারে, যা বিভিন্ন পরিষেবা প্রদানকারীদের  মাধ্যমে-(কো-লোকেটিং) চিহ্নিত করা এবং রেফারেল নেটওয়ার্কের মাধ্যমে পূরণ করা যেতে পারে। উদাহরণস্বরূপ, কিছু পুলিশ বাহিনীতে, নারীদের প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য নির্দিষ্ট কিছু নারীদের সংস্থাগুলি রয়েছে, যেমন মাদক পুনর্বাসন, আবাসন বা গার্হস্থ্য নির্যাতন।

২৪ সহিংসতা সাপেক্ষে নারী ও মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা প্যাকেজ: মূল উপাদান এবং গুণগত নির্দেশিকা (ইউএন জয়েন্ট গ্লোবাল প্রোগ্রাম অন অ্যাসেনশিয়াল সার্ভিসেস ফর উইমেন অ্যান্ড গার্লস সাবজেক্ট টু ভায়োলেন্স, ২০১৫), @ https://www.unwomen.org/en/digital-library/publications/

***ডব্লিউএইচও-এর মতে, নারীদের যৌনাঙ্গে ছেদন/কাটিং এর মধ্যে এমন সমস্ত পদ্ধতি অন্তর্ভুক্ত যেগুলির মধ্যে নারীদের যৌনাঙ্গের বাহ্যিক অংশের আংশিক বা সম্পূর্ণ অপসারণ, বা চিকিৎসা সংক্রান্ত কারণ ছাড়া অন্যান্য কারণে নারীদের যৌনাঙ্গে অন্যান্য আঘাত জড়িত।***

পুলিশ নেতৃত্বকে এটা নিশ্চিত করতে হবে যে তাদের কর্মীরা:

- VAWG মোকাবেলা করার সময় পুলিশের ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে বোঝে;
- এই ধারণা পোষণ করবে  যে বিচার প্রক্রিয়ার অংশীদার সংস্থাগুলির ন্যূনতম মানগুলির সাথে সম্মতি আরও অধিক সামঞ্জস্যপূর্ণ প্রতিক্রিয়া জানাতে সক্ষম করতে পারে;
- বুঝতে হবে যে ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে স্পষ্টতা ধারণা থাকার অর্থ হল প্রতিটি বিচার সংস্থা দক্ষতার ক্ষেত্রে পারদর্শী হতে পারে এবং প্রতিটি পেশাদারের কাজ অন্যান্য সংস্থা এবং পেশাদারদের দ্বারা পরিপূরক হতে পারে।

অন্যান্য সেক্টরের সাথে সমন্বয় ‹ঐতিহ্যগত› ভাবে পরিচিত অপরাধীসহ সব ধরনের সহিংসতার জন্য অপরাধীদেরকে দায়বদ্ধ রাখার ক্ষমতাকে উন্নত করে। এরকম একটি উদাহরণ হল নারীদের যৌনাঙ্গে বিচ্ছেদ/ছেদন/কাটিং (ফিমেল জেনিটাল মিটিলেশন/কাটিং) বা FGM/C।




পুলিশ নেতৃত্বের জন্য প্রথম ধাপ হল তাদের কর্মীরা নারীদের যৌনাঙ্গ বিচ্ছেদ/কাটিং কী, এর প্রভাব এবং তারা যে সম্প্রদায়গুলিরে পুলিশ পরিষেবা প্রদান করে তাদের মধ্যে এর ব্যাপকতা সম্পর্কে ধারণা রাখে এটা  নিশ্চিত করা। কেবল তখনই ন্যায়বিচার ও নিরাপত্তা খাতের সংস্থাগুলির মধ্যে স্পষ্ট ও স্বচ্ছ যোগাযোগ এবং জবাবদিহিতার প্রক্রিয়া নিশ্চিত করার জন্য ভাগাভাগি/শেয়ার করা প্রোটোকলগুলি খসড়া করা যেতে পারে (পঞ্চম অধ্যায়: ‹তদন্ত› যা FGM/C বোঝায় দেখুন)। আন্তর্জাতিকভাবে আমরা এখনও সেই প্রেক্ষাপট সম্পর্কে শিখছি যেখানে নারী যৌনাঙ্গ বিচ্ছেদ/কাটিং (FGM/C) করা হয়। যুক্তরাজ্যে, ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিসের মধ্যে FGM/C অপরাধ পরিচালনার প্রোটোকলটি পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে কাজ করার উপায়গুলিকে উন্নত করার জন্য, তদন্তের উন্নতি করতে এবং এই ধরনের অপরাধের বিচার নিশ্চিতের সংখ্যা বাড়ানোর জন্য পরিকল্পনা করা হয়েছে।[২৫]

ক্যাম্পবেল এবং অন্যান্য ক্যাম্পবেল নারীর যৌনাঙ্গ বিচ্ছেদ/কাটা, জোরপূর্বক বিয়ে, তথাকথিত ‘সম্মান’ হত্যা এবং অপব্যবহার, গরম বস্তু দিয়ে স্তনে চাপ দেওয়া ইস্ত্রি করা, জাদুবিদ্যাসহ ক্ষতিকারক অভ্যাসগুলির বিরুদ্ধে শেষ করার এবং বিচার করার সর্বোত্তম পন্থা চিহ্নিত করার বিষয়ে আরও তথ্য প্রদান করেছেন ক্ষতিকারক ঐতিহ্যগত অভ্যাস: প্রতিরোধ, সুরক্ষা এবং পুলিশিং (২০২০ শীর্ষক প্রতিবেদনে। ( এই প্রকাশনাটি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির দৃষ্টিভঙ্গি সম্পর্কে একটি অনন্য ধারণা প্রদান করে বোঝাপড়া বাড়ানোর চেষ্টা করেছে, যা শুধুমাত্র পুলিশ কর্মকর্তাদের জ্ঞান এবং এই অপরাধগুলি মোকাবেলায় আত্মবিশ্বাসকে শক্তিশালী করতে পারে।[২৬]

পুলিশ নেতৃত্বের মনে রাখা উচিত যে সংজ্ঞাগুলিও বিতর্ক এবং ভিন্ন মতামতের বিষয় হতে পারে। উদাহরণ স্বরূপ, যুক্তরাজ্যে কিছু গবেষক ‹সম্মান ভিত্তিক› সহিংসতা শব্দটির বিরুদ্ধে অবস্থান নিয়েছেন কারণ এটি নির্দিষ্ট কিছু সম্প্রদায়কে অসামঞ্জস্যপূর্ণভাবে লক্ষ্যবস্তুতে পরিণত করে বিধায় সেই সম্প্রদায়গুলির উপর নজরদারি এবং পুলিশিং বৃদ্ধি পায়। এটি সম্প্রদায়গুলিকে সেই সমস্ত এজেন্ডাগুলির সাথে সংযোগ স্থাপনে সহায়তা করে যা কার্যকর VAWG প্রতিক্রিয়ার সাথে সম্পর্কিত নয়- তারা ব্যক্তি এবং সম্প্রদায়কে লক্ষ্য করে বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপিং) এবং অন্যান্য বৈষম্যমূলক শ্রেণীকরণের উপর নির্ভর করে এবং নির্দিষ্ট শাস্তিমূলক ব্যবস্থাগুলির সাথে সমস্যাগুলি মোকাবেলার জন্য পৃথক আইন অসামঞ্জস্যপূর্ণভাবে প্রয়োগ করে এবং যেগুলি VAWG-সম্পর্কিত আইনের সাথে সামঞ্জস্যপূর্ণ নয়।[২৭]

পুলিশ নেতৃত্ব ESP-এর মডিউল ৫ দ্বারা পরিচালিত হবে যেখানে সমন্বিত প্রতিক্রিয়ার সাধারণ উপাদানগুলির বিবরণ দেওয়া হয়েছে। এই ধরনের প্রতিক্রিয়া উন্নয়নের জন্য উর্ধ্বতনদের সাথে কাজ করার দায়িত্ব থাকবে পরিচালনের সাথে যুক্ত ব্যবস্থাপকদের।[২৮] নীচের চিত্রে এর একটি সারাংশ উপস্থাপন করা হয়েছেঃ

---

২৫ ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল এবং ক্রাউন প্রসিকিউশন সার্ভিস (২০১৬) এর মধ্যে ফিমেল জেনিটাল মিউটিলেশন ('FGM') অপরাধ পরিচালনার প্রোটোকল। জাতীয় পুলিশ প্রধানের কাউন্সিল @ https://www.cps.gov.uk/sites/default/files/documents/publications/FGM-Protocol-june-2016.docx

২৬ Harmful Traditional Practices: Prevention, Protection, and Policing (2020). Campbell, G., Roberts, K.A., Sarkaria, N. Palgrave Macmillan.

২৭ See ‘From the Margin to the Centre: ‘Addressing Violence Against Women and Girls Alternative Bill’ (Imkaan, October 2018).

২৮ Module 5: Coordination and Governance of Coordination, *Essential services Package*

চিত্র-৩

**বিচার ব্যবস্থার সাথে সম্পৃক্ত সংস্থাসমূহ**




| একটি সমন্বিত প্রতিক্রিয়ার সাথে সাধারণত নিম্নলিখিত বিষয়গুলির সংমিশ্রণ জড়িত | নিম্নলিখিত উপায়গুলির দ্বারা সেক্টর এবং সংস্থাগুলির মধ্যে অংশীদারিত্ব উন্নত করা যায় |
| --- | --- |
| • এজেন্সিগুলির মধ্যে বিভিন্নক্ষেত্রের সহযোগিতার জন্য একটি কাঠামো<br>• অগ্রগতি নিরীক্ষণ এবং নীতিগুলি প্রণয়নের জন্য একটি সমন্বয়কারী কমিটি বা সংস্থা।<br>• অপরাধীদের মোকাবেলা করা, তাদের সাথে কাজ করা এবং তাদের শাস্তি প্রদানের জন্য ব্যবস্থা।<br>• ফৌজদারি বিচার প্রক্রিয়ার মধ্যে নাগরিক প্রতিরক্ষা প্রতিকারের একীকরনসহ জীবিতদের (বেঁচে থাকাদের) জন্য পরিষেবা, যেমন স্বাস্থ্য, আশ্রয় এবং আইনি সহায়তা (ওকালতি সমর্থন)। | • নিয়মিত মুখোমুখি বৈঠক<br>• প্রধান সংস্থাগুলি দ্বারা তৈরি সাধারণ নীতি এবং প্রোটোকল শেয়ার করা<br>• কার্যক্রম এবং হস্তক্ষেপের যৌথ পরিকল্পনা<br>• সহযোগী (অংশীদার) সেক্টর/সংস্থার কর্মীদের যৌথ প্রশিক্ষণ<br>• গোপনীয়তা এবং নিরাপত্তা নিশ্চিত করার প্রতি সম্মান রেখে বেঁচে থাকাদের এবং অপরাধীদের সম্পর্কে তথ্য শেয়ার করা<br>• মামলার অগ্রগতি এবং ফলাফল নিরীক্ষণ এবং ভাল এবং খারাপ অনুশীলনগুলি সনাক্ত করার জন্য তথ্য সংগ্রহ চলমান রাখা। |
| **সমন্বিত বহু-বিভাগীয় হস্তক্ষেপের জন্য প্রয়োজন** | **সমন্বয়কারী সংস্থা হতে পারে** |
| • বিভিন্ন ধরণের অংশীজনদের সক্রিয় অংশগ্রহণ<br>• নারীর প্রতি সহিংসতা মোকাবেলার সবচেয়ে কার্যকরী উপায় সম্পর্কে ঐক্যমত<br>• সংস্থার মধ্যে সহযোগিতা, যোগাযোগ এবং তথ্য আদান-প্রদান | • একটি স্বাধীন প্রতিষ্ঠান বা বিশেষ সংস্থা যার ভূমিকা হবে মূল সেক্টরগুলিকে সমন্বয় করা।<br>• এজেন্সিগুলির একটি জোট যারা নিয়মিত মিলিত হবে, যাকে কাউন্সিল, কমিটি বা টাস্কফোর্স ও বলা যেতে পারে<br>• মন্ত্রী এবং/অথবা প্রধান প্রতিষ্ঠানের প্রধানকে অন্তর্ভুক্ত করে একটি উচ্চ-পর্যায়ের সংস্থা |

## বিচার ব্যবস্থার সাথে সম্পৃক্ত সংস্থাসমূহ

আপনার কর্মীদের বুঝতে হবে যে তদন্ত বিচার ব্যবস্থায় প্রবেশের কেন্দ্রবিন্দু হিসেবে প্রতিনিধিত্ব করে। দায়মুক্তি দূর করতে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা প্রদানের জন্য VAWG-এর জবাবদিহিতা নিশ্চিত করার জন্য একটি ব্যাপক এবং লিঙ্গ-সংবেদনশীল তদন্ত গুরুত্বপূর্ণ।

প্রকৃতপক্ষে, একটি লিঙ্গ-সংবেদনশীল তদন্ত ফৌজদারি বিচার ব্যবস্থার লিঙ্গ-প্রতিক্রিয়াশীল পদক্ষেপের জন্য একটি গুরুত্বপূর্ণ উপাদান হওয়া উচিত। এর অর্থ এটা নিশ্চিত করা যে আইন, ফৌজদারি বিচার প্রতিষ্ঠান, ফৌজদারি বিচার প্রক্রিয়া এবং ফৌজদারি বিচারের ফলাফলগুলি লিঙ্গের ভিত্তিতে কারও সাথে বৈষম্য করে না। এটি ফৌজদারি আইনের উপর একটি লিঙ্গ সম্পর্কিত দৃষ্টিভঙ্গি গ্রহণের পাশাপাশি নারী এবং পুরুষদের জন্য

উপলব্ধ ফৌজদারি বিচার পদ্ধতিতে প্রবেশাধিকার (অ্যাক্সেস) এবং বাধাগুলির একটি মূল্যায়ন এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সুরক্ষার জন্য লিঙ্গ-সংবেদনশীল কৌশল গ্রহণ এবং ফৌজদারি বিচারে প্রবেশাধিকার (অ্যাক্সেসের) নিশ্চিত করার জন্য প্রয়োজনীয়।[২৯]

লিঙ্গ-সংবেদনশীল ফৌজদারি বিচার এর অর্থ শুধুমাত্র লিঙ্গ এবং অপরাধের মধ্যে আন্তঃসম্পর্ক এবং কীভাবে এটি নারী ও পুরুষ অপরাধ ও সহিংসতার দ্বারা ভিন্নভাবে প্রভাবিত হয় সেই সম্পর্কে ধারণা থাকা নয়, বরং ফৌজদারি বিচার ব্যবস্থায় নারী বা পুরুষদের নির্দিষ্ট চাহিদা মেটাতে লক্ষ্যমাত্রামূলক পদক্ষেপের প্রয়োজনীয়তা, এবং সেইসাথে সিস্টেমের মাধ্যমে তৈরি বা স্থায়ী হওয়া লিঙ্গ বৈষম্যের কারণগুলিকে মোকাবেলা করা সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকাকে বোঝায়।[৩০] বৈশ্বিক গবেষণায় সাধারণত দেখা যায় যে যৌন নিপীড়ন ছাড়াও পুরুষরা প্রায়শই হত্যা এবং হামলার সাথে জড়িত থাকে, যার মধ্যে প্রায়শই নারীরা সহিংসতার শিকার হন।[৩১]

যাইহোক, নারীরা ব্যক্তিগত পারিবারিক ক্ষেত্রের মধ্যে তাদের পরিচিত কারো দ্বারা এবং প্রায়শই তাদের নিজের সঙ্গীর দ্বারা সহিংসতা এবং নির্যাতনের শিকার হওয়ার সম্ভাবনা বেশি। সহিংসতার অপরাধীরা, তা পুরুষের প্রতি সহিংসতা হোক বা নারীর বিরুদ্ধে, প্রধানত পুরুষ। একটি লিঙ্গ-সংবেদনশীল ফৌজদারি বিচার ব্যবস্থা এমন একটি ব্যবস্থা যা নারীদের সহিংসতার প্রতিবেদন করার জন্য আত্মবিশ্বাস দেয় এবং, একবার তারা রিপোর্ট করলে, আরও ক্ষতির ঝুঁকি কমাতে কার্যকর প্রতিক্রিয়া প্রদান করে। একটি লিঙ্গ-সংবেদনশীল ফৌজদারি বিচার ব্যবস্থা একটি কার্যকর প্রতিকার প্রদানের সাথে সাথে ফৌজদারি বিচার প্রক্রিয়া জুড়ে মর্যাদার সাথে নারীদের সমর্থন এবং চিকিৎসা সেবা প্রদান করে।

## ১। সরকারী আইন কর্মকর্তারা (প্রসিকিউটররা)

জাতীয় আইনি কাঠামো বা বিচার ব্যবস্থার উপর নির্ভর করে সরকারী আইন কর্মকর্তারা (প্রসিকিউটররা) VAWG-এর একজন অভিযুক্ত অপরাধীর বিরুদ্ধে রাষ্ট্রের পক্ষ থেকে আইনি প্রক্রিয়ার কৌশল নির্ধারণে একটি মুখ্য ভূমিকা পালন করবে।

***কিছু দেশে, প্রসিকিউটররা মামলাগুলি তদন্ত করে এবং বিচার করে এবং অন্যগুলিতে, পুলিশ মামলাটি প্রসিকিউটরকে বিচারের জন্য হস্তান্তর করার আগে তদন্তের ভূমিকা পালন করে।***

পুলিশ নেতৃত্ব মনে রাখবেন যে:

- VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য কার্যকর বিচার এবং ফলাফল প্রদানের জন্য তাদের প্রসিকিউটরের সাথে দৃঢ় কাজের সম্পর্ক গড়ে তুলতে হবে;

- তাদের বিচার ব্যবস্থায় প্রসিকিউটরের ভূমিকা আরও ভালভাবে বোঝার জন্য, তারা, উদাহরণস্বরূপ, পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে কার্যকর কাজের সম্পর্ক গড়ে তোলার জন্য যৌথ সচেতনতা বৃদ্ধির সেশন আয়োজন করতে পারে।[৩২]

আইনগত ব্যবস্থা যাই হোক না কেন, আপনার সচেতন হওয়া উচিত এই জন্য যে প্রসিকিউটররা তদন্তের আইনগত ভিত্তি এবং তদন্তের যথাযথতা এবং প্রমাণ সংগ্রহ এবং তদন্তকারীদের দ্বারা মানবাধিকার রক্ষা হচ্ছে কি না তা পর্যবেক্ষণ, এবং অন্তত পক্ষে বিচার শুরু বা চালিয়ে যাওয়া উচিত কিনা এই বিষয়ে সিদ্ধান্ত নেবার ক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালন করে। ।

পুলিশ নেতৃত্বকে নিশ্চিত করা উচিত যে তাদের কর্মীরা VAWG সম্পর্কে বোঝে এবং VAWG এর উপর প্রয়োজনীয় প্রশিক্ষণ গ্রহণ করেছে। তারা প্রসিকিউটরদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করবে এবং তাই তাদের দেশে প্রসিকিউটররা কী করে তা তাদের জানতে হবে।

উদাহরণ স্বরূপ বলা যায় যে, যেসব দেশে প্রসিকিউটররা পুলিশি তদন্ত তত্ত্বাবধান করেন, তাদের নিশ্চিত করা উচিত যে পুলিশের নিম্নোক্ত বিষয়গুলি মেনে চলে :

- যথাযথ তদন্ত এবং অনুসন্ধান কৌশল ব্যবহার করা হয়েছে যাতে প্রমাণ আদালতে গ্রহণযোগ্য হয়;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং সাক্ষীদের বিস্তারিত, ব্যক্তিগত এবং সম্মানজনক সাক্ষাৎকার পরিচালনা করা;

২৯ Skinnider, Eileen, 'Towards Gender-Responsive Criminal Justice: Good practices from Southeast Asia in responding to violence against women' (2018: Thailand Institute of Justice).

৩০ "Gender Responsive Assessment Scale: Criteria for Assessing Programmes and Policies" in Gender Mainstreaming for Health Managers: a Practical Approach / WHO Gender Analysis Tools. Facilitators' guide. Participant's notes (WHO, 2011), at: https://www.ncbi.nlm.nih.gov/books/NBK559709/table/ch2.t1/?report=objectonly

৩১ 'Global Study on Homicide' 2013; Women and the Criminal Justice System (UNODC, 2011). Mahony, T.H., Jacob, J., and Hobson, H. for the Government of Canada.

৩২ VAWG-এর সাথে জড়িত মামলাগুলিতে কার্যকর প্রতিক্রিয়া: নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার কার্যকর প্রসিকিউশন প্রতিক্রিয়া হ্যান্ডবুকে প্রসিকিউটরের ভূমিকা, ক্রিমিনাল জাস্টিস হ্যান্ডবুক সিরিজ (UNODC, ২০১৪) @ https://www.unwomen.org/en/digital-library/publications/2014/12/handbook-effective-prosecution-of-vaw



হাইতির জাতীয় কারাগার (ন্যাশনাল পেনিটেনশিয়ারি হাইতি)। MINUSTAH ছবি/ভিক্টোরিয়া হাজু এর সৌজন্যে ছবি

- যদি সহিংতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েরা চাই, তাহলে নারী কর্মকর্তাদের উপলব্ধ করা হয়েছে সেটি প্রযোজ্য ক্ষেত্রে নিশ্চিত করুন;
- ঘটনার উপর একটি সম্পূর্ণ  পুলিশ রিপোর্ট সম্পন্নকরণ;
- অতিরিক্ত তথ্য এবং প্রমাণের জন্য ফলো-আপ সাক্ষাৎকার পরিচালনা করা;
- নারীর প্রতি সহিংসতা সম্পর্কিত প্রাসঙ্গিক আইনগুলি (অপ-রাধের উপাদান এবং এই অপরাধের জন্য প্রযোজ্য বিশেষ ফৌজদারি পদ্ধতিসহ) সম্পর্কে বোঝা; এবং
- প্রযোজ্য ক্ষেত্রে, আত্মরক্ষা এবং প্রধান আগ্রাসী আচরণ সম্পর্কিত নীতির ধারণা সম্পর্কে বোঝা এবং প্রয়োগ করা।

নিম্নোক্ত বিষয়সমূহ নিশ্চিত করার জন্য VAWG তদন্ত তত্ত্বাবধানে তারা যে মূল ভূমিকা পালন করে তা পুলিশ নেতৃত্বের বোঝা উচিত:

- সঠিক তথ্য পাওয়া মাত্রই প্রসিকিউটরদের কাছে জমা দেওয়া;
- তাদের কর্মীরা প্রসিকিউটরদের কাছে ফাইল জমা দেওয়ার জন্য স্থানীয়ভাবে সম্মত মানদণ্ড সম্পর্কে ধারণা রাখেন;
- তাদের কর্মীরা গুণগত মান নিশ্চিতের জন্য আপনি যে মানদণ্ড নির্ধারণ করেছেন সে সম্পর্কে সচেতন;
- VAWG অপরাধ বোঝার জন্য যে কোনো প্রশিক্ষণের প্রয়োজ-নীয়তা পূরণ করা হয়;
- প্রসিকিউটররা VAWG-এর তদন্তে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কারণ তারা নির্ধারণ করতে পারে যে বিচার করার সিদ্ধান্ত নেওয়ার আগে বা না নেওয়ার আগে বা অন্য সিদ্ধান্ত নেওয়ার আগে যা বিচারের গতিপথকে প্রভাবিত করতে পারে সেই সম্পর্কে প্রয়োজনীয় এবং যুক্তিসঙ্গত তদন্ত করা হয়েছে কিনা।[৩৩]

৩৩ Ibid.

***মামলা প্রস্তুত করতে দৃষ্টি নিবদ্ধ করুণ এবং নিশ্চিত করুন যে আপনি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে অসম্মান করবেন না।***

বিচার ব্যবস্থায় যেখানে প্রসিকিউটর এবং তদন্তকারীদের স্বাধীন ভাবে ভূমিকা পালন করে  এবং তদন্তকারীরা স্বাধীনভাবে তদন্ত পরিচালনা করে, সেখানে সাধারণত তদন্তকারী এবং প্রসিকিউটরের মধ্যে সহযোগিতা নিশ্চিত করার জন্য ব্যবস্থা নেওয়া হয়। এই ধরণের বিচার ব্যবস্থায়, প্রসিকিউটররা তদন্তকারীদের নির্দেশ দেয় না বরং তারা তদন্তকারীদের তদন্তের ফলাফলের উপর ভিত্তি করে এবং আইন ও নির্দেশিকাগুলির উপর ভিত্তি করে সেই ফলাফল-গুলির নিরপেক্ষ পর্যালোচনার উপর ভিত্তি করে তাদের পরামর্শ দিতে পারে।

এই ধরনের এখতিয়ারে পুলিশ নেতৃত্ব প্রসিকিউটরদের কাছ থেকে পরামর্শ চাইতে পারে যখন তারা প্রমাণ সংগ্রহ করতে অসুবিধার সম্মুখীন হয়। অথবা, অন্যান্য পরিস্থিতিতে, প্রসিকিউটর একটি 'দুর্বল' মামলা বা দোষী সাব্যস্ত হওয়ার কোন সম্ভাবনা নেই বলে তদন্তকারীর মতামতসহ একটি মন্তব্যের কারণে পরামর্শের জন্য পুলিশ রিপোর্ট বা পরামর্শ ফাইল পেতে পারেন।[৩৪] পুলিশ নেতৃত্বকে নিশ্চিত করতে হবে যে তাদের কর্মীরা তাদের ব্যক্তিগত মতামতের উপর ভিত্তি করে মামলার শক্তি সম্পর্কে মতামত প্রকাশ করবেন না এবং প্রযোজ্য আইনের বিরুদ্ধে অসুবিধাগুলি স্পষ্ট ভাবে  নির্দেশ (হাইলাইট) এবং মূল্যায়ন করা উচিত।

অন্যান্য বিচার ব্যবস্থায়, প্রসিকিউটররা তদন্তে আরও সক্রিয় ভূমিকা পালন করে এবং তদন্তে অংশগ্রহণ, পরিচালনা, নির্দেশনা প্রদান বা তত্ত্বাবধান করতে পারে। কিছু রাষ্ট্রে প্রসিকিউটরকে অপরাধ সংক্রান্ত নীতির অগ্রাধিকার বাস্তবায়ন, মামলা ও সম্পদ বরাদ্দ, মামলা অগ্রাধিকার এবং তদন্ত পদ্ধতি প্রয়োগ করার জন্য পুলিশকে যথাযথ নির্দেশনা ও পরামর্শ দেওয়ার অনুমতি দেয়।

কিছু এখতিয়ারে, পুলিশ দ্বারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে প্রাথমিক ভাবে যোগাযোগের পরে প্রসিকিউটর-দের সাথে যোগাযোগ করা হয় এবং তারা পরীক্ষার জায়গায় প্রতিক্রিয়া জানাতে পারে যাতে তারা মামলার সাথে পরিচিত হয় এবং তদন্তে নির্দেশনা প্রদান করতে সহায়তা করে। এই ধরনের এখতিয়ারে, পুলিশ নেতৃত্বের নিশ্চিত করা উচিত যে তাদের কর্মীরা প্রমাণ সংগ্রহের জন্য প্রসিকিউটরের ভূমিকাকে সমর্থন করে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ফৌজদারি বিচার ব্যবস্থায় থাকার জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করছে।

৩৪ Ibid.

সাধারণভাবে, পুলিশ নেতৃত্বের নিশ্চিত করা উচিত যে:

- তাদের কর্মীরা শক্তিশালী মামলা তৈরি করে, বা এটি করতে প্রসিকিউটরদের সহায়তা করে;[৩৫]
- VAWG-এর অপরাধ মোকাবেলায় পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে সহযোগিতা রয়েছে;
- তাদের কর্মীরা একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অসম্মান করে না এবং অভিযুক্ত অপরাধীর বিরুদ্ধে একটি মামলা তৈরি না করার দিকে মনোযোগ দেয় না;
- প্রসিকিউটর অফিসে তাদের প্রতিপক্ষের সাথে একটি কাজের সম্পর্ক প্রতিষ্ঠিত হয়।

গবেষণায় দেখা গেছে যে নির্দিষ্ট ধরণের VAWG ক্ষেত্রে (যেমন যৌন নিপীড়ন) মামলা তৈরির প্রচেষ্টার খুব কম প্রমাণ রয়েছে। বরং তদন্তের দুর্বলতা, লিঙ্গ পক্ষপাত[৩৬] এবং আইনের ভুল বোঝাবুঝির প্রমাণ রয়েছে। পুলিশ এবং প্রসিকিউটরদের মধ্যে দৃঢ় সহযোগিতা এসব ক্ষেত্রে অপরিহার্য যাতে নিশ্চিত করা যায় যে পুলিশের প্রচেষ্টাগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অসম্মান করার পরিবর্তে একটি মামলা প্রস্তুতের  দিকে মনোনিবেশ করছে।[৩৭]

**বক্স-৮**

২০১৭ সালের জুন মাসে, ইউএনওডিসি নামিবিয়ার পুলিশ এবং প্রসিকিউটরদের জন্য লিঙ্গ-ভিত্তিক সহিংসতার বিষয়ে যৌথ প্রশিক্ষণ প্রদান করে যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সফল ফলাফল অর্জনের জন্য প্রয়োজনীয় যৌথ কাজ এবং সহযোগিতার বিষয়টি তুলে ধরা হয়। অংশগ্রহণকারীরা সংশ্লিষ্ট সংস্থাগুলির ভূমিকা এবং দায়িত্ব সম্পর্কে আরও ভালভাবে বুঝেছে এবং  ফলস্বরূপ, তাদের যৌথ কাজের সম্পর্ক উন্নত হয়েছে।

৩৫ 'ধর্ষণের বিচার। থাইল্যান্ড এবং ভিয়েতনামে যৌন সহিংসতার অপরাধমূলক বিচার ব্যবস্থার প্রতিক্রিয়া সম্পর্কে ধারণা' (UN Women, UNDP এবং UNODC, 2017), @ https://www2.unwomen.org/-/media/field%20office%20eseasia/docs/publications/2019/08/ap-trial-of-rape_26aug2019_lowrescompressed.pdf?la=en&vs=1916

৩৬ 'The Trial of Rape. Understanding the Criminal Justice System Response to Sexual Violence in Thailand and Viet Nam' (UN Women, UNDP and UNODC, 2017), at: https://www2.unwomen.org/-/media/field%20office%20eseasia/docs/publications/2019/08/ap-trial-of-rape_26aug2019_lowres-compressed.pdf?la=en&vs=1916

৩৭ Ibid.

**বক্স-৯**

ফিনল্যান্ডে, পুলিশ এবং প্রসিকিউটররা মানুষ হত্যা বা অন্যান্য সহিংস অপরাধ সম্পর্কিত প্রযুক্তিগত বা কৌশলগত তদন্তের জন্য প্রশিক্ষণ পেয়েছে। অ্যাঙ্গোলান পুলিশ (জাতীয় পুলিশের জেনারেল কমান্ড) পুলিশ কর্মকর্তাদের গার্হস্থ্য এবং লিঙ্গ-ভিত্তিক সহিংসতার পরিস্থিতিতে প্রয়োজনীয় জ্ঞান এবং দক্ষতা প্রদানের জন্য সচেতনতা বৃদ্ধির প্রচেষ্টা চালিয়েছে।

পুলিশ নেতৃত্ব তাদের কর্মীদের সুস্পষ্ট নির্দেশনা প্রদান করবে:

- পারিবারিক নির্যাতনের ঘটনাগুলি মোকাবেলা করার ক্ষেত্রে, উদাহরণস্বরূপ, বিচার এবং নিরাপত্তা সেক্টর সংস্থাগুলির সাথে সহিংসতার শিকারের/বেঁচে থাকা ব্যক্তির প্রথম যোগাযোগের সময় অভিযুক্ত হলে তাকে মামলা চালিয়ে যেতে উৎসাহিত করা নিশ্চিত করা;

- আইপিভি-এর জরুরী কলের তালিকাভুক্ত করা এবং রেকর্ড রাখা কারণ এতে সম্ভাব্য উত্তেজিত বাক্য বিনিময়ের প্রমাণ থাকতে পারে। কারণ পুলিশ সহায়তা চেয়ে বেশিরভাগ কল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি করে থাকে;

- ফৌজদারি আদালত এবং পারিবারিক আদালতের মধ্যে তথ্য আদান-প্রদানের প্রোটোকল সম্পর্কে;

- VAWG-এর বিচারকে শক্তিশালী করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পক্ষ থেকে পুলিশ পরিষেবা প্রাপ্ত নাগরিক সুরক্ষা আদেশের বিশদ প্রসিকিউটরদের প্রদান করার বিষয়ে। এমন কিছু দেশ আছে যেখানে প্রসিকিউটররা সিভিল ফাইলগুলি পর্যালোচনা করতে পারে কারণ তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির ঝুঁকির মূল্যায়নে তাদের সাহায্য করতে পারে এবং সঠিক অভিযোগ ও সাজা নির্ধারণের সময় সহায়তা করতে পারে।

প্রসিকিউটররা স্থানীয় তদন্ত দলগুলিকে তাদের স্থানীয় অনুশীলন এবং প্রশিক্ষণের বিষয়ে জানানোর বিষয়টি বিবেচনা করতে পারে।[৩৮]

৩৯বিচারে নারীর প্রবেশাধিকার নিশ্চিত করার বিষয়ে বিচারক এবং প্রসিকিউটরদের জন্য প্রশিক্ষণ ম্যানুয়াল। ইউরোপীয় ইউনিয়ন @ https://rm.coe.int/trainingmanual-women-access-to-justice/16808d78c5

## ২। বিচার বিভাগ[৩৯]

বিচার বিভাগ বা বিচার ব্যবস্থা হল সেই আদালতের ব্যবস্থা যা সার্বভৌম বা রাষ্ট্রের নামে বিচার পরিচালনা করে।

### প্রতিরক্ষামূলক আদেশ

এখতিয়ারের উপর নির্ভর করে, আদালতের কাছে সুরক্ষা আদেশ জারি করার বা IPV-এর অভিযুক্ত অপরাধীদের বিরুদ্ধে পুলিশের জারি করা বাধা আদেশ পর্যালোচনা এবং সম্প্রসারিত করার বা প্রত্যাহার করার ক্ষমতা থাকতে পারে।[৪০] সাধারণত, বিচারক একটি শুনানির সভাপতিত্ব করেন যে সময়ে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েরা এবং অভিযুক্ত অপরাধীরা প্রমাণ উপস্থাপন করে। একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ের প্রতিরক্ষামূলক ব্যবস্থার প্রয়োজন আছে কিনা সে বিষয়ে বিচারকের সিদ্ধান্ত খুবই গুরুত্বপূর্ণ শুধুমাত্র সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ের এবং পরিবারের অন্যান্য সদস্যদের নিরাপত্তার জন্যই নয়, মামলাটি এগিয়ে যাওয়ার জন্য সর্বোত্তম সম্ভাব্য পরিস্থিতি তৈরি করতে এবং দোষী সাব্যস্ত করতে। প্রতিরক্ষামূলক আদেশের শুনানি বিচারকের জন্য বিচার প্রক্রিয়ার যথাযথ গতি প্রদানের জন্য একটি গুরুত্বপূর্ণ প্রথম সুযোগ এবং এটি এই বার্তা প্রদান করে যে আইপিভির ক্ষেত্রে সম্ভাব্য সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের ক্ষতি এড়াতে রাষ্ট্র যত্নশীল।

পুলিশ নেতৃত্বের নিশ্চিত করা উচিত যে তাদের কর্মীরা বুঝতে পারে:

- যে সকল সম্প্রদায়ে সাংস্কৃতিক এবং সামাজিক এবং ক্ষতিকারক অনুশীলনগুলি রয়েছে যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অপরাধের রিপোর্ট করতে এগিয়ে আসতে বাধা দেয় সেখানে VAWG প্রতিরোধে তাদের কর্মীরা মূল ভূমিকা পালন করে।

- VAWG এর অপরাধের জন্য তাদের দেশে উপলব্ধ সুরক্ষা আদেশ এবং কার্যকরভাবে প্রয়োগ করার জন্য তাদের প্রয়োজনীয় ব্যবস্থা;

- VAWG প্রতিরোধে দেওয়ানি আদালতের ভূমিকা;

- পুলিশ যে সম্প্রদায়ে সেবা প্রদান করে তাদের উপর সেই সম্প্রদায়ের আস্থা গড়ে তোলার প্রয়োজনীয়তা।

কিছু বিচারব্যবস্থায়, পারিবারিক আদালত থেকে প্রাপ্ত কিছু অপরাধের জন্য প্রতিরক্ষামূলক ব্যবস্থা ফৌজদারি বিচার ব্যবস্থাকে

৩৯Ibid.

৪০ For example in Austria. See: Victims' Rights to Support and Protection from Violence (2013). Legislation for the Protection from Violence in Austria (2019). Domestic Abuse Intervention Centre and the Association of Austrian Autonomous Women's Shelters. https://www.interventionsstelle-wien.at/download/?id=692

**বক্স-১০**

**থাইল্যান্ডে ভাল অনুশীলন: ইউএনউইমেনের সাথে অংশীদারিত্বে রয়্যাল থাই পুলিশ, প্রসিকিউটর এবং আদালতের কর্মীদের চলমান প্রশিক্ষণ**

নতুন লিঙ্গ সমতা আইন ('GEL') আনুষ্ঠানিকভাবে ২০১৫ সালের ৪ মার্চ ঘোষণা করা হয়েছিল, যা লিঙ্গ বা যৌনতার ভিত্তিতে প্রত্যক্ষ ও পরোক্ষ বৈষম্যের বিরুদ্ধে ব্যক্তিদের বিচার নিশ্চিত করে দেয়। আইনে বলা হয়েছে যে নীতি, নিয়ম, প্রবিধান, আদেশ, ব্যবস্থা, প্রকল্প বা সরকারি, বেসরকারী সংস্থা বা ব্যক্তিদের চর্চা যা লিঙ্গ বৈষম্যমূলক, অধিকার ও স্বাধীনতা, ধর্মীয় নীতি এবং সমানভাবে উপভোগের জন্য বাধা দূর করার উদ্দেশ্যে ব্যতীত অনুমোদিত নয়।

জিইএল লিঙ্গ সমতার প্রচারের জন্য একটি কমিটিও প্রতিষ্ঠা করেছে, যা বৈষম্যমূলক লিঙ্গ বৈষম্য এবং অভ্যাস এবং সেইসাথে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা দূর করার লক্ষ্যে সামাজিক ও সাংস্কৃতিক আচরণের ধরণ উন্নত করার জন্য দায়িত্ব প্রাপ্ত।

রয়্যাল থাই পুলিশ, ইউএন উইমেন, দ্যা ডিপার্টমেন্ট অফ উইমেন অ্যাফেয়ার্স অ্যান্ড ফ্যামিলি ডেভেলপমেন্ট এবং ফ্রেন্ডস অফ উইমেন ফাউন্ডেশনের সাথে অংশীদারিত্বে, সহিংসতা, গার্হস্থ্য সহিংসতা এবং নির্যাতনের ও পাচারের শিকার নারীদের সুরক্ষার বিষয়ে থাইল্যান্ডের সমস্ত অঞ্চলের ৯০০ মূল পুলিশ তদন্ত কর্মকর্তাকে অন্তর্ভুক্ত করতে পুলিশ তদন্ত কর্মকর্তাদের প্রশিক্ষণের সুযোগ বৃদ্ধি করেছে।

সাম্প্রতিক বছরগুলিতে এই প্রশিক্ষণ এবং পূর্ববর্তী প্রশিক্ষণগুলি থেকে প্রাপ্ত শিক্ষণের উপর ভিত্তি করে, রয়্যাল থাই পুলিশে প্রশি-ক্ষণের প্রাতিষ্ঠানিকীকরণের জন্য বিশেষ প্রশিক্ষণ মডিউল তৈরি করা হয়েছে। এই অধ্যয়নের সরাসরি ফলাফল হিসাবে, থাইল্যান্ড ইনস্টিটিউট অফ জাস্টিস এই গবেষণাকে আরও এগিয়ে নিতে অতিরিক্ত অর্থ বরাদ্দ করেছে এবং একটি টুলবক্স এবং পাবলিক প্রচারাভিযান তৈরি করেছে যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের এবং দায়িত্ব পালনকারী উভয়কেই তাদের অধিকার ও দায়িত্ব, এবং সেইসাথে প্রাসঙ্গিক আইন, এবং যেখানে ফৌজদারি বিচার ব্যবস্থা এবং জাতীয় ও স্থানীয় সহায়তা পরিষেবাগুলিতে সহায়তা চাওয়ার বিষয়ে অবহিত করা যায়।

সূত্র: 'The Trial of Rape. Understanding the Criminal Justice System Response to Sexual Violence in Thailand and Viet Nam' (UN Women, UNDP and UNODC, 2017).

অতিক্রম করতে পারে। উদাহরণ স্বরূপ, যুক্তরাজ্যে, FGM সুরক্ষা আদেশের সংখ্যা সফল বিচার কাজের সংখ্যাকে বাড়িয়ে দেয়।

পুলিশ নেতৃত্বকে নিশ্চিত করা উচিত যে তাদের কর্মীরা সামাজিক যত্ন পরিসেবা, স্বাস্থ্য এবং শিক্ষা কর্তৃপক্ষের সাথে কাজ করার প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতন।

গবেষকরা UK-তে পুলিশ পরিষেবা, সামাজিক যত্ন পরিসেবা এবং আদালতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষা নিশ্চিতের জন্য একসঙ্গে কাজ করার প্রয়োজনীয়তা তুলে ধরেছেন যেখানে বিচার প্রক্রিয়ার সাথে জড়িত পেশাদাররা FGM-এর পরিণতির নিয়ে বসবাসকারী সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি-দের সনাক্তকরণ করতে পারে না। স্বাস্থ্য, শিক্ষা এবং সামাজিক যত্ন পেশাদারদের দ্বারা FGM-এর পুলিশ রিপোর্টে পুলিশ কীভাবে সাড়া দেয় সে সম্পর্কেও আস্থার অভাব থাকতে পারে।[৪১]

**ফৌজদারি প্রক্রিয়ার** বিচারকরা একটি ফৌজদারি প্রক্রিয়ার প্রাথমিক পর্যায়ে সহিংসতার শিকার/সাক্ষীদের অধিকার এবং মর্যাদা রক্ষা করার জন্য পদক্ষেপ নিতে এবং তারা যাতে দ্বিতীয় বার সহিংসতার শিকারের (সেকেন্ডারি ভিকটিমাইজেশনের) অভিজ্ঞতা অর্জন না করে তা নিশ্চিত করার জন্য বিচক্ষণতা প্রয়োগ করতে পারেন, উদাহরণস্বরূপ, যদি মামলাটি যৌন সহিংসতা সম্পর্কিত হয় এবং গোপনীয়তা রক্ষার প্রয়োজন হয় তাহলে শুনানি থেকে জনসাধারণকে বাদ দেওয়া (প্রাথমিক তদন্ত পর্ব, প্রতিরক্ষামূলক আদেশ শুনানি, জামিন শুনানি, ইত্যাদি)।[৪২]

প্রসিকিউটর এবং বিচারক উভয়ই VAWG সম্পর্কিত একটি ফৌজদারি অভিযোগের সূচনা থেকে পদক্ষেপ নিতে পারেন যাতে তদন্ত এবং প্রমাণ-সংগ্রহের পর্যায়ে (বিশেষ করে ফরেনসিক প্রমাণ সংগ্রহ এবং পরীক্ষা সংক্রান্ত) কোনো বিলম্ব না হয় যা প্রসিকি-উশন এবং বিচার প্রক্রিয়াকে বাধাগ্রস্থ করতে পারে।

VAWG-এর ক্ষেত্রে ত্বরান্বিত কার্যক্রম (যেমন দ্রুত-ট্র্যাকিং এবং বিশেষায়িত আদালত) ব্যবহার করা একটি সাধারণ ভাল অভ্যাস। বিচারকরা শুধুমাত্র তখনই এটি করতে পারেন যদি তাদেরকে

৪২ বিদ্যমান প্রতিবন্ধকতা কমাতে এবং ন্যায়বিচারে নারীর প্রবেশাধিকার সহজতর করার জন্য ভাল অনুশীলনের সংকলন, (ইউরোপ লিঙ্গ সমতা কমিশন কাউন্সিল, স্ট্রাসবার্গ, ২০১৫) পৃষ্ঠা-২৪-২৬।

***দ্বিতীয় বার সহিংসতার শিকার হওয়ার ঘটনা ফৌজদারি বিচার ব্যবস্থার সরাসরি ফলাফল হিসাবে ঘটে না বরং পুলিশ এবং অন্যান্য উপযুক্ত প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের সহিংসতার শিকার/বেঁচে থাকা ভিকটিম/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতি অপর্যাপ্ত প্রতিক্রিয়ার ফলে ঘটে।***

পুলিশ কর্তৃক প্রাসঙ্গিক তথ্য প্রদান করা হয়, বিশেষ করে কোনো ঝুঁকির মূল্যায়ন সম্পর্কে যাতে নিশ্চিত করা যায় যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি প্রসিকিউশনকে সমর্থন করে যাচ্ছে।

পুলিশ নেতৃত্বকে নিশ্চিত করতে হবে যে তাদের কর্মীরা:

- ত্বরান্বিত কার্যক্রমের উদ্দেশ্য সম্পর্কে জানে; এবং
- পুলিশ কিভাবে প্রসিকিউটর এবং বিচারকদের এই ধরনের কার্যক্রম পরিচালনা করতে সহায়তা করতে পারে।

## ৩। পরীক্ষার ভূমিকা

পুলিশ নেতৃত্বের উচিত যে বিচার প্রক্রিয়ায় প্রবেশন পরিষেবা চালু রয়েছে সেখানে প্রবেশন পরিষেবা কি ভূমিকা পালন করছে তা সম্পর্কে বোঝা। প্রবেশন পরিষেবা সাধারণত আইন দ্বারা সংজ্ঞায়িত এবং অপরাধীর উপর আরোপিত নির্যাতনমূলক নয় এমন অপরাধ সংক্রান্ত (নন-কাস্টোডিয়াল) ব্যবস্থা বাস্তবায়নের জন্য বাধ্যতামূলক।[৪৩] এই ধরনের ব্যবস্থাগুলির মধ্যে বিচারের আগে এবং চলাকালীন আটক বা কারাদণ্ডের সাজা, সেই সাথে জেল থেকে দ্রুত মুক্তির বিকল্প অন্তর্ভুক্ত থাকতে পারে। তারা সাধারণত তত্ত্বাবধান, নির্দেশিকা এবং সহায়তা জড়িত একজন অপরাধীর সামাজিক অন্তর্ভুক্তির লক্ষ্যে এবং সেইসাথে সম্প্রদায়ের নিরাপত্তায় অবদান রাখার লক্ষ্যে তারা সাধারণত তত্ত্বাবধান, নির্দেশিকা এবং সহায়তা সংক্রান্ত সেবার প্রদানের সাথে জড়িত থাকে।

একজন অভিযুক্ত নির্যাতনমূলক নয় এমন অপরাধ সংক্রান্ত (নন-কাস্টোডিয়াল) ব্যবস্থার অধীনে আছে কি না তা পরীক্ষা করার জন্য (উদাহরণস্বরূপ প্যারোলে মুক্ত অথবা যদি সম্প্রতি জেল থেকে মুক্তি পায়) পুলিশ নেতৃত্বের সচেতন থাকা উচিত এই জন্য যে VAWG-এর একজন অপরাধীকে গ্রেপ্তার/অভিযোগ করার সময় তারা একটি মুখ্য ভূমিকা পালন করবে।

পুলিশ নেতৃত্বের এই বিষয়গুলি পর্যালোচনা করা উচিত এবং নির্যাতনমূলক নয় এমন অপরাধ সংক্রান্ত (নন-কাস্টোডিয়াল) ব্যবস্থার জন্য ইউএন এর মানদণ্ডের ন্যূনতম নিয়ম (‹টোকিওর নিয়ম›) এর সাথে পরিচিত হওয়া উচিত, যা তাদের এখতিয়ারের উপর নির্ভর করে বিভিন্ন পদ্ধতিগত পর্যায়ে প্রয়োগ করা যেতে পারে এমন বিভিন্ন ধরণের ব্যবস্থা সম্পর্কে বিস্তারিত নির্দেশনা প্রদান করে। উদাহরণস্বরূপ, এটি বারোটি ব্যবস্থা তালিকাভুক্ত করেছে যা বিচার বিভাগীয় কর্তৃপক্ষ একটি শাস্তির অংশ হিসাবে আরোপ করতে সক্ষম হতে পারে।[৪৪] এইগুলো:

- মৌখিক নিষেধাজ্ঞা, যেমন উপদেশ, তিরস্কার এবং সতর্কতা;
- শর্তাধীন মুক্তি;

***অভিযুক্ত অপরাধী বর্তমানে কোন নির্যাতনমূলক নয় এমন অপরাধ সংক্রান্ত (নন-কাস্টোডিয়াল) ব্যবস্থার- যেমন কমিউনিটি সার্ভিস অর্ডার, প্রোবেশন- অধীনে আছে কিনা তা আপনার পরীক্ষা করা উচিত।***

- মর্যাদা সংক্রান্ত জরিমানা;
- অর্থনৈতিক নিষেধাজ্ঞা এবং আর্থিক জরিমানা, যেমন ফাইন এবং প্রত্যেক দিনের-জরিমানা;
- বাজেয়াপ্ত বা দখলচ্যুত করার আদেশ;
- সহিংসিতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে পুনরুদ্ধার বা ক্ষতিপূরণ আদেশ; স্থগিত বা শাস্তি মুলতবী;
- পরীক্ষা এবং বিচার বিভাগীয় তত্ত্বাবধান;
- একটি সম্প্রদায়ে সেবা প্রদান সংক্রান্ত আদেশ;
- একটি উপস্থিতি কেন্দ্রে রেফারেল;
- স্বগৃহে বন্দী/গৃহবন্দী
- অ-প্রাতিষ্ঠানিক চিকিৎসার অন্য কোনো পদ্ধতি।

৪৩ HM Inspectorate of Probation Academic Insights 2019/02 European Probation Rules Rob Canton at: https://www.justiceinspectorates.gov.uk/hmiprobation/wp-content/uploads/sites/5/2019/03/Academic-Insights-Canton-Jan-19-final.pdf

৪৪ ১৪ ডিসেম্বর ১৯৯০ সালের সাধারণ পরিষদের রেজুলেশন ৪৫/১১০ দ্বারা গৃহীত নন-কাস্টোডিয়াল ব্যবস্থার জন্য জাতিসংঘের সাধারণ ন্যূনতম নিয়ম (দ্য টোকিও বিধি) @ https://www.penalreform.org/priorities/alternatives-toimprisonment/international-standards/

**বক্স-১১**

**UK এর সেরা অনুশীলন**[৪৫]

এইচএম সরকার এবং ইংল্যান্ড এবং ওয়েলশ বিচার ব্যবস্থা, সিপিএস এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলি সহিংসতা এবং নির্যাতনের সম্মুখীন হওয়া নারী এবং মেয়েদের সুরক্ষার জন্য স্বাধীন ভূমিকা পালনের মূল্য স্বীকার করেছে। সময়ের সাথে সাথে, ফৌজদারি এবং দেওয়ানী বিচার ব্যবস্থায় অপরাধীদেরকে জবাবদিহিতার আওতায় রাখার সময় নারীদেরদের সহায়তা ও সুরক্ষার জন্য ভাল অনুশীলনের উদ্ভব হয়েছে, যার বাস্তবায়ন নির্ভর করে প্রতিটি প্রতিষ্ঠান এবং সংস্থার গুণগত উপায়ে তার ভূমিকা পালন করছে কি না তার উপর। এই ভাল অনুশীলনের অন্তর্ভুক্ত হল:

(১) এইচএম সরকার বেশ কয়েকটি কৌশলগত নির্দেশিকা নথি তৈরি করেছে, যেগুলির উদ্দেশ্য হল জোরপূর্বক বিবাহ, নারীদের যৌনাঙ্গ কেটে ফেলা/কাটা এবং শিশু যৌন শোষণসহ বিষয়গুলির ক্ষেত্রে বহু-মাত্রিক দৃষ্টিভঙ্গি বাড়ানোর উদ্দেশ্যে।

এই নথিগুলি সামনের সারির অনুশীলনকারীদের ‹কি করতে হবে› এবং ‹কি করতে হবে না› এবং ‹চিহ্ন’ এবং ‘লক্ষণগুলি’ সম্পর্কে অমূল্য তথ্য প্রদান করে যা অনুশীলনকারীদের সহিংসতার শিকার সনাক্ত করতে সক্ষম করে।

(২) এই নির্দেশিকাটি কৌশলগত স্তরে কলেজ অফ পুলিশিং এবং NPCC দ্বারা প্রবর্তিত পুলিশ নির্দেশিকা দ্বারা সমর্থিত হয়েছে। এই কলেজ পুলিশ কর্মকর্তাদের প্রয়োজনীয় জ্ঞান, আচরণের মান, নেতৃত্ব এবং পেশাদারিত্ব বিকাশ করে, যা অনুমোদিত পেশাদার অনুশীলনের মাধ্যমে প্রতিষ্ঠিত হয়।

স্ট্র্যাটেজিক পুলিশিং রিকোয়ারমেন্টকে সংজ্ঞায়িত করা, পর্যবেক্ষণ করা এবং পরীক্ষামূলক শক্তির অবদানসহ জাতীয় কার্যক্রমগুলির সমজক্রমসহ NPCC-এর অনেকগুলি মূল কাজ রয়েছে; জাতীয় জরুরী পরিস্থিতিতে জাতীয় পুলিশের প্রতিক্রিয়ার সমন্বয় এবং সীমান্তে বাহিনীর মধ্যে এবং আন্তর্জাতিকভাবে সম্পদ একত্রিত করার সমন্বয়; কলেজ অফ পুলিশিং এবং সরকার কর্তৃক নির্ধারিত মানদণ্ড ও নীতির জাতীয় কার্যকরী বাস্তবায়ন; এবং ফৌজদারি বিচার এবং কার্যকারিতা সম্পর্কে যৌথ জাতীয় পন্থা বিকাশের জন্য কলেজ অফ পুলিশিংয়ের সাথে কাজ করা।

কলেজ অফ পুলিশিং নিম্নলিখিত VAWG বিষয়ের ক্ষেত্রে নেতৃত্ব, দিক নির্দেশনা এবং তদন্তের মান নিশ্চিতের জন্য অনুমোদিত পেশাগত অনুশীলন তৈরি করেছে:

পারিবারিক নির্যাতন
এফএম এবং এইচবিভি
কলেজ অফ পুলিশিং FGM/C
শিশু যৌন নির্যাতন
আধুনিক দাসত্ব
তাণ্ডব এবং হয়রানি
ধর্ষণ এবং যৌন অপরাধ

ধর্ষণের ক্ষেত্রে, ধর্ষণের প্রথম প্রতিক্রিয়া, চ্যালেঞ্জিং শ্রুতি (মিথ) এবং বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপ) এবং সম্মতির সমস্যা সমাধানের জন্য পুলিশ তদন্তকারীদের টুল কিট সম্পর্কে আরও নির্দেশিকা তৈরি করা হয়েছে।

কলেজ অফ পুলিশিং এর অনুমোদিত পেশাগত অনুশীলনকে (অথরাইজড প্রফেশনাল প্র্যাকটিস) পরিপূরক করার জন্য, NPCC HBA, FM এবং FGM সম্পর্কিত একটি কৌশলও তৈরি করেছে, যা ইংল্যান্ড, ওয়েলস এবং উত্তর আয়ারল্যান্ডের ৪৩ জন পুলিশ বাহিনীর প্রধান কনস্টেবলদের নীতি নির্দেশনা প্রদান করেছে।

৪৫ England and Wales Chapter in Manual on the Law Relating to Violence against Women (2018), Sarkaria, N., and Campbell, G. European Lawyers Foundation. https://elf-fae.eu/wp-content/uploads/2018/06/Manual-on-the-law-relating-to-violence-against-women.pdf

(৩) ক্রাউন প্রসিকিউশন সার্ভিস তার প্রসিকিউটরদের VAWG সম্পর্কিত অপরাধের বিচারের ক্ষেত্রে বিবেচনা করার জন্য একটি আইনি নীতি নির্দেশিকা প্রদান করেছে যার মধ্যে রয়েছে:

পারিবারিক নির্যাতন
শিশু যৌন নির্যাতন
FGM/C আইনি নির্দেশনা
FM এবং HBV আইনি নির্দেশনা
যৌনকর্মীদের সংক্রান্ত নির্দেশিকা
কথা বলা এবং হয়রানি
মানব পাচার, চোরাচালান এবং দাসত্ব

এই আইনি নীতি নির্দেশিকা প্রশিক্ষণের সাথে পরিপূরক। উদাহরণ স্বরূপ, CPS প্রমাণ-ভিত্তিক বিচার, নিয়ন্ত্রণ এবং সকল প্রসিকিউটরদের আচরণের উপর দুটি নতুন বাধ্যতামূলক পারিবারিক নির্যাতনের ই-লার্নিং মডিউল তৈরি করেছে। এই ই-লার্নিং-এর উপর ভিত্তি করে একটি সহায়ক স্মৃতিকথাও পুলিশকে সরবরাহ করা হয়েছে।

(৪) ইংল্যান্ড এবং ওয়েলসে, CPS, পুলিশ বাহিনী, কলেজ অফ পুলিশিং এবং NPCC-এর সাথে একটি শক্তিশালী কাজের সম্পর্ক রয়েছে। এই পেশাদার কাজের সম্পর্কটি বিশেষ করে VAWG বিষয়গুলির ক্ষেত্রে দৃঢ় যেখানে একটি স্বীকৃতি রয়েছে যে দুর্বল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আস্থা এবং আত্মবিশ্বাস সুরক্ষিত করার জন্য এবং সেইসাথে সফল বিচার নিশ্চিত করার জন্য সম্ভাব্য সর্বোত্তম প্রমাণ পাওয়ার একটি ঐক্যবদ্ধ পদ্ধতি থাকতে হবে। এই পরবর্তী দিকটি দুর্বল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ন্যায়বিচারের প্রবেশাধিকার (অ্যাক্সেস) নিশ্চিত করার জন্যও মৌলিক ছিল এবং পাশাপাশি তাদের আস্থা ও আত্মবিশ্বাসকে আরও সুরক্ষিত করেছে।

(৫) উপরোক্ত CPS অর্জনের জন্য, NPCC এবং পুলিশ বাহিনী গুরুত্বপূর্ণ যৌথ প্রশিক্ষণ সেশন পরিচালনা করেছে এবং বিশেষ করে ধর্ষণ, HBA, FM এবং FGM/C তদন্ত ও বিচারের ক্ষেত্রে যৌথ প্রোটোকল তৈরি করেছে।

বৈদ্যুতিক পর্যবেক্ষণ সাধারণত চিকিৎসার একটি পদ্ধতি নয় তবে স্থগিত কারাদণ্ডের মতো প্রোবেশন নন-কাস্টোডিয়াল শাস্তির বিকল্পগুলির বাস্তবায়ন তদারকি করার একটি উপায়।

পুলিশ নেতৃত্বেরও পর্যালোচনা করা উচিত এবং আপডেট করা মডেল কৌশল এবং ব্যবহারিক ব্যবস্থাগুলির সাথে পরিচিত হওয়া উচিত, যার জন্য প্রয়োজন:

- গ্রেফতার, আটক এবং অপরাধীর মুক্তির শর্তাবলী সম্পর্কিত সিদ্ধান্তগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা এবং অন্যদের নিরাপত্তার প্রয়োজনীয়তা বিবেচনা করে;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের দুর্বলতাসহ নিরাপত্তা ঝুঁকিগুলি, নন-কাস্টোডিয়াল বা আধা-হেফাজতীয় সাজা, জামিন মঞ্জুর, শর্তসাপেক্ষে মুক্তি, প্যারোল বা প্রবেশন সংক্রান্ত সিদ্ধান্তের ক্ষেত্রে বিবেচনা করা হয়, বিশেষ করে যখন পুনরাবৃত্তি এবং বিপজ্জনক অপরাধীদের সাথে কাজ করা হয়;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের আটক বা কারাবাস থেকে অপরাধীর মুক্তির বিষয়ে জানার  অধিকার রয়েছে।

**বক্স-১২**

মন্টিনিগ্রো নারীদের বিরুদ্ধে সহিংসতা কমাতে বহু-সংস্থা ভিত্তিক প্রচেষ্টা চালু করেছে। ২০১৮ সালে, পারিবারিক সহিংসতার মামলাগুলির সাথে কাজ করে এমন প্রতিষ্ঠানগুলির মধ্যে দুর্বল সংযোগের বিষয়টি খেয়াল করার জন্য একটি 'পরিচালন দল' প্রতিষ্ঠিত হয়েছিল। দলটিতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়, পুলিশ অধিদপ্তর, শ্রম ও সমাজকল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য মন্ত্রণালয়, উচ্চ অপরাধ আদালত, সুপ্রিম কোর্ট, রাষ্ট্রীয় প্রসিকিউটর অফিস, কাউন্সিল ফর সিভিলিয়ান কন্ট্রোল অফ পুলিশ অপারেশনস, এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষায় জড়িত পাঁচটি বেসরকারি সংস্থার প্রতিনিধিসহ বিভিন্ন সংস্থার ১৯ জন সদস্য রয়েছে। দলটি একটি সমন্বয়কারী সংস্থা হিসাবে কাজ করে যার লক্ষ্য প্রাসঙ্গিক নির্দেশিকা এবং উদ্যোগ প্রচারের মাধ্যমে পারিবারিক সহিংসতা সম্পর্কিত সমস্যাগুলি সমাধান করা।

# ন্যায় বিচারের ধারাবাহিকতার অন্যান্য অনুঘটকদের সাথে সমন্বিত প্রতিক্রিয়া

## বিচার প্রক্রিয়ায় বিরতি

পুলিশ নেতৃত্বকে সচেতন হওয়া উচিত এই জন্য যে, স্থানীয় পর্যায়ে সহিংসতার ঘটনার পর নারীরা চিকিৎসা সেবা গ্রহন বা পুলিশের সাথে যোগাযোগ না করলে বিচার প্রক্রিয়ায় বাধাগ্রস্ত হতে পারে। তাই পুলিশ নেতৃত্বের জন্য সুশীল সমাজ এবং নারীদের সংস্থাগুলির সাথে সংযোগের মাধ্যমে স্থানীয় সমস্যাগুলি সম্পর্কে বোঝাপড়া এবং সচেতনতা বৃদ্ধি করা গুরুত্বপূর্ণ, যা শীঘ্রই আলোচনা করা হবে।

উদাহরণস্বরূপ, সংখ্যালঘু গোষ্ঠীর নারীরা এবং আর্থিকভাবে সুবিধাবঞ্চিত নারীরা সহিংসতার ঘটনার পরে চিকিৎসা পরিষেবা প্রদানকারীদের সাথে যোগাযোগ না করা বা পুলিশকে কল না করার একটি সাধারণ কারণ হিসাবে বৈষম্যের ভয়কে উল্লেখ করেছেন। সাম্প্রতিক একটি সমীক্ষায়, রোমা সম্প্রদায়ের নারীরা বিশেষভাবে উদ্বিগ্ন যে রোমা সম্প্রদায়ের মধ্যে সহিংসতা স্বাভাবিক বলে গভীরভাবে বিশ্বাস করার কারণে কর্তৃপক্ষ সাহায্য করবে না।[৪৬]

**বক্স-১৩**

**OSCE-এর নেতৃত্বে নারীর প্রতি সহিংসতা নিয়ে সমীক্ষা: সুবিধাবঞ্চিত নারীদের অভিজ্ঞতা (২০১৯)**

সমীক্ষাটি স্পষ্টভাবে দেখিয়েছে যে নারীদের কিছু গোষ্ঠী সহিংসতার সম্মুখীন হওয়ার ঝুঁকিতে রয়েছে এবং সুবিধা-বঞ্চিত গোষ্ঠীর নারীরা প্রায়শই নির্দিষ্ট চ্যালেঞ্জের মুখোমুখি হন। নারীদের প্রভাবিত করে এমন অনেক বৈষম্যমূলক কারণ পরস্পর সম্পর্কযুক্ত। দারিদ্র্য, নিম্ন শিক্ষার হার এবং বাল্য ও জোরপূর্বক বিবাহ নারী ও মেয়েদের সহিংসতার সম্ভাবনা এবং এর ক্রমবর্ধমান শারীরিক ও মানসিক প্রভাবে অবদান রাখার প্রধান কারণ। সংখ্যালঘু গোষ্ঠীর অন্তর্গত, প্রতিবন্ধী হওয়া বা উদ্বাস্তু হওয়া বা বাস্তুচ্যুত হওয়া - এমন সমস্ত কারণ যা প্রায়শই দারিদ্র্য এবং বৈষম্যের সাথে যুক্ত থাকে - এছাড়াও সহিংসতার ঝুঁকি এবং পার্থক্যমূলক অভিজ্ঞতা নিয়ে আসে।

তাছাড়া, অন্তর্নিহিত সামাজিক নিয়ম এবং মনোভাব, যা কিছু সুবিধাবঞ্চিত গোষ্ঠীর মধ্যে বেশি সাধারণ এবং প্রায়শই দারিদ্র্য দ্বারা স্থায়ী হয়, লিঙ্গ বৈষম্য এবং নারীদের বিরুদ্ধে সহিংসতায় অবদান রাখে। নারীর অধীনতা, সহিংসতার জন্য নারীদের দোষারোপ করা এবং সহিংসতাকে ব্যক্তিগত বিষয় হিসেবে দেখা হয় এমন নিয়ম ও দৃষ্টিভঙ্গি প্রাক্তন উদ্বাস্তু/বাস্তুচ্যুত নারী, প্রাথমিক শিক্ষা প্রাপ্ত বা কম শিক্ষা প্রাপ্ত নারী এবং জাতিগত/ধর্মীয় সংখ্যালঘুদের অন্তর্ভুক্ত নারীদের মধ্যে বেশী দেখা যায়। যেহেতু এই ধরনের দৃষ্টিভঙ্গিগুলি বেশি রিপোর্ট করার প্রবণতার সাথে সঙ্গতিপূর্ণ নয়, সহিংসতা এখনও একটি সাধারণ ঘটনা, এবং এটি সম্ভবত সামাজিক নিয়ম এবং মনোভাবের কারণে ঘটে।

এই ধরনের নিয়মের ব্যাপকতা লিঙ্গ বৈষম্য, নির্যাতনের সহনশীলতা এবং সমাজ জুড়ে কথা বলার ভয়ের বিস্তৃত পরিবেশ সৃষ্টিতে অবদান রাখতে পারে। সুবিধাবঞ্চিত গোষ্ঠীর নারীরা সহায়তা পরিষেবাগুলিতে প্রবেশাধিকারের (অ্যাক্সেসের) ক্ষেত্রে অতিরিক্ত বাধার মুখোমুখি হন। কিছু ক্ষেত্রে, নারীদের সাহায্য করা উচিত এমন পরিষেবা প্রদানকারী এবং কর্তৃপক্ষের দ্বারা প্রাতিষ্ঠানিক বৈষম্যের শিকার হওয়ার ভয়ের কারণে এই বাধাগুলি বিদ্যমান। গুণগত গবেষণায় দেখা গেছে যে এটি রোমা নারীসহ নির্দিষ্ট জাতি-সংখ্যালঘু গোষ্ঠীর নারীদের জন্য বিশেষভাবে সত্য। অনেক সুবিধাবঞ্চিত নারীও বলছেন, অর্থনৈতিক নির্ভরতার কারণে তারা সেবা নিতে পারছেন না। এটি সমস্ত নারীদের জন্য একটি আর্থিক নিরাপত্তা জাল উপলব্ধ রয়েছে তা নিশ্চিত করার প্রয়োজনীয়তা তুলে ধরেছে।[৪৭]

পুলিশ নেতৃত্ব বিচার প্রক্রিয়ার সাথে সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তিদের সম্পর্ক পুনর্নির্মাণে সাহায্য করতে পারে:

- সংখ্যালঘুর ভাষায় তথ্য ও সেবা প্রদান;
- গ্রামীণ এবং প্রত্যন্ত স্থানে প্রতিষ্ঠিত পরিষেবা (স্থির বা মোবাইল) আছে কিনা তা পরীক্ষা করা;
- নারী ও প্রতিবন্ধী মেয়েদের জন্য তথ্য ও পরিষেবার প্রবেশা-ধিকার (অ্যাক্সেসযোগ্যতা) উন্নত করা (বক্স-৬ প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সাধারণ সাক্ষাৎকার কৌশল দেখুন);
- এটা নিশ্চিত করা যে সমস্ত পরিষেবা বিনামূল্যে প্রদান করা হয় এবং সুবিধাবঞ্চিত গোষ্ঠীর নারীদের জন্য অতিরিক্ত খরচ কমানো হয় (উদাহরণস্বরূপ পরিবহন, শিশু যত্ন বা ডাক্তারের ফি সম্পর্কিত খরচ);
- অনলাইন ও অফলাইন উভয় মাধ্যমেই নারী ও মেয়েদের উপলব্ধ সেবা সম্পর্কে অবহিত করা;

৪৬ নারীর প্রতি সহিংসতার উপর OSCE-এর নেতৃত্বে সমীক্ষা: সুবিধাবঞ্চিত নারীদের অভিজ্ঞতা (OSCE, 2019), @ https://www.osce.org/secretariat/430007?download=true

- সুবিধাবঞ্চিত গোষ্ঠীর নারীদের সুনির্দিষ্ট চাহিদা এবং চ্যালেঞ্জগুলিকে পুলিশ এবং বিচার বিভাগের জন্য সমস্ত প্রশিক্ষণে একীভূত করা, কীভাবে সহিংসতার শিকার ব্যক্তিকে রক্ষা করা যায় এবং সহায়তা প্রদান করা যায়, এর জন্য একটি সহিংসতার শিকার/বেঁচে থকা-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি প্রয়োগ করা এবং রিপোর্টিং সিস্টেম উন্নত করা;

- এই নারীদের সম্পর্কে বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপ) প্রতিরোধের লক্ষ্যে সুবিধাবঞ্চিত নারীদের নির্দিষ্ট চাহিদার বিষয়ে পুলিশ এবং বিচার বিভাগের মধ্যে সচেতনতা বাড়াতে দুর্বল বা সংখ্যালঘু গোষ্ঠীর প্রতিনিধিদের সাথে একসাথে কাজ করুন।

**বক্স-১৪**

**প্রতিবন্ধী ব্যক্তিদের জন্য সাধারণ সাক্ষাৎকার কৌশল**

১.সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে সম্মান ও মর্যাদার সাথে সম্বোধন করুন, যেমনটি সকল ব্যক্তির ক্ষেত্রে করা হয়;

২.যোগাযোগ করতে এবং সাক্ষাৎকার পরিচালনা করার জন্য অতিরিক্ত সময় দিন;

৩.সহজ, সুনির্দিষ্ট এবং সংক্ষিপ্ত ভাষা ব্যবহার করুন;

৪.ক্লোজ-এন্ডেড প্রশ্নগুলির বিপরীতে ওপেন-এন্ডেড প্রশ্নগুলি ব্যবহার করুন যার উত্তর আপনি 'হ্যাঁ' বা 'না' দিয়ে দিতে পারেন;

৫.ইঙ্গিতমূলক প্রশ্নগুলি এড়িয়ে চলুন যা নির্দিষ্ট প্রতিক্রিয়া বোঝায়;

৬.যদি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি আপনাকে বুঝতে না পারে তবে আপনার প্রশ্নগুলি পুনরায় বলুন। প্রয়োজনে তথ্য পুনরাবৃত্তি করুন;

৭.যোগাযোগের সুবিধার্থে ছবি, প্রতীক, শারীরিক ভঙ্গী, যা সম্ভব, ব্যবহার করুন;

৮.আপনি যে তথ্য প্রদান করেছেন তা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি বুঝেছে কি না তা নিশ্চিত করার জন্য তাদের জিজ্ঞাসা করুন;

৯.সহায়তা এবং উৎসাহ প্রদর্শন করুণ। সাক্ষাৎকার পরিচালনা করার সময় ধৈর্য ধরুন।

উৎস: Investigation, Protection, and Support Measures for GBV Victims' Resource Book: Experience and Guidelines of the Korean Police (UNDP Seoul Policy Centre, 2019).

## সুশীল সমাজের সাথে কাজ করা

পুলিশ নেতৃত্বের আইনের মধ্যে এবং ন্যায় বিচার ও নিরাপত্তা খাতের সংস্থা, স্বাস্থ্য এবং সামাজিক যত্ন প্রদানকারী সংস্থার সাথে কাজ করা উচিত যাতে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য ন্যায্য ফলাফল প্রদান করা যায়। উপযোগী সমর্থন এবং সহায়তা প্রয়োজন যা সহিংসতার সাথে জড়িত নারীদের আন্তঃসম্পর্কিত অভিজ্ঞতার বিষয়টি সম্পূর্ণ রূপে বিবেচনায় নেয়। উপযোগী সহায়তার উদাহরণগুলির মধ্যে রয়েছে সহায়তা দলে প্রবেশাধিকার (অ্যাক্সেস) যারা পারিবারিক নির্যাতনে বিশেষজ্ঞ এবং চলাচলের প্রকৃতির কারণে গ্রামীণ এলাকায় বসবাসকারী নারীরা তাদের অ্যাক্সেস করতে পারে।

**বক্স-১৫ (UNFPA জানুয়ারী, ২০১৯)[৪৮]**

**স্লোভিয়ানস্ক, ইউক্রেন**

UNFPA-এর মোবাইল সাইকোসোশ্যাল সাপোর্ট টিমগুলি লিঙ্গ -ভিত্তিক সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বিস্তৃত পরিসরে সহায়তা প্রদান করে। দলটি পারিবারিক নির্যাতন থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের একটি আশ্রয় কেন্দ্রে যেতে সাহায্য করতে পারে এবং এটি গুরুত্বপূর্ণ, বিশেষ করে গ্রামীণ এলাকায় নাগালের বাইরে থকা এমন নারীদের সাহায্য করে। UNFPA-এর প্রতিটি মোবাইল টিম তিনজন বিশেষজ্ঞের সমন্বয়ে গঠিত - একজন সমন্বয়কারী, একজন মনোবিজ্ঞানী এবং একজন সমাজকর্মী - যারা পারিবারিক সহিংসতায় ক্ষতিগ্রস্তদের উপর দৃষ্টি নিবদ্ধ করে অভাবী পরিবারগুলোর সাথে দেখা করেন। মোবাইল দল একটি পরিবারের পরিস্থিতি নিরীক্ষণ করতে পারে, তাদের বাড়িতে বারবার পরিদর্শন করতে পারে, সহিংসতার থেকে বেঁচে থাকা ব্যক্তিকে সামাজিক পরিষেবার জন্য কেন্দ্রে আনতে পারে, বা অন্যান্য রাষ্ট্রীয় সংস্থা বা আইনজীবীদের কাছে মামলাটি হস্তান্তর করতে পারে যারা প্রয়োজনীয় সহায়তা প্রদান করতে পারে।

৪৮ পারিবারিক সহিংসতা মোকাবেলা করতে, ইউক্রেন UNFPA-এর মোবাইল সহায়তা দলগুলির (UNFPA, 2019) দিকে তাকিয়ে আছে @ https://www.unfpa.org/news/tackle-domestic-violence-ukraine-looks-unfpasmobile-assistance-teams

**বক্স-১৬**

**নারীর শহর:** VAWG পরিষেবা এবং প্রতিক্রিয়ার জন্য একটি উদ্ভাবনী পদ্ধতি এল সালভাদরে সামাজিক অন্তর্ভুক্তির সচিবালয় (SIS) দ্বারা তৈরি। নারীদের এক ছাদের নিচে সমন্বিত সেবা প্রদানের মাধ্যমে নারীদের ক্ষমতায়নের জন্য নারী শহর একটি অনন্য মডেল (মহিলা সিটি সেন্টার)। এই পরিষেবাগুলি SIS-এর নেতৃত্বে বিভিন্ন সরকারী প্রতি-ষ্ঠানের মাধ্যমে (পরিষেবা প্রদানকারী) প্রদান করা হয়। নারীদের শহরের কেন্দ্রের পরিষেবাগুলির মধ্যে রয়েছে:

- নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও প্রতিক্রিয়া জানানো
- যৌন ও প্রজনন স্বাস্থ্য সেবা
- অর্থনৈতিক স্বাধীনতা প্রতিষ্ঠার জন্য সহায়তা
- নারীর অধিকারের প্রচার এবং VAWG প্রতিরোধে গোষ্ঠী শিক্ষা; এবং
- ১২ বছরের কম বয়সী শিশুদের জন্য শিশু যত্ন যখন নারিরা কেন্দ্রে পরিষেবা গ্রহন করেন।

একই অবস্থানে বেশ কয়েকটি পরিষেবা একত্রিত করে, মডেলটি ব্যাপকভাবে ছড়িয়ে ছিটিয়ে থাকা জনসেবা খোঁজার জন্য নারীদের ব্যয় করা সময় এবং সংস্থান হ্রাস করেছে উইমেনস সিটি অ্যাপ্রোচ VAWG প্রতিক্রিয়া জানানোর জন্য নারীদের লক্ষ্য করে প্রয়োজন অনুসারে (কাস্টমাইজড) পরিষেবাগুলির একটি সমন্বিত প্যাকেজ প্রদান করেছে। পদ্ধতিটি আরও বেশি গুণগতমান নিশ্চিতের মাধ্যমে পরিষেবা সরবরাহের অনুমতি দেয়, কারণ এটি পরিষেবা বিধানের একটি শৃঙ্খল অনুসরণ করে যা পুরো প্রতিষ্ঠান জুড়ে সমন্বিত থাকে।

প্রতিক্রিয়া সম্পর্কিত পরিষেবাগুলি (যেমন শারীরিক আঘাতের চিকিৎসা, মনোসামাজিক সহায়তা, ইত্যাদি) পাওয়ার পাশাপাশি, নারীরা অর্থনৈতিক স্বাধীনতা অর্জনের জন্য কার্যক্রমেও অংশগ্রহণ করে বিধায় সহিংসতার পরিস্থিতি ত্যাগ করার জন্য তাদের সামনে অনেক বিকল্প উপস্থাপন করে। কেন্দ্রগুলিতে পরিষেবা প্রদানকারীদের মধ্যে আন্তঃ-প্রা-তিষ্ঠানিক সমন্বয় ও সহিংসতার দ্বারা প্রভাবিত নারীদের সনাক্তকরণ করার সুযোগ বৃদ্ধি করে, যারা VAWG-এর সাথে সম্পর্কিত নয় এমন পরিষেবাগুলি খুঁজছেন তাদের জন্য এটি একটি এন্ট্রি পয়েন্ট (প্রবেশের বিন্দু) হিসাবে কাজ করে।[৪৯]

## তথ্য ব্যবহার

যদিও পুলিশ কিছু এখতিয়ারে চার্জ করার প্রাথমিক সিদ্ধান্তের জন্য দায়ী হতে পারে, তবে ধার্য করা অভিযোগ এবং সহায়ক প্রমাণের কার্যকর সংগ্রহের জন্য, তারা এককভাবে দায়ী নয়। । উদাহরণস্বরুপ, কিছু বিচার ব্যবস্থায়, যেমন মিশর, প্রসিকিউটর তদন্ত এবং চার্জ প্রক্রিয়া পরিচালনা করেন। চার্জ গঠন এবং প্রমাণ সংগ্রহের ক্ষেত্রে পুলিশ এবং প্রসিকিউটরদের কার্যকারিতা পরিমাপের জন্য সফল প্রসিকিউশনের সংখ্যা বৃদ্ধি একটি একটি সূচক হবে (যদিও অন্যের প্রতিনিধিত্ব পরিমাপ করা)।

স্থানীয় তথ্য পুলিশ নেতৃত্বকে নির্দিষ্ট অপরাধ শনাক্ত করতে সাহায্য করতে পারে যেখানে তাদের কর্মীদের কর্মক্ষমতা উন্নত করতে হবে। উদাহরণ স্বরুপ, যুক্তরাজ্যে স্থানীয় ফৌজদারি বিচার বোর্ড ফৌজদারি অপরাধের গ্রেফতার এবং অভিযোগ সংক্রান্ত স্থানীয় তথ্য সংগ্রহ করে। এখন যুক্তরাজ্যে ধর্ষণের অপরাধ তদন্ত ও অভিযুক্ত করার পদ্ধতির উন্নতির দিকে নজর দেওয়া হচ্ছে। একটি ফৌজদারি বিচার সংস্থা হিসাবে পুলিশ পরিষেবা জাতীয় ফৌজদারি বিচার বোর্ড এবং স্থানীয় ফৌজদারি বিচার বোর্ডের সদস্য। ।

**বক্স-১৭**

যুক্তরাজ্যে প্রসিকিউটিং কর্তৃপক্ষ একটি বার্ষিক VAWG কর্মক্ষমতা প্রতিবেদন তৈরি করেছে যা বিচার করা মামলার সংখ্যা এবং প্রাপ্ত ফলাফলগুলিকে নির্দেশ (হাইলাইট) করে। এই তথ্য সংগ্রহটি VAWG-এর সাথে জড়িত সাইবার অপরাধের শনাক্তকরণ, চার্জ গঠন এবং বিচার প্রক্রিয়াকে উন্নত করেছে।

## সূচকসমূহ

পুলিশ নেতৃত্বের উচিত তথ্য সংগ্রহের জন্য জাতীয় সূচকগুলি সম্পর্কে সচেতনতা তৈরি করা যা তারা ন্যায় বিচার এবং নিরাপত্তা খাতের সংস্থাগুলির কর্মক্ষমতা এবং বিচার প্রক্রিয়ায় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বিচার পাওয়া সংক্রান্ত ফলাফলের চিত্র তৈরি করতে অবদান রাখতে পারে। সূচকগুলির মধ্যে রয়েছে, উদাহরণ স্বরুপ, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির আদালতে উপস্থিত না থাকা, পুলিশের মাধ্যমে উপলব্ধ প্রমাণের ভিডিও সরবরাহ না করা ফলে বিচারক দ্বারা মামলা বন্ধ করা বা উপলব্ধ সামাজিক যোগাযোগ মাধ্যমের প্রমাণ পেতে ব্যর্থ হওয়া এবং অব্যবহৃত উপাদান প্রকাশে বাধা দেওয়া।

যুক্তরাজ্যে, জাতীয় ফৌজদারি বিচার বোর্ড ফৌজদারি বিচার ব্যবস্থার জন্য জাতীয় অগ্রাধিকার নির্ধারণ করেছে যা ব্যবস্থাপনা এবং বিতরণের জন্য স্থানীয় ফৌজদারি বিচার বোর্ডের কাছে

৪৯ 'Good practice in designing a community-based approach to prevent domestic violence', Expert paper Expert Group Meeting Organized by UN Division for the Advancement of Women in collaboration with UNODC (17 to 20 May 2005 Vienna, Austria), prepared by Lori Michau Raising Voices Kampala, Uganda, at: https://www.un.org/womenwatch//daw/egm/vaw-gp-2005/docs/FINALREPORT.goodpractices.pdf

হস্তান্তর করা হয়েছে।

**এছাড়াও পুলিশ সংস্থাগুলির দ্বারা লিঙ্গ-সংবেদনশীল তথ্য সংগ্রহের বিষয়ে আরও আলোচনার জন্য দশম দেখুন অধ্যায়: 'প্রতিষ্ঠান স্থাপন (বিল্ডিং)' দেখুন।**

### পুলিশ এবং প্রসিকিউটরদের দ্বারা যৌথ প্রমাণ সংগ্রহের ভাল অনুশীলনকে নীতি, পদ্ধতি এবং প্রযোজ্য ক্ষেতভুক্তসহায়তা-কারী আইনের মধ্যে অন্তর্ভুক্ত করা

সংস্থার দায়িত্ব সম্পর্কে সচেতনতা এবং বোঝাপড়া বাড়ানোর জন্য, VAWG মোকাবেলা করার জন্য কার্যকর সহযোগিতার সংস্কৃতিকে উন্নীত করতে এবং সর্বোত্তম অনুশীলনের ব্যবহার নিশ্চিত করতে পুলিশ এবং প্রসিকিউটরদের জন্য প্রমাণ সংগ্রহের বিষয়ে স্থানীয় নির্দেশিকা রয়েছে কিনা তা পুলিশ নেতৃত্বের পরীক্ষা করা উচিত। যেখানে এটি বিদ্যমান নেই, আপনি বিবেচনা করতে পারেন যে স্থানীয় অনুশীলনের উন্নতির জন্য একটি স্থানীয় চুক্তি সাহায্য করবে কিনা। পুলিশ নেতৃত্বকে প্রসিকিউটরদের সাথে ঘনিষ্ঠভাবে কাজ করার কথা বিবেচনা করা উচিত যাতে তারা কীভাবে একসাথে কাজ করতে পারে তার প্রক্রিয়া উন্নত করতে।

উদাহরণ স্বরূপ, ইউকে-তে, পারিবারিক নির্যাতন মোকাবেলায় পুলিশ এবং প্রসিকিউটরদের একসঙ্গে কাজ করতে হবে এমন স্বীকৃতির পরে, পুলিশকে প্রতিটি পারিবারিক নির্যাতনের ক্ষেত্রে CPS-কে একটি সম্পূর্ণ যৌথ প্রমাণ সম্বলিত চেকলিস্ট পূরণ করার সময় চার্জ গঠন সম্পর্কিত পরামর্শ বা চার্জ গঠন সম্পর্কিত সিদ্ধান্তের তথ্যের প্রয়োজন হয়।

**বক্স -১৮**

**ইউকে উদাহরণ: যৌথ প্রমাণ সম্বলিত চেকলিস্ট (জয়েন্ট এভিডেন্স চেকলিস্ট)**[৫০]

চেকলিস্টটি পরিকল্পনা করা হয়েছে এটা নিশ্চিত করার জন্য যে পারিবারিক নির্যাতনের অপরাধগুলিকে এখন পুলিশ এবং প্রসিকিউটররা গুরুত্ব সহকারে বিবেচনা করে এবং পারিবারিক নির্যাতনের মামলাগুলির বিচারের উন্নতির জন্য অন্যান্য পদক্ষেপের সাথে হাত মিলিয়ে কাজ করে।

গত দুই বছরে পাইলট প্রকল্পের অধীনে প্রস্তুতকৃত কৌশল ব্যবহার করে কিছু এলাকায় সাক্ষীদের পর্দার আড়াল থেকে সাক্ষ্য দিতে সক্ষম করাসহ বিচারের হার প্রায় ১০% বৃদ্ধি পেয়েছে।

২০১৬ সাল থেকে লন্ডন, নটিংহাম এবং ইয়র্কশায়ারে CPS পাইলট প্রকল্পগুলিতে নতুন বিচার ব্যবস্থা তৈরি করা হয়েছে। এর মধ্যে রয়েছে:

- নিশ্চিত করা যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা বিচারের আগে আদালতে যেতে পারে এবং পারিপার্শ্বিক পরিস্থিতির সাথে নিজেদের পরিচিত করতে পারে;

- যতক্ষণ পর্যন্ত আদালত অনুমতি দেয় ততক্ষণ পর্যন্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা পর্দার আড়াল থেকে সাক্ষ্য দিতে পারে;

-যেখানে সম্ভব শিশু যত্নের সুবিধাসহ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং অপরাধীদের জন্য আলাদা আদালতের প্রবেশদ্বার প্রদান;

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে সমর্থন করার জন্য একটি স্বাধীন পারিবারিক নির্যাতন উপদেষ্টা (IDVA) থেকে আরও ভাল সহায়তা নিশ্চিত করা।[৫১]

এটি নিশ্চিত করার জন্য যে: সময়োপযোগী সিদ্ধান্ত নেওয়া হয়; প্রতিটি অভিযোগকারীর জন্য একটি চার্জিং চেকলিস্ট সম্পন্ন করা হয় যেখানে একাধিক জড়িত থাকে; অভিযুক্ত অপরাধীর ভূমিকা এবং আচরণ সহ সমস্ত উপলব্ধ প্রমাণের মূল্যায়নের মাধ্যমে সামগ্রিক অভিযোগ বিবেচনা করা হয়।অভিযোগকারী এবং যে কোনো শিশু বা অন্যান্য নির্ভরশীলদের নিরাপত্তার বিষয়টিও প্রাথমিক বিবেচনা হিসেবে বিশদভাবে উল্লেখ করা হয়েছে এবং শিকার/জীবিতদের উল্লেখ করা হয়েছে শীঘ্র সম্ভাব্য সুযোগে বিশেষজ্ঞ পরিষেবা সমর্থন।

## সম্প্রদায় চালিত সমাধান

**পুলিশ নেতৃত্বের সচেতন হওয়া উচিত যে তাদের কর্মীরা সেই সম্প্রদায়ের সাথে জড়িত যে তারা নারী ও মেয়েদের প্রতি সহিংসতা জড়িত অপরাধ মোকাবেলায় সম্প্রদায়-চালিত সমাধান নির্ধারণে সহায়তা করার জন্য পুলিশিং করছে।** উদাহরণ স্বরূপ বলা যায় সমাজে কোন আচরণটি অগ্রহণযোগ্য যা পুলিশ সহ্য করে না, এবং সম্প্রদায়গুলিকে পালাক্রমে স্থানীয় পুলিশিং পদ্ধতি সম্পর্কে অবহিত করার জন্য ধর্মীয় উপাসনালয় পরিদর্শন করে পুলিশ নেতৃত্ব নারী নেতৃবৃন্দসহ সম্প্রদায়ের নেতৃবৃন্দের সাথে সংযোগ স্থাপন করতে পারে।

VAWG **প্রতিরোধে দীর্ঘমেয়াদী সাফল্য ক্রমবর্ধমানভাবে সকল স্তরে ব্যাপক পদ্ধতির [পরিবেশগত মডেল (ইকোলজিক্যাল**

৫০ "Evidence gathering - Joint Police-CPS Evidence Checklist' Domestic Abuse Guidelines for Prosecutors (2020). Crown Prosecution Service, at: https://www.cps.gov.uk/sites/default/files/documents/publications/npcc_cps_joint_evidence_gathering_checklist_2015.docm

৫১ CPS to Extend Effective Domestic Violence Prosecution Scheme. Techniques Developed in Pilot Projects have Improved Conviction Rates (2018), Bowcott, O. for The Guardian, at: https://www.theguardian.com/law/2018/dec/18/cps-to-extend-effective-domestic-violence-prosecution-scheme

মডেলের)] উপর নির্ভর করবে (ক্রুগ ও অন্যান্য, ২০২১:১৬)। ক্রুগ ও অন্যান্যরা কারণগুলির একটি সহায়ক পর্যালোচনা প্রদান করে। পরিবেশগত মডেল বিভিন্ন কারণের সামগ্রিক বিশ্লেষণ প্রদান করে যা একজন ব্যক্তির সহিংসতা ব্যবহার করার সিদ্ধান্তে অবদান রাখে (হেইচ, ১৯৯৮)। ইকোলজি-ক্যাল মডেল দেখায় যে হিংসাত্মক আচরণ ব্যক্তি, **সম্পর্কীয়, সাম্প্রদায়িক এবং সামাজিক গতিশীলতার জটিল আন্তঃপ্রক্রিয়া থেকে বৃদ্ধি পায়। এখানে জোর দিয়ে বলা হয়েছে যে সহিংসতা প্রভাবের চারটি ক্ষেত্রের একটিও কোন একটি নির্দিষ্ট কারণের ফলে ঘটে না বরং এটি একজন ব্যক্তির মনোভাব, আচরণ এবং পছন্দকে প্রভাবিত করে এমন বিভিন্ন ক্ষেত্রের একাধিক কারণের জটিল সমীকরণের জন্য ঘটে।**

**সম্প্রদায় চালিত সমাধানের মূল প্রতিবন্ধকতা (বিল্ডিং ব্লক) হল সম্প্রদায়গুলিকে একত্রিত করা। সম্প্রদায়গুলিকে একত্রিত করার জন্য নির্দেশক নীতিগুলির মধ্যে রয়েছে:**

- **১। প্রতিরোধ দীর্ঘমেয়াদী, টেকসই পরিবর্তনকে প্রভা-বিত করার জন্য, সংগঠনগুলিকে অবস্থানের পরিবর্তে একটি সক্রিয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। কেন পারিবারিক সহিংসতা ঘটে তার একটি লিঙ্গ-ভিত্তিক বিশ্লেষণ প্রবর্তন করার মাধ্যমে প্রাথমিক প্রতিরোধে নারীর প্রতি সহিংসতার মূল কারণগুলিকে মোকাবেলা করার প্রয়োজন। এর অর্থ হল সমাজে নারীর মর্যাদা, ক্ষমতার ভারসাম্যহীনতা এবং কঠোর লিঙ্গ ভূমিকাকে পারিবারিক সহিংসতার মূল কারণ হিসেবে স্বীকৃতি দেওয়া।**

- **২। সার্বজনীন (হোলিস্টিক) পারিবারিক সহিংসতা প্রতিরো-ধের জন্য সমগ্র সম্প্রদায়ের প্রতিশ্রুতি এবং সংযুক্তি প্রয়োজন। এর অর্থ হল সংগঠনগুলির পক্ষে জটিল ইতিহাস, সংস্কৃতি এবং সম্পর্কগুলিকে স্বীকার করা গুরুত্বপূর্ণ যা একটি সম্প্রদায় এবং ব্যক্তির মধ্যে অবস্থান করে এবং পরিবর্তনের জন্য পর্যাপ্ত গতি তৈরি করার জন্য পুলিশ বা স্বাস্থ্যসেবা প্রদানকারীদের অন্ত-র্ভুক্ত করে।**

- **৩। সামাজিক পরিবর্তনের একটি প্রক্রিয়া সম্প্রদায়ের নিয়ম পরিবর্তন একটি প্রক্রিয়া, একটি কোন একক ঘটনা নয়। কীভাবে ব্যক্তিরা স্বাভাবিকভাবে পরিবর্তনের প্রক্রিয়ার মধ্য দিয়ে যায় তা বোঝার উপর ভিত্তি করে উদ্যোগগুলি সম্প্র-দায়ের মধ্যে এলোমেলো বার্তা প্রেরণের চেয়ে বেশি কার্য-কর হতে পারে। এইভাবে, সামাজিক পরিবর্তনকে প্রভাবিত করার প্রচেষ্টাকে নিয়মতান্ত্রিকভাবে মানুষকে বোঝাতে হবে। যে সংস্থাগুলি এই কাজটি করার চেষ্টা করে তারা পরিবর্তনের যাত্রায় সম্প্রদায়ের সাথে কাজ করে, নির্দেশনা প্রদান, সুবিধা প্রদান এবং সমর্থন করার মাধ্যমে ব্যক্তি এবং সামষ্টিক পরি-বর্তনের দক্ষ সহায়তাকারী হয়ে উঠতে পারে।**

***একটি অধিকার-ভিত্তিক দৃষ্টিভঙ্গি জনগণকে তাদের নিজস্ব ব্যক্তিগত উন্নয়নের মূল অনুঘটক হিসাবে গড়ে তোলে এবং তারা প্রক্রিয়ায় অসমতা বিশ্লেষণ করতে চায় যা তাদের অধিকার উপভোগ করতে এবং বৈষম্যমূলক অনুশীলন এবং ক্ষমতার অন্যায্য বণ্টনের প্রতিকারের অন্তরায় সৃষ্টি করে।***

- **৪। ধারণার বারবার প্রকাশ (এক্সপোজার) সম্প্রদায়ের সদ-স্যদের একটি লম্বা সময় ধরে বিভিন্ন উৎস থেকে নিয়মিত এবং পারস্পরিকভাবে শক্তিশালী বার্তাগুলির সাথে জড়িত থাকতে হবে।**

- **৫। মানবাধিকারের কাঠামো (ফ্রেমওয়ার্ক) পারিবারিক সহিংসতা প্রতিরোধে একটি অধিকার-ভিত্তিক পদ্ধতি নারী ও সম্প্রদায়ের ক্ষমতায়ন করছে।**

- **৬। সম্প্রদায়ের মালিকানা একটি সম্প্রদায়ের ক্ষতিকারক বিশ্বাস এবং অনুশীলন পরিবর্তনের লক্ষ্যে কার্যকরী প্রকল্প-গুলি অবশ্যই সেই সম্প্রদায়ের সদস্যদের দ্বারা জড়িত এবং নেতৃত্বে হতে হবে।**[৫২]

**পুলিশ নেতৃত্ব লক্ষ্য করবে যে সম্প্রদায়ের মালিকানা নেতৃত্ব পরিবর্তন আনতে পারে এবং বোঝাপড়া বাড়ানোর মাধ্যমে** VAWG-**এর সামাজিক প্রতিক্রিয়াকে প্রভাবিত করতে পারে।**

**বক্স-১৯**

বাংলাদেশে, VAWG-এর উপর স্থানীয় সম্প্রদায়ের সাথে জড়িত একটি মূল গবেষণা এবং VAWG-এর প্রতি সাড়া দেওয়ার জন্য কিছু সুনির্দিষ্ট পরামর্শ চিহ্নিত করা হয়েছে।[৫৩] এই পরামর্শগুলি বিস্তৃতভাবে বিদ্যমান কাঠামোর শক্তি শালীকরণ এবং পরিবর্তন এবং নতুন কাঠামো তৈরিতে বিভক্ত করা যেতে পারে।

৫২ Good Practice in Designing a Community-based Approach to Prevent Domestic Violence Expert Paper: Expert Group Meeting Organized by UN Division for the Advancement of Women in Collaboration with UNODC, 17 to 20 May 2005 Vienna, Austria. Prepared by Lori Michau for Raising Voices. Kampala, Uganda, at: https://www.un.org/womenwatch/daw/egm/vaw-gp-2005/docs/experts/michau.community.pdf

৫৩ From Evidence to Policy: Addressing Gender-Based Violence against Women and Girls in Bangladesh (2013). A report Submitted to Department for International Development by: icddr,b in collaboration with Population Council, at: https://assets.publishing.service.gov.uk/media/57a08a16ed915d3cfd0005a4/VAWG_Bangladesh_Final_Report.pdf

এই অধ্যয়নটি দেখিয়েছে যে VAWG কে মোকাবেলা করা চ্যালেঞ্জিং হিসেবেই রয়ে গেছে কারণ পুরুষতান্ত্রিক কাঠামো এবং আদর্শ VAWG এর চারপাশে নীরবতার সংস্কৃতি তৈরি করেছে। সম্পদের অভাব, গ্রামের মধ্যে ক্ষমতার গতিশীলতা এবং অপরাধীদের প্রতি পক্ষপাতিত্ব এবং সর্বস্তরে দুর্নীতির কারণে পরিস্থিতি আরও খারাপ হয়েছে। সম্প্রদায়ের মানুষদের দেওয়া সমাধানগুলি পরিবেশগত কাঠামোর সমস্ত স্তরে (যেমন, ব্যক্তি, দম্পতি, পরিবার, সম্প্রদায় এবং সমাজ) গ্রহণ করে এবং সেখানে VAWG-এর প্রতিরোধ এবং প্রতিক্রিয়া উভয়ই অন্তর্ভুক্ত রয়েছে।

গবেষণায় অংশগ্রহণকারীরা VAWG মোকাবেলার জন্য অন্তর্দৃষ্টিমূলক এবং উদ্ভাবনী পরামর্শ প্রদান করেছেন। তথ্যদাতারা লিঙ্গ সমতা, ন্যায় এবং দৃষ্টিভঙ্গি পরিবর্তনের সাথে জড়িত প্রতিরোধমূলক কাজের প্রয়োজনীয়তার উপর জোর দিয়েছেন। পুরুষ এবং নারী উভয়ই সাধারণভাবে সম্প্রদায়ের প্রচারাভিযানের বিষয়ে কথা বললে, নারীরা সম্ভাব্য অপরাধীদের এবং পুরুষ ও ছেলেদের সহযোগী হিসাবে লক্ষ্য বিবেচনা করার পরামর্শ দিয়েছেন।

তারা অনুভব করেছিল যে স্থানীয় জনগণ, বিশেষ করে ছেলে এবং পুরুষ, যুব ক্লাব, স্কুল, মসজিদ, এনজিও, স্থানীয় এবং উচ্চ পর্যায়ে সরকারকে জড়িত করা গুরুত্বপূর্ণ।

নারীরাএই পরিবর্তন সংগঠনের জন্য একাধিক উপায়ের পরামর্শ দিয়েছেন-যেমন অনানুষ্ঠানিক সমাবেশ, সভা, ওয়ার্কশপ, সেমিনার, এনজিও গ্রুপের সদস্যদের সেশন, ব্যঙ্গ, পথ নাটক, ফিল্ম শো এবং মোবাইল ফোন ব্যবহার করে টেক্সট মেসেজিং। পুরুষরা যেখানে দারিদ্র্য হ্রাস সম্পর্কে কথা বলেছিল এবং বিশেষ করে VAWG প্রতিরোধ কৌশল হিসাবে পুরুষদের জন্য কর্মসংস্থানের সুযোগের কথা বলেছিল, নারীরা VAWG প্রতিরোধের অন্যান্য মাত্রায় তাদের অর্থনৈতিক ক্ষমতায়ন এবং ক্ষমতায়নের সুপারিশ করেছিল।

নারীদের দ্বারা প্রণীত সুপারিশগুলি বিভিন্ন উন্নয়নশীল দেশে ১৪টি হস্তক্ষেপের সাম্প্রতিক পর্যালোচনার সাথে সামঞ্জস্যপূর্ণ যা দেখিয়েছে যে স্ব-কার্যকারিতা এবং অন্যান্য দক্ষতা তৈরির জন্য হস্তক্ষেপের সাথে কিশোরী মেয়েদের অর্থনৈতিক ক্ষমতায়নের সংমিশ্রণ কিশোরী মেয়েদের বিরুদ্ধে সহিংসতা হ্রাস করে।[৫৪]

৫৪ A Review of the Evidence on Multi-sectoral Interventions to Reduce Violence against Adolescent Girls (2013)" Blanc, A.K., Melnikas, A., Chau, M., and Stoner, M. Integrated Approaches to Improving the Lives of Adolescent Girls Issue Papers Series: Girl Hub.

VAWG মোকাবেলা এবং আশ্রয়ের খোঁজ করা সহিংসতার শিকার নারী ও মেয়েদের দ্বিতীয় বার সহিংসতার শিকার হওয়া (পুনঃ-ভিকটিমাইজেশন) বা দ্বিতীয়বার মানসিক আঘাত (বপুনঃট্রমাটাইজেশন পাওয়া সংক্রান্ত ঝুঁকি মোকাবেলা করার জন্য অনানুষ্ঠানিক ও আনুষ্ঠানিক ন্যায়বিচারের ব্যবস্থা পুনর্গঠন ও শক্তিশালী করার জন্য কয়েকটি পদক্ষেপের পরামর্শ দেওয়া হয়েছিল। নারী এবং মেয়েরা পুরো প্রক্রিয়া জুড়ে পুরুষের আধিপত্যকে VAWG এর যথাযথভাবে প্রতিক্রিয়া জানাতে একটি গুরুত্বপূর্ণ প্রতিবন্ধক হিসাবে চিহ্নিত করেছে।

নির্যাতিতদের রক্ষা করার জন্য ইউনিয়ন পরিষদের ('ইউপি') নারী সদস্যদের ক্ষমতায়ন করা; শালিশে নারী প্রতিনিধিত্ব বাড়ানো; নারী মাতব্বরদের শালিশে নেতৃত্ব দেওয়া; নারীদের সকল স্তরে সাক্ষী হিসাবে কাজ করার অনুমতি দেওয়া, সহিংসতার শিকার নারীদের মামলা উপস্থাপনের জন্য একটি সক্ষম পরিবেশ তৈরি করা এবং তাদের প্রয়োজন মেটানোর বিষয়ে সোচ্চার হওয়ার বিষয়ে তারা পরামর্শ দিয়েছে। সম্প্রদায়ের নেতা, পুলিশ এবং আইনজীবীদের মধ্যে দুর্নীতি মোকাবেলার জন্য শাস্তির কঠোর ব্যবস্থা (যেমন, জরিমানা, বরখাস্ত বা বরখাস্ত) এবং পুরস্কার প্রবর্তনের সাথে সুশাসন প্রতিষ্ঠার সুপারিশ করা হয়েছিল।

দুর্নীতিগ্রস্ত গ্রামের নেতাদের ব্যঙ্গের (স্কিটস) মাধ্যমে কলঙ্কিত করারও পরামর্শ দেওয়া হয়েছিল। অনানুষ্ঠানিক বা আনুষ্ঠানিক বিচার ব্যবস্থা উভয় ক্ষেত্রেই আশ্রয় খোঁজার প্রক্রিয়ার উপর নারীদের নিয়ন্ত্রণের অভাবের কথা উল্লেখ করে সহিংসতার শিকার নারী এবং মেয়েদের মতামত শোনার গুরুত্ব তুলে ধরা হয়েছিল। মতামত প্রদানের ধারণাটি নারীবাদী দৃষ্টিভঙ্গির সাথে সঙ্গতিপূর্ণ যা এই ধারণা দিয়ে শুরু হয় যে সমাজের কম শক্তিশালী সদস্যরা তাদের নিপীড়নের ফলে একটি ভিন্ন বাস্তবতা অনুভব করে (বেলকন্যাপ, ২০০৭)।

সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী অ মেয়েদের পক্ষ থেকে সামাজিক কর্মকাণ্ডের পরিকল্পনা ও উদ্যোগ নেওয়ার জন্য এই দৃষ্টিভঙ্গি উপস্থাপন ও বোঝা গুরুত্বপূর্ণ। সম্প্রদায়ের স্তরের মানুষেরাশেরা পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০ সম্পর্কে অজ্ঞ ছিল। আমাদের গবেষণায় নারীরা সঠিকভাবে উল্লেখ করেছেন যে বর্তমান পরিস্থিতিতে একজন নারীর জন্য তার স্বামীর বাড়িতে থাকার সুরক্ষার আদেশের অনুরোধ করা অত্যন্ত ঝুঁকিপূর্ণ। আইনটি বাস্তবায়নে এ বিষয়টি বিবেচনায় রাখা দরকার। নির্যাতিত নারীদের নিরাপত্তা নিশ্চিত করা হস্তক্ষেপের মূল ভিত্তি হওয়া উচিত।

সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যেন আবার ক্ষতিগ্রস্ত না হয় এটা নিশ্চিত করার জন্য প্রণীত কৌশলগুলি সাহায্য চাওয়ার সময় এবং পরে বাস্তবায়ন করা প্রয়োজন ।

**বক্স-২০**

আজ অবধি VAWG প্রতিরোধের সবচেয়ে সফল সম্প্র-দায়-ভিত্তিক মডেলগুলির মধ্যে একটি হল সেনেগালের থিস-এ একটি এনজিও টোস্তান দ্বারা প্রণীত পদ্ধতি। হস্ত-ক্ষেপটি একটি সম্প্রদায়-ভিত্তিক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে নারীদের যৌনাঙ্গের অঙ্গচ্ছেদ/কাটিং (FGM/C) হ্রাস করার চেষ্টা করেছিল এবং সাব-সাহারান আফ্রিকার বেশ কয়েকটি দেশে এটি বাস্তবায়িত হয়েছে।

এই মডেলে যে সকল বিষয়গুলির আলোচিত হয়েছে সেগুলির মধ্যে রয়েছে স্বাস্থ্য, সাক্ষরতা এবং মানবাধিকার, যেখানে অংশগ্রহণমূলক পদ্ধতিগুলি সম্প্রদায়ের সদস্যদের তাদের গ্রামে অগ্রাধিকার হিসাবে বিবেচিত বিষয়গুলি নির্বাচন করতে সহায়তা করে। FGM/C এবং অন্তরঙ্গ অংশীদার সহিংসতা উভয়ই মূল সমস্যা হিসাবে আবির্ভূত হয়েছে। অনেক ক্ষেত্রে, গ্রামগুলি FGM/C পরিহার করার এবং প্রতিবেশী গ্রামগুলিকে একই কাজ করতে উতসাহিত করার প্রতিশ্রুতি প্রদান করেছে।

সেনেগালে কর্মসূচীর একটি আধা-পরীক্ষামূলক মূল্যায়নে দেখা গেছে যে হস্তক্ষেপ গ্রামগুলির নারীরা তুলনামূলক ভাবে গ্রামের নারীদের তুলনায় গত ১২ মাসে উল্লেখ-যোগ্যভাবে কম সহিংসতার রিপোর্ট করেছে। ০-১০ বছর বয়সী মেয়েদের মায়েরাও হস্তক্ষেপের গ্রামগুলিতে কম FGM/C রিপোর্ট করেছে। এটি বিশেষভাবে উল্লেখযোগ্য যে হস্তক্ষেপকারী গ্রামের নারীরা যারা টোস্তান শিক্ষা কার্যক্রমে সরাসরি জড়িত ছিল না তারাও নিম্ন মাত্রার সহিংসতা এবং FGM/C রিপোর্ট করেছে, যা কর্মসূচির প্রভাবের সফল বিস্তারের ইঙ্গিত প্রদান করে।[৫৫]

## যৌথ ভাবে কাজ করা এবং VAWG মামলাগুলির কার্যকর মোকাবেলা করতে পুলিশ এবং প্রসিকিউটরদের জন্য যৌথ সংস্থা প্রশিক্ষণ

পুলিশ এবং প্রসিকিউটরদের যৌথ ভাবে প্রশিক্ষণ গ্রহণ করা উচিত এবং প্রযোজ্য ক্ষেত্রে, অন্যান্য বিচার ও নিরাপত্তা সেক্টর সংস্থার সদস্যদের তাদের নিজ নিজ ভূমিকা সম্পর্কে সচেতনতা এবং বোঝাপড়ার বৃদ্ধির আমন্ত্রণ জানানো উচিত।[৫৬]

**পুলিশের মাধ্যমে প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য রেফারেন্স সূচক: সমর্থন এবং সহায়তা**

সমন্বয় বিভিন্ন ধরণের হতে পারে, কিছু হল নীতির বিকাশের জন্য আরও প্রভাবসহ অধিক মাত্রায় আনুষ্ঠানিক এবং অন্যগুলি কম আনুষ্ঠানিক এবং পৃথক ভাবে সহিংসতার শিকার-বেঁচে থাকা ব্যক্তিদের সাথে আরও দক্ষ জড়িত হওয়ার দিকে প্রস্তুত। একটি সমন্বিত প্রতিক্রিয়া গুরুত্বপূর্ণ কারণ এটি সহিংসতা থেকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুরক্ষিত রাখতে এবং সমাজের বিভিন্ন ক্ষেত্র যখন সমস্যাটির সমাধানের জন্য বিচ্ছিন্নভাবে কাজ করে তখন অপরাধীদের জবাবদিহি করতে বেশি কার্যকর। যে সংস্থাগুলি এবং প্রতিষ্ঠানগুলি VAWG-এ সাড়া দেয় এবং সেই সম্প্রদায়ের সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য সমন্বয় সুবিধা প্রদান করে।[৫৭]

দ্বিতীয় অধ্যায়ে যেমনটি আলোচনা করা হয়েছে ESP প্রস্তাব করেছে যে সহিংসতার শিকার এবং বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য সমস্ত ন্যায়বিচার এবং সহায়তা পরিষেবাগুলিকে সর্বাধিক প্রভাব নিশ্চিত করার জন্য সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্য-ক্রমগুলির একটি পরিসর ভাগ করে নেওয়া দরকার। সেগুলি নির্দিষ্ট 'ক্ষেত্র' নির্বিশেষে প্রযোজ্য যা সহিংসতার সম্মুখীন হওয়া মহিলা এবং মেয়েদের প্রতিক্রিয়া জানাতে পারে। নিম্নলিখিত তালিকাটি ESP-এর সাধারণ বৈশিষ্ট্য এবং সাধারণ কার্যক্রম থেকে অনুপ্রাণিত; VAWG-এর প্রতি সমন্বিত সহিংসতার শিকার-কেন্দ্রিক এবং লিঙ্গ-সংবেদনশীল প্রতিক্রিয়ায় প্রয়োজনীয় পরিষেবাগুলি সরবরাহ করার লক্ষ্যে এটি পুলিশের কার্যক্রমের জন্য কিছু রেফারেন্স সূচক প্রস্তাব করেছে।

৫৫ The TOSTAN Program. Evaluation of a Community based Education Program in Senegal. Diop, N. J., Faye, M. M., Moreau, A., Cabral, J., & Benga, H. (2004). New York: Population Council. https://namati.org/resources/the-tostan-program-evaluation-of-a-community-based-education-program-in-senegal/

৫৬ ইউএন উইমেন ইথিওপিয়া বিচার সেক্টরের (পুলিশ, পাবলিক প্রসিকি-উটর এবং বিচারক) সক্ষমতা বৃদ্ধির সাথে কাজ করছে এবং তিনটি আইন প্রয়োগকারী অঙ্গকে একত্রিত করার এই পদ্ধতিটিকে আঞ্চলিক সরকারগুলি দ্রুত অভিন্ন চ্যালেঞ্জ মোকাবেলা করার জন্য একটি উদ্ভাবনী পদ্ধতি হিসাবে সমর্থন করেছে।

৫৭ মডিউল-৫: সমন্বয় এবং সমন্বয়ের শাসন, অপরিহার্য পরিষেবা প্যাকেজ।

৪

# নোটস এবং প্রস্তাবিত পড়বার উপকরণ


১. Statement from Phumzile Mlambo-Ngcuka for the International Day for the Elimination of Violence against Women (2018). UN Women. https://unwomen.org.au/statement-from-phumzile-mlambo-ngcuka-for-the-international-day-for-the-elimination-of-violence-against-women/

২. General Recommendation No. 28 on the Core Obligations of States Parties under Article 2 of the Convention on the Elimination of All Forms of Discrimination against Women (2010). UN Doc CEDAW/C/2010/47/GC.2. https://www2.ohchr.org/english/bodies/cedaw/docs/CEDAW-C-2010-47-GC2.pdf

৩. General recommendation No. 25, on Article 4, Paragraph 1, of the Convention on the Elimination of All Forms of Discrimination against Women, on Temporary Special Measures. OHCHR https://www.un.org/womenwatch/daw/cedaw/recommendations/General%20recommendation%2025%20%28English%29.pdf

৪. About the CPS. The Crown Prosecution Service. https://www.cps.gov.uk/about-cps

৫. Training Manual for Judges and Prosecutors on Ensuring Women's Access to Justice. Partnership for Good Governance. European Union https://www.ohchr.org/Documents/Issues/Women/WRGS/TrainingManualAccessJustice_EN.pdf

৬. A Practitioner's Toolkit on Women's Access to Justice Programming. UN Women 2018. https://www.unwomen.org/en/digital-library/publications/2018/5/a-practitioners-toolkit-on-womens-access-to-justice-programming

৭. Implementation Guide Essential services package for women and girls subject to violence. UN Joint Global Programme on Essential Services for Women and Girls Subject to Violence (2015). UN Women.

৮. UPR of IRAN – 34th session – November 2019 Fact sheet on discrimination against women in Iran, Minority Rights Group International. https://minorityrights.org/wp-content/uploads/2019/09/FACTSHEET-Discrimination-against-women-in-Iran-October-2019.pdf

৯. Criminal Code of Armenia (2003). https://cis-legislation.com/document.fwx?rgn=7472

১০. World Health Organization, Department of Reproductive Health and Research, London School of Hygiene and Tropical Medicine, South African Medical Research Council (2013). Global and regional estimates of violence against women: prevalence and health effects of intimate partner violence and non-partner sexual violence

১১. Gender Mainstreaming for Health Managers: A Practical Approach / WHO Gender Analysis Tools. Facilitators' guide. Participant's notes (2011). WHO https://www.who.int/publications/i/item/9789241501057

১২. World Population Review (2019) http://worldpopulationreview.com/countries/rape-statistics-by-country/

১৩. International Day on the Elimination of Violence against Women 25 November 2019. Absence of Consent Must Become the Global Standard for Definition of Rape. OHCHR https://www.ohchr.org/EN/NewsEvents/Pages/DisplayNews.aspx?NewsID=25340&LangID=E

১৪. Global Study on Homicide (2019). UNODC. https://www.unodc.org/unodc/en/data-and-analysis/global-study-on-homicide.html

১৫. "National measures taken to prevent, investigate, prosecute and punish gender-related killings of women and girls" (2014). UNODC/CCPCJ/EG.8/2014/CRP.1. https://www.unodc.org/documents/justice-and-prison-reform/IEGM_GRK_BKK/UNODC.CCPCJ.EG.8.2014.CRP.1.pdf

১৬. Les Chiffres de Référence sur les Violences Faites aux Femmes (2019). Secrétariat d'Etat chargé de l'égalité entre les femmes et les hommes et de la lutte contre les discriminations. https://arretonslesviolences.gouv.fr/je-suis-professionnel/chiffres-de-reference-violences-faites-aux-femmes

১৭. As Deaths Mount, France Tries to Get Serious About Domestic Violence (2019). Fourquet, L. for the New York Times https://www.nytimes.com/2019/09/03/world/europe/france-domestic-violence.html

১৮. Protocol on the handling of Female Genital Mutilation (FGM) offences between the National Police Chiefs' Council and the Crown Prosecution Service (2016). National Police Chief's Council. https://www.cps.gov.uk/sites/default/files/documents/publications/FGM-Protocol-june-2016.docx

১৯. Imkaan From the Margin to the Centre Addressing Violence Against Women and Girls. https://static1.squarespace.com/static/5f7d9f4addc689717e6ea200/t/607eeab7cfc53b2e9a8ed00e/1618930372236/2018+%7C+Alternative+Bill+Background+Paper.pdf

২০. Effective Responses in Cases Involving VAWG: The Role of the Prosecutor Handbook on Effective

Prosecution Responses to Violence against Women and Girls (2014). UNODC.https://www.unodc.org/documents/justice-and-prison-reform/Handbook_on_effective_prosecution_responses_to_violence_against_women_and_girls.pdf

২১. The Tip of the Iceberg. Sarkaria, N. and Campbell, G. for Counsel Magazine https://www.counselmagazine.co.uk/articles/tip-of-the-iceberg-the-family-court-ready-surge-activity-fgm

২২. Compilation of good practices to reduce existing obstacles and facilitate women's access to justice (2015). Council of Europe Gender Equality Commission. https://edoc.coe.int/en/gender-equality/6695-gender-equality-commission-compilation-of-good-practices-to-reduce-existing-obstacles-and-facilitate-women-s-access-to-justice.html

২৩. European Probation Rules (2019). Canton, R. HM Inspectorate of Probation Academic Insights 2019/02 https://www.justiceinspectorates.gov.uk/hmiprobation/wp-content/uploads/sites/5/2019/03/Academic-Insights-Canton-Jan-19-final.pdf

২৪. United Nations Standard Minimum Rules for Non-custodial Measures (The Tokyo Rules), adopted by General Assembly resolution 45/110 of 14 December 1990. https://www.penalreform.org/priorities/alternatives-toimprisonment/international-standards/

২৫. England and Wales Chapter in Manual on the Law Relating to Violence against Women (2018), Sarkaria, N., and Campbell, G. European Lawyers Foundation. https://www.consiglionazionaleforense.it/documents/20182/0/Manual+on+the+law+relating+to+violence+against+women.pdf/373786e2-4af0-4579-8f14-629c28834679

২৬. OSCE-led Survey on Violence against Women: Experiences of Disadvantaged Women (2019). Organisation for the Security and Co-operation in Europe. https://www.osce.org/secretariat/430007?download=true

২৭. To Tackle Domestic Violence, Ukraine Looks to UNFPA's Mobile Assistance Teams (2019). UNFPA https://www.unfpa.org/news/tackle-domestic-violence-ukraine-looks-unfpas-mobile-assistance-teams

২৮. Cuidad Mujer, Secretaria de Inclusión Social. Gobierno de El Salvador. https://publications.iadb.org/es/evaluacion-de-impacto-del-proyecto-ciudad-mujer-en-el-salvador

২৯. "Evidence gathering - Joint Police-CPS Evidence Checklist" Domestic Abuse Guidelines for Prosecutors (2020). Crown Prosecution Service. https://www.cps.gov.uk/sites/default/files/documents/publications/npcc_cps_joint_evidence_gathering_checklist_2015.docm

৩০. CPS to Extend Effective Domestic Violence Prosecution Scheme. Techniques Developed in Pilot Projects have Improved Conviction Rates (2018). Bowcott, O. for The Guardian. https://www.theguardian.com/law/2018/dec/18/cps-to-extend-effective-domestic-violence-prosecution-scheme

৩১. Good Practice in Designing a Community-based Approach to Prevent Domestic Violence Expert Paper: Expert Group Meeting Organized by UN Division for the Advancement of Women in Collaboration with UN Office on Drugs and Crime 17 to 20 May 2005 Vienna, Austria. Prepared by Lori Michau for Raising Voices. Kampala, Uganda. https://www.un.org/womenwatch/daw/egm/vaw-gp-2005/docs/experts/michau.community.pdf

৩২. From Evidence to Policy: Addressing Gender-Based Violence against Women and Girls in Bangladesh: A Report Submitted to Department for International Development by: ICDDR,B in Collaboration with Population Council January 2013 https://assets.publishing.service.gov.uk/media/57a08a16ed915d3cfd0005a4/VAWG_Bangladesh_Final_Report.pdf

৩৩. The TOSTAN Program. Evaluation of a Community based Education Program in Senegal. Diop, N. J., Faye, M. M., Moreau, A., Cabral, J., & Benga, H. (2004). New York: Population Council. https://namati.org/wp-content/uploads/2015/12/Tostan-Senegal-2004-evaluation.pdf

৩৪. FGM and the relationship between the Family Courts and the Criminal Courts (2015). Sarkaria, N., and Campbell, G. International Family, law and Practice Journal.

৩৫. Harmful Traditional Practices: Prevention, Protection, and Policing (2020). Campbell, G., Roberts, K.A., Sarkaria, N. Palgrave Macmillan.

৩৬. Guidance Note for UNODC Staff Gender Mainstreaming in the Work of UNODC (2013). UNODC https://www.unodc.org/documents/Gender/UNODC-GuidanceNote-GenderMainstreaming.pdf

৩৭. Global Study on Homicide (2013). UNODC. https://www.unodc.org/documents/data-and-analysis/statistics/GSH2013/2014_GLOBAL_HOMICIDE_BOOK_web.pdf

৩৮. Women and the Criminal Justice System (2011). Mahony, T.H., Jacob, J., and Hobson, H. for the Government of Canada. https://www150.statcan.gc.ca/n1/en/pub/89-503-x/2015001/article/14785-eng.pdf?st=Nyr7c4ce

৩৯. Towards Gender-Responsive Criminal Justice: Good practices from Southeast Asia in responding to violence against women (2018). Skinnider, E. Thailand

Institute of Justice. https://icclr.org/wp-content/uploads/2019/06/Towards-Gender-Responsive-Criminal-Justice.pdf?x37853

৪০. Feasibility Study for a Convention against Domestic Violence (2008). Council of Europe, Committee of Ministers, 1037 Meeting, 8 October 2008 European Committee on Crime Problems.

৪১. Intersectionality and Beyond: Law, power and the politics of location (2009). Edited by Grabham, E., Herman, D., Cooper, D., and Krishnadas, J., Routledge-Cavendish.

৪২. The Trial of Rape. Understanding the Criminal Justice System Response to Sexual Violence in Thailand and Viet Nam (2017). UN Women, UNDP and UNODC. https://asiapacific.unwomen.org/en/digital-library/publications/2017/09/the-trial-of-rape

৪৩. Manual on the Law Relating to Violence against Women England and Wales Greece Ireland Italy Northern Ireland Poland Spain (2018). European Lawyers Foundation and European Union. https://elf-fae.eu/wp-content/uploads/2018/06/Manual-on-the-law-relating-to-violence-against-women.pdf

৪৪. Investigation, Protection, and Support Measures for GBV Victims (2019). Resource Book: Experience and Guidelines of the Korean Police. UNDP Seoul Policy Centre

৪৫. A Review of the Evidence on Multi-sectoral Interventions to Reduce Violence against Adolescent Girls (2013)" Blanc, A.K., Melnikas, A., Chau, M., and Stoner, M. Integrated Approaches to Improving the Lives of Adolescent Girls Issue Papers Series: Girl Hub.

৪৬. Victims' Rights to Support and Protection from Violence (2013). Legislation for the Protection from Violence in Austria (2019). Domestic Abuse Intervention Centre and the Association of Austrian Autonomous Women's Shelters. https://www.interventionsstelle-wien.at/download/?id=692

১৭

# VAWG তদন্তে উদীয়মান সমস্যা

*“পুলিশে ক্ষমতায়িত নারীরা সম্প্রদায়ের নারী ও মেয়েদের ক্ষমতায়ন করে। পেশাগতভাবে প্রশিক্ষিত এবং সজ্জিত নারী কর্মকর্তারা ফৌজদারি বিচারে নারীদের প্রবেশাধিকারের বাধাগুলি দূর করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে, IAWP বিশ্বব্যাপী সম্প্রদায়ের জন্য লিঙ্গ সহনশীল এবং লিঙ্গ প্রতিক্রিয়াশীল পরিষেবা প্রদান নিশ্চিতের জন্য পুলিশিং এবং পুলিশ সংস্থাগুলিতে নারীদের সহায়তা করে। »*

**প্রেসিডেন্ট ডেবোরা ফ্রিডল – ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশ, মার্চ ২০২০।**

# অধ্যায়ের লক্ষ্য

**এই অধ্যায়ের মূল লক্ষ্য হল লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং কীভাবে VAWG-এর প্রসারে উদীয়মান সমস্যাগুলির প্রতিক্রিয়া জানাতে নিজেদেরকে মানিয়ে নিতে পারে সে সম্পর্কে নির্দেশিকা প্রদান করা।**

## মূল বার্তা এবং শিক্ষণের বিষয়সমূহ (পয়েন্ট)

- এই ধারণা পোষণ করা যে যৌন হয়রানিকে স্বাভাবিক হিসেবে ধরা হয় বিধায় এটি পুলিশ এবং অন্যান্য কর্তৃপক্ষের আনুপাতিক প্রতিক্রিয়ার দাবি করে;
- যৌন হয়রানি এবং/অথবা নির্যাতনের ক্ষেত্রে, ঝুঁকি মূল্যায়ন এবং ঝুঁকি ব্যবস্থাপনা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির নিরাপত্তা ও সুরক্ষার জন্য সর্বোত্তম;
- CR-VAWG তদন্ত করার জন্য একটি বৃহত্তর পরিসর প্রয়োজন যখন কথিতভাবে প্রতিশ্রুতিবদ্ধ আইন(গুলি) চালানোর জন্য কমান্ডের দায়িত্বের চেইন স্থাপন করা হয়;
- **পুলিশ এবং মানবিক পরিবেশে কাজ করা অন্যান্য সংস্থার মধ্যে অংশীদারিত্ব হল ভিএডব্লিউজি-র সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের মধ্যে আস্থা ও আত্মবিশ্বাস তৈরি করা এবং পুলিশকে সহায়তা করা;**
- **অনলাইন এবং আইসিটি-সুবিধাযুক্ত** VAWG-**কে অফলাইন** VAWG-**এর মতোই গুরুত্ব সহকারে বিবেচনা করা দরকার, কারণ এর প্রভাব সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য মুখোমুখি নির্যাতন/ সহিংসতার মতোই ধ্বংসাত্মক হতে পারে।;**
- অনলাইন লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সাইবার VAWG কে লক্ষ্য করে পরিচালিত হলেও সাইবার প্রযুক্তি পরিচালনাকারী ব্যক্তিগত অনুঘটকদের সাথে অংশীদারিত্ব গড়ে তুলতে সক্রিয় হতে হবে।



# ভূমিকা

**লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর অর্থ হল নিয়মিত অবহিত করা, বিস্তৃতভাবে পরামর্শ করা এবং অংশীদারিত্ব স্থাপনের/গড়ার ক্ষেত্রে গতিশীলতা প্রদর্শন করা। এর ভিত্তি  হল VAWG এর প্রকৃতির, এর কারণ ও পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্নভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে সেই সম্পর্কে একটি প্রাতিষ্ঠানিক বোঝাপড়া।**

ছবি ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অব উইমেন পুলিশ (বাংলাদেশ) এর সৌজন্যে

VAWG-এর সমস্যার মালিকানা (নিজের মত করে মনে করা) গ্রহণের পথ এবং আরও কার্যকর প্রতিক্রিয়ার জন্য বিকল্প সমাধানগুলি চিহ্নিত করার জন্য **এই বোঝাপড়া থেকে জেন্ডার-সংবেদনশীল পুলিশিং তার নীতিমালা এবং সাধারণ বৈশিষ্ট্যগুলির কাঠামোতে ফিরে আসে (চিত্র -১)।**

**এই ধরনের একটি ভিত্তি  এবং কাঠামো (ফ্রেমওয়ার্কপ থাকার কারণে VAWG প্রতিরোধ কৌশল বাস্তবায়নের পরিপ্রেক্ষিতে VAWG-এর প্রতি সাড়া দিতে এবং সহিংসতা ঘটবার পরে কার্যকর এবং সময়োপযোগীভাবে প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে পুলিশ ভাল অবস্থানে থাকবে।**[১]

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এর সহনশীলতা VAWG এর বর্তমান এবং উদীয়মান চ্যালেঞ্জগুলির প্রতি কীভাবে সাড়া দিচ্ছে তা থেকে ক্রমাগত ভাবে কি প্রতিফলিত হচ্ছে এবং তা থেকে শেখার ক্ষমতা থেকে উদ্ভূত হবে।

হ্যান্ডবুকের পূর্ববর্তী অধ্যায়গুলি মূলত VAWG-এ লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং পদ্ধতির জন্য নির্দেশিকা প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ করা হয়েছে। এই অধ্যায়টি ভিন্ন হবে এই অর্থে যে এটির লক্ষ্য হবে VAWG তদন্তের উদীয়মান সমস্যাগুলি চিহ্নিত করা এবং অন্যান্য স্টেকহোল্ডারদের সাথে বহুমুখী পদ্ধতির অংশ হিসাবে লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং কীভাবে তাদের কার্যকরভাবে প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে নিজেকে মানিয়ে নিতে পারে সে সম্পর্কে নির্দেশনা প্রদান।

যদিও, VAWG তদন্তের বিষয়ে অসংখ্য উদীয়মান সমস্যা রয়েছে, এই হ্যান্ডবুক শুধুমাত্র তিনটির উপর ফোকাস করা হয়েছে:

- যৌন হয়রানি সম্পর্কিত VAWG
- দ্বন্দ্ব-সম্পর্কিত VAWG বা CR-VAWG
- অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG

এই হ্যান্ডবুকে দেওয়া লিঙ্গ-সংবেদনশীল নির্দেশিকা কীভাবে এই ধরনের সহিংসতার প্রতিক্রিয়া জানাতে পুলিশের জন্য উপযুক্ত রেফারেন্স হিসেবে কাজ করতে পারে তা বোঝাতে এই তিনটি উদাহরণ ব্যবহার করা হয়েছে।

১ এই হ্যান্ডবুকের উদ্দেশ্যের জন্য, পুলিশের জন্য VAWG-এর প্রতি সাড়া দেওয়া প্রতিরোধ এবং প্রতিক্রিয়া উভয় মাত্রাই অন্তর্ভুক্ত করে।

চিত্র –১

**লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য নীতিমালা এবং সাধারণ বৈশিষ্ট্যের কাঠামো**

| | | | |
|---|---|---|---|
| মূলনীতি | মানবাধিকার ভিত্তিক পদ্ধতি | লিঙ্গ সমতাকে এগিয়ে নিয়ে যাওয়া এবং নারীর ক্ষমতায়ন | সাংস্কৃতিকভাবে ও বয়স উপযুক্ত এবং সংবেদনশীল |
| | ভুক্তভোগী (ভিকটিম)/ বেঁচে থাকা (সারভাইভার) কেন্দ্রিক পদ্ধতি | সর্বোচ্চ নিরাপত্তা | অপরাধীর জবাবদিহিতা |

| | | |
|---|---|---|
| সাধারণ বৈশিষ্ট্যসমূহ | উপলব্ধতা | প্রবেশাধিকার |
| | অভিযোজনযোগ্যতা (মানিয়ে নেওয়া) | প্রাসঙ্গিকতা |
| | নিরাপত্তাকে প্রাধান্য দেওয়া | সম্মতি এবং গোপনীয়তা |
| | তথ্য সংগ্রহ এবং তথ্য ব্যবস্থাপনা | কার্যকরি যোগাযোগ |
| | রেফারেল এবং সমন্বয় প্রক্রিয়ার মাধ্যমে অন্যান্য সেক্টর এবং সংস্থাগুলির সাথে সংযোগ স্থাপন করা | |

চিত্র –2

**ভিকটিম (সহিংসতার শিকার নারী) কর্তৃক নেতিবাচক প্রতিক্রিয়া জানানোর কারণ**



## VAWG-এর একটি ধরণ হিসেবে যৌন হয়রানি

যৌন হয়রানি হল VAWG-এর একটি প্রচলিত এবং ব্যাপক অভিব্যক্তি, এটি নারী ও মেয়েদের দ্বারা সম্মুখীন হওয়া বৈষম্যমূলক সামাজিক নিয়ম, বাধাধরা নিয়ম (স্টেরিওটাইপ), দায়মুক্তি এবং লিঙ্গ বৈষম্যকে প্রতিফলিত করে। যৌন হয়রানির সম্ভাব্য হুমকি প্রত্যেক দিন নারী ও মেয়েদের দ্বারা গৃহীত সিদ্ধান্তের উপর উল্লেখযোগ্য প্রভাব ফেলে, যেমন পেশাগত ক্ষেত্রে তাদের মানবিক প্রতিভা বিনিয়োগ করার জন্য কোন পাবলিক ট্রান্সপোর্টে তাদের যেতে হবে।। এটি বিশেষ করে জনসাধারণকে পরিষেবা প্রদানকারী পুরুষ শাসিত পেশাগুলির জন্য প্রাসঙ্গিক যেমন পুলিশ, যারা তাদের সংগঠনের মধ্যে নারী সদস্য থাকার সুবিধাগুলি বোঝা সত্ত্বেও, তাদের জন্য হয়রানিমুক্ত কাজের পরিবেশের নিশ্চয়তা প্রদান করতে সংগ্রাম করে। এটি এমন নারী এবং মেয়েদের সংখ্যার উপর প্রভাব ফেলে যারা পুলিশ অফিসার হতে চায় বা পেশার পছন্দ হিসাবে এই সংস্থায় থাকতে চায়। অন্যান্য পরিস্থিতিতে, যৌন হয়রানি নারীদের এবং অল্প বয়স্ক মেয়েদের বাড়িতে থাকার বা তাদের স্কুল থেকে বের করে দেওয়ার কারণ হতে পারে।

পুলিশ সংস্থাগুলির মধ্যে ঘটে যাওয়া ঘটনাসহ যৌন হয়রানির ঘটনা খুব কম রিপোর্ট করা হয়, তবে রিপোর্ট না করার কারণগুলি ভিন্ন হবে। উদাহরণ স্বরূপ, মিশরে যৌন হয়রানির উপর **ইউএন উইমেন**-ইউরোপীয় ইউনিয়নের যৌথ গবেষণায় নারী ও মেয়েরা সহিংসতার ঘটনায় পুলিশে রিপোর্ট না করার সবচেয়ে সাধারণ কারণগুলি নথিভুক্ত করে (চিত্র-২)।[২] সবচেয়ে বেশী উদ্ধৃত কারণটি এই ধরণের মানসিকতা ধারণ করা যে যৌন হয়রানির ঘটনা যে কারো সাথে ঘটতে পারে এবং এটি খুবই একটা স্বাভাবিক ঘটনা।

একটি প্রদত্ত সমাজে এই ধরনের সহিংসতাকে স্বাভাবিক বলে মনে করার জন্য পুলিশ এবং অন্যান্য কর্তৃপক্ষের আনুপাতিক প্রতিক্রিয়াকে দায়ী। যাইহোক, যৌন হয়রানির প্রতিবেদনের সংখ্যা বৃদ্ধির এবং এটি মোকাবেলার কৌশলগুলির প্রচেষ্টার দক্ষতা এবং কার্যকারিতা নিশ্চিত করার জন্য এগুলি সাধারণ জনগণের সাথে বিস্তৃত আলোচনার মাধ্যমে এবং পুলিশ সংস্থার মধ্যেই ভালভাবে অবহিত করা উচিত। নারী পুলিশ সংস্থা/নেটওয়ার্কগুলি কীভাবে লিঙ্গ সহনশীল এবং লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নে সহায়তা করতে পারে সে বিষয়ে দশম অধ্যায়ের এর কেস স্টাডি দেখুন।

বাহ্যিক পরামর্শে/আলোচনায় তাদের সুনির্দিষ্ট নিরাপত্তার প্রয়োজনীয়তা বোঝার জন্য সমাজে দুর্বল এবং/অথবা সংখ্যালঘু হিসাবে বিবেচিত ব্যক্তি এবং/অথবা গোষ্ঠীকে অগ্রাধিকার দেওয়া উচিত। উদাহরণ স্বরূপ, প্রতিবন্ধী ব্যক্তিরা অক্ষম ব্যক্তিদের তুলনায় উল্লেখযোগ্যভাবে সব ধরনের যৌন হয়রানি এবং লাঞ্ছনার সম্মুখীন হওয়ার সম্ভাবনা বেশি। মার্কিন যুক্তরাষ্ট্রে ২০১৮ সালে পরিচালিত একটি জাতীয় সমীক্ষার ফলাফল নির্দেশ করে যে সমীক্ষা করা প্রতিবন্ধী নারীদের মধ্যে ৮৭% যৌন হয়রানির (মৌখিক, অনলাইন, আইসিটির মাধ্যমে এবং শারীরিক) শিকার হয়েছেন ৬৬% অপ্রতিবন্ধী নারীদের তুলনায়।[৩] সেই একই সমীক্ষায় জরিপ করা প্রতিবন্ধী নারীদের ৬৬% শারীরিকভাবে আক্রমণাত্মক যৌন হয়রানির শিকার হয়েছে[৪] ৫৭% অপ্রতিবন্ধী নারীর তুলনায়। তাছাড়া, সমীক্ষায় রিপোর্ট করা হয়েছে যে অপ্রতিবন্ধী নারীদের তুলনায় বাড়িতে যৌন হয়রানি এবং অনলাইনে হয়রানির ঘটনা উল্লেখযোগ্যভাবে প্রতিবন্ধী নারীদের মধ্যে বেশি।[৫]

মৌখিক এবং শারীরিক আকারে যৌন হয়রানির সুযোগ এবং প্রভাব বোঝা/স্পষ্ট ধারণা থাকা সমাধানের একটি অংশ। যৌন হয়রানির কার্যকরভাবে প্রতিক্রিয়া জানানোর অর্থ হল কোন আইনগুলি প্রয়োগ করা প্রয়োজন এবং তার প্রয়োগের সুযোগ রয়েছে সেই সম্পর্কে স্পষ্ট ধারণা। উদাহরণ স্বরূপ, কিছু দেশে হয়রানিকে অপরাধ হিসেবে গণ্য করা হয় না, আবার অন্যদের ক্ষেত্রে তদন্ত শুরু করার জন্য সাক্ষীদের উপস্থিতির প্রয়োজন হয় বা ঘটনার আনুষ্ঠানিক নিবন্ধন থানায় থানায় হয়। এই তিনটি উদাহরণই প্রকৃতপক্ষে হয়রানির শিকার/বেঁচে থাকা ব্যক্তির পক্ষে কাজটি সংঘটিত হয়েছে তা প্রমাণ করা এবং আদেশ রোধ বা বাধা দেওয়ার আকারে সুরক্ষা চাওয়া কঠিন করে তোলে।

অন্যদিকে, কিছু আইনি ব্যবস্থায় যৌন হয়রানি হল যৌনতার উপর ভিত্তি করে বৈষম্যের একটি ধরণ এবং এটি বেআইনি। কিছু ব্যবস্থায়, কর্মক্ষেত্রের পরিবেশের উপর দৃষ্টি নিবদ্ধ করে শ্রম আইনে যৌন হয়রানিকেও চিহ্নিত করা হয়েছে যার জন্য প্রায়শই বেসরকারি এবং সরকারি উভয় সংস্থাকে অভিযোগের প্রক্রিয়া এবং প্রতিকারের সম্ভাব্য ব্যবস্থাসহ ‹জিরো টলারেন্স›-এর জন্য অভ্যন্তরীণ নীতি তৈরি করতে হয়। এই ধরনের নীতির প্রণয়ন হল পুলিশকে সরকারি-বেসরকারী সহযোগিতামূলক (পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ) ভাবে কাজ করার প্রথমিক স্তর (কেন্দ্রবিন্দু) যা যৌন হয়রানি সংক্রান্ত কাজকে সম্মিলিতভাবে নিরুৎসাহিত করতে এবং শাস্তি দিতে পারে।

২ মিশরে যৌন হয়রানি দূর করার উপায় এবং পদ্ধতির উপর অধ্যয়ন ফলাফল/আউটকাম এবং সুপারিশের সারাংশ (ইউএন উইমেন এবং ইউরোপীয় ইউনিয়ন) @ https://www.peacewomen.org/node/90812

৩ Measuring #MeToo: A National Study on Sexual Harassment and Assault (2019). UC San Diego Center on Gender Equity and Health.

৪ গবেষণায় শারীরিকভাবে আক্রমনাত্মক যৌন হয়রানিকে সংজ্ঞায়িত করা হয়েছে এমন ভাবে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে কোন ব্যক্তির অনুমতি ছাড়াই তার যৌনাঙ্গ উন্মুক্ত করা, কারো অনুমতি ছাড়াই তাকে শারীরিকভাবে অনুসরণ করা এবং বা ইচ্ছাকৃতভাবে কাউকে স্পর্শ করা বা অনাকাঙ্ক্ষিত, যৌন উপায়ে স্পর্শ করা। Measuring #MeToo: A National Study on Sexual Harassment and Assault (2019). UC San Diego Center on Gender Equity and Health.

৫ Ibid.

যৌন হয়রানির প্রতি সাংস্কৃতিক দৃষ্টিভঙ্গির পরিবর্তন শেষ পর্যন্ত সরকারি-বেসরকারী দায়িত্ব এবং জবাবদিহিতার একটি ভাগাভাগি করে নেওয়ার অনুভূতি তৈরির মাধ্যমে VAWG-এর এই ধরণের বিরুদ্ধে লড়াইয়ের সবচেয়ে মূল্যবান হাতিয়ার হতে পারে। যৌন হয়রানিকে নিরুৎসাহিত করার জন্য বেসরকারি অনুঘটকদের সাথে অংশীদারিত্বের স্থাপন করা পুলিশকে এটির প্রতিক্রিয়া জানানোর সময় আরও ভালে অবস্থানে রাখবে এবং প্রক্রিয়ায় সম্ভাব্যভাবে এমন আচরণগুলি সনাক্ত করবে যা সহিংসতার বৃদ্ধি রোধ করার লক্ষ্যে VAWG-এর আরও সহিংস ধরণের ইঙ্গিত দেয়।

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশনা (পিয়ার টু পিয়ার গাইডেন্স)[৬]

স্টাকিং (অঙ্গ-ভঙ্গি) এবং/অথবা হয়রানির ক্ষেত্রে আপনার এবং আপনার কর্মীদের অগ্রাধিকার হবে নিরাপত্তা এবং সুরক্ষার সাথে ঝুঁকি মূল্যায়ন এবং পরিচালনার উপর দৃষ্টি নিবদ্ধ করা। স্টাকিং (অঙ্গ-ভঙ্গি) এর মামলার ক্ষেত্রে ঝুঁকি মূল্যায়ন একটি ক্রমাগত প্রক্রিয়া হওয়ার জন্য যে কোনও সময় আচরণের পরিবর্তন ঘটতে পারে বিধায় সব সময় সচেতন থাকা বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

VAWG-এর সমস্ত অপরাধের মতোই, অভিযুক্ত অপরাধীর আচরণের প্রেক্ষাপট এবং এটি তার উপর যে প্রভাব ফেলছে তা বোঝার জন্য, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কথা ‹সক্রিয়ভাবে শোনা› প্রয়োজন। স্টাকিংয়ের (অঙ্গ-ভঙ্গি) এর সকল মামলার ক্ষেত্রেই দৃঢ় ঝুঁকি ব্যবস্থাপনার প্রয়োজন হয় কারণ এই ধরনের আচরণগুলি ক্ষতির উচ্চ ঝুঁকির সূচক হতে পারে যা যেকোনো সময় বাড়তে পারে।

**ঝুঁকি মূল্যায়ন এবং নিরাপত্তা পরিকল্পনা সংক্রান্ত আরও তথ্য ঝুঁকির চেকলিস্টসহ হ্যান্ডবুকের ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা ও সুরক্ষা›তে পাওয়া যাবে।**

ইউকে কলেজ অফ পুলিশিং অথরাইজড প্রফেশনাল প্র্যাকটিস সংক্রান্ত নথি থেকে একটি দরকারী নির্দেশনা নীচে পুনরায় উপস্থাপন করা হয়েছে (বক্স-১):

স্মৃতিসংক্রান্ত চার (মেমোনিক ফোর) দ্বারা আপনার কর্মীরা যে কোন আচরণ স্টাকিংয়ের এর পর্যায়ে পড়ে কিনা তা কার্যকর ভাবে বিবেচনা করতে পারে । আচরণগুলি হল:

- স্থির
- **আবেশী (অবসেসিভ)**

> **"আমি তাদের দৃষ্টিভঙ্গি বোঝার জন্য সক্রিয়ভাবে শুনে প্রত্যেকের মতামত এবং মতামতকে মূল্য দিই।"**
>
> পুলিশের সততার মূল্য প্রতিফলিত করে এমন একটি আচরণ (ইউকে কলেজ অফ পুলিশিং, ২০১৬)

- **অবাঞ্ছিত/অপ্রয়োজনীয়**
- বারবার

আপনি এবং আপনার কর্মীদের নিশ্চিত করতে হবে যে তারা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছ থেকে যতটা সম্ভব তথ্য লাভ করবেন এবং এটা করার জন্য (যা হ্যান্ডবুকের বিভিন্ন স্থানে উল্লেখিত হয়েছে) ধৈর্য, সংবেদনশীলতা এবং সক্রিয় শোনার দক্ষতা প্রয়োজন। অন্যান্য VAWG অপরাধের মতো, আপনাকে সহিংসতার/বেঁচে থাকা ব্যক্তির সাথে বিশ্বাস এবং সম্পর্ক স্থাপন করতে সময় ব্যয় করতে হতে পারে এবং তারা যে মানসিক আঘাতের (ট্রমা) যে কোনও প্রভাব প্রাথমিক যোগাযোগের মধ্যে বুঝতে হবে এবং সে সম্পর্কিত তাদের চাহিদা পূরণ করতে হবে। এটা গুরুত্বপূর্ণ যে আপনি সেই আচরণটি বুঝতে সক্ষম হবেন যার সম্পর্কে ব্যাপকভাবে অভিযোগ দায়ের করা হয়েছে এবং শুধুমাত্র একটি ঘটনাকে কেন্দ্র করে নয়।

স্টাকিংয়ের ক্ষেত্রে পটভূমির তথ্য গুরুত্বপূর্ণ যেমন:

- অন্যান্য ব্যক্তিসহ পরিবারের সদস্যদের সাথে এর আগে কী ঘটেছে?
- আজ অবধি অভিযুক্ত অপরাধীদের আচরণে কি কোনো পরি-বর্তন ঘটেছে?

পরিবার, বন্ধু-বান্ধব, কাজের সহকর্মী এবং সোশ্যাল মিডিয়ার মতো তথ্যের অন্যান্য উৎসগুলি পরীক্ষা করতে ভুলবেন না, এগুলি তদন্তের জন্য প্রাসঙ্গিক প্রমাণের পাশাপাশি পটভূমির তথ্য প্রদানে কার্যকর হতে পারে।

ইউকে কলেজ অফ পুলিশিং-এর আরেকটি দরকারী সংস্থান হল তদন্ত চেকলিস্টের **বিষয়গুলি** (লাইন অফ ইনকোয়ারি চেকলিস্ট)[৭] (বক্স-২ দেখুন) যা পুলিশকে স্টাকিং এবং যৌন হয়রানির ক্ষেত্রে নির্যাতনের ইতিহাস বোধগম্যভাবে অন্বেষণ করার জন্য দরকারী নির্দেশিকা প্রদান করে। ইউকে কলেজ অফ পুলিশিং অনুযায়ী নির্যাতনের ধরণগুলি সর্বদা স্পষ্ট হয় না কারণ অতীতে ঘটে যাওয়া ঘটনাগুলি শুধুমাত্র মৌখিক হিসাবে রেকর্ড করা হতে পারে বা অন্যথায় তুচ্ছ বলে মনে করা হয়েছে। ফলস্বরূপ, সাড়া জানানো কর্মকর্তাদের প্রেক্ষাপট বোঝার জন্য এবং জবরদস্তি-

৭ Major investigation and public protection: Investigative Development-Lines of Enquiry. UK College of Policing.

**বক্স-১**

| স্টকিং (অঙ্গ-ভঙ্গি) | হয়রানি |
|---|---|
| **সন্দেহজনকদের সম্পর্কে বিবেচনা**<br>স্টাকিংয়ের চারটি মূল আচরণ: স্থির, অবসেসিভ (আবেশী), অবাঞ্ছিত, বারবার?<br>সন্দেহভাজন ব্যক্তি কি তাদের স্টাকিংয়ের সুবিধার্থে তাদের রুটিন (দৈনন্দিন কার্যক্রম) পরিবর্তন করেছে?<br>তারা কি তাদের চিন্তা ও কর্মে শিকার সম্পর্কে আচ্ছন্ন থাকে?<br>সন্দেহভাজন ব্যক্তি যে পরিমাণ সময়/প্রচেষ্টা/সম্পদ বিনিয়োগ করছে তা কি তাদের দৈনন্দিন জীবনকে গ্রাস করছে?<br>সহিংসতার শিকার ব্যক্তিকে লক্ষ্য করে আচরণের কোন পরিসীমা আছে কি?<br>সন্দেহভাজন আচরণ বন্ধ করার সম্ভাবনা নেই বলে মনে হচ্ছে কি?<br>সন্দেহভাজন ব্যক্তির অধিকার/এনটাইটেলমেন্ট/সংকল্পের একটি শক্তিশালী অনুভূতি আছে বলে মনে হচ্ছে কি?<br>সন্দেহভাজন ব্যক্তি তাদের আচরণের কারণে যে কষ্ট হচ্ছে সে বিষয়ে উদ্বিগ্ন নয়। | **সন্দেহজনকদের সম্পর্কে বিবেচনা**<br>বারবার অযৌক্তিক আচরণ করা হচ্ছে কিন্তু শিকারের উপর স্থির নয় এর প্রমাণ আছে কি?<br>সন্দেহভাজন ব্যক্তির আচরণ, যদিও বারবার, তাদের দৈনন্দিন জীবন গ্রাস করছে না কি?<br>একজন ব্যক্তিকে লক্ষ্য না করে আচরণটি সাধারণত একটি বিরোধের সমাধানের উপর দৃষ্টি নিবদ্ধ করে (আর্থিক, প্রতিবেশী, কর্মসংস্থান, ইত্যাদি)?<br>অন্তর্নিহিত সমস্যা অব্যাহত থাকলে সন্দেহভাজন ব্যক্তির আচরণ কি অব্যাহত থাকবে কিন্তু সংশ্লিষ্ট ব্যক্তি ভিন্ন?<br>অন্তর্নিহিত সমস্যা সমাধান হলে এই আচরণ বন্ধ হবে এই বিষয়ে কোন প্রমাণ আছে কি? |
| **সহিংসতার শিকার সম্পর্কে বিবেচনা**<br>সহিংসতার শিকার ব্যক্তি কি শারীরিক/মানসিক এবং/অথবা মনস্তাত্বিক আচরণ দ্বারা প্রভাবিত হন?<br>কি ঘটতে পারে সেই সম্পর্কে সহিংসতার শিকার ব্যক্তির কি অবিরাম ভয় পায়?<br>আচরণ কি সহিংসতার শিকার ব্যক্তির জীবনকে গ্রাস করছে?<br>আচরণ কি সহিংসতার শিকার ব্যক্তির দৈনন্দিন কার্যকলাপের উপর গুরুতর প্রভাব ফেলেছে? | **সহিংসতার শিকার সম্পর্কে বিবেচনা**<br>আচরণে গুরুতরভাবে উদ্বিগ্ন বা বিরক্ত না হলেও সহিংসতার শিকার ব্যক্তি কি নিপীড়িত বোধ করেন কি?<br>সহিংসতার শিকার ব্যক্তি নির্দিষ্ট কিছু কাজ সম্পর্কে ভীত হলেও ক্রমাগত ভাবে ভয়ের অবস্থায় নেই কি? |

মূলক, নিয়ন্ত্রণ বা হুমকিমূলক আচরণের লক্ষণগুলি সনাক্ত করতে যতটা সম্ভব বিস্তারিত তথ্য সংগ্রহ করা উচিত। তাছাড়া,ইতিহাস অন্বেষণ এবং ঝুঁকি মূল্যায়ন সম্পূর্ণ করা সাম্প্রতিক না ঘটা অপব্যবহার বা যৌন অপরাধের প্রকাশ ঘটাতে পারে।[৮]

অভিযুক্ত অপরাধী বা সহিংসতার/বেঁচে থাকা ব্যক্তির সাথে সম্পর্কিত যে কোনও মানসিক স্বাস্থ্য সমস্যা চিহ্নিত করা হলে, ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া এবং পরবর্তী নিরাপত্তা পরিকল্পনাকে অবহিত করা উচিত কিন্তু তদন্তকে বাধাগ্রস্ত করার অনুমতি দেওয়া উচিত নয়। সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি স্টকিং আচরণের ফলে মানসিক স্বাস্থ্য সমস্যায় ভুগছেন বা তাদের অতিরিক্ত দুর্বলতার কারণে লক্ষ্যবস্তুতে পরিণত হতে পারেন। উভয় ক্ষেত্রেই আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে তদন্তের সময় তাদের নির্দিষ্ট প্রয়োজনের জন্য উপযুক্ত সহায়তা প্রদান করা হয়েছে।

VAWG-এর সমস্ত ক্ষেত্রে-যেমন, ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া-একটি নিরাপত্তা পরিকল্পনা এমন ভাবে তৈরি করতে হবে যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সম্পৃক্ততা এটির উন্নয়নের একটি মূল উপাদান হয়। যে কোনও সুরক্ষামূলক প্রতিক্রিয়া যে কোনও চিহ্নিত ঝুঁকির সমানুপাতিক হওয়া দরকার। আপনি এবং আপনার কর্মীরা সহিংসতার শিকার/বেঁচে ঠ্যাকা ব্যক্তির নিরাপত্তা বজায় রাখার জন্য ইতিবাচক পদক্ষেপ নেওয়ার জন্য দায়ী থাকবেন।

প্রত্যেক সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির পরিস্থিতি তাদের কাছে অনন্য হবে এবং এর ফলে তারা সব সময় আপনার নিরাপত্তা

৮ Ibid.

বক্স-২

**চেকলিস্ট: অনুসন্ধানের বিষয়গুলি**

অফিসারদের তদন্তের এই সম্ভাব্য **বিষয়গুলি** বিবেচনা করা উচিত:

- সম্পর্কের ইতিহাস (যদি থাকে);
- পূর্ববর্তী অংশীদারসহ নির্যাতনের পূর্ববর্তী ঘটনা, যেমন পুলিশের কাছে আগের কলের রেকর্ড;
- স্থানীয় পুলিশ গোয়েন্দা ব্যবস্থা, জাতীয় ও আন্তর্জাতিক ব্যবস্থা;
- যদি সন্দেহভাজন, সহিংসতার শিকার বা সাক্ষী একজন বিদেশী নাগরিক হয় তাহলে বিদেশীদের অপরাধে দোষী সাব্যস্ত হওয়া সম্পর্কে খোঁজ নেওয়া;
- সেই সকল সাক্ষী যাদের কাছে প্রথম ঘটনা প্রকাশ করা হয়েছে;
- চিকিৎসা বা মনস্তাত্বিক তথ্য যা প্রমাণ হতে পারে - যেখানে প্রাসঙ্গিক সেখানে সম্মতি নেওয়া উচিত;
- পূর্ববর্তী সহিংসতার শিকার ব্যক্তিদের উপর অন্য কোনো তথ্য উৎস থেকে সংগ্রহ করা প্রমাণ;
- ফোন এবং ইমেল রেকর্ড;
- সামাজিক মাধ্যম.

সূত্র: ইউকে কলেজ অফ পুলিশিং এর তদন্ত চেকলিস্টের **বিষয়গুলি** থেকে অনুপ্রাণিত

সংক্রান্ত পরামর্শ অনুসরণ করবে না। এর অর্থ এই নয় যে সে অসহযোগীতা করছে এবং এর জন্য আপনার বা আপনার কর্মীদের তাকে এই জন্য অন্য ভাবে বিচার করা উচিত নয়। সে বিশ্বাস করতে পারে যে, নিজেকে সুরক্ষিত রাখার জন্য, তাকে একটি নির্দিষ্ট উপায়ে আচরণ করতে হবে। এটি আরেকটি কারণ কেন তার সাথে একটি পুঙ্খানুপুঙ্খ ঝুঁকি মূল্যায়ন করা এবং তার নির্দিষ্ট চাহিদা পূরণ করে এমন একটি নিরাপত্তা পরিকল্পনায় সম্মত হওয়া গুরুত্বপূর্ণ ।

ইউকে কলেজ অফ পুলিশিং বিবেচনার সুরক্ষার জন্য কিছু দরকারী নির্দেশনা প্রদান করেছে যেখান থেকে নিম্নলিখিত তালিকাটি অভিযোজিত হয়েছে:[৯]

- গ্রেপ্তার এবং হেফাজতে রিমান্ড বা উপযুক্ত জামিন শর্ত;
- জরুরী মোবাইল (সেল) ফোন;
- ঝুঁকি সম্পর্কে বন্ধু, পরিবার, নিয়োগকর্তাদের সতর্ক করুন;
- প্যানিক অ্যালার্ম পাওয়া গেলে;
- যদি প্রমাণমূলক উদ্দেশ্যে সহিংসতার শিকার ব্যক্তির মোবাইল ফোন বাজেয়াপ্ত করার প্রয়োজন হয়, তাহলে তাদের একটি প্রতিস্থাপন প্রদানের কথা বিবেচনা করুন;
- অন্যান্য সহায়তা পরিষেবাগুলিতে রেফারেল;
- যেখানে উপলব্ধ সুরক্ষা আদেশ ব্যবহার;

সহিংসতার শিকার/বেঁচে ঠ্যাকা ব্যক্তিকে যে পরামর্শ দেওয়া যেতে পারে:

- ঝুঁকি সম্পর্কে বন্ধু, পরিবার, নিয়োগকর্তাদের সতর্ক করুন;
- যেখানে উপলব্ধ এবং উপযুক্ত সেখানে ক্লোজ সার্কিট টেলিভিশন (সিসিটিভি) ব্যবহার;
- ব্যক্তিগত আক্রমণ সংক্রান্ত অ্যালার্ম;
- কাজের সময়/রুট পরিবর্তন, সামাজিক বা শিক্ষা কেন্দ্র।

অপরাধীর অনলাইন আচরণগুলি স্টকিং এবং হয়রানির ঘটনার সাথে যুক্ত হওয়া খুবই সাধারণ এবং তাই সহিংসতার/বেঁচে থাকা ব্যক্তিকে ডিজিটাল পরামর্শ প্রদান করা প্রয়োজন। নিম্নলিখিত তালিকা আবার ইউকে কলেজ অফ পুলিশিং নির্দেশিকা থেকে অভিযোজিত হয়েছে:

- স্পাইওয়্যার, ম্যালওয়্যার অ্যাপ বা ট্র্যাকিং ডিভাইসের জন্য পরীক্ষা করুন;
- গোপনীয়তা রক্ষা নিশ্চিত করুন বা সামঞ্জস্য বিধান করুন;
- শেয়ার করা তথ্য নিরাপদ রাখুন, ঠিকানা, ফোন নম্বর ইত্যাদি প্রকাশ করবেন না এবং বন্ধুদেরও এই ধরনের বিবরণ প্রকাশ না করতে বলুন;
- এমন তথ্য প্রকাশ করবেন না যা অভিযুক্ত অপরাধী সচেতন করতে পারে, যেমন, নতুন সম্পর্ক, চাকরি ইত্যাদি যা আপনি চান না;

সব ধরনের VAWG-এর মতো আপনার কর্মীদের অবশ্যই এটি

৯ Stalking or Harassment (2019). UK College of Policing.

নিশ্চিত করতে হবে যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা যেন মনে না করেন যে তারা সহিংসতার কোনোভাবে দায়ী।

এছাড়াও আপনাকে নিশ্চিত করতে হবে আপনার কর্মীরা, বিশেষ করে যারা কল গ্রহন করে (কল টেকার) এবং যারা পুলিশ স্টেশনের সম্মুখ ডেস্কে (ফ্রন্ট ডেস্কে) কর্মরত, একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি স্টাকিং বা হয়রানির ঘটনা রিপোর্ট করতে আসে তখন তারা প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাকে যতটা সম্ভব তথ্য সরবরাহ করতে পারে। এটি নিশ্চিত করাও গুরুত্বপূর্ণ যে সহিংসতার শিকার/জীবিত ব্যক্তির সাথে যোগাযোগ করার আগে কোনো ঘটনার বিবরণ, লিখিত বা ইলেকট্রনিক, বন্ধ বা দায়ের করা হয়নি এবং একটি ঝুঁকি মূল্যায়ন করা হয়েছে।

সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তির সাথে প্রথম যোগাযোগকারী যে কোনো কর্মীদের অগ্রাধিকার হল ঘটনা(গুলি)/অপরাধ(-গুলি), সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির দুর্বলতা এবং একটি কার্যকর প্রতিক্রিয়া এবং পরিচালনার জন্য কী প্রয়োজন তা মূল্যায়ন করা এবং চিহ্নিত ঝুঁকি ব্যবস্থাপনা করা।

নিচে বক্স-৩, এ ইউকে কলেজ অফ পুলিশিং স্টকিং শনাক্ত করার জন্য প্রাথমিক স্ক্রীনিং প্রশ্নগুলির একটি দরকারী তালিকা প্রদান করেছে:

বক্স-৩

**ব্যক্তি রিপোর্টিং থেকে তথ্য সংগ্রহ**

স্টকিং এর ক্ষেত্রে অবাঞ্ছিত, স্থির এবং আবেশী আচরণের একটি ধরণ/প্যাটার্ন রয়েছে যেগুলি অনুপ্রবেশমূলক। হয়রানির পরিমাণে স্টকিং হতে পারে এবং স্টকিং সহিংসতার ভয় বা গুরুতর বিপদ বা যন্ত্রণার কারণ হতে পারে। হয়রানিকে একটি অযৌক্তিক এবং নিপীড়নমূলক আচরণ হিসাবে বর্ণনা করা হয় যা পুনরাবৃত্তিমূলক হয় এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির মধ্যে বিপদ বা যন্ত্রণা বা সহিংসতার ভয়ের কারণ হতে পারে।

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি কি ভীত?
- অভিযুক্ত অপরাধী (রা) কি আগে সহিংসতার শিকার/বেঁচে থাকা বা অন্যদের সাথে হয়রানি/ স্টকিং এর সাথে জড়িত ছিল?
- অভিযুক্ত অপরাধী (রা) কি কখনও সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তির সম্পত্তি ধ্বংস বা ক্ষতি করেছে?
- অভিযুক্ত অপরাধী (রা) কি সপ্তাহে ৩ বারের বেশি কর্মক্ষেত্রে, বাড়িতে, বা অন্য কোথাও সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তির সাথে দেখা করেছে? (গবেষণা শনাক্ত করেছে যে সপ্তাহে ৩ বারের বেশি দেখা করলে শারীরিক আক্রমণের সম্ভাবনা সবচেয়ে বেশি থাকে)[১০]
- অভিযুক্ত অপরাধী (রা) কি আগ্নেয়াস্ত্র বা অন্যান্য অস্ত্রের মালিক বা এগুলিতে তাদের প্রবেশাধিকার (অ্যাক্সেস) আছে?
- কথিত অপরাধী(রা) কি বর্তমান হয়রানি/স্টকিং এর ঘটনায় শারীরিক বা যৌন সহিংসতার কোনো হুমকি দিয়েছে?
- অভিযুক্ত অপরাধী (রা) কি আগ্নেয়াস্ত্র বা অন্যান্য অস্ত্র দিয়ে কোন হুমকি দিয়েছে?
- হয়রানি/স্টকিং শুরু হওয়ার পর থেকে অভিযুক্ত অপরাধী কি কোনো তৃতীয় পক্ষকে জড়িত বা লক্ষ্য করেছে? (যেমন বন্ধু, পরিবার, শিশু, সহকর্মী, অংশীদার বা প্রতিবেশী)
- অভিযুক্ত অপরাধী (রা) কি অন্য লোকেদেরকে তাকে/তাদের জ্ঞাতসারে বা অন্যথায় সাহায্য করতে প্ররোচিত করেছে?
- অভিযুক্ত অপরাধী(রা) কি ড্রাগ এবং/অথবা অ্যালকোহলের অপব্যবহার করছে বলে পরিচিত?
- অভিযুক্ত অপরাধী কি অতীতে (শারীরিক বা মানসিক) নির্যাতনকারী বলে পরিচিত?

সূত্র: স্টকিং বা হয়রানি (২০১৯)। ইউকে কলেজ অফ পুলিশিং, থেকে অনুপ্রাণিত।

১০ Ibid.

# যৌন হয়রানি

যৌন হয়রানি অনেক ধরনের হয়ে থাকে এবং এটা উন্মুক্ত স্থানে, কাজের জায়গায় এবং অনলাইনে সংঘটিত হতে পারে, যদিও ইন্টারনেটকেও একটি উন্মুক্ত এবং ব্যক্তিগত উভয় জায়গা হিসেবে বিবেচনা করা যেতে পারে। বিভিন্ন গবেষণায় দেখা গেছে যে, যৌন হয়রানি হল VAWG-এর সবচেয়ে সাধারণ রূপ।[১১] কিছু দেশে, যেমন, পর্তুগাল (২০১৫), ফ্রান্স (২০১৮) এবং মিশর (২০১৪) নির্দিষ্ট আইন আছে যা যৌন হয়রানিকে ফৌজদারি অপরাধ হিসেবে গন্য করে। মিশরে ইউএনউইমেন সমীক্ষায় দেখা গেছে যে ৯৬.৫% নারী মৌখিক যৌন হয়রানির সম্মুখীন হয়েছেন। একই গবেষণায় দেখা গেছে যে একটি বিরক্তিকর তথ্য হল যে উত্তরদাতারা দাবি করেছেন যে ১৬.৯% অপরাধী পুলিশ কর্মকর্তা ছিলেন।[১২]

যদিও যুক্তরাজ্যে যৌন হয়রানি সংক্রান্ত কোনো নির্দিষ্ট ফৌজদারি আইন নেই, তবে সেখানে স্ত্রী-বিদ্বেষকে 'ঘৃণাত্মক অপরাধ' হিসেবে অন্তর্ভুক্ত করার কিছু ইতিবাচক উদাহরণ রয়েছে। নটিং-হ্যামশায়ার পুলিশ এই ইতিবাচক উদ্যোগের উপর একটি ভাল অনুশীলনের উপর কেস স্টাডি প্রকাশ করেছে যেখানে তারা স্ত্রী-বিদ্বেষের সংজ্ঞয় উল্লেখ করেছেন যে, 'নারীর বিরুদ্ধে এমন ঘটনা যা নারীর প্রতি পুরুষের দৃষ্টিভঙ্গি দ্বারা অনুপ্রাণিত এবং পুরুষদের দ্বারা নারীদের লক্ষ্য করা আচরণকে অন্তর্ভুক্ত করে কারণ তারা নারী'। নটিংহামশায়ার পুলিশ কর্তৃক গৃহীত এই অবস্থানটি নটিংহাম ট্রেন্ট ইউনিভার্সিটি এবং নটিংহাম বিশ্ববি-দ্যালয়ের ২০১৮ সালের একটি গবেষণার মধ্যেমে মূল্যায়ন করা হয়েছিল।[১৩]

**আরও তথ্যের জন্য নবম অধ্যায়ঃ 'যোগাযোগ' এ নারীদের প্রতি সহিংস আচরণকে 'ঘৃণাত্মক অপরাধ' হিসেবে বিবেচনা করছে এর উপর নটিংহ্যামশায়ার পুলিশের কেস স্টাডি দেখুন।**

যৌন হয়রানি অন্যান্য ধরনের যৌন অপরাধ যেমন যৌন নিপীড়নের মাধ্যমেও হতে পারে, কিন্তু কোন আচরণ অপরাধ হিসেবে চিহ্নিত না হওয়ার অর্থ এই নয় যে এটি সহিংসতার শিকার/বেঁচে ঠ্যাকা ব্যক্তির জন্য কম ক্ষতিকর। নারী ও মেয়েরা প্রায়শই অল্প বয়স থেকেই যৌন হয়রানি অভিজ্ঞতা অর্জন করে বিধায় বিষয়টি 'স্বাভাবিক' হিসেবে গ্রহন করার ঝুঁকি তৈরি করতে পারে। এবং এটি কোন আচরণ গ্রহণযোগ্য সে সম্পর্কে




ছেলে এবং মেয়েদের মতামতকেও প্রভাবিত করতে পারে। এর ফলে উন্মুক্ত স্থানে নারীদের স্বাধীনতাকে সীমিত করতে পারে এবং তারা বিশ্বাস করতে পারে যে 'ঝুঁকিপূর্ণ' পরিস্থিতি এড়িয়ে যাওয়া তাদের দায়িত্ব।[১৪]

যৌন হয়রানি অন্যান্য ধরণের অপব্যবহারের সাথেও সম্পর্কযুক্ত হতে পারে যেমন অক্ষমতা-সম্পর্কিত হয়রানি এবং জাতিগততা থেকে উদ্বুদ্ধ যৌন হয়রানি।[১৫] উদাহরণস্বরূপ, একজন অন্য বর্ণের নারী একজন শ্বেতাঙ্গ নারী থেকে ভিন্নভাবে হয়রানির শিকার হতে পারে। সে তার লিঙ্গ এবং তার জাতি বা জাতিগততার সংমিশ্রণের কারণে লক্ষ্যবস্তু হতে পারে।[১৬]

প্রমুনড হল একটি বিশ্বব্যাপী সংস্থা যা পুরুষত্ব এবং লিঙ্গ সমতার উপর কাজ করে এবং ২০১৬ সালে মার্কিন যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য এবং মেক্সিকোতে পুরুষত্ব সম্পর্কে যুবকদের দৃষ্টিভঙ্গির উপর দৃষ্টি নিবদ্ধ করে "যৌন হয়রানির মুখোশ উন্মচন" শিরোনামে একটি গবেষণা প্রকাশ করেছে। জরিপকৃত অংশগ্রহণকারীদের মতামতের ভিত্তিতে গবেষণায় দেখা গেছে যে যৌন হয়রানি অল্প বয়সে শুরু হয় এবং বিভিন্ন ধরণের হয়ে থাকে। সমীক্ষায় আরও দেখা গেছে যে যৌন হয়রানির অপরাধীরা বিভিন্ন পটভূমি, আয়ের

১১ European Agency for Fundamental Rights (2015), Violence Against Women: An EU-wide survey.

১২ UN Women (Undated) Study on Ways and Methods to Eliminate Sexual Harassment in Egypt: Results/Outcomes and Recommendations Summary.

১৩ Misogyny Hate Crime Evaluation Report for Nottingham Women's Centre Funded by the Office of Nottinghamshire Police and Crime Commissioner, Mullany, L. and Trickett, L. June 2018.

১৪ House of Commons Women and Equalities Committee (UK), (2018) Sexual Harassment of Women and Girls in public spaces: 6th Report of session 2017-2019.

১৫ Ibid.

১৬ Equal Rights Advocates (2019) Know your rights at work: Sexual Harassment.

বক্স-৪

**কর্মক্ষেত্রে আপনার অধিকার জানুন: যৌন হয়রানি**

হয়রানি হিসাবে বিবেচিত হতে পারে এমন আচরণের উদাহরণগুলির মধ্যে রয়েছে, তবে সীমাবদ্ধ নয়:

- যৌন সুবিধা প্রদান বা দেখা করার জন্য অযাচিত অনুরোধ করা;
- কারো শরীর বা চেহারা সম্পর্কে অনুপযুক্ত মন্তব্য করা;
- কারো সম্পর্কে বা একটি নির্দিষ্ট লিঙ্গ বা যৌন অভিমুখীতা সম্পর্কে (যেমন ‹নারী হল...› বা ‹সমকামী মানুষ সবাই...›) খারাপ কথা বলা বা মজা করা;
- লিঙ্গ-ভিত্তিক বা যৌন অভিযোজন-ভিত্তিক তিরস্কার (শপথ সংক্রান্ত শব্দ) ব্যবহার করা;
- যৌনতা বা যৌন কার্যক্রম সম্পর্কে অশ্লীল, আপত্তিকর বা স্পষ্ট রসিকতা করা;
- কারো ব্যক্তিগত সম্পর্ক বা যৌন জীবন সম্পর্কে ইমেল, পাঠ্য বা যৌন উত্তেজক প্রকৃতির বার্তা পাঠানো বা শেয়ার করা;
- আলিঙ্গন, চুম্বন বা আক্রমণসহ শরীরের যে কোনো অঙ্গ, পোশাক, মুখ বা চুলের অবাঞ্চিত বা অনুপযুক্ত স্পর্শ;
- কারো নড়াচড়াকে বাধাগ্রস্ত করে যৌন প্রকৃতির দৃষ্টিভঙ্গি করা, তাকানো বা অঙ্গভঙ্গি করা;
- অশ্লীল ছবি বা পর্নোগ্রাফি প্রদর্শন করা, পাঠানো বা শেয়ার করা।

সূত্র: সমান অধিকারের পক্ষের অধিপরামর্শকারী

স্তর, শিক্ষাগত পটভূমি এবং বিভিন্ন বয়সের হতে পারে। তাদের আচরণের সবচেয়ে বড় প্রভাব হল একজন মানুষ হওয়ার অর্থ কী সে সম্পর্কে তাদের মনোভাব।[১৭]

উন্মুক্ত স্থানে যৌন হয়রানি, VAWG-এর অন্যান্য রূপের মতো, প্রযুক্তি এবং অনলাইন প্ল্যাটফর্মগুলি নতুন ধরনের হয়রানি এবং এটি করার উপায়গুলিকে সহজতর করে করে তুলেছে। অনলাইন এবং আইসিটি-সুবিধাযুক্ত হয়রানির উদাহরণগুলির মধ্যে রয়েছে সর্বজনীন স্থানে স্মার্ট ফোনে পর্নোগ্রাফি দেখা এবং 'আপস্কার্টিং', যার মধ্যে সম্মতি ছাড়াই কারও স্কার্টের ছবি বা ভিডিও তোলা অন্তর্ভুক্ত। ব্যস্ত গণপরিবহনে প্রায়ই হয়রানির শিকার হবার প্রবণতা দেখা যায়, বিশেষ করে যখন বেশী মানুষ ভ্রমণ করে, এবং যখন ভিড়ের কারণে সীমাবদ্ধ জায়গায় খুব মানুষ খুব কাছাকাছি অবস্থান করে। প্রায়ই নারীরা জানেন না কে এইভাবে তাদের অধিকার লঙ্ঘন করেছে, এবং/অথবা ‹ফাঁদে› পড়ে থাকার কারণে প্রতিক্রিয়া জানাতে সক্ষম নাও হতে পারে এবং VAWG-এর অন্যান্য ধরণগুলির মতো, এই ধরনের ঘটনাগুলি উল্লেখযোগ্যভাবে রিপোর্ট করা হয় না।

২০১৮ সালে ইউকে হাউস অফ কমন্স উইমেন অ্যান্ড ইকুয়ালিটিস কমিটি কর্তৃক 'উন্মুক্ত স্থানে নারী এবং মেয়েদের যৌন হয়রানি' শীর্ষক নথির পর্যালোচনার অংশ হিসাবে, সামাজিক যোগাযোগ মাধ্যমকে 'উন্মুক্ত স্থান' হিসাবে বর্ণনা করেছে।[১৮] অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল (২০১৭) পরিচালিত গবেষণায় দেখা গেছে যে প্রতি ৫ জনের মধ্যে ১ জন নারী সামাজিক যোগাযোগ মাধ্যমে নির্যাতন বা হয়রানির শিকার হয়েছে, বিশেষ করে ১৮ থেকে ২৪ বছর বয়সী তরুণীরা বেশী নির্যাতন বা হয়রানির শিকার হয়েছে।[১৯]

যৌন হয়রানি শিক্ষা প্রতিষ্ঠানের মধ্যেও একটি সমস্যা হিসেবে দেখা দিয়েছে, এবং এর ফলে দীর্ঘস্থায়ী প্রভাব হতে পারে, বিশেষ করে প্রাথমিক শিক্ষার বছরগুলিতে। যেসব নারীরা বিশ্ববিদ্যালয়ে যৌন হয়রানির শিকার হন তারা অপরাধীর কাছাকাছি থাকতে এবং/অথবা পড়াশোনা করে থাকতে পারেন।[২০]

২০১৯ সালে, কোয়ালিশন ফর সেফ পাবলিক স্পেস (KRPA) এর জন্য ইন্দোনেশিয়ায় একটি সমীক্ষা করা হয়েছিল[২১] যেখানে দেখা গেছে যে ৫ জনের মধ্যে ৩ জন নারী উন্মুক্ত স্থানে যৌন হয়রানির শিকার হয়েছেন, তবে হয়রানির ধরণ বিভিন্ন রকমের-যেমন এর মধ্যে অন্তর্ভুক্ত ছিল মৌখিক, শারীরিক এবং অ-শারীরিক হয়রানি:

- শিস বাজানো,
- চুম্বনের শব্দ করা,
- শরীর বা পোশাক সম্পর্কে নোংরা রসিকতা বা যৌন মন্তব্য,
- দখল,

১৭ Unmasking Sexual Harassment How Toxic Masculinities Drive Men's Abuse in the US, UK, and Mexico and What We Can Do to End It: A Promundo Research Brief Produced for World Economic Forum Annual Meeting 2018. Promundo.

১৭ House of Commons Women and Equalities Committee (UK), (2018) Sexual Harassment of Women and Girls in public spaces: 6th Report of session 2017-2019.

১৯ অ্যামনেস্টি নারীদের বিরুদ্ধে অনলাইন নির্যাতনের উদ্বেগজনক প্রভাব প্রকাশ করেছে। অ্যামনেস্টি ইন্টারন্যাশনাল।

২০ স্পটেড: নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার নীতি ও অনুশীলনের উন্নতির জন্য উচ্চতর এবং আরও শিক্ষা প্রতিষ্ঠানে পাবলিক সেক্টর ইকুয়ালিটি ডিউটি এবং মানবাধিকার আইন ব্যবহার করে নারী শিক্ষার্থীদের নিরাপত্তা ও সমতা রক্ষার বাধ্যবাধকতা, নারী জোটের বিরুদ্ধে সহিংসতা বন্ধের জন্য লুইস হুইটফিল্ড এবং হলি ডাস্টিন দ্বারা প্রস্তুতকৃত লিগ্যাল ব্রিফিং, জানুয়ারি, ২০১৫.

২১ Widadio, N. A, (2019) Many Indonesian Women face sexually harassment: Survey, Coalition for Safe Public Space.

• ঘষা,

• ব্যক্তিগত অংশ উন্মুক্ত করা।

একটি স্বল্পমেয়াদী সমাধান হিসাবে জাকার্তা সরকার প্রতিরোধ ব্যবস্থা হিসাবে ট্রান্স জাকার্তা এবং কমিউটার লাইনের জন্য শুধুমাত্র নারীদের জন্য গাড়ি চালানোর অনুমতি প্রদান করেছে।

কর্মক্ষেত্রে যৌন হয়রানিও একটি বৈশ্বিক সমস্যা, এবং পুলিশ এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলি যখন এই ধরনের VAWG এর মোকাবেলা করে তখন এটাকে কাজের পরিবেশের থেকে আলাদা করে ভাবা উচিত নয়। প্রকৃতপক্ষে, যে যুক্তিটি দেওয়া যেতে পারে সেটি হল একটি পুরুষ-শাসিত সমাজ ব্যবস্থা এবং শ্রেণিবদ্ধ সংস্কৃতির কারণে, পুলিশ এবং আইন প্রয়োগকারী পরিবেশে কর্মরত নারীরা যৌন হয়রানির ঝুঁকিতে বেশি থাকে।

একজন পুলিশ নেতা হিসাবে, আপনাকে অবশ্যই নিশ্চিত করতে হবে যে আপনার কর্মীরা বুঝতে পারেন যে যৌন হয়রানি সহ্য করা হবে না এবং যেখানে এটি ঘটবে আপনাকে অবশ্যই তাৎক্ষণিকভাবে হস্তক্ষেপ করতে হবে যাতে এর বৃদ্ধি রোধ করা যায় এবং একটি শক্তিশালী বার্তা পাঠানো যায় যে এই ধরনের আচরণকে দৃঢ়ভাবে মোকাবেলা করা হবে।

আপনি কি আপনার সহকর্মীদের তাদের কাছে থেকে তাদের আচরণ সম্পর্কে আপনার প্রত্যাশার রূপরেখা দিয়েছেন কি যে তারা প্রত্যেকের সাথে সম্মান এবং মর্যাদার সাথে আচরণ করবে? আচরণ, ব্যবহার, কার্যক্রম এবং সিদ্ধান্ত গ্রহণকে প্রভাবিত করার জন্য আপনার প্রতিষ্ঠানের যদি নীতিগত কোন নির্দেশনা থেকে থাকে, তাহলে আপনাকে নিশ্চিত করতে হবে যে প্রত্যেকে এর বিষয়বস্তু সম্পর্কে সচেতন এবং মেনে চলার জন্য বদ্ধ পরিকর।

আপনার প্রতিষ্ঠানের হয়রানির বিরুদ্ধে (অ্যান্টি-হ্যারাসমেন্ট) কোনো নীতি আছে কি? যদি তাই হয়, এটা কি:

• সমস্ত কর্মীদের কাছে অ্যাক্সেসযোগ্য এবং দৃশ্যমান?

• এটা কি সহজে বোঝা যায়?

• এটা কতটা কার্যকর?

যৌন বা অন্য ধরনের হয়রানির বিরুদ্ধে অভিযোগ/নালিশ দাখিলের জন্য কোন নির্দিষ্ট প্রক্রিয়া আপনার সংস্থায় অভিযোগ/অভিযোগ আছে কি?

• এটা সব কর্মীদের অ্যাক্সেসযোগ্য?

• এটা কি গোপনীয় প্রতিবেদন প্রদান করে?

• এটা কতটা কার্যকর?

এই ধরনের নীতি এবং পদ্ধতিগুলি নিয়মিত পর্যালোচনা করা উচিত, এবং পর্যালোচনা প্রক্রিয়ায় বিভিন্ন অবস্থান এবং/অথবা বিভিন্ন প্রয়োজনের সাথে কর্মীদের অন্তর্ভুক্ত করা একটি ভাল অভ্যাস।[২২]

এটা গুরুত্বপূর্ণ যে আপনি স্বীকার করেছেন যে নারী, LGBTQI, প্রতিবন্ধী এবং অন্যান্য গোষ্ঠীর বিষয়ে কৌতুক বা আড্ডা আপনার কাজের পরিবেশের জন্য শারীরিক বা যৌন আচরণের মতোই ক্ষতিকর হতে পারে।[২৩]

একটি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং সংস্থা এমন একটি সংস্থা যা লিঙ্গ-সংবেদনশীল উপায়ে বাহ্যিক এবং অভ্যন্তরীণ উভয় সম্প্রদায়ের প্রতি সাড়া দেয়। দুর্ভাগ্যবশত, বাস্তবতা হল যে কিছু প্রতিষ্ঠান (যেমন পুলিশ 'ক্লোজ র‍্যাঙ্ক') এবং কিছু কিছু সিংস্থা সহহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে দোষারোপ করার জন্য ব্যাপক প্রচেষ্টা চালায়। এটি একটি প্রতিকূল কাজের পরিবেশ তৈরি করতে পারে যা দল এবং ব্যক্তিগত কর্মক্ষমতার ক্ষতি করতে পারে, অসুস্থতা এবং অনুপস্থিতি বৃদ্ধি করতে পারে যা শেষ পর্যন্ত স্থানীয় সম্প্রদায়ের কাছে কম কার্যকর পুলিশ পরিষেবা সরবরাহ করতে পারে।

বহু বছর ধরে গবেষণায় দেখা গেছে যে যৌন হয়রানির শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা উদ্বেগ, বিষণ্ণতা, খাওয়া সম্পর্কিত ব্যাধি, মাদক ও অ্যালকোহল সেবন, চাকরির ছেড়ে দেওয়া এবং সহিংসতা পরবর্তী মানসিক আঘাতসহ (পোস্ট-ট্রমাটিক স্ট্রেসসহ) বিভিন্ন সমস্যায় ভোগেন।[২৪]

যৌন এবং অন্যান্য ধরণের হয়রানি প্রতিরোধের জন্য একটি সাধারণ আন্তর্জাতিকভাবে স্বীকৃত পদ্ধতি হল শিক্ষা এবং সচেতনতা বৃদ্ধি, বিশেষ করে যখন এটি পুরুষ এবং ছেলেদের উদ্দেশ্য করে করা হয়। সাক্ষীদের জন্য প্রশিক্ষণ সচেতনতা বৃদ্ধি এবং জবাবদিহিতা বাড়ানোর একটি কার্যকর ধরণ হিসাবে আরও ব্যাপকভাবে স্বীকৃতি লাভ করেছে। কর্মচারী, কর্মীর সহকর্মী এবং শিক্ষার সকল স্তরের ছাত্র-ছাত্রীসহ সাক্ষীদের কাছ থেকে প্রত্যাশা করা হয় যে তারা যখন কোন ঘটনা প্রত্যক্ষ করেন বা হয়রানির বিষয়ে জানতে পারেন, এমনকি যখন তারা অন্যদের জড়িত যৌন হয়রানির প্রত্যক্ষ করেন তখন তাদের নিজেদের অভিযোগ দায়ের করা উচিত। এই ধরনের সাক্ষী সম্পর্কিত পদ্ধতির একটি ভাল উদাহরণ নবম অধ্যায়: ‹যোগাযোগ› এ পাওয়া যেতে পারে।[২৫]

২২ Pietsch, N (2015), 'Sexual Harassment and Public Space Learning Brief' (27) London, Ontario: Learning Network, Center for Research and Education on Violence against Women and Children.

২৩ Ibid.

২৪ Smith B. L (2018), 'What it really takes to stop sexual harassment', American Psychological Association, Vol 49 (No.2).

২৫ Bystander Approach. Graham Goulden for Cultivating Minds UK.

# নারী ও মেয়েদের হয়রানি থেকে নিরাপদ রাখার মধ্যে নারী পুলিশ কর্মকর্তাদের নিরাপত্তা অন্তর্ভুক্ত

সকল পদমর্যাদার পুলিশ কর্মকর্তারা লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং-এ রূপান্তরের ভূমিকা পালন করবেন বলে আশা করা হচ্ছে। নারী পুলিশ কর্মকর্তারা একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে কারণ তারা পুলিশ সংস্থাকে একটি বৈধ এবং প্রতিনিধিত্বমূলক অপরিহার্য পরিষেবা প্রদানকারী হিসাবে বিবেচনা করার জন্য প্রয়োজনীয় বিশেষ গুণাবলী নিয়ে আসে। যাইহোক, এই একই নারী পুলিশ কর্মকর্তাদের যদি তাদের নিজস্ব কাজের পরিবেশের সাথে সুরক্ষিত করা না যায় তবে পুলিশের পক্ষে নারী এবং মেয়েদের জন্য প্রয়োজনীয় পরিষেবা সরবরাহ করা অসম্ভব হবে।

দশম অধ্যায় এ যেমন আলোচনা করা হয়েছে: VAWG-এর প্রতি কার্যকর এবং জবাবদিহিমূলক প্রতিক্রিয়ার জন্য প্রতিষ্ঠান নির্মাণ, এবং যৌন হয়রানির প্রতি ‹শূন্য সহনশীলতা› ('জিরো-টলারেন্স') নীতি লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থায় রূপান্তরের জন্য গুরুত্বপূর্ণ হবে। এই ধরনের নীতির জন্য নির্বাহী কর্মকর্তা এবং পরিচালকদের সংস্থার মধ্যে যে কোন যৌন হয়রানি এবং অন্যান্য VAWG সম্পর্কিত অপরাধের জন্য শূন্য সহনশীলতা প্রদর্শন করার টুলস (সরঞ্জাম) রয়েছে তা নিশ্চিত করতে হবে, যাতে তাদের কমান্ডের অধীনে ঠ্যাকা ব্যক্তিদের দায়বদ্ধতা নিশ্চিত করার ভূমিকার উপর জোর দেওয়া হয়।

> **"আমাদের অবস্থান হল যে আপনি যদি পুলিশে নারীদের সুরক্ষা দিতে না পারেন তবে আপনি কীভাবে সম্প্রদায়ের নারীদের অবস্থার উন্নতি করতে পারবেন?**
>
> ইন্টারন্যাশনাল অ্যাসোসিয়েশন অফ উইমেন পুলিশ প্রেসিডেন্ট জেন টাউনসলে (২০১৪)

এই ধরনের সরঞ্জামগুলির মধ্যে রয়েছে অভিযোগকারী এবং হুইসেল-ব্লোয়ারদের জন্য সুরক্ষা ব্যবস্থা, যা ন্যায্য এবং প্রাতিষ্ঠানিক মূল্যবোধের সাথে সামঞ্জস্যপূর্ণ একটি প্রক্রিয়া সম্পর্কে নেতৃত্বের শক্তিশালী বার্তা দ্বারা সমর্থিত হবে। এইভাবে নীরবতার সংস্কৃতির বিরুদ্ধে গিয়ে মিথ্যাভাবে সংগঠনের বন্ধন সংরক্ষণ হিসাবে বিবেচিত না করে যৌন হয়রানির প্রতিবেদন করাকে সংগঠনের গঠনকে শক্তিশালী করা হিসাবে বিবেচনা করা হয়। এর মধ্যে রয়েছে পুলিশের ঊর্ধ্বতন এবং কার্যনির্বাহী নেতৃত্বের যে কোন প্রতিশোধমূলক কাজের জন্য শূন্য সহনশীলতার বিষয়ে দৃঢ় অবস্থান নেওয়া; এটা অস্বাভাবিক নয় যে যৌন হয়রানির অভিযোগে তারা যাদের বিরুদ্ধে অভিযুক্ত করেছে তাদের দ্বারা প্রতিশোধের সম্মুখীন হওয়া, যাদেরকে বরখাস্ত করা হয়নি, কর্মক্ষেত্রে তাদের জীবনকে এত কঠিন করে তুলে যে তারা অবশেষে পদত্যাগ করে।

> **"বিশ্বস্ত রিপোর্টিং প্রক্রিয়ার বাস্তবায়ন হল অসদাচরণের রিপোর্ট করার জন্য সহিংসতার শিকার ব্যক্তিদের নিরাপদ স্থান নিশ্চিত করার জন্য একটি মূল উপাদান।»**
>
> যৌন শোষণ ও অপব্যবহার (SEA) এবং যৌন হয়রানি (SH) মোকাবেলার জন্য জাতিসংঘের নারী নীতি এবং পদ্ধতির স্বাধীন পর্যালোচনা। চূড়ান্ত রিপোর্ট, ২০১৯।

কর্মক্ষেত্রে যৌন হয়রানি মোকাবেলায় জাতিসংঘ মহাসচিবের 'শূন্য সহনশীলতার› ('জিরো টলারেন্স') দৃষ্টিভঙ্গি এবং অগ্রাধিকারমূলক এজেন্ডাকে সামনে এগিয়ে নিয়ে যাবার জন্য, জাতিসংঘের ব্যবস্থার মধ্যের অনুষ্ঠানগুলিতে যৌন হয়রানিসহ হয়রানি প্রতিরোধের জন্য ২০১৯ সালে একটি আদর্শ আচরণবিধি তৈরি করা হয়েছিল। । সব চেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল আদর্শ আচরণবিধি ছিল যৌন হয়রানির উপর একটি উচ্চ-স্তরের টাস্ক ফোর্সের ফলাফল যা আচরণবিধির উন্নয়নে সমগ্র জাতিসংঘের ব্যবস্থাকে জড়িত করে একটি বিস্তৃত পরামর্শ প্রক্রিয়ায় মাধ্যমে প্রণীত হয়েছিল।[২৬]

ইউএন আদর্শ আচরণবিধি হয়রানি এবং যৌন হয়রানির স্পষ্ট সংজ্ঞা প্রদান করে:

- **হয়রানি হল একটি** অনুপযুক্ত বা অবাঞ্ছিত আচরণ যা যুক্তিসঙ্গতভাবে প্রত্যাশিত হতে পারে বা অন্য ব্যক্তির জন্য অপরাধ বা অপমানিত হতে পারে বলে মনে করা যেতে পারে। লিঙ্গ, লিঙ্গ পরিচয় এবং অভিব্যক্তি, যৌন অভিযোজন, শারীরিক ক্ষমতা, শারীরিক চেহারা, জাতিসত্তা, জাতি, জাতীয় উৎস, রাজনৈতিক সংশ্লিষ্টতা, বয়স, ধর্ম বা অন্য কোনো কারণে জাতিসংঘের ব্যবস্থার মধ্যে সকল অনুষ্ঠানে যে কোনো ধরনের হয়রানি নিষিদ্ধ।

- **যৌন হয়রানি হল** একটি নির্দিষ্ট ধরনের নিষিদ্ধ আচরণ। যৌন হয়রানি হল যৌন প্রকৃতির কোনো অবাঞ্ছিত আচরণ যা যুক্তি-সঙ্গতভাবে প্রত্যাশিত হতে পারে বা অপরাধ বা অপমানিত হতে পারে বলে মনে করা যেতে পারে। যৌন হয়রানি লিখিত এবং ইলেকট্রনিক যোগাযোগসহ মৌখিক, অমৌখিক বা শারীরিক প্রকৃতির যে কোন আচরণ জড়িত হতে পারে এবং একই বা ভিন্ন লিঙ্গের ব্যক্তিদের মধ্যে ঘটতে পারে।

ইউএন আদর্শ আচরণবিধি হয়রানি অভিযোগ প্রক্রিয়ার রূপরেখা প্রদান করেছে যার মধ্যে জাতিসংঘের ব্যবস্থার মধ্যে অনুষ্ঠানের আয়োজকদের জন্য প্রযোজ্য নীতি, প্রবিধান এবং নিয়ম অনুসারে যথাযথ ব্যবস্থা নেওয়ার প্রয়োজনীয়তার কথা উল্লেখ রয়েছে।[২৭]

২৬ Ending sexual harassment at UN events (2019). UN Department of Management Strategy, Policy and Compliance.
২৭ UN Code of Conduct to Prevent Harassment, Including Sexual Harassment, AT UN SYSTEM EVENTS.

বক্স-৫

**RCMP-তে কর্মক্ষেত্রে হয়রানির বিষয়ে রিপোর্ট করুন**



২০১৬ সালে, জননিরাপত্তা মন্ত্রী অনুরোধ করেছিলেন যে বেসামরিক পর্যালোচনা এবং অভিযোগ কমিশন কর্মক্ষেত্রে হয়রানির বিষয়ে RCMP-এর নীতি ও পদ্ধতিগুলির একটি বিস্তৃত পর্যালোচনা করবছে এবং বিশেষভাবে RCMP কর্মক্ষেত্রে হয়রানির বিষয়ে ২০১৩ সালের জনস্বার্থ তদন্ত প্রতিবেদনে প্রদত্ত সুপারিশের বাস্তবায়ন পরীক্ষা ও মূল্যায়ন করেছে। প্রতিবেদনটি নিশ্চিত করেছে যে কর্মক্ষেত্রে হয়রানি RCMP-তে একটি গুরুতর সমস্যা হিসাবে অব্যাহত রয়েছে। অনুসন্ধানে, কমিশন খুঁজে পেয়েছে যে যখন RCMP-এর ঊর্ধ্বতন নেতারা হয়রানি প্রতিরোধ করার জন্য প্রচেষ্টা চালিয়েছেন - বিশেষ করে বিভাগীয় পর্যায়ে - এই উদ্যোগগুলি সীমিত, অ্যাড-হক ছিল এবং জাতীয় সদর দফতর থেকে প্রয়োজনীয় সমর্থন পায়নি। প্রতিবেদনে কর্মক্ষেত্রে হয়রানি প্রতিরোধে RCMP-এর প্রচেষ্টায় চলমান বেশ কয়েকটি দুর্বলতা চিহ্নিত করা হয়েছে।

- সংস্কার বাস্তবায়নে অক্ষমতা RCMP সাংগঠনিক সংস্কৃতি এবং কাঠামোর মূল বৈশিষ্ট্যগুলির মধ্যে নিহিত;
- আরসিএমপি নেতৃত্বের সংস্কৃতি গড়ে তুলতে ব্যর্থ হয়েছে। যদিও RCMP-তে অনেক অনুকরণীয় নেতা থাকতে পারে, সংগঠনটি তার ব্যবস্থাপক, তত্ত্বাবধায়ক এবং সামগ্রিকভাবে নির্বাহী কর্মকর্তাদের মধ্যে নেতৃত্বের সংস্কৃতি প্রচার করতে খুব কমই উদ্যোগ নিয়েছে;
- হয়রানির অনুসন্ধানের জন্য একটি কৃত্রিম উচ্চ মান;
- বিভাগীয় পরিচালন কর্মকর্তারা (ডিভিশনাল কমান্ডিং অফিসাররা) হয়রানির অভিযোগে সিদ্ধান্ত নেওয়ার বিষয়ে প্রায়ই কোনো প্রশিক্ষণ পান না;
- কর্মক্ষেত্রে হয়রানি, ধমক, ভীতি প্রদর্শন এবং যৌন হয়রানি পৃথকভাবে RCMP সদস্য এবং কর্মচারীদের উল্লেখযোগ্য ক্ষতির কারণ হতে পারে, কিছু ক্ষেত্রে ক্যারিয়ারের ক্ষতি করতে পারে এবং গুরুতর মানসিক এবং শারীরিক ক্ষতির কারণ হতে পারে। এটি RCMP-এর কার্যকারিতাকেও প্রভাবিত করতে পারে, যার মধ্যে কর্মী সংকট (কম স্টাফিংয়ের) দীর্ঘস্থায়ী সমস্যাগুলিকে আরও বাড়িয়ে দিতে পারে।
- কর্মক্ষেত্রে হয়রানি কানাডিয়ান জনসাধারণের বিশ্বাসের উপর নেতিবাচক প্রভাব ফেলেছে, যারা জিজ্ঞাসা করছে যে আরসিএমপির অভ্যন্তরীণ সমস্যাগুলি 'বাইরে ফিল্টার' করেছে এবং জনসাধারণের সদস্যদের চিকিৎসা প্রভাবিত করেছে কিনা।

প্রতিবেদনটি RCMP-এর জন্য অনেক সুপারিশ প্রদান করেছে। নিম্নলিখিত তালিকাটি প্রতিবেদনে সুপারিশগুলির প্রতীকী উদাহরণ:

- পরিচালনার দক্ষতাকে স্বীকৃতি দেয় এমন প্রচারমূলক মানদণ্ড প্রবর্তন করে নেতৃত্বের সংস্কৃতি গড়ে তুলুন এবং উপযুক্ত বিশ্ববিদ্যালয়-স্তরের কোর্সসহ বিদ্যমান এবং সদ্য নিয়োগপ্রাপ্ত তত্ত্বাবধায়ক, ম্যানেজার এবং নির্বাহী কর্মকর্তাদের জন্য আরও কঠোর, বাধ্যতামূলক নেতৃত্ব বিকাশের প্রোগ্রাম চালু করুন।
- পরিষ্কার এবং সুবিন্যস্ত সরল ভাষায় হয়রানি নীতির নথি তৈরি করুন, এবং নিশ্চিত করুন যে এগুলি বাহ্যিক ওয়েবসাইটে পাওয়া যাবে;
- নিয়মিতভাবে প্রশিক্ষিত এবং যোগ্য বিশেষজ্ঞদের দ্বারা পরিচালিত ব্যক্তিগত হয়রানিমূলক প্রশিক্ষণকে প্রাতিষ্ঠানিকীকরণ করুন। অবিচ্ছিন্নভাবে সমস্ত বিদ্যমান এবং নবনিযুক্ত সুপারভাইজার, ম্যানেজার এবং নির্বাহী কর্মকর্তাদের জন্য বিশেষ প্রশিক্ষণ বাধ্যতামূলক হওয়া উচিত।
- হয়রানি তদন্ত পরিচালনা করতে চেইন অফ কমান্ড থেকে স্বাধীন দক্ষ, যোগ্য, এবং নিবেদিত প্রশাসনিক তদন্তকারীদের (ইউনিফর্মধারী সদস্য নয়), ধরে রাখুন;
- তদন্তকারীকে বিশ্বাসযোগ্যতার বিষয়ে এবং হয়রানি নীতিগুলি লঙ্ঘন করা হয়েছে কিনা এবং এই ফলাফলগুলিকে সিদ্ধান্ত গ্রহণকারীকে রিপোর্ট করার জন্য অনুসন্ধান করতে বাধ্য করতে, এবং সিদ্ধান্ত গ্রহণকারীর কাছে এই ফলাফলগুলি রিপোর্ট করতে; এবং তদন্তকারীর ফলাফল গ্রহণ করবেন কি না তা সিদ্ধান্ত নিতে এবং কোনো প্রতিকারমূলক এবং/অথবা শাস্তিমূলক ব্যবস্থা আরোপ করা উচিত কিনা সে বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য সিদ্ধান্ত গ্রহণকারীকে বাধ্য করতে হয়রানি নীতি এবং পদ্ধতিগুলি সংশোধন করুন;
- কর্মক্ষেত্রে হয়রানির অভিযোগের মূল্যায়নের ক্ষেত্রে, প্রয়োগ করা উপযুক্ত আইনি পরীক্ষা এবং হয়রানির শিকারদের আচরণ সম্পর্কিত বাধাধরা নিয়মগুলি (স্টেরিওটাইপগুলিসহ) এর মোকাবেলা করার জন্য বিভাগীয় পরিচালন কর্মকর্তারা (ডিভিশনাল কমান্ডিং অফিসাররা) সিদ্ধান্ত গ্রহণের উপর চলমান, শ্রেণীকক্ষ-ভিত্তিক প্রশিক্ষণ গ্রহণ করে এই বিষয়টি নিশ্চিত করুন।

উৎস: RCMP-তে কর্মক্ষেত্রে হয়রানির প্রতিবেদন করুন (কানাডা সরকার, ২০১৭)।

ইউএন আদর্শ আচরণবিধি দ্বারা সুপারিশকৃত উপযুক্ত পদক্ষেপগুলির মধ্যে রয়েছে:

- সত্য অনুসন্ধান সংক্রান্ত অনুশীলন গ্রহণ;
- অবিলম্বে আপত্তিকর আচরণ বন্ধ করার জন্য অপরাধীকে অনুরোধ করা;
- UN ব্যবস্থার মধ্যে অনুষ্ঠানগুলিতে অপরাধীর প্রবেশাধিকার (অ্যাক্সেস) স্থগিত করা বা বন্ধ করা বা ভবিষ্যতে UN ব্যব-স্থার মধ্যে অনুষ্ঠানগুলিতে নিবন্ধন প্রত্যাখ্যান করা, বা উভয়ই;
- হয়রানির অভিযোগে অভিযুক্ত ব্যক্তির এখতিয়ারসহ তদন্তকারী বা শাস্তিমূলক কর্তৃপক্ষের কাছে অভিযোগ জানানো;
- উপযুক্ত ফলো-আপ ব্যবস্থার জন্য হয়রানির অভিযোগে অভিযুক্ত ব্যক্তির বিষয়ে এখতিয়ারসহ নিয়োগকর্তা বা দায়িত্বশীল **কর্তৃপক্ষের কাছে** একটি প্রতিবেদন পৌঁছে দেওয়া।

বেনামী রিপোর্টিং এবং রিপোর্ট না করার বিকল্পের পাশাপাশি যৌন হয়রানির ক্ষেত্রে সমাধানের জন্য অনানুষ্ঠানিক/আনুষ্ঠানিক বিক-ল্পগুলিসহ, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিকে প্রতিবেদনের বিকল্পগুলির একটি পছন্দের তালিকা সাথে প্রদান করা, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে সহিংসতার শিকার কেন্দ্রিক পদ্ধতিতে আচরণ করাকে শক্তিশালী করতে সাহায্য করতে পারে। তাছাড়া, যৌন হয়রানি নীতিতে প্রক্রিয়ার এবং অভ্যন্তরিন ব্যবস্থার উপর আস্থা জোরদার করার জন্য, তদন্ত প্রক্রিয়াকে বাধাগ্রস্ত না করে, নিয়মিতভাবে এবং তদন্ত শেষ হওয়ার পর সংক্ষিপ্ত আপডেটসহ সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের সাথে মামলার অগ্রগতি সম্পর্কে চলমান যোগাযোগ নিশ্চিত করার ব্যবস্থা অন্তর্ভুক্ত করা উচিত।[২৮]

যৌন হয়রানির বিষয়ে উচ্চ-স্তরের টাস্ক ফোর্স দ্বারা গৃহীত পরামর্শ প্রক্রিয়াটি UN আদর্শ আচরণবিধির বৈধতার একটি গুরুত্বপূর্ণ অংশ ছিল, কারণ এটি সমস্যাটির উপর জাতিসংঘের মালিকানা এবং প্রক্রিয়ার স্বচ্ছতার নীতিগুলি মেনে চলার প্রচেষ্টার ইঙ্গিত প্রদান করে।

পুলিশের মধ্যে যারা একই ধরনের নীতি এবং সংশ্লিষ্ট প্রক্রিয়া প্রতিষ্ঠা করতে চাইছে, তারা এর উন্নয়নের বিষয়ে বিস্তৃতভাবে এবং স্বচ্ছ পদ্ধতিতে পরামর্শ করে ব্যাপকভাবে উপকৃত হতে পারে। বক্স-৫ এ রয়্যাল কানাডিয়ান মাউন্টেড পুলিশ (আরসিএমপি) এর কর্মক্ষেত্রে হয়রানির পর্যালোচনার একটি উদাহরণ প্রদান করা হল।

রিপোর্ট যৌন শোষণ ও নির্যাতন (SEA) এবং যৌন হয়রানি (SH) মোকাবেলার জন্য জাতিসংঘের নারীর নীতি ও পদ্ধতির স্বাধীন পর্যালোচনা। চূড়ান্ত প্রতিবেদন - ২৪মে, ২০১৯, কোপেনহেগেন।

## দ্বন্দ্ব-সম্পর্কিত VAWG

সশস্ত্র সংঘাতের সময় সংঘর্ষের সমস্ত পক্ষের দ্বারা VAWG সাধারণত যুদ্ধের একটি নির্দিষ্ট উপায় হিসাবে ব্যবহৃত হয়। যেহেতু সশস্ত্র সংঘাতগুলি প্রয়োজনীয় পরিষেবা প্রদানের জন্য স্থানীয় ব্যবস্থাকে (সিস্টেমগুলিকে) ভেঙে দেয়, তাই VAWG-এর সংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের বিশেষ সহায়তা প্রদান বা সুরক্ষা নিশ্চিতের সামান্য বা কোনও উপায় অবশিষ্ট থাকে না। এই ধরনের পরিস্থিতিতে, পুনরায় দ্বিতীয়বার সহিংসতার শিকার এবং দ্বিতীয়বার সহিংসতার শিকার উভয়ই স্বাভাবিক হয়ে যায় কারণ পুলিশকে VAWG-এর প্রতি আন্তরিকভাবে সাড়া দেওয়ার জন্য চ্যালেঞ্জ করা হয় যা সংঘর্ষের আগে এবং পরে বা শত্রুতা হ্রাসের সময় ঘটেছিল।

বক্স-৬ এ পুনরায় সহিংসতার শিকার এবং দ্বিতীয়বার সহিংসতার শিকারের সংজ্ঞা প্রদান করা হয়েছে:

বক্স-৬

| পুনরায় শিকার[২৯] | সেকেন্ডারি শিকার |
|---|---|
| প্রাপ্তবয়স্কদের জীবনে পুনরায় সহিংসতার ঘটনা ঘটা। এর মধ্যে রয়েছে, বিশেষ করে, শৈশবের যৌন নির্যাতনের ইতিহাসসহ ব্যক্তিদের বিরুদ্ধে যৌন সহিংসতা। | সহিংসতা কোন কাজের প্রত্যক্ষ ফলাফল হিসাবে ঘটে না বরং সহিংসতার শিকার নারী ও মেয়েদের প্রতি প্রতিষ্ঠান এবং ব্যক্তিদের অপর্যাপ্ত প্রতিক্রিয়া দ্বারা ঘটে। |

সশস্ত্র সংঘাত VAWG-এর জটিলতা, এর কারণ ও পরিণতি এবং কীভাবে এটি নারী ও মেয়েদেরকে ভিন্ন ও অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত করে তা যুক্ত করে। এই অতিরিক্ত জটিলতার জন্য পুলিশকে তাদের তদন্তের কৌশল পরিস্থিতি অনুযায়ী নির্ধারণ করতে হবে, শান্তিপূর্ণ সময়ে পুলিশ প্রায়ই একজন একক প্রত্যক্ষ অপরাধীর সাথে মোকাবেলা করে যারা সাধারণত বুদ্ধিবৃত্তিক-

২৯ ১৯৯৫-১৯৯৯ সালে পরিচালিত ইউএস ন্যাশনাল ভায়োলেন্স এগেই-নস্ট উইমেন (এনভিএডব্লিউ) জরিপের তথ্যে বলা হয়েছে যে অনেক নারী শৈশবকালে তাদের প্রথম সহিংসতার অভিজ্ঞতার শিকার হন; এর মধ্যে প্রকৃতপক্ষে, ৪০% শারীরিক নির্যাতন, এবং ৯%, যৌন নির্যাতনের রিপোর্ট দাখিল করেছে। শৈশবকালে যৌন নিপীড়িত নারীদের প্রাপ্তবয়স্ক হিসাবে অন্য ধরণের যৌন নির্যাতনের শিকার হওয়ার সম্ভাবনা ২.৫-৪.০ গুণ বেশি হয় সেই সকল নারীদের তুলনায় যাদের নির্যাতনের ইতিহাস নেই। See: Cividanes GC, Mello AF, Mello MF. Revictimization as a high-risk factor for development of posttraumatic stress disorder: a systematic review of the literature. Braz J Psychiatry. 2018; 00:000-000. https://pubmed.ncbi.nlm.nih.gov/30328955/

ভাবে সংঘটিত কাজের জন্য দায়ী, যেমন আইপিভি এবং যৌন হয়রানির ক্ষেত্রে, দুটি সবচেয়ে বেশি।

নির্দেশের দায়িত্বসহ কোন পরোক্ষ অপরাধী আছে কিনা তা নির্ধারণ করার বিষয়ে CR-VAWG তদন্ত করার জন্য একটি বৃহত্তর পরিসর প্রয়োজন কারণ তারা কথিতভাবে সংঘটিত কাজ(গুলি) এর প্রকৃত অপরাধীদের থেকে আলাদা হতে পারে। ইন্টারন্যাশনাল প্রোটোকল অন দ্য ডকুমেন্টেশন অ্যান্ড ইনভেস্টি-গেশন অফ সেক্সুয়াল ভায়োলেন্স ইন কনফ্লিক্ট (২০১৪) অনুসারে পরোক্ষ অপরাধী হল তারা যারা «...প্রত্যক্ষ অপরাধীর ইচ্ছার উপর নিয়ন্ত্রণ প্রয়োগ করে বা ক্ষমতার একটি সংগঠিত যন্ত্রের উপর নিয়ন্ত্রণ প্রয়োগ করে, যেমন একটি পুলিশ বা সামরিক কাঠামো।»[৩০] সশস্ত্র অনুঘটকরা বিশেষ করে কোন একটি নির্দিষ্ট জনসংখ্যা নিয়ন্ত্রণ বা এমনকি শাস্তি দেওয়ার জন্য যুদ্ধের একটি হাতিয়ার হিসাবে VAWG ব্যবহার করতে পারে।[৩১] যুদ্ধের একটি উপায় বা উদ্দেশ্য হিসাবে অন্যদের দ্বারা সংঘটিত কাজের জন্য কমান্ডের দায়িত্ব প্রতিষ্ঠা করা এইভাবে একটি অপরাধী-কেন্দ্রিক তদন্তের অন্তর্নিহিত হয়ে ওঠে।

যাইহোক, সশস্ত্র সংঘাতের প্রভাব অপরাধীদের, বিশেষ করে সহিংসতার পরোক্ষ অপরাধীদের, খুঁজে পাওয়া (অ্যাক্সেস) করা খুব কঠিন করে তোলে এবং জৈবিক বা বস্তুগত প্রমাণ সংগ্রহ করা প্রায় অসম্ভব করে তোলে। পুলিশ তদন্তকারীদের প্রায়শই সহিংসতার শিকার/বেঁচে থাকা সাহসী নারী এবং সাক্ষীদের সাক্ষ্যের উপর নির্ভর করতে থাকে, যাদেরকে সাধারণত এমন জায়গায় তথ্য এবং সাক্ষ্য প্রদান করতে হয় যেখানে সহিংসতার শিকার/বেঁচে থাকা-কেন্দ্রিক পদ্ধতির ব্যবহার করা যায় না, যেমন ক্যাম্পগুলি জোরপূর্বক বাস্তুচ্যুতদের জন্য জরুরি আশ্রয় প্রদান করে।

দ্বন্দ্ব-সম্পর্কিত VAWG, বিশেষ করে যৌন সহিংসতা, পুলিশের জন্য নিজস্ব অনন্য সুরক্ষা চ্যালেঞ্জও উপস্থাপন করে। এই ধরনের প্রেক্ষাপটে, পুলিশ এবং অন্যান্য রাষ্ট্রীয় নিরাপত্তা বাহিনী প্রায়ই ভিএডব্লিউজি-র সহিংসতার শিকার/বেঁচে থ্যাকা ব্যক্তি এবং/অথবা সাক্ষীদের জন্য পর্যাপ্ত সুরক্ষা নিশ্চিত করার ক্ষমতা রাখে না, অথবা তারা নিজেরাই আত্মতুষ্ট বা এমনকি কথিত সহিংস কর্মকাণ্ডে জড়িত বা উভয়ই। তাই ছোট অস্ত্রের বিস্তারের দিকে

> **“দ্বন্দ্ব-পরবর্তী পরিবেশে সরকারী যুদ্ধবিরতি বা শান্তি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে বেশিরভাগ নারীর ক্ষেত্রে সহিংসতা বন্ধ হয় না এবং প্রায়ই সংঘর্ষ-পরবর্তী পরিবেশে তা বৃদ্ধি পায়।।”**
>
> CEDAW কমিটির সাধারণ সুপারিশ ৩০

বিশেষ মনোযোগ দেওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ যা নারী ও মেয়েদের মুখোমুখি হওয়ার ঝুঁকিকে আরও বাড়িয়ে তোলে, কিন্তু পুলিশ অফিসারদের প্রতিক্রিয়া জানানোর জন্যও ঝুঁকি তৈরি করে।

তাছাড়া, সশস্ত্র সংঘাতের সমাপ্তি মানে VAWG-এর সমাপ্তি নয়। বিশেষজ্ঞরা যুদ্ধের পরে এবং ‘শান্তি’র সময়কালে CR-VAWG-এর প্রমান নথিভুক্ত করেছেন।[৩২] কিছু গবেষণা ইঙ্গিত করেছে যে CR-VAWG সংঘাতের পাঁচ বছর পরে রাষ্ট্রীয় এবং অ-রাষ্ট্রীয় সশস্ত্র গোষ্ঠী দ্বারা অব্যাহত রয়েছে, এর মধ্যে অধিকাংশ অপরাধ রাষ্ট্রীয় সেনাদের দ্বারা সংঘটিত হয়েছে।[৩৩]

সংঘাত-পরবর্তী বা শান্তি-নির্মাণের প্রেক্ষাপটে ছোট অস্ত্র ও হালকা অস্ত্রের (SALW) বিস্তার এবং এর অপব্যবহারের দ্বারা CR-VAWG এর ঘটনা ব্যাপকভাবে প্রভাবিত হয়েছে। উদাহরণ-স্বরূপ, সার্বিয়ার গবেষণায় আইপিভির অপরাধী যারা পূর্বে যুদ্ধ/সামরিক সংঘাতে অংশ করে নি (৮.৮%) তাদের তুলনায় IPV-এর অপরাধী যারা সামরিক সংঘর্ষে অংশগ্রহন করেছে (২২.২%) তাদের ক্ষেত্রে SALW ব্যবহার করার জন্য একটি বৃহত্তর প্রস্তুতি প্রদর্শন করেছে।[৩৪]

---

৩০ Foreign & Commonwealth Office, (2014) *International Protocol on the Documentation and Investigation of Sexual Violence in Conflict: Basic Standards of Best Practice on the Documentation of Sexual Violence as a Crime under International Law*, London: Foreign & Commonwealth Office.

৩১ এই হ্যান্ডবুকের লেখকরা সম্পূর্ণরূপে স্বীকার করেছেন যে সশস্ত্র সংঘাতে পুরুষ এবং ছেলেরাও যৌন সহিংসতার শিকার হয়। এই ধরনের ক্ষেত্রে, হ্যান্ডবুকটি the publication Preventing and Responding to Sexual and Domestic Violence against Men: A Guidance Note for Security Sector Institutions. Watson, C. Geneva: DCAF, 2014 সুপারিশ করেছে।

৩২ See Swaine, Aisling (2018), Conflict-Related Violence Against Women: Transforming Transition, Cambridge: Cambridge University Press; Hossain, Naomi (2012), Security and the Pathways of Women's Empowerment: Findings from a Thematic Synthesis of the Pathways of Women's Empowerment Research, IDS Working Paper 406, Brighton: Institute of Development Studies.

৩৩ ,See Cohen, Dara Kay, Amelia Hoover Green and Elisabeth Jean Wood (2013), Wartime sexual violence: misconceptions, implications and ways forward, Special Report, Washington D.C.: US Institute for Peace. Also see: Aolain, Fionnuala Ni, and Eilish Rooney (2007)," Under enforcement and Intersectionality: Gendered Aspects of Transition for Women," International Journal of Transitional Justice, Vol. 1, Issue 3, pp. 338–54 in Women's Meaningful Participation in Negotiating Peace and the Implementation of Peace Agreements Report of the Expert (2018). Convened by UN Women in preparation for the UN Secretary-General's report on Women and Peace and Security, New York, U.S.

৩৪ Gender and SALW in South East Europe (2016). South Eastern and Eastern Europe Clearinghouse for the Control of Small Arms and Light Weapons (SEESAC). https://www.seesac.org/f/docs/Armed-Violence/Gender_and_SALW_publication_eng-web.pdf



ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (হাইতি)

বেসামরিক জনগণের উপর যুদ্ধের প্রভাব খুবই ভিত্তিক নারী ও মেয়েদের মৃতদেহ যুদ্ধক্ষেত্রের অংশ হয়ে ওঠে কারণ তারা অপহরণের লক্ষ্যবস্তুতে পরিণত হয়, সৈন্যদের যৌন দাস হিসেবে এবং সেইসাথে তাদের জন্য রান্না করা এবং ক্যাম্প থেকে ক্যাম্পে তাদের বোঝা বহন করার জন্য ব্যবহার করা হয়।[৩৫] যৌন সহিংসতা এবং শোষণের সাথে অসমনুপাতিকতার শিকার হওয়ার কারণে, নারী এবং মেয়েরা এইচআইভি/এইডসের মতো যৌন সংক্রামিত রোগের জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ এবং এই ধরনের সহিংসতার ফলস্বরূপ প্রান্তিকতার শিকার হয়।

উপরন্তু, সশস্ত্র সংঘাত এবং অন্যান্য মানবিক সংকটের ফলে জোরপূর্বক বাস্তুচ্যুতি VAWG সহ GBV-এর ঝুঁকি বাড়ায়, বিশেষ করে IPV।[৩৬] বাস্তুচ্যুত শিবিরে বসবাসকারী নারী ও মেয়েরা সহিংসতার মুখোমুখি হলে পুলিশকে সাড়া দিতে হবে। এই ধরনের পরিস্থিতিতে, জল, খাবার বা এমনকি টয়লেট অ্যাক্সেসের মতো দৈনন্দিন প্রয়োজনীয় জিনিসগুলি চাওয়া নারী এবং মেয়েদের জন্য বিপজ্জনক হতে পারে। বাস্তুচ্যুতি শিবিরে VAWG-এর প্রতিক্রিয়া (প্রতিরোধ ও তদন্ত) জানানোর জন্য পুলিশকে মানসিক আঘাত-প্রাপ্ত সেই সমস্ত ব্যক্তিদের সাথে অংশীদারিত্ব গড়ে তুলতে হবে যারা প্রতিনিধি নেতৃত্বের মাধ্যমে সংগঠিত নাও হতে পারে। পুলিশের যে কোন হস্তক্ষেপের জন্য এই নতুন সামাজিক সম্পর্কের ভঙ্গুরতা এবং VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সুস্থতার/কল্যাণের জন্য এগুলি অর্থ কী তা ভালো ভাবে বুঝতে হবে।

৩৫ Women, War and Peace: The Independent Experts' Assessment on the Impact of Armed Conflict on Women and Women's Role in Peace-building (2002). Rehn, E., and Sirleaf, E.J. United Nations Development Fund for Women (UNIFEM).

৩৬ Interventions to Reduce Gender-based Violence in Humanitarian Settings (2019). Sexual Violence Research Institute and World Bank Group.

যৌন সহিংসতা গবেষণা ইনস্টিটিউটের ('SVRI') মতে, এই ধরনের অনিশ্চিত পরিস্থিতিতে যৌন সহিংসতা প্রায়শই বেড়ে যায়, বাল্যবিবাহের হার বাড়তে পারে এবং নারী এবং মেয়েরা ফ্লাইটের সময়, আশ্রয়ের সময়, ট্রানজিট দেশগুলিতে এবং যখন তারা যুদ্ধ-বিধ্বস্ত পরিবেশে বাড়ি ফিরে আসে তখনসহ তাদের যাত্রার প্রতিটি পর্যায়ে সহিংসতার জন্য অত্যন্ত ঝুঁকিপূর্ণ হয়।[৩৭]

চ্যালেঞ্জ থাকা সত্ত্বেও, রাষ্ট্রগুলি তাদের ভূখণ্ডে সশস্ত্র সংঘাতের সময় সংঘটিত যৌন সহিংসতা এবং VAWG-এর অন্যান্য ধরণের সমস্ত অভিযোগ তদন্ত করতে আন্তর্জাতিক আইন মেনে চলতে বাধ্য। যাইহোক, বাস্তবতা হল বেশিরভাগ রাষ্ট্রগুলি VAWG-এর অন্যান্য সমস্ত ধরণ যা দৈনিক ভিত্তিতে ঘটছে এবং সাম্প্রতিক অতীতে ঘটেছে সেগুলি বাদে CR-VAWG-এর পর্যাপ্ত তদন্ত এবং বিচারের জন্য সশস্ত্র সংঘাত সংগ্রাম থেকে বেরিয়ে আসছে।

CR-VAWG-এর দায়মুক্তি মোকাবেলা করার জন্য, এবং VAWG তদন্ত করতে অক্ষম বা অনিচ্ছুক রাষ্ট্রগুলি মোকাবেলা করার জন্য আন্তর্জাতিক সম্প্রদায়, সাধারণত জাতিসংঘের নেতৃত্বে, সমান্তরাল অ-বিচারিক তদন্ত পরিচালনা করতে পারে বা অপরাধমূলক তদন্তের জন্য প্রশ্নযুক্ত রাষ্ট্রকে সমর্থন করতে পারে। যে কোন আন্তর্জাতিক তদন্তমূলক ব্যবস্থার হস্তক্ষেপের জন্য স্থানীয় সহায়তার প্রয়োজন হবে বিশেষ করে জাতীয় পুলিশের দ্বারা যখন তারা সংশ্লিষ্ট সহিংসতায় জড়িত না হয়, যা এই ধরনের মামলার জন্য আন্তর্জাতিক তদন্তে নেতৃত্বদানকারী এবং কাজ করে এমন ব্যক্তিদের সাথে জড়িত হওয়ার জন্য পুলিশ পরিচালকদের ক্ষমতা থেকে উপকৃত হবে। যেসব ক্ষেত্রে দায়ী রাষ্ট্র আন্তর্জাতিক অপরাধ আদালতের (ICC) রোম চুক্তির স্বাক্ষরকারী, আইসিসির মানবাধিকার লঙ্ঘন তদন্ত করার এখতিয়ার রয়েছে যখন সেই রাষ্ট্রের জাতীয় বিচার ব্যবস্থা তার নিজস্ব আচরণ করতে অক্ষম বা অনিচ্ছুক।[৩৮]




যোগ্য কর্তৃপক্ষ নির্বিশেষে, এই হ্যান্ডবুকে দেওয়া লিঙ্গ-সংবেদনশীল নির্দেশিকা CR-VAWG-এর তদন্তকারী পুলিশগুলির জন্য একটি উপযুক্ত রেফারেন্স কারণ সশস্ত্র সংঘাতের পরিস্থিতিতে এখানে আন্তর্জাতিক মানবাধিকার আইন এবং আন্তর্জাতিক মানবিক আইন উভয়ই প্রযোজ্য হয়েছে।[৩৯] এই হ্যান্ডবুকে প্রস্তাবিত লিঙ্গ-সংবে-

৩৭ Ibid.

৩৮ See Art. 17(1) of the Rome Statute of the International Criminal Court U.N. Doc. A/CONF.183/9, July 17, 1998, 37 I.L.M. 1002, 1030 (entered into force July 1, 2002) [hereinafter Rome Statute].

৩৯ আরও তথ্যের জন্য সশস্ত্র সংঘর্ষে মানবাধিকারের আন্তর্জাতিক আইনি সুরক্ষা দেখুন (UNHCHR, 2011)।

দনশীল দক্ষতাগুলি জাতিসংঘের নিরাপত্তা পরিষদের আদেশের বেসামরিক বিশেষজ্ঞদের ক্ষেত্রেও প্রযোজ্য যেমন আন্তর্জাতিক তদন্ত কমিশন, ফ্যাক্ট-ফাইন্ডিং মিশন এবং আন্তর্জাতিক মানবাধিকার আইন (IHRL) লঙ্ঘনের অভিযোগ তদন্ত করতে চাইছে এমন অন্যান্য তদন্তকারী সংস্থা, আন্তর্জাতিক মানবিক আইন (IHL) বা আন্তর্জাতিক ফৌজদারি আইন, এবং তাদের বাস্তব ও আইনি অনু-সন্ধানের ভিত্তিতে সংশোধনমূলক পদক্ষেপের জন্য সুপারিশ করেছে।

এই হ্যান্ডবুকে প্রচারিত লিঙ্গ-সংবেদনশীল দক্ষতাগুলি CR-VAWG তদন্তের জন্য গুরুত্বপূর্ণ স্তম্ভ, এমনকি যুদ্ধের মাধ্যম হিসাবে VAWG-এর ব্যবহার করা হয়, উন্নয়নশীল প্রযুক্তির সাথে প্রসঙ্গ পরিবর্তিত হয় এবং CR-VAWG-এর পরোক্ষ অপরাধীরা জবাবদিহিতা এড়াতে নতুন উপায় খুঁজে পায়। প্রতিটি পর্যায়ে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার বিষয়টি সর্বদা তদন্তকারী বা প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের নিয়ন্ত্রণে থাকবে। VAWG-এর প্রকৃতির উপর সশস্ত্র সংঘাতের যে মাত্রাগুলি রয়েছে, এর কারণগুলি, ফলাফলগুলি এবং এটি কীভাবে নারী ও মেয়েদেরকে ভিন্ন এবং অসমভাবে প্রভাবিত করে সেগুলির একটি দৃঢ় উপলব্ধিসহ, পুলিশ এবং বেসামরিক তদন্তকারীরা তদন্ত-মূলক আদেশে সর্বোত্তম অবদান রাখতে পারে, তাই সশস্ত্র সংঘাতের সময়ে দায়মুক্তি পাওয়া যাবে না।

পরিশেষে, মানবিক সংকটে এই হ্যান্ডবুকটির ব্যবহারকে আন্তঃসংস্থা স্ট্যান্ডিং কমিটির *মানবিক* সেটিংসে লিঙ্গ-ভিত্তিক সহিংস হস্ত-ক্ষেপের নির্দেশিকা, জরুরী পরিস্থিতিতে যৌন সহিংসতা প্রতিরোধ এবং প্রতিক্রিয়ার উপর দৃষ্টি নিবদ্ধ করা (২০০৫) এর সাথে পরিপূরকভাবে দেখা উচিত।[৪০]

৪০ ১৯৯১ সালে জাতিসংঘ (UN) সাধারণ পরিষদের রেজোলিউশন ৪৬/১৮২ দ্বারা প্রস্তুতকৃত, **ইন্টার-এজেন্সি স্ট্যান্ডিং কমিটি হল** জাতিসংঘ ব্যবস্থার মধ্যে **সবচেয়ে দীর্ঘস্থায়ী এবং সর্বোচ্চ স্তরের মানবিক সমন্বয় ফোরাম**, যা প্রস্তুতি এবং প্রতিক্রিয়া প্রচেষ্টার সমন্বয় নিশ্চিত করতে, নীতি প্রণয়ন এবং শক্তিশালী মানবিক পদক্ষেপের জন্য অগ্রাধি-কারের বিষয়ে একমত হওয়ার জন্য ১৮টি জাতিসংঘ এবং অ-জাতি-সংঘের সংস্থার নির্বাহী প্রধানদের একত্রিত করেছে। ইন্টার-এজেন্সি স্থায়ী কমিটি দেখুন।

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশিকা (পিয়ার টু পিয়ার গাইডেন্স): ভিএডব্লিউজি (VAWG) এবং জোরপূর্বক স্থানচ্যুতি জনিত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতি প্রতিক্রিয়া

বৈশ্বিক নিরাপত্তা পরিস্থিতি ক্রমাগত বিকশিত হচ্ছে, এবং আমরা অনেক অঞ্চলে দ্বন্দ্ব দেখতে পাই, কিছু নতুন, অনেকগুলি কয়েক বছর ধরে বিদ্যমান যার ফলে বাস্তুচ্যুত মানুষের সংখ্যা বাড়ছে বা অবশ্যই কমছে না। এটি নিজস্ব দেশ থেকে দ্বন্দ্বের কারণে পালিয়ে যাওয়ার ফলে উদ্বাস্তুদের থাকতে দেওয়া দেশগুলির পুলিশ এবং আইন প্রয়োগকারী পরিষেবাগুলির জন্য চ্যালেঞ্জ নিয়ে আসে।

উদ্বাস্তুদের মতো বহিরাগত বাস্তুচ্যুত ব্যক্তিসহ বাস্তুচ্যুত মানুষের নিরাপত্তা ও সুরক্ষা আয়োজক দেশের দায়িত্ব হয়ে যায়। পুলিশ কর্মকর্তা হিসাবে, আপনি তাদের নিরাপত্তা এবং সুরক্ষার জন্য আপনার দায়িত্ব থেকে মুক্তি দিতে পারবেন না কারণ তারা UNHCR এর মতো আন্তর্জাতিক সংস্থা দ্বারা পরিচালিত শরণার্থী শিবিরের মধ্যে আবদ্ধ থাকতে পারে।

বিশাল সংখ্যার উদ্বাস্তুদের আগমন যেকোন দেশের শরণার্থীদের জন্য এবং স্বাগতিক সম্প্রদায়কে একটি কার্যকর পুলিশিং পরিষেবা প্রদানের জন্য অসংখ্য চ্যালেঞ্জ নিয়ে আসে। এই ধরনের একটি চ্যালেঞ্জ বর্তমানে বাংলাদেশের কক্সবাজারে দেখা দিয়েছে যেখানে প্রায় ৮৫৪৭৪০ রোহিঙ্গা শরণার্থী রয়েছে যারা মিয়ানমার থেকে সীমান্ত পেরিয়ে পালিয়ে এসেছে এবং এখন বাংলাদেশে ৩৪টি শরণার্থী শিবিরে বসবাস করছে।

বাংলাদেশ পুলিশ এখন বিশাল চ্যালেঞ্জের সম্মুখীন, বিশেষ করে থানা পর্যায়ে যারা এখন তাদের সীমিত সম্পদকে অনেক বৃহত্তর জনগোষ্ঠীর জন্য মোতায়েন করতে হবে। যদিও কক্সবাজার জেলায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে, এই এলাকায় যে বিপুল সংখ্যক মানুষ প্রবেশ করেছে তাদের সংখ্যার তুলনায় পুলিশের সংখ্যা তুলনামূলকভাবে কম। এখানে শুধুমাত্র শরণার্থীই নয় বরং বাংলাদেশের বাইরের বিপুল সংখ্যক দাতা সংস্থার কর্মীও রয়েছে।

বিপুল সংখ্যক উদ্বাস্তু হোস্ট করা একটি এলাকায় একজন পুলিশ স্টেশন কমান্ডার হিসাবে, আপনার সীমিত সংস্থানগুলি এখন আরও প্রসারিত হবে, এবং যদি আপনার কাছে তাদের থাকার সুবিধা না থাকে তবে কেবলমাত্র আরও কর্মীদের অনুরোধ করা একটি সহজ সমাধান নয়। এটি বিশেষ করে যখন VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ক্রমবর্ধমান সংখ্যাকে

বক্স-৭

**উদ্বাস্তু বনাম অভ্যন্তরীণ বাস্তুচ্যুত ব্যক্তির (IDP) এর সংজ্ঞা**

| উদ্বাস্তু | আইডিপি |
|---|---|
| উদ্বাস্তু হল তাদের দেশের বাইরের এমন একজন ব্যক্তি যার নিপীড়ন, সশস্ত্র সংঘাত, সহিংসতা বা গুরুতর জন নিরাপত্তার কারণে তাদের জীবন, শারীরিক অখণ্ডতা বা জন্মের দেশে স্বাধীনতার জন্য গুরুতর হুমকির কারণে আন্তর্জাতিক সুরক্ষার প্রয়োজন। নিজ দেশে কর্তৃপক্ষ তাদের রক্ষা করতে পারে না বা করবে না।<br><br>সূত্র: A/AC 96/830 and the refugee protection mandate of UNHCR, in accordance with para 6 A (ii) of its Statute (General Assembly resolution 428 (V), annex). | ব্যক্তি বা ব্যক্তিদের গোষ্ঠী যারা পালাতে বাধ্য হয়েছে বা তাদের বাড়িঘর বা অভ্যাসগত বসবাসের স্থান ত্যাগ করতে বাধ্য হয়েছে, বিশেষ করে সশস্ত্র সংঘাতের প্রভাব, সাধারণ সহিংসতার পরিস্থিতি, মানবাধিকার লঙ্ঘনের ফলে বা এড়াতে বা প্রাকৃতিক বা মানবসৃষ্ট দুর্যোগ, এবং যারা আন্তর্জাতিক-ভাবে স্বীকৃত রাষ্ট্রীয় সীমানা অতিক্রম করেনি।<br><br>সূত্র: A/AC 96/830 and the refugee protection mandate of UNHCR, in accordance with para 6 A (ii) of its Statute (General Assembly resolution 428 (V), annex). |

সহায়তা করার জন্য নারী কর্মকর্তাদের সংখ্যা বৃদ্ধির প্রয়োজন হয়, যা প্রায়শই সংঘর্ষ এবং পরবর্তী সংঘর্ষের পরিবেশে দেখা যায়।

পালিয়ে যাওয়া সংক্রান্ত দ্বন্দ্বের কারণে, অনেক শরণার্থী পরিবার নারীদের মাধ্যেমে পরিচালিত হয় কেননা তাদের স্বামী এবং/অথবা ছেলেরা সংঘাতে নিহত হয়েছেন বা এখনও তারা যে দেশে জন্ম গ্রহণ করেছে সেই দেশে লড়াই করছেন। নারীদের মাধ্যেমে পরিচালিত পরিবারের সংখ্যা বেশী হলে, বিশেষ করে বিভিন্ন সাংস্কৃতিক প্রেক্ষাপটে, নারী ও শিশুদের দুর্বলতা বাড়াতে পারে। যেটি হ্যান্ডবুকে পূর্বেই উল্লেখ করা হয়েছে আপনি এবং আপনার কর্মীরা যে সম্প্রদায়গুলিতে সেবা পরিবেশন করেন, শরণার্থী এবং আপনার পুলিশিং জেলার মধ্যে বসবাসকারী অন্য কোনো বিদেশীসহ সেই সম্প্রদায়ের সাংস্কৃতিক অবস্থা বোঝার চেষ্টা করা খুবই জরুরী।

নৃশংসতার যে অভিজ্ঞতা করা এবং সেখান থেকে পালাতে সক্ষম হওয়া বিভিন্ন ধরনের অক্ষমতাসহ আরও বেশি সংখ্যক সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি হতে পারে, এবং তাদের ক্ষেত্রে বিচার পরিষেবার অ্যাক্সেস নিশ্চিত করার ক্ষেত্রে আপনি এবং আপনার কর্মীরা বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হতে পারেন।

**সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েরা যেন প্রাসঙ্গিক পরিষেবাগুলিতে অ্যাক্সেস করতে পারে তা নিশ্চিত করার জন্য আরও নির্দেশিনার জন্য চতুর্থ অধ্যায়: ‹প্রাথমিক যোগাযোগ›, পঞ্চম অধ্যায়: ‹তদন্ত› এবং অষ্টম অধ্যায়: ‹সহায়তা এবং সাহায্য› দেখুন।**

বিপুল সংখ্যক শরণার্থীকে পুলিশিং করার ক্ষেত্রে আপনি এবং আপনার কর্মীরা যে অন্যান্য নিম্নলিখিত চ্যালেঞ্জগুলির সম্মুখীন হতে পারেন তার মধ্যে রয়েছে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়:

- ভাষাগত প্রতিবন্ধকতা;
- ফরেনসিক পরীক্ষকদের মতো প্রমাণমূলক পদ্ধতিতে অ্যাক্সেসের অভাব;
- শরণার্থী জনসংখ্যার সংস্কৃতি এবং ঐতিহ্য সম্পর্কে সচেতনতার অভাব;
- উদ্বাস্তু নারী ও মেয়েদের তাদের অধিকার সম্পর্কে সচেতনতার অভাব;
- শরণার্থীদের তাদের অধিকার পাওয়ার জন্য কী ভাবে ন্যায়বিচার এবং সহায়তা পরিষেবাগুলি অ্যাক্সেস করা যায় সে সম্পর্কে সচেতনতার অভাব;
- উদ্বাস্তুদের প্রতি আপনার স্থানীয় হোস্ট সম্প্রদায়ের মধ্যে উত্তে-জনা বৃদ্ধি;
- এলাকায় সংগঠিত অপরাধ চক্র বেড়েছে যারা দুর্বলদের শোষণ করতে চাইছে;
- ‘ইউনিফর্ম’ পরিষেবাগুলিতে শরণার্থী সম্প্রদায়ের আস্থার অভাব, (উদাহরণ হল রোহিঙ্গা শরণার্থীরা ইউনিফর্ম পরা কর্মীদের তাদের নিজ দেশের সহিংসতা এবং নৃশংসতার সাথে যুক্ত করতে পারে);
- সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের রক্ষা করতে এবং তদন্তের অগ্রগতির জন্য প্রমাণ পেতে চিকিৎসা সুবিধার এবং অন্যান্য সম্পদের অভাব।

শরণার্থী সঙ্কট পরিস্থিতিতে একটি কার্যকর পুলিশিং পরিষেবা প্রদানের চ্যালেঞ্জগুলি স্পষ্ট। তবে এমন সুযোগগুলিও রয়েছে যা আপনাকে



ছবি সৌজন্যে MINUSTAH/Logan Abassi (হাইতি)

সহিংসতার শিকার/বেঁচে থাকা উভয়ের পাশাপাশি আপনার এবং আপনার কর্মীদের উপকার করার জন্য কাজে লাগাতে হবে।

এই ধরনের সুযোগগুলি সম্ভবত আন্তর্জাতিক সাহায্য সংস্থা এবং এনজিওগুলির মাধ্যমে আসতে পারে যারা সাধারণত শরণার্থী শিবিরের মধ্যে থাকা  শরণার্থী এবং স্থানীয় হোস্ট সম্প্রদায় উভয়কেই সহায়তা প্রদান করে। যখনই সম্ভব এই সংস্থা এবং এনজিওগুলির জন্য যারা কাজ করছে তাদের সাথে স্থানীয়ভাবে জড়িত থাকার জন্য আপনার কর্মীদের উৎসাহিত করা উচিত।

বাস্তবিক অবস্থার/মাঠের বাস্তবতার সাথে সম্পর্ক গড়ে তোলা আপনাকে অন্যদের দ্বারা বাস্তবায়িত প্রকল্প এবং উদ্যোগের মাধ্যমে উদ্বাস্তু এবং স্থানীয় সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার সুযোগ সৃষ্টি করতে পারে। আন্তর্জাতিক এবং জাতীয় সংস্থাগুলির সাথে সক্রিয়ভাবে জড়িত থাকার মাধ্যমে আপনি VAWG-এর সহিংসতার  শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সর্বোত্তম স্বার্থে সহযোগিতা করার উপায়গুলি সনাক্ত করতে পারেন। সহযোগিতার ফলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য অতিরিক্ত সুযোগের কেন্দ্র বিন্দু (অ্যাক্সেস পয়েন্ট) তৈরি করা যেতে পারে যাতে এই প্রক্রিয়ার সাথে জড়িত ব্যক্তিদের সাথে কথা বলে তারা তাদের বিরুদ্ধে ঘটে যাওয়া অপরাধের রিপোর্ট করতে সক্ষম হয়, উদাহরণস্বরূপ, চিকিৎসা ব্যবস্থা, শিক্ষা, অর্থনৈতিক ক্ষমতায়ন যারা তখন ন্যায়বিচার পরিষেবা প্রদানকারীদের পথনির্দেশক হয়ে থাকতে পারে।

সহযোগিতার ফলে ক্যাম্পের মধ্যে বা ক্যাম্পের কাছাকাছি পুলিশদের থাকার জন্য অতিরিক্ত সুবিধা প্রদান করা হতে পারে। একটি উদাহরণ হল বাংলাদেশের কক্সবাজারে দুটি শরণার্থী শিবিরের মধ্যে পুলিশ স্টেশনে ‹নারী সহায়তা ডেস্ক› স্থাপন করা হয়েছে। এছাড়াও অনুসরণ করার মতো আরও অনেক কিছু রয়েছে। ইউএনউইমেন দ্বারা সমর্থিত, এই সুবিধাগুলি নারী কর্মকর্তাদের জন্য আবাসনের ব্যবস্থা করেছে যাতে তারা ক্যাম্পের মধ্যে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তি, পুলিশ স্টেশন কমান্ডার এবং তদন্তকারীদেরও ২৪-ঘন্টা সেবা প্রদান করতে সক্ষম হয়।

জাতীয় এবং আন্তর্জাতিক অংশীদারদের সাথে জড়িত হওয়া শুধুমাত্র স্থানীয়ভাবে সম্পর্ক এবং যোগাযোগের সুযোগই তৈরি করবে না, এটি আপনাকে সম্প্রদায়ের যে কোন ধরণের  প্রচার কর্মসূচির মাধ্যমে বিভিন্ন সম্প্রদায়ের সাথে সরাসরি সম্পৃক্ত হওয়ার অন্যান্য উপায়ও প্রদান করতে পারে। অন্যান্য স্টেকহোল্ডার এবং সম্প্রদায়ের সাথে বিশ্বাস এবং আস্থা তৈরি করার সাথে সাথে কীভাবে অংশীদার সংস্থাগুলি একে অপরকে সমর্থন করতে পারে এবং  সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থন করতেও একত্রিত হতে পারে সেই সম্পর্কে আপনি সচেতনতা বাড়াতে পারেন। শেষ পর্যন্ত স্থানীয় জনগণের মধ্যে আস্থা ও বিশ্বাস স্থাপন করা আপনাকে এবং আপনার কর্মীদের অন্যান্য অপরাধ সংঘটিত হওয়ার বিষয়ে তথ্য এবং গোপন সংবাদ সংগ্রহ করতে এবং অপরাধ প্রতিরোধে সচেতনতা বৃদ্ধির সুযোগ প্রদান করতে সক্ষম করবে।



UNAMID/Albert González Farran এর ছবি সৌজন্যে

সহযোগিতামূলক কাজ এবং সম্প্রদায় সম্পর্কিত সমাধান সম্পর্কে আরও তথ্যের জন্য তৃতীয় অধ্যায়ঃ ‹প্রতিরোধ›, ষষ্ঠ অধ্যায়: ‹নিরাপত্তা এবং সুরক্ষা›, এবং সপ্তম অধ্যায়: ‹সহায়তা এবং সাহায্য’ দেখুন।

## দ্বন্দ্বের বিকশিত প্রকৃতির সাথে তদন্তকে অভিযোজিত (মেলানো) করা

CR-VAWG তদন্ত করা, বিশেষ করে যখন এটি সংঘর্ষে সশস্ত্র অনুঘটকদের দ্বারা সংঘটিত কাজগুলিকে জড়িত করে, যুদ্ধে VAWG কীভাবে ব্যবহার করা হয় সে সম্পর্কে গভীর ধারণা প্রয়োজন। পুলিশের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জ সত্ত্বেও, CR-VAWG-তে একটি লিঙ্গ-সংবেদনশীল তদন্তের জন্য এই ধরনের সহিংসতার সাথে সম্পর্কিত বিস্তৃত প্রেক্ষাপট প্রমাণগুলির একটি নিবিড় বিশ্লেষণ করার জন্য উল্লেখযোগ্য দক্ষতার প্রয়োজন হবে –যা স্পষ্ট করে যে যৌন সহিংসতা যুদ্ধের সময় সংঘটিত অন্যান্য ‘মূল’ অপরাধের ক্ষেত্রে নিছক ‘ঘটনামূলক’ বা ‘সুবিধাবাদী’ ঘটনার পরিবর্তে সংগঠিত যুদ্ধ প্রচেষ্টার একটি অবিচ্ছেদ্য অংশ।[৪১]

স্কাউটও এন্ড ক্লেরি (২০০৯) (Sácouto and Cleary, 2009), যুক্তি দেখিয়েছেন যে সশস্ত্র সংঘাতে যৌন সহিংসতা প্রায়শই নির্মোহভাবে উৎসাহিত বা সহ্য করা হয়, এমনকি সরকারীভাবে অনুমোদিত না হলেও।[৪২] তারা আরও যোগ করেছেন যে, যদি সময়মতো তদন্ত না করা হয় বা শাস্তি না দেওয়া হয়, তাহলে যৌন সহিংসতা বাড়তে পারে এবং এটা যুদ্ধের কেন্দ্রীয় মাধ্যম হয়ে উঠতে পারে।

উদাহরণস্বরূপ, লাইবেরিয়ায় ডাবলুএইচও (২০০৫) পরিচালিত যৌন CR-VAWG এর উপর একটি গবেষণা[৪৩] প্রতিবেদনে বলা হয়েছে যে ১২১৬ অংশগ্রহণকারীদের মধ্যে ৯৫% GBV-এর কোনো না কোনো ধরণের অভিজ্ঞতা অর্জন করেছিল যার মধ্যে ৭৩.৯% উত্তরদাতা যুদ্ধের সময় ধর্ষণের শিকার হয়েছিল এবং ১৩.০% সংঘর্ষের পরে ধর্ষণের শিকার হয়েছিল।[৪৪] সংঘাত-পরবর্তী সময়ের প্রাথমিক বছরগুলিতে অপরাধীরা প্রধানত প্রাক্তন যোদ্ধা ছিল। ২০০৭ সালে, লাইবেরিয়া জাতীয় পুলিশে রিপোর্ট করা মামলার ৪৬% ছিল ১৮ বছরের কম বয়সী শিশুদের দ্বারা দাখিল করা। এছাড়াও, ২০০৭ সালে, রিপোর্ট করা ৫,০০০ সুরক্ষা মামলার ৩৮% ছিল GBV প্রকৃতির এবং ২০০৮-এর প্রথম তিন মাসে, ১,৩৯৫টি মামলা রিপোর্ট করা হয়েছিল যার মধ্যে ৩৪% GBV সম্পর্কিত।[৪৫] ২০০৮ সালের সেপ্টেম্বর থেকে নভেম্বর পর্যন্ত নথিভুক্ত অন্যান্য যৌন অপরাধের মামলার মধ্যে ধর্ষণ প্রথম স্থানে রয়েছে।[৪৬]

> *লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বা GBV ব কোনও ক্ষতিকারক কাজের জন্য একটি ব্যাপক পরিভাষা/ধারণা যা নারী এবং পুরুষের মধ্যে সামাজিকভাবে চিহ্নিত (লিঙ্গ) পার্থক্যের উপর ভিত্তি করে একজন ব্যক্তির ইচ্ছার বিরুদ্ধে সংঘটিত হয়। নির্দিষ্ট ধরনের GBV-এর প্রকৃতি এবং ব্যাপ্তি বিভিন্ন সংস্কৃতি, দেশ এবং অঞ্চলে পরিবর্তিত হয়।*

৪১ SáCouto, Susana and Katherine Cleary. "Importance of Effective Investigation of Sexual Violence and Gender-Based Crimes at the International Criminal Court." American University Journal of Gender, Social Policy & the Law. 17, no. 2 (2009): 337-359. Also see Kelly Dawn Askin, Prosecuting Gender Crimes Committed in Darfur: Holding Leaders Accountable for Sexual Violence, in GENOCIDE IN DARFUR 141, 144 (Samuel Totten et al. eds., 2006).

৪২ Ibid.

৪৩ Report on Sexual Gender based Violence and Health Facility Needs Assessment (Lofa, Nimba, Grand Gedeh and Grand Bassa counties) in Liberia (2005). Omanyondo, M.O. for the World Health Organisation.

৪৪ GBV প্রতিরোধ ও প্রতিক্রিয়া জানাতে সরকার/জাতিসংঘের যৌথ কর্মসূচি (জুন ১৩, ২০০৮)। দক্ষিণ আফ্রিকায় ইউএন উইমেনের ডেপুটি রিজিওনাল প্রোগ্রাম ডিরেক্টর ডাঃ সাদিক সৈয়দ এই বিষয়টি শেয়ার করেছেন।

৪৫ Ibid.

৪৬ ২০০৮ সালের সেপ্টেম্বর, অক্টোবর, নভেম্বর মাসে লাইবেরিয়ায় সংঘটিত যৌন অপরাধ (UNPOL-ডিসেম্বর ২০০৮)। দক্ষিণ আফ্রিকায় ইউএন উইমেনের ডেপুটি রিজিওনাল প্রোগ্রাম ডিরেক্টর ডাঃ সাদিক সৈয়দ এই বিষয়টি শেয়ার করেছেন।

বক্স ৪

**মাঠের বাস্তবতা**



ছবি ফোর্স ইন্টারন্যাশনাল (বাংলাদেশ) এর সৌজন্যে

শুধুমাত্র ভিএডব্লিউজি-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য একটি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি-কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি প্রদানের ক্ষেত্রেই নয়, বরং একটি অপরাধীকে কেন্দ্র করে তদন্তের দিকে মনোনিবেশ করার ক্ষেত্রেও উদ্বাস্তু/আভ্যন্তরীণ বাস্তুচ্যুত ব্যক্তি (IDP) শিবির এবং তার আশেপাশে কর্মরত পুলিশ কর্মকর্তাদের সামনে চ্যালেঞ্জগুলি বিশাল হতে পারে। বিচার প্রক্রিয়া জুড়ে সীমিত সম্পদের ফলে সবচেয়ে গুরুতর অপরাধ অগ্রাধিকার পেতে পারে, যদিও সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির জন্য মানসিক আঘাত (ট্রমা) জাতীয় আইনের ভিত্তিতে কম গুরুতর অপরাধ হীশেবে গণ্য হলে এর প্রভাব পরবর্তী ঘটনাগুলির মতোই বিধ্বংসী হতে পারে।।

এই ধরনের পরিস্থিতিতে দৃষ্টি অবশ্যই সমস্ত ধরণের সহিংসতা এবং/অথবা নির্যাতন থেকে সহিংসতার শিকার /বেঁচে থাকা ব্যক্তির সুরক্ষা এবং সেই সাথে সেই সাথে সহিংসতার শিকার/বেঁচে থাকা বা সাক্ষী হতে পারে এমন কোনও শিশুর সুরক্ষার দিকে নিবদ্ধ হওয়া উচিত। এখানেই অন্যান্য পরিষেবা প্রদানকারীর সাথে সহযোগিতা শুধুমাত্র সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্যই নয় বরং পুলিশের নিজেদের জন্যও প্রকৃত সুবিধা আনতে পারে, সীমিত সংস্থানের মাধ্যেমে তদন্তকারীকে অপরাধীকে কেন্দ্রীভূত করতে সক্ষম করার মাধ্যমে।

পুলিশ এবং অন্যান্য পরিষেবা প্রদানকারীদের মধ্যে স্থানীয়ভাবে সম্পর্ক গড়ে তোলার বিষয়টি সমস্ত এলাকায় হওয়া উচিত, বিশেষভাবে উদ্বাস্তু/আইডিপি শিবিরগুলির মধ্যে এবং আশেপাশে প্রাসঙ্গিক এলাকায় যেখানে মানুষের সাহায্যের প্রয়োজনের তুলনায় পরিষেবাগুলি যথেষ্ট পরিমাণ থাকে। সীমিত সম্পদের সবচেয়ে কার্যকর ব্যবহার নিশ্চিত করতে, অংশীদারিত্বে কাজ ইতিবাচক ফলাফল প্রদান করার জন্য পরিচিত। এই ধরনের কাজের অনুশীলনগুলিও এটাও নিশ্চিত করে যে যোগাযোগের লাইনগুলি স্থাপন করা হয়েছে এবং এই প্রক্রিয়ায় জড়িত বিভিন্ন সংস্থা মিশ্র বা অবমূল্যায়নকারী বার্তাগুলি এড়িয়ে চলছে।

এই ধরনের সম্পর্ক প্রত্যেকের মুখোমুখি হওয়া চ্যালেঞ্জগুলির একটি বিস্তৃত উপলব্ধি তৈরি করতে সাহায্য করে এবং এর ফলে বিভিন্ন সংস্থার মধ্যে বিশ্বাস এবং আস্থা তৈরি করে যা শুধুমাত্র সমগ্র মানবিক প্রতিক্রিয়া জানানোকে সহায়তা করতে পারে। এটি যুক্তি দেওয়া যেতে পারে যে শরণার্থী শিবিরে এবং এর আশেপাশে কর্মরত পুলিশরা VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য সমর্থন এবং সহায়তা দেওয়ার ক্ষেত্রে একটি সুবিধার মধ্যে রয়েছে কারণ প্রচুর সংখ্যক আন্তর্জাতিক সাহায্য সংস্থা এবং এনজিওগুলি প্রায়শই এই ধরনের পরিস্থিতির সাথে যুক্ত থাকে। যারা চিকিৎসা সুবিধা প্রদান করে তাদের পক্ষে চিকিৎসা বা নিরাপদ জায়গার প্রয়োজন এমন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাহায্য করতে সক্ষম হতে পারে এমন এক পরিবেশে যেখানে পুলিশের সাথে কথা বলা যায়, অথবা, উপলব্ধ দক্ষতার উপর নির্ভর করে, স্থান পরিবর্তন না করে বা খুব বেশি দূরে ভ্রমণ না করেই ডাক্তারি পরীক্ষা করানো হবে। সম্প্রদায় বা নারীর ক্ষমতায়নের জন্য কাজ করা সংস্থাগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে কথা বলার অনুমতি দিতে দিতে পারে বরং তাদের এমন একটি থানায় হাজিরা দিতে হবে যা সহিংসতার শিকার বান্ধব নাও হতে পারে। এখানে গুরুত্বপূর্ণ বিষয় হল পুলিশ কর্মকর্তাদের সম্ভাব্য অংশীদারদের সাথে জড়িত হওয়ার জন্য সক্রিয় হতে হবে যাতে নিশ্চিত করা যায় যে সহযোগিতা কীভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের উপকার করতে পারে।

**বিবেচনা করার জন্য একটি বাস্তব উদাহরণ:**

আমেনা তার ৩ ছোট বাচ্চা নিয়ে মিয়ানমার থেকে পালিয়ে এসেছেন এবং কক্সবাজারের একটি শরণার্থী শিবিরে বসতি স্থাপন করে তিনই তার পরিবারের একমাত্র প্রধান। রাখাইন রাজ্যে তাদের গ্রামে হামলার সময় তাদের বাড়ি পুড়িয়ে দেওয়া আটকাতে গিয়ে তার স্বামী মারা যান। আমেনাকেই এখন তার পরিবারের ভরণ পোষণের দায়িত্ব বহন করতে হচ্ছে বিধায় তার সন্তানদের ভরণ পোষণের জন্য খাবার ও পানীয় পাওয়ার আশায় প্রতিদিন সাহায্যকারী বিতরণ কেন্দ্রে যান। আজ বিকেলের শেষ দিকে, সফলভাবে চাল ও পানি পেয়ে আমেনা ক্যাম্পের মধ্যে তার আশ্রয় শিবিরে ফিরছিলেন, তখন তার ওপর হামলা হয় এবং তার বহন করা খাবার ও পানি চুরি হয়ে যায়।

একটি রোহিঙ্গা পরিবার দেখে যে আমেনা কাপড় পড়ে মাটিতে পড়ে আছে। তিনি দৃশ্যত বিপর্যস্ত এবং খুব ব্যথিত ছিল। তারা তাকে ইউএনউইমেন সেন্টারে নিয়ে যায় যেখানে তাকে চিকিৎসার জন্য সহায়তা প্রদান করা হয়েছে। ইউএনউইমেন কর্মীরা ঘটনাটি পুলিশকে জানিয়েছেন।

ইউএন উইমেন সেন্টারে পৌঁছে, আপনি প্রতিষ্ঠা করেন যে আমেনাকে হাসপাতালে নিয়ে যাওয়া হয়েছে এবং তিনি ৩টি ছোট বাচ্চার মা যারা বর্তমানে তার সাথে নেই। আপনি সেই পরিবারের সাথে দেখা করেন যারা আমেনাকে খুঁজে পেয়েছিলেন এবং তাদের সেই এলাকায় নিয়ে যায় যেখানে আমেনাকে পাওয়া গিয়েছিল। এলাকার চারপাশে অনেক লোক ঘুরে বেড়াচ্ছে এবং আপনি আশেপাশের প্রাথমিক পরীক্ষায় লক্ষ্য করেছেন যে এলাকাটি খুব কম আলোকিত কিন্তু বেশ কয়েকটি শরণার্থী পরিবারের সদস্যরা এই বিষয়টি উপেক্ষা করেছে। আপনি আরও লক্ষ্য করুন যে তুলনামূলকভাবে অল্প দূরত্বের মধ্যে টয়লেট এবং হাত ধোয়ার সুবিধা রয়েছে।

**আপনার অবিলম্বে অগ্রাধিকার কি?** – সহিংসতার শিকার এবং তার ৩ ছোট বাচ্চাদের নিরাপত্তা এবং সুরক্ষা এবং একটি ঝুঁকি মূল্যায়ন প্রক্রিয়া সরাসরি শুরু করা দরকার।

**আপনি কোন অপরাধ (গুলি) মোকাবেলা করতে পারেন?** – যৌন নিপীড়ন (অব্যবস্থাপনায় কাপড় পড়া অবস্থায় পাওয়া), ডাকাতি, চুরি।

**প্রাথমিক পর্যায়ে কয়টি অপরাধের দৃশ্য আছে?**– যেখানে আমেনাকে পাওয়া গেছে, সে নিজেই একটি অপরাধের দৃশ্য, যেখানে অপরাধ ঘটেছে, না হলে তাকে কোথায় পাওয়া গেছে। অন্যরা সেখানে থাকতে পারে যেখানে তাকে ইউএনউইমেন সেন্টারে রাখা হয়েছিল এবং যে কোনও গাড়ি তাকে হাসপাতালে নিয়ে গিয়েছিল, যদি কোনও অস্ত্র ব্যবহার করা হয় তবে অস্ত্রের অবস্থান অপরাধের দৃশ্য হতে পারে।

**কি প্রমাণ পাওয়া যেতে পারে?**– সহিংসতার শিকার/বেঁচে থাকা সাক্ষ্য; সাক্ষ্য প্রমানের সম্ভাব্যতা যে কেউ হয়ত আক্রমণটি নিজে দেখেছেন বা কাউকে সন্দেহজনকভাবে কাজ করতে দেখেছেন বা ঘটনাস্থল থেকে পালাতে দেখেছেন, উদাহরণস্বরূপ, টয়লেট বা ওয়াশিং সুবিধায় উপস্থিত লোকেরা কিছু সাক্ষী হতে পারে; চিকিৎসা এবং/অথবা ফরেনসিক প্রমাণ, রোহিঙ্গা পরিবারের প্রথম/প্রাথমিক অভিযোগের প্রমাণ যারা তাকে এবং জাতিসংঘের নারী কর্মীদের খুঁজে পেয়েছে; কিছু সম্ভাব্য প্রমাণ হতে পারে, কিছুই ছাড় দেওয়া উচিত নয়.

**আপনি কিভাবে কোন সম্ভাব্য প্রমাণ সুরক্ষিত এবং সংরক্ষণ করতে যাচ্ছেন?** – আমেনাকে যেখানে পাওয়া গিয়েছিল সেই জায়গাটিকে সুরক্ষিত করুন, এটি করা যেতে পারে একজন সহকর্মীকে সেখানে রাখার মাধ্যমে যাতে কেউ সেখানে প্রবেশ না করতে পারে, যদি সম্ভব হয় পুলিশ বা অন্য কোনও টেপ বা দড়ি ব্যবহার করার মাধ্যেমে এটি করা যেতে পারে যাতে মানব সম্পদের সংখ্যা কমিয়ে এক জনে আনা যায়।

সেখানে যে সাক্ষীই পাওয়া যাক না কেন তা সংরক্ষণ করুন, ন্যূনতম হিসাবে তাদের কাছে কী তথ্য থাকতে পারে এবং প্রয়োজন হলে পরে কীভাবে তাদের সাথে যোগাযোগ করা যেতে পারে তার সংক্ষিপ্ত বিবরণ নিন। উভয়ই সম্প্রদায়কে আশ্বস্ত করতে এবং সাক্ষীদের খুঁজে বের করার পাশাপাশি একই ধরনের অপরাধ সংঘটিত হওয়া প্রতিরোধ করার জন্য এলাকায় এবং টয়লেটের আশেপাশে পুলিশ টহল এবং ধোয়ার সুবিধা বিবেচনা করুন, ।

উপরের দৃশ্যটি ফোর্স ইন্টারন্যাশনাল লিমিটেড দ্বারা সরবরাহ করা হয়েছে এবং জেনেশুনে কোনো বাস্তব ঘটনা বা ব্যক্তির উপর ভিত্তি করে তৈরি করা হয়নি।

সংঘাত-সম্পর্কিত যৌন সহিংসতার বিষয়ে তাদের প্রতিবেদনে (এস/২০১৭/২৪৯), জাতিসংঘের মহাসচিব 'সংঘাত-সম্পর্কিত যৌন সহিংসতা' শব্দটিকে সংজ্ঞায়িত করেছেন ধর্ষণ, যৌন দাসত্ব, জোরপূর্বক পতিতাবৃত্তি, জোরপূর্বক গর্ভধারণ, জোরপূর্বক গর্ভপাত, জোরপূর্বক বন্ধ্যাকরণ, জোরপূর্বক বিবাহ, এবং নারী, পুরুষ, মেয়ে বা ছেলেদের বিরুদ্ধে সংঘটিত তুলনীয় আকর্ষণ জনিত যৌন সহিংসতার অন্য কোনো রূপ/ধরণ যা প্রত্যক্ষ বা পরোক্ষভাবে একটি সংঘাতের সাথে যুক্ত বিষয়কে বোঝাতে।[৪৭]

প্রতিবেদনে যোগ করা হয়েছে যে এই সংযোগটি অপরাধীর প্রোফাইল (প্রায়শই একটি রাষ্ট্রীয় বা অ-রাষ্ট্রীয় সশস্ত্র গোষ্ঠীর সাথে যুক্ত, একটি সন্ত্রাসী সত্তা বা নেটওয়ার্কসহ), সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির ব্যক্তির প্রোফাইল (যিনি প্রায়শই একজন প্রকৃত বা নির্যাতিত রাজনৈতিক, জাতিগত বা ধর্মীয় সংখ্যালঘুদের অনুভূত সদস্য, অথবা প্রকৃত বা অনুভূত যৌন অভিমুখীতা এবং লিঙ্গ পরিচয়ের ভিত্তিতে লক্ষ্যবস্তু করা হয়েছে), দায়মুক্তির পরবেশ (যা সাধারণত রাষ্ট্রের পতনের সাথে জড়িত), আন্তঃসীমান্ত পরিণতি (যেমন ব্যক্তিদের স্থানচ্যুতি বা পাচার) এবং/অথবা যুদ্ধবিরতি চুক্তির বিধান লঙ্ঘন এর বিষয় স্পষ্ট করেছে। শব্দটি যৌন সহিংসতা/শোষণের উদ্দেশ্যে সংঘাতের পরিস্থিতিতে প্রতিশ্রুতিবদ্ধ ব্যক্তিদের পাচারকেও অন্তর্ভুক্ত করছে।[৪৮]

সংঘাতের ক্রমবিকাশমান প্রকৃতি এবং সশস্ত্র অনুঘটকদের দ্বারা

৪৭ Report of the Secretary-General on conflict-related sexual violence (2017). UN Doc S/2017/249.

৪৮ Ibid.



ছবি UNMIL/ক্রিস্টোফার হারভিগ (লাইবেরিয়া) এর সৌজন্যে

CR-VAWG-এর ব্যবহারের সাথে খাপ খাইয়ে নেওয়ার একটি উপায় হিসাবে, জাতিসংঘের মহাসচিব ২০০৭ সালে সংঘাতের নেটওয়ার্কে যৌন সহিংসতার বিরুদ্ধে জাতিসংঘের ব্যবস্থার মধ্যে (সিস্টেম-ব্যাপী) যৌথ উদ্যোগের হিসাবে দ্বন্দ্ব-সম্পর্কিত যৌন সহিংসতা মোকাবেলায় বিচ্ছিন্ন প্রতিরোধ এবং প্রতিক্রিয়া প্রচেষ্টাকে স্বীকার করে অন্যদের মধ্যে জ্ঞান-বৃদ্ধি এবং সমন্বয় ব্যবস্থা সম্পর্কে নির্দেশনা প্রদানের জন্য জাতিসংঘের কার্যক্রম (অ্যাকশন) প্রতিষ্ঠা করেন। তারপর থেকে, জাতিসংঘের ব্যবস্থাসহ ডিপার্টমেন্ট অফ পিস অপারেশনস (ডিপিও), ওএইচসিএইচআর, ইউএ-নউইমেন এবং ইউএনডিপি লিঙ্গ-সংবেদনশীল পুলিশিংয়ের জন্য উপকারী সিআর-ভিএডব্লিউজি তদন্ত করার সময় শেখা পাঠ এবং ভাল অনুশীলনগুলিকে নথিভুক্ত করছে। আরও কিছু সাম্প্রতিক উদাহরণ নিম্নে অন্তর্ভুক্ত:




- সহিংসতার শিকার/সাক্ষীদের পছন্দমত একজন নারী বা পুরুষ তদন্তকারী এবং/অথবা দোভাষীর সাথে কথা বলার অধিকার প্রদান করা একটি ভাল অনুশীলন। সুতরাং, মিশ্র লিঙ্গ তদন্ত দল আদর্শ। মিশ্র দলগুলি বিশেষভাবে সেই ক্ষেত্রে কার্যকর যেখানে মধ্য-স্থতাকারী হলে একজন পুরুষ;
- সাক্ষাতকারের জন্য সহিংস-তার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পছন্দের বিষয়ে এবং তারা পুরুষদের সাথে কথা বলতে কেমন অনুভব করে এই বিষয়ের অনুমানগুলি এড়ানো উচিত;
- স্থানীয় এবং আন্তর্জাতিক সংস্থাগুলির সাথে কাজের সম্পর্ক গড়ে তোলা। যে সকল প্রতিষ্ঠান জরুরী চিকিৎসা পরিষেবা প্রদান করে তাদের অগ্রাধিকার হিসাবে দেখা উচিত। উদাহরণ স্বরূপ, CR-VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্য-ক্তিদের শনাক্তকরণ এবং তাদের সহায়তা করার ক্ষেত্রে প্রধান অংশীদার হতে দেখা গেছে ডক্টরস উইদাউট বর্ডারস নামের সংস্থাটিকে;
- অনুসন্ধানমূলক 'ফলাফল'- যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির বিকল্পগুলিকে সীমিত করবে০ এর উপর অতিরিক্ত দৃষ্টি নিবদ্ধ না করে বিকল্পগুলি প্রদানের উপর দৃষ্টি নিবদ্ধ করুন যাতে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির অংশগ্রহণ অর্থবহ হয়;
- তদন্তের জন্য আন্তঃবিভাগীয় দৃষ্টিকোণ গুরুত্বপূর্ণ। উদাহরণস্বরূপ, বয়স্ক নারীদের হত্যার উদ্দেশ্যগুলি তদন্তকারীদের দ্বারা সহজেই উপেক্ষা করা হতে পারে যখন প্রকৃতপক্ষে তারা ইচ্ছাকৃতভাবে সশস্ত্র অনুঘটকদের লক্ষ্যবস্তুতে পরিণত হয় যারা সম্প্রদায়ের ইতিহাস মুছে ফেলার চেষ্টা করে;
- CR-VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সনাক্ত করার অর্থ হল তারা যে সহিংসতার শিকার হয়েছিল তার আইনি প্রভাব সম্পর্কে তারা সচেতন। কিছু ক্ষেত্রে, নারীরা সচেতন ছিল না যে তাদের বিরুদ্ধে সংঘটিত কাজগুলি যৌন সহিংসতা গঠন করে;
- ধর্ষণ প্রমাণের জন্য জৈবিক প্রমাণের উপর অতিরিক্ত নির্ভরতা বিপরীতমুখী হতে পারে। প্রাসঙ্গিক তথ্য ভালভাবে এবং সম্প-দের সাথে সংগ্রহ করা একটি কার্যকর তদন্তের জন্য প্রয়োজনীয় উপাদানগুলিকে সমর্থন করতে পারে। উদাহরণ স্বরূপ, CR-VAWG-এর অভিযোগের তদন্তকারী জাতিসংঘের বিশেষজ্ঞরা VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে সাক্ষাতকারে ব্যবহৃত সামরিক যানবাহনের প্রকার এবং সশস্ত্র অনুঘটকদের পরিধান করা ইউনিফর্মের বিবরণের রেফারেন্স নথি প্রদানে সহায়তা হয়েছে যা সাক্ষ্য সমর্থনকারী পরিস্থিতিগত প্রমাণ তৈরি করতে সহায়তা করে;
- অনুঘটকদের বিস্তৃত পরিসরের সাথে অংশীদারিত্ব গড়ে তোলা একটি দক্ষতার সেট যা দীর্ঘমেয়াদী বিনিয়োগের যোগ্য, বিশেষ করে স্থানীয় এবং আন্তর্জাতিক অনুঘটকদের মানবিক সহায়তা প্রদান করে;
- কিছু মানবিক পরিস্থিতি বা সঙ্কট নারী, পুরুষ, মেয়ে এবং ছেলেদের পাশাপাশি সংখ্যালঘু গোষ্ঠীসহ বিভিন্ন ব্যক্তি বা জন-সংখ্যার উপর যে প্রভাব ফেলতে পারে তা মোকাবেলা করে এমন একটি বিশ্লেষণে অবদান রেখে তদন্তকে শক্তিশালী করার জন্য একটি লিঙ্গ বিশ্লেষণ নিশ্চিত করুন। এই লিঙ্গ সংবেদনশীল বিশ্লেষণ প্রয়োজন সনাক্তকরণে অবদান রাখতে পারে এবং এর

ফলে সুরক্ষার পাশাপাশি সমর্থন এবং সহায়তার জন্য সুপারিশগুলিকে আরও ভালভাবে তৈরি করতে পারে;

- জেন্ডার সংবেদনশীল পুলিশিংয়ের উন্নতি পরিমাপ করা গুরুত্বপূর্ণ। এটি একটি জাতীয় পুলিশ একাডেমীর পাঠ্যক্রমের মধ্যে অন্তর্ভুক্ত করে VAWG এবং এর প্রভাব বিস্তারকারী বিষয়ের উপর একটি নির্দিষ্ট প্রশিক্ষণ মডিউলসহ সমস্ত প্রশিক্ষণার্থীদের জন্য সশস্ত্র সংঘর্ষসহ প্রবর্তিত প্রশিক্ষণের একটি বেসলাইন থেকে শুরু হওয়া উচিত যাতে পুলিশ কখনই VAWG এর শান্তির সময়ে বা সংকটের সময়ে স্বাভাবিক হিসাবে না দেখে।

CR-VAWG তদন্ত করার জন্য অধিকার-ভিত্তিক পদ্ধতির সর্বোত্তম অনুশীলন সম্পর্কে আরও তথ্যের জন্য OHCHR-এর মানবাধিকার তদন্ত নির্দেশিকা এবং অনুশীলনে একটি লিঙ্গ দৃষ্টিকোণকে একীভূত করা (২০১৮) দেখুন।

## অংশীদারিত্ব স্থাপনের প্রক্রিয়া

উপরে আলোচনা করা হয়েছে, CR-VAWG তদন্ত করা একটি চ্যালেঞ্জিং প্রক্রিয়া হতে পারে বিশেষ করে সহিংসতার পরোক্ষ অপরাধীদের দ্বারা অন্যদের এই ধরনের সহিংসতার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহনের জন্য সুস্পষ্ট আদেশের অনুপস্থিতিতে। তদন্তকারী পুলিশকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং অন্যান্য মূল সাক্ষীদের কাছ থেকে সাক্ষ্য প্রমাণের জন্য প্রমাণ সংগ্রহের জন্য সম্পদশালী হতে হবে যাতে CR-VAWG-এর পরোক্ষ অপরাধীদের সুস্পষ্ট আদেশ, কমান্ড দায়িত্ব থেকে বাদ দেওয়া এবং/অথবা কর্তৃপক্ষের অবস্থানে তাদের আচরণের মাধ্যমে জবাবদিহি করা হয় যা এই ধরনের সহিংসতাকে প্ররোচিত করেছে।

এই ধরনের প্রমাণ সংগ্রহের জন্য স্থানীয় এবং আন্তর্জাতিক উভয় সংস্থার সাথে অংশীদারিত্বের প্রয়োজন কারণ, সশস্ত্র সংঘাতে মানবিক সহায়ক প্রদানের ফলে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের এবং মূল সাক্ষীদের কাছে তাদের অ্যাক্সেস রয়েছে। যাইহোক, পুলিশকে এমন সংস্থাগুলির সাথে বিশ্বাস স্থাপনে বিনিয়োগ করতে হবে যারা সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের এবং সংঘাতের কারণে আঘাতপ্রাপ্ত পাওয়া সম্প্রদায়গুলির স্বার্থের প্রতিনিধিত্ব করে।

> "এটি প্রমাণ করার প্রয়োজন নেই যে অভিযুক্ত জড়িত না থাকলে অপরাধ সংঘটিত হত না, [বরং] এটি প্রমাণ করার জন্য যথেষ্ট যে প্ররোচনাটি অপরাধ সংঘটনকারীকে অপরাধ সংগঠনের জন্য একটি গুরুত্বপূর্ণ বিষয়/ ফ্যাক্টর "
>
> ICTY Appeals Chamber in Prosecutor v. Kordić & Čerkez, Case No. IT -95-14/2-A, Appeals Judgment, ¶ 27 (Dec. 17, 2004)



ছবির সৌজন্যে MINUSMA (মালি)

সংঘর্ষের পর পুলিশ আস্থা ও অংশীদারিত্ব গড়ে তোলার একটি উপায় হল শান্তি প্রতিষ্ঠার প্রচেষ্টায় নারী পুলিশ কর্মকর্তাসহ নারীদের ক্ষমতায়নের জন্য সক্রিয়ভাবে সমর্থন করা এবং অংশগ্রহণ করা।

**VAWG-এর আরও কার্যকর প্রতিক্রিয়ার জন্য অংশীদারিত্বের উদাহরণসহ আরও আলোচনার জন্য অষ্টম অধ্যায়ঃ ‹বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়› দেখুন।**

CR-VAWG-এর প্রতিক্রিয়া জানাতে, পুলিশকে সরাসরি সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে শুনতে হবে যে কীভাবে সশস্ত্র সংঘাত তাদের প্রভাবিত করলেও তারা কীভাবে শান্তি প্রতিষ্ঠার ক্ষেত্রে এগিয়ে যাওয়ার পথ দেখেছে। লিঙ্গ-সংবেদনশীল পদ্ধতিতে VAWG-এর প্রতিক্রিয়াসহ পুলিশিং অগ্রাধিকার নির্ধারণে এই ধরনের তথ্য গুরুত্বপূর্ণ হবে। বর্তমান এবং অতীত উভয় অপরাধের অপরাধীদের বিচারের আওতায় আনার জন্য পুলিশ তদন্তকারীদের প্রয়োজনীয়তাকে অগ্রাধিকার নির্ধারণে অন্তর্ভুক্ত করা উচিত। সম্প্রদায়ের সাথে আস্থা তৈরি করতে এবং এটিকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে পুলিশের আস্থা ও সক্ষমতা নিশ্চিত করার জন্য এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ।

জাতিসংঘের নিরাপত্তা পরিষদের রেজোলিউশন (ইউএন এসআরসি) ১৩২৫ এবং ১৮২০ এর স্থানীয়করণ, রেজোলিউশনগুলিতে জাতীয় কার্যক্রম পরিকল্পনাসহ, (ন্যাশনাল অ্যাকশন প্ল্যান) প্রযোজ্য ক্ষেত্রে, পুলিশের জন্য প্রয়োজনীয় অংশীদারিত্বগুলিকে আরও কার্যকরী CR-VAWG-এর তদন্ত করার জন্য পরিকল্পনা পরিবর্তনের সুযোগ প্রদান করতে পারে।[৪৯] রেজোলিউশন (ইউএন এসআরসি) এর ১৩২৫ এবং ১৮২০ শুধুমাত্র সশস্ত্র সংঘাতের

৪৯ Implementing Locally, Inspiring Globally: Localizing UNSCR 1325 in Colombia, Nepal, the Philippines, Sierra Leone, and Uganda (2013). Global Network of Women Peacebuilders.

সহিংসতার শিকার/বেঁচে থাকা নারীদের শান্তি প্রতিষ্ঠাতা এবং সিদ্ধান্ত গ্রহণকারী হিসেবে ক্ষমতায়ন করতে চায় না বরং যৌন ও লিঙ্গ-ভিত্তিক সহিংসতা প্রতিরোধে সহায়ক উপকরণ এবং নীতিও প্রদান করে। ২০২০ সালের জানুয়ারী পর্যন্ত, ৮২টি দেশ ইউএন এসআরসি ১৩২৫ এর সমর্থনে একটি জাতীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করেছে।[৫০]

ইউএন এসআরসি ১৩২৫ (২০০০) উদাহরণস্বরূপ, নিম্নলিখিত গুরুত্বপূর্ণ ক্ষেত্রে জাতীয় পর্যায়ে পদক্ষেপ নেওয়ার জন্য সদস্য রাষ্ট্রগুলিকে অনুরোধ করে:

- স্থানীয় নারীদের শান্তি উদ্যোগ এবং বিরোধ নিষ্পত্তির জন্য দেশীয় প্রক্রিয়াকে সমর্থন করার ব্যবস্থা এবং সকল শান্তি চুক্তি বাস্তবায়ন প্রক্রিয়ায় নারীদের জড়িত করার ব্যবস্থা;
- লিঙ্গ-ভিত্তিক-সহিংসতা, বিশেষ করে ধর্ষণ এবং অন্যান্য ধরণের যৌন নির্যাতন এবং সশস্ত্র সংঘাতের পরিস্থিতিতে অন্যান্য সমস্ত ধরণের সহিংসতা থেকে তাদের রক্ষা করার জন্য বিশেষ ব্য-বস্থার মাধ্যমে নারী ও মেয়েদের মানবাধিকারের সুরক্ষা এবং সম্মান প্রদর্শন করা। এর মধ্যে প্রত্যাবাসন, পুনর্বাসন, পুনঃ-একত্রীকরণ এবং সংঘর্ষ-পরবর্তী পুনর্গঠনে নারী ও মেয়েদের নির্দিষ্ট চাহিদার জন্য বিশেষ বিবেচনা অন্তর্ভুক্ত রয়েছে;
- শান্তিরক্ষা এবং শান্তি বিনির্মাণ ব্যবস্থায় একটি লিঙ্গ দৃষ্টিভঙ্গি অন্তর্ভুক্ত করুন এবং সুরক্ষা, অধিকার এবং নারীদের নির্দিষ্ট চাহিদাগুলিকে সম্বোধন করুন।

গ্লোবাল নেটওয়ার্ক অফ উইমেন পিস বিল্ডার্স (GNWP) এবং ইউএন এসআরসি ১৩২৫ এবং ১৮২০-এর স্থানীয়করণের মতো শান্তি প্রতিষ্ঠার উদ্যোগে অংশগ্রহণ করে, জাতীয় ও স্থানীয় সরকার কর্তৃপক্ষের মধ্যে পদ্ধতিগতভাবে সমন্বয় করার প্রচেষ্টায়; সিভিল সোসাইটি সংস্থা, সরকারী সংস্থা, জাতিসংঘের সংস্থা এবং অন্যান্য প্রাসঙ্গিক অনুঘটকদের মধ্যে সেক্টর ভিত্তিক সহযোগিতা এবং সহযোগিতা উন্নত করা, সেইসাথে ইউএনএসসিআর ১৩২৫ এবং ১৮২০ এবং মূল স্টেকহোল্ডারদের মধ্যে সম্পর্কিত আন্তর্জাতিক উপকরণ এবং জাতীয় নীতি সম্পর্কে সচেতনতা ও বোঝাপড়া বৃদ্ধি করার জন্য পুলিশকে আরও ভালভাবে সংযুক্ত করা যেতে পারে।[৫১]

বক্স-৯ এ ইউএন এসআরসি ১৩২৫ স্থানীয়করণ প্রচেষ্টায় উগান্ডার পুলিশের অংশগ্রহণ কীভাবে VAWG-এর প্রতিক্রিয়াকে উন্নত করেছে তার একটি উদাহরণ প্রদান করা হয়েছে:

৫০ নারী, শান্তি এবং নিরাপত্তার উপর UNSCR ১৩২৫ বাস্তবায়নের জন্য জাতীয় কর্ম পরিকল্পনা দেখুন। উইমেনস ইন্টারন্যাশনাল লীগ অফ পিস অ্যান্ড ফ্রিডম।

৫১ Implementing Locally, Inspiring Globally: Localizing UNSCR 1325 in Colombia, Nepal, the Philippines, Sierra Leone, and Uganda (2013). Global Network of Women Peacebuilders.

## অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG

ইন্টারনেটের বিবর্তন এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তির (আইসিটি) ক্রমবর্ধমান উন্নতি প্রতিদিনের জীবনকে বদলে দিচ্ছে। আইসিটিতে প্রবেশাধিকার (অ্যাক্সেস) এবং ব্যবহার এখন মানব উন্নয়নের সাথে যুক্ত কারণ এটি মানুষের ধারণা, উদ্ভাবন এবং আকাঙ্ক্ষার ধারাবাহিকতাকে সহজতর করেছে। বিশ্বব্যাপী নারী ও মেয়েরা আইসিটির মাধ্যমে কর্ম, শিক্ষা এবং অবসরে নিজের উন্নয়নের (স্ব-বিকাশের) ক্ষেত্রে অতুলনীয় প্রবেশাধিকার (অ্যাক্সেস) উপভোগ করছে। বেনামী অনলাইন ব্যবহার নারীদের জন্য বিভিন্ন অনলাইন স্পেস অ্যাক্সেস করতে এবং সক্রিয়তা, রাজনৈতিক কাজ এবং গণতান্ত্রিক সমাজে গুরুত্বপূর্ণ আন্দোলন গড়ে তোলার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে।

যাইহোক, সকল ক্ষেত্রে উন্মুক্ততার জন্য নারী এবং মেয়েরা প্রতিদিনের (অফলাইন) জীবনে প্রায়ই সহিংসতার ধারাবাহি-কতার মুখোমুখি হন। VAWG-যেমন যৌন হয়রানি, স্টাকিং, অবৈধ এবং/অথবা ছবি/ভিডিওর অ-সম্মতিমূলক ব্যবহার এবং অনলাইনে প্রদান করা হুমকি- নারী ও মেয়েদেরকে অনিরাপদ করে তোলে যখন তারা ডিজিটালভাবে অংশগ্রহণ করে । সহিংসতার ঝুঁকি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পায় যখন পরিচয় গোপন রাখার একটি উপাদান থাকে।

লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং এই সহিংসতা মোকাবেলায় একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে তবে একটি পরিমাপক উপায়ে এর পরিধি প্রসারিত করতে হবে। এটিকে ব্যক্তিগত তথ্য এবং তৃতীয় পক্ষের তথ্য নিয়ন্ত্রণের ক্রমবর্ধমান নিয়মগুলি মেনে চলতে হবে এবং ইন্টারনেট পরিষেবা প্রদানকারী এবং আইসিটিগুলির বিস্তারে আধিপত্যকারী প্রযুক্তি সংস্থাগুলির সাথে অপরাধীদের সম্পর্কে গোপন তথ্যের জন্য গুরুত্বপূর্ণ অংশীদারিত্ব গড়ে তুলতে হবে। নিরাপত্তা নির্দেশিকা এবং রিপোর্টিং প্রক্রিয়াসহ জনসাধারণের কাছে তথ্য জানাতে পুলিশের অনলাইন উপস্থিতি সমানভাবে গুরুত্বপূর্ণ হবে যা সাইবার VAWG প্রতিরোধকে নিশ্চিত করবে এবং যখন এটি ঘটে তখন রিপোর্টিংকে উৎসাহিত করবে।

হ্যান্ডবুকের উদ্দেশ্যে, লেখকরা ইউএন ডেভেলপমেন্ট প্রোগ্রাম (ইউএনডিপি) দ্বারা প্রস্তাবিত আইসিটিকে- নিম্নোক্ত ভাবে সংজ্ঞায়িত করেছেন।[৫২]:

৫২ Tools for Development Using Information and Communications Technology to Achieve the Millennium Development Goals: Working Paper, United Nations ICT Task Force December 2003.

বক্সচ-৯

**উগান্ডা পুলিশ এবং ইউএনএসসিআর ১৩২৫ এর স্থানীয়করণ**

উগান্ডায় গৃহযুদ্ধের দীর্ঘ ইতিহাস রয়েছে এবং চলমান অভ্যন্তরীণ দ্বন্দ্বের সম্মুখীন হচ্ছে যার মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে অনেকগুলি রাজনৈতিক, সশস্ত্র বিদ্রোহ এবং নির্বাচন-সম্পর্কিত সহিংসতা। উদাহরণস্বরূপ বলা যায় যে ১৯৮৭ এবং ২০০৬ সালের মধ্যে উত্তর উগান্ডায় লর্ডস রেজিস্ট্যান্স আর্মি (এলআরএ) এর বিদ্রোহের ফলে লক্ষাধিক লোক মারা যায়, প্রায় ২০,০০০ শিশু অপহৃত হয় এবং প্রায় ২ মিলিয়ন মানুষ অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হয়।

যদিও ২০০৬ সালে এলআরএ এবং উগান্ডা সরকারের মধ্যে শত্রুতা বন্ধ করার চুক্তি স্বাক্ষরের পর দেশের নিরাপত্তার উল্লেখযোগ্যভাবে উন্নতি হয়েছে, তবুও দীর্ঘস্থায়ী সহিংসতা এবং নিরাপত্তাহীনতার কারণে নারীরা অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত হতে থাকে, যা ব্যাপক আকার ধারণ করেছিল।

২০০৮ সালে, উগান্ডা সরকার ইউএনএসসিআর ১৩২৫, ইউএনএসসিআর ১৮২০ এবং গ্রেট লেক অঞ্চলে যৌন সহিংসতা নির্মূল এবং দায়মুক্তির অবসানের জন্য গোমা ঘোষণা বাস্তবায়নের জন্য একটি জাতীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করে।

ন্যাশনাল অ্যাকশন প্ল্যানের স্থানীয়করণের অংশ হিসেবে, উগান্ডা জেলা এবং সাব কাউন্টি উভয় পর্যায়ে সমন্বয় কমিটি গঠন করেছে। জেলা পর্যায়ে, উগান্ডার পুলিশের শিশু ও পরিবার সুরক্ষা ইউনিট শাসন, উন্নয়ন, শিক্ষা, এইচআইভি এবং প্রজনন অধিকার, লিঙ্গ ও সম্প্রদায়ের উন্নয়ন, অপরাধ তদন্ত, কারাগার এবং বিচার বিভাগের অন্যান্য জেলা প্রশাসকদের সাথে মাসিক ভিত্তিতে জেলায় যৌন লিঙ্গ-ভিত্তিক সহিংসতা বা SGBV-এর পরিস্থিতি এবং সম্পর্কিত কর্ম/ব্যবস্থা আলোচনা করার জন্য যোগ দেয়।

স্থানীয় অ্যাকশন প্ল্যান (LAPs) পরবর্তীকালে অংশগ্রহণকারী জেলা স্থানীয় পরিষদ দ্বারা বিকশিত ও গৃহীত হয়। ফলাফল স্থানীয়করণের আরেকটি ফলাফল হল এলএপি প্রক্রিয়ার মধ্যে রয়েছে সম্প্রদায় এবং নিরাপত্তা সেক্টরের মধ্যে জিবিভি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করা। তাছাড়া, পরিকল্পনা ও বাস্তবায়নে LAP এবং পুলিশের সম্পৃক্ততার ফলে, জেলা পুলিশ স্টেশন প্রতিটি জেলায় কমিউনিটি লিয়াজোন অফিসারের সাথে একটি GBV ডেস্ক স্থাপন করেছে যেখানে স্থানীয়করণ হয়েছে। স্থানীয় সরকার স্টেকহোল্ডারদের এই প্রচেষ্টাগুলি জিবিভি মামলার রিপোর্টিং বৃদ্ধিতে এবং জিবিভি সমস্যাগুলি পরিচালনা করার ক্ষেত্রে পুলিশের প্রতি জনগণের আস্থা বৃদ্ধিতে অবদান রাখে।

পুলিশ ক্রাইম রিপোর্ট ২০১৭ এর তথ্য অনুযায়ী ১৫৩২৫টি পারিবারিক সহিংসতার ঘটনা রিপোর্ট করা হয়েছে, যেখানে ২০১৬ সালে ১৩,১৩২টি ঘটনা রিপোর্ট করা হয়েছিল যা আগের বছরের তুলনায় ১৬.৭%% বৃদ্ধি পেয়েছে। তাছাড়া, ২০১৪ সালের পুলিশ রিপোর্ট অনুসারে, ২০১৩ সালের তুলনায় ২০১৪ সালে GBV পুলিশের কাছে রিপোর্ট করা মামলাগুলি ২৫.৮%% বৃদ্ধি পেয়েছে। তারপর থেকে এটি তীব্রভাবে বেড়ে চলেছে।

*"[কিটগুম জেলায়], ডেস্ক এবং লিয়াজোন অফিস পুলিশ সম্প্রদায় এবং পুলিশের মধ্যে ব্যবধান কমাতে সাহায্য করেছে যার ফলে জিবিভি-র কেস রিপোর্ট করার ক্ষেত্রে আস্থা তৈরি হয়েছে। পারিবারিক পর্যায়ে আলোচনার ঘটনাও কমে গেছে (অপরাধী ধর্ষণ, অপবিত্রতা এবং বাল্যবিবাহের ক্ষেত্রেও পারিবারিক পর্যায়ে সমস্যা সমাধানের জন্য সহিংসতার শিকার নারীরা পরিবারের সাথে আলোচনা করে)। পূর্বে, রিপোর্টিং শুধুমাত্র ব্যর্থ আলোচনার ফলস্বরূপ হতো, কিন্তু এটি পরিবর্তিত হয়েছে। GBV-এর রিপোর্টিং স্থানীয়করণ হওয়ার পর ২০১৪ সালে ৪৩৫ টি মামলা থেকে থেকে প্রতি বছর ২,৫০০-এর বেশি মামলা দায়ের হয়েছে।»*

জেলা পুলিশ কমান্ডার, কিটগুম জেলা।

উৎস: স্থানীয়করণ: Localization: Rumbimbwa, R., Assessing the impact Uganda Case Study (2018), Global Network of Women Peacebuilders.

> “দ্রুত অর্থনৈতিক কল্যানের জন্য ইন্টারনেট অ্যাক্সেস একটি প্রয়োজনীয়তা হয়ে উঠছে এবং এটিকে ক্রমবর্ধমান একটি মৌলিক মানবাধিকার হিসাবে দেখা হচ্ছে; তাই, এই ডিজিটাল পাবলিক স্পেসটি নারী এবং মেয়েসহ সকলের জন্য একটি নিরাপদ এবং ক্ষমতায়নের জায়গা হিসেবে নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।»
>
> নারী ও মেয়েদের বিরুদ্ধে সাইবার সহিংসতা (ইউরোপিয়ান ইনস্টিটিউট ফর জেন্ডার ইকুয়ালিটি)

*“আইসিটি মূলত তথ্য-ব্যবহারের (হ্যান্ডলিং) টুলস (সরঞ্জাম)-পণ্য, ব্যবহার (অ্যাপ্লিকেশন) এবং পরিষেবাগুলির একটি বিচিত্র সেট যা তথ্য উৎপাদন, সঞ্চয়, প্রক্রিয়া, বিতরণ এবং বিনিময় করতে ব্যবহৃত হয়। এর মধ্যে রয়েছে রেডিও, টেলিভিশন এবং টেলিফোনের “পুরানো” আইসিটি এবং কম্পিউটার, স্যাটেলাইট এবং বেতার প্রযুক্তি এবং ইন্টারনেটের “নতুন” আইসিটি। এই বিভিন্ন সরঞ্জামগুলি এখন একসাথে কাজ করতে এবং আমাদের “নেটওয়ার্কড ওয়ার্ল্ড” গঠন করতে একত্রিত হতে সক্ষম করছে- এটি আন্তঃসংযুক্ত টেলিফোন পরিষেবা, মানসম্মত কম্পিউটিং হার্ডওয়্যার, ইন্টারনেট, রেডিও এবং টেলিভিশনের একটি বিশাল অবকাঠামো বিশ্বের প্রতিটি কোণে পৌঁছে দিয়েছে»।*

## সহকর্মী থেকে সহকর্মী নির্দেশিকা (পিয়ার টু পিয়ার গাইডেন্স)

### প্রযুক্তির প্রভাব

যেহেতু অপরাধের ধরন এবং অপরাধের পদ্ধতিগুলি বিশ্বব্যাপী বিকশিত হতে থাকে, এটি গুরুত্বপূর্ণ যে আপনি এবং আপনার কর্মীরা অপরাধীদের বিভিন্ন আচরণ/কর্মের প্রতি সজাগ থাকবেন। যদিও অপরাধের ধরণ এবং আচরণের কিছু পরিবর্তনের জন্য বিশেষজ্ঞের প্রতিক্রিয়ার প্রয়োজন হতে পারে, তবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে আচরণ করার সময় মূল বিষয়গুলি মনে রাখা গুরুত্বপূর্ণ। এটি আজকের পুলিশিং পরিবেশে বিশেষভাবে গুরুত্বপূর্ণ যা সাইবার VAWG মোকাবেলায় সমস্যাগুলির জটিলতা এবং পারস্পরিক নির্ভরতার ফলে প্রযুক্তির অগ্রগতির সাথে বিশেষ চ্যালেঞ্জ তৈরি করেছে। যদিও প্রযুক্তিগত অগ্রগতি অপরাধ তদন্তে প্রযুক্তিগত প্রতিক্রিয়া প্রদানে পুলিশিংকে উপকৃত করেছে, এটি বিশেষ করে অপরাধীরা কীভাবে কাজ করার নতুন উপায় খুঁজে পেয়েছে তাতে এটি এনেছে এমন চ্যালেঞ্জগুলির সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। এটি আপনার এবং আপনার কর্মীদের জন্য বিশেষ চ্যালেঞ্জ তৈরি করেছে বিশেষ করে যদি আপনার সংস্থাগুলির উপযুক্ত সংস্থান না থাকে এবং মৌলিক প্রযুক্তিতে অ্যাক্সেস একটি সমস্যা থেকে যায়।

চিত্র-৩

**সাইবার- ভিএডাবলুজি এর বিরুদ্ধে লড়াই সম্পর্কিত সমস্যাগুলির জটিলতা এবং পারস্পরিক নির্ভরতা (ইউএন, ২০১৫)**




চিত্র-৩ হল ইউএন ব্রডব্যান্ড কমিশন ফর ডিজিটাল ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপ অন ব্রডব্যান্ড এবং জেন্ডার (২০১৫) প্রদত্ত সাইবার VAWG মোকাবেলায় সমস্যাগুলির জটিলতা এবং পারস্পরিক নির্ভরতার উচ্চ-স্তরের দৃষ্টিভঙ্গি।

পুলিশ সংস্থাগুলি তাদের কর্মীদের কী সরবরাহ করতে পারে এবং নাগরিকদের কী অ্যাক্সেস থাকতে পারে তার মধ্যে একটি ভারসাম্যহীনতা রয়েছে। অনেক দেশে স্মার্ট ফোন প্রযুক্তির মাধ্যমে মোবাইল নেটওয়ার্ক এবং ইন্টারনেট অ্যাক্সেস বেশ উন্নত তাই নাগরিকরা সহজেই সোশ্যাল মিডিয়া এবং ওয়েব সাইটগুলি অ্যাক্সেস করতে পারে তবে পুলিশিং এবং আইন প্রয়োগকারী সংস্থাগুলি সবসময় গতি বজায় রাখে না যা আপনাকে এবং আপনার কর্মীদের জন্য স্থানীয় সম্প্রদায়ে পুলিশিং পরিষেবা প্রদানের জন্য অতিরিক্ত চ্যালেঞ্জ তৈরি করে।

## অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG

অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG বিশ্বজুড়ে আরও বেশি প্রচলিত হয়ে উঠছে বিধায় আন্তর্জাতিকভাবে আইন প্রয়োগকারীরা এখনও এটার সাথে তাল মিলিয়ে চলার চেষ্টা করছে, কারণ এখনও সাইবার VAWG-এর কোনও সর্বজনীনভাবে স্বীকৃত সংজ্ঞা নেই। যাইহোক, VAWG-এর অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত ধরণগুলির একটি সংখ্যা রয়েছে

চিত্র-৪

**সাইবার ভিএডব্লিউজি (ইউএন ব্রডব্যান্ড কমিশন ফর ডিজিটাল ডেভেলপমেন্ট ২০১৫) এর স্বতন্ত্র বৈশিষ্ট্য এবং প্রোফাইল**

**পরিচয় গোপন রাখা**

নির্যাতনকারী ব্যক্তি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির কাছে অপরিচিত থাকতে পারে

**দূর থেকে কাজ করা**

শারীরিক যোগাযোগ ছাড়াই এবং যে কোনও জায়গা থেকে নির্যাতন করা যেতে পারে

**স্বয়ংক্রিয়তা**

প্রযুক্তি ব্যবহার করে নির্যাতন মূলক কার্যক্রমের জন্য কম সময় এবং প্রচেষ্টা প্রয়োজন

**প্রবেশযোগ্যতা**

অনেক প্রযুক্তির বৈচিত্র্য এবং ক্রয়ক্ষমতা অপরাধীদের কাছে সহজেই প্রবেশযোগ্য করে তোলে

**প্রচার এবং চিরস্থায়ীতা**

টেক্সট এবং ইমেজের সংখ্যাবৃদ্ধি এবং যা একটি দীর্ঘ সময়ের জন্য বা অনির্দিষ্টকালের জন্য বিদ্যমান থাকে

যা সাধারণত সর্বজন সম্মত। এগুলির মধ্যে রয়েছে সাইবার স্টকিং; অ-সম্মতিমূলক ছবি-ভিত্তিক অপব্যবহার (অনুপযুক্ত-ভাবে নিয়মিতভাবে «প্রতিশোধ পর্ন» হিসাবে উল্লেখ করা হয়); ঘৃণামূলক বক্তব্য এবং হয়রানি; বেশ্যা হিসেবে লজ্জা দেওয়া (slut shaming); অযাচিত পর্নোগ্রাফি; যৌনতা; ধর্ষণ এবং মৃত্যুর হুমকি; সহিংসতার শিকার সম্পর্কে তথ্য সংগ্রহ; ইন্টারনেটে একজন সহিংসতার শিকার ব্যক্তির ব্যক্তিগত তথ্য প্রকাশ করা এবং ইলেকট্রনিকভাবে পাচারের সুবিধা দেওয়া।[৫৩ ৫৪ ৫৫]

নারী ও মেয়েদের বিরুদ্ধে সাইবার সহিংসতাঃ বিশ্বব্যাপী জেগে ওঠার আহ্বান (২০১৫) শীর্ষক প্রতিবেদনে, ইউএন ব্রডব্যান্ড কমিশন ফর ডিজিটাল ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপ অন ব্রডব্যান্ড এবং জেন্ডার কিছু বৈশিষ্ট্য এবং প্রোফাইলের একটি তালিকা প্রদান করেছে যা সাইবার VAWG (চিত্র ৪) কে আলাদা করেছে:

অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG হল লিঙ্গ-ভিত্তিক সহিংসতা যা ইলেকট্রনিক যোগাযোগ এবং ইন্টারনেটে উভয়ের মাধ্যমেই সংঘটিত হয়[৫৬] এবং তাই অফলাইন VAWG-এর মতো আলাদাভাবে আচরণ করা উচিত নয়, এর একমাত্র পার্থক্য হল যে প্রক্রিয়ায় এটি সংগঠিত হয়। ইউরোপিয়ান ইনস্টিটিউট অফ জেন্ডার ইকুয়ালিটি (EIGE) এর তথ্য অনুসারে, অনলাইন (সাইবার) VAWG কে আলাদাভাবে বিবেচনা করা উচিত নয়, বরং অফলাইন সহিংসতার একটি সম্ভাব্য ধারাবাহিকতা হিসাবে বিবেচনা করা উচিত। তারা দেখেছে যে পুলিশ প্রায়ই অনলাইন যোগাযোগের প্রতিটি ঘটনাকে নির্যাতনের ক্রমবর্ধমান প্রভাবের বৃহত্তর প্রেক্ষাপটে বিবেচনা করার পরিবর্তে একটি একক কাজ হিসাবে বিবেচনা করে।[৫৭]

অনলাইনে সহিংসতা সংঘটিত হওয়ার সময় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি যে মানসিক আঘাত (ট্রমা) ভোগ করেন তা একই রকম হয়, যদি আরও স্পষ্ট না হয়, কখনও কখনও এটির উন্মুক্ত প্রকৃতির কারণে মানসিক আঘাত (ট্রমা) স্থায়ী হয়ে যেতে পারে।[৫৮] তবুও গবেষণায় দেখা গেছে যে পুলিশ কর্মকর্তারা প্রায়ই সাইবার VAWG দ্বারা সৃষ্ট ক্ষতিকে উপেক্ষা করে এবং এমনকি একটি নির্দিষ্ট সময়ের মধ্যে সংঘটিত আচরণের ধরণ (প্যাটার্ন) হিসাবে এটিকে স্বতন্ত্র ঘটনা হিসাবে স্বীকার করার পরিবর্তে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অভিজ্ঞতা বিবেচনা করে।[৫৯] অনলাইন সহিংসতার বিষয়ে ২০১৮ সালের প্রতিবেদনে, নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার বিষয়ে বিশেষ দূত উল্লেখ করেছেন যে আইন প্রয়োগকারী সংস্থাগুলি প্রায়শই নারীদের বিরুদ্ধে অনলাইন সহিংসতাকে তুচ্ছ বলে মনে করে,

৫৩ UN Broadband Commission for Digital Development (2015) Cyber Violence Against Women and Girls *A worldwide wake-up call*: A report by the UN Broadband Commission for the Digital Development Working Group on Broadband and Gender;

৫৪ EIGE (2017) Cyber Violence against women and girls, European Institute for Gender Equality. Also see: CyberSafe (2017) Cyber Violence against Women and Girls: Report, University of Ljubljana, Faculty of Social Sciences.

৫৫ নারীর প্রতি সহিংসতা, এর কারণ ও ফলাফল এবং নারী ও মেয়েদের প্রতি অনলাইন সহিংসতার বিষয়ে স্পেশাল রিপোর্টারের প্রতিবেদন দেখুন @ https://undocs.org/A/HRC/38/47

৫৬ CyberSafe (2017) Cyber Violence against Women and Girls: Report, University of Ljubljana, Faculty of Social Sciences

৫৭ EIGE (2017) Cyber Violence against women and girls, European Institute for Gender Equality.

৫৮ CyberSafe (2017) Cyber Violence against Women and Girls: Report, University of Ljubljana, Faculty of Social Sciences.

৫৯ EIGE (2017) Cyber Violence against women and girls, European Institute for Gender Equality.

এবং দুর্ভাগ্যবশত তাদের কার্যক্রমে প্রায়শই এই মামলা মোকাবেলা করার সময় সহিংসতার শিকার ব্যক্তিকে দোষারোপ করার মনোভাব প্রতিফলিত হয়। এই মনোভাবের ফল হল নীরবতা এবং কম সংখ্যার রিপোর্টিং এর সংস্কৃতি সৃষ্টি করা যেখানে সহিংসতার শিকার নারীরা দোষারোপের ভয়ে কথা বলতে চায় না।[৬০]

অপরাধীরা প্রায়শই পরিচয় গোপন রেখে অনলাইনে অপরাধ করাকে সহজ মনে করে এবং অপরাধীর প্রায়শই সহিংসতার শিকারের নারী বা মেয়েদের কাছে বেশি অ্যাক্সেসযোগ্য (প্রবেশযগ্যতা) থাকে বিধায় দায়মুক্তির মাত্রা বৃদ্ধি পায়। অনলাইন VAWG এর ঘটনা ঘটানো সহজ এবং এটি করার জন্য প্রযুক্তি সম্পর্কে তুলনামূলকভাবে সামান্য বা এমনকি খুব বেশী ধারণার প্রয়োজন নেই।[৬১] প্রযুক্তির ক্রমবর্ধমান ক্রয়ক্ষমতা, যেমন স্মার্ট ফোন এবং অন্যান্য ডিজিটাল ডিভাইসের ব্যাপক ব্যবহার দ্বারা এটি আরও বেড়েছে।

ইন্টারনেটের বিশ্বব্যাপী বিস্তার এবং এর বর্ধিত প্রবেশাধিকার (অ্যাক্সেসিবিলিটি) অপরাধীদের জন্য বিশ্বের যে কোনও জায়গায় বসে অন্যদের সাথে যোগাযোগ করার ক্ষমতা বৃদ্ধি করে যার ফলে সম্ভাব্য সহিংসতার শিকারের নাগাল পাওয়ার সম্ভাবনা বৃদ্ধি পায় এবং একই সাথে সনাক্তকরণের ঝুঁকি হ্রাস করে এবং শেষ পর্যন্ত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ন্যায়বিচারের সুযোগ হ্রাস করে।[৬২]

VAWG অনলাইন, অফলাইন বা উভয়ই যে কোন প্রক্রিয়ায় সংগঠিত হোক না কেন এই হ্যান্ডবুকে প্রদত্ত সহিংসতার শিকার-কেন্দ্রিক নির্দেশিকা প্রয়োগ করা উচিত যেখানে সহিংসতার শিকারের চাহিদা, তাদের নিরাপত্তা এবং সুরক্ষাকে অগ্রাধিকার দেওয়া হয়। VAWG-এর শারীরিক এবং অনলাইন (সাইবার) উভয় ধরণই একে অপরের সাথে মিশে যেতে পারে কারণ কিছু নির্যাতনের মধ্যে অফলাইন হয়রানি অন্তর্ভুক্ত থাকতে পারে।[৬৩]

সাইবার VAWG প্রতিরোধের জন্য প্রধান হস্তক্ষেপগুলির শিশু এবং যুবকদের উপর দৃষ্টি নিবদ্ধ করার প্রবণতা রয়েছে যারা স্বীকার করে যে প্রযুক্তি ব্যবহারকারীদের পরবর্তী প্রজন্ম, ছেলে এবং মেয়ে উভয়কেই শিক্ষিত করা এই ধরনের অপরাধের অপরাধ এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের উপর এর ধ্বংসাত্মক প্রভাব উভয়ের বিষয়ে সচেতনতা বাড়াতে অত্যাবশ্যক। অভিভাবক, শিক্ষক, পুলিশ, বিচার সংস্থা এবং বৃহত্তর সম্প্রদায়ের মাধ্যমে সমস্যাটির একটি বিস্তৃত সামাজিক পদ্ধতির অংশ হিসাবে এই ধরনের শিক্ষা প্রদান করা প্রয়োজন।[৬৪] এডুকেশন ফর জাস্টিস ইনিশিয়েটিভের অংশ হিসেবে, ইউএনওডিসি বিশ্ববিদ্যালয়ের প্রভাষকদের জন্য আন্তঃব্যক্তিক সাইবার ক্রাইমের একটি মডিউল প্রকাশ করেছে, যেটি নারীর বিরুদ্ধে অনলাইন সহিংসতা এবং অন্যান্য লিঙ্গ-ভিত্তিক আন্তঃব্যক্তিক সাইবার অপরাধের সমাধান করে।[৬৫]

ইউএন ব্রডব্যান্ড কমিশন ফর ডিজিটাল ডেভেলপমেন্ট ওয়ার্কিং গ্রুপ অন ব্রডব্যান্ড এবং জেন্ডার (২০১৫) সাইবার ভিএডব্লিউজি (VAWG) (চিত্র-৫) মোকাবেলায় একটি বহু-স্তরের পদ্ধতি অনুসরণ করার জন্য পুলিশসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের প্রয়োগের জন্য সুপারিশ করেছে। ওয়ার্কিং গ্রুপগুলি সুপারিশ করেছে যে প্রচেষ্টাগুলি তিনটি বিভাগের একটিতে পড়ে:

- জনসাধারণের সংবেদনশীলতা এবং সচেতনতা বৃদ্ধির মাধ্যমে প্রতিরোধমূলক ব্যবস্থা;
- নারী ও মেয়েদের জন্য ইন্টারনেটে নিরাপত্তা এবং সমতার জন্য সুরক্ষামূলক প্রচার;
- নিষেধাজ্ঞা স্থাপন এবং প্রয়োগ করা।

## লিঙ্গ-সংবেদনশীল পুলিশিং: এগিয়ে চলার পথ

সাইবার VAWG-এর মুখোমুখি হলে, নারী এবং মেয়েদের জন্য পছন্দগুলি প্রায়ই ব্যক্তিগত ICT বিবরণ বা প্রোফাইল পরিবর্তন করা বা আপত্তিজনক আচরণকে উপেক্ষা করার চেষ্টা করা বা তাদের ইন্টারনেট পরিষেবা প্রদানকারীকে (ISP) আচরণের প্রতিবেদন করার জন্য সীমাবদ্ধ থাকে যারা অপব্যবহারকারীর অ্যাকাউন্ট নিয়ন্ত্রণ করতে সক্ষম হতে পারে।

আমরা যেমনটি কোভিড-১৯ (COVID-19) অতিমারির সময় অনুভব করেছি, বিশ্বজুড়ে পুলিশ সংস্থাগুলিকে কাজ করার নতুন উপায়গুলি চিহ্নিত করতে হয়েছে, কেউ কেউ সহায়তা করার জন্য নতুন প্রযুক্তিতে প্রবেশাধিকা র (অ্যাক্সেস) পেয়ে নিজেদের ভাগ্যবান মনে করতে পারে, আবার অন্যরা নাও মনে করতে পারে। আপনার কাছে যে সংস্থানগুলি উপলব্ধ রয়েছে, আপনাকে সেগুলি কার্যকরভাবে ব্যবহার করতে হবে এবং আপনাকে কাজের নতুন উপায়গুলি চিহ্নিত করে উদ্ভাবনী নেতৃত্ব প্রদর্শন করতে হবে।

আমরা সবসময় ঘটনা ঘটে যাবার পরে সেই ঘটনা থেকে শিখতে পারি, কিন্তু আপনার দায়িত্বের এলাকার জন্য যদি আপনার কাছে বিদ্যমান জরুরী বা আকস্মিক পরিকল্পনা না থাকে, তবে পরিষেবাগুলি প্রদান নিশ্চিত করার সময় আপনাকে কার্যকরভাবে সঙ্কট মোকাবেলা করতে সক্ষম করার জন্য আপনার এই পরিকল্পনাগুলি তৈরি করতে হবে। এমনকি যখন আপনি একটি সঙ্কটের মধ্যে থাকেন তখন আপনি কর্মীদের সাথে সংক্ষেপে আলোচনা (ডি-ব্রিফ) করতে পারেন, আপনার নিজের কার্যক্রমের প্রতিফলন ঘটাতে পারেন এবং শিখে নেওয়া পাঠগুলিকে সমন্বিত করতে শুরু করতে পারেন যাতে আপনি অনুরূপ ঘটনাগুলির জন্য প্রস্তুতির সাথে এই জাতীয় পরিকল্পনাগুলি প্রণয়ন করতে পারেন, যার মধ্যে উদাহরণ স্বরূর যে কোনও রোগের পরবর্তী তরঙ্গ অন্তর্ভুক্ত থাকতে পারে।

**চিত্র-২** হল ‹টাউনসলে সার্কেল›,একটি টুল যা সংকটের সময় VAWG-এর প্রতিক্রিয়ার সিদ্ধান্ত গ্রহণ, পরিকল্পনা এবং পরিচালনার জন্য ব্যবহার করা যেতে পারে। এটির মূল অংশে সুরক্ষা এবং নিরাপত্তাসহ একটি চক্রীয় প্রক্রিয়া হিসাবে পরিকল্পনা করা হয়েছে। সঙ্কটের সময়ে ‹উদ্দেশ্যের জন্য উপযুক্ত› তা নিশ্চিত করতে বিদ্যমান প্রতিক্রিয়া পরিকল্পনাগুলি পর্যালোচনা করতে বা সংকটের সময় পরিকল্পনাগুলি প্রনয়ন করতে এটি ব্যবহার করা যেতে পারে। ভবিষ্যৎে সঙ্কট ঘটলে VAWG-এর জরুরী প্রতিক্রিয়া প্রণয়নের জন্য এটিকে প্রাক-পরিকল্পনা টুলস (সরঞ্জাম) হিসাবে ব্যবহার করা উচিত। প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারাও গতিশীল সিদ্ধান্ত গ্রহণের জন্য এটি ব্যবহারতিকরতে পারে।

জন স্বাস্থ্য (অতিমারি/মহামারী) বা মানবিক সংকট চলাকালীন জেন্ডার-সংবেদনশীল পরিকল্পনা এবং VAWG-এর প্রতি পুলিশের প্রতিক্রিয়া জানানোর জন্য টাউনসলে চক্রের ব্যবহার সম্পর্কে আরও তথ্য এবং নির্দেশনার জন্য, পরিশিষ্ট-১ দেখুন।

আপনার যদি বিদ্যমান পরিকল্পনা থাকে, তাহলে সংকটের সময় আপনাকে ক্রমাগতভাবে সেগুলি পর্যালোচনা করতে হবে যাতে তারা ‹উদ্দেশ্যের জন্য উপযুক্ততা' নিশ্চিত করার জন্য যেখানে প্রয়োজন সেখানে সমন্বয় করা যায়।

আপনার ইতিমধ্যেই যদি পরিকল্পনা থেকে থাকে বা আপনি নতুন ভাবে পরিকল্পনা প্রণয়ন করছেন তাহলে আপনাকে বেশ কয়েকটি মূল প্রশ্ন বিবেচনা করতে হবে, এর মধ্যে রয়েছে:

- পরিকল্পনা কোথায় রয়েছে?
- কাদের এর বিষয়বস্তু জানতে এবং বুঝতে হবে এবং এই বিষয়বস্তু শেখার জন্য তারা কি দায়ী??

চিত্র-২

**জেন্ডার সংবেদনশীল পরিকল্পনার জন্য টাউনসলে সার্কেল এবং সঙ্কটের সময়ে VAWG-এর প্রতি পুলিশের প্রতিক্রিয়া প্রদান**




- জবাবদিহিতার সাথে সাথে পরিকল্পনার মধ্যে ভূমিকা এবং দায়িত্বগুলি কি স্পষ্টভাবে সংজ্ঞায়িত করা হয়েছে?
- পরিকল্পনা কি ধরণের প্রশিক্ষণ প্রয়োজন?
- কিভাবে নিয়মিত এটা পরীক্ষা করা হয়?
- এটা শেষ কখন পরীক্ষা করা হয়েছিল?
- কিভাবে এটি নিরীক্ষণ, পর্যালোচনা এবং হালনাগাদ (আপডেট) করা হয়?
- শেখা পাঠ কি এর মধ্যে অন্তর্ভুক্ত করা হয়েছে? (এগুলি স্থানীয়, জাতীয় বা আন্তর্জাতিক উৎস থেকে হতে পারে)
- পরিকল্পনা বাস্তবায়নে নিয়মিত ব্রিফিং এবং ডি-ব্রিফিং কীভাবে রয়েছে?

আকস্মিক পরিকল্পনা, ‹কী হলে?› এবং সমস্ত পরিচালন সংক্রান্ত পরিকল্পনা- পূর্ব-পরিকল্পিত বা স্বতঃস্ফূর্ত যে ঘটনায় হোক না কেন যেগুলি আপনি ইতিমধ্যেই প্রতিদিন করে থাকেন সে বিষয়ে আপনাকে যা বিবেচনা করতে হবে উপরোক্ত প্রশ্নগুলি তার কিছু উদাহরণ মাত্র ।

একটি কার্যক্রমের ধারাবাহিকতা পরিকল্পনা কিছুটা আলাদা কারণ এইটিতে আপনি যতদূর সম্ভব, ‹স্বাভাবিক ভাবে কার্যক্রম›, বা অবশ্যই সংকটের সময়ে আপনার মূল কাজগুলি বজায় রাখতে পারেন তা নিশ্চিত করার জন্য পরিকল্পনা করা হয়েছে। এটি VAWG-এ সাড়া দেওয়ার জন্য যতটা প্রাসঙ্গিক কারণ অন্য যে কোন সমস্যার ক্ষেত্রে আপনাকে প্রতিক্রিয়া জানানোর জন্য ডাকা হতে পারে। VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের প্রতি সাড়া দেওয়ার জন্য আপনার কাছে কী আছে এবং আপনার সংস্থান সীমিত হলে, এবং সুযোগ সুবিধা কম থাকলে এবং সম্ভাব্য সংক্রমণের কারণে অভিযোগকারী এবং সাক্ষীদের অ্যাক্সেস করা ঝুঁকিপূর্ণ হলে আপনি কীভাবে এই কাজগুলি সম্পাদন করবেন তা বিবেচনা করতে হবে। আপনাকে একটি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি-কেন্দ্রিক পদ্ধতি এবং একটি অপরাধী-কেন্দ্রিক তদন্ত বজায় রাখতে হবে (অধ্যায়-৫: 'তদন্ত' দেখুন)।

## নিরাপত্তা এবং সুরক্ষা

নিরাপত্তা এবং সুরক্ষা (অধ্যায় -৬ ‹নিরাপত্তা এবং সুরক্ষা দেখুন) VAWG-এর প্রতি যে কোনো পুলিশী প্রতিক্রিয়ার একটি গুরুত্বপূর্ণ অংশ কিন্তু সংকটের সময় এটি আরও বেশি হয় যখন এটি সমস্ত পরিকল্পনা এবং সিদ্ধান্ত গ্রহণের কেন্দ্রবিন্দু হয়। আপনি এবং আপনার কর্মীদের সেই সময় সম্পর্কিত বিশেষ পরিস্থিতির উপর ভিত্তি করে একটি ঝুঁকি মূল্যায়ন করার মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং আপনার কর্মীদের জন্য জড়িত সমস্ত ঝুঁকি বিবেচনা করতে হবে। আপনার কর্মীরা নিজেরাই ঝুঁকির মধ্যে থাকলে ভীত হতে পারে তাই আপনাকে তাদের

বক্স -১

**ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জামের (পিপিই) পরিচালন নির্দেশিকা, ইউকে**

কোভিড-১৯ (COVID-19) এর প্রতিক্রিয়া চলাকালীন সময়ে, ইউকে জুড়ে পুলিশ পরিষেবাগুলিকে পিপিই ব্যবহারের বিষয়ে ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল (NPCC) এবং কলেজ অফ পুলিশিং দ্বারা পরিচালন নির্দেশিকা প্রদান করা হয়েছিল। নির্দেশিকাতে কর্মীদের পিপিই-এর সঠিক ব্যবহার বুঝতে সাহায্য করার জন্য পরিচালন পরিস্থিতিও অন্তর্ভুক্ত ছিল। নির্দেশিকা থেকে অভিযোজিত কিছু উদাহরণ নীচে দেওয়া হয়েছে। এই নির্দেশিকাটি অন্যান্য জন স্বাস্থ্য বিষয়ক জরুরী অবস্থার জন্য ব্যবহার করা যেতে পারে বা অভিযোজিত হতে পারে ।

- সকল কর্মকর্তাদের জন্য ন্যূনতম তরল বস্তু প্রতিরোধী সার্জিক্যাল মাস্ক এবং গ্লাভস (নন-ল্যাটেক্স) সহজলভ্য করা উচিত এবং যেখানে কর্মকর্তারা লম্বা সময় ধরে টহলে বা কর্মী বাহনের কাজে মোতায়েন থাকে সেখানে নিশ্চিত ভাবে থাকা উচিত। পিপিই কর্মকর্তাদের ব্যক্তিগত কর্মীদের কাছে সহজলভ্য হওয়া উচিত যাতে প্রয়োজনে এটি দ্রুত লাগানো যায়।
- কল গ্রহণকারী এবং প্রেরকদের COVID-19 এর সংক্রমের সন্দেহ করা হচ্ছে কি না বা নিশ্চিত ভাবে সংক্রমিত কিনা তা নিশ্চিত করতে হবে যাতে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তারা আগে থেকে সতর্ক হতে পারে যাতে তারা উপযুক্ত PPE পরতে পারে ।
- পুলিশ প্রাঙ্গনে প্রবেশ করার সময়, কর্মকর্তাদের সচেতন হতে হবে এই জন্য যে কিছু বাসিন্দা হয়তো জানেন না যে তারা সংক্রামিত তাই ক্রমাগত গতিশীল ঝুঁকি মূল্যায়ন পরিচালনা করতে হবে ।
- যেখানে সামাজিক দূরত্ব সম্ভব নয় এবং সেইজন্য জন সাধারণের সাথে ‹ঘনিষ্ঠ যোগাযোগ› হওয়ার সম্ভাবনা থাকে, তখন কর্মকর্তাদের তরল বস্ত প্রতিরোধী সার্জিক্যাল মাস্ক এবং গ্লাভস (নন-ল্যাটেক্স) পরা উচিত, যদি ব্যক্তি উপসর্গযুক্ত হয় তবে চশমা এবং এপ্রোন ব্যবহার ঝুঁকি মূল্যায়নের অংশ হতে হবে।

সূত্র: ব্যক্তিগত সুরক্ষা সরঞ্জাম (PPE) পরিচালন নির্দেশিকা (এপ্রিল ৮, ২০২০)। কলেজ অফ পুলিশিং, ইউকে।

**“ মেডিকেল কর্মীদের মতো, পুলিশ কর্মকর্তারা টেলিফোনে যোগাযোগ করতে পারে না, তাই তারাও সম্মুখ সারিতে (ফ্রন্টলাইনে) রয়েছে। । আমাদের প্রথম দায়িত্ব সুস্থ এবং নিরাপদ থাকা, তাই আমাদের কেবল সরঞ্জামই নয়, নিজেদের রক্ষা করার মনোভাবও থাকা দরকার।**

**এর কারণ হল, নিজেদের রক্ষা করে আমরা অন্যকে রক্ষা করতে পারি। আমাদের নিশ্চিত করতে হবে যে আমরা অন্যদের সংক্রমিত করছি না এবং আমরা হোস্ট পুলিশ বাহিনীর পাশাপাশি সবচেয়ে দুর্বলদের রক্ষা করছি।»**

বর্তমান জাতিসংঘের পুলিশ উপদেষ্টা এবং সেন্ট্রাল আফ্রিকান রিপাবলিকের সাবেক ইউএন মিশন (MINUSCA) পুলিশ কমিশনার, কমিশনার লুইস ক্যারিলহো

আশ্বস্ত করতে এবং উতসাহিত করতে হবে। উপস্থিত না হওয়া একটি বিকল্প নয় কারণ কারও জীবন এটির উপর নির্ভর করতে পারে তাই আপনাকে কর্মীদের ঝুঁকি কমাতে হবে। একটি উপায় হ্ল তাদের উপযুক্ত পিপিই দিয়ে সজ্জিত করা, সঙ্কটের সময়ে যার সরবরাহ খুব কম হতে পারে এবং অনিশ্চিত ঘটনা এবং জরুরী অবস্থায় পরিকল্পনার প্রয়োজনীয়তার বিষয়টি শক্তিশালী করা।

শুধুমাত্র পিপিই ইস্যু করাই ঝুঁকি কমায় না যদি কর্মীদের সঠিক ব্যবহার, সংরক্ষণ এবং নষ্ট করা সম্পর্কে অবহিত না করা হয়। এটি নিশ্চিত করাও গুরুত্বপূর্ণ যে সরবরাহকৃত পিপিই পুরুষ ও নারী উভয়ের শরীরে যথাযথভাবে লাগানো যায় এবং বৈষম্য ছাড়াই অ্যাক্সেসযোগ্য। বক্স-১ এ ন্যাশনাল পুলিশ চিফস কাউন্সিল (NPCC) এবং কলেজ অফ পুলিশিং-এর দ্বারা PPE ব্যবহার সংক্রান্ত পরিচালন নির্দেশনার একটি উদাহরণ প্রদান করা হয়েছে ।



ছবি নাইজেরিয়া পুলিশ ফোর্স রিলেশন বিভাগের সৌজন্যে

# প্রতিরোধ

চ্যালেঞ্জিং সময়ে যখন পুলিশের সম্পদ ইতোমধ্যেই সংকট মোকাবেলায় সীমিত হয়ে পড়েছে, তখন সম্প্রদায়ের সম্পৃক্ততা আপনার স্থানীয় সম্প্রদায়কে সংকটের প্রভাব থেকে রক্ষা করার জন্য এবং অন্যান্য পুলিশিং অগ্রাধিকারগুলি বজায় রাখার জন্য আরও গুরুত্বপূর্ণ। সঙ্কটের প্রভাব থেকে নিজেদের রক্ষা করার জন্য তাদের কী করতে হবে সে সম্পর্কে সম্প্রদায়কে শিক্ষিত করা এবং সচেতনতা বাড়ানো VAWG সম্পর্কে সম্প্রদায়ের সচেতনতা বৃদ্ধি, কী সন্ধান করতে হবে এবং কীভাবে সহিংসতার শিকার/ব্যক্তিদের সহায়তা প্রদান করার ক্ষেত্রে সুযোগ প্রদান করবে এবং প্রতবেদন দাখিলের প্রক্রিয়া তরান্বিত করবে। সামাজিক দূরত্ব বা চলাচলে বিধিনিষেধের সময় সম্প্রদায়ের সাথে কাজ করা ক্ষেত্রে সম্প্রদায়ের উপর খুব বেশি নির্ভর করবেন।

সঙ্কটের বিষয়ে আপনার কর্মীদের তাদের দায়িত্ব সম্পর্কে জানানোর করার সময় নিশ্চিত করুন যে VAWG মোকাবেলা করার সময় যে সমস্ত অতিরিক্ত দুর্বলতাগুলি দেখা দিতে পার-যেমন মৌলিক খাদ্যের অভাব এবং সহিংসতার শিকার/বেঁচে ব্যক্তির অন্যান্য প্রয়োজন যা শোষণ এবং চাপ বৃদ্ধির কারণ- সম্পর্কে তাদের ধারণা আছে। আপনার কর্মীদের মনে করিয়ে দিন ‹কোন ক্ষতি না করার›, জনসাধারণ এবং তাদের সহকর্মীদের যত্নসহকারে দায়িত্ব প্রদান করা এবং সহিংসতা বা নির্যাতনের লক্ষণগুলি সন্ধান করা এবং স্বীকৃতি দেওয়ার-যা সর্বদা স্পষ্ট নয়- জন্য তাদের ব্যক্তিগত দায়িত্ব এবং জবাবদিহিতা রয়েছে (পঞ্চম অধ্যায়: ‹তদন্ত› দেখুন).

সংকটের সময় সম্প্রদায়ের সাথে আপনার সম্পৃক্ততা আপনি এবং আপনার কর্মীরা যে পুলিশ পরিষেবা প্রদান করেন তার প্রতি সম্প্রদায়ের আস্থা ও বিশ্বাস তৈরি করতে পারে বা নষ্ট করতে পারে। যদি আপনার কর্মকর্তারা সরকার দ্বারা আরোপিত কোনো বিধিনিষেধ কার্যকর করার ক্ষেত্রে তাদের কর্তৃত্বের অপব্যবহার করে-উদাহরণস্বরুপ বলা যায় যে, সংকট শেষ হওয়ার অনেক পরে এটি সম্প্রদায়ের সম্পর্কের জন্য সুদূরপ্রসারী প্রভাব ফেলবে- সেটি ভবিষ্যতে আপনার কাজকে আরও কঠিন করে তুলবে। বিকল্পভাবে, শিক্ষা সংক্রান্ত এবং সচেতনতা বৃদ্ধিমূলক দক্ষতায় সম্প্রদায়ের সাথে জড়িত হওয়ার মাধ্যমে, অসমনুপাতিক প্রয়োগের পদ্ধতির পরিবর্তে প্ররোচনা/উদ্দীপনা ব্যবহার করে, আস্থা ও আত্মবিশ্বাসের উন্নতি ঘটানো যেতে পাররে যাতে আপনি তাৎক্ষণিক সংকট শেষ হয়ে গেলে সেই সুবিধাগুলি ভোগ করতে পারবেন।

সম্প্রদায়ের নির্দিষ্ট কিছু সেক্টরের সাথে জড়িত থাকা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের চলমান সহিংসতা বা নির্যাতন থেকে রক্ষা করতে সাহায্য করতে পারে, (পুলিশ-জনগণ অংশীদারিত্বের উপর নির্দিষ্ট উদাহরণের জন্য বক্স ৮ দেখুন)। উদাহরণ স্বরুপ,




ছবি নাইজেরিয়া পুলিশ ফোর্স রিলেশন বিভাগের সৌজন্যে

ফার্মেসিগুলি তাদের পরামর্শক কক্ষগুলিকে সহিংসতা বা নির্যাতনের রিপোর্ট করার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপদ স্থান হিসাবে প্রদান করতে সক্ষম হতে পারে, মুদি দোকানের কর্মীদের তাদের গ্রাহকদের মধ্যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সনাক্ত করার জন্য কী দেখা/খোঁজ করা উচিত সে সম্পর্কে শিক্ষিত করা যেতে পারে এবং সবচেয়ে গুরু-ত্বপূর্ণ হল, কীভাবে উপযুক্ত সহায়তা প্রদান তার জন্য কেবলমাত্র পুলিশ বা অন্যান্য পরিষেবা প্রদানকারীদের সাথে তাদের পক্ষে যোগাযোগ করতে পারে ।

অস্ট্রেলিয়ায়, কোভিড-১৯ (COVID-19) অতিমারি চলাকালীন, পুলিশ দুর্বল নারীদের চিহ্নিত করার জন্য সক্রিয় ছিল, বিশেষ করে যারা আগে সহিংসতা বা নির্যাতনের অভিযোগ করেছিল এবং তাদের নিরাপত্তা নিশ্চিত করার জন্য তাদের বসবাস করবার স্থান নিয়মিত পরিদর্শন করেছিল। এই ধরনের নারীদের জন্য অতিরিক্ত ঝুঁকি এড়াতে এটি সাবধানে পরিচালনা করা প্রয়োজন।

নিশ্চিত করুন যে এই বিষয়টি আপনার কর্মীদের কাছে সম্পূর্ণরূপে পরিষ্কার করা হয়েছে যে তাদের VAWGকে তাৎক্ষনিকভাবে এবং কার্যকরভাবে মোকাবেলা করতে হবে এই কারণে নয় যে-বর্ত-মান সংকট সত্ত্বেও - প্রতিক্রিয়ার কার্যকারিতা তাৎক্ষণিক সংকট পরিস্থিতির মধ্য দিয়ে এবং তার বাইরেও টিকিয়ে রাখা দরকার।

**VAWG প্রতিরোধের বিষয়ে আরও তথ্যের জন্য তৃতীয় অধ্যায় দেখুন।**

## প্রাথমিক যোগাযোগ

সামাজিক দূরত্ব বজায় রাখার জন্য সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের রিপোর্ট করার বা সহিংসতা বা অপব্যবহার থেকে সুরক্ষা চাওয়ার জন্য নতুন উপায়ের কথা চিন্তা করে আপনাকে ‹ঘনিষ্ঠ যোগাযোগের› বিকল্পগুলি বিবেচনা করতে হতে পারে, বিশেষ করে যদি তারা চলাচলের উপর আরোপিত বিধিনিষেধের কারণে বিচ্ছিন্ন হয়। হেল্পলাইনগুলির ব্যবহারের তথ্য প্রচার করুন, এবং যদি সেগুলি পুলিশ দ্বারা পরিচালিত হয়, কল গ্রহণ এবং মোকাবেলা করার জন্য কর্মীদের সংখ্যা বৃদ্ধির কথা বিবেচনা করুন।

অন্যান্য সংস্থা/সেবা প্রদানকারী, অনানুষ্ঠানিক বিচার খাত, সম্প্রদায় গোষ্ঠী এবং বৃহত্তর সম্প্রদায় যেমন প্রতিবেশী, বন্ধু, দোকানদার, ইত্যাদির সাথে সহংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের রিপোর্ট করার সুযোগ সুবিধার জন্য চুক্তি স্বাক্ষর বা শক্তিশালী করুন। যে কোনো সংক্রামক রোগের পরীক্ষা এবং সনাক্তকরণের ভূমিকায় নিয়োজিত কর্মীদের যথাযথভাবে অবগত করা তারা হলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের ন্যায়বিচার ও সহায়তার অ্যাক্সেসের মধ্যে একটি মূল সংযোগ স্থাপন করতে পারে। আপনার এক নম্বর অগ্রাধিকার হতে হবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি এবং তাদের উপর নির্ভরশীল পরিবারের যে কোন সদস্যের নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিত করা।

নিশ্চিত করুন যে আপনার কর্মীদের সহিংসতা বা নির্যাতনের লক্ষণ সম্পর্কে সম্পূর্ণভাবে অবহিত করা হয়েছে এবং VAWG বাদে অন্যান্য ধরণের সহিংসতা সম্পর্কিত বিষয়ে জনসাধারণের সাথে আচরণ করার সময় তাদের জন্য সতর্ক থাকতে হবে।

**প্রাথমিক যোগাযোগ [প্রবেশাধিকার (অ্যাক্সেস)] সম্পর্কে আরও তথ্যের জন্য চতুর্থ অধ্যায় দেখুন**

## তদন্ত

বিকল্প প্রমাণ সংগ্রহের পদ্ধতিগুলি বিবেচনা করুন যা সামাজিক দূরত্ব বজায় রাখতে সাহায্য করতে পারে যেমন অনলাইন প্রযুক্তির মাধ্যমে সমাধান, যেখানে আপনার প্রবেশাধিকার (অ্যাক্সেস) রয়েছে। শরীরে (বডি) থাকা ক্যামেরার ব্যবহার করার মাধ্যমে একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির রিপোর্ট রেকর্ড করা, ঘটনার দৃশ্যের প্রমাণ সংগ্রহ করা এবং যে কোনো আঘাত দেখার জন্য ঘনিষ্ঠ যোগাযোগের প্রয়োজন কমাতে পারে। মনে রাখবেন যে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষা এখনও নিশ্চিত রাখা দরকার বিধায় প্রযুক্তি ব্যবহার করার সময়ও পরিবেশকে বিবেচনায় নিন। যখন আপনার কাছে এই জাতীয় সংস্থানগুলির প্রবেশাধিকার (অ্যাক্সেস) থাকে না, তখন পিপিই এবং যে কোনও সামাজিক দূরত্বের ব্যবস্থা মেনে চলার মাধ্যমে যতদূর সম্ভব ঝুঁকিগুলি হ্রাস করা দরকার।

এটি আগে থেকেই বিবেচনা করা প্রয়োজন যে আপনার কর্মীরা

একজন সহিংসতার শিকার /ব্যক্তির সাথে এমন একটি পরিবেশে কথা বলবে যা হবে সহিংসতার শিকার/বেঁচে থাকা-বান্ধব একটি ‹নিরাপদ স্থান› স্থান, যেখানে তাদের গোপনীয়তা রক্ষা করা হবে এবংতদন্তকারী কর্মকর্তাকে যে কোন ধরণের স্বাস্থ্য ঝুঁকি কমাতে সক্ষম করবে। আপনি নিজেকে যে সংকটের মধ্যে খুঁজে পান তার ফলে গৃহীত অতিরিক্ত ব্যবস্থার প্রভাব যতদূর সম্ভব এড়িয়ে যাওয়ার মাধ্যমে মানসিক আঘাতের প্রভাব সম্পর্কে সচেতন থাকুন।

যদি একজন সহিংসতার শিকার/বেঁচে থাকা বা অপরাধীকে পুলিশের গাড়িতে নিয়ে যেতে হয়, তাহলে গাড়ি থেকে কোনো ফরেনসিক বা অন্যান্য সম্ভাব্য প্রমাণ সংগ্রহ করার পরে জীবাণুমুক্ত করার কথা বিবেচনা করুন। প্রতিটি শিফটের শুরুতে এবং শেষে বা জনস্বাস্থ্য সংকটের সময় যানবাহন ব্যবহারকারীদের পরিবর্তনের সময় সেই নির্দিষ্ট সংকটের ঝুঁকির উপর নির্ভর করে সমস্ত পুলিশ যানবাহন ভালোভাবে পরিষ্কার করা ভাল অভ্যাস।

**VAWG তদন্ত সম্পর্কে আরও তথ্যের জন্য পঞ্চম অধ্যায় দেখুন**

## সমর্থন এবং সহায়তা

সঙ্কটের সময়ে সহযোগিতামূলক কাজ অপরিহার্য বিধায় আপনার বিদ্যমান অংশীদারিত্বগুলি কীভাবে নিরাপদে কাজ চালিয়ে যেতে পারে বা অবশ্যই যতটা সম্ভব ঝুঁকি কমাতে পারে তা বিবেচনা করতে হবে। সামাজিক দূরত্ব, চলাচলের বিধিনিষেধ এবং যে কোন কোয়ারেন্টাইন ব্যবস্থার কারণে আপনাকে সহিংসতার শিকার/ বেঁচে থাকা ব্যক্তিদের সাথে যোগাযোগ করার এবং তাদের জন্য রিপোর্টিং প্রক্রিয়ার আনুষ্ঠানিকতা কমিয়ে সহজতর করার অন্যান্য উপায়গুলি অন্বেষণ করতে হবে, সম্ভবত অন্যান্য সংস্থা এবং পরিষেবা প্রদানকারীর মাধ্যমে। এই অধ্যায়ের শেষের দিকে কেস স্টাডি দেখুন।

নতুন অংশীদারদের সাথে সহযোগিতার জন্য তাদের নির্যাতনের লক্ষণ সম্পর্কে তাদের সচেতনতা বাড়াতে হবে এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের রক্ষা করার জন্য তাদের কী করা দরকার, এমনকি সংক্রামণ, ধ্বংস বা প্রমাণ হারানো রোধ করতে কী করা উচিত নয় সে সম্পর্কে দীর্ঘ মেয়াদে তাদের সচেতনতার স্তর বাড়াতে হবে।

সংকটের কারণে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থন ও সহায়তা করার ক্ষেত্রে আপনার ক্ষমতার আপস করার প্রয়োজন হলে অন্য কোন সংস্থান বা পরিষেবার বিধানগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য উপলব্ধ হতে পারে সেই বিষয়টি যে কোন আকস্মিক বা জরুরী পরিকল্পনা প্রক্রিয়া চলাকালীন প্রাথমিক পর্যায়ে নির্ধারণ করুন। উদাহরণ স্বরূপ বলা যায় যে, আপনার অনুমান করা উচিত কোন কোন আশ্রয়কেন্দ্রের বা শরণার্থীর সক্ষমতা রয়েছে তা অন্যদের সাথে সহযোগিতায় আপনি সনাক্ত করতে সক্ষম হতে পারেন, যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য নিরাপদ স্থান প্রদান করতে পারে। এই ধরনের দৃষ্টান্ত সম্পর্কে চিন্তা করা এবং পরিকল্পনা করা আপনার উপর চাপ কমিয়ে দেবে যখন আপনি একটি সঙ্কটময় পরিস্থিতির মধ্যে থাকবেন যেখানে সংকটের মধ্যেও প্রয়োজন অনুসারে নিরাপত্তা এবং সুরক্ষা প্রদান করতে হয়।

**সমর্থন এবং সহায়তা সম্পর্কে আরও তথ্যের জন্য সপ্তম অধ্যায় দেখুন।**

## বিচার সংস্থাগুলির মধ্যে সমন্বয়

অন্য বিচার এজেন্সিগুলির সাথে-যারা আপনার মতো সংকট এর কারণে চ্যালেঞ্জের মুখোমুখি হচ্ছে- আপনার যে কোন সমঝোতা স্মারক (MOU) বা কাজের অনুশীলনের চুক্তিগুলি সংশোধন করা উচিত যারা। কার্যকর এবং অ্যাক্সেসযোগ্য বিচার পরিষেবা প্রদানের জন্য আপনি কীভাবে একসাথে কাজ চালিয়ে যেতে পারেন সেটিও ভেবে দেখা প্রয়োজন?

যদি আপনার বিদ্যমান (প্রি-এক্সিটিং) কোনো চুক্তি না থাকে, তাহলে আপনাকে জরুরী স্থানীয় কাজের অনুশীলন তৈরি করার কথা বিবেচনা করতে হবে বা কৌশলগত স্তরে বিবেচনা করার জন্য আপনার চেইন অফ কমান্ডের মাধ্যমে ন্যূনতম ভাবে হলেও সমস্যাটি উত্থাপন করতে হবে।

আপনার এবং অন্যান্য বিচার সংস্থাগুলির চূড়ান্ত লক্ষ্য হওয়া উচিত সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য ন্যায় বিচার নিশ্চিত করা, তাই তাৎক্ষণিক সংকটের মধ্য দিয়ে যাওয়ার সময় আপনাকে অগ্রাধিকারগুলি নিয়ে এবং সঙ্কটের সবচেয়ে খারাপ সময় শেষ হয়ে গেলে আপনি কীভাবে স্বাভাবিকতায় ফিরে আসবেন- এমনকি যদি এটি একটি নতুন স্বাভাবিকতা হয়- তা নিয়ে আলোচনা করা এবং সম্মত হওয়া উচিত ।

**বিচার সংস্থার সাথে সমন্বয় সম্পর্কে আরও তথ্যের জন্য অষ্টম অধ্যায় দেখুন।**

## যোগাযোগ

পরিষ্কার, সংক্ষিপ্ত এবং সামঞ্জস্যপূর্ণ বার্তা প্রেরণ সব সময়েই গুরুত্বপূর্ণ, কিন্তু সংকটের সময় এটি আরও বেশি **গুরুত্বপূর্ণ** হয়ে ওঠে। যে কোন নির্দেশ, বিধি-নিষেধ বা নিরাপত্তা পরামর্শ মেনে চলা নিশ্চিত করতে সকলকে অবহিত করা অত্যাবশ্যক,



ছবি সৌজন্যে ইউএন উইমেন/লুই প্যাকার্ডো (ফিলিপাইন)

কারণ এটি সংকট মোকাবেলায় কর্তৃপক্ষের ক্ষমতার উপর স্থানীয় সম্প্রদায়ের আস্থাকেও প্রভাবিত করতে পারে। সঠিক এবং প্রাসঙ্গিক তথ্য প্রদান জবাবদিহিতা এবং স্থায়িত্ব উন্নত করতে পারে।

বার্তা প্রেরণ সব ক্ষেত্রে সামঞ্জস্যপূর্ণ হওয়া প্রয়োজন এবং সংকট সম্পর্কে যোগাযোগ করার সময় এটি VAWG-তে তথ্য প্রদানের সুযোগ প্রদান করে, বর্ধিত ঝুঁকি সম্পর্কে সচেতনতা বৃদ্ধি করে এবং এমনকি সঙ্কট মোকাবেলা করার সময়ও এটি স্পষ্ট করে দেয় যে এই ধরণের অপরাধ সহ্য করা হবে না। এটি দুর্বলদের রক্ষায় সাহায্যের জন্য সমস্ত সম্প্রদায়ের সদস্যদের কাছে সরাসরি আবেদন করার সুযোগও করে দেয়।

স্লোগানের সাথে দৃশ্যায়ন (ভিজুয়াল) হল গুরুত্বপূর্ণ বার্তা পাওয়ার একটি দুর্দান্ত উপায়, উদাহরণস্বরূপ, ইউকেতে কোভিড-১৯ (COVID-19) মহামারী চলাকালীন সময়ে পারিবারিক নির্যাতনের শিকার/বেঁচে থাকা এবং IPV-এর শিকার নারী ও মেয়েদের জন্য, বিশেষ করে চলাফেরার উপর আরোপিত বিধিনিষেধের সময় #আপনি একা নন (#YouAreNotAlone), এবং অপরাধীদের লক্ষ্য করে # নির্যাতনের ব্যাপারে কোন অজুহাত ( #NoExcuseForAbuse) পরিচালিত হয়েছিল। কসোভো পুলিশ এবং তাদের অংশীদাররা (কেস স্টাডি দেখুন) «এক সাথে পারিবারিক সহিংসতার বিরুদ্ধে» এবং "পরিবার একটি গুরুত্বপূর্ণ জিনিস নয় - এটি সবকিছু।" এই স্লোগানগুলি আরও ভালো প্রভাব ফেলতে ব্যবহার করেছে।

সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য কী সাহায্য পাওয়া যায় এবং কীভাবে এটি যতটা সম্ভব ব্যাপকভাবে এবং বিভিন্ন উপায়ে অ্যাক্সেস করা যায় সে সম্পর্কে তথ্য ভাগ করুন, দরজায় সরাসরি বার্তা পাঠানোর বিষয়ে সতর্ক থাকুন কারণ এটি অপরাধীকে সতর্ক করতে পারে। যাইহোক, যারা দুর্বল হিসাবে চিহ্নিত, বা পূর্বে সহিংসতা বা নির্যাতনের শিকার হয়েছে এবং এখন পুনরায় মিলিত হয়েছে বা অপরাধীর সাথে আছে তাদের সাথে দেখা করার মাধ্যে একটি শক্তিশালী বার্তা প্রেরণ করা যায় এই মর্মে যে এই সংকটটি আপনার নিরাপত্তা এবং সুরক্ষা নিশ্চিতের দায়িত্ব পালনে দায়িত্বশীলদের বিভ্রান্ত করছে না, বরং সম্ভাব্যভাবে আরও নির্যাতন করা থেকে অপরাধীকে প্রতিরোধ করছে। এই কৌশলটি খুব সাবধানে পরিচালনা করতে হবে যাতে ‹কোন ক্ষতি করবেন না› নীতির সাথে সঙ্গতি রেখে দুর্বল ব্যক্তিরা অতিরিক্ত ঝুঁকিতে না পরে।

মেসেজিং শুধুমাত্র সামঞ্জস্যপূর্ণ হলেই হবে না, এটি সংকটের সময় এবং তার পরেও টিকিয়ে রাখতে হবে, এবং তাৎক্ষণিকভাবে সংকট শেষ হয়ে গেলে আপনার কর্মীরা যেন পরিস্থিতি থেকে তাদের ‹দৃষ্টি ফিরিয়ে না নেয়› সেটি নিশ্চিত করতে হবে। আমরা অভিজ্ঞতা থেকে জানি যে পরিস্থিতি পরিবর্তিত হওয়ার কারণে সহিংসতা এবং নির্যাতন বন্ধ হয় না (ত্রয়োদশ অধ্যায়ে সংঘাত সম্পর্কিত VAWG-এর বিভাগ দেখুন)।

**যোগাযোগের বিষয়ে আরও তথ্যের জন্য নবম অধ্যায় দেখুন।**

সঙ্কটের সময়ে পুলিশিং আমাদের জন্য অতিরিক্ত চ্যালেঞ্জ নিয়ে আসতে পারে, যার মধ্যে কিছু আমরা আগে সম্মুখীন হইনি।

- যে কোন সরকারি পরামর্শ, নির্দেশনা বা বিধিনিষেধ মেনে চলা এবং স্থানীয় সম্প্রদায়ের আস্থা ও বিশ্বাস স্থাপন এবং/অথবা বজায় রাখার মধ্যে আপনি কীভাবে ভারসাম্য নিশ্চিত করবেন?

- দায়িত্বপ্রাপ্তদের বিরুদ্ধে যদি কোন নির্যাতনের অভিযোগ উঠে তবে আপনি কীভাবে আপনার কর্মীদের জবাবদিহিতা নিশ্চিত করবেন?

- আপনি কি নিশ্চিত করেবেন যে আপনার সমস্ত কর্মীরা দায়িত্বপ্রাপ্তদের দ্বারা নির্যাতনের সম্ভাব্য দীর্ঘমেয়াদী প্রভাব সম্পর্কে সচেতন?

- আপনি কীভাবে নিশ্চিত করবেন যে জন সাধারণ এখনও অভিযোগের প্রক্রিয়াগুলি অ্যাক্সেস করতে পারে, বিশেষ করে যখন চলাচলের উপর কোন বিধি নিষেধ আরোপ করা হয়?

- আপনি কি আপনার সমস্ত কর্মীদের আপনার প্রত্যাশা এবং পরিষেবার মান সম্পর্কে সচেতন করেছেন এবং তাদের মানবাধিকার সমুন্নত রাখার জন্য এবং আপনাকে এবং আপনার পুলিশ সংস্থাকে পেশাদারিত্ব ও সততার সাথে প্রতিনিধিত্ব করার জন্য তাদের ব্যক্তিগত দায়িত্বের বিষয়ে অবগত করেছেন?

আপনার প্রতিক্রিয়া বিবেচনা এবং পরিকল্পনা করার আগে একটি সংকট বাস্তবে পরিণত হওয়ার জন্য অপেক্ষা করবেন না, আপনার সাফল্য এটির উপর নির্ভর করবে।

# অতিমারি (COVID-19)

২০২০ সালের প্রথম ত্রৈমাসিক থেকে ইউএন সিস্টেমের দ্বারা সংগৃহীত তথ্য দৃঢ় ভাবে প্রমাণ দেয় যে কোভিড-১৯ (COVID-19) অতিমারি VAWG-এর ব্যাপকতার উপর বহুমাত্রিক প্রভাব ফেলেছে। স্বল্পমেয়াদী প্রভাবগুলি অবিলম্বে এবং বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থার সাথে জনগণকে সংযুক্ত করেছে যা COVID-19-এর মারাত্মক বিস্তারকে নিয়ন্ত্রণ করার উপায় হিসাবে এবং জরুরি স্বাস্থ্য পরিষেবাগুলিতে এর প্রভাব কমিয়ে আনার জন্য চালু করা হয়েছে । এই পদক্ষেপগুলি পরিবার এবং পরিবারের মধ্যে আন্তঃব্যক্তিক সম্পর্কের উপর উচ্চ মাত্রার চাপ সৃষ্টি করেছে যা VAWG-এর তীব্রতর কাজে পরিণত হয়েছে।

**বক্স -২**

২০২০ সালের শেষের দিকে, UNODC নিম্নলিখিত গবেষণা সারসংক্ষেপ প্রকাশ করেছে যা COVID-19 সংকটের প্রাথমিক পর্যায়ে পরিমাণগত ফৌজদারি বিচার এবং জরুরি হেল্পলাইন পরিষেবা তথ্যের একটি পদ্ধতিগত বিশ্লেষণ প্রদান করে। নীচে এর কিছু প্রধান ফলাফল উল্লেখ করা হল:

- কর্তৃপক্ষের কাছে ধর্ষণ এবং যৌন নিপীড়নের রিপোর্টিং এর সংখ্যা কমেছে, যা ফৌজদারি বিচার প্রতিষ্ঠানে সহিংসতার রিপোর্ট করার সংখ্যা হ্রাস এবং পারিবারিক ক্ষেত্রের বাইরের ঘটনাগুলির সংখ্যার সম্ভাব্য হ্রাসের বিষয় ইঙ্গিত করে। যাইহোক, বন্দিত্বের ব্যবস্থা শিথিল করার পরে রিপোর্ট করা সহিংসতা আগের স্তরে ফিরে আসে।
- অনেক বেশী নারী হেল্পলাইনে কল করেছেন। যেখানে ব্যবস্থা আরও কঠোর ছিল সেখানে কলের সংখ্যা বৃদ্ধি বেশি ছিল। তবে, কিছু দেশে, সাহায্যের জন্য অনুরোধ করা নারীদের সংখ্যায় কোন উল্লেখযোগ্য পরিবর্তন হয়নি।
- সামগ্রিকভাবে, এর প্রভাব বিভিন্ন দেশভেদে ভিন্ন ছিল। এই সকল দেশে লকডাউনের সময় পরিবর্তনগুলি সনাক্তযোগ্য থাকলেও , ব্যবস্থাগুলি শিথিল করা হলে পরিস্থিতি দ্রুত তার উদ্বেগজনকভাবে প্রাক-অতিমারি স্তরে ফিরে আসে।

প্রতিবন্ধী সদস্যদের পরিবারের জন্য বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থা বহিরাগত যন্ত্রদাতা বা পরিষেবার সাময়িক ক্ষতির ফলে বা কোভিড-১৯ (COVID-19) সৃষ্ট অর্থনৈতিক প্রভাবের কারণে অতিরিক্ত সাহায্যের জন্য অর্থ প্রদানের সামর্থ্য না থাকার ফলে অতিরিক্ত চাপ সৃষ্টি করতে পারে । .

ভিএডব্লিউজি-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা তাদের যারা সাহায্য করে এবং/অথবা পুনঃপুনঃ সহিংসতা ঘটতে বাধা দেয় এমন ব্যক্তি এবং সম্পদ থেকে নিজেদের বিচ্ছিন্ন মনে করে। উদাহরণস্বরূপ, ২০২০ সালের মার্চ মাসে, জাতিসংঘ ফ্রান্স (৩০%), আর্জেন্টিনা (২৫%), সাইপ্রাস (৩০%) এবং সিঙ্গাপুর (৩৩%) এ লকডাউন আদেশ জারী করার পর থেকে পারিবারিক সহিংসতার বর্ধিত প্রতিবেদন নথিভুক্ত করেছে।[১১] তাছাড়া, কানাডা, জার্মানি, স্পেন, যুক্তরাজ্য এবং মার্কিন যুক্তরাষ্ট্রের মতো দেশগুলি পারিবারিক সহিংসতার ঘটনা বৃদ্ধির পাশাপাশি জরুরি আশ্রয়ের দাবি সংখ্যা বৃদ্ধির বিষয়টি উল্লেখ করেছে।[১২]

বিপরীতভাবে, লকডাউন ব্যবস্থা এবং চলাচলের উপর নিষেধাজ্ঞাগুলি VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের ক্ষেত্রে রিপোর্ট করার বা অস্থায়ীভাবে অপমানজনক অংশীদারদের থেকে পালানোর ক্ষমতাকে প্রভাবিত করতে পারে। উদাহরণস্বরূপ, ইতালিতে একটি পারিবারিক সহিংসতা হেল্পলাইন জানিয়েছে যে মার্চের প্রথম দুই সপ্তাহে এটি ৫৫% কম কল পেয়েছে কারণ অনেক সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের লকডাউনের সময় সাহায্য চাইতে অসুবিধা হয়েছিল।[১৩] নির্যাতনকারীরা কিছু ক্ষেত্রে তাদের সহিংসতার শিকার নারী ও মেয়েদের অনেক সহজে নিয়ন্ত্রণ করতে এবং বিচ্ছিন্ন করতে সক্ষম। এই ধরনের পরিস্থিতিগুলি কোভিড-১৯ (COVID-19) প্রতিক্রিয়া ব্যবস্থার সময় VAWG-এর প্রকৃত বৃদ্ধি সম্পর্কে একটি ভুল চিত্র উপস্থাপন করেছে যা পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীরা কীভাবে সংকটের অগ্রাধিকারগুলি পরিচালনা করে এবং সংস্থান বরাদ্দ করে তা প্রভাবিত করতে পারে।

## জনস্বাস্থ্য সংকট এবং পুলিশিং এর উপর তাদের তাৎক্ষণিক প্রভাবের মধ্যে মিল

সশস্ত্র সংঘাত, প্রাকৃতিক দুর্যোগ এবং/অথবা জনস্বাস্থ্য সংকটসহ (যেমন ইবোলার প্রাদুর্ভাবের মতো) অতীতের এবং চলমান মানবিক সংকটের তথ্যের সাথে বর্তমান কোভিড-১৯ (COVID-19) এর অভিজ্ঞতা থেকে পাওয়া প্রমাণের উপর ভিত্তি করে বলা যায় যে অপরাধ এবং সহিংসতার বৃদ্ধি-বিশেষ করে VAWG এর জন্য-

১১ COVID-19 এবং নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতার অবসান। ইউএন উইমেন ইস্যু সংক্ষিপ্ত এপ্রিল 2020, এখানে:https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2020/issue-brief-covid-19-and-ending-violence-against-women-and-girls-en. pdf?la=en&vs=5006

১২ Ibid.

১৩ Ibid.

সত্য।[১৪] উদাহরণ স্বরূপ, পিটারম্যান, এ ও অন্যান্য (২০২০) তাদের গবেষণায় উল্লেখ করেছেন যে ২০১০ সালের হাইতি ভূমিকম্পের দুই বছর পর যে সকল নারীরা উচ্চতর ভূমিকম্পের বিধ্বংসী অঞ্চলে বসবাস করতেন তারা সম্ভাব্য অর্থনৈতিক ও সামাজিক কারণের উদ্ধৃতি দিয়ে উচ্চ মাত্রার শারীরিক ও যৌন আইপিভি নির্যাতনের রিপোর্ট করেছেন।[১৫]

**"অতীত অতিমারিগুলি লিঙ্গ-ভিত্তিক সহিংসতার (GBV) বৃদ্ধির সাথে সম্পর্কযুক্ত ছিল, যা ইঙ্গিত করে যে অনুরূপ ধরণগুলি এখন ঘটতে পারে। সেন্টার ফর গ্লোবাল ডেভেলপমেন্ট (সিজিডি) ওয়ার্কিং পেপার অনুসারে, ইবোলা (পশ্চিম আফ্রিকা এবং ডিআরসি), কলেরা (ইয়েমেনে), এবং জিকা (ক্যারিবিয়ান, মধ্য ও দক্ষিণ আমেরিকায়) ভাইরাসের প্রাদুর্ভাব প্রথম প্রতিক্রিয়া জানানো এবং স্বাস্থ্যসেবা কর্মীদের, বিশেষ করে নারী নার্সদের বিরুদ্ধে আইপিভি এবং যৌন সহিংসতা বৃদ্ধির সাথে সম্পর্কযুক্ত ছিল। «**

COVID-19 এর মধ্যে নারীদের জন্য ন্যায়বিচার (UN Women ইস্যু ব্রিফ, ২০২০)।

যখন বাধ্যতামূলক লকডাউন ব্যবস্থার প্রয়োগ এবং জাতীয় বা আঞ্চলিক সীমানাসহ জনসাধারণের চলাচলের উপর অসাধারণ বিধি নিষেধের প্রয়োজন হয়, তখন প্রায়শই এমন ঘটনা ঘটে যে এই ধরনের পরিস্থিতিতে পুলিশের ভূমিকা বিদ্যমান এসওপি (SOP) তে সুনির্দিষ্ট এবং/অথবা প্রতিষ্ঠিত হয় না। এটি প্রত্যা-শিতভাবে প্রশিক্ষণ দেওয়া এবং নিজেদেরকে প্রস্তুত করা কঠিন করে তোলে, যার অর্থ সঙ্কটের সময়ে কিছু পুলিশ সংস্থা VAWG-এর ঝুঁকি বৃদ্ধিতে কার্যকরভাবে সাড়া দেওয়ার জন্য প্রস্তুত নাও হতে পারে। তাছাড়া, জাতিগততা এবং অক্ষমতার মতো পরস্পরবি-রোধী কারণগুলির ভিত্তিতে সহায়তা এবং অংশগ্রহণের ধরনগুলি যাতে বৈষম্য না করে তা নিশ্চিত করার জন্য তাদের ক্ষমতাকে প্রভাবিত করে।

অন্যান্য উদীয়মান অপরাধ প্রবণতার সাথে মিলিত হয়ে, পুলিশ এবং বিচার সেক্টরের অনুঘটকরা জনসাধারণের অস্থিরতা এবং অন্যান্য অপরাধ-বিশেষ করে সংকটের অর্থনৈতিক এবং সামাজিক পরিণতিগুলির ফলে প্রতিক্রিয়া জানাতে অভিভূত হতে পারে। প্রতিক্রিয়া পরিষেবাগুলির প্রসারিত ক্ষমতা VAWG এবং অন্যান্য ধরণের অপরাধ ও সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য উপলব্ধ সুরক্ষা এবং সমর্থনকে দুর্বল করে দিতে পারে, যা অপরাধীদের মধ্যে দায়মুক্তির উচ্চতর উপলব্ধি সৃষ্টিতে অবদান রাখে।[১৬]

একটি সংক্রামক রোগের প্রাদুর্ভাবের ফলে জনস্বাস্থ্য সংকটের ক্ষেত্রে, পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীরা যখন VAWG-এর প্রতি সাড়া দেয়, তখন তাদের সামাজিক দূরত্বের সুপারিশগুলিকে গুরুত্ব প্রদান করতে হবে। এটি পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদেরকে VAWG-এর রিপোর্ট করা কাজগুলির কার্যকরভাবে প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে চ্যালেঞ্জ সৃষ্টি করতে পারে (এই সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য পিয়ার টু পিয়ার গাইডেন্স দেখুন)। উদাহরণ স্বরূপ, যে বাড়িতে আইপিভি রিপোর্ট করা হয়েছে সে সকল বাড়িতে প্রবেশের ক্ষেত্রে সাড়া দেওয়া পুলিশদের ভাইরাসের সংক্রমনে আক্রান্ত হওয়ার সম্ভাবনার কারণে স্বাভাবিকভাবেই সতর্ক থাকতে হবে।

সাড়া জানানো কর্মকর্তারা বাধ্যতামূলক (কথিত শিকার) ঝুঁকি মূল্যায়নসহ প্রোটোকলগুলিকে ফাঁকি দিতে পারে বা কোন কোন ক্ষেত্রে আন্তঃব্যক্তিক যোগাযোগ হ্রাস করার জন্য মোটেও সাড়া না দিতে পারে। এটি সম্ভবত এমন ঘটনা হতে পারে যেখানে পুলিশ সংস্থা সামনের সারির কর্মকর্তাদের যথাযথ ধরণের ব্যক্তিগত সুরক্ষামূলক সরঞ্জাম বা পিপিই সরবরাহ করতে সক্ষম হয় না।

ইউএনডিপি (২০১৫) এর তথ্য অনুসারে, পশ্চিম আফ্রিকায় ইবোলা প্রাদুর্ভাবের সময় পুলিশ কর্মকর্তারা আইপিভি-এর মামলাগুলিকে উচ্চ-অগ্রাধিকার হিসাবে মূল্যায়ন করার সম্ভাবনা কমে গিয়েছিল, বিশেষত যেহেতু পুলিশ কর্মকর্তারা রোগের এক্সপোজার এবং পরিবারের সদস্যদের মধ্যে সংক্রামক ছড়ানোর ভয়ে বাড়িতে প্রবেশ করতে এবং পুঙ্খানুপুঙ্খ ভাবে তদন্ত পরিচালনা করতে দ্বিধা বোধ করেছিল।[১৭]

অনেক দেশে ভিড় এবং বন্দীদের খারাপ স্বাস্থ্যের কারণে শাস্তিমূলক, সংশোধন কেন্দ্র এবং আটকদের প্রদেয় সুবিধাগুলি কর্তৃপক্ষের জন্য উচ্চ উদ্বেগের অঞ্চল হয়ে উঠেছে। এর ফলে বন্দী

১৪ See Weitzman, A., and J.A. Behrman (2016): 'Disaster, Disruption to Family Life and Intimate Partner Violence: The Case of the 2010 Earthquake in Haiti'. Sociological Science, 3: 167-189 in Pandemics and Violence Against Women and Children (2020). Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

১৫ COVID-19 and Ending Violence Against Women and Girls. (UN Women Issue Brief,) April 2020, at: https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2020/issue-brief-covid-19-and-ending-violence-against-women-and-girls-en.pdf?la=en&vs=5006

১৬ Gender Dimensions of the COVID-19 Pandemic (World Bank Group, 2020), at: http://documents.worldbank.org/curated/en/618731587147227244/Gender-Dimensions-of-the-COVID-19-Pandemic

১৭ Pandemics and Violence Against Women and Children (2020). Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children



ছবি UNMEER/স্যামুয়েল শিলাজিরু (লাইবেরিয়া) এর সৌজন্যে

জনসংখ্যার আকার না বাড়ানোর উপায় হিসাবে দোষী সাব্যস্ত হওয়ার হার কম হতে পারে।

কিছু ক্ষেত্রে, জরুরী সংকট ব্যবস্থার অংশ হিসাবে VAWG অপরাধীদের মুক্তি দেওয়া হতে পারে যা শেষ পর্যন্ত নারী ও শিশুদের সহিংসতার ঝুঁকিতে রাখে। এই ধরনের ক্ষেত্রে, ইউএনওডিসি রাষ্ট্রগুলিকে মুক্তি এবং অন্যান্য নন-কাস্টোডি-য়াল ব্যবস্থা, যেমন জামিন, শর্তসাপেক্ষ মুক্তি, প্যারোল বা প্রবেশন, বিশেষ করে যখন পুনরাবৃত্তি এবং বিপজ্জনক বিষয় মোকাবেলা করার বিষয়ে এবং আটক বা কারাবাস থেকে আক্র-মণকারীর মুক্তি সম্পর্কে সহিংসতার শিকার ব্যক্তিকে অবহিত করার অধিকার নিশ্চিত করা সম্পর্কিত সিদ্ধান্ত নেওয়ার ক্ষেত্রে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের নিরাপত্তা ঝুঁকিগুলি মূল্যায়ন এবং মোকাবেলা করার আহ্বান জানিয়েছে। এই বিষয়ে, প্যারোল কর্মকর্তাদের সামাজিক দূরত্বকে অগ্রাধিকার দিতে হবে এবং ভয়েস বা ভিডিও কলের মাধ্যমে যোগাযোগ করতে হতে পারে, যা তাদের পুনর্বিবেচনার সম্ভাবনাগুলিকে সম্পূর্ণরূপে মূল্যায়ন করার ক্ষমতাকে সীমিত করতে পারে, যেগুলি সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বর্ধিত ঝুঁকিতে ফেলতে পারে।[১৮]

তদুপরি, স্কুলগুলি বন্ধ করে দেওয়া যা নিয়মিত সংক্রমণ সনা-ক্তকরণের উৎস হতে পারে এবং সম্ভাব্য শিশু নির্যাতন এবং দুর্ব্যবহারের জন্য রেফারেল হতে পারে, VAWG এর প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠান এবং সম্প্রদায়ের নেটওয়ার্কগু-লির ক্ষমতা বিবেচনায় পুলিশের ক্ষমতাকে সীমিত করবে। পশ্চিম আফ্রিকায়, ইবোলা প্রাদুর্ভাবের জন্য স্কুল বন্ধ করার ফলে মেয়েরা যৌন শোষণ ও সহিংসতার সম্মুখীন হয় এবং মেয়েদের স্কুল থেকে ঝরে পড়ার হার বৃদ্ধির কারণে কিছু প্রভাবিত এলাকায় কিশোরী গর্ভধারণ এবং বাল্যবিবাহে ‹তীব্রতা বৃদ্ধি› পায়।[১৯]

একইভাবে, স্বাস্থ্য বা মানবিক সংকটের আর্থিক প্রভাব দীর্ঘমেয়াদে সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিষেবা প্রদানের জন্য পুলিশের VAWG প্রতিরোধ কৌশলগুলির মূল অংশীদার স্থানীয় নারী সংস্থাগুলির ক্ষমতাকেও প্রভাবিত করবে। স্থানীয় নারী সংস্থাগুলি লিঙ্গ সংক্রান্ত নিয়মের দ্রুত পরিবর্তনগুলিকে চিহ্নিত করতে মুখ্য ভূমিকা পালন করে যা VAWG-এর বিভিন্ন ধরণকে-যেমন জোরপূর্বক এবং/অথবা বাল্যবিবাহ এবং সংকটের পরিস্থিতিতে বৈবাহিক ধর্ষণসহ আইপিভি-র হারকে চালিত করতে পারে।[২০]

> **“প্রথমবারের মতো, IDMC ৯৫টি দেশে দুর্যোগের ফলে অভ্যন্তরীণভাবে বাস্তুচ্যুত হওয়া লোকের সংখ্যা অনুমান করেছে: ৩১ ডিসেম্বর ২০১৯ পর্যন্ত এর স সংখ্যা ৫.১ মিলিয়ন।»**
>
> -অভ্যন্তরীণ স্থানচ্যুতি পর্যবেক্ষণ কেন্দ্র (২০২০)

বাল্যবিবাহ বা জোরপূর্বক বিবাহের ক্ষেত্রে, জরুরী এবং মানবিক প্রেক্ষাপট থেকে পাওয়া প্রমাণগুলি ইঙ্গিত করে যে সামাজিক নেটওয়ার্কগুলি ভেঙে যাওয়ায়, পরিবার এবং সম্প্র-দায়গুলি মেয়েদের যৌনতা নিয়ন্ত্রণ এবং তাদের «সম্মান» রক্ষা করার জন্য একটি উচ্চতর আকাঙ্ক্ষা প্রদর্শন করতে পারে। ফলস্বরূপ, বিবাহকে প্রায়ই মেয়েদের এবং তাদের পরিবারকে সামাজিক কলঙ্ক থেকে রক্ষা করার মাধ্যমে হিসেবে দেখা হয় যা ধর্ষণ বা যৌন নির্যাতন থেকে তাদের বাঁচতে পারে। সশস্ত্র সংঘাতের ফলে সৃষ্ট মানবিক সংকটে, শরণার্থী/বাস্তুচ্যুতি শিবির এবং মানবিক সহায়তা অঞ্চলগুলি প্রায়ই পুলিশিংয়ের জন্য কঠিন ক্ষেত্র হয়ে উঠে, বিশেষ করে যখন অপরাধ প্রতিরোধের কৌশলগুলি বাস্তবায়নের জন্য সম্প্রদায়গুলির সাথে অংশীদারিত্ব এবং বিশ্বাস স্থাপনের প্রয়োজন হয়। এই ধরনের পরিস্থিতিতে, দৃঢ়

১৮ Coronavirus Disease (COVID-19) response – UNODC Thematic Brief on gender-based violence against women and girls (UNODC, 2020), at: https://www.unodc.org/documents/Advocacy-Section/GBVAW_and_UNODC_in_COVID19_final_7Apr2020.pdf

১৯ Pandemics and Violence Against Women and Children (2020). Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

২০ Impact of COVID-19 Pandemic on Violence against Women and Girls (2020), Fraser, E. (2020) for UKAid, WAG Helpdesk Research Report, at: https://www.dmeforpeace.org/peacexchange/wp-content/uploads/2020/04/vawg-helpdesk-284-covid-19-and-vawg.pdf

প্রমাণ ইঙ্গিত করে যে VAWG-এর হার বৃদ্ধির ফলে পরিবারের সদস্যদের দীর্ঘস্থায়ী কারাবোধের মধ্যে থাকে।[২১]

সংক্রামক রোগের প্রাদুর্ভাব এবং এর সাথে সম্পর্কিত অর্থনৈতিক অসুবিধা থেকে উদ্ভূত একটি জনস্বাস্থ্য সম্পর্কিত সংকটের সময়, ইতোমধ্যেই অনিশ্চিত পরিস্থিতিতে বসবাসকারী নারী এবং মেয়েদের সহিংসতার ঝুঁকি কমানো পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের জন্য একটি অগ্রাধিকার হওয়া উচিত। এর জন্য পুলিশকে (এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের) দ্রুত হস্তক্ষেপের কৌশলগুলিকে মানিয়ে নিতে হবে যাতে বৈষম্য ছাড়াই প্রোটোকল মেনে কার্যকর প্রতিক্রিয়া নিশ্চিত করা যায় এবং একই সাথে প্রতিক্রিয়া জানানো কর্মকর্তাদের ব্যক্তিগত নিরাপত্তা নিশ্চিত করা হয়।[২২]

***লিঙ্গ বিশ্লেষণ হল লিঙ্গ ভূমিকা, কার্যক্রম, চাহিদা, সুযোগ এবং অধিকার/এনটাইটেলমেন্টের পার্থক্যগুলি নির্দিষ্ট পরিস্থিতিতে বা প্রসঙ্গে পুরুষ, মহিলা, মেয়ে এবং ছেলেদের কীভাবে প্রভাবিত করে তার একটি সমালোচনামূলক পরীক্ষা।***

হস্তক্ষেপের কৌশলগুলিকে অভিযোজিত করার অর্থ হল জবাবদিহিতার সাথে এবং স্বচ্ছতার ব্যবস্থা গ্রহণ করা। নতুন হস্তক্ষেপ কৌশলগুলির উন্নয়ন এবং পরিকল্পনার ক্ষেত্রে একটি লিঙ্গ বিশ্লেষণ প্রয়োগ করা নারী, পুরুষ, ছেলে এবং মেয়েদের উপর তাদের পার্থক্যগত প্রভাব বিবেচনা করার জন্য গুরুত্বপূর্ণ হবে। এর সাথে যুক্ত, জনস্বাস্থ্য সঙ্কট এবং/অথবা মানবিক সংকটকালীন সময়ে সরকারী পদক্ষেপগুলি প্রয়োগ করার সময় বৈষম্য ছাড়াই জনগণের কাছে অ্যাক্সেসযোগ্য এবং উপলব্ধ থাকা নিশ্চিত করার জন্য পুলিশের অসদাচরণ এবং শক্তির অপব্যবহারের জন্য রিপোর্টিং প্রক্রিয়াগুলিকেও সামঞ্জস্য করা উচিত।[২৩]

COVID-19 অতিমারির অভিজ্ঞতা জনস্বাস্থ্য সংকটের সাধারণ দুর্বলতাগুলিকে বিশ্বব্যাপী বসবাসকারী জনসংখ্যা নির্বিশেষে স্পষ্ট করেছে। পিটারম্যান, এ ও অন্যান্য (২০২০) বলেছিলেন যে বিশেষজ্ঞরা প্রাণী থেকে মানবদেহে সংক্রমণ করা রোগের (জুনোটিক রোগ) ভবিষ্যদ্বাণী[২৪] করেছিলেন এবং বিশ্বব্যাপী জনসংখ্যার ক্রমবর্ধমান হার এবং আন্তঃসংযুক্ততার ফলে এবং পরিবেশের উপর এর প্রভাব এবং লঙ্ঘনের ফলে প্রাদুর্ভাব পৃথিবীকে পৃষ্ঠ করতে থাকবে।[২৫] পিটারম্যান, এ. ও অন্যান্য যোগ করেছেন যে অতীতের অভিজ্ঞতার ভিত্তিতে, সংক্রামক রোগের প্রাদুর্ভাব-যেমন COVID-19, ইবোলা বা জিকা- কলঙ্ক, জেনোফোবিয়া (বিদেশী কোন বস্তুর প্রতি অহেতুক ভয়) এবং বৈষম্য বৃদ্ধি করেছে। এই কারণগুলি নিঃসন্দেহে VAWG প্রতিরোধ এবং হস্তক্ষেপের প্রচেষ্টাকে হ্রাস করবে এবং/অথবা উল্লেখযোগ্যভাবে হ্রাস করবে (এই বিষয়ে আরও নির্দেশনার জন্য দ্বিতীয় অধ্যায় ‹প্রতিরোধ› দেখুন)।

উপাখ্যানমূলক তথ্য থেকে জানা যায় যে সংক্রামক প্রাদুর্ভাব এর কারণে অপরাধীর সাথে নিজে থেকে বিচ্ছিন্ন থাকার কারণে নারীরা নিরাপদে সহায়তার (অ্যাক্সেস)- পুলিশকে কল করা বা বিশেষজ্ঞ সহায়তা গ্রহন- করতে সক্ষম হয়নি না। প্রকৃতপক্ষে, পিটারম্যান, এ. ও অন্যান্যরা রিপোর্ট করেছেন যে সাধারণত সংক্রমণের ভয়ে এবং তাদের পরিবারে ভাইরাস সংক্রমণের সম্ভাবনার জন্য মা ও নবজাতকের স্বাস্থ্য পরিষেবার জন্য নারীদের পরিষেবা নেওয়ার সম্ভাবনা কম থাকে।[২৬]

একইভাবে, নারীরা তাদের আপত্তিজনক অন্তরঙ্গ অংশীদারদের বিরুদ্ধে এই ভয়ে রিপোর্ট করতে পারে না যে কোনো ধরনের আটক তার, এবং তাদের সন্তানদের সংক্রমণের ঝুঁকি বাড়িয়ে দেবে।

---

২১ On the Front Lines of COVID-19, Women's Organizations Provide Vital Services as First Responders as Violence against Women Spikes (UN Women, 2020), at: https://www.unwomen.org/en/news/stories/2020/5/feature-womens-organizations-provide-vital-services-as-violence-against-women-spikes

২২ COVID-19 and Child, Early and Forced Marriage: An Agenda for Action (Girls Not Brides, The Global Partnership to End Child Marriage 2020), , at https://www.thecompassforsbc.org/sbcc-tools/covid-19-and-child-early-and-forced-marriage-agenda-action

২৩ Pandemics and Violence Against Women and Children (2020), Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

২৪ প্রায় ৭৫ শতাংশ উদীয়মান রোগ, যার মধ্যে বেশিরভাগ অতিমারি দ্বারা সৃষ্ট, প্রাণীদের মাধ্যে আবির্ভূত হয় এবং মানুষের মধ্যে সংক্রামিত হয় (জুনোটিক রোগ হিসাবে উল্লেখ করা হয়)। See Jones, K.E., Patel, N., Levy, M., Storeygard, A., Balk, D., Gittleman, J.L. et al. (2008). Global trends in emerging infectious diseases. Nature 451: 990-94.

২৫ Pandemics and Violence Against Women and Children (2020), Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development. At: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

২৬ Pandemics and Violence Against Women and Children (2020). Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

# ইউএন উইমেন পুলিশ নির্দেশিকা (হ্যান্ডবুক) এবং ইএসপির প্রাসঙ্গিকতা

**কীভাবে VAWG-এর প্রকৃতি, এর কারণ এবং পরিণতিগুলি সম্পূর্ণ সংস্থা জুড়ে মহিলা এবং মেয়েদেরকে আলাদাভাবে এবং অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাবিত** করে সে সম্পর্কে একটি সুপরিচিত উপলব্ধি স্থাপন করার মাধ্যমে এই নির্দেশিকাটি (হ্যান্ডবুক) পুলিশ সংস্থাগুলিকে একটি লিঙ্গ-সংবেদনশীল অপরিহার্য পরিষেবা প্রদান-কারীর দিকে তাদের রূপান্তর শুরু করতে উৎসাহিত করে।[২৭]

**এই নির্দেশিকা সম্পর্কে একটি সাধারণ বোঝাপড়া প্রতিষ্ঠার জন্য দশম অধ্যায়ঃ ‹ভিএডব্লিউজি-র জন্য একটি কার্যকরী এবং জবাবদিহিমূলক প্রতিক্রিয়ার জন্য প্রতিষ্ঠান নির্মাণ› এবং একাদশ অধ্যায়ঃ 'জেন্ডার-সংবেদনশীল পুলিশিং বাস্তবায়নের চ্যালেঞ্জ ও কৌশল› দেখুন।**

পুলিশ সংস্থার মধ্যে VAWG-এর একটি সাধারণ বোঝাপড়া নিশ্চিত করা হলে এই প্রতিষ্ঠান সঙ্কটের সময়েও সহিংসতা এবং অপরাধের বিরুদ্ধে আরও কার্যকরভাবে প্রতিক্রিয়া জানাতে ভালো অবস্থানে থাকবে। বিপরীতে, এই ধরনের বোঝাপড়ার অভাব সাধারণত সঙ্কটের সময় সমস্যার তীব্রতা বোঝার এবং VAWG প্রতিক্রিয়াগু-লিকে জীবন রক্ষাকারী হিসাবে না দেখার ফাঁদে পড়ে সাড়া দেওয়ার ক্ষমতাকে সীমিত করে। মানবিক ও জনস্বাস্থ্য সংকটের সময়, এই সীমাবদ্ধতার নেতিবাচক প্রভাব বহুগুণ বেড়ে যায়।

একটি মহামারী/অতিমারির প্রতিক্রিয়া হিসাবে সরকার কর্তৃক আরোপিত সামাজিক বিচ্ছিন্নতা এবং কোয়ারেন্টাইন ব্যবস্থার ক্ষেত্রে, যেমন কোভিড-১৯ (COVID-19) বা ইবোলা, উদাহরণস্বরূপ, সুপ্রতিষ্ঠিত অনুশীলনকারী টুলস-যেমন পাওয়ার এবং কন্ট্রোল হুইল- পুলিশকে সাহায্য করার জন্য অভিযোজিত হতে পারে।

একটি মহামারী/অতিমারি নিয়ন্ত্রণের প্রতিক্রিয়া হিসাবে সরকার কর্তৃক আরোপিত সামাজিক বিচ্ছিন্নতা এবং কোয়ারেন্টাইন ব্যবস্থার[২৮] ক্ষেত্রে -যেমন কোভিড-১৯ (COVID-19) বা ইবোলা- নারী ও মেয়েদের উপর সহিংসতার প্রভাবের নতুন গতিশীলতা বিশ্লেষণ করতে পুলিশ এবং তাদের প্রয়োজনীয় পরিষেবা অংশীদারদের সাহায্য করার জন্য সুপ্রতিষ্ঠিত অনুশীলনকারী সরঞ্জাম- যেমন পাওয়ার এবং কন্ট্রোল হুইল- অভিযোজিত/গ্রহণ করে যেতে পারে। পাওয়ার এবং কন্ট্রোল হুইল পুলিশসহ অত্যাবশ্যক পরিষেবা বিশে-ষজ্ঞদের অপরাধীরা সহিংসতার শিকার/নারী ও মেয়েদের উপর ক্ষমতা প্রদর্শন এবং নিয়ন্ত্রণের জন্য যে কৌশলগুলি ব্যবহার করে তা বুঝতে সহায়তা করে।



ছবি ইউএন উইমেন/লুই প্যাকার্ডো (ফিলিপাইন) এর সৌজন্যে

এই টুলটি অভিযোজনযোগ্য এবং ইতিমধ্যেই নারী ও মেয়েদের জন্য দুর্বলতার বিভিন্ন পরিস্থিতি ভালোভাবে বোঝার জন্য অসংখ্য ‹চাকায়› রূপান্তরিত হয়েছে।[২৯] উদাহরণ স্বরূপ, অভিবাসী নারী ও মেয়ে এবং প্রতিবন্ধী ব্যক্তি এবং তাদের যত্ন প্রদানকারীদের প্রতি সহিংসতাকারীরা কিভাবে কাজ করে তা বোঝার জন্য টুলটিকে অভিযোজিত করা হয়েছে (বক্স-৩ দেখুন)।[৩০]

মানবিক/জনস্বাস্থ্য সংকটের সম্মুখীন হওয়ার কারণে পাওয়ার এবং কন্ট্রোল হুইলের মতো সরঞ্জামগুলিকে স্থানীয় প্রেক্ষাপটে সক্রিয়ভাবে অভিযোজিত করার মাধ্যমে, পুলিশ VAWG-এর সহিংসতার সাথে যুক্ত (যেমন অর্থনৈতিক নিরাপত্তাহীনতা, নারী এবং পুরুষদের হঠাৎ বা বর্ধিত বেকারত্ব, এবং কোয়ারেন্টাইন (পৃথকীকরণ) ব্যবস্থা থেকে উদ্ভূত মানিয়ে নেওয়ার নেতিবাচক কৌশলগুলি) উদীয়মান ধরণগুলি চিহ্নিত করতে আরও ভালভাবে সক্ষম হবে।

সঙ্কটের দ্বারা উদ্ভূত নতুন প্রেক্ষাপটে VAWG-এর সাধারণ বোঝাপড়াকে মানিয়ে নেওয়ার পরে, একটি পুলিশ সংস্থা ঝুঁকি এবং প্রয়োজনের জন্য একটি কার্যকর এবং আনুপাতিক প্রতিক্রিয়া বাস্তবা-য়নের জন্য আরও ভাল অবস্থানে থাকবে। বক্স-৪ এ COVID-19 এর বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থার সময় VAWG এর প্রতিক্রিয়া জানাতে পুলিশের সক্রিয়তার কিছু উদাহরণ প্রদান করা হয়েছে।

২৭ হ্যান্ডবুকের উদ্দেশ্যে, ভালভাবে জানানো/অবহিত করা মানে এটি অব-স্থানগতভাবে প্রাসঙ্গিক এবং পুলিশ বিশেষজ্ঞ এবং বহিরাগত স্টেকহোল্ডা-রদের-যেমন অপরিহার্য পরিষেবা প্রদানকারী এবং/অথবা সুশীল সমাজ সংস্থাগুলি- দ্বারা নিয়মিত ভাবে প্রদত্ত গুণগত এবং পরিমাণগত তথ্য।

২৮ মূলত ডুলুথ, এমএন (ইউ.এস.)-এ ডোমেস্টিক অ্যাবিউজ ইন্টারভেন-শন প্রোগ্রাম দ্বারা তৈরি কিন্তু বর্তমানে বিশ্বব্যাপী প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীরা ব্যবহার করে। See Chapter 11: 'Challenges and Strategies to Implementing Gender-Responsive Policing' in this Handbook for more information.

২৯ See 'Wheels' Adapted from the Power and Control Wheel Model. The National Center on Domestic and Sexual Violence, at: http://209.198.129.131/publications_wheel.html

৩০ See "Power and Control Wheel: People with Disabilities and their Caregivers" Adapted from the Power and Control Wheel Model. The National Center on Domestic and Sexual Violence. http://www.ncdsv.org/images/DisabledCaregiverPCwheel.pdf

**চিত্র-৩ (এ) ও ৩ (বি)**

**প্রকৃত ক্ষমতা এবং নিয়ন্ত্রণের চাকা**



## অভিযোজিত অভিবাসীদের ক্ষমতা এবং নিয়ন্ত্রণ চাকা




সূত্র: পাওয়ার এবং কন্ট্রোল হুইল মডেল থেকে অভিযোজিত। ন্যাশনাল সেন্টার অন ডোমেস্টিক অ্যান্ড সেক্সুয়াল ভায়োলেন্স।

**বক্স-৪**

**'লকডাউন' চলাকালীন পুলিশের সক্রিয় পদক্ষেপ - ইউরোপ**

**আয়ারল্যান্ড এর** ন্যাশনাল পুলিশ অ্যান্ড সিকিউরিটি সার্ভিস বা অ্যান গার্দা সিওচানা **অপারেশন ফাওইসামহ (Operation Faoiseamh)** এর মাধ্যমে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের "জবরদস্তি নিয়ন্ত্রণসহ পারিবারিক নির্যাতনের ঘটনাগুলি সেবা প্রক্রিয়ায় সর্বোচ্চ অগ্রাধিকার পেতে থাকবে» এই মর্মে আশ্বস্ত করার জন্য তাদের মাধ্যমে প্রচেষ্টা বাড়িয়েছে। অপারেশন ফাওইসেমহ, কোভিড-১৯-এর জন্য একটি সম্প্রদায়কে জড়িত প্রতিক্রিয়া যা ১ এপ্রিল ২০২০-এ চালু করা হয়েছিল। এর মূল লক্ষ্য হল জীবনহানি রোধ করা এবং বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থার সময় পারিবারিক নির্যাতনের শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থন ও সুরক্ষিত করা নিশ্চিত করা। উদ্বেগের যে কোন বিদ্যমান সমস্যাগুলি খুঁজে বের করার জন্য পারিবারিক সহিংসতার পূর্ববর্তী শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে ফোনে যোগাযোগের সুবিধার্থে স্থানীয় ভিকটিম সহায়তা সংস্থা এবং দাতব্য সংস্থাগুলি এই উদ্যোগটিকে স্বাগত জানিয়েছে, বিশেষ করে দেশব্যাপী পুলিশ ভিকটিম সার্ভিসেস অফিসে অবিরত অ্যাক্সেসযোগ্য এবং প্রাপ্যতা নিশ্চিত করার জন্য এই কার্যক্রমকে স্বাগত জানিয়েছে।

ফ্রান্সে, লিলি জেন্ডারমেরি (Lille Gendarmerie) কোম্পানি গত কয়েক মাসে পারিবারিক সহিংসতার সমস্ত মামলা পুনরায় তদন্ত করা শুরু করেছে (ফৌজদারি বিচার ব্যবস্থা দ্বারা মোকাবিলা করাসহ)। দায়িত্বপ্রাপ্ত পুলিশ ইউনিট VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের কাছে পৌঁছানোর উপায় হিসাবে টেলিফোনে তাদের সাথে যোগাযোগ করে যারা সাহায্যের জন্য কল করতে অক্ষম বোধ করে। ফোনে তারা দ্বিধাবোধ করলে বা প্রশ্নের উত্তর না দেওয়ার মতো সন্দেহের ক্ষেত্রে, একটি পুলিশ দল সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির বাড়িতে যায়। যদি সাড়া প্রদানকারী কর্মকর্তারা পরিদর্শনের সময় শারীরিক সহিংসতার প্রমাণ পান, তবে মামলাটি খুব দ্রুত মোকাবেলা করা হয়।

বেলজিয়ামে, কিছু স্থানীয় পুলিশ, তাদের সহিংসতার শিকার সহায়তা পরিষেবার মাধ্যমে, সক্রিয়ভাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সাথে যোগাযোগ করে যারা গত তিন মাসে পারিবারিক সহিংসতার বিষয়ে থানায় অভিযোগ দায়ের করেছে। এটি স্থানীয় পুলিশকে কোয়ারেন্টাইন ব্যবস্থার সময় পর্যবেক্ষণ করার সময় তাদের পরিস্থিতির বিবর্তন নিরীক্ষণ করার ক্ষেত্রে সহায়তা করে। একই সময়ে, পুলিশ সক্রিয়ভাবে পারিবারিক সহিংসতার সাথে জড়িত বিভিন্ন অ্যাসোসিয়েশনের সাথে তাদের কার্যক্রমের ধারাবাহিকতা পরিকল্পনা সম্পর্কে অবহিত করার জন্য সক্রিয়ভাবে কাজ করছে।

## VAWG-এর কার্যকর এবং আনুপাতিক প্রতিক্রিয়ার জন্য তথ্য এবং প্রভাব বিশ্লেষণ:

কোয়ারেন্টাইন এবং সামাজিক বিচ্ছিন্নতা ব্যবস্থার-যেমন বাড়িতে থাকার আদেশ বা ‹লকডাউন› শিশু এবং প্রতিবন্ধী ব্যক্তিদের মতো অত্যন্ত ঝুঁকিপূর্ণ গোষ্ঠীর জন্য ক্ষতিকারক প্রভাবের বিষয়টি বিশেষ বিবেচনার নিয়ে পুলিশ এবং অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের VAWG-তে সাড়া দেওয়ার জন্য তাদের কৌশলগুলি প্রস্তুত করা এবং মানিয়ে নেওয়া উচিত।

> **"এটি স্বীকার করা গুরুত্বপূর্ণ যে নির্যাতনের সাক্ষী হওয়া শিশুরা নিজেরাই সহিংসতার শিকার হয়।»**
>
> করোনাভাইরাস ডিজিজ (COVID-19) প্রতিক্রিয়া – নারী ও মেয়েদের বিরুদ্ধে লিঙ্গ-ভিত্তিক সহিংসতার উপর UNODC এর বিষয়ভিত্তিক সারমর্ম (থিম্যাটিক ব্রিফ) (২০২০)। ইউএনওডিসি।

নারী এবং মেয়েসহ অত্যন্ত ঝুঁকিপূর্ণ গোষ্ঠীগুলির জন্য বিশেষ বিবেচনা করা উচিত এই জন্য যে নারী এবং মেয়েরা একটি সমজাতীয় গোষ্ঠী নয় বিধায় সহিংসতা প্রতিরোধ বা মোকাবেলার ক্ষেত্রে তাদের সবাইকে একত্রিত করা যাবে না। এটি নারী ও প্রতিবন্ধী বা LGBTQI সম্প্রদায়ের সদস্যদের জন্য সমানভাবে প্রযোজ্য। এই গুরুত্বপূর্ণ দিকগুলি পুলিশের মনে রাখা উচিত যখন তারা সংখ্যালঘু সম্প্রদায়ের নারী এবং মেয়েদের সাথে সরাসরি যোগাযোগ করে-যেমন প্রতিবন্ধী বা LGBTQI সম্প্রদায়ের সাথে এবং তাদের সাথে প্রতিনিধিশীল অধিপরামর্শকারী সংস্থার সাথে।

> ***অর্থপূর্ণ অংশগ্রহণ নিশ্চিত করার ক্ষেত্রে সমস্ত হস্তক্ষেপের সিদ্ধান্ত জনগণকে প্রভাবিত করে সেই হস্তক্ষেপের পরিকল্পনা, বাস্তবায়ন এবং পর্যবেক্ষণ প্রক্রিয়ায় তাদের অংশগ্রহণ প্রয়োজন***

এই কৌশলগুলি নিশ্চিত করতে হবে যে কোনও হস্তক্ষেপের মূল বিষয়গুলি সুপরিচিত, লিঙ্গ সংবেদনশীল, অন্তর্ভুক্তিমূলক এবং পরস্পরবিরোধী পদ্ধতির উপর ভিত্তি করে। বিভিন্ন পটভূমি এবং শারীরিক/মানসিক ক্ষমতার অধিকার ও চাহিদার প্রতিনিধিত্ব-কারী আইনজীবীদের অর্থপূর্ণ অংশগ্রহণ নিরাপত্তা সেক্টরের এজেন্ডা সম্পর্কে অবহিত করার জন্য-যেখান থেকে কৌশলগুলি তৈরি করা হয়েছে- নির্ধারণকারী/গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

জনস্বাস্থ্য সংকট এর শুরু থেকেই প্রতিক্রিয়াকে প্রতিরোধ প্রচেষ্টারকে প্রাধান্য দেওয়ার সাথে সাথে VAWG এর প্রতি প্রতিক্রিয়া জানানোকে জীবন রক্ষাকারী হিসাবে স্বীকৃতি দেওয়া হয় যাতে বৈষম্য ছাড়াই সমস্ত নারী এবং মেয়েদের জন্য নিরাপদ স্থান নিশ্চিত করা যায়। এইভাবে, কোন জনসংখ্যা সহিংসতা বৃদ্ধির ফলে সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে রয়েছে এবং কীভাবে নারী ও মেয়েদের মধ্যে বিদ্যমান দুর্বলতাগুলি বর্ধিত অর্থনৈতিক বা সামাজিক বৈষম্য (লিঙ্গ, বয়স, জাতি/জাতি, অক্ষমতা, অর্থনৈতিক অবস্থা সহ) সঙ্কটের কারণে প্রভাবিত হয় সেই সম্পর্কে পুলিশ সংস্থাগুলির তথ্য এবং বার্তার স্থির এবং নির্ভরযোগ্য উৎসগুলিতে অ্যাক্সেস থাকা গুরুত্বপূর্ণ।

সংক্রামক রোগ এবং মানবিক সংকটের প্রাদুর্ভাবের জন্য VAWG প্রতিক্রিয়া পরিকল্পনাগুলিতে প্রতিরোধ প্রচেষ্টা এবং পরিষেবাগুলিকে প্রাসঙ্গিককরণ করার সময় প্রভাব বিশ্লেষণে অন্তর্ভুক্ত করার জন্য নিম্নলিখিত তালিকাটি বিবেচনার জন্য প্রদান করা হয়েছে:

### বিভিন্ন অ্যাক্সেসযোগ্য ফর্ম্যাটে উপলব্ধ উন্নত বাহ্যিক যোগাযোগ

- যেহেতু সরকারগুলি জনস্বাস্থ্য সুরক্ষা ব্যবস্থা সম্পর্কে সম্প্রদায়কে অবহিত করা এবং সঙ্কট পরিস্থিতি সম্পর্কে সচেতনতা তৈরি করার লক্ষ্যে কাজ করে, তাই সর্বাধিক জনগণের কাছে পৌঁছানো নিশ্চিত করতে বিভিন্ন পদ্ধতি ব্যবহার করা হবে। এটি সাইবার প্রচারাভিযান (যেখানে উপযুক্ত)[৩১], থেকে শুরু করে রেডিও এবং টিভি ট্রান্সমিশন, প্রিন্টেড আউটরিচ উপকরণ[৩২], বিলবোর্ড সাইনিং বা পাবলিক স্পেসে লাউড স্পীকারের মাধ্যমে ঘোষণা পর্যন্ত বিস্তৃত হতে পারে। পুলিশ সংস্থাগুলি VAWG-এর দৃশ্যমানতা বাড়ানোর জন্য এই সরকারী যোগাযোগের প্রচেষ্টার সাথে অংশীদার হতে পারে। বিশেষ করে, পুলিশ এই বিষয়টি নিশ্চিত করতে কাজ করতে পারে যে বার্তাগুলি সম্মিলিতভাবে এই স্পষ্ট বোঝার/ধারনার সাথে প্রস্তুত করা হয়েছে যে VAWG একটি নতুন ঘটনা নয় এবং যখন সহিংসতার ঘটনা ঘটে তখন এটিকে গুরুত্ব সহকারে বিবেচনা করা হবে।;

৩১ অন্তত বড় বৈশ্বিক ডিজিটাল প্রযুক্তিগত বিভাজনের সমাধান না করে অনলাইন সমর্থনে যাওয়া চ্যালেঞ্জ সৃষ্টি করতে পারে। লিঙ্গ ভিত্তিক ডিজিটাল বর্জনের বিভিন্ন কারণ আছে। প্রবেশাধিকার, সামর্থ্য, (অভাব) শিক্ষা ও দক্ষতা এবং প্রযুক্তিগত সাক্ষরতার প্রতিবন্ধকতা এবং সহজাত লিঙ্গ পক্ষপাত এবং সামাজিক-সাংস্কৃতিক নিয়ম, লিঙ্গ-ভিত্তিক ডিজিটাল বর্জনের মূলে রয়েছে। দীর্ঘমেয়াদী কাঠামোগত পক্ষপাতগুলিকে মোকাবেলা করার জন্য নীতির হস্তক্ষেপের মত বর্ধিত, নিরাপদ এবং আরও সাশ্রয়ী মূল্যের ডিজিটাল সরঞ্জামগুলিতে অ্যাক্সেস প্রদান করা গুরুত্বপূর্ণ। See: http://www.oecd.org/internet/bridging-the-digital-gender-divide.pdf

৩২ ব্রেইল, প্রযোজ্য ক্ষেত্রে সহজ ভাষা এবং ছবি ব্যবহারসহ মুদ্রিত উপকরণগুলি বিভিন্ন ধরণের হতে পারে।

**বক্স-৫**

### ইউনিসেফ: শুধু হটলাইন এবং মোবাইল ফোন নয়: COVID-19-এর সময় GBV পরিষেবার ব্যবস্থা

যদিও স্বল্প আয়ের জনগোষ্ঠীর মধ্যে বিশ্বব্যাপী মোবাইল ফোনের মালিকানা এবং অ্যাক্সেস বৃদ্ধি পেয়েছে, তবে নারীরা এখনও পুরুষদের তুলনায় ফোনের মালিক হওয়ার ক্ষেত্রে পিছিয়ে রয়েছে। এটি অনুমান করা হয়েছে যে বিশ্বে ৪৪৩ মিলিয়ন প্রাপ্তবয়স্ক নারী মোবাইল ফোনের সাথে «অসংযুক্ত» রয়েছে।

কোভিড-১৯ (COVID-19) এর ফলে চলাচলে বিধিনিষেধের কারণে লিঙ্গ-ভিত্তিক সহিংসতা (GBV) পরিষেবাগুলির জন্য তাদের প্রয়োজনীয়তার বিষয়ে বিশ্বস্ত স্টেকহোল্ডারদের সতর্ক করার জন্য ইউনিসেফ ফোন বিহীন, কম বা কোনো প্রযুক্তিগত সুবিধাসহ সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের বিকল্প প্রদানের জন্য বেশ কয়েকটি বিকল্প প্রদান করেছে। এর মধ্যে নিম্নোক্ত বিষয়গুলি অন্তর্ভুক্ত, কিন্তু এর মধ্যেই সীমাবদ্ধ নয়:

- **নারী এবং মেয়েদের জন্য বিদ্যমান শারীরিক নিরাপদ স্থানগুলিকে GBV ফোন বুথ স্টেশনগুলির সাথে অভিযোজিত করা।** এই ধরনের স্টেশনগুলি নিরাপদ স্থান হিসাবে কাজ করতে পারে যতক্ষণ না তারা সহজভাবে নির্মিত ব্যক্তিগত, ফোন বুথ/স্টলগুলির একটি সিরিজ দিয়ে সজ্জিত থাকে যেখানে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা পুলিশসহ প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের কল করতে পারে, যারা নির্দিষ্ট সময়ে স্ট্যান্ড্যাঁয়ই থাকে এবং সহায়তা পায়। তারা জনসমাগম (ব্যস্ততম) এলাকায় যেমন বাজার এবং দোকানে অবস্থিত হতে পারে;

- **সূচনা বিন্দু (এন্ট্রি পয়েন্ট) এবং সিস্টেম তৈরি করা যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিরা অ্যাক্সেস করতে পারে বা একটি ‹সতর্ক চেইন› সক্রিয় করে সহায়তার প্রয়োজনের সংকেত দিতে পারে।** এর মধ্যে অনুমোদিত এলাকায় ‹পপ-আপ› হেল্পডেস্ক বা খোলা পরিষেবাগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে - যেমন ফার্মেসি, মুদি দোকান/খাদ্য বাজার/খাদ্য বিতরণ পয়েন্ট/ওয়াটার পাম্প স্টেশন ইত্যাদি।

- **কম প্রযুক্তিগত সংকেত সতর্কতা প্রচার করা।** মানবিক/স্বল্প আয়ের সেটিংসে বিশেষভাবে উপযোগী যেখানে একটি সতর্কতা বস্তু (যেমন একটি রঙিন কাপড় পরিধান করা) মর্যাদার কিটগুলিতে অন্তর্ভুক্ত করা যেতে পারে যা বিতরণ অব্যাহত থাকলে মহিলা এবং মেয়েরা সেগুলি পেতে পারে। নিম্ন প্রযুক্তির সতর্কতাগুলির মধ্যে কোড শব্দ, হুইসেল/এলার্ম, বাড়ির বাইরে ক্ষতি করে না এমন বস্তু রাখা-যেমন একটি নির্দিষ্ট রঙের কাপড়/বালতি ইত্যাদি- অন্তর্ভুক্ত থাকতে পারে যা স্থানীয় পুলিশ, নারী সংস্থা/মূল সম্প্রদায়ের সদস্যদের সহায়তার জন্য সতর্ক করতে পারে।

**কম বা কোন প্রযুক্তিগত বিকল্পের প্রেক্ষাপটে কাজ করার সময় পুলিশের জন্য প্রযোজ্য গুরুত্বপূর্ণ বিবেচনা:**

- জরুরী আশ্রয়ের ব্যবস্থা/কাউন্সেলিং-এর মতো বিশেষজ্ঞ সেবা প্রদানকারীদের সাথে কার্যকর সমন্বয় নিশ্চিত করার জন্য GBV রেফারেল পথের কার্যকারিতার কোনও পরিবর্তনসহ পরিষেবা পরিচালনাকারী পুলিশ কর্মকর্তা/অন্যান্য মূল কর্মীদের যত্ন সহকারে স্ক্রীনিং, নির্বাচন, প্রশিক্ষণ;
- যদি পরিষেবাটি পুলিশ বা সরকারী নিরাপত্তা পরিষেবাগুলির সাথে যুক্ত করা হয় তবে অব্যাহত সমর্থনের শর্ত হিসাবে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অবশ্যই তাদের নির্যাতনকারীদের বিরুদ্ধে একটি ফৌজদারি অভিযোগ করতে বাধ্য করা হবে না;
- অপরাধীদের সিস্টেমের জ্ঞান ব্যবহার করতে সক্ষম হওয়ার ঝুঁকির বিরুদ্ধে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের অ্যাক্সেসকে আরও বাধাগ্রস্ত করতে পরিষেবাগুলির স্থান নির্ধারণ এবং প্রচার/প্রচারের যত্নশীল পরিকল্পনা করা যা সবচেয়ে বেশি সংখ্যক বেঁচে থাকা ব্যক্তিদের কাছে পৌঁছাতে ভারসাম্য বজায় রাখে। যখন নারীরা শুধুমাত্র খাবার বা মর্যাদার কিটগুলির মতো আইটেম বিতরণ করে তখন নারী এবং মেয়েদের কাছে সিস্টেমের প্রচার করা এর একটি উদাহরণ হতে পারে।
- শক্তিশালী তথ্য সুরক্ষা এবং গোপনীয়তা নীতি এবং প্রক্রিয়া;
- বাড়ির বাইরে সতর্ক বস্তু রাখার জন্য নিম্ন-প্রযুক্তির নীরব অ্যালার্ম সিস্টেম ব্যবহার করা হলে ভুক্তভোগী/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিচিত বিশ্বস্ত সম্প্রদায়ের সদস্যদের সাথে ‹অথবা সংযোগকারী কর্মকর্তাদের› সমন্বয় স্থাপন করা। কারাবাসের সময় এই সকল সদস্য এবং কর্মকর্তাদের সতর্কতা লক্ষ্য করার জন্য এবং সমর্থনের জন্য রেফারেল করার খেত্রে অপেক্ষাকৃত স্বাধীনভাবে চলাফেরা করার অনুমতি দেওয়া হতে পারে।

সূত্র: শুধু হটলাইন এবং মোবাইল ফোন নয়: COVID-19-এর সময় GBV পরিষেবার ব্যবস্থা (২০২০)। ইউনিসেফের জন্য এরস্কাইন, ডি এবং COVID-19 এর জন্য বিশ্বব্যাপী দ্রুত লিঙ্গ বিশ্লেষণ (২০২০) আন্তর্জাতিক রেসকিউ কমিটি এবং কেয়ার ইন্টারন্যাশনাল।

> **"বৃহত্তর COVID-19 প্রতিরোধ তথ্য সামগ্রীতে মেসেজিংকে অন্তর্ভুক্ত করা উচিত যাতে বেঁচে থাকা ব্যক্তিদের সংস্থানগুলির প্রতি দৃষ্টি আকর্ষণ না করা যায়।"**
>
> বিশ্বব্যাপী সমন্বয় থেকে স্থানীয় কৌশল পর্যন্ত COVID-19 ব্রিফিং পেপার (২০২০) এর অধীনে পারিবারিক সহিংসতা প্রতিরোধ, ঠিকানা এবং নথিভুক্ত করার জন্য একটি ব্যবহারিক পদ্ধতি।

- বিশ্বজুড়ে, অর্থনৈতিক, সামাজিক এবং সাংস্কৃতিক বাধাগুলি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বা আইসিটিতে নারীদের প্রবেশাধিকার (অ্যাক্সেস), ব্যবহার এবং সুবিধা গ্রহনকে বাধা দেয় বা সীমিত করে,[৩৩] যাকে লিঙ্গ ডিজিটাল বিভাজন হিসাবে উল্লেখ করা হয়। অনেক দেশে, বিশেষ করে যারা একাধিক ধরণের বৈষম্যের সম্মুখীন হয়, নারী এবং মেয়েরা পরিষেবাগুলি অ্যাক্সেস করার জন্য মোবাইল ফোন, কম্পিউটার, বা ইন্টারনেট ব্যবহার করতে পারে না বা নিরাপদে বাড়িতে এগুলি ব্যবহার করতে সক্ষম হয় না কারণ নির্যাতনকারীরা ও পরিবারের অন্যান্য সদস্যরা তাদের নিবিড়ভাবে পর্যবেক্ষণ করে। VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে রিপোর্টিং সহজতর করতে পারে এমন নিম্ন মাত্রার/কম প্রযুক্তিগত বিকল্পের জন্য ইউনিসেফের সুপারিশের জন্য বক্স-৫ দেখুন।

## প্রয়োজনীয় সেবা

- সাধারণত VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের পরিষেবা প্রদানকারী স্বাস্থ্য ব্যবস্থা ভেঙে পড়ার হুমকির মুখে পড়তে পারে যা বিভিন্ন সেক্টরের মধ্যে যে কোন সমন্বিত প্রতিক্রিয়া প্রক্রিয়াকে প্রভাবিত করবে, যেমন, স্বাস্থ্য, পুলিশ এবং ন্যায়বিচার এবং সামাজিক পরিষেবাগুলির প্রতিক্রিয়া;

- সর্বোত্তম ক্ষেত্রে, পারিবারিক সহিংসতা/আইপিভি আশ্রয়কেন্দ্রগুলি সক্ষমতা অর্জন করবে বা পূর্ণ ক্ষমতায় পৌঁছেছে (সাধারণ সময়কালে অনেক প্রসঙ্গে আশ্রয়কেন্দ্রগুলিকে প্রায়ই সহিং সরে যেতে হয়);

- নিষেধাজ্ঞার আদেশ জারি করতে বিলম্ব, বিচ্ছেদ এবং বিবাহ-বিচ্ছেদের প্রক্রিয়া, এবং IPV এর সহিংসতার বেঁচে থাকা ব্যক্তিরাসহ শিশুর হেফাজতে শুনানি, নির্যাতনকারী অংশীদারদের থেকে দূরে যাওয়া বা প্রস্থানের সুবিধার উপর নির্ভর করে।[৩৪] প্রতিক্রিয়া জানানো পুলিশকে তাদের ঝুঁকি মূল্যায়ন এবং পরবর্তীতে প্রয়োজনীয় সুরক্ষা আদেশ প্রদানের ধরন এবং পরিমাণের জন্য এই ধরনের বিলম্বের কারণ করতে হবে।[৩৫]

## বিচারের ধারাবাহিকতা (জাস্টিস কন্টিনিউম) - জনস্বাস্থ্য সংকটের সময় প্রয়োজনীয় প্রভাব এবং পরিবর্তনের উদাহরণ

### প্রভাবের উদাহরণ

- COVID-19 এর বিস্তার রোধ করার জন্য, আদালতগুলি বিচার বিলম্বিত করছে, নিজেদের গুটিয়ে নিচ্ছে এবং এমনকি সাময়িক-ভাবে বন্ধ করে দিচ্ছে। এটি VAWG-এর অপরাধীকে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির সাথে নির্দিষ্ট ধরণের যোগাযোগ থেকে বিরত করার জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষামূলক আদালতের আদেশ জারি করার উপর প্রভাব ফেলেছে, মামলার সংখ্যা (ব্যাকলগ) বৃদ্ধি পাচ্ছে এবং প্রাক-ট্রায়াল আটকে থাকা লোকদের সংখ্যা এবং/অথবা সময় বৃদ্ধি পাচ্ছে। ফলস্বরূপ, অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাগুলির (যেমন ডিটেনশন সেন্টারের কর্মীদের) সাথে পুলিশ সংস্থাগুলিকে আদালতের কর্মকর্তাদের সাথে অসাধারন সমন্বয় বৈঠকে অংশগ্রহণ করা উচিত যাতে সংক্রামনের ঝুঁকি এবং প্রশমন কৌশলগুলি- যেমন স্ক্রীনিং এবং পরীক্ষার পদ্ধতিগুলি চিহ্নিত করা যায়, সেইসাথে কোন কেসগুলিকে ‹জরুরি› বা ‹উচ্চ অগ্রাধিকার› হিসাবে বিবেচনা করা যায় এবং সেই সাথে কিভাবে তাদের লকডাউন/ কোয়ারেন্টাইন এর ব্যবস্থাগুলি এড়াতে সক্ষম হওয়া যায়;

৩৩ Ways to Bridge the Gender Digital Divide from a Human Rights Perspective (2016). Submission by the Human Rights, Big Data and Technology Project at the Human Rights Centre of the University of Essex, Funded by the Economic and Social Research Council, at: https://www.ohchr.org/Documents/Issues/Women/WRGS/GenderDigital/HRBDT_submission.pdf. Also see the World Wide Web Foundation, 'Women's Rights Online. Translating Access into Empowerment' (2015), available at http://webfoundation.org/docs/2015/10/womens-rights-online21102015.pdf.

৩৪ Pandemics and Violence Against Women and Children (2020). Peterman, A., Potts, A., O'Donnell, M., Thompson, K., Shah, N., Oertelt-Prigione, S., and van Gelder, N., Center for Global Development, at: https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

৩৫ কে একটি আদেশ জারি করতে পারে (পুলিশ বা আদালত), সুরক্ষামূলক আদেশগুলি ফৌজদারি বা দেওয়ানী মামলার অংশ কিনা, শুনানির প্রয়োজন কিনা, আদেশের সময়কাল, নির্দিষ্ট সুরক্ষা প্রদান করা, কে একটি প্রতিরক্ষামূলক আদেশ অ্যাক্সেস করতে পারে (স্বামী বা অন্যান্য অন্তরঙ্গ অংশীদার, পরিবারের সদস্য, রুমমেট ইত্যাদি) এবং আদেশটি কীভাবে প্রয়োগ করা হয় এবং লঙ্ঘনের জন্য অপরাধমূলক পরিণতি রয়েছে কিনা এই সকল বিষয়গুলির উপর অনেক কিছু নির্ভর করে। See Court Response to Violence Against Women During COVID-19. Webinar Series: Adapting Legal and Systemic Responses During COVID-19 Addressing Violence Against Women April 3, 2020. Global Rights for Women, at: https://globalrightsforwomen.org/wp-content/uploads/2020/04/Court-Response-to-Violence-Against-Women-During-COVID-19-Powerpoint_compressed.pdf



ছবি ইউএন উইমেন/পাথুম্পর্ন থংকিং (থাইল্যান্ড) এর সৌজন্যে

- অন্যান্য আইন প্রয়োগকারী সংস্থাগুলির সাথে পুলিশ সংস্থাগুলি-কেও তাদের অ্যাক্সেসযোগ্যতা এবং প্রাপ্যতা নিশ্চিত করতে সহা-য়তাকারী বিচার বিশেষজ্ঞদের-যেমন ফরেনসিক ডাক্তার এবং মনোসামাজিক বিশেষজ্ঞ- সাথে অসাধারণ সমন্বয় সভা নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা উচিত। সাম্প্রতিক UN-স্প-ন্সর করা (সমর্থিত) প্রতিবেদনগুলি VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের কাছ থেকে নথিভুক্ত সাক্ষ্যগুলি নির্দেশ করে যে তারা তাদের অপরাধীদের বিরুদ্ধে আইনি প্র-তিকার চাইতে পারেনি কারণ ফরেনসিক ডাক্তাররা COVID-19 ছড়িয়ে পড়ার ভয়ে থানায় সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্য-ক্তিদের শারীরিক নির্যাতন পরীক্ষা করতে অক্ষমতা বা অনিচ্ছা প্রকাশ করেছে।[৩৬]

- কোভিড-১৯ মহামারী দ্বারা সংঘটিত কোয়ারেন্টাইন/লকডাউন ব্যবস্থার ফলস্বরূপ, আটক কেন্দ্র এবং প্রসিকিউশন পরিষেবা-গুলিকে একজন অপরাধীর অপরাধমূলক/হিংসাত্মক কাজগুলির মধ্যে ভারসাম্য বজায় রাখতে বাধ্য করা হতে পারে, তাদের সংক্রামনের ঝুঁকির সম্ভাব্য পুনর্বিবেচনা হতে পারে এবং অপ-রাধীর জন্য এর অর্থ কী হবে বিশেষ করে যখন পূর্ব-বিদ্যমান চিকিৎসা পরিস্থিতি এবং অন্যান্য কারণের মধ্যে বয়স বিবেচনা করা হয়- তা বিবেচনার করা যেতে পারে। এই ধরনের বিশ্লেষণের পর VAWG-এর একজন অপরাধীকে আটকে না রাখার সিদ্ধান্তের ফলে সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি (এবং পরিবারের সদস্যদের) আরও ঝুঁকির মধ্যে পড়তে পারে। মানসিক আঘাত (ট্রমা) সম্পর্কে অবহিত (পাওয়ার এবং

***"কোন ক্ষতি করবেন না" নীতি লিঙ্গ গতিশীলতা এবং সাংস্কৃতিক নিয়মগুলির একটি সঠিক মূল্যায়ন প্রয়োজন যার ফলে শিকার/বেঁচে যাওয়া এবং সাক্ষীদের আরও ক্ষতির সম্মুখীন হতে পারে, যার মধ্যে পুনরায় আঘাত বা কলঙ্ক, সহিংসতা এবং অভিযুক্ত অপরাধীদের হাতে প্রান্তিকতা বা ভিকটিমদের পরিবার এবং সম্প্রদায় (UNHCHR) ২০১৮)।***

৩৬ UN joint report "Justice for Women amidst COVID-19" (2020). UN Women, IDLO, UNDP, UNODC, WB and the Pathfinders for Justice https://www.idlo.int/sites/default/files/pdfs/publications/Justice-for-Women_Full-Report-English.pdf. Also see National Commission for Lebanese Women, UN Women, WHO, UNFPA, 2020. Gender Alert on COVID-19, Lebanon. In Focus: Access to Justice and Gender Based Violence. April 10, 2020. Issue NO. 1. https://www2.unwomen.org/-/media/field%20office%20arab%20states/attachments/publications/2020/04/gender%20and%20covid-19%20in%20lebanon/updated/gender%20alert%20on%20covidlebanon%20english.pdf?la=en&vs=1838

কন্ট্রোল হুইলের মতো সরঞ্জামগুলি ব্যবহার করে) একটি পুঙ্খানুপুঙ্খ তদন্ত পরিচালনা করা এবং কোন (আরও) ক্ষতি না হয় তা নিশ্চিত করার জন্য অপরাধী কেন্দ্রিক দৃষ্টিভঙ্গি প্রয়োগ করা গুরুত্বপূর্ণ।

**VAWG-এ মানসিক আঘাত (ট্রমা) অবহিত এবং অপরাধীদের কেন্দ্রীভূত তদন্ত সম্পর্কে আরও তথ্যের জন্য পঞ্চম অধ্যায়ঃ ‹তদন্ত›।**

- বিভিন্ন দেশে VAWG-এর রিপোর্টিং বৃদ্ধি সত্ত্বেও, কিছু প্রেক্ষাপটে লক্ষ্য করা গেছে যে আশ্রয়কেন্দ্র, সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তি অধিপরামর্শ (অ্যাডভোকেসি) কেন্দ্র এবং সুরক্ষা আদেশের অনুরোধের মতো সহায়তা পরিষেবাগুলি প্রত্যাশিতভাবে বাড়ছে না বা অ্যাক্সেস করা হচ্ছে না। কিছু ক্ষেত্রে, জনস্বাস্থ্য সংকট মোকাবেলা করার সময় পরিষেবা সহায়তার অনুরোধগুলি এমনকি হ্রাস পেয়েছে। এই ঘটনার কারণগুলি ভিন্ন হতে পারে, তবে পুলিশকে বিবেচনা করা উচিত যে কীভাবে সামাজিক বিচ্ছিন্নতা, লকডাউন আরোপের ফলে প্রয়োজনীয় পরিষেবাগুলি অ্যাক্সেস করতে সক্ষম হওয়ার জন্য নিরাপদ স্থানের অভাব, ব্যক্তিগত আদালতে শুনানির জন্য প্রয়োজনীয়তা বা শিশুর হেফাজতে মুক্তির জন্য আবেদন এবং শিশু যত্নের বিকল্পগুলির অভাব (আদালতে নিজেরাই সহ) প্রভাব ফেলছে এই প্রক্রিয়াকে প্রভাবিত করছে।

## প্রয়োজনীয় পরিবর্তনের উদাহরণ

- ন্যায়বিচারের ধারাবাহিকতায় অত্যাবশ্যকীয় পরিষেবার প্রাপ্যতা এবং অ্যাক্সেসযোগ্যতার বিষয়ে বিচার সংস্থাগুলির সাথে যৌথ সরকারী বার্তা (পাবলিক মেসেজিং) বৃদ্ধি করা হয়েছে যাতে জনগণ জনস্বাস্থ্য সংকটের সময় পরিসেবা প্রদানের সময় এবং প্রক্রিয়া সম্পর্কে সচেতন থাকে। তাছাড়া, এই ধরনের পাবলিক মেসেজিংয়ের সাথে VAWG-এর প্রতি সাড়া দেওয়ার জন্য পুলিশের প্রতিশ্রুতি এবং অন্যদের মধ্যে সুরক্ষা আদেশ লঙ্ঘনের পরিণতি সম্পর্কে নতুন যোগাযোগ থাকা উচিত।

- পুলিশ ব্যবস্থাপক এবং সম্মুখ সারির (ফ্রন্টলাইন) কর্মীদের জন্য এসওপি (SOPs) এবং সংশ্লিষ্ট প্রশিক্ষণের উন্নয়নের[৩৭] জন্য মধ্যবর্তী বিচারের ধারাবাহিকতার পাশাপাশি দূরবর্তী (রিমোট) বা ইন্টারনেট-ভিত্তিক ভার্চুয়াল কোর্টরুম বা ভিডিও কনফারেন্সিং এবং যথাযথ প্রক্রিয়া এবং নিরাপত্তা ব্যবস্থার জন্য প্রযুক্তি স্থাপন করা যেতে পারে। এই ধরনের দূরবর্তী পদ্ধতির প্রবর্তনকে শুধুমাত্র কোভিড-১৯ অতিমারির মতো সংকটের কারণে আদালতের তাদের নিয়মিত কার্য সম্পাদন করার ক্ষমতা হ্রাসের ফলাফলের তাত্ক্ষণিক প্রতিক্রিয়া হিসাবে বিবেচনা করা উচিত নয়, এটিকে মধ্যম ও দীর্ঘমেয়াদী পরিকল্পনা প্রেক্ষাপট হিসেবেও বিবেচনা করা উচিত। এতে আদালতের আশেপাশে বর্ধিত নিরাপত্তা এবং সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের পরিষেবা বা VAWG রিপোর্টিং পোস্ট বক্স অন্তর্ভুক্ত থাকতে পারে যেখানে কোন না কোন মাত্রায় ব্যক্তিগত যোগাযোগের প্রয়োজন হয়।

## দুর্বল গোষ্ঠী এবং সংখ্যালঘু সম্প্রদায়

- একটি সংক্রামক রোগের প্রাদুর্ভাবের মতো সঙ্কটগুলি কলঙ্ক, বিদেশী বস্তুর প্রতি অহেতুক ভয় (জেনোফোবিয়া) এবং জাতি, লিঙ্গ, যৌন অভিমুখীতা এবং অভিবাসন স্থিতি সম্পর্কিত বৈষম্য বৃদ্ধির দিকে নিয়ে যেতে পারে যা ভাইরাল প্রাদুর্ভাবের অতীত অভিজ্ঞতার আলোকে প্রকাশিত হয়েছে।;[৩৮]

- একটি বড় মানবিক/জনস্বাস্থ্য সংকটের ফলে সবচেয়ে ঝুঁকিপূর্ণ জনসংখ্যার পরিস্থিতি পুনর্মূল্যায়ন করা প্রয়োজন। অনানুষ্ঠানিক অর্থনীতির উপর ব্যাপকভাবে নির্ভর করে এমন জনগোষ্ঠী; সামাজিক পরিষেবা বা রাজনৈতিক প্রভাবে অপর্যাপ্ত অ্যাক্সেসসহ সম্প্রদায় এবং প্রযুক্তিতে সীমিত বা কোন অ্যাক্সেস না থাকা বা এ সম্পর্ক বিষয় মোকাবেলা এবং মানিয়ে নেওয়ার সীমিত ক্ষমতা এবং সুযোগ থাকা জনসংখ্যা এর মধ্যে অন্তর্ভুক্ত রয়েছে। এই বিষয়ে, COVID-19 ব্যবস্থার অধীনে কাজ করা প্রতিক্রিয়াশীল সংস্থাগুলির জন্য UNOCHA, WHO এবং ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট সোসাইটি নির্দেশিকা প্রদান করে[৩৯] (বক্স-৬ দেখুন);

- সহিংসতার শিকার হওয়া সম্প্রদায়ের পূর্বের অভিজ্ঞতা ইঙ্গিত করে যে নারী এবং মেয়েদের ভূমিকা প্রধানত মা বা যত্নদাতা হিসাবে ঐতিহ্যগত নারীদের লিঙ্গ সংক্রান্ত ভূমিকার মধ্যে সীমাবদ্ধ ছিল এবং তাদের বেশিরভাগ ক্ষেত্রে সম্প্রদায়ের স্থান

৩৭ এর মধ্যে আদালতের কর্মী এবং বিচার বিভাগের সদস্যসহ সমস্ত অংশগ্রহণকারীদের দূরবর্তী শুনানি পরিচালনা করার জন্য প্রয়োজনীয় হার্ডওয়্যার এবং সফ্টওয়্যার উভয়ের ব্যবহারের প্রশিক্ষণ অন্তর্ভুক্ত থাকতে পারে। See: Remote Court Hearings and Judicial Processes in Response to COVID-19 in Mission and other Fragile Settings Justice and Correction Service. UN Office of Rule of Law and Security Institutions (OROLSI)/Department of Peace Operations (DPO), 13 April 2020 at: https://globalrightsforwomen.org/wp-content/uploads/2020/04/Court-Response-to-Violence-Against-Women-During-COVID-19-Powerpoint_compressed.pdf

৩৮ Global trends in emerging infectious diseases. Jones, K.E., Patel, N., Levy, M., Storeygard, A., Balk, D., Gittleman, J.L. et al. (2008). Nature 451: 990-94, see : https://www.cgdev.org/publication/pandemics-and-violence-against-women-and-children

৩৯ COVID-19: How to include marginalized and vulnerable people in risk communication and community engagement (2020). International Federation of Red Cross and Red Crescent Societies, UN Office for the Coordination of Humanitarian Affairs and the World Health Organization, at: https://reliefweb.int/sites/reliefweb.int/files/resources/COVID-19_CommunityEngagement_130320.pdf

> **"যারা লেসবিয়ান, গে, বাইসেক্সুয়াল, ট্রান্সজেন্ডার, কুয়ার বা ইন্টারসেক্স (LGBTQI) হিসাবে চিহ্নিত হয়েছে তারা প্রায়শই বৈষম্য, কলঙ্ক এবং যৌন ও শারীরিক সহিংসতার উচ্চ ঝুঁকিতে থাকে।»**
>
> দ্য স্ফিয়ার হ্যান্ডবুক (২০১৮)

থেকে বাদ দেওয়া হয় যেখানে জরুরি সহায়তার পরিকল্পনা এবং আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত হয়।[৪০] ফলে জরুরি অবস্থার পর নিরাপত্তা ও অন্যান্য বিষয়ে নারীদের সুনির্দিষ্ট চাহিদা বিবেচনায় নেওয়া হয়নি।[৪১] সম্প্রদায়ে নারী ও মেয়েদের সাথে পুলিশের সম্পৃক্ততার শক্তি এই পরিস্থিতিতে উল্লেখযোগ্যভাবে পরীক্ষা করা উচিত কারণ ইতিবাচক সম্পর্ক অপরিহার্য পরিষেবা প্রদান প্রতিক্রিয়ার প্রকৃতিতে একটি গুরুত্বপূর্ণ পার্থক্য তৈরি করতে পারে।

- COVID-19 থেকে পাওয়া প্রমাণ ইঙ্গিত করেছে যে অতিমারির অভিজ্ঞতা, অন্যান্য জনস্বাস্থ্য সংকটের মতো, অভিবাসী কর্মীদের অভিবাসনের সমস্ত পর্যায়ে VAWG-এর ঝুঁকি বাড়ায়।[৪২] এটি বিশেষত অনিয়মিত অভিবাসন স্থিতিসহ অভিবাসী নারীদের জন্য বা যৌন ও লিঙ্গ সংখ্যালঘুদের জন্য সত্য যারা বৈষম্যের কারণে বা গ্রেপ্তার বা নির্বাসনের ভয়ের কারণে সহিংসতার শিকার হওয়ার সম্ভাবনা কম রিপোর্ট করে।[৪৩] চলাচলে বিধিনিষেধ, বন্ধ ক্লিনিক এবং সংক্রমণের ভয়ের কারণে এই ধরনের নারী এবং মেয়েরা প্রায়শই স্বাস্থ্যসেবা এবং প্রয়োজনীয় সহায়তা পরিষেবাগুলি অ্যাক্সেস করতে লড়াই করে।[৪৪]

- যৌন শিল্পে নারী ও মেয়েরা প্রায়ই কোয়ারেন্টাইন ব্যবস্থা লঙ্ঘনের ঝুঁকি নিতে বাধ্য হয় বা মারাত্মক আর্থিক ও খাদ্য নিরাপত্তাহীনতার সম্মুখীন হয়। অনেক ক্ষেত্রে, এই ধরনের কার্যক্রমে নিয়োজিত হওয়ার অক্ষমতা তাদের উপর নির্ভরশীল শিশুকেও প্রভাবিত করবে। অন্যান্য ক্ষেত্রে, নারী এবং মেয়েরা জোরপূর্বক পতিতাবৃত্তির শিকার হবে যার জন্য তাদের কোয়ারেন্টাইন ব্যবস্থা লঙ্ঘন করতে হয়। VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জড়িত করার সময়, এই শোষণমূলক সম্পর্কের প্রকৃতি চিহ্নিত করা এবং তাদের নিরাপত্তা ও সুরক্ষা নিশ্চিত করা পুলিশের জন্য গুরুত্বপূর্ণ। নিরাপত্তা বাহিনীর সদস্যসহ রাষ্ট্রীয় কর্মকর্তাদের দ্বারা নির্যাতনের অত্যন্ত ঝুঁকিতে থাকা এই নারী ও মেয়েদের চিহ্নিত করা পুলিশ সংস্থার জন্য সমান গুরুত্বপূর্ণ ।

- সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তির দ্বারা কিভাবে নারীর প্রতি সহিংসতা অপরাধ এবং কারাদণ্ডের কারণ হতে পারে তা পুলিশকে বিবেচনা করা উচিত। নারীর প্রতি সহিংসতা, এর কারণ ও পরিণতি বিষয়ে জাতিসংঘের বিশেষ প্রতিবেদক, নারীর প্রতি সহিংসতা এবং নারীদের কারাদণ্ডের মধ্যে একটি শক্তিশালী যোগসূত্র খুঁজে পেয়েছেন।[৪৫] বিশেষত, যে পদ্ধতিতে চরম তারা চরম আঘাতমূলক ঘটনাগুলির অভিজ্ঞতা অর্জন করে তা ব্যক্তিত্ব সংক্রান্ত ব্যাধি (মনোরোগ), অসামাজিক কার্যক্রমে সম্পৃক্ত হওয়া সম্পর্কিত ব্যক্তিত্বের রোগ, বিভিন্ন পদার্থের অপব্যবহার এবং মানসিক আঘাত জনিত ঘটনা পরবর্তী ব্যক্তিত্ব সংকট সংক্রান্ত রোগের (পোস্ট-ট্রমাটিক স্ট্রেস ডিস অর্ডারের) লক্ষণগুলির কারণ হতে পারে, যা সরাসরি হিংসাত্মক আচরণ করার সাথে সাথে প্রাসঙ্গিক এবং প্রায়শই কারাবাসের দিকে নিয়ে যায়।[৪৬] উদাহরণ স্বরূপ, পারিবারিক এবং IPV-এর ক্ষেত্রে, নারীরা তাদের নিজেদের এবং তাদের সন্তানদের নিরাপত্তার ভয়ে তাদের বিরুদ্ধে সংগঠিত হওয়া নির্যাতনের বিরুদ্ধে বলপ্রয়োগ করতে পারে।[৪৭]

## সম্প্রদায়, স্থানীয় সরকার এবং বেসরকারী অনুঘটকদের সাথে অংশীদারিত্ব

- অংশীদারিত্বের প্রচার এবং শক্তিশালী করার সুযোগসহ স্থানীয় পুলিশকে উপস্থাপন করার মাধ্যমে সংকটের প্রতিক্রিয়ায় সমন্বয় করতে সহায়তা করার জন্য মিউনিসিপ্যাল বা স্থানীয় নিরাপত্তা পরিষদসহ (LSCs) স্থানীয় নিরাপত্তা শাসন ব্যবস্থাকে স্থানীয় সরকার কর্তৃপক্ষ দ্বারা পুনরায় সক্রিয় করতে হবে। অনেক

৪০ Ecuador Country Case Study. Effective law and policy on gender equality and protection from sexual and gender-based violence in disasters (2020). The International Federation of Red Cross and Red Crescent Societies (IFRC), at: https://www.ifrc.org/media/13646

৪১ Ibid.

৪২ 2019 Report of the UN Secretary-General violence against women migrant workers (A/74/235).

৪৩ Addressing the Impacts of the COVID-19 Pandemic on Women Migrant Workers (2020). UN Women Guidance Note, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/04/guidance-note-addressing-the-impacts-of-the-covid-19-pandemic-on-women-migrant-workers

৪৪ Ibid.

৪৫ নারীর প্রতি সহিংসতার বিষয়ে বিশেষ প্রতিবেদক যুক্তরাজ্য এবং উত্তর আয়ারল্যান্ডে মিশন চূড়ান্ত করেছেন এবং জবাবদিহিতার অভাব এবং তহবিল ও পরিষেবার পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায় জরুরি পদক্ষেপের আহ্বান জানিয়েছেন (2014): https://www.ohchr.org/en/statements/2014/04/special-rapporteur-violence-against-women-finalizes-country-mission-united

৪৬ Hard times: Women's pathways to crime and incarceration (2012). Artz, L., Hoffman-Wanderer, Y., and Moult, K, at: https://genderlinks.org.za/wp-content/uploads/imported/articles/attachments/18024_hard_times.pdf

৪৭ Gender-Based Discrimination & Women in Conflict with the Law (UNODC, 2020), at:https://www.unodc.org/e4j/en/crime-prevention-criminal-justice/module-9/key-issues/1--gender-based-discrimination-and-women-in-conflict-with-the-law.html

**বক্স –৬**



### কোভিড-১৯: ঝুঁকিপূর্ণ যোগাযোগ এবং সম্প্রদায়ের সাথে প্রান্তিক ও দুর্বল ব্যক্তিদের কীভাবে অন্তর্ভুক্ত করা যায়

ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট সোসাইটি, মানবিক বিষয়ক সমন্বয়ের জন্য জাতিসংঘের কার্যালয় এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা

| শিশু | প্রতিবন্ধী | ভিএডব্লিউজি এর সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়ে |
|---|---|---|
| তাদের উদ্বেগ, ভয় এবং চাহিদা বোঝার জন্য সঙ্গীহীন এবং বিচ্ছিন্ন শিশুসহ শিশু এবং কিশোরদের সাথে পরামর্শ করুন।<br><br>শিশু-বান্ধব পদ্ধতিতে তথ্য এবং যোগাযোগের উপকরণ পরিকল্পনা করুন।<br><br>সহিংসতার শিকার শিশুদের জন্য কাউন্সেলিং এবং সহায়তা পরিষেবার জন্য অধিপরামর্শ করুণ।<br><br>লিঙ্গ, প্রসঙ্গ এবং প্রান্তিক সম্প্রদায়ের উপর ভিত্তি করে বিভিন্ন প্রয়োজন বিবেচনা করুন। | পরিষ্কার এবং সহজ ভাষা ব্যবহার করে এমন তথ্য প্রচার করুন।<br><br>ব্রেইল, বড় প্রিন্টের মতো অ্যাক্সেসযোগ্য ফর্ম্যাটে তথ্য প্রদান করুন।<br><br>যোগাযোগের একাধিক ধরণ (ফর্ম) অফার করুন, যেমন টেক্সট ক্যাপশন বা স্বাক্ষরিত ভিডিও, শ্রবণ প্রতিবন্ধীদের জন্য টেক্সট ক্যাপশন, যারা সহায়ক প্রযুক্তি ব্যবহার করেন তাদের জন্য অনলাইন উপকরণ।<br><br>পরামর্শ ও সিদ্ধান্ত গ্রহণে প্রতিবন্ধী ব্যক্তিদের সংগঠনকে জড়িত করুন।<br><br>ব্যক্তিগত চাহিদা মেটাতে, ব্যক্তিগত পরিচর্যাকারী এবং অন্যান্য সামাজিক সহায়তা নেটওয়ার্কগুলির সাথে কাজ করার জন্য উপযুক্ত পদ্ধতি প্রদান করুন। | প্রাথমিক এবং মাধ্যমিক স্বাস্থ্যসেবা সুবিধাগুলি প্রতিফলিত করতে GBV রেফারেল পথগুলি হালনাগাদ (আপডেট) করুন।<br><br>মূল সম্প্রদায় এবং পরিষেবা প্রদানকারীদের হালনাগাদ (আপডেট) করা পথ সম্পর্কে অবহিত করুন।<br><br>নিশ্চিত করুন যে VAWG ঝুঁকি-প্রশমন ব্যবস্থা কোয়ারেন্টাইন সুবিধা এবং উচ্ছেদ প্রক্রিয়ার মধ্যে রয়েছে।<br><br>জরুরী প্রতিক্রিয়া জানানো হটলাইনগুলির জন্য কর্মীদের মতো সমর্থন ক্ষমতাগুলিকে শক্তিশালী করুন।<br><br>আচরণবিধি এবং অন্যান্য সুরক্ষামূলক ব্যবস্থা প্রচার করুন এবং কর্মকর্তাদের সেগুলি মেনে চলার প্রয়োজনীয়তার কথা মনে করিয়ে দিন। |

ক্ষেত্রে, স্থানীয় মিউনিসিপ্যাল গভর্নমেন্ট কর্তৃপক্ষের দ্বারা এলএসিসি সক্রিয় করা হয়নি বা তারা সক্রিয় হয়েছে কিন্তু তারা সুপ্ত অবস্থায় পড়ে আছে। এই ধরনের ক্ষেত্রে, জনস্বাস্থ্য সংকট পুলিশকে আরও লিঙ্গ-সংবেদনশীল এবং জবাবদিহিমূলক পদ্ধতির জন্য পুলিশকে সমন্বয় এবং কৌশলগত পরিকল্পনার জন্য একটি মূল ফোরাম প্রদান করবে যা পরবর্তীতে তাদের ইউটিলিটিকে অনুপ্রাণিত করবে। উদাহরণের জন্য দ্বিতীয় অধ্যায়ঃ ‹প্রতিরোধ›-এ কঙ্গো, ইকুয়েডর এবং মেক্সিকোতে স্থানীয় নিরাপত্তা পরিষদের কেস স্টাডি দেখুন।

- কোয়ারেন্টাইন ব্যবস্থার অধীনে, সম্প্রদায়, ধর্মীয় এবং প্রভাবশালী ব্যক্তিরা VAWG-তে সাড়া দেবার সময় পুলিশ সংস্থার জন্য গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে যখন, বিশেষত সঙ্কটের সময় এবং পরে সহিংসতাকে চালিত করে এবং বৃদ্ধি করে এমন ঝুঁকির কারণ সম্পর্কে সচেতনতা বৃদ্ধির জন্য। নতুন রিপোর্টিং প্রক্রিয়ার জন্য বিদ্যমান তথ্যসহ ফেসটাইম বা স্কাইপের মতো অনলাইন আইসিটি প্ল্যাটফর্মগুলিকে VAWG-এর সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের সমর্থনে যৌথ বার্তা প্রেরণের জন্য ব্যবহার করা যেতে পারে। তাছাড়া, নন-ডিজিটাল বা অফলাইন মাধ্যমে যৌথ বার্তাপ্রেরণ মুখের শব্দ বা লাউডস্পীকারের

**বক্স-৭**

**ইবোলা ওয়াচ কমিটি**




অভিজ্ঞতার ভিত্তিতে পশ্চিম আফ্রিকা ইবোলা প্রাদুর্ভাবের সময়, স্থানীয় তৃণমূল সংগঠনগুলি স্থানীয় প্রতিক্রিয়া বাড়াতে এবং জাতীয় প্রচেষ্টার পাশাপাশি কাজ করার জন্য স্থানীয় নারী এবং ধর্মীয় নেতাদের নেতৃত্বে গ্রাম ইবোলা ওয়াচ কমিটি গঠনে সহায়ক ভূমিকা পালন করেছিল।

ছবি হার্ট টু হার্ট ইন্টারন্যাশনাল (লাইবেরিয়া) এর সৌজন্যে

সূত্র: কোভিড-১৯: ঝুঁকিপূর্ণ যোগাযোগ এবং সম্প্রদায়ের সম্পৃক্ততায় প্রান্তিক এবং দুর্বল লোকদের কীভাবে অন্তর্ভুক্ত করা যায় (২০২০)। ইন্টারন্যাশনাল ফেডারেশন অফ রেড ক্রস এবং রেড ক্রিসেন্ট সোসাইটি, মানবিক বিষয়ক সমন্বয়ের জন্য জাতিসংঘের কার্যালয় এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থা.

মাধ্যমে চালিয়ে যেতে পারে এমনকি নিরাপদ দূরত্বে সম্পাদিত গ্রুপ কার্যক্রমের মাধ্যমেও;[৪৮]

- VAWG প্রতিরোধে পাঠক-বান্ধব এবং অ্যাক্সেসযোগ্য প্রচার (আউটরিচ) উপকরণ সরবরাহ করা হলে, স্থানীয় মানবিক সহায়তা, স্বাস্থ্যসেবা প্রদানকারী এবং স্থানীয় মিডিয়া পুলিশদের জন্য গুরুত্বপূর্ণ অংশীদার হতে পারে যখন পুলিশের নাগালের বাইরে থাকা পরিবারগুলিকে অ্যাক্সেস করার চেষ্টা করা হয়। এতে লিখিত এবং গ্রাফিক এবং বিভিন্ন অ্যাক্সেসযোগ্য ফর্ম্যাটে ব্রোশিওর বিতরণে সহায়তা করা অন্তর্ভুক্ত থাকতে পারে, যেখানে এমন তথ্য থাকবে যা বাড়িতে সহিংস আচরণকে প্রতিরোধ করতে সহায়তা করবে এবং হেল্পলাইন নম্বর বা অন্যান্য সংস্থা-নগুলি সম্পর্কে তথ্য সরবরাহ করা হবে যা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিফদের প্রয়োজনের সাথে মেলে এমন সংস্থান-গুলির দিকে তাদের আরও ভালভাবে নির্দেশনা প্রদান করবে;[৪৯]
- জনস্বাস্থ্য সংকটের পরিস্থিতিতে VAWG-এর প্রতিক্রিয়ায় প্রয়ো-জনীয় সম্মুখ সারির (ফ্রন্টলাইন কর্মীদের জড়িত করার জন্য কোম্পানি এবং মেডিকেল ক্লিনিকগুলির সাথে অংশীদারিত্বের[৫০] জন্য এই কর্মীদের পথপ্রদর্শক হিসাবে ভূমিকার বিষয়ে নির্দেশিকা এবং প্রশিক্ষণ প্রদানের জন্য পুলিশের সহযোগিতামূলক অন্তর্ভুক্তি প্রয়োজন।[৫১] ভিএডব্লিউজি-এর শিকার/জীবিতদের শনাক্ত করার জন্য সাক্ষীদের সূচনা বিন্দুগুলি (এন্ট্রি পয়েন্টগুলি) জনসং-খ্যা-ব্যাপী হস্তক্ষেপের সময় সহায়তা করতে পারে, উদাহরণস্ব-রূপ, কোভিড-১৯ (COVID-19) পরীক্ষা এবং চিহ্নিত করার স্টেশনগুলিতে। যাইহোক, এই ধরনের উদ্যোগের জন্য প্রয়োগ করা যে কোন সহিংসতার শিকার শনাক্তকরণ পদ্ধতিতে (যেমন প্রশ্নাবলীর মধ্যে) ‹কোন ক্ষতি করবেন না› নীতিকে অগ্রাধিকার

> **“অতিমারি চলাকালীন সময়ে বেসরকারী এবং সরকারী খাতের অংশীদারিত্ব নিশ্চিত করতে পারে যে সকল নারীদের মোবাইল ফোনের অ্যাক্সেস রয়েছে। বিচার ব্যবস্থা আর স্থির থাকতে পারে না: আমাদের ন্যায় বিচার প্রদানের আরও টেকসই উপায়গুলি অন্বেষণ করা শুরু করতে হবে, যেমন উদাহরণস্বরূপ, অধিকার লঙ্ঘন রোধ করার জন্য অন্তর্বর্তী আদেশগুলি ব্যবহার উপযোগী করা।»**
>
> ইউএন উইমেনের নির্বাহী পরিচালক, ফুমজিল ম্লাম্বো-এনগকুকা (২০২০)

৪৮ From Global Coordination to Local Strategies A Practical Approach to Prevent, Address and Document Domestic Violence under COVID-19 Briefing Paper (2020). MADRE, Media Matters for Women, MenEngage Alliance, Nobel Women's Initiative, OutRight Action International, Women Enabled International, and Women's International League for Peace and Freedom (WILPF), at: https://www.wilpf.org/wp-content/uploads/2020/04/MADRE-Domestic-Violence-Under-COVID-19-Briefing-Paper_4.21.20.pdf

৪৯ COVID-19: How to include marginalized and vulnerable people in risk communication and community engagement (2020). International Federation of Red Cross and Red Crescent Societies, UN Office for the Coordination of Humanitarian Affairs and the World Health Organization, at: https://reliefweb.int/sites/reliefweb.int/files/resources/COVID-19_CommunityEngagement_130320.pdf

৫০ প্রেক্ষাপটের উপর নির্ভর করে, প্রয়োজনীয় কর্মীদের মধ্যে ফার্মাসিস্ট, মুদি দোকানের কর্মচারী, নার্স, মেডিকেল ক্লিনিকের রিসেপশনিস্টদের অন্তর্ভুক্ত থাকতে পারে।

৫১ See Bystander Approach. Graham Goulden for Cultivating Minds UK, at: https://grahamgoulden.com/cultivating-minds-uk/about/

**বক্স -৮**

**কোভিড-১৯ (COVID-19) প্রতিক্রিয়া: পুলিশ - জনগণ অংশীদারিত্ব**

ব্রাজিলে, সামাজিক বিচ্ছিন্নতার সময় ঘরোয়া ও পারিবারিক সহিংসতার ঘটনা, সেইসাথে ঘটনাগুলি রিপোর্ট করাকে সহায়তা করার জন্য এবং সেইসাথে অপরাধীর উপর আরোপিত জরুরী প্রতিরক্ষামূলক ব্যবস্থাগুলি মেনে না চলার ঘটনা, যার ফলে প্রতিরোধমূলক আটক এবং ফৌজদারি কার্যক্রম শুরু করার জন্য পুলিশ এবং সুশীল সমাজের মধ্যে যৌথ অংশীদারিত্বে বেশ কয়েকটি অ্যাপ, যেমন সাও পাওলো রাজ্যে ‹এসওএস মুলহার› তৈরি করা হয়েছে।

যুক্তরাজ্যে, কুম্বরিয়া পুলিশ ডাক কর্মী, ডেলিভারি চালক, খাদ্য সরবরাহকারী সংস্থা এবং যে কোনও প্রয়োজনীয় কর্মী যারা বাড়িতে যান তাদের নির্যাতনের লক্ষণগুলি দেখতে এবং পুলিশ বিভাগে রিপোর্ট করার জন্য আবেদন করেছে।

ইতালীয় পুলিশ একটি «YouPol» অ্যাপ ব্যবহার করছে, যা মূলত যুবকদের গুন্ডামি এবং মাদক ব্যবসার রিপোর্ট করতে সহায়তা করার জন্য ডিজাইন করা হয়েছিল, কিন্তু এখন তাদের সঙ্গীর অজান্তেই পুলিশকে মেসেজ করার জন্য সহিংসতার শিকার/বেঁচে যাওয়া ব্যক্তিদের সুযোগ প্রদান করার বিষয়টি অভিযোজিত হয়েছে। ইতালির পারিবারিক সহিংসতার আশ্রয় কেন্দ্রের জাতীয় নেটওয়ার্ক ("DiRe") সহায়তা প্রদানের জন্য জরুরি ফোন এবং স্কাইপ কল নম্বর চালু করেছে এবং প্রায় দুই-তৃতীয়াংশ ইতালীয় পারিবারিক সহিংসতা সংস্থার জরুরি ফোন লাইন রয়েছে।

ভারতের মহারাষ্ট্র রাজ্যে, রাজ্য পুলিশ স্থানীয় এনজিও অক্ষরা এবং নারী ও শিশু উন্নয়ন বিভাগের বিশেষ সেল ফর উইমেন অ্যান্ড চিলড্রেন [চিআইএসএস] (থানা ভিত্তিক) এর সাথে মিলিত হয়ে লকডাউন চলাকালীন অভিযোগ এবং সহায়তার জন্য জরুরি পুলিশ নম্বর ১০০ [সাধারণত পারিবারিক সহিংসতার সাথে সম্পর্কিত নয়] এর মাধ্যমে তথ্য প্রচারের জন্য একটি প্রচারাভিযান শুরু করেছে। একটি বিস্তৃত কভারেজ এবং আউটরিচ নিশ্চিত করতে উদ্যোগটি সেলিব্রিটি এবং অন্যান্য সরকারী সংস্থার কাছে আবেদন করেছিল। শীর্ষস্থানীয় বলিউড অভিনেতা এবং ক্রীড়াবিদদের মতো জনপ্রিয় সেলিব্রিটিদের অনুরোধ করা হয়েছিল তারা যেন নারীদেরকে ‹পারিবারিক সহিংসতার প্রতিবেদন› দাখিল করতে এগিয়ে আসার জন্য অনুরোধ করেন কারণ রিপোর্টিং একটি প্রতিবন্ধক হিসাবে কাজ করে এবং এটি অপরাধকে হিসাবে শক্তিশালী করে।

সূত্র: কোভিড-১৯ এবং নারী ও মেয়েদের বিরুদ্ধে সহিংসতা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের জন্য প্রয়োজনীয় পরিষেবার ব্যবস্থা (২০২০)। ইউএন উইমেন ইস্যু ব্রিফ এবং COVID-19 এর মধ্যে নারীদের জন্য ন্যায়বিচার (২০২০)। ইউএন উইমেন ইস্যু ব্রিফ। এবং পারিবারিক সহিংসতার উপর লকডাউন (2020)। অক্ষরা কেন্দ্র

দিতে হবে। একই সময়ে, পরীক্ষা এবং চিহ্নিত করার স্টেশনগুলি VAWG সচেতনতা এবং রিপোর্টিং প্রক্রিয়া সম্পর্কে অবহিত করার জন্য সহায়ক হতে পারে;

- আইসিটি ফার্ম বা ইন্টারনেট মধ্যস্থতাকারীদের সাথে শক্তিশালী অংশীদারিত্ব অনুসরণ করা পুলিশের জন্য খুবই উপকারী হতে পারে। উদাহরণ স্বরূপ, হেল্পলাইন এর পরিপূরক করতে মোবাইল ফোনের জন্য পারিবারিক সহিংসতা/আইপিভি অ্যাপের প্রবর্তনকে সমর্থন করা সহিংসতার শিকার/বেঁচে থাকা ব্যক্তিদের জন্য একটি ভাল বিকল্প হবে যারা সারাদিন নির্যাতনকারীর সাথে ঘরে বন্দী থাকে। অন্যান্য অংশীদারিত্বের সুযোগের মধ্যে নারী, যুবক ও শিশুদের জন্য সামাজিক মিডিয়া সাইট, জিপিএস, ফোন ইত্যাদির মাধ্যমে অনলাইন নিরাপত্তা পরামর্শ শেয়ার করতে সহযোগিতা করা এবং/অথবা অনলাইন এবং ICT-সুবিধাপ্রাপ্ত VAWG-এর জন্য অ্যাক্সেসযোগ্য এবং স্বচ্ছ রিপোর্টিং এবং অভিযোগ পদ্ধতি প্রদান করা অন্তর্ভুক্ত থাকতে পারে;[৫২]

- সঙ্কটের সময় বিচার ব্যবস্থায় অনুভূত অপ্রাপ্যতার সাথে মিলিতভাবে নারীর ন্যায়বিচারের প্রয়োজনে সাড়া দেওয়ার জন্য আনুষ্ঠানিক আদালতের ক্ষমতার উপর একটি মহামারী/মহামারীর দীর্ঘমেয়াদী প্রভাবের পরিপ্রেক্ষিতে, ভিএডব্লিউজি-এর শিকার/জীবিতরা সুরক্ষার জন্য প্রথাগত এবং অনানুষ্ঠানিক বিচার ব্যবস্থার সন্ধান করতে পারে। এবং ক্ষতিপূরণ।[৫৩] ফলস্বরূপ, পুলিশ সংস্থাগুলিকে এই সম্ভাব্য প্রবণতাটি নির্দিষ্ট অঞ্চলে রিপোর্টিংকে কীভাবে প্রভাবিত করতে পারে এবং প্রক্রিয়ায় অনানুষ্ঠানিক বা প্রথাগত বিচার ব্যবস্থার অভিনেতাদের সাথে অংশীদারিত্ব প্রসারিত বা শক্তিশালী করতে পারে তার জন্য অনুমান করা এবং হিসাব করা উচিত।[৫৪]

৫২ Online and ICT* facilitated violence against women and girls during COVID-19 (2020) UN Women Issue Brief, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/04/brief-online-and-ict-facilitated-violence-against-women-and-girls-during-covid-19

৫৩ Justice for women amidst COVID-19 (2020), UN Women Issue Brief: https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2020/justice-for-women-amidst-covid-19-en.pdf?la=en&vs=4857

৫৪ Justice for women amidst COVID-19 (2020). UN Women Issue Brief, at: https://www.unwomen.org/-/media/headquarters/attachments/sections/library/publications/2020/justice-for-women-amidst-covid-19-en.pdf?la=en&vs=4857

## অনলাইন এবং আইসিটির মাধ্যমে সংগঠিত VAWG

- EUROPOL-এর মতে, COVID-19[৫৫] এবং চলাফেরার উপর বিধিনিষেধের সময়, শিশুদের যৌন নির্যাতনের বিষয়বস্তু সম্বলিত অবৈধ অনলাইন প্ল্যাটফর্মগুলি অ্যাক্সেস করার প্রচেষ্টার সংখ্যা বৃদ্ধি পেয়েছে এবং যারা তরুণদের শোষণমূলক পরিস্থিতিতে পরিণত করতে চাচ্ছে তাদের কার্যকলাপে রেকর্ড করা হয়েছে। এই উন্নয়নশীল ঘটনাটির জন্য পুলিশ সংস্থাগুলিকে বিশেষ, স্পষ্ট, এবং দক্ষ অভ্যন্তরীণ এবং বাহ্যিক প্রোটোকল এবং আইন প্রয়োগকারী কর্মকর্তাদের জন্য আচরণবিধিগুলিকে শক্তিশালী করতে হবে যা জরুরি সময়ে অনলাইন VAWG মোকাবেলা করতে সহায়তা করতে পারে।[৫৬]

- শিশুদের বিক্রয় ও যৌন শোষণ সংক্রান্ত বিশেষ প্রতিবেদক রিপোর্ট করেছেন যে COVID-19 ভ্রমণ নিষেধাজ্ঞা শিশুদের যৌন শোষণের জন্য একটি «ডেলিভারি» বা «ড্রাইভ-থ্রু» পরিষেবা প্রতিষ্ঠার প্রচেষ্টাসহ শিশুদের যৌন শোষণ ও নির্যাতনের নতুন রূপের জন্ম দিয়েছে।[৫৭]

- যেহেতু লক্ষ লক্ষ নারী এবং মেয়েরা কাজ এবং অধ্যয়নের জন্য ভিডিও কনফারেন্সিং এর উপর নির্ভর করছে, তাই স্টাকিং, গুন্ডামি, যৌন হয়রানি এবং সেক্স ট্রোলিং থেকে শুরু করে অনলাইন সহিংসতার বিভিন্ন ধরণ বেড়েছে। কিছু রিপোর্ট করা ক্ষেত্রে, নারী অধিকার সংস্থার কিছু সদস্য ভার্চুয়াল চ্যাট রুমের মাধ্যমে একটি সামাজিক ইভেন্টে ডায়াল করার সময় অযাচিত পর্নোগ্রাফিক ভিডিও দেখার অভিজ্ঞতা অর্জন করেছে।[৫৮] এমন একটি উদাহরণের জন্য বক্স -৯ দেখুন।

৫৫ দাতব্য সংস্থার মতে করোনাভাইরাস লকডাউন অনলাইন শিশু নির্যাতনের ঝুঁকি বাড়ায়। The Guardian (2020), at: https://www.theguardian.com/world/2020/apr/02/coronavirus-lockdown-raises-risk-of-online-child-abuse-charity-says

৫৬ Online and ICT* facilitated violence against women and girls during COVID-19 (2020). UN Women Issue Brief, at: https://www.unwomen.org/en/digital-library/publications/2020/04/brief-online-and-ict-facilitated-violence-against-women-and-girls-during-covid-19

৫৭ COVID-19: Urgent need for child protection services to mitigate the risk of child sexual abuse and exploitation worldwide (2020). Mama Fatima Singhateh, the Special Rapporteur on the sale and sexual exploitation of children, at: https://www.ohchr.org/EN/NewsEvents/Pages/DisplayNews.aspx?NewsID=25865&LangID=E

৫৮ অনলাইনে সেক্স ট্রলিং এর ঝুঁকি বেড়ে যায় কারণ করোনভাইরাস বাড়ির কাজকে প্ররোচিত করে। রয়টার্স (2020), এ:https://www.reuters.com/article/us-women-rights-cyberflashing-trfn-idUSKBN2153HG Reuters (2020), at: https://www.reuters.com/article/us-women-rights-cyberflashing-trfn-idUSKBN2153HG

**বক্স ০৯**

### জুম বোমা এবং সুশীল সমাজের ক্ষতি

একটি নারী-নেতৃত্বাধীন, এবং নারীর অধিকার-ভিত্তিক এনজিও হিসাবে প্রমাণের ভিত্তি শক্তিশালী করতে এবং বিশ্বব্যাপী নারীর বিরুদ্ধে সহিংসতা এবং শিশুদের বিরুদ্ধে সহিংসতার ক্ষমতা তৈরি করতে কাজ করে, যৌন সহিংসতা গবেষণা উদ্যোগ (SVRI) প্রাথমিক ভাবে এই নির্যাতনের অভিজ্ঞতা লাভ করেছে। নারীদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধের উপর গবেষণার অগ্রগতির উপর সাম্প্রতিক একটি ওয়েবিনার ছিল ‹জুম বোমা›। সভাটি জাতিগতভাবে অভিযুক্ত এবং যৌন সুস্পষ্ট উপাদান দিয়ে হ্যাক করা হয়েছিল। ইভেন্টে যোগদানকারী, উপস্থাপনা এবং সংগঠিতকারীদের উপর এই ধরনের সহিংসতার প্রবণতা অনেক দূরবর্তী পরিণতি হতে পারে, যারা এটি অনুভব করেছেন তাদের সুস্থতার জন্য এবং SVRI-এর জন্য ভবিষ্যতের ইভেন্টগুলি আয়োজনের জন্য যা সকলের জন্য উন্মুক্ত, অন্তর্ভুক্তিমূলক এবং অ্যাক্সেসযোগ্য।

সূত্র: পরিবর্তনশীল বিশ্বে অনলাইন নিরাপত্তা - কোভিড-১৯ এবং সাইবার ভায়োলেন্স (২০২০)। যৌন সহিংসতা গবেষণা উদ্যোগ।

## শোষণমূলক সম্পর্ক

- যে কোন বাধ্যতামূলক কোয়ারেন্টাইন ব্যবস্থার ফলে প্রত্যাশিত অর্থনৈতিক মন্দা অন্যান্য সমস্যাগুলির মধ্যে সহিংসতা এবং অর্থনৈতিক কষ্টের ক্ষেত্রে অসমভাবে নারী ও মেয়েদের প্রতি বৈষম্যের ঘটবে এমন প্রত্যাশা করা যেতে পারে। এটি স্কুল বন্ধ হওয়ার কারণে বা মেয়েদের স্কুল থেকে কর্মক্ষেত্রে সরিয়ে দেওয়ার কারণে হতে পারে, এবং এটি সম্ভবত যৌন শোষণসহ জোরপূর্বক শ্রমের দিকে মেয়েদের পরিচালিত করেছে।[৫৯] তাছাড়া, খাদ্য নিরাপত্তাহীনতা বা বেঁচে থাকার জন্য সাহায্যের উপর অধিক নির্ভরশীলতা এবং সাহায্য কর্মী ও রাষ্ট্রীয় কর্মকর্তাদের দ্বারা সকল ক্ষেত্রেই নারী ও মেয়েদের যৌন শোষণ ও নির্যাতন

৫৯ পশ্চিম আফ্রিকায়, ইবোলা মহামারীর জন্য স্কুল বন্ধ করার ফলে মেয়েদের যৌন শোষণ ও সহিংসতা দেখা দেয় এবং মেয়েদের স্কুল থেকে ঝরে পড়ার হার বেড়ে যাওয়ায় কিছু প্রভাবিত এলাকায় কিশোরী গর্ভধারণ এবং বাল্যবিবাহের 'তীব্রতা বৃদ্ধি' ঘটায়। Fraser, E. (2020). Impact of COVID-19 Pandemic on Violence against Women and Girls. UKAid, WAG Helpdesk Research Report in World Bank. 2020. *Gender Dimensions of the COVID-19 Pandemic.* Washington, D.C.: World Bank Group, at:. http://documents.worldbank.org/curated/en/618731587147227244/Gender-Dimensions-of-the-COVID-19-Pandemic

বা জোরপূর্বক শ্রমের দ্বার উন্মুক্ত করেছে।[৬০]

## উদীয়মান VAWG

- কিছু ক্ষেত্রে, কিশোর-কিশোরীরা বাড়িতে হিংসাত্মক আচরণে প্রদর্শন করে যাতে নারীরা (মা) অসমভাবে এই সহিংসতার লক্ষ্যবস্তু হয়। এই ধরনের সহিংসতার ব্যাপকতা থাকা সত্ত্বেও এটি সর্বদা ফৌজদারি বিচার ব্যবস্থা দ্বারা স্বীকৃত হয় না। নারীর নিরাপত্তার ঝুঁকি এমন একটি প্রেক্ষাপটের দ্বারা ব্যাপ-কভাবে বৃদ্ধি পেতে পারে যেখানে একটি সহিংস কিশোরী শিশু বাড়িতে লকডাউনে রয়েছে;[৬১]

- সম্মুখ সারির নারী স্বাস্থ্যকর্মীদের বিরুদ্ধে সহিংসতা ও হয়রানির ঝুঁকিও রয়েছে। সিঙ্গাপুর এবং চীনের রিপোর্টগুলি প্রকৃতপক্ষে কোভিড-১৯ অতিমারি চলাকালীন সংকটের সময় স্বাস্থ্য সেবায় জড়িত নারী পেশাদারদের, বিশেষ করে নার্সদের প্রতি উচ্চ স্তরের ভয় এবং আগ্রাসন দেখানোর তথ্য প্রকাশ করেছে;[৬২]

- বেসামরিক এলাকায় সামরিক বাহিনীর সম্ভাব্য প্রবর্তন শো-ষণমূলক সম্পর্কসহ নারী ও শিশুদের বিরুদ্ধে মানবাধিকার লঙ্ঘনের ঝুঁকি বাড়াতে পারে। পুলিশ ঝুঁকি ব্যবস্থাপনা এবং এই সম্পর্কিত লিঙ্গ বিশ্লেষণের লক্ষ্য হওয়া উচিত সামরিক কমান্ডের সাথে আলোচনা করে মানবাধিকার ঝুঁকি মোকাবেলায় এসওপি এবং আচরণবিধি প্রণয়নসহ প্রশমন ব্যবস্থা নিশ্চিত করা এবং প্রতিরোধের কৌশলগুলি সেই অনুযায়ী সমন্বিত ও লক্ষ্যবস্তু নির্ধারণ করা।

৬০ সিয়েরা লিওন এবং ডেমোক্রেটিক রিপাবলিক অফ কঙ্গোর ইবোলা সংকটের রিপোর্টগুলি ইঙ্গিত করেছে যে কোয়ারেন্টাইন কার্যকর করার দায়িত্বে থাকা রাষ্ট্রীয় কর্মকর্তা এবং সম্প্রদায়ের সদস্যদের দ্বারা যৌন শোষণ সাধারণ একটি বিষয় ছিল। See *Gender Dimensions of the COVID-19 Pandemic (English)*. Washington, D.C. : World Bank Group 2020, at: http://documents.worldbank.org/curated/en/618731587147227244/Gender-Dimensions-of-the-COVID-19-Pandemic and Fraser, E. (2020). Impact of COVID-19 Pandemic on Violence against Women and Girls. UKAid, WAG Helpdesk Research Report, at: http://www.sddirect.org.uk/media/1881/vawg-helpdesk-284-covid-19-and-vawg.pdf

৬১ Coronavirus Disease (COVID-19) response – UNODC Thematic Brief on gender-based violence against women and girls (2020). UNODC.

৬২ See Fraser, E. (2020). Impact of COVID-19 Pandemic on Violence against Women and Girls. UKAid, WAG Helpdesk Research Report in World Bank. 2020. Gender Dimensions of the COVID-19 Pandemic. Washington, D.C. : World Bank Group, at: http://documents.worldbank.org/curated/en/618731587147227244/Gender-Dimensions-of-the-COVID-19-Pandemic

## তথ্য সংগ্রহ

- VAWG-এর সব ধরনের তথ্য সংগ্রহ করা সহিংসতা কীভাবে কাজ করে সে সম্পর্কে সাধারণ বোধগম্যতাকে আরও গভীর করবে এবং কোথায় আরও উপযুক্ত প্রতিক্রিয়া প্রয়োজন তা চিহ্নিত করতে সাহায্য করবে।[৬৩] ইতোমধ্যেই এমন একটি ব্যবস্থা রয়েছে যা ভিএডাব্লুজির বিস্তারের প্রবণতা চিহ্নিত (ট্র্যাক) করে এবং বিশ্লেষণ করে জনস্বাস্থ্য এবং / অথবা মানবিক সঙ্কটের সময় প্রকাশিত হওয়ার সাথে সাথে নতুন প্রবণতাগুলি চিহ্নিত করবে।

***আপনি যা পরিমাপ করতে পারবেন না বা যা পরিমাপ করেন না তা আপনি পরিচালনা করতে পারবেন না।***

- নতুন এবং বিকশিত VAWG এর ধরণ (প্যাটার্ন) এবং ব্যা-পকতা মোকাবেলায় সতর্ক থাকার মধ্যে সাহায্যের জন্য কলের পরিমাণ এবং প্রকৃতি ট্র্যাক করার সিস্টেমগুলি অন্তর্ভুক্ত করা উচিত;

- COVID-19 অতিমারি বা ইবোলা প্রাদুর্ভাবের সময় বাস্তবা-য়িত সঙ্কটের ব্যবস্থাগুলি VAWG এর তথ্য ব্যাখ্যা করা আরও চ্যালেঞ্জিং করে তুলেছে। উদাহরণস্বরূপ, কিছু দেশে, কোয়ারে-ন্টাইনের সময় রিপোর্টিং, কল এবং পরিষেবার ব্যবহার হ্রাস পেয়েছে কারণ নারী এবং মেয়েরা নিজেদেরকে ঘর থেকে বের হতে অক্ষম বা ফোনে কথা বললে নির্যাতনকারী সঙ্গীরা সেই কথা শুনে ফেলবে এই ভয় পায়। এটি VAWG এর তথ্য ব্যাখ্যা করার সময় একটি অসঙ্গতি তৈরি করে, বিশেষ করে IPV, কারণ একক তথ্যের উৎস থেকে এই তথ্য সংগ্রহ করা হয়, যেমন হেল্পলাইন কলের সংখ্যা, যা এর ব্যাপকতা নির্ধারণ এবং বোঝার জন্য প্রতিনিধি (প্রক্সি) হিসাবে অবিশ্বস্ত উৎস;[৬৪]

- স্পিয়ার হ্যান্ডবুক (২০১৮) সেক্স, বা লিঙ্গ, বয়স, অক্ষমতা, ভূগোল, জাতি, ধর্ম, বর্ণ বা অন্য কোনো কারণের উপর ভিত্তি

৬৩ From Global Coordination to Local Strategies A Practical Approach to Prevent, Address and Document Domestic Violence under COVID-19 Briefing Paper (2020). MADRE, Media Matters for Women, MenEngage Alliance, Nobel Women's Initiative, OutRight Action International, Women Enabled International, and Women's International League for Peace and Freedom (WILPF), at: https://www.wilpf.org/wp-content/uploads/2020/04/MADRE-Domestic-Violence-Under-COVID-19-Briefing-Paper_4.21.20.pdf

৬৪ Has it become too dangerous to measure violence against women?' Kelli Rogers, 06 May 2020, at: https://asiapacific.unfpa.org/en/news/covid-19-has-it-become-too-dangerous-measure-violence-against-women

**বক্স-১০**

**কেন জনস্বাস্থ্য সংকটের সময় তথ্য সংগ্রহ গুরুত্বপূর্ণ**

কীভাবে এবং কেন কোভিড-১৯-এর মতো অতিমারির কারণে VAWG বৃদ্ধি পেতে পারে তা বোঝার জন্য তথ্য একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার। সহিংসতার শিকার নারী / বেঁচে থাকা ব্যক্তিদের জন্য পরিষেবাগুলির প্রাপ্যতা কীভাবে প্রভাবিত হচ্ছে; আনুষ্ঠানিক এবং অনানুষ্ঠানিক উৎস থেকে কীভাবে নারীদের এই ধরনের পরিষেবাগুলিতে অ্যাক্সেস এবং সহা-য়তা-সন্ধান প্রভাবিত হয়; নতুন সংক্ষিপ্ত এবং মধ্যমেয়াদী প্রয়োজন কি এই ধরনের ঝুঁকির কারণগুলি সনাক্ত করতে সহায়তা করতে পারে। এই তথ্যগুলি প্রমাণ-ভিত্তিক কৌশল পরিকল্পনার জন্য গুরুত্বপূর্ণ যা নারীদের প্রয়োজনের প্রতি সাড়া দেয়, ঝুঁকি হ্রাস করে এবং অতিমারির চলাকালীন এবং পরে প্রতিকূল প্রভাবগুলি হ্রাস করে। এই তথ্যগুলি ভবিষ্যতে জরুরী অবস্থা এবং জনস্বাস্থ্য সংকট চলাকালীন ভিএডাব্লুজি প্রতিরোধে বিশেষভাবে কার্যকর হতে পারে এমন উপযুক্ত হস্তক্ষেপের উন্নয়নের জন্য গুরুত্বপূর্ণ অন্তর্দৃষ্টি প্রদান এবং অবহিত করতে পারে।.

সূত্র: COVID-19-এর সময় নারী ও মেয়েদের তথ্য সংগ্রহের বিরুদ্ধে সহিংসতা (UN Women and WHO, ২০২০)।



আইএলও/জেনিফার এ. প্যাটারসন (আইভরি কোট) এর সৌজন্যে ছবি

করে পার্থক্য বোঝার জন্য সম্ভাব্য মাত্রায় এবং প্রেক্ষাপটের জন্য উপযুক্ত বিভাগসহ তথ্য বিচ্ছিন্ন করার সুপারিশ করেছে যা নিরপেক্ষভাবে সাহায্যের অ্যাক্সেসকে সীমিত করতে পারে।;[৬৫]

- কোন ক্ষতি করবেন না। নারী ও মেয়ে উত্তরদাতাদের নিরা-পত্তা, গোপনীয়তা এবং ব্যক্তিগত সুরক্ষাকে সর্বদা সম্মান করতে হবে কারণ যে কোনো পরিস্থিতিতে সহিংসতা পরিমাপ করা একটি সংবেদনশীল প্রচেষ্টা। ব্যক্তিগত নিরাপত্তার চেয়ে তথ্য সংগ্রহকে অগ্রাধিকার দেওয়া উচিত নয়।

## লকডাউন সহজ করা: প্রতিফলন এবং শিক্ষা

কোভিড-১৯ অতিমারির ফলে যে একটি নতুন বৈশ্বিক বাস্তবতা দেখা দিয়েছে তা হল এই নথিটি লেখার সময়, স্বাভাবিক বলে বিবেচিত অবস্থাই কখন আমরা ফিরে যাবো সেটি কেও জানে না।

যেহেতু বিভিন্ন দেশ বাধ্যতামূলক লকডাউন/কোয়ারেন্টাইন ব্যবস্থা সহজ করতে শুরু করেছে এবং অর্থনীতিগুলি ধীরে ধীরে পুনরায় খুলতে শুরু করেছে কিন্তু এর মধ্যেই আবার অন্যান্য দেশগুলিতে COVID-19 কেস এবং এই সম্পর্কিত মৃত্যুর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। একই সময়ে, অল্প সময়ের জন্য হলেও কিছু দেশ প্রাথমিকভাবে ব্যবস্থা সহজ করার পরে অতিমারির দ্বিতীয় তরঙ্গের সম্মুখীন হয়েছে।

যে দেশগুলি সফলভাবে অতিমারির বিস্তারকে নিয়ন্ত্রণ করতে পেরেছে এবং জাতীয় স্বাস্থ্য ব্যবস্থার উপর অস্বাভাবিক চাপ রোধ করে উন্মুক্ত অর্থনীতি বজায় রাখতে সক্ষম হয়েছে, সেই সকল দেশে বিচার ব্যবস্থা নমনীয় জনস্বাস্থ্য ব্যবস্থার প্রতি সম্মান জানিয়ে স্বাভাবিক কার্যক্রমে ফিরে যেতে শুরু করতে পারে। ন্যায়বিচারের ধারাবাহিকতায় সমস্ত প্রয়োজনীয় পরিষেবা প্রদানকারীদের জন্য, ব্যবস্থাগুলি সহজ করা হলে তা প্রতিফলন এবং শিক্ষণের জন্য নতুন সুযোগ প্রদান করবে।

***পুনরুদ্ধার পরিকল্পনা এবং COVID-19 এর সময় VAWG বৃদ্ধি মোকাবেলায় দীর্ঘমেয়াদী সমাধানগুলিতে নারী সংস্থাগুলির ভূমিকা বিবেচনা করুন।***

উদাহরণ স্বরূপ, কোভিড-১৯ অতিমারির চ্যালেঞ্জ এবং নেতিবাচক ফলাফল থাকা সত্ত্বেও সবচেয়ে দুর্বল ও অপ্রাপ্তবয়স্কদের প্রয়োজনের সাথে সংযোগহীন একটি কর্তৃত্বমূলক ভূমিকার বিপরীতে জনস্বাস্থ্য সংকট পরিস্থিতিতে তারা যে গুরুত্ব ভূমিকা নিতে পারে তা সহ এটি স্থানীয় পুলিশের ‹জনসেবামূলক› ভূমিকার উপরও আলোকপাত করেছে। কিছু অতিমারির উচ্চ মাত্রার সংক্রমণের সময় পুলশ

৬৫ Sphere Association. The Sphere Handbook: Humanitarian Charter and Minimum Standards in Humanitarian Response, fourth edition, Geneva, Switzerland, 2018.

সদস্য ও তার পরিবারের সদস্যরা প্রতিদিন যে অতিরিক্ত ঝুঁকির মুখোমুখি হয়েছিল তার স্বীকৃতিসহ পুলিশ সংস্থা তাদের কাজের জন্য জনসাধারণের অভূতপূর্ব সমর্থন পেয়েছে।

কিছু পুলিশ সংস্থা সহিংসতার শিকার/বেঁচে থাকা নারী ও মেয়েদের জন্য সহায়তা সংস্থা এবং সুশীল সমাজের সংস্থাগুলির আরও শক্তিশালী সম্পর্ক গড়ে তুলতে সক্ষম হয়েছে বা অন্ততপক্ষে সঙ্কটের সময় একটি সাধারণ সমস্যা মোকাবেলা করার জন্য ভবিষ্যতের অংশীদারিত্বের বীজ বপন করতে  সক্ষম হয়েছে।

তবে, COVID-19 এর প্রতিক্রিয়ার অভিজ্ঞতা থেকে নেওয়া এমন কোনও ইতিবাচক সুবিধা গ্রহণের জন্য এর প্রতিফলন যথেষ্ট হবে না। মূল অংশীদারিত্বগুলিকে টিকিয়ে রাখার জন্য যাতে তারা VAWG-তে সাড়া দেওয়ার সময় প্রভাবশালী ভূমিকা পালন করতে পারে, পুলিশকেও স্বচ্ছ এবং অন্তর্ভুক্তিমূলক পদ্ধতিতে শিক্ষণের  প্রতি তাদের প্রতিশ্রুতি প্রদর্শন করতে হবে।

আরও সুনির্দিষ্টভাবে বলতে গেলে পুলিশ সংস্থাগুলিকে মহামারী / অতিমারির ব্যবস্থা গ্রহণের সময় বিশেষত ভিএডাব্লুজির প্রতিক্রিয়া জানাতে গিয়ে নাগরিক সমাজ সংস্থা এবং একাডেমিক বিশেষজ্ঞসহ অন্যান্য প্রয়োজনীয় পরিষেবা সরবরাহকারীদের সক্রিয়ভাবে জড়িত করে যে কোনও  ধরণের সংহতি গতি বাড়ানোর বিষয়টি বিবেচনা করা উচিত।। COVID-19 এর লকডাউন / কোয়ারেন্টাইন চলাকালীন পুলিশি কার্যক্রমের যে কোনও অভ্যন্তরীণ এবং বাহ্যিক পর্যালোচনা থেকে প্রাপ্ত সুপারিশগুলিতে লিঙ্গ-সংবেদনশীল পুলিশ সংস্থার জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ এবং শিক্ষাসহ আমাদের নতুন বাস্তবতায় ভিএডাব্লুজির প্রতিক্রিয়া জানাতে নতুন কৌশল এবং পদক্ষেপগুলি অবহিত করা উচিত। বক্স ১৭ এবং ১৮ সংশ্লিষ্ট বাহিনীর দ্বারা পশ্চিম আফ্রিকায় ইবোলা প্রাদুর্ভাবের প্রতিক্রিয়ার স্বাধীন বিশ্লেষণের উদাহরণ প্রদান করেছে।

**বক্স ১১**

**পশ্চিম আফ্রিকায় ইবোলা ভাইরাস রোগ থেকে নিরাপত্তা সেক্টরের জন্য শিক্ষণ এবং সুপারিশ (২০১৪-২০১৫)**[৬৬]

২০১৭ সালে, DCAF - Geneva Center for Security Sector Governance (তখন জেনিভা সেন্টার ফর দ্য ডেমোক্র্যাটিক কন্ট্রোল অফ আর্মড ফোর্সেস) "স্বাস্থ্য সংকটে সাড়া দেওয়ার ক্ষেত্রে নিরাপত্তা সেক্টরের ভূমিকাঃ ২০১৪-২০১৫ ইবোলা মহামারী থেকে শিক্ষা এবং মানো নদী ইউনিয়ন এবং এর সদস্য রাষ্ট্রগুলির জন্য সুপারিশ" শীর্ষক একটি রিপোর্ট তৈরি করে। COVID-19 বৈশ্বিক অতিমারি এবং সারা বিশ্বে নিরাপত্তা বাহিনীর উপর এর প্রভাবের ফলে দুই বছরেরও বেশি সময় পরে রিপোর্টটি বিশেষভাবে প্রাসঙ্গিক হয়ে উঠবে ।

প্রতিবেদনে নিম্নলিখিত নিরাপত্তা খাতের অনুঘটকদের প্রতিক্রিয়ায় অংশগ্রহণকারী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে: জাতীয় সশস্ত্র বাহিনী; গোয়েন্দা সেবা; পুলিশ/ সৈনিক আরক্ষী বাহিনী (জেন্ডারমারী) সংক্রান্ত পরিষেবা; সীমান্ত রক্ষী এবং সীমান্ত ব্যবস্থাপনা; মিলিশিয়াসহ স্থানীয় নিরাপত্তা অনুঘটক; আন্তর্জাতিক নিরাপত্তা ব্যবস্থা; জাতীয় সরকার; সুশীল সমাজের অনুঘটক (মিডিয়া, থিঙ্ক-ট্যাঙ্ক, ইত্যাদি); জাতিসংঘসহ (UN) আঞ্চলিক এবং আন্তর্জাতিক সরকারী সংস্থাগুলি; এবং আইনি এবং সংসদীয় সংস্থা।




প্রতিবেদনটি প্রাথমিকভাবে ২০১৪-২০১৫ সালে গিনি, লাইবেরিয়া এবং সিয়েরা লিওনে ইবোলা ভাইরাস রোগের (EVD) প্রাদুর্ভাবের উপর দৃষ্টি নিবদ্ধ করেছিল, যেখানে ২৮,০০০ টিরও বেশি কেস এবং ১১,০০০ জনের বেশি মৃত্যু হয়েছিল। প্রতিবেদনে

৬৬The Security Sector's Role in Responding to Health Crises. Lessons from the 2014–2015 Ebola Epidemic and Recommendations for the Mano River Union and Its Member States (2017), Sandy, J., Schnabel, A., Sovula, H., Trepp, U., and Zumsteg, R. The Geneva Centre for the Democratic Control of Armed Forces (DCAF) at: https://www.dcaf.ch/security-sectors-role-responding-health-crises-lessons-2014-2015-ebola-epidemic

ইবোলা প্রাদুর্ভাবের প্রতি নিরাপত্তা বাহিনীর প্রতিক্রিয়ায় বেশ কয়েকটি দুর্বলতা নথিভুক্ত করা হয়েছিল যা গবেষণার ক্ষেত্র হিসেবে সেই দেশগুলির সাথে শেয়ার করা হয়েছিল:

- উপ-আইন এবং স্বাস্থ্য বিধি প্রয়োগ করা আরও চ্যালেঞ্জিং হয়ে ওঠে, বিশেষ করে যেগুলি প্রবিধান কার্যকর করার সময় এবং জীবন ও সম্পত্তি রক্ষা করার সময় মানবাধিকার বজায় রাখার সাথে সম্পর্কিত;
- নিরাপত্তা এবং চিকিৎসা কর্মীদের মধ্যে দুর্বল সহযোগিতাসহ প্রাথমিক প্রাদুর্ভাবের সময় ভূমিকা এবং দায়িত্বের সুস্পষ্ট কাঠামোর অনুপস্থিতি ছিল;
- ইবোলা এবং অন্যান্য সংক্রামক রোগের প্রাদুর্ভাব প্রতিরোধ বা নিয়ন্ত্রণের জন্য সংশোধন কেন্দ্রগুলির ক্ষমতা অত্যন্ত অপর্যাপ্ত ছিল;
- নিরাপত্তা খাতে কার্যকর ভিড় ব্যবস্থাপনা এবং কোয়ারেন্টাইন করা বাড়ি ও চিকিৎসা কেন্দ্রের সুরক্ষার ক্ষমতার অভাব ছিল;
- সীমান্ত পার হওয়ার (ক্রসিং) পয়েন্টগুলিতে নিরাপত্তা সেক্টরের কর্মীদের ক্ষমতা অপর্যাপ্ত ছিল। অভিবাসন এবং রসদ সংক্রান্ত কাজের জন্য আরও (নিরাপত্তা) কর্মীদের প্রয়োজন ছিল;
